বঙ্গদর্শন

(নবপ্র্যায়)

মাদিক পত্ত স্থাদেশ বাস

20:2

ত্র**বন্ধ-লেখক লৈখিকাগ**ণ।

জীমক্ষয়5ন্দ্র পরকার, শ্রীকোর্নির নিজনাথ ঠাকুর, শ্রীচন্দ্রবের মুখোলাধারে, শ্রীমক্ষয় কুমার মৈতের জীবন্ধর বায়, জীবিপিনচন্দ্র প্রে, ইফাক্যকুমার বছাল, জ্ঞীলোকনাৰ চত্ত্ৰবৰ্তী, শীসভীশচন্দ্ৰ বাক্চি, জ্ঞীশ্বন্দাস দত্ত, ভ্ৰীশ্বচন্দ্ৰ চৌধুতী, शिष्ठदिलनाव यहमार्गत, शिन्ननिष्ठकेमात वस्ताविधार, शैनीमासकमात्र दाम, किशिदिकानाथ मृत्याभाषाम, विशेदिक्यनाथ (ठोददी, है श्राम्याध মিত্র, শীঘতাজমোহন ওপ্ত, জীমনোবঙ্ক ওচ ঠাকুরতা, জীজিভেক্ত नान रखा हो दारक सनान अहारी. श्रीकानी नाथ परवालावात. ইবিধুদেধর শাস্তী, জীবেনোছারীলান গোসামা, ইপিঞ্ नम प्रकृपताद, बित्रमी पादन वात, शैकावक क्ष ग्राप्त, चैक्टांशहस मङ्ग्यनात, श्रीदामनान नद-করি, শীসভোতনাথ দত্ত 💐 শীতলচত্ত ठक्रवर्डो, शैस्ट्रब्स माथ मिळ, शैक्कि দ্লেরায়, জীগোপালচন্দ্র দেব, औरिक्षप्रमान द्रार्थ और हो श्रमत्रमत्री (मर्वी, ख्रीमर्डी श्रिष-হল দেবী প্রছতি। बीरेनत्नमहत्त्र यङ्गमात्र मण्यानिङ ২০ নং কর্ণওয়ালিস ট্রাট, মজুম্বার লাইত্রেরী হইতে। এস, সি. মজুমদার প্রকাশিত,

বাৰিক মূল্য ৩৯/•।



পণ্ডিত স্থরেন্দ্রমোহন ভট্টাচার্য্য প্রণীত

ব্ৰহ্ম বং ছিতা ও ভক্তিবাদ

অপূর্ব মহাগ্রন্থ। আজ্রীগোরাক মহাপ্রান্থ এই মহাগ্রন্থ বন্ধং দানিণাতা হৈইতে জন্মভূমিতে আনমন করিয়া জ্রীক জীব গোপামী দারা টীকা লেখান। সেই মৃক ও টীকা এবং মৃকের ও টীকার পৃথক্ পৃথক্ অনুবাদ এবং ষড়দর্শন ও ভক্তি শাস্ত্রাদি দারা আজিক্ষণ্ট এক অবিতীয় ও পূর্ণতম পরমাত্রা তাহা মৃলে শ্লোকাদির ব্যাখ্যা ও আভাস দারা দেখান হইম্নাতে, তৎপরেই ভক্তিই বে মৃক্তির এক মাত্র কারণ এবং "রাখার প্রেম সাধ্য শিরোমণি" ভাষা ভক্তিবাদে ব্রান হইমাছে। এমন গ্রন্থ, এমন সংগ্রন্থ, এমন আলোচনা কোন গ্রন্থ নাই। বঙ্গভাষায় ইহা মহাগ্রন্থ। র্হৎ পৃত্তক, স্বন্দর ভাপা, উৎকৃষ্ট বাধাই ও কাগজ। মৃল্য তুই টাকা মাত্রে।

वानमा नर्म]	বঙ্গদৰ্শন, চৈত্ৰ, ১৩১৯ • স্বচী	ি ১২শ সংখ্যা	
- বিষয়	V		পৃষ্ঠা
১। সভাপতির অভিভাষণ	শ্রীযু ক্ত অক্ষ য়চ ন্দ্র সরকার	•••	909
২। নিমাই-চরিত্র	শ্রীযুক্ত তারকচন্দ্র রায়, বি এ		906
৩। ুরামাবতী	শ্রীযুক্ত অক্ষরকুমার বৈত্তেয়	•••	986
৪। বিলাতের টিকটিকি	শী যুক্ত বিপিনচন্দ্ৰ পাল	• • • •	965
ে। জয়দেব ও বিদ্যাপতি	শ্ৰীযুক্ত জিতেন্দ্ৰলাল বস্থ		906
৬। বেদের ক ধ া	শ্রীযুক্ত বিপিনচক্রপাল	•••	966


এস্, মজুমদার কর্তৃক প্রকাশিত ১০১১

নব বর্ষের

বঙ্গদেশবের

বৈশাধ সংখ্যা বৈশাধের প্রথম সপ্তাহেই প্রকাশিত হইবে। এই সংখ্যায় সাহিত্যাচার্গ্য প্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার, প্রীযুক্ত বিপিনচন্দ্র পাল, প্রীযুক্ত অক্ষয়চন্দ্র মেত্রৈয়, প্রীযুক্ত অক্ষয়চন্দ্র বিশিষ্ট বিশিষ্ট পাল, প্রাযুক্ত অক্ষয়চন্দ্র বৈশিষের ক্রমণ প্রকাশ প্রকাশ উপন্যাস, ও শ্রেষ্ঠ গল্প ও নক্সা-লেখকগণের ছোট গল্প ও নক্সা প্রভৃতি থাকিবে। নববর্ষ হইতে নূতন বন্দোবন্তামুযায়ী, গ্রাহকগণ ১০ই তারিধের মধ্যে প্রতিমাসের কাগজ পাইবেন।

গ্রাহক মহোদয়গণ ৩০ শে চৈত্রের মধ্যে আগামী বর্ধের মূল্য তার্ল মণিঅর্জার করিলে স্থাবিধা অস্কুত্র করিব। যাঁহারা মণিঅর্জারে টাকা পাঠান অস্কৃবিধা মনে করেন, তাঁহাদের নিকট তার্ল চার্জ্জ করিয়া বৈশাখের সংখ্যা ভিপিতে প্রেরিত হইবে। গ্রাহক মহাশয়গণের কাহারও কোন বক্তব্য থাকিলে ৩০ শে চৈত্র মধ্যেই অসুগ্রহ করিয়া জানাইবেন।



বাংলার ইতিহাসে গুরুদাস বাৰুর স্থান বাংলা দেশের ভবিষাং ইতিহাসে গুরুদাস वांतूत नाम थाकिरव कि ना, कानि ना। ना থ্লাকাই সম্ভব। ইতিহাস সচরাচর যে সকল বস্তুর স্মৃতিকে স্থত্নে রক্ষা করে, গুরুদাস বাবুতে দে বস্তু বেশি নাই। যাহা অলোক-শামান্ত, ইতিহাস কেবল তাহাকেই স্মরণীয় গুরুদাস 'বাবুর এরূপ করিয়া রাথে। অলোকসামান্ত কোনো কিছু নাই। অনেক বিদ্যা আছে, কিন্তু অনক্সসাধারণ বিশেষজ্ঞতা নাই। শ্রেষ্ঠ মেধা আছে, কিন্তু অলোকিক প্রতিভা নাই । গুরুদাস বাবু কর্মী; আর তাঁর কর্ম সর্বনাই ধর্ম ও নীতি, শাস্ত্র ও লোকাচারের সমান করিয়া চলে। এই জন্ম বাঁহারা স্চরাচর এ সংসারে কলহ-(कौलाइल-पूथत कर्माकाल विखात कतियां, সস্তায় একটা ঐতিহ্য-কীর্ত্তি অর্জ্জন করে, গুরুদাদ বাবু স্থে জাভীয় কর্ম-নায়ক নহেন। তথাপি দেশের লোকে তাঁহাকে গৃভীর শ্রদ্ধা করে; এতটা শ্রদ্ধা বাংলাদেশের

শ্রেণী ও সকল সম্প্রদায়ের লোকের প্রাণ হইতে, আর কাহারো প্রতি অর্পিত হইতেছে कि नां, मत्मरः। तिर्भत लाक् छाराव বিদ্যার সম্বর্জনা করে: তাঁহার বিনয়-সৌজ্ঞের করে; তাঁহার বাহাড়ম্বরশৃত্য ধর্মনিষ্ঠার ও আত্মনিষ্ঠার পূজা করিয়া থাকে। সকল প্রকারের জনহিতকর কর্মে তাঁহার সকল স্থাদেশিক নেতৃত্ব কামনা করে। সাধু-অমুষ্ঠানে তাঁহার সহামুভতি ও সাহচর্যা, তাঁর পরামর্শ ও আশীর্বাদ ভিক্ষা করে। কিন্তু তিনি ধ্যে তাহাদের চিন্তা ও ভাব, আশা ও আদর্শকে স্টাইয়া তুলিয়া, অতি ঘনিষ্ঠভাবে তাহাদের অন্তর্জীবনের সঙ্গে জড়িত হইয়া আছেন, এমনটা কথনো অহুভব করে নাঃ আর এ জগতে যাঁহারা, মিত্রভাবেই হউক আর শক্রভাবেই হউক, আপনাদের সম-সাময়িক জনমগুলীর জ্ঞান, রস, আশা, আদর্শ, প্রয়াস ও প্রতিষ্ঠার সঙ্গে ঘনিষ্ঠ ভাবে জড়িত হুইয়া থাকেন, ইতিহাস কেবল তাঁহাদেরই স্বৃতিকে জাগাইয়া রাধিতে চাহে।

ঐতিহাসিক কীর্ত্তির বিশেবত্ব

🕹 किस इंजिशंटन यांशांत्र नाम थांकिया ষায়, কেবল তাঁহারাই যে সমাজের শ্রেষ্ঠ জন, কেবল ভাঁহাদেরই নিকটে যে সমাজ অশেষ ও অশোধনীয় ঋণজালে আবদ্ধ থাকে, অপরের নিকটে থাকে না, এমন কথা কিছুতেই বলা যায় না। ফলতঃ ইতিহাস যে কেবল ভালকেই মৃদ্ধে করিয়া রাখে, মন্দকে তুলিয়া থায়, তাহাও নহে। রোমের ইতিহাস পুণ্যশ্লোক মার্কাদ অরিলিয়দের যেমন, তেমনি কুরমতি নীরোরও নামকে স্মরণীয় করিয়া রাথিয়াছে। আমাদের প্রাচীন পুরাণ-কথায় রামও আছেন,, রাবণও আছেন; যুধিষ্ঠিরও আছেন, তুঃশাসনও আছেন। ভারতের পুণ্যশ্বতি জনকের নামও মাথায় করিয়া রাথিয়াছে, বেণ রাজার নামও ভুলিয়া যায় নাই। ুইতিহাস কেবল ভালকেই স্মরণীয় করিয়া রাথে, মন্দকে রাণে না, তাহা নয় ভাল হউক, মন্দ হউক, যাহা কিছু অলোক্যামান্ত, ইতিহাস তাহাকেই আঁকিড়াইয়া ধরে। মানবের প্রকৃতি হইতেই তো ইতিহাসের বিচার-পদ্ধতির উৎপত্তি। আর যাহা নিত্য. তাহা অপেক্ষা যাহা নৈমিত্তিক, যাহা হ্লৈতি-• হেতু, ভাহা অপেকা বাহা গতি-সহায়; মাহুষের মন তাহারই দারা সমধিক আরুপ্ত হইয়া থাকে। এই কারণে যাঁহারা জননমাজের স্থিতির সহায়. कांटामिशतक উপেকा कतिया, याटाता कन-সমাব্দের গতির হেতু হইয়া উঠেন, ইতিহাস তাঁহাদিগের স্মৃতিকেই বিশেষভাবে জাগাইয়া ুরাথিতে চাহে। যে সকল শক্তির সমৰায়ে বা সংঘৰ্ষণে সমাজ-জীবনবিবৰ্ত্তিত হয়, ইতিহাস তাহাকেই ভাল করিয়া লক্ষ্য করে। সমাজ-বিবর্তনে ভাল ও মন্দ হুই মিশিয়া থাকে। আলো ও ছায়ার সমাবেশ ব্যতিবেকে যেমন কোনো তৈলচিত্র ফুটিয়া উঠে না; বেইরূপ ভাল ও মন্দের সংঘর্ষ রাতীত সমান্দ-জীবনও গডিয়া উঠিতে পারে না। ভাল ও মন্দের মধ্যে যে স্বাভাবিক বিরোধ আছে, তাহারই দারা, সেই বিরোধের ফলস্বরূপই, জনসমাজ বিবর্ত্তিত হইতেছে। এই দেবাস্থর-সংগ্রাম মানব-সমাজের নিত্য ধর্ম। আর তারই জন্ম, এই মানব-সমাজের বিবর্তনের যথায়থ বিবরণ লিপিবদ্ধ করিয়া রাখা যে ইতিহাসের কর্ম, সেই ইতিহাস লোকে যাহাকে ভাল বলে কেবল তাহাকেই স্মরণীয় করিয়া রাথে না: কিন্তু ভাল হউক, মন্দ হউক, যাহা কিছু শক্তিশালী, যাহা কিছু অনন্তদাধারণ, যাহা কিছু গতির কারণ, ইতিহাদ সর্বাদা তাহাকেই নিরপেক্ষভাবে ধরিয়া রাখিতে চাহে :

ঐতিহাসিক বিবর্ত্তনের প্রণালী

আর অলোকসামান্ত প্রতিভাই সচরাচর জনমগুলীর প্রাণে নৃতন জ্ঞান, নৃতন ভাব, নৃতন আদর্শ, নৃতন আশার সঞ্চার করিয়া, যুগে যুগে সমাজের এই গতিশক্তিকে প্রবৃদ্ধ ও পরিচালিত করিয়া থাকে। এই সকল নৃতন ভাব ও আদর্শের প্রেরণায়, যাহা পূর্বের পাওয়া যায় নাই, তাহা পাইবার জ্বন্ত জনগণের চিত্ত চঞ্চল হইয়া উঠে। এই লোভ হইতে নতন কর্মের আয়োজন, এবং এই কর্মচেষ্টা হইতেই সমাজের বিবর্ত্তন ও বিকাশ সাধিত হয়। অলোকসামান্ত প্রতিভা সমাজের গতি-বেগ বুদ্ধি করে বলিয়াই ইতিহাদে তাহার এত কিন্তু জনসমাজের কল্যাণকল্পে যেমন তার গতি-শক্তির তেমনি তার স্থিতি-শক্তিরও স্মাবশ্যক। যেখানে

গতি-শক্তি তাঁর স্নাতন স্থিতি-শক্তিকে **অভিভূ**ত ক্রিয়া একাস্তভাবে প্রেখানেই দমাজ-চৈতন্ত একেবারে আত্মবিশ্বত रुर्धा, উন্মাদিনী বিপ্লবশক্তির ক্রীড়াপুত্তলি হয় এবং অচিরে বিনাশের মুখে যাইয়া পড়ে। আবার যেথানে সমাজের স্থিতি-শক্ষি একান্ত-ভাবে তাহার স্বাভাবিক গতিশীলতাকে চাপিয়া রাখিতে বা পিষিয়া মারিতে চেষ্টা করে. সেথানে কিছুদিনের জন্ম সমাজ নিতান্ত স্থবির হইয়া পড়ে এবং শুদ্ধ গতামুগতিক পথ ধরিয়া জড়গতিমাত্র প্রাপ্ত হয়, জীবন-চেষ্টা প্রকাশ করিতে পারে না। আর স্বভাবের গতিরোধ করিয়া কিছুকালের জন্ম স্থবিরত্ব লাভ করে ্ বলিয়াই, তাহারই প্রতিক্রিয়ার ফলস্বরূপ, পরিণামে প্রবল বিপ্লবের মুখে যাইয়াই পড়ে। এই ব্লুল, সমাজের চিরম্ভন কল্যাণকল্পে, তাহার খাভাবিক বিবর্ত্তন-পথ অবাধ ও প্রশন্ত রাখিতে ⁷হইলে, তাহার গতি-শক্তি ও স্থিতি-শক্তি উভয় শক্তিকেই, আপন আপন অধিকারে. স্প্রভিষ্ঠিত রাখা আবশ্যক হয়।

সমাজ-জীবনের ত্রিধারা

কারণ, জনসমাজের বিবর্তন-চেষ্টা গতি-শক্তি ও স্থিতি-শক্তি উভয়কেই সমভাবে অবলম্বন করিয়া চলে। একদল লোক যথন কোনো অভিনব ভাব বা আদর্শের প্রতি ঐকান্তিক অনুরাগবশতঃ আত্যন্তিকভীবে সমাজের গতি-বেগকে বাড়াইয়া তুলিতে চান; অপর এক দল লোক তথন, সমাজের অবস্থার পরিবর্তনের সঙ্গে লংক তার বিধিব্যবস্থার এবং অসুষ্ঠান-প্রতিষ্ঠানেরও পরিবর্ত্তন যে অপরিহার্য্য হুইয়া উঠে এবং এই পরিবর্ত্তনের একান্ত প্রতিরোধ করিলে সমাজের গুক্তর অকল্যাণ

সাধিত হয়, ইহা বিচার না ক্রিয়া, সমাজস্থিতির * দোহাই দিয়া, প্রাণপণে এই প্রবৃদ্ধ গতিশক্তিকৈ চাপিয়া বাখিতে চেষ্টা করেন। আর এই ছই দলই সমাজ-বিবর্ত্তনের প্রত্যক্ষ হেতুরূপে, ইতি-হাসে স্মরণীয় হইয়া রহেন। কিন্তু ঘাঁহারা এক **मिटक** मिक्विमिक् छ्डानभूग इहेगा, এইরূপে সমাজের গতিবেগকে আত্যস্তিক ভাবে বাড়াইয়া ट्यांतन, छांशांता एयमन ममास्क्रत देख्याँ अ শান্তি নষ্ট করিয়া, তাহার আভ্যন্তরীণ প্রাণ-বস্তুকে পীড়িত করেন; সেইরূপ যাঁহারা অক্তদিকে অভিনব যুগধর্মের ও কালধর্মের প্রতি অমনস্ব হইয়া, এই প্রবৃদ্ধ গতিবেগকে জোর করিয়া প্রতিরোধ করিতে বদ্ধপরিকর হন, ভাঁহারাও সেইরূপই অ্যথা সংগ্রাম বাঁধাইয়া, সমাঞ্চ-প্রাণকে রক্ষা করিতে যাইয়াই, তাহাকে নষ্ট করিতে উদাত হন। যাঁহারা এই দংগ্রামে প্রবৃত্ত না হইয়া, ধীর-ভাবে তার পরিণাম লক্ষা করিতে থাকেন এবং ঘতক্ষণ না এই সংগ্রামের নিবৃত্তি হইয়। নৃতনের ও পুরাতনের মধ্যে একটা উচ্চতর দন্ধি ও সামঞ্জুদ্য প্রতিষ্ঠিত হইয়াছে, ততক্ষণ কোন এক পক্ষকে একান্তভাবে অবলম্বন না করিয়া যথাসম্ভব নিরপেক্ষভাবে, এই কলহ-কোলাহলের মধ্যে সুমাজের মর্মস্থলে যে সনাত্তন প্রাণবস্তু আপনাকে লুকাইয়া রাখিতে চেষ্টা করে, তাহাকেই কেবল ধরিয়া বসিয়া রহেন,—তাঁহারাই প্রক্তপক্ষে সমাজের মেক-দুওস্বরূপ। কোন সমাজে, কালপ্রভাবে,তাহার পূর্বাক্তত ও অধুনা-চেষ্টিত কর্ম্মবশে, এইরূপ, সমর-সৃষ্ঠ উপস্থিত হইলে, থাহারা নৃতনের লোভেও আত্মবিশ্বত হন না, আর তার ভয়-বিজীধিকাতেও বিক্ষিপ্ত ইইয়া উঠেন না,—

কামবশাং নূতনকেও আলিঙ্গন করিতে ধাবিত रुन नां. আর কার্পণ্যবশাৎ পুরাতনের জীর্ণতাকেও আঁকড়াইয়া ধরিয়া রহেন না; কিন্তু ইহাদের পরস্পরের গুণাগুণ ও দাওয়াদাবীর ় পরীক্ষ। হইয়া পরিণামে যে সামঞ্জস্য প্রতিষ্ঠিত হইবেই হইবে, ধীরভাবে তাহারই প্রতীক্ষায় থাকেন,—প্রত্যেক যুগদন্ধিস্থলে, সমাজের সনাতনী প্রাণশক্তি ভাঁহাদিগকৈই পাত্রার করিথা আত্মরকা করে। কলহকোলা-হলপ্রিয় ইতিহাস এই সকল লোকের খোঁজ কিন্ধ ইতিহাসের দ্বারা উপেক্ষিত হইয়াও, আসন্ধ-সমাজ-বিপ্লবের মুখে, এই সকল ধর্মনিষ্ঠ, কর্মনিষ্ঠ, আত্মনিষ্ঠ, শাস্ত ও সমাহিত-চিত্ত স্থণীজনই অতি সম্ভৰ্গণে, সেই সম্বটকালে. সমাজের সনাতন প্রকৃতিটীকে প্রাণে পুরিয়া বাচাইয়া রাখেন।

গুরুদাস বাবুও আধুনিক শিক্ষিত সম্প্রদায় বাংলার স্বদেশী সমাজ একটা প্রবল বিপ্লব-স্রোতের মাঝখানে আসিয়া পডিয়াছে। আর এই সন্ধটকালে যে অত্যন্ত্রসংখ্যক ধীর-প্রকৃতি স্থবীজনকৈ আশ্রয় করিয়া আমাদের সমাজের সনাতন প্রাণবস্তু আপনাকে বাঁচাইয়া রাখিবার চেষ্টা করিতেছে, গুরুদাস বাবু তাঁহাদের মধ্যে সর্ব্ব প্রধান। যে বিদেশীয় শিক্ষা ও সাধনার প্রভাবে এই যুগান্তর উপস্থিত হইয়াছে, গুরুদাস বাবু সেই শিক্ষা ও সাধনাকে স্থলর-রূপেই অধিগত করিয়াছেন। এ আধুনিক শিক্ষাপ্রাপ্ত সম্প্রদায়ের তিনি অগ্রণী। যে কলিকাতা বিশ্ববিষ্ঠালয় এই বিদেশীয় শিক্ষা [']ও সাধনার সেতু-স্ব**র**প হইয়া আছে, গুরুদাস বাবু তাহার অম্যতম অধিনায়ক। কিন্তু গুরুদাস ইংরেজ -শিক্ষা-প্রাপ্ত সমসাময়িক বাবুর

•সম্প্রদায়ের অনেকেই যেরূপভাবে এই শিক্ষা-দীক্ষারদারা একাস্ত অভিভূত হইয়া পড়িয়াছিলেন, গুরুদাস বাবু কথনো সেরূপ হন নাই। অক্সদিকে যাঁহারা এই শিক্ষাদীক্ষা পাইয়াও, ইহার প্রতি একটা গভীর ও অযৌক্তিক বিরাগ বশতঃ এই শিক্ষাদীক্ষাতে দেশ মধ্যে যে অবগ্রম্ভাবী পরি-বর্ত্তনের স্রোত আনিয়াছে, সর্বতোভাবে তাহার প্রতিরোধ করিতে বদ্ধপরিকর হন: গুরুদাস বাব কথনো একান্তভাবে তাঁহাদেরও সঙ্গে মিশিয়া যান নাই। মান্তুষের বিষ্ঠা তাহার ভত্য হইয়াই থাকিবে, তাহারই ঈপ্সিত-माधान मर्यामा नियुक्त श्रदेत ; देशरे विद्यानाएं त সত্যক্রা। কিন্তু হুর্ভাগ্যক্রমে আমরা আজি-কালি সর্বস্বান্ত হইয়া যে বিদেশীয় বিছ্যা-অর্জনের চেষ্টা করিতেছি, তাহা অনেক স্থলেই আমাদের ভূত্য না হইয়া, আমাদের প্রভূ হইয়াই বসিতেছে। আমরা অনেকেই এই অভিনব বিছাকে নিজেদের কর্মে নিয়োগ পারিতেছি না ; প্রত্যুত এই বিছাই আমা-দিগকে ভয়াবহ পর-ধর্মে নিয়োগ করিতেছে। মামুষের শিক্ষা ও সাধনা তাহার আত্মজানেরই ক্ষরণ করিবে; ইহাতেই শিক্ষাদীক্ষার স্বার্থকতা লাভ হয়। কিন্তু বর্ত্তমান বিদেশীয় শিক্ষা ও সাধনা আমাদের আত্মজ্ঞানের ক্রণ না করিয়া, অনেক সময় কেবল আত্মবিশ্বতিই জনাহিয়া দেয়। এই বিদেশী বিস্থার বলে আত্মলাভ করা দূরে থাক, অনেক সময় আফ্রা আত্মবিক্রর করিয়াই বসি। এইরূপ আত্ম-বিশ্বতি ও আত্মবিক্রয় আমাদের ইংরেজি-শিক্ষিত সম্প্রদায়ের সাধারণ ধর্ম হইয়া গিয়াছে। সংস্কারক ওর্সংস্করণ-বিরোধী, উভয় দলেরই মন্ধ্য ইহা দেখা যায়। এক শ্রেণীর সমাজ ও ধর্ম-

সর্বজনসমক্ষে, স্পর্দাসহকারে, নিম্নর্জভাবে, যেমন এই বিদেশীয় সভ্যতা ও সাধুনাকে আলুখন করিবার জন্ম বাহু প্রসারিত করিয়া রহিয়াছেন: যাঁহারা এই প্রকাশ্ত প্রয়াদের প্রতিরোধ করিতে বদ্ধপরিকর হইয়াছেন. তাঁহাঁরাও গোপনে গোপনে সেই বিজাতীয় ভাবকেই অজ্ঞাতসারে প্রাণ মধ্যে বরণ করিয়া তুলিতেছেন। ভগবানকে যেমন মিত্রভাবে ভজনা করিয়াও পাওয়া যায়, শত্রুভাবে সাধন করিয়াও পাওয়া যায়, আর শাস্ত্রে বলে, শক্র-ভাবে দাধন করিলে যত সত্তর সিদ্ধিলাভ হয়, মিত্রভাবের ভজনায় তত সত্বর হয় না;—সেই-রূপ কোনো বিদেশীয় সভাতা-সাধনাকেও মিত্র-***ভাবে ও শত্রুভাবে, উভ**য় ভাবেই পাওয়া যায়_া আমাদের। ধর্ম ও সমাজ-সংস্কারকেরা মিত্রভাবে য়ুরোপের ভজনা করিতেছেন। বিরোধী "পুনরুত্থানকারিগণ" শত্রুভাবে তার সাধনা করিতেছেন। আর কার্যাতঃ উভয় পক্ষই সমভাবে তাহার দারা অভিভূত হইয়া পড়িয়াছেন। সংস্কারকগণের উপরে য়ুরোপের প্রভাব প্রত্যক্ষ, সংস্করণ-বিরোধিগণের উপরে প্রচ্ছন-ছু'এর মধ্যে এইমাত্র প্রভেদ।

"দংস্কারক" ও সংস্করণ-বিরোধী

সংশ্বারকগণ অসাধারণ অভ্যুদযসম্পন্ন বিদেশীয় সমাজের বিধিব্যবস্থা ও অনুষ্ঠান প্রতি-ষ্ঠানাদিকে যথাসাধা নিজেদের সমাজে প্রতিষ্ঠিত করিবার জন্ম লালায়িত হইয়াছেন। আর এইরূপে বিদেশীয় সভ্যতা ও সাধনার বাহ্য উপকরণগুলিকে স্বত্ত্বে সংগ্রহ করিতে যাইয়া, স্বল্পবিস্তর আত্মহারা হইয়া পড়িতেছেন। স্বদেশী সভ্যতা ও সাধনার যে একটা অতি ভাল দিক্ আছে, এ কথা ইহারা অস্বীকার করেন না।

বরং এই ভালটুকুকে রক্ষা করিবার জক্তই ইহাই বলিয়া সংস্কারের প্রয়োজন, থাকেন। কিন্তু কোনো সমাজের বহিরুদ্ধালিকে গ্রহণ করিয়া তার ভিতরকার প্রকৃতিগত আদর্শ ও পভাবকে বর্জন করা যে কখনো সম্ভব হয় না. এটা তাঁহারা বোঝেন না। বিদেশীয় সমাজের বাহিরের উপকরণ ও আয়োজন গুঁলিকে প্রাণ-পণে সংগ্রহ করিব, আর স্বদেশের সমাজ্রের ভিতরকার প্রাণটাকেও ধরিয়া রাখিব এবং তাহারই মধ্যে পুরিমা দিয়া একটা উৎক্রপ্ততম সমাজ গড়িয়া তুলিব, ইহা যে একেবারে অসম্ভব ্ও অসাধ্য,—এই মোটা কথাটা অনেকেই তশাইয়া দেখেন না। প্রত্যেক জীবের আত্ম-প্রয়োজনেই তার দেহটা গডিয়া উঠে। জীবদেহের বহিরঙ্গগুলি একটা আক্ষাক ঘটনাপাতের অচেষ্টিত ফল নহে। সমাজ-জীবন এবং সমাজ-দেহ সম্বন্ধেও ইহাই সত্য। প্রত্যেক সমাজের রীতিনীতি, আচার-বিচার, অনুষ্ঠান-প্রতিষ্ঠানাদি সেই সমাজের আত্মপ্রয়োজনে, তার আভ্যস্তরীণ জীবন-চেষ্টার ফলেই গড়িয়া উঠে, কোন আকস্মিক ঘটনাপাতে, হইতে গজায় না, অথবা অন্ত সমাজ হইতেও উড়িয়া অসিয়া জুড়িয়া বসে না। দেহের সঙ্গে অঙ্গাঙ্গী—ইংরেজিতে দেহীর ধেমন ইহাকে অর্গেনিক রিখেষণ (Organic relation) বলে—প্রত্যেক' সমাজের রীতিনীতি, বিধি-ব্যবস্থা, অনুষ্ঠান-প্রতিষ্ঠানাদির সঙ্গে সেই সমাজ-জীবনের সম্বন্ধও সেইরূপ অবাসী, আকম্মিক নহে। কাণ টানিলেই যেমন আপনা হইতেই মাথাও সরিয়া আইসে, সেইরূপ কোন সাধনার বাহিরের ঠাটটাকে কোথাও খাড়া করিতে গেলেই, তার প্রাণটাও

বে ভার সঙ্গে সঙ্গে আপনা হইতে আসিয়া পড়িবে, ইহা নিশ্চিত। বিদেশীর সভাতা ও <u> বহিরঙ্গদাধনে</u> নিযুক্ত সাধনার ভার অন্তরন্ট্রুকেও লইতেই হইবে। আর এরপ ভাবে, স্বেচ্ছায় হউক, অনিচ্ছায় হউক, তার দেহ ও প্রাণ উভয় বস্তুকেই যদি আত্মসাৎ করিতে হয়, তবে স্বদেশের সত্য প্রাণটাকে কিছুতেই রক্ষা করা সম্ভব হইবে • না > সংস্থারকগণ যে ভাবিতেছেন, বিদেশীয় সভাতা ও সাধনার ভাল ভাল অহুষ্ঠান-প্রতিষ্ঠানগুলিকেই গুণিঘা বাছিয়া. গ্রহণ করিবেন, নিজের সমাজে তার সজে সজে নিজেদের দেশের সনাতন আদৰ্শীকেও বাঁচাইয়া রাখিবেন, ইহা নিতান্তই অলীক কল্পনা মাত্র। প্রত্যেক সভাতা ও সাধনাতেই ভাল ও মন হুই আছে। আর এই ভাল ও মন্দ, ছায়াতপের স্থায়, পরস্পরের সঙ্গে অচ্ছেদ্যরূপে মিশিয়া আছে। সকল সমাজের রীতিনীতি ও বিধিবাবস্থার মধ্যেই ভাল ও মন্দের এই অঞ্চাঙ্গী যোগ রহিয়াছে। যে সমাজে যে সকল রীতিনীতি ও আচার-বিচার, সামাজিক বিবর্ত্তনের সঙ্গে সঙ্গে, আপনা হইতেই গড়িয়া উঠে, সে সমাজে, তার সঙ্গে সঙ্গে লোকচরিত্তের মধ্যেই ভালকে রক্ষা ক্রিবার ও মন্দকে রোধ করিবার একটা অপূর্ব্ব কৌশলও আপনা হহতেই ফুটিয়া উঠে। অপর সমান্ত্র যদি এই সকল রীতিনীতি বাহির হইতে গ্রহণ করিতে যায়, তাহা হইলে, ভাল মন্দ তুই ডাহাকে লইতে হয়। কিন্তু তার ভালটীকে বাড়াইয়া দিয়া মন্দটীকে রোধ করিবার এই সহজ কৌশলটা সে সমাজ কিছুভেই লাভ করিতে পারে না। কারণ এই সহজ

একাশলটা ধার করিয়া পাওয়া যায় আর এই জনাই অন্তকরণ-প্রয়ানী সংস্কার-**সমাজে**র (581. অন্ত:প্রকৃতির প্রতিষ্ঠিত হয় না বলিয়া, সর্বাদাই পরধর্ম হইয়া উঠে। वाशामित्र वाधिनक ধশা - ও-সমাজ-সংস্কারকগণ যেমন এইরূপে বিদেশের সমাজের বহিরক্সাধনে হইয়া, সেই সমাধ্যের ভিতরকার ভাব ও আদর্শের দারা উত্রোত্তর অভিভূত হইয়া, তাহারই ফলে স্বদেশের ভিতরকার সনাতন প্রাণস্থোতের বাহিরে যাইয়া পড়িতেছেন; गःऋ बन-विद्याधिनन **७ (मर्टे**क्स प्रे. अन्य जारा छ ষক্ত কারণে, দেই সনাতন প্রাণ-ম্রোত হইতে একান্তভাবেই সরিয়া যাইতেছেন। সংস্কারকগণ বিদেশীৰ সমাজের বাহিবের আচারাস্থগানাদির মধ্যে মিজেদের সমাজের প্রাণরপী সনাতন আধ্যাত্মিক আদর্শনীকে পুরিয়া, তাহাকে সমযোপযোগী ও কার্যাক্ষম করিবার চেষ্টা করিতেছেন। এই পরদেহে যে সে প্রাণ থাকিবে না, থাকিতে পারে না; তৎপ্রতি ইহাঁদের দৃষ্টি নাই। সংস্করণ-বিরোধিগণ বিপরীত পথ ধরিয়া স্বদেশের সমাজের প্রাচীন ও প্রচলিত রীতিনীতি ও বিধিবাবস্থার মধ্যে বিদেশের সভ্যতা ও সাধনার প্রবল প্রাণটাকে প্রিয়া দিয়া, নিজেদের সমাজের বাহ্য ঠাটটাকে সতেজ ও সমধোপযোগী করিতে চাহিতেছেন। আমাদের পুরাতন সমাজ-দেহ বিদেশের এই নবীন প্রাণের টান যে কথনই সহিতে পারিবে না, তৎপ্রতি ইহাঁদের দৃষ্টি নাই ৷ আর এই-রূপ উভর পক্ষই বিদেশীয় সভ্যতা ও দাধনার দারা অভিত্ত হইয়া পড়িয়াছেন। সংস্থারক^র গণ নিজেদের সভাতা ও সাধনার বহিরুসটাকে

শ্বলবিস্তর ভাবিষা চুরিয়া, বিদেশীয় • নিজেদের সমাজকে সমাজের টাচে. নৃত্র করিয়া গড়িয়া তুলিবার বাগ্র হইয়াছেন। এই ব্যগ্রতার পশ্চাতে একটা পাদ্রিজনম্বলভ, কল্পিত, বিশ্বমানবী প্রেমের প্রেরণাই আছে: নিজেদের সমাজ-জীবন ও সমান্ত্র-প্রকৃতির কোনো সত্য ধারণা অন্যদিকে যাঁহার৷ প্রাণপণে এই সংস্থার-প্রয়াদের প্রতিরোধ করিয়া, সমাজের "সনাতনী"টুকুকে স্মত্ত্বে বাঁচাইয়া রাখিবার ব্যাকুল হইয়াছেন; তাঁহাদের এই জ্য ব্যাকুণতাতে তাঁহাদের সরল খদেশপ্রীতিই প্রকাশিত হয়, কিন্তু নিজেদের সমাজ-জীবন সম্বন্ধে প্রাক্তজনস্থলভ দেহাত্মধ্যাসটা যে বিন্দু-পরিমাণেও বিচলিত হইমাছে, ইহা প্রমাণিত না। তাঁহারা শ্মাজের দেহটাকেই. তার বাহ্য বিধিবাবস্থা ও আচার-অমুঠান 🗝 প্রভৃতিকেই সমাজের সনাতন প্রাণ বলিয়া ধ্বিতেছেন আর তার্ই জন্ম, কালের প্রভাব এবং পূর্বাক্বত কর্মের অপরিহার্যা পরিণামের প্রতি বিন্দাত্তও দৃক্পাত না করিয়া, সমাজের বাহিৰের ঠাটটাকে বকা করিলে তার ভিতরকার প্রাণটাও রক্ষা পাইবে ভাবিয়া,যাঁহারা এই ঠাটটাকে ভাকিয়া চুরিয়া, নৃতন করিয়। গড়িয়া তুলিতে চান, তাঁহাদের সর্কবিধ সংস্থার-চেষ্টার প্রতিরোধ করিতেছেন। আমাদের সংস্কারকদল যেমন সাম্য-বৈত্তী-স্বাধীনতার নামে, দেশের প্রাচীন ও প্রচলিত সমাজগঠনকে ভালিয়া দিয়া, তাহার স্থল বিলাতি আদর্শের একটা রক্ত-প্রধান খেণী-ভেদকে প্রতিষ্ঠিত করিতে চাহিতেছেন; मः इत्र-विद्यापिशन **आ**सम्बर्ध সেইব্লপ

স্তরাং ধর্মহীন যে বর্ত্তমান বর্ণভেদ সমাজে প্রচালত আছে, তারই ভিতরে বিলাতী খেণী-ভেদের প্রাণটাকে প্রতিষ্ঠিত করিয়া, প্রাচীন বর্ণাশ্রমধর্মের করে।মূখ বহিরক্টাকে রক্ষা করিবার চেষ্টা কবিতেছেন। একদল বিদেশীয় সভ্যতা ও সাধনার দেহটাকে, আর একগণ তার প্রাণটাকে বইয়া টানাটানি ^{*}করিতেছেন। সজ্ঞানে, আর মুভরাং এক্রপক অজ্ঞাতদারে, কিন্তু উভন্ন পক্ষই দমভাবে, সভ্যকার স্বাদেশিকতা হঁইতে ভ্রষ্ট হইয়া বিদেশীয় সভ্যতা ও সাধনার ছারা একান্ত ুম্মভিভূত ইইয়া পড়িয়াছেন। আবে এই চুই দলই, ছই ভিন্ন দিক দিয়া, দেশের সত্যিকার সনাতন সভ্যতা ও সাধনার মূল ভিত্তিটাকে ভাঙ্গিয়া দিতেছেন।

धक्रमाम वाबूब "मधाभव"

শুরুদাস বাবু এই ছই প্রতিশ্বন্দিদলের কোনটারই অস্তর্ভূত নহেন। প্রচলিত অর্থে, তাঁহাকে কিছুতেই সমাজ-সংশ্লারক বলা সক্ষত হইবে না। তিনি নিজেই কোন মতে সংশ্লরণ-বিরোধী বলিয়া পরিচিত হইতে রাজি নহেন। মানব-সমাজ যে নিয়ত পরিবর্ত্তনশীল, ইহা তিনি জানেন। মধ্যে মধ্যে ইহার ব্যতিক্রম হইলেও, মোটের উপরে এই সকল সামাজিক পরিবর্ত্তন যে উন্নতিমুণী, ইহাও তিনি মানেন। সমাজের অবস্থার পরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে শামাজিক প্রাতিনীতিও যে পরিবর্ত্তন-যোগ্য হইরা পড়ে, ইহা তিনি স্বীকার করেন। ''হিন্দুসমাজে সংশ্লারের অনেক স্থান আছে, সংশ্লারকের অনেক কার্য্য আছে''—এ কথা মুক্তকণ্ঠে প্রচার করিতেও তিনি কুন্তিত নহেন।*

^{* &}quot;জান ও কর্ম"—৩১৭

স্থতরাং মোটের উপরে স্যাজ-সংস্থারের প্রয়োজনীয়তা সম্বন্ধে, প্রচলিত সমাজসংস্কারক-দিগের সক্ষেও গুরুদাস বাবুর মতের মিল আছে। তবে মতের মিল থাকিলেও কার্য্যের मिल नाई। छात्रहे जनाई खत्रमांग वातूरक প্রচলিত অর্থে সমাজসংস্কারক বলা সঙ্গত নহে। সমাজসংস্থারকের৷ সচরাচর সমাজের গতির বেশ্টাই বাড়াইয়া দিবার জনাই ন্যস্ত; ভার গতির দিক্টা স্থির রহিল কি না, তংপ্রতি তাঁহাদের তেমন সঞ্জাগ দৃষ্টি নাই। আর এই খানেই তাঁহাদের সঙ্গে গুরুদাস বাবুর যা' কিছু বিরোধ। সাধারণভাবে সমাজসংস্কারকদিগের সত্রদেশ্যের সঙ্গে গুরুদাস বাবুর আন্তরিক সহাত্মভৃতিই আছে। এই জন্য আপনি নিষ্ঠাবান ও একান্ত শ্বৃতি-অনুগত হিন্দু হইয়াও, গুরুদাস বাবু কথনো শ্রুতি-স্বৃতি-বিরোধী भःश्वातक-मध्येनारयत निकार्वारम **श्रा**वे हन নাই। বরং তাঁরা যে সাধু-ইচ্ছার ছারা প্রণোদিত হইয়া সংস্কারকার্য্যে ব্রতী হইয়াছেন, সেই ইচ্ছার সফলতার জন্যই, তাঁহাদিগকে ''অগ্রপশ্চাৎ ও চারিদিক দেখিয়া শুনিয়া সাবধানে" চলিতে বলেন। *

হিন্দুর সমাজাব্রগত্য

এই সংষম ও সমাকৃদৃষ্টিই গুরুদাস বাবুর কর্মাজীবনের মূলস্থা সমাজের কল্যাণের জন্ম, প্রয়োজন মত, তার প্রাচীন ও প্রচলিত বিধি-ব্যবস্থার পরিবর্ত্তন করা ঘাইতে পারে। কোন চিস্তাশীল এবং বিশেষজ্ঞ হিন্দুই এ পরি-বর্ত্তনের একান্ত বিরোধী নহুহন। প্রাচীনকে বর্জ্জন করাই যে মহাপাপ, হিন্দুর বিবর্ত্তন- ুইতিহাসে এমন অদ্ভুত কথা খুঁ,জিয়া পাওয়া যায় না। যাহা প্রাচীন ও প্রচলিত তাহাকে ভাঙ্গাই যে অধর্ম, গুরুদাস বাবুও এমন মূনে করেন না। আবশ্যক হইলে, হিন্দু তাঁর দেবতার মন্দিরও তো ভাঙ্গিয়া থাকেন। কিন্তু সে ভাঙ্গার ভাব ও ধরণ পূথক ৷ সে ভাঙ্গাতে তাঁর দেবতাও লুপ্ত হন না, তাঁর দেবভক্তিও নষ্ট হয় না ৷ দেবঙার পীঠস্থান বলিয়াই তো দেবমন্দিরের মাহাত্ম্য ও পবিত্রতা। তারই জন্ম তে৷ সামান্য ই'টকাঠের ঘর ভক্তের ভক্তির विषय इहेशा উঠে। हिन्दूत मगांक, महेन्नल, হিন্দুর ধর্মের বহিরাবরণ ও কায়ব্যুহস্বরূপ ধর্মাবহ ও পাপমুদ বলিয়া হিন্দুর শ্রুতি যাঁহার বন্দনা করিয়াছেন, তিনি নিতান্ত নিরাকার ভাবমাক্স নহেন। কেবল মানুষের হৃদয়-আকাশেই তাঁর প্রকাশ ও প্রতিষ্ঠা হয় না। যেমন প্রত্যেক মানুষের প্রাণে, তাঁর ধর্মবৃদ্ধিকে আশ্র করিয়া, তিনি আত্মপ্রকাশ করেন; সেই রূপ যে সমাজে সে ব্যক্তি বাস করেন, সেই সমাজ-দেহে, তার রীতিমীতি এবং বিধিব্যবস্থার মধ্যেও তিনি আপনাকে প্রতিষ্ঠিত করিয়া থাকেন। এই জন্য প্রত্যেক বিধিব্যবস্থা, সেই সমাজের প্রাণগত ধর্ম্মের বহিরস্ব ও বহিঃপ্রতিষ্ঠা হইয়া রহে। অতএব হিন্দু আপনার দেহকে যেমন দেবতার মন্দির বলিয়া ভাবেন, তাঁরু দেহ-পুরে যেমন তিনি সর্বান্তর্যামী ও সর্বলোকসাকী নারায়ণকেই একমাত্র পুরস্বামীরূপে দেখিয়া চিত্তে, পবিত্রভাবে দেহের সেব্। করেন ; সেই রূপ আপনার সমাজকেও হিন্দু সেই ধর্মাবহ ও পাপমুদ পর্মপুরুষের বহিরঙ্গ ও কায়বূাদ্ বলিয়া ভক্তি করেন। এই ফারণেই নিষ্ঠাবান

^{* &}quot;জান ও কর্ম"---২৮০ পৃষ্ঠা।

হিন্দুর চক্ষে ত পর সমাজের আফুগত্য ও ধর্ম্মেরু আফুগত্য একই কথা হয়।

• হিন্দুর সমাজ-তত্ত্ব

কারণ, হিন্দুর নিকটে তাঁর সমাজ, কতক-গুৰু মনুজগোষ্ঠির স্বেচ্ছানির্ব্বাচিত বা ঘটনা-ক্রমে সংগঠিত, একটা মিলনভূমি মানুষ কথনো ইচ্ছা করিয়া, কোনো বিশেষ উদ্দেশ্য সাধনের জন্ম, সমাজবদ্ধ হইয়া থাকে বটে; কিন্তু এ সকল স্বকৃত সমাজ তার মূল সমাজেরই অন্তর্গত হয়, কিন্তু সে সমাজের সম-ধর্ম লাভ করে না। গ্রাহ্মসমাজ, আর্য্যসমাজ, বৈষ্ণবসমাজ, ভারত-সভা, জমিদারী-পঞ্চারৎ, জাতীয়-মহাসভা বা কন্গ্রেস এবং প্রাদেশিক ্ষমিতি বা কন্ফারেনস্—এগুলি স্বেচ্ছাবদ্ধ সমাজ। কিন্তু মানুষকে সামাজিক জীব বলিয়া আমরা যে সমাজের প্রতি নির্দেশ করিয়া থাকি, সে সমাজ এই জাতীয় সমাজ নহে। ফরাসীবিপ্লবের অধিনাগ্রকগণ অধীদশ শতান্দীর শেষভাগে, একটা কল্পিত সামাজ্ঞিক সর্ত্তের বা সোসিয়াল কন্ট্র্যাক্টের (social contract) উপরে মানবসমাজের প্রতিষ্ঠা হইয়াছে, এই সিদ্ধান্ত অবলম্বন করিয়া, সেই সর্ত্তের উপরেই জনমণ্ডলীর সামাজিক ও রাষ্ট্রীয় স্বস্বস্বাধীনতাকে , গড়িয়া তুলিবার চেষ্টা করিয়াছিলেন বটে; কিন্তু বহুদিন সে কল্পিত সিদ্ধান্ত পরিত্যক্ত হইয়াছে। মুরোপীয় পণ্ডিতেরাও এখন আর মীনবসগাজকে এইরূপ একটা স্বেচ্ছাবদ্ধ ও अक्र भिलनजूमि विलिश मत्न करतन ना। হিন্দু কথনোই: এরূপ ় অদ্ভুত সিদ্ধান্ত প্রতিষ্ঠা कतिरा यान नाई। हिन्दू हिन्निनेहें विधी জানেন যে মাত্রষ যেমন আপনার খুদি বা থেয়ালমত এই ভৌতিক দেহ ধারণ করে না.

সেইরূপ সে আপনার ইচ্ছামত সমাজ-বিশেষেও জন্মগ্রহণ করে না। তার জন্ম-সম্বন্ধীয় সর্ব্ধবিধ ব্যাপারই তার প্রাক্তনকর্ণ্য-বশে সংঘটিত হইয়া থাকে। তার প্রাক্তন-কর্মাই তাহাকে আপনার নির্দিষ্ট ফল-অমুযায়ী ভৌতিক দেহেতে আবদ্ধ করে। আর সেই প্রাক্তনকর্ম-বশেই মানুষ সমাজ-বিশেষে জন্ম-গ্রহণ করিয়া, সেই সমাজের কর্মজালে আবদ্ধ হইয়া পড়ে। এই দেহের সঙ্গে যেমন, **ভা**র নিজের সমাজের সঙ্গেও সেইরূপ, মাসুষের যাবতীয় সম্বন্ধ আকস্মিক নহে কিন্তু **অঙ্গাঙ্গী।** • যেখানে সে ঘটনাবশে, পরজীবনে, সমাজান্তর গ্রহণও করে, সেখানেও তার মূল ও জন্মগত সমাজ প্রকৃতিটীকে সে সঙ্গে লইয়াই যায়। সেই স্বেচ্ছানির্বাচিত নূতন সমাজে, নূতন কর্ম সঞ্চিত হইয়া, কালক্রমে এই প্রকৃতির পরিবর্ত্তন ঘটিলেও, যে সমাজে তার জন্ম হইয়াছিল, সেই সমাজের মূল ছাপটা তার অন্তঃপ্রকৃতি ও বহি-রাচরণ হইতে কথনোই একেবারে মুছিয়া যায় না ৷ প্রত্যুত বংশপরম্পরায় তার বৈদ্ধিকগুণ সংক্রামিত হইরা, এই স্বেচ্ছাগৃহীত নৃতন স্মান্ত্রেও, চির্দিনের জন্ম না হউক, অন্ততঃ বহুদিন পর্য্যন্ত, তার বংশধরগণের চিন্তাতে ও 🖚 চরিত্রে, সেই মূল সমাজের কতকগুলি বিশেষত্ব রক্ষিত হইয়া থাকে। আর ইহাতেই সমাজের সঙ্গে সেই সমাজান্তর্গত ব্যক্তিগণের **সম্বন্ধ** যে আকস্মিক নহে, কিন্তু নিতাস্তই অঙ্গাঙ্গী, এই সিদান্ত প্রতিষ্ঠিত হয়। সমাজের সঙ্গে সমাজা-ন্তর্গত জনগণের যে সম্বন্ধ তাহা একান্তই অপরিহার্য্য ও অঙ্গাঙ্গী বলিয়াই, হিন্দু কখনো আপনার সমাজকে নির্জীব মনে করেন নাই। তাঁহার দেহে যেমন একটা প্রাণবস্ত আছে,

যাহা চক্ষে দেখা যায় না, কিন্তু দেহের অঙ্গ-প্রত্যঙ্গের পরম্পরের মধ্যে যে অঙ্গাঙ্গী সম্বন্ধ **প্রতিষ্ঠিত,** যে **সম্বন্ধ**কে অবশ্বন করিয়া, সর্ব্ধ-বিধ দৈহিক চেষ্টা প্রকাশিত হইতেছে, তাহারই মধ্যে এই প্রাণবস্তু প্রত্যক্ষ হইয়া থাকেন; তেমনি তাঁহার সমাজেও একটা প্রাণবস্তু আছে, হিন্দু এ কথায় চিরদিনই বিশ্বাস করিয়া আলিয়াছেন। এই সমাজ-প্রাণকে18.চক্ষে দৈখা যারুনা। কিন্তু সমাজের বিভিন্ন অঙ্গপ্রত্যঙ্গের পরস্পরের মধ্যে যে অঙ্গান্ধী সম্বন্ধ রহিয়াছে. তাহারই বিবিধ চেষ্টার ভিতরে এই সমাজ-**প্রাণও প্রত্যক্ষ হ**ইয়া থাকেন। আর হিন্দুর, এ সিদ্ধান্তকে যুরোপীয়দের পক্ষেও আজিকালি **একটা অন্তুত কল্পনা ৰ**লিয়া উড়াইয়া দেওয়া **সম্ভব নহে। কারণ য়ুরোপী**য় পণ্ডিতেরাও এখন এই কথাই বলিতেছেন। আধুনিক সমাজতত্ত্ববিদ্যাণ মানবসমাজে জীবধর্ম আরোপ করিয়া, তাহাকে নিঃসঙ্কোচে জীব-উপাধি প্রদান করিয়াছেন। সোসিয়াল অর্গেনিজ্ম (social organism) বা সমাজ-জীব কথাটা মুরোপীয় চিস্তায় সর্বাথা গৃহীত হইয়াছে। আর এটা যদি কেবল একটা কথার কথা না,হয়, এর পশ্চাতে যদি কোনো প্রামাণ্য সিদ্ধান্তের প্রতিষ্ঠা হইয়া থাকে, তবে জনসমাজের ভিতরে একটা আত্মক্রিত প্রার্ণন-চেষ্টারও প্রতিষ্ঠা করা অপরিহার্য্য হইয়া উঠে। জীব বলিলেই তার একটা ব্যক্তিত্ব বা নিজত্ব আছে, এটা বোঝায়। এই ব্যক্তিত্ব বা নিজত্ব সাধারণ জীবধর্ম। জীবমাত্রেরই একটা নিজস্ব লক্ষ্য ও সেই লক্ষ্যলাভের জন্ম যথোপযুক্ত উপায়-নির্বাচন ও সেই উপায়-অবলম্বনে আপনার সুফলতালাভের প্রয়াস করিবার একটা আভ্য-

•স্তরীণ শক্তিও আছে। জীবের সর্কবিধ জীবন-চেষ্টার ভিতর দিয়া তার জীবনের এই চরম-লক্ষ্যটী নিয়ত ফুটিয়া উঠে। জীবের ভিতরকার ও বাহিরের বিভিন্ন সম্বন্ধ ও সর্ববিধ বিধিবাবস্থা এই লক্ষ্যটীর সন্ধানেই চলে 🖟 জনসমাজেরও সমষ্টিভাবে একটা গতি, একটা ঐতিহাসিক বিবর্ত্তন-চেষ্টা, একটা নিয়ম আছে, ইহা সকলেই স্বীকার করেন। কৈন্তু গতি আছে, তথাপি নিৰ্দ্দিষ্ট গন্তব্য নাই; বিধান আছে, তথাপি কোনো স্থির লক্ষ্য নাই; নিয়ম আছে, তথাপি সে নিয়ম কোন কিছুই স্থিরভাবে আরত, প্রকাশিত বা প্রতিষ্ঠিত করিতে চাহে না,—ইহা কুত্রাপি জীবধর্ম বলিয়া গণ্য হয় না। "এরপ অসঙ্গতি বৃদ্ধিতে আসে না, কল্পনা করাও অসম্ভব: কিন্তু জনসমাজকে কেবল অর্গেনিজম विलाल रे यर्थ है वला इस ना। जनमभारक শুদ্দ জীবত্ব আরোপ করিয়াই, ভার প্রকৃতি ও গতির সম্যুক অর্থ প্রকাশ করা যায় ' না। জনসমাজকে, এই জন্ত, কেবল অর্গেনিজ্ম না বলিয়া বিইংই (Being) বলিতে হয়। ইতালীয় মনীধী মহামতি ম্যাট্সিনী মানব-সমাজকে এই বিইং উপাধি প্রদান করিয়াছেন। য়ুগেপীয়দের মধ্যে আধুনিক কালে, বোধ হয়, ম্যাট্সিনীই মানব-সমাজের মূল প্রকৃতিটী অতি পরিষ্কার রূপে ধরিয়াছিলেন। Humanity is a Being—আধুনিক মুগে ম্যাটসিনীই প্রথমে অকুতোভয়ে এ কথাটা বলিয়'ছেন। বিইং (Being) বস্তু অচেতন নহে, সচেতন। তাহা স্বপ্রকাশ ও স্বপ্রতিষ্ঠ। তার আব্যক্তানই তার গতির কারণ ও স্থিতির ভূমি হইয়া আছে। পাশ্চাত্যৈরা 'যাহাকে বিইং (Being) रातन, हिल्लू जोशांक आणा र्वातन। आगता

যাহাকে "আফি" বলি, যাহাকে অপর মান্তবে• তমি বা তিনি বলে, এই অহং-প্রত্যয়বাচক বন্ধই আত্মবস্তু । তাহাই স্বপ্রকাশ ও স্প্রতিষ্ঠ। এ বস্তু আপনি আপনার গতি-হেতু ও স্থিতি-ভূমি। হিন্দুর শাঙ্গে, জীবান্তর্য্যামী এই আত্ম-বস্তুকেই নারায়ণ বলিয়াছেন। জলে বসে সেই নারায়ণ।" এই নারায়ণই ব্যষ্টিভাবে জীবাস্তর্যামী—প্রমাত্ম। আর এই নারায়ণই, সমষ্টিভাবে, মহাবিষ্ণুরূপে, সমগ্র মানবসমাজেরও আর্মা। ম্যাট্সিনী যে বস্তুকে লক্ষা করিয়া "হিউম্যানিটী ইজ এ বিইং" (Humanity is a Being) এই কথা বলিয়াছেন, দেই ^বস্তুকে প্রত্যক্ষ করিয়াই, হিন্দু সাধক মহাবিষ্ণু নাম দিয়াছেন। এই হিউন্যানিটীর ভাব বা আদর্শকে য়ুরোপের নিকট হইতে ধার कतिया. विश्वमानव डेलाधि किया निरक्रापत জাতীয় সাধনায় বা সাহিত্যে প্রতিষ্ঠিত করিবার * চেষ্টা করা হিন্দুর পক্ষে এক!স্তই অনাবশ্যক। * আমাদের মহাবিষ্ণুতে এই ভাবটী যেমন ফুটিয়া উঠিয়াছে, য়ুরোপের স্থন্দ ররূপে হিউম্যানিটীতে এথনো তেমন ফুটিয়া উঠে নাই কোথাও কোথাও খুষ্টীয়-সাধনায় খুষ্টেতে বরং ফুটিয়াছে। এই এ ভাবটী মহাবিষ্ণুই বিশ্ব-আত্মা। এই দেহ নারায়ণেরই কায়বূাহ। তিনিই হ্বধীকেশ,—এই সকল জ্ঞানেন্দ্রিয় ও কর্মেন্দ্রিয়ের প্রতিষ্ঠা•ও নিয়ন্তা। তিনিই **ত্রী**মাদের পর-আত্মা বা পর-অন্তরম্ব

মাত্মা,---বিজ্ঞান-চৈতন্তের আশ্রয় ও প্রতিষ্ঠা। তিনিই কর্মাধিপ,—দেহমনের সর্ব্ববিধ চেষ্টার নিয়ামক ও ফলদাতা। আবার সমষ্টিভাবে. মহাবিষ্ণুরূপে, এই নারায়ণই সমাজ-দেহে বাস জনসমাজ এই মহাবিষ্ণুরই করিতেছেন। কায়ব্যহ-স্বরূপ। তিনিই ধর্মাবহ ও পাপমুদ সমাজ নিয়মের তিনিই একমাত্র নিয়স্তা। সমাজ-বিবর্তনের তিনিই একমাত্র প্রবর্ত্তক ও পরি-**ঢालक । गां** हिननी त्य हिनेगानिहीतक निरेश বলিয়াছেন, সেই তত্ত্বই [®]বস্তুতঃ আমাদের শাস্ত্রোক্ত নারায়ণ বা মহাবিষ্ণু। আর আপনার •স্মাজকে হিন্দু এই স্বাস্তির্যামী, এই স্মাজা-স্তর্যাগী, এই বিশ্ব-আত্মা মহাবিষ্ণুর বহিঃপ্রকাশ ও কায়ব্যহরূপে দেখেন বলিয়াই, জাঁহার নিকটে সমাজের আহুগত্য ও ধর্মের আহুগত্য একই কথা হইয়াছে।

হিন্দুসমাজতত্ত্বে গতি-শক্তির স্থান

কিন্তু তাই রলিয়া হিন্দু যে কথনো আপনার সমাজের প্রাচীন ও প্রচলিত বিধি-ব্যবস্থার পরিবর্ত্তন করিতে উদ্যত হন না, এবং এই সকল পরিবর্ত্তন প্রবর্ত্তিত করিবার সময় প্রচলিত সমাজ-বিধির আফুগত্য অস্বীকার করেন না, এমনো নয়। হিন্দুর চক্ষে সমাজটা দেহমাত্র, নারায়ণই এ দেহের প্রাণ। আর প্রাণের প্রয়োজনেই দেহ; 'দেহের প্রয়োজনে তো প্রাণ নয়। প্রাণ দেহের সঙ্গে যুক্ত থাকিয়াও, সর্মনাই দেহ অপেক্ষা বড় হইয়া রহে। নারায়ণ সর্মনাই সমাজ হইতে বড়। আর সমাজের রীতিনীতি যথন কালবশে নারায়ণের আত্মপ্রাজনেই, পরিবর্ত্তনযোগ্য হইয়া উঠে, তথন তিন্তি স্বয়ং সাধুমহাজনগণেতে আবিষ্ট বা

^{*} বৃদ্ধিমচন্দ্র আনন্দমঠে মাতৃ-মূর্ত্তি প্রদর্শন করিবার সময়ে মাকে মহান্দ্রিঞ্র অঙ্কে স্থাপন করিরাছেন। ইহাই মার নিতামূর্ত্তি। মহাবিঞ্র অঙ্ক স্কুইতেই মা ক্রমে জ্ঞান্ধাত্রী, কালী, ছুর্গা রূপে সমাজ-বিষ্ঠনে প্রকাশিত হইয়। খাকেন। বৃদ্ধিমচন্দ্রের মহাবিঞ্ই যুরোপীয়-দিগের হিউম্যানিটী।

অবতীর্ণ হইয়া, এই সকল পরিবর্ত্তনযোগ্য বিধি-ব্যবস্থা রহিত করিয়া, নৃতন বিধি ব্যবস্থা **প্রবর্ত্তি করেন।** তথন হিন্দু নিঃসঙ্কোচে এই মহাজনপদ্ধার আমুগত্য গ্রহণ করিয়া,প্রচলিত ও পুরাপ্রতিষ্ঠিত পরিবর্ত্তনযোগ্য সামাজিক বিধি-ব্যবস্থার পুরাতন আমুগত্য পরিত্যাগ করিয়া থাকেন। এই প্রণালীতে যেখানে সমাজের সংস্থার সাধিত হয়, যেখানে এই সংস্থারচ্চেপ্তা **শুদ্ধ সমাজের ব্যক্তিগণের স্বাভিমতের উপরে** প্রতিষ্ঠিত হটতে পারে না । সমাজ-সংস্থারের নামে, তথন সমাজের জনগণমধ্যে অসংযত ব্যক্তিত্বভিমান জাগ্ৰত হইয়া, তাহাদিগকে স্ব-স্ব-প্রধান করিয়া, সমাজ শাসনকে শিথিল করিয়া দেয় না। সেখানে প্রাক্তজনের অশোধিত বিচারবুদ্ধি ও অসংযত ভোগলালসার দারাই প্রচলিত রীতিনীতির পরিবর্ত্তনযোগ্যতাও প্রমাণিত হয় না এবং প্রাচীন ও প্রচলিত বিধি-ব্যবস্থার বশুতা অস্বীকার করিতে যাইয়া, সমাজসংস্কারচেপ্তা সমাজমধ্যে অরাজকতা আনয়ন করিতে পারে না। যুগে যুগে, এই ভাবেই হিন্দুসমাজের সংস্কার ও বিবর্ত্তন ঘটিয়া আদিয়াছে। মহাজনপন্থার অনুসরণ করিয়াই হিন্দু সর্বদা আপনার সমাজের সংস্কার ও শোধন করিয়াছেন। আর এই কারণেই, প্রাচীন ও প্রচলিত সমাজবিধিকে অগ্রাহ্ম করিয়াও, হিন্দু প্রকৃতপক্ষে কথনো সর্বাধর্ম্মন যে সমাজাত্মগত্য তাহাকে একান্ত-ভাবে বর্জন করেন নাই, করিবার প্রয়োজনও কদাপি হিন্দুসমাজে উপস্থিত হয় নাই।

মহাজন-পস্থার প্রণাণী

কিন্তু কোনো সমাজের সকল লোকই সর্বাদা সেই সমাজের মূল প্রকৃতিকে সজ্ঞানে

ুআয়ত্ত করিতে পারে না। সকলেই ভার শ্রেষ্ঠতম বিধান বা উৎক্রপ্তম আদশারুষায়ী আপনাদিগের জীবনকে গড়িয়া তোলে না। এই জন্ম কালবশে যুগে যুগে যথনি সামাজিক রীতিনীতির পরিবর্ত্তন আবশুক হইয়াছে, তথন সকল হিন্দুই যে এই মহাজনপন্থা আশ্রয় করিয়াছেন, এমন বলা যায় না। আর কোনো যুগেই যুগপ্রবর্ত্তক মহাজনেরা সেই যুগের প্রারম্ভেই আবিভূতিও হন না। প্রথমে নানা কারণে সমাজ-মধ্যে নৃতন আদর্শ ও নৃতন শক্তি প্রতিষ্ঠিত হঠতে আরম্ভ করে। তথন অল্লে অল্লে নৃতনে ও পুরাতনে ছন্দ উপস্থিত হইয়া, সমাজমধ্যে বিশৃঙ্খলা আনয়ন করিতে থাকে। আহুর তথন হইতেই এই সকল যুগপ্রবর্ত্তক মহাজনগণের আগমনের প্রয়োজনের সঙ্গে তাহার আয়োজনও আরম্ভ হয়। কিন্ত এই সকল সামাজিক বিশৃঙ্খলার একান্ত অতিশয্য না হওয়া পর্যান্ত তাঁহারা আবিভুতি হন না। কারণ ধর্ম্মের গ্লানি এবং অধর্মের অভ্যুদয় একটা বিশেষ মাত্রা লাভ না করিলে, যুগপ্রবর্ত্তক মহাজনগণ আত্মপ্রকাশ করেন না। স্থতরাং প্রত্যেক যুগসন্ধিস্থলেই, এক দল লোকে মহাজনপদাশ্র লাভ না করিয়াও, শুদ্ধ আপনাদের বিচারবুদ্ধির প্রেরণাতেই সমাজের প্রবুদ্ধ গতিশক্তিকে অবলম্বন করিয়া থাকেন! সে সময়ে আর একদল লোক সমাজস্থিতিরক্ষার্থে প্রাচীন ও প্রচলিত রীডি-নীতিকেই আশ্রয় করিয়া রহেন। কিন্তু যথা-সময়ে মহাজনেরা আবিভূতি হইলেই যে সকলে বা অনেকে একযোগে তাঁহাদিগকে আশ্রয় করেন, তাহাও নহে। তথনো একদল লোকে প্রাচীনকেই ধরিয়া রহেন। হিন্দুসমাজের

বিবর্ত্তন-ইতিহান্দেও এটা সর্ব্বদাই দেখা • কর্মস্রোতে আপনাদিগকে ভাসাইয়া দেন না। । গিয়াছে। ভগবান বুদ্দিবের সামসাময়িক আর্ম্যাণ সকলোই বা অধিকাংশই তাঁহার শরণাপর হন নাই। কেহ কেহ তাঁহাকে গ্রহণ করিয়াছিলেন, তেমনি কেহ কেহ আত্যস্তিক আগ্রহ সহকারে তাঁহার শিক্ষা ও সাধনার প্রতিরোধও করিয়াছিলেন। আর বহুসংখ্যক লোকই তাঁহার আমুগত্যও গ্রহণ করেন নাই, তাঁহার প্রতিপক্ষতাও করেন নাই, কেবল যাহা ছিল, তাহাকেই রহিয়াছিলেন। মহাপ্রভুর সমরে, আমাদের এই বাংলাদেশেও তাহাই দেখা গিয়াছে i আর আমাদের এ কালেও যে যুগ-ভারপ্রবর্ত্তক মহাজনের আবিভাব হয় নাই, এমনে! তো নয়। কিন্তু সকলেই কি তাঁহাদিগকে আশ্রয় করিয়াছেন, বা করিতে পারিয়াছেন গ

ফলতঃ এরূপ সর্ব্বদাই হইয়াছে ও সর্ব্বদাই হইবে। কারণ, সকল মানুষের প্রকৃতি সমান নয়। কারো প্রকৃতি বা তামসিক, কারো বা রাজিদক, আর কারো বা শুদ্ধ সান্ত্রিক। যারা নিতান্ত তামসিক, তাঁরা এ মহাজনপন্থা অবল**ম্বন** করিতে পারেন না। তাঁদের অবিবেক, তাঁদের জড়তা, তাঁদের ভয়প্রমাদাদি এ পথে চলিবার একান্ত অন্তরায় হইয়া রহে। সেইরূপ যাঁরা ভিতান্তই • সান্ত্রিক, যাঁহাদের ত্মী ও রজঃ উভয়ই অন্তর্স্থ সম্বপ্তণের দারা একান্ত অভিভূত হইয়াছে, সেই সকল সহজ-সিদ্ধ বা কুপাস্থিদ্ধ সাধু-সজ্জনেরা, যুগধর্ম্ম-প্রবর্ত্তক মহাজনগণের প্রতি ভত্তিষ্মান হইয়াও, প্রবাজনাভাবে, প্রত্যক্ষরণে একাস্তিক আত্মগত্য গ্রহণ করিয়া, তাঁহাদের

যাঁহাদের অন্তঃপ্রকৃতি রজোপ্রধান, তাঁহারাই প্রত্যেক যুগদন্ধিস্থলে, সমাজের প্রবৃদ্ধণতি-শক্তিকে আশ্রয় করিয়া আপনাদের প্রকৃতির চরিতার্থতা অন্নেষণ করেন। আর ইহাঁদের মধ্যে যাহাদের অন্তরস্থ রজোগুণ বন্ধীয়মান সত্তের দারা অভিভূত *হ্*ইতে আরম্ভ করে, **তাঁহারাই** যুগপ্রবর্ত্তক মহাজনগণকে একাস্তভাবে অর্থ-লম্বন করিতে অগ্রসর হনু। কারণ, যুগ-প্রবর্ত্তক মহাজনগণ আপনারা ত্রিগুণাতীত হইলেও, চতুঃপার্শ্বন্থ রজোগুণপ্রধান লোক-দিগকে অবলম্বন করিয়াই স্বাস্থ্য আবির্ভাবের বিশেষ প্রয়োজন সিদ্ধি করিয়া থাকেন। যুগ-প্রবর্ত্তক মহাজনগণের প্রথম শিয়োরা সকলে না হউন, অনেকেই, রজোপ্রভাবে তাঁহাদের শরণাপর হইয়া, প্রাচীন ও প্রচলিত সংস্কার ও পছাকে পরিহার করিয়া, নৃতন সাধন ও শাসন গ্রহণ করেন। ক্রমে এই নৃতন **সা**ধন ও শাসনের ফলেই, তাঁহাদের অস্তর্স্থ সন্ত্ত্ত্বণ রদি পাইয়া প্রথমে তাঁহাদের রজোগুণকে অভিভূত করে, পরে, ইহাঁদের মধ্যে যাঁহারা বিশেষ সুকৃতিসম্পন্ন, তাঁহারা ক্রমে ত্রিগুণা-তীত হইয়া, ভাগবতী তমু লাভ করিয়া থাকেন। কিন্তু পরিণাুমে সন্ত্রাধিক্য হইলেও, আদিতে, নৃতন পন্থা অবলম্বন-সময়ে, রজো-গুণের অতিশয্য থাকা একস্থিই আবশ্রুক হয়। নতুবা সকলে যুগপ্রবর্ত্তকমহাজন-পন্থা অবলম্বন করিতে পারে না। আর এই কারণেই হিন্দুর যাবতীয় যুগাবতার ক্ষত্রিয় বংশোদ্ধর। কেবল এক পরশুরামই, অবতারগণমধ্যে, ব্রাহ্মণ ছিলেন। কিন্তু তিনিও ব্রাহ্মণকুলে জন্মিয়া-ছিলেন মাত্র; ব্রাহ্মণ্যধর্ম অবলম্বন করেন

নাই। পরস্থ তিভুবনকে নি:ক্ষজ্রিয় করিবার করিবার করিবার পরাপ্ত একাস্কভাবে শেই
জন্মই তাঁহাকে রজঃপ্রধানা রাগাত্মিকা ক্ষজ্রিয়প্রকৃতি আশ্রয় করিয়া, ক্ষাত্রর্থিত অবলম্বন ভিতরকার প্রকৃতিই এমন শ্রে
করিতে হইয়াছিল। হিন্দুর কিম্বনন্তিপ্রসিদ্ধ
যুগাবতারগণের ক্ষত্রিয়ত্বের পশ্চাতে সমাজভগবান বুদ্ধদেবের শ্রণাপন্নও হই
বিজ্ঞানের একটা অতি সত্য ও নিগূঢ় তত্ত্ব না, তাঁর প্রতিবাদীও হইতেন
নিহিত রহিয়াছে বলিয়া মনে হয়।

ব্দ্ধদেবের শিক্ষা ও সাধনার

গুৰুদাস বাৰু ও মহাজনপঁতা

।রুদাস বারুর মধ্যে কখনো এই রজো-গুণের কোনো প্রকারের আতিশয়্য দেখা যায় "কর্মাং অশ্যঃ স্পূত্র"—ইহাই রজের প্রধান লক্ষণ। এই গুণ "তৃষণসঙ্গ-সমুদ্রবং।" ইহা "রাগাত্মিকা।" বাবর কর্ম্ম-চেষ্টা আছে। এখন পর্যান্তও জন-হিতকর কর্মো তাঁর বিন্দু পরিমাণ আলস্য বা উদাসীন্ত দেখা থার না। কিন্তু কর্মচেষ্টা থাকিলেও কথনোই কর্মে তাঁর অশ্য স্পূহা দেখা যায় নাই। তাঁর কর্মচেষ্টা তৃফাদন্ধ-শমুদ্বব নহে, ধর্মাবৃদ্ধি-প্রণোদিত। আমাদের অপরাপর কর্মনায়কগণের মধ্যে প্রায়শঃই যে একটা আত্মপ্রতিষ্ঠার ভাব ও ওরদাস বাবুতে তাহা লক্ষিত হয় নাই। আর তাঁর প্রকৃতির ভিতরে এই রজোগুণের আতিশ্য্য নাই বলিয়াই,যে মহাজনপন্থা অবলম্বন করিয়া, অতি প্রাচীনকাল হইতে বুগে যুগে হিন্দুসমাজের বিবর্তন হইয়া আসিয়াছে. যাহাকে আশ্রয় করিয়া হিন্দুসমাজ প্রত্যেক যুগদন্ধিদনয়ে আপনার গতিশক্তি ও স্থিতি-শক্তির মধ্যে এমন স্থন্দর ও সহজ সন্ধি ও সামঞ্জস্য স্থাপন করিতে পারিয়াছেন, গুরুনাস वांतू, व्याननात कर्मकीवरन वा धर्मकीवरन,

মহাজনপন্থা অবলম্বন করিতে পারেন নাই। গুরুদাস বাবুর ভিতরকার প্রক্বতিই এমন প্যে তিনি থৌক-যুগের আদিতে জিন্মলে, কথনই একাস্তভাবে ভগবান বুদ্ধদেবের শরণাপন্নও হইতে পারিতেন না, তাঁর প্রতিবাদীও হইতেন না। কিন্তু বুদ্ধদেবের শিক্ষা ও সাধনার প্রতি অন্তরে অন্তরে ভক্তিমান হইয়াও, সেকালের ক্রিয়া-ব্রাহ্মণ্য ধর্ম ও বৈদিক পম্বাকেই ধরিয়া রহিতেন। মহাপ্রভুর সময়ে, বাংলাদেশে জন্মগ্রহণ করিলেও, গুরুদাস বাবু তাহাই করিতেন। সে কালের বহুসংখ্যক वाझानी बाक्सन ७ देवना ७ कांग्रस्टिनरात शांग, **শুরুদাস বাবুও হয় ত মহাপ্রভুর সিদ্ধান্ত ও** সাধন গ্রহণ করিতেন, কিন্তু কথনই তাঁব একান্ত অনুগত হইয়া, সমাজের প্রচলিত স্থৃতি-আফুগতা বর্জন করিতে পারিতেন না। ष्पात पांगारमत এই कारम, वाःमात हिन्मू-সমাজের গতিশক্তি যে সকল মহাজনকে আশ্রয় করিয়া, সমাজের "পরিবর্তনযোগ্য" রীতিনীতির সংস্থার-সাধনের প্রয়াসী হইয়াছে: গুরুদাস বাবু ইহাদের সকলেরি ভক্তিমান, কাহাকেই অবজ্ঞা বা উপেক্ষা করেন না ; কিন্তু আবার কাহাকেই একান্ত ভাবে আশ্রয় করিয়া, সমাজের পরিবর্ত্তনযোগ্য রীতিনীতির আমুগন্ড্যও পরিত্যাগ করিতে অগ্রসর হন নাই।

গুরুদাস বাবু ও লৌকিকাচার
মোট কথা এই যে —

বিদি যোগী ত্রিকালজ্ঞঃ সমুদ্রশঙ্গনক্ষমঃ
তথাপি লৌকিকাচারং মনসাংপি ন লজ্জায়েং।

"গোঁগী ত্রিকাল্জ্ঞ এবং সমুদ্র-শুক্তবনক্ষম

হইলেও, কদাপি • আপনার মনেও লৌকিকা- • করিলেও, ধর্মহানি হয় না, এ কথাও তিনি উল্লন্ত্যন করিবেন না''—ইহাই চারকে গুরুশাস বাবুর • কর্মজীবনের মূল স্তত হইয়া আছে। গুরুদাস বাবু, মোটের উপরে, বর্তমান হিন্দুসমাঞ্চের অনেক বিধিবাবস্থা ও রীতিনীতিরই পরিবর্ত্তন যে আবশুক হইয়া উঠিয়াছে, ইহা জানেন ও মানেন। আর এ সকল মত প্রচার করিতেও তিনি কুন্তিত হন না। কিন্তু যতদিন না স্বাজ স্মষ্টিভাবে এগুলিকে গ্রহণ করিয়াছে, অর্থাৎ যতদিন না এগুলি লৌকিকাচারে প্রতিষ্ঠালাভ করিয়াছে, ততদিন তিনি এ সকল সংস্কার কার্য্যে পরিণত করিতে [°]প্রস্তত নহেন। কিছুকাল পূর্কো পর্য্যন্ত এদেশের হিন্দুসমাজে যে অতি অল্প-ব্রুসে বালক-বালিকাদের বিবাহ হইত, গুরু-দাস বাবু তার প্রতিবাদী। চতুর্দশ কি পঞ্চ-দশ বর্ষেই সচরাচর "স্ত্রী-পুরুষের পরস্পর-সংস্কৃতিপার" উদ্রেক হয়; আর যে বয়সে এই প্রবৃত্তির উদ্রেক হয়, তথনই তাহাকে "নির্দিষ্ট পাত্তে গুন্ত করিয়া নিবৃত্তিমূপী করিবার জন্ম" নরনারীকে বিবাহসূত্রে আবদ্ধ করা কর্ত্তব্য-বিবাহের বয়সসম্বন্ধে গুরুদাস বাবু এই সিদ্ধান্তই করিয়াছেন। * কিন্তু কার্য্যতঃ বিবাহের বয়স নির্দারণ করিতে যাইয়া তিনি ঘাদশ হইতে চতুর্দশ বর্য পর্যান্তই তাহাদের বিবাহ দেওয়া কর্ত্তবা, এই অভিমত প্রকাশ করিগ্নাছেন। তাঁর নিজের বুদ্ধি ও বিচার মতে চতুর্দ্দশ হইতে পঞ্চনশ বর্ষই বালিকাদের বিবাহের নিমুত্ম কোল নির্দারিত হওয়াই বিধের। "অসামান্ত পবিত্র ও মংযতচিত্ত" নরনারীর পক্ষে আরো অধিক বয়সে বিবাহ

অস্বীকার করেন না। কিন্তু তথাপি কেবল लोकिकां ठारत्रत्र मूर्शालकी इरेग्नारे, खक्रमाम বাবু, দাদশ হইতে চতুর্দশ বর্ষই বালিকার িবাহের উপযুক্ত বয়স বলিয়া করিয়াছেন! ত্রিশ ২ৎসর পরে, বাংলার হিন্দুসমাজের লৌকিকাচারে যদি অষ্টাদশ বা উনবিংশ বর্ষের যুবতীগণের বিবাহ প্রচলিত ও প্রতিষ্ঠিত হইয়া যায়, গুরুনাসু বাবু যে তখনো এই দ্বাদশ হইতে চতুর্দশ বর্ষের নিয়মকেই ধরিয়া থাকিবেন, এমন বোধ হয় না। মেন বাল্যবিবাহের সংস্থারসম্বন্ধে, সেইরূপ হিন্দুসমাজের প্রচলিত জাতি-বিচারসম্বন্ধেও, লোকাচারে যে পরিমাণে শিথিলতা উদার্য্যের প্রতিষ্ঠা হইয়াছে, গুরুদাস বাবু কেবল তাহাই গ্রহণ করিছে রাজি আছেন। পরমার্থদৃষ্টিতে যে জাতি-বিচারের স্থান নাই, গুরুদাস বাবু ইহা স্বীকার করেন।

"বিদ্যাবিনয় সম্পন্নে ব্রাহ্মণে গবি হস্তিনি অনিচৈব খুপাকে চ পণ্ডিতাঃ সমদর্শিনঃ । গান্টী হস্তী কুকুরকে ব্রাহ্মণে চণ্ডালে। প্রিতেরা সমভাবে দেখেন সকলে।

এবং রামচক্র স্বয়ং গুহুক চণ্ডালের সহিত মিত্রতা করিয়াছিলেন। ু**অতএব হীনজাতি** বলিয়া কাহাকেও অবজ্ঞা করা হিন্দুর কর্তব্য নহে।'' * গীতার এই উব্জি অনুসারে, আর গুণকর্ম্মবিভাগের দারাই প্রথমে চতুর্বর্ণের উৎপত্তি হয়, এই কৃষ্ণোক্তি শ্বরণ করিয়া, হিন্দুসমাজে এখন যে আকারে জাতিবিচার প্রতিষ্ঠিত আছে, সঙ্গত, বলিয়া তাহার সমর্থন कता मुख्य नार ; अक्रमाम वायू देश जारनन ।

^{*} জান ও কর্ম—৩৫৪ পৃঠা I

কিন্তু সমাজের লোকমত এখনো এতটা অগ্রসর ' হয় নাই। তবে বাংলার হিন্দুসমাজে আজিকালি জাতিবিচারটা কেবল পানাহার ও বিবাহেতেই আবদ্ধ হইরা আছে। স্থতরাং মধ্য যুগের হিন্দুয়ানীর "লৌকিকাচারং মনসাংপি ন मञ्चारार्"—• धार्ड जारम भारत त्रांशिशांहे त्यन, গুরুদাস বাবুও "আহার ও বিবাহ বাদ দিয়া" **অন্যান্ত বিষয়ে জাতির প্রাচীর যেঁ ভাঙ্গা** যাইতে পারে, ভাঙ্গাই বে কর্ত্তব্য, ইহা মুক্তকঠে স্বীকার করেন। আর যে যুক্তি অবল**ম্বনে** * বিবাহ ও অহার এই গুই বিষয়েই এখন জাতি-বিচার মানিয়া চলা কর্ত্তব্য, অন্ত বিষয়ে নছে, গুরুদাস বাবু এই সিদ্ধান্ত করিয়াছেন, তাহা দেথিয়াও লৌকিকাচারই যে তাঁহার সামাজিক কর্ত্তবাকির্তানিদ্ধারণে প্রধান ও সম্ভবতঃ একমাত্র তৌলদন্ত, এই ধারণাই বন্ধমূল হইয়া र्थात् ।

গুরুদাস বাবুর সামাজিক সিদ্ধান্ত

আর গুরুদাস বাবুর মতন এমন সংগ্র্
দশী, এত তীক্ষাবৃদ্ধি সহিচারক মনীযার
সিদ্ধান্তেও সামান্ত লৌকিকাচার যে এতটাই
অভুত প্রাধান্ত ও প্রতিষ্ঠা লাভ করিয়াছে,
ইহার কারণ নির্দেশ করাও একান্ত কটিন
নহে। প্রথমতঃ গুরুদ্বাস বাবু আথেবিনকাল
আইনকান্থন লইঘাই দিন কাটাইয়াছেন।
আর সকল সভাদেশের ব্যবহার-শাস্ত্রেই
লোকাচার অভুত প্রতিষ্ঠালাভ করিয়াছে।
যে সকল লোকাচারের আরম্ভকাল জনগণের
ক্ষতি হইতে একেবারে লুপ্ত হইমা গিয়াছে,
সকল সভাসমান্তেই সে জাতীয় লৌকিকান
চারকে প্রত্যক্ষ আইনের স্কুপ্ত বিধানের
* জ্যান ও ধর্ষ—৩০০ পঞ্চা।

সমান মৰ্য্যাদা দেওয়া হয়। দায়ভাগ প্রভৃতি সামাজিক স্বাস্ত্র নির্দারণে, এইরপ লৌকিকাচার শ্রুতি-শ্বতি অপেকাও বলিয়া বলবত্তর গণা বাবহার শাস্ত্রে লৌকিকাচারের এতটা, অন্তুত প্রভূত্ব দেখিয়াই, ব্যবহারজীবী গুরুদাস বাবুর প্রাণে তাহার প্রতি এমন অপরিদীম মর্য্যাদা জিমাছ। গুরুদাস বাব ব্যবহার্ষিদ (jurist) ও নীভিবিদ্ (moralist) ছু'ই। কেবল ব্যবহারবিদ্ বণিলে তাঁর প্রতি অবিচার করা হইবে, জানি। কিন্তু তথাপি তাঁর সাধনায় ও দিশ্বাস্তে বাবহারবিদের বে পরিমাণে ফুটিয়া উঠিয়াছ, ঠিক নীতি-বিদের দিক্টা দে পরিমাণে ফুটিয়া উঠিয়াছে कि ना मत्म्बर। अक्रमाम वाव् कीवत्नव গুরুতর সমশ্যাসকলকে কতটা পরিমাণে যে मगौहिन वावशाविरामत हत्क रामरथन ७ मर्वना ব্যবহার তক্তের যুক্তিপ্রণালী অবলম্বনে এ সকলের যথোপযোগী মীমাংসা করিতে চেষ্টা করেন, তাঁর "জ্ঞান ও কম্ম" এন্থের প্রায় সর্ব্যাই ইহার প্রমাণ পাওয়া যায়।

একদিকে যেমন তাঁর ব্যবসায়ের দীর্ঘ অভাস, অন্তদিকে সেইরূপ তাঁর তত্ত্ব-সিদ্ধান্তও গুরুদাস বাবুর এই লোকাচারান্তগভ্যকে গড়িয়া তুলিয়াছে। ওত্তপ**ম্বনে গুরুদ**্যে বাবু শঙ্কর-বেদান্তাবলকী। শঙ্কর বেদান্ত বিশেষতঃ (য যায়াবাদ শকর-সিদ্ধান্ত বলিয়া এনেশে চলিয়া গিয়াছে, ভাহাতে, জীব ও জগতের সত্য ও ষতন্ত্র অভিন্ন নাই। বচ্চুতে দপ্লমের ়• ভায়, এই জীব ও **জ**গভের পরিচ্ছিন্ন-জ্ঞান প্রমার্থতঃ মিথ্যা। মায়াতেই এই সংসার্বের উৎপত্তি, মায়াতেই ইহার স্থিতি।

সংসাবের বিবিধ-সম্বন্ধসকলের কোনো নিত্য • রস-স্বরূপ যে পূর্ণব্রহ্ম তাঁহারই নিথিলরসামৃত-লক্ষ্য বা পারমার্থিক প্রতিষ্ঠা নাই। স্থতরাং প্রচলিত শঙ্কর-দ্রিদ্ধান্তে সমাজ-ধর্ম ও সামাজিক উন্নতি-অবনতি, সকলই মতি নিচের কথা; শাধনাথীর নিকটে ইহার মূল্য থাকিলেও, দিদ্ধ পুরুষের নিকটে কোনো সত্য, কোনো মৃশ্যই নাই। ধর্মাধর্ম, পাপপুণ্য প্রভৃতির ব্যবহারিক **স্ত্যু ও** সার্থকতা আছে মাত্র; পারমার্থিক সত্য ও সার্থকতা নাই। অতএব দেহগুদ্ধি বা ভুতভদ্ধি, ইক্রিয়সংয্ম, মনঃসংয্ম, উপরতি, তিতিক্ষা, এ সকল সাধনসম্পংলাভের জন্ম উপযোগী অভ্যাদের ক্ষেত্র বলিয়াই সংসার প্রয়োজনীয়। সাধনসম্পং লাভ হইয়া ক্রমে বিবেক-বৈরাগ্যাদি ও স্কাশেষে ব্রন্ধাইয়ুক্তা-মুভূতি বা কৈবল্যসিদ্ধি হইলে, সর্পের খোলস যেমন আপনা হইতেই, অনাবশ্যক বলিয়া, ভাহার গাত্র হইতে খদিয়া পড়ে, সেইরূপ **°জীবের সংসার ও** তাহার যাবতীয় সামাজিক সম্বন্ধাদিও তাহার মন হইতে আপনি থসিয়া পডিয়া যায়। কিন্তু কেবল নিকটেই যে সংসারের সম্বন্ধসকল অনিতা, ও অনিত্য বলিয়াই পারমার্থিক দৃষ্টিতে অলীক, তাহা নহে। কোনো হিন্দুসিদ্ধান্তেই এ সকলের অনিতাতা অমীকৃত হয় নাই। থারা মায়া-বাদী নহেন, তাঁরাও এগুলিকে নিত্য বা সত্য বলেন না। স্থতরাং •এ সকল ক্ষণস্থায়ী স্থীজ্বে অতীত হইবার চেষ্টা সকল সাধনেই আছে। তবে মায়াবাদী এ সকলের পশ্চাতে কোনো স্বায়ী রস প্রত্যক্ষ করেন না। আর যাঁরা মায়াবাদী নহেন, তাঁরা সংস্কৃরের সর্কবিধ **ম্নিত্য সহক্ষে**র মধ্যেও কতকগুলি স্থায়ী রদের প্রতিষ্ঠা করেন, এবং এই সকণ রসকে

সিন্ধুর উপরিস্থ তরঙ্গভঙ্গ বলিয়া গ্রহণ করেন। এ সংসারে পিতাপুত্রের যে কামিক সম্বন্ধ তাহা অনিতা। প্রাকৃতজনে প্রতাক্ষতঃই বাৎসল্যরস আস্বাদন করে তাহাও অস্থায়ী. সন্তানের জন্মের সঙ্গে তাহার উৎপত্তি হয়, আর সন্তান গত হইবার পরে স্চরাচর তাহা ক্ষীণ° হইয়া,•দীর্ঘকাল পরে, লুপ্তপ্রায় হন্ কিন্তু এই সম্বন্ধের পশ্চাতে একটা স্থায়ী বাংসল্যরস আছে। এই স্বায়ীরসই, দেশকালা ধীন এই সংসারে লৌকিক পিতামাতার সঙ্গে त्य मस्या, जाशांत्रहे यथा निय পুত্রকন্তার আগ্রপ্রকাশ করিতেছে। এরস অন্তর্গত, স্থতরাং পার্মার্থিক ও নিতা। সংসারের বিভিন্ন সম্বন্ধ এই স্থায় ভাগবতীলীলা-রসকে আশ্রয় করিয়া প্রকাশিৎ ও প্রতিষ্ঠিত হয়। এ সকল **সম্বন্ধে**র **অন্তরালে.** শান্ত, দাস্য, সংগ্য, বাংসল্য ও মধুর এই পঞ্চ স্থায়ী রস বিদ্যমান রহিয়াছে। আর এই জন্ম, এই পঞ্চ স্থায়ী রদের প্রকাশ ও আলম্বন বলিয়া, দংসারেরও একটা পারমার্থিক সত্য ও মাহান্ম্য, মৰ্যাদা ও মূল্য আছে। জীব ও সংসার অত্যন্ত অনিত্য নহে, অত্যন্ত নিত্যও নহে; কিন্তু নিত্যানিত্য-মিশ্রিত: ইহাকে পরিণামী নিত্য বলা যায়। আর পরিণামী নিতা বলিয়াই, এই সংসার ভাগবতী-লীলার আশ্র হইয়া আছে । এই লীলা-প্রয়োজনেই মনুষ্যস্মাজ মহাবিষ্ণু বা নারায়ণের কায়বূচ্ছ হইয়াছে। কিন্তু ব্রহ্মস্বরূপের আত্মচরিতার্থতার क्रज्ञहे, त्मरे चरेबठ-यक्कत्पत्रहे मरधा, त्य একটা দ্বৈত-সম্বন্ধ প্রতিষ্ঠিত হয়, যে দ্বৈত-সম্বন্ধ বা ভেদাভেদকে অবলম্বন করিয়াই

ভগবান নিত্যলীলপর হইয়া আছেন, শক্ষর- এই পারমার্থিক উদ্দেশ্সসাধনের দিদ্ধান্তে এই তত্ত্বের কোনোই স্থান ও সঙ্গতি করে। আর এক মাত্র সংম্ম প্রাই। স্কতরাং ভগবলীলীলারসপর বৈষ্ণব- সাধনই যথন সমাজধর্মের মুখ্য উদ্দিদ্ধান্তে যে ভাবে ও যে অর্থে মহাজনপত্থা তথন লৌকিকাচারের বশ্যতা অস্বীয় আশ্রম করিয়া, সমাজের গতি-শক্তি ও ন্থিতি- যে কোনো উদ্দেশ্যে ও যে কোনো শক্তির মধ্যে একটা স্থলর সামঞ্জম্য প্রতিষ্ঠিত সমাজের বিরুদ্ধে দ্রোহীভাব অব হইয়াছে, শঙ্কর-সিদ্ধান্তে তাহা হয় নাই, হওয়া হউক না কেন, তাহাতেই সমাজব্য সভ্যব নহে। এখানে লৌকিকাচারের পালা মুখ্য উদ্দেশ্যসিদ্ধির বিষম ব্যাঘাণ্ড অবলম্বন করিয়াই এই প্রতিদ্ধলী শক্তিন্ত্যের থাকে। সমাজের বিরুদ্ধে দাঁড়াই যে আভাবিক বিরোধ ভঞ্জনের চেন্ঠা করিতে হয়। কোনো না কোনো আকারে তাহার আর অন্তপ্য নাই। প্রতিষ্ঠিত করিতেই হয়। এরণ

সংসার মায়ামাত। সমাজসম্বন্ধ স্কল. মান্ত্রিক। মানুবের স্বেহ্মমতা, প্রেয়-ও-ধর্মাধর্মবিচার, ভালমন্দজান, শ্রেয়বোধ, সকলই অবিদ্যাব্দিষয়ানী। স্থতরাং নিজের বিশ্বাদের সঙ্গে কার্য্যের যে একটা সঙ্গতি রাখিতেই হইবে, এখানে এমন কোনো কথা আমাদের এ দকল মতামত যথন মিখ্যা, কার্য্যাকার্য্য যথন মিখ্যা, মতের সঙ্গে কার্য্যের বিলন-বিরোধও যথন মিথ্যা: তথন বিখাদের সঙ্গে কাজের মিল হইল কি না হইল, তাহাও মিথা। এ সকলের ব্যবহারিক সভ্য থাকিলেও পারমাথিক মধ্যাদা নাই। এ সকল ব্যবহারিক দৃষ্টিতে প্রয়োজনীয় হইলেও, পারমার্থিক দৃষ্টিতে অনীক। প্রচলিভ শঙ্কর-দিদ্ধান্তে সংসারধর্মের কোনই পারমার্থিক সত্য ও মধ্যাদা নাই। চিত্তগুদ্ধি করিয়া ক্রমে সর্ব্ধ-विध देवजरवांध नष्टे कजाहे, भक्कत-द्वासास्वर्गाल, সমাজধর্ম ও সমাজবন্ধনের একমাত্র লক্ষ্য नगाजरबान ७ नागाजिक नष्ड नकन बौरवद वहिम्शीन अवहम्शी अवृद्धि नकनारक मध्यक छ निवृक्तिम्थी कविषा निशाह,

আর একথাত্র সংঘম ও নিরুদ্ধি-गांधनहे यथन गमांक्षधार्मन मुशु छेटमञ्च द्वा. তথন লৌকিকাচারের বশ্যতা অস্বীকার করিয়া যে কোনো উদ্দেশ্যে ও যে কোনো আকারেই সমাজের বিরুদ্ধে দ্রোহীভাব অবলম্বন করা হউক না কেন, তাহাতেই সমাজবন্ধনের এই মুখ্য উদ্দেশাসিদ্ধির বিষম ব্যাঘাত জ্বিদ্ধা থাকে। সমাজের বিরুদ্ধে দাঁড়াইতে গেলেই কোনো না কোনো আকারে আপনাকে প্রতিষ্ঠিত করিতেই হয়। এরপ আছা-প্রতিষ্ঠার প্রয়াদের সঙ্গে সঙ্গে সাধারণ জন-গণের পক্ষে আপনার ইচ্ছা ও প্রারুদ্ধিকে সংযত করিয়া রাখা এ**কাস্তই কঠিন হ**ইয়া পডে। আর সর্কবিধ আত্মপ্রতিষ্ঠার প্রয়াসের মধ্যেই বে কলহবিরোধ জাগিয়া থাকে. তাহাতে অক্সরের দৈতভাব ও ভেদবৃদ্ধিকে জাগাইয়াই রাখে, নষ্ট করিবার সাহায্য করে: না। স্বতরাং লৌকিকাচারকে অগ্রা**হ্ করিয়া** সমাজ-সংস্থার করিবার চেষ্টা করিলে, সে চেষ্টা মোক্ষপথের অন্তরায় হইয়া উঠে। এই জন্ত শঙ্করমতাবলম্বী সাধুসন্ন্যাসীসমাজে একদিকে জ্ঞানালোচনা ও জ্ঞানপদ্বার প্রতি ঐকান্তিক পক্ষপাতিত্ব, অন্তদিকে তামসপ্রকৃতি-স্থণত নিশ্চেইতা ও গৌকিকাচারের আত্যস্তিক আহ্বগত্য, এ হুই দেখা-গিয়া থাকে। একদিকে— বিচারে, চিস্তার, দাধনায় ও সিদ্ধান্তে-এ সকলে সর্কবিধ দৈতভাবও ভেদবৃদ্ধির নিশা क्रियोश, कार्याकारन देशांता : श्राप्त मर्खनाहे সমাজ-প্রচলিত সর্বাপ্রকারের ভেদ ও বৈষ্ম্যের সম্পূর্ণ মর্যাদা রাখিয়া চলিবার জন্ত ব্যগ্র হন। শঙ্কর স্বয়ংও ইহার অগুণাচরণ করেন নাই।

মধাযুগের হিন্দুমানী লৌকিকাচারকে যে এমনকরিয়া ধর্মের আসনে বসাইতে চাহিয়াছে, শকর-বেদান্তের, সঙ্গে ইহার অভিশয় ঘনিষ্ঠ বোগ আছে বলিয়া মনে হয়। আর আজিও হিন্দুসুমার্কের সকল সম্প্রদায়মধ্যেই শকর-সিন্ধান্তের প্রভাব, প্রভাক্ষভাবেই হউক আর প্রছন্ধভাবেই হউক, নিরভিশয় প্রবল রহিয়াছে বলিয়াই, আমাদের শ্রেষ্ঠতম মনীবীগণও লৌকিকাচারের আমুগত্য পরিভ্যাগ করিতে এত ভন্ন পাইয়া থাকেন। গুরুদাস বাবুর লৌকিকাচারের ঐকান্তিক আমুগত্যের অন্তর্গানিকাচারের ঐকান্তিক আমুগত্যের অন্তর্গানেও শক্ষর-বেদান্তের প্রভাব স্ক্লাইই লক্ষিত ইইয়া থাকে।

লৌকিকাচারকে (ক্বল মধ্যযুগের হিন্দুয়ানীই যে ধর্মের আসনে বসাইয়াছে, তাহা নহে। বর্ত্তমান কালে কোনো কোনো যুরোপীয় সিদ্ধান্তেও তার প্রায় অনুরূপ মর্য্যাদাই প্রতিষ্ঠিত **°হই**য়াছে। **অষ্টাদশ খৃষ্টশতান্দীর য়ু**রোপীয় চিম্বা, অতিপ্রাকৃত বৰ্জন শান্ত প্রামাণ্য করিয়াও সমাজ-স্থিতিরক্ষার্থে একটা বিজ্ঞান-সমত, যুক্তিপ্রতিষ্ঠ মরালিটার বা ধর্মনীতির আশ্রম গ্রহণ করিতে यारेष्ट्रा. লৌকিকাচারকেই ধর্মের আসনে বসাইয়াছে। প্রত্যক্ষবাদী কোমত্-গিন্ধান্তেও আমাদেরই শঙ্কর-বেদান্তের স্থায়, সমাজ-বিবর্ত্তনে সমাজের গতিশক্তি ও স্থিতিশক্তির মধ্যে একটা সঞ্চি ও সামঞ্জদ্য রক্ষা করিবার জ্বন্যু, এই লৌকিকাচারই প্রতাক্ষ ধর্ম বলিয়া গৃহীত हरेग्राष्ट्र । कांग्रज्मिन्नाख-वानिशन, हेरद्रिक्रिट যাঁহাদিগকে পঞ্চিডিষ্ট (Positivist) সম্প্ৰদায় বলে,-একদিকে যেমন সামাজিক উন্নতির ৰক্ত লালারিত, সেইরূপ অক্তদিকে স্মাজের

স্থিতিভঙ্গ-নিবারণের জক্তও একান্ত ব্যগ্ৰ হইয়া থাকেন। তাঁরা কিছুতেই, কার্য্যতঃ, সমাজের প্রচলিত বিধিবাবস্থা ও রীতিনীতির প্রভাব নষ্ট করিতে প্রস্তুত নহেন : নিকটেও সমান্তই ধর্মের কায়ব্যহস্বরূপ। ক্যাথলিক খৃষ্টীয়মগুলী মধ্যে চাৰ্চ্চ বা রোমক-গৃষ্টীয় সভ্য যে মর্য্যাদা প্রাপ্ত হয়, ধর্মের বহি:প্রকাশ বলিয়া সকলে যেরূপ এই চার্চের বা সজ্বের আহুগতা স্বীকার করিয়া চলৈ, প্রত্যক্ষবাদী কোমত্মতাবলবিগণ মধ্যে সমাজ দেইরূপ মর্যাদাই প্রাপ্ত হয়, এবং সমাজের অামুগত্য মানিয়া চলা, কোমভ্মতে নিতান্তই নীতিসঙ্গত বলিয়া গণ্য হইয়া থাকে। কোমত্-মতের দঙ্গে মধাযুগের হিন্দুয়ানীর এই সমাজামুগত্য বা লৌকিকাচারামুগত্যের একটা रय जेका जारह, वाडानी हिन्दू मिरगद मरशा যারা কোমত্মত গ্রহণ করিয়াছিলেন, তাঁহালের শিক্ষায় ও চরিত্রে তার প্রকৃষ্ট প্রমাণ পাওয়া গিয়াছে। থিদির**পু**রের **অ**মিদার, স্বর্গীয় যোগীক্র-চক্র ঘোষ, ভাশন পত্রের স্কুযোগ্য সম্পাদক স্বৰ্গীয় নগেব্ৰনাথ ঘোষ, ইহাঁৱা তু'লনেই কোমতু-মতাবলম্বী ছিলেন। নগেল্ডনাথ ঘোষ মহাশয় জীবনের শেষভাগে এই মত পরিতাাগ করিয়াছিলেন কি না, জানি না। যোগীক্রচক্র ঘোষ মহাশয় যে পরিত্যাগ করেন নাই, ইহা म्कल्वे जात्मन । जात्र अंता व्यंजनरे अकितिक ঘোরতর প্রতাক্ষবাদী ও যুক্তিবাদী হইয়াও হিন্দুসমাজের রীতিনীতি ও সংস্থারাদির ঐকাম্ভিক আহুগভ্য গ্রহণ করিতে কদাপি কুন্তিত হন নাই। ইংরেজ কোমভ্বাদিগণ मर्या गात्र रहनती कर्टन প্রভৃতি প্রায় সকলেই হিদ্দুর এই লৌকিকাচাব্রের আমুগভাকে

কুখনই ভাঙ্গিয়া দিতে চান নাই ; বরং সর্বাদাই তাহাকে সদত বলিয়াই সমর্থন করিয়াছেন। इंहां शांतरमोकिक धर्यांत्र मिक् मिश्र हिन्दू রীতিনীতির পোষকতা করেন নাই। সে ধর্মে তাঁদের আদে বিশ্বাস ছিল না। কেবল শুদ্ধ সমাজের কল্যাণকামনায়, সমাজস্থিতি-রক্ষার্থে, সমাজনীতি বা মরালিটীর দিক্ দিয়াই এ সকলের সমর্থন করিতেন। গুরুদাস বাবুঁ কোমত্মতাবলম্বী নহেন। কিন্তু স্মাজনীতিসম্বন্ধে ওরদাস বাবুর লৌকিকা-চারের ঐকাস্তিক আরুগত্য যে কোমত্মতের দারা সমর্থিত হইয়া, আধুনিক যুরোপীর• নীতিবিজ্ঞানের সঙ্গে ইহার একটা সঙ্গতি-শাধনে যে তাঁহার বিশেষ সাহায্য করিয়াছে. ইহাও অস্বীকার করা যায় না। তারই জন্ম গুরুদাস বাবুর আধুনিক শিক্ষা এবং সাধনাও তাঁর চরিত্রগত মধ্যযুগের হিন্দুগানীর ঐকান্তিক লৌকিকাচারান্তগত্যকে নম্ভ করিতে পারে নাই।

শুরুদাস বাবুর এই রক্ষণশীলতার আরো

একটা বিশেষ কারণ আছে। শুরুদাস বাবু

একদিকে মুরোপের আবুনিক সাধনা ও অন্ত
দিকে মদেশের সনাতন সাধনার উভয়েরই মূল

প্রাকৃতিটা ভাল করিয়াই ধরিয়াছেন। এই ছই

সাধনা ও সভাতার মধ্যে যে বিশাল বৈদম্য

আছে, ইহাও তিনি জানেন। আর মেনন

প্রত্যেক ব্যক্তির, সেইরূপ প্রত্যেক সমাজের

ধর্মাও যে সর্কানাই তার ভিতরকার মূল প্রকৃতি

হইতে, সেই প্রকৃতিকে অবলম্বন করিয়াই

প্রকাশিত ওপ্রতিষ্ঠিত হইয়া থাকে, এবং এই জন্ত

কি ব্যক্তির পক্ষে কি সনাজের পক্ষে, সকলেরই

পক্ষে যে পরধর্মা ভ্যাবহ হয়,ইহা ও তিনি বিশাস

করেন। আমাদের সমাজসংস্কারপ্রাাস্থ যে

•অনেক বিষয়েই ভারতের •প্রাচীন সমাজ-প্রকৃতিকে উপেক্ষা কঁরিয়া, মুরোপের রীতি-নীতির সম্প্রবিস্তর অমুকরণচেষ্ট্রায় চলিয়াহছ, ইহাও তিনি দেখিতেছেন। মুরোপ যে পথে যাইয়া, অসংযত বিষয়-ভোগলালসার বিক্ষিপ্ত হইয়া, আপনার জীবনসমণ্যাকে বিষম জটিল করিয়া তুলিতেছে, নৃতন নৃতন পশ্বার অহুসরণ করিয়া, সমাজের বুকে সমস্যার উপরে সমস্যাই স্তূপাকার করিয়া তুলিতেছে, একটীরও স্মীচিন মীমাংসা করিতে পারিতেছে না, কথনো পারিবে কি না, তাহারও স্থিরতা নাই; গুরুদাস বাবু এ সকলই জানেন। আর আমরা যে সমাজের হিতেচ্ছু হইয়া, এ সকল না বুঝিয়া, সংস্কারের নামে, অনেক সময়, নিজেদের সমাজের উপরে এই ভয়াবহ পর: ধর্ম্মের বোঝা চাপাইয়া দিতেছি, ইহাও তিনি প্রত্যক্ষ করিতেছেন। আর এই জন্মই অপরিক্ষিত পস্থায় স্মাজকে ' অজ্ঞাত ও চালাইবার পূর্বের, সে श्र **সমাজের** অন্তঃপ্রকৃতির অনুযায়ী হইবে কি না, ইহা নেথিবার জন্মই, তিনি সর্ব্বদা এই লৌকিকা-চারের মুখাপেকী হইয়া চলিতে চাহেন। কারণ, কি ব্যক্তি কি স্নাজ উভয়ই সর্বাদা আপনার প্রকৃতিকেই প্রাপ্ত হয়। ইহাকেই আধুনিক জীবতত্ত্বে বা বায়লজিতে, প্রাকৃতিক নির্ব্বাচনের কহে। এই• নিয়মাধীন সামাজিক রীতিনীতি ও বিধিব্যবস্থার**ও বিকাশ** এবং প্রতিষ্ঠা হইয়া থাকে। কদাপি যে এ নিয়মের ব্যতিক্রম ঘটে না, এমন নহে। কিন্তু যেথানেই ব্যক্তিক্রম ঘটে, সেথানেই সমাজ পরধর্মবশে আত্মাহারা হইয়া, বিপ্লবম্থী ও বিনাশোক্ষ হইয়া উঠে। গুরুদাস বারুর

রক্ষণশীলতার অন্তরালে এই বিপ্লবের ভয়ই • জাগিয়া আছে। বর্ত্তমান সময়ে রক্ষণশীল হিন্দু বলিয়া অনেকেই পরিচিত। কিন্তু ইহঁারা অনেকেই প্রাচীন সমাজের জীর্ণদেহকে রক্ষা করিবার জন্ম যত ব্যস্ত, তার ভিতরকার সনাতন প্রাণবস্তুকে রাথিবার জন্ম তত ব্যস্ত নহেন। হিন্দুয়ানীর বাহ্য ঠাটটা বজায় থাকিলেই, হিন্দুর সব রহিল, সেই ঠাটের ভিতরকার প্রাণটা হিন্দু কি মহিন্দু, ভারতীয় কি বিলাতী হইয়া যাইতেছে এ চিস্তা তাঁহা-**मिश्रां म्लाम् करत** ना। এक खड़मां यावह বোধ হয়, আধুনিকশিক্ষাপ্রাপ্ত হিন্দুদের মধ্যে, হিন্দুর সনাতন প্রাণবস্তুকে অফত ও অকর রাথিবার জন্ম ব্যগ্র হইনা আছেন। আর এই ব্যগ্রতার জন্মই হিন্দুসমাজের সনাতন প্রাণবস্ত

এবং ধর্মবস্তুও, আজ তাঁহাকে ও তাঁহারই মতন ধর্মনিষ্ঠ ও কর্মনিষ্ঠ, সংযত ও সম্যকদলী স্থণীজনকে আশ্রয় করিয়া, আসর বিপ্লবমুথে আশ্ররকা করিবার চেষ্টা করিতেছে। প্রত্যেক বস্তুরই স্থিতির ভূমি যাহা, তাহা অতি নিগৃত্ ভাবে, চক্ষের অস্তরালে, বসিয়া থাকে। তাহার গতির কারণ যাহা তাহাই বাহিরে ফুটিয়া উঠে। গুরুদাস বাবুর মত শোকনায়কগণ সমাজের স্থিতির সহায় বলিয়া, তাঁহাদের প্রভাব সর্বাদ প্রতাক্ষ হয় না; নতুবা তাঁহাদের প্রভাব সর্বাদ প্রতাক্ষ হয় না; নতুবা তাঁহাদের প্রভিত্য সাহায়্য যে সামান্ত, তাহা নহে। ইহারা আছেন বলিয়াই হিন্দুর সমাজের সমাজত, ও হিন্দুর ধর্মের ধর্মস্টুকু এখনো আমাদের মধ্যে বাঁচিয়া রহিয়াছে।

শ্রীবিপিনচন্দ্র পাল।

দাময়িক-আলোচনা

ঢাকা-বিশ্ববিদ্যালয়

ঢাকায় আর একটা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হইবে, এ কথা শুনিয়া দেশের লোক যে প্রথমে কতকটা বিচলিত হইয়া উঠিয়াছিলেন, ইহা কিছুই বিচিত্র নহে। তথন অনেকেই ভাবিয়া-ছিলেন যে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মতন আর একটা বিশ্ববিদ্যালয়ই ঢাকায় প্রতিষ্ঠিত হইবে, আর তার দক্ষে সঙ্গে পশ্চিমবঙ্গের মূল ও কালেজগুলি কলিকাতার অধীন ও পূর্ববঙ্গের স্কুল ও কালেজগুলি ঢাকরে অধীন হইবে। এইরপ্ভাবে লোকশিকা লইয়া বাংলাদেশকে আবার নূতন করিয়া দ্বিধা বিভক্ত করা হইবে। সম্রাট্ স্বয়ং আসিয়া বন্ধভন্নের কার্জনী কুম্বপ্রটা ভাঙ্গিয়া দিয়া গেলেন সভা ; কিন্তু ভার অবব্যহিত পরেই, এই নৃতন বন্ধভাৰে আশকায় লোকমন সহজেই বিচলিত হইয়া উঠে। কিন্তু বড়লাট যথন সর্বভাবে এই বিষয়ে আপনার মনোভাব

প্রকাশ করিয়া বলিয়াছেন যে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মত আর একটা নুতন পরীক্ষার যন্ত্ৰ ঢাকায় প্ৰতিষ্ঠিত হইবে না. কিন্তু একটা প্রকৃত বিহার বা টিচিং ইউনিভার্সিটি সেখানে স্থাপিত হইবে , তখন আর এরপ ভয়ভাবনার কোনো কারণ রহিল কৈ? কলিকাতা বিশ্ববিদ্যালয় কেবল ভিন্ন ভিন্ন স্কুলকালেজের भिकाशीरात পतीका । लहेबाहे कां ख बरहन : এবং এই পরীক্ষা লইবার জন্ম যতটা পরিমাণে ও যেরপভাবে তাদের প্রভান্তনার তত্তবাৰধান করা আবখ্যক তত্তী তত্তবাবধানও করিয়া থাকেন। কিন্তু এই বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ ভিন্ন ভিন্ন স্থলকালেজের মধ্যে কোনো প্রকারের ঘনিষ্ঠতা নাই, জন্মানোও অসম্ভব। এই কারণে কলিকাতা বিশ্ববিদ্যালম্বের অধীনস্থ বিদ্যালয়সমূহের মধ্যে একটা সত্য ও সন্থীব একতা বা কোনো প্রকারের অঙ্গাদী সমন্ধ

নাই। উচ্চ-আদর্শের বিশ্ববিদ্যালয়ের এই একতা।
ও অঙ্গান্ধী সম্বন্ধই প্রধান ও বিশেষ লক্ষণ।
প্রাচীন বিহার সকল এই শ্রেণীরই বিশ্ববিদ্যালয়
ছিল। বিলাতে অক্সফোর্ড ও ক্যান্থ্রিজ, আমেরিকায় হারবার্ড, ইয়েল, এ সকল প্রসিদ্ধ বিশবিদ্যালয়ও এই শ্রেণীরই। এরপ বিশ্ববিদ্যালয়
এখন আমাদের দেশে একটীও নাই। ঢাকায়
এই প্রথম এই উচ্চ-আদর্শের বিশ্ববিদ্যালয়
প্রতিষ্ঠার প্রস্তাব হইয়াছে। ইহাতে দেশের
লোকের আনন্দ করাই কর্ত্বিয়; ক্ষোভের
ডোকোন কারণ এখনো দেখা যায়না।

এইরূপ বিহার বা টিচিং ইউনিভারসিটি যদি ঢাকায় প্রতিষ্ঠিত হয়, তাহার ফলে বরিশাল, বৈমনসিংহ, রাজসাহি,চট্টগ্রাম প্রভৃতি স্থানে যে সকল স্থলকালেজ এখন আছে, তার সঙ্গে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বর্ত্তমান সম্বন্ধ কিছতেই তো ছিন্ন হইতে পারে না। এই শ্রেণীর বিশ্ববিদ্যালয় যে স্থানে প্রতিষ্ঠিত হয়, তার অন্তভূঙি স্নকালেজ সকল সেই স্থানেতেই আবদ্ধ থাকে। অল্যফোর্ড বা ক্যান্বিজের বাহিরে, এ সকল বিশ্ববিদ্যালয়ের मः एष्टे (कारना कुलकारलज नाहे। **डाका** विश्वविद्यानय्येत्र भःपष्ठे कारम व्यवकारनञ्ज ঢাকা সহবের বাহিরে থাকিবে না, থাকিতে भातित्वहें ना । जाहे यिन इस, जत्व वस्तारि হার্ডিঞ্জ বাহাত্বর এক বলিয়া অহা বস্তুর প্রতিষ্ঠা করিবেন, এই কথাই বলিতে হয়। কিন্তু এরপ সন্দেহের তো কোনো কারণ নাই। আজি পর্যান্ত তিনি কেবল আপনার দুরদর্শিনী নীতিরই পরিচয় দিয়াছেন, রাজনীতি স্থলভ কুটিপতার কোনো পরিচয় দেন নাই। রাষ্ট্রীয় ব্যাপারের আলোচনায় কাহারো স্ততা বা অসভতার কথা তোলাই অপ্রাদল্পিক। ডাক্তারী ব্যবসায়ে, ডাক্তার যখন রোগীর ঔষধ ও পথ্যের ব্যবস্থা করেন, তথন তিনি সাধু কি অসাধু, সরল কি অসরল, এ সকল উঠে ना, তোলাই **অ**যৌক্তিক: কেবল তাঁর নিদান-জ্ঞান

আছে কি না, বোগনির্ণয়ের ক্ষমতা ও ঔষধ পথ্যের ব্যবস্থার কুশলভা আছে কি না, ইহাই বিচার্য। সেইরূপ রাষ্ট্রনীভিবিষয়ক কোনো কর্মাকর্মের বিচার-আলোচনীয় কর্তার দুর-দৰ্শিতা ও সম্যক দৰ্শন আছে কি না, তিনি মূল সমদ্যাটী ধরিয়াছেন কি না,এবং তাঁরই উপুযোগী করিয়া শাদন-ব্যবস্থা করিতেছেন কি না, এ সকলই কেবল বিবেচ্য, তাঁর সভতা বা অসততা, সরলতা,বা কৃটিলতা, এ সকল সম্বন্ধে প্রশ্ন তোলা অপ্রাসঙ্গিক ও অসকত। লাট হার্ডিঞ্জ বাহাছরের দুরদর্শিতা আছে কি না, দেশের বর্ত্তমান ও ভবিষাতের বিচারালোচনার ঘারা তাঁর শাসননীতি সভাভাবে পরিচালিত হইতেছে কি না. এ ক্ষেত্ৰে ইহাই কেবল আর এইরূপ ভাবে যদি ঢাকা আলোচনা করা বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবের ষায়, তবে তার সমীচিনতা সম্বন্ধে কোনও সন্দেহ থাকিবে, বা থাকিতে পারে এমন মনে হয় না।

প্রথমতঃ হার্ডিঞ্জ মহোদয় যে বলিয়াছেন বিশ্ববিদ্যালয় একটা কলিকা**ত**। আদৰ্শ্য বিশ্বিদ্যালয় নংকু ইহা অতি স্তা। আমরাও তো বহুদিন ধরিয়া, নানাভাবে, নানা দিক দিয়া, এই আক্ষেপই করিয়া আসিতেছি। নানা-ভাবে এই বিশ্ববিদ্যালয়ের উন্নতিবিধানেরও যে চেষ্টা হইতেছে, আর এ জন্ত যে গবর্ণমেন্ট অনেক অর্থব্যয় করিতেছেন, ইহাও জান। আছে। কিন্তু এই বিশ্ববিদ্যালয়ের প্রক্রুতিই এরপ, ইহার গঠনই এমন, জন্মাবধি এই বিশ্ব-বিদ্যালয়টী এমন ভাবে. এমন সব অবস্থা ও বাবস্থার ভিতর দিরা বাডিয়া উঠিয়াছে যে তাহাকে এখন ভাঙ্গিয়া চুরিয়া নৃতন করিয়া একটা আদর্শ বিশ্ববিদ্যালয় রূপে গড়িয়া ভোলা কেবল অনন্তব নহে, কিন্তু সম্পূর্ণরূপেই অসাধ্য। ফলতঃ কলিকাতার মত সহরে একটা আদর্শ বিশ্ববিদ্যালয় কিছুতেই প্রতিষ্ঠিত হইতে পারে না। এখানকার সামাজিক অবস্থা, লোকের वनवारमञ्ज, वायशा, व नकनेहे वक्षा मार्काः

विश्व वा विश्वविद्यानग्रशिरत्व একান্তই विरत्नाथी। এकटी चामर्न विश्वविन्तानरमञ সর্ব্ব বিষয়েই যথাসন্তর্বী আত্মপ্রতিষ্ঠ ও স্বাধীন হওয়া একান্তই আবশ্বক। অক্রফোর্ড ক্যান্থিজ প্রভৃতির এ আত্মপ্রতিষ্ঠা ও স্বাধীনতা আছে৷ আর এটা থাকা সম্ভব হইয়াছে এই জ্ঞা যে, এই গুইটা সহর কার্য্যতঃ কেবল এই বিশ্ববিদ্যালয় তুইটীকে লইয়াই গঠিত হইয়াছে। লণ্ডন বিশ্ববিদ্যালয় এ জাতীয় বিশ্ববিদ্যালয় হয় নাই. ও হইতেই পারে नाहे. এই जग লণ্ডনের উপরে বিশ্ববিদ্যালয়ের কোনো প্রকারের কর্তৃত্ব-প্রতিষ্ঠা কথনই সম্ভব ছিল না, কখনো সম্ভব হইতেই পারে না। কলিকাতা বিশ্বিদ্যালয় সম্বন্ধেও এই কথা খাটে। আর এই জন্মই কলিকাতা বিশ্ববিদ্যালয় লগুন বিশ্ববিদ্যালয়ের অন্ট্রকরণে, ভারই ছাচে, প্রতিষ্ঠিত হয়, অক্সফোর্ড ক্যান্বিজের আদর্শে গড়িয়া छेर्फ नाहै।

ঢাকাতে যে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা করিবার প্রস্তাব হইয়াছে, তাহা অন্যলোড ক্যান্থিজের আদর্শেই গঠিত হইবে। বড়লাট বারম্বার মৃক্তকণ্ঠে এই কথা বলিয়াছেন। ঢাকা বিশ্ববিদ্যালম্ব টিচিং ও ব্লেসিডেন্শিয়েল ইউনিভারসিটী (Teaching and Residential University) হইবে, লর্ড হার্ডিঞ্জ ম্পইভাবে এই কথা বলিয়াছেন। এই বিশ্ববিদ্যালয়ের দারা কোনও আকারে যে পূর্ব্ব ও পশ্চিম বঙ্গের মধ্যে একটা ভাগ বাটোম্বারা বসান হইবে না, এ কথাও তিনি বলিয়াছেন। ইহার পরেও তাঁর এই অভিপ্রায়ের প্রতিরোধ কর্মীকেবন অ্যোক্তিক নহে, কিন্তু নিতান্তই অসক্ষত।

ফলত: যারা এখনো ইহার প্রতিবাদ করিতেছেন, তাঁদ্ধা এই প্রস্তাবের ভিতর কার ওত্তী এখনও ধরিতে পারেন নাই। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুদলমানবিরোধীরা

ধরিলেও, হিন্দু বিরোধীদল একে-বাবেই ধরিতে পারেন নাই। আর ভারই জন্ম এই প্রস্থাবের প্রয়োদ্দনীয়তাটা ইহারা একেবারেই স্বীকার করিতে রাজি বডলটে যে ভাবের বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত করিতে চান, তাহা যে অত্যস্ত ব্যয়-সাধ্য ইহা সকলেই বোঝেন। আর বর্ত্তমান অবস্থায় সরকার কোথা হইতে এত টাকার ব্যবস্থা করিবেন, অনেকে ইহাও ভাবিয়া পান না। আর এই জন্মই স্তিয় শত্যি যে ঢাকায় একটা উচ্চ অঙ্গের বিহার স্থাপিউ হইবে, তাঁরা কিছুতেই ইহাঁ বিশাস করিতে পারিতেছেন না। আর এটা বিশ্বাস করিতে পারিতেছেন না বলিয়াই, গ্রন্থেটের এই প্রতাবের পশ্চাতে কোনো না কোনো একটা অসাধু অভিপ্রায় লুকাইয়া আছে, এরূপ কল্পনা করিতেছেন। এই চেষ্টার ভিতরকার তত্ত্বী ধরিতে পারিলে, এ ভয় ভাবনা হইত না।

ঢাका পূর্বাঙ্কের প্রধান সহর, বাংলার বিশাল মুদলমান-সমাজের কেন্দ্রভাগ সমস্ত ভারতবর্ষে পঞ্চাব ও বাংলা এই হুইটীই মুদলমান-প্রধান প্রদেশ। আর বাংলার মধ্যে श्रक्तिवन्न वित्यवाद मुननमान-अधान इहेग्रा কিন্তু এ পৰ্যাস্ত ঢাকায় বা পূৰ্ব-বঙ্গের কোথাও আলিগড়ে যে মুসলমান কলেজ আছে, তার প্রভাব প্রত্যক্ষ হয় নাই। সমগ্র মুসলমান-সমাজকে এক করিয়া পুনরায় ইস্লামের আধিপত্যকে জগতে প্রতিষ্ঠিত করিবার আশায়, ভিন্ন, ভিন্ন মুদলমানাধিকত দেশে যে একটা প্রকাণ্ড দল বাঁধিয়া উঠিতেছে, ভারতবর্ষে আলিগড়ই তার একটা কেন্দ্র-ইদ্লাম মহামণ্ডলের বা প্যান্-ञ्च। ইস্লামিভমের (Pan-Islamismএর) ভাবটা আলিগড কালেজের ছাত্রদের মধ্যেই অত্যস্ত প্রবল। তাঁরা এই ভাবটাকে ভারতময় ব্যাপ্ত করিবার জন্য চেষ্টা করিতেছেন। এই ইসলাম-মহামণ্ডল বা প্যান্-ইদলামিজমের দঙ্গে ভারতে ব্রিটশশাসননীতির একটা নিগৃঢ় ও প্রবল

প্রকৃতিপুঞ্জ বহিভারতের মুদলমান শক্তিসজ্বের সঙ্গে কোনও প্রকারের স্থা বা স্হান্তভূতি স্ত্রে আবদ্ধ হয়, ভারতের ব্রিটিশ প্রভূশক্তি কথনই এটা ইচ্ছাকরেন না। অথচ এইরূপ স্থাবন্ধন প্রতিষ্ঠিত কবিবার জন্ম আমাদের মুসলমান-সমাজের ইংরেজিশিক্ষিত নেতৃবর্গের অনেকেই বিশেষ লালায়িত। আলিগড়ই মূস্লমানগণের একমাত নিজস্ব বিদ্যালয়। মুসলমানসম্প্রদায়কে নবজাগ্ৰত

প্রতিষোগিতা বহিয়াছে। ভারতের মৃদলমান ন এই বিদ্যালয়ের প্রভাব হ**ইছে বিচ্ছিন্ন করিবার** জন্মই প্রধানতঃ ঢাকায় একটী নৃতন ও উচ্চ অঙ্গের বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা আবশ্রক হইয়াছে। এই জন্মই অনেক ইংরেজি শিক্ষিত মুগলমান এই প্রস্তাবের এড বিরোধী হইশ্বাছেন। আমাদের হিন্দুনেত্বর্গ এই প্রতিবাদে মুসলমানগণের সংক্ষ যোগ দিয়া যে আত্মঘাতী নীতির অনুসরণ করিতেছেন, এ কথা যেবোঝোন না,ইহাই আশ্চর্যোর বিষয়।

নব বৰ্ষ

এস এস, হে বর্থ নৃতন ! নৃতন কিরণ ঢালি' আশার আলোক জালি' এস এস, হে অতিথি করি আবাহন! ল'য়ে এস মধু হাসি, ৰুকভরা প্রেমরাশি, আজি নত শিরে তোমা' করি গো বন্দন! এস এস, হে বর্ষ নৃতন।

এস এস, হে বর্ষ নৃতন ! উঠিছে তরুণ রবি, আকাশে সোনার ছবি, কাননে কুমুমবালা মেলিছে নয়ন; আলোকে পুলকি' প্রাণ বিহুগ গাহিছে গ্রান— তোমার বন্দনা ভরি' নিথিল ভুবন; এদ এদ, হে বর্ষ নৃতন !

এদ এদ, হে বর্ষ নৃতন ! মুছাইয়া মলিনতা ভুলাইয়া ভূত কথা, আন' নব বল দেহে-নৃতন জীবন; শুনাও নৃতন গাঁতি প্রাণ ভরি' দেও প্রীতি, পূর্ণ কর জীবনের আশা, আকিঞ্চন ; এদ এদ, হে বর্ষ নৃতন !

এদ এদ, বর্ষ নৃতন ! জীবনের ভবিষ্যৎ, দেখাও কর্ত্তব্য-পথ, ছেঙে দেও সুথতক্রা-অলস স্থপন; আয়ু ক্ষমুথে চলে, मर७-मर७ भारत-भारत কে বা জানে কত দূরে হবে সমাপন! এস এস, বরষ নৃতন !

এস এস, বর্ষ নৃত্ন! তীরে তীরে দিয়া পাড়ি, কৈশোর, যৌবন ছাড়ি' কোন্ থেয়া-ঘাটে তরি করিবে বন্ধন; ফেলে যাবে কত গ্রাম— নয়নের অভিরাম, তালী-নারিকেল-কুঞ্জ-ছায়ার মগন! এস এস, বরষ নৃতৰ !

এস এস, বরষ নৃতন ! বল আর কত দূরে • নিয়ে যাবে কোন্ পুরে হয় ত, সন্ধ্যার ছায়া নামিবে তথন; তথন হাঁধিও তরি, যাত্রা সমাপন করি' করিব নৃতন দেশে, নব পদার্পণ; এস এসু, বর্ষ নৃতন।

শ্রীগিরিজানাথ মুখোপাধ্যায়।

ভিক্টর হুগোর কথা

ভিক্টর • তুগোর মহিমামগুত নাম ভুবনবিখ্যাত। তাঁহার সাহিত্য-যশঃসারভ দিগন্তব্যাপ্ত। তিনি কবি, তিনি নাটাকার. তিনি ঔপন্যাসিক; এবং এই ক্ষেত্রেই তাঁহার প্রতিভা অতুলনীয়া, তাঁহার প্রাধান্ত সর্ববাদিসমত। অনেক কাব্যরস্প্ত তাঁহাকে ফ্রান্সের সর্বপ্রধান কবি বলিয়াছেন। ইউরোপীয় বিদ্বৎ-সমাজেই তিনি অনেক বার 'উন্বিংশ শতাকীর শেক্ষপীয়র' বলিয়াও অভিহিত ও সম্পুঞ্জিত হইয়াছেন। আমাদের দেণের শিক্ষিত ও অশিক্ষিত সমাজেও তাঁহার ভক্তের সীমা নাই। এমন মান্থবেধ জীবন-কথা শুনিবার আগ্রহ অনেকের হইবার সম্ভাবনা। তাই এই প্রবন্ধের অবতারণা।

কিন্তু বলিয়া রাখিতে হইতেছে যে. ইহা ভিক্টর হুগোর জীবনী নহে। তাঁহার বাল্য-শিক্ষা ও সাহিত্য-জীবনের কথঞিৎ পরিচয়মাত্র। আমি প্রবন্ধ লিখিতেছি; জীবন-বৃত্ত লিখিতেছি না।

১৮০২ খৃঃ অন্দের ২'এ ক্লেক্রণারি ভিক্টর হুগো জন্মগ্রহণ করেন। জন্মকালে তিনি এমন ক্ষুদ্র, শীর্ণ, হুর্বল ও জীবনী-শক্তিহীন ছিলেন যেং, প্রস্বকারী চিকিৎসক স্পষ্টই বলিয়াছিলেন যে, এই শিশুর বাঁচিবার সন্তাবনা নাই। তাঁহার মাতা বলিয়াছিলেন যে, "তাহাকে কাপড় পরাইয়া একধানি সাধারণ চেয়ারের', উপর শোয়াইয়া দেওয়া হইয়াছিল; সে এত অল্ল স্থান অধিকার করিয়াছিল যে, তাঁহার মতন আরও বারটি ছেলের স্থান, সেই চেয়ারে হইতে পারিত।" তাঁহার অগ্রজ ইউজিন্ তাঁহাকে প্রথম দেখিয়া বলিয়া উঠিয়াছিল ——"এ আবার কি একটা ছোট জানোয়ার!" ইউজিন্ তখন দেড় বংসরের শিও, ভাল করিয়া কথা বলিতেও শিখেনাই।

নেপোলিয়ানের জ্যেষ্ঠ ভ্রাতা যোসেক বোনাপাটি নেপ্ল্সের সিংহাসনে অধিষ্ঠিত হইলে ভিক্লরের পিতা লিয়োপোল্ড লগে। কৰ্মকুশলতা, বিশ্বস্ততার রণদক্ষতা ও পুরস্কারস্করপ রাজ কীয় ক্ষি কান সেনাদলের কর্ণেল ও আভেলিনো প্রদেশের নিযুক্ত रहेरनन। শাসনকর্ত্তা বংসরেরও অধিককাল তিনি স্ত্রীপুত্রের সঙ্গসুথে বঞ্চিত ছিলেন। তিনি দীর্ঘকাল কর্মান্তরোধে ইতালির ভিন্ন ভিন স্থানে এবং ভূমধাসাগরের একাধিক দীপে ঘুরিয়া বেড়াইতেছিলেন, স্বতরাং পত্নী ও পুঁত্রতায়কে সঙ্গে রাখিতে পারেন নাই। তাহার। প্যারিসে বাস করিতেভিল। এক্ষণে এক স্থানে শ্বির হইয়া বসিয়া, ইতালিতেও শান্তি স্থাপিত হওয়ায়, তিনি ন্ত্ৰীকে আসিতে লিখিলেন।

১৮০৭ সালের অক্টোবর মাসে মাদাম্ হগো পুত্রেরকে লইয়া ইতালি অভিমুখে যাত্রা করিলেন। ভিক্টরের বয়স তথন পাঁচ বৎসর মাত্র। এই দূরপথ যাত্রা সম্পর্কীয় বড় অধিক কথা পরিণত বয়সে ভিক্টরের মানে ছিল না, কিন্ত হুই চারিটা ঘটনা

তাঁহার মনে গভীর ভাবে এক্ষিত হইয়া গিয়াছিল। একটা ঘটনা এট যে, তাহাদের প্যারিস হইতে যাত্রাকালে ভয়ানক ঝডর্টি হইতেছিল: তাহাতে তাহাদের গাড়ীর জানালা ভাঙ্গিয়া গিয়াছিল। আর মনে ছিল, আপিলাইন পর্বতে এক দিনকার ভোজনের কথা। পার্কাতা বায়ুর কল্যাণে বালকদিগের অতাত্ত ক্ষুধা পাইয়াছিল मल बाराया किड्रे इन ना; निकर्ह মাধারণ ভোজনাগার পাইবারও কোন সম্ভাবনা ছিল না। অকমাং একজন ছাগ-পালকের সহিত দেখা হইল; সে লোকটা তাহার কুটীরে বালকদিগকে আশ্রন্ত দিতে চাহিল। কিন্তু তথায় খাগ্যদ্ৰা কিছুই ছিল না—কেবল একটি স্তোনিহত ঈগ্ল্ পক্ষী পড়িয়া ছিল। ক্ষুধার জালায় বালকের। কোলাহল করিয়া উঠিল, "আমরা এই ঈগ্ল্ পাখীই খাব।" ছাগপালক সত্য সত্যই তাহা রাঁধিয়া দিল; বালকগণ মহা আফ্লাদে ও আগ্রহে তাহা উদরসাৎ করিল।

আরও একটা কথা মনে ছিল। সেই
সময়ে জলপ্লাবনে পার্যা নগরীর চতুদ্ধিক
ভূবিয়া গিয়াছিল। জুতা, মোজা ভিজাইতে
অনিজ্ক ক্ষকেরা সেগুলু বাঁধিয়া গণায়
ঝুলাইয়া খালি পায়ে পথ চলিতেছিল, এই
অসদৃশ দৃশু দেখিয়া বালক ভিক্তর বড়ই
আমোদ পাইল; তাহার অগ্রজ ইউজিন্কে
টিপিয়া বলিল—"দেখ, দেখ, কি সব মজার
লোক! ইহারা বরং নিজের পা ক্ষয় করিবে,
তবু জুতা ক্ষয় করিতে রাজি নয়!"

অবশেষে যাত্রীর এই ক্ষুদ্র দল আভেনি-নোতে গিয়া পৌছিলেন। আফ্লাদে অধীণ লিওপোল্ড হগো তাঁহার জন্কাল সামরিক পরিচ্ছদে ভূষিত হইয়া প্রী ও পুত্রদিগের সম্বর্জনা করিলেন:

আভেলিনোতে অবস্থানকালে বালক-দিগের দিন বড় স্থখেই কা**টিতে** লাগিল। পार्ठमानाय याहेर्ट इस ना. পाठीलाम করিতে হয় না, শিক্ষকের তাড়না নাই, গৃহেও কোন প্রকার বাঁধাবাঁধি নিয়মের ণিড়ম্বনা নাই -কোন বালাই-ই ছিল না; কেবল খেলা-ধুলা করিয়া, হাস্ত-কলরব করিয়া, গাছে চড়িয়া, ঘাসের উপর গড়াগড়ি -দিয়া প্রজাপতির পশ্চাতে ছুটাছুটি করিয়া, দিন বড আনভেই কাটিতে লাগিল। কিন্ত এত সুথ বড় अभिक निन शाबी रहेन ना। কয়েক মাসের মধ্যেই নেপ্ল্সের রাজা যোসেক্ বোনাপাটি স্পেনের সিংহাসন লাভ করিয়। ইতালি হইতে চলিয়া গেলেন। প্রেনের রাজধানী মাজিতে পৌছিয়। তিনি লিওপোল্ড হুগোকে পত্র লিখিয়া জাণাইলেন যে তাঁহার ইতালিতে থাকায় কোন আপত্তি নাই বটে, কিন্তু তিনি স্পেনে আসিলে এধিকতর প্রীতি ও সন্তোষের বিষয় হয়। মান-সম্ভ্রম, খ্যাতি-প্রতিপত্তি, ধনসম্পদ, উচ্চ-পদ, গৌরব, লিওপোল্ড ত্গোর যাহা কিছু, সবই যোসেক্ বোনাপার্টির প্রসাদে ; ইতালি পরিত্যাগের অল্পদিন পুর্নের তিনি লিও-পোল্ডকে নাইট কম্যান্ডার ও মার্শালের : উচ্চপদ প্রদান করিয়াছিলেন। তাঁহার সহৃদয় প্রীতিপূর্ণ আহ্বান কি অস্বীকার কুরা যায় ? ম্পেনে যাওয়াই ছির; কিন্তু নবাধিকত স্পেন তখন অশান্তিপূর্ণ। ইতালি তাহার নৃতন রাজাকে সহজে স্বীকার করে নাই;

শেশনও করিল না। তেমন অবস্থায় স্ত্রীপুত্র লইয়া তথায় য়াওয়া নিরাপদ ও সঙ্গত
নহে। লিওপোল্ড হগো স্থিন করিলেন যে
স্ত্রী ও পুত্রদিগকে প্যারিসে পাঠাইয়া দিয়া
তিনি স্বয়ং শেশনে যাইবেন।

তাহাই হইল। পুত্রকণত্ত প্যারিসে
পাঠাইয়া দিয়া লিওপোল্ড হুগোর পক্ষে
নিঃসঙ্গ জীবনের ভার বড়ই হুর্দাহ বলিয়া
অন্তভূত হইয়াছিল। এই সময়ে তাহার
মাতা বর্গণ্ডি গুদেশে অবস্থান করিতেছিলেন। লিওপোল্ড এই সময়ে তাহাকে
যে পত্র লিখিয়াছিলেন তাহার একাংশ এই
রূপ—

"পর্কাকনিষ্ঠ ভিক্টারের লেখাপড়া শিথিবার বড় আগ্রহ! সে তাহার দর্ম গ্রেড ভাতার কাম পার, গন্তীর ও চিন্তাশীল। কথা সে তড় কহে না; কিন্তু যাহা বলে তাহা সকল সময়েই এসঙ্গাপীন অপসন্ধাতীত কখনই হয় না। সময়ে সময়ে সে যে সব মন্তব্য প্রকাশ করে, তাহাতে আমি বিশিত হই। আমার কাছে তাহারা যে এখন নাই, তাহাতে আমার বুক ভালিয়া গিয়াছে! কিন্তু উপায় কি ? এখানে ৩ তাহাদের বিদ্যাশিক্ষার কোন স্থবিধা নাই; স্কুতরাঃ প্যারিসে পাঠান ব্যতাত আঙ উপায় ছিল না।"

ভিক্টর হুগো শৈশবে কেমন ছিলেন, তাহা তাঁহার পিতার এই পত্র ২ইতে কতকটা বুঝা গেল।

প্যারিনৈ আসিয়া বাল্কদিগকে একটি শিশুবিদ্যালয়ে প্রবিষ্ট করিয়া দেওয়া হইল। ইতিপুর্বেই ভিক্টরের বর্ণপরিচয় হইয়াছিল, এবং অক্ষর দেখিয়া ও মিলাইয়া সে নিজের চেষ্টাতেই পড়িতে শিথিয়াছিল। বিমানলয়ে আসিয়া লিখন ও বর্ণবিস্তাস শিথিতে হইন। তাতার শিক্ষকের পত্নী অনেক সময় গৌরব করিয়া বলিতেন য়ে, বিদ্যালয়ে প্রবিষ্ট হইবার এক সপ্তাহের মধ্যেই ভিক্টরকে শ্রুতলিপির জন্য বাইনেলের একটি সম্পূর্ণ অধ্যায় আর্ভি করিয়া বলা হইয়াভিল, এবং সমস্ত অধ্যায়টি লিখিতে ভিক্টরের কটির অধিক ভুল হয় নাই—পে কেবল চল্যা কগটো লিখিতে একটা ভ

শিশু ভিক্টরের লেখাপড়া শিথিবার যেমন আগ্রহ ও আন্তরিকতা ছিল, খেলা-ধুলাও তদ্রপাব। ততোধিক ছিল। সে যাহাই করিত, স্কান্তঃকরণে করিত। জীড়ার সময় তাহাদৈর কোন ভ্রাতারই পরিছদের প্রতি বড় জ্রম্পে থাকিত না, ভিক্টরের একেবারেই না। যথন তাহারা খেলা সারিয়া মাতার নিকট আসিত, তথন প্রায়ই দেশ যাইত, তাহাদের গায়ের জামা গুলা-মাটিতে ভরা, পায়জামা **নানা স্থানে** ছেঁডাঃ ইহার জন্ম তাহাদিগকে প্রায়ই মাতার কাছে তির্দ্ধত হইতে হইত। এক-াদন তাহার৷ ৭ বিষয়ে এতই বাড়াবাড়ি করিয়াছিল যে. মাদানু হগো অতিমাত্র বিরত হইয়া তাহাদিগকে শাসাইয়াবলিলেন --- "পুনরায় তোনরা যদি এরপ আচরণ কর, তাহা হইলে তোমাদিগকে ডেওনদের মতন মোটা কাপড়ের পোষাক পরিতে হইবে।"

প্রদিন ভাহারা বিদ্যালয় হইতে গুহে

ফিরিবার সময় একদল ড্রেগুন সৈনিক অখা-বিশ্বণে যাইতেছিল। স্থ্যকিরণে তাহাদের পরিচ্ছদ ঝক্ঝক্ করিতেছিল। তাহা দেখিয়া ভিক্টর বড়ই মুগ্ধ হইল। জিজ্ঞাসা করিল, "ইহারা কাহারা?" সঙ্গিনী ধাত্রী বলিল—"ইহারা ড্রেগুন।"

বিদ্যালয় হইতে বাড়ী আসিয়া ভিক্টর বড়ই চেঁচাচেঁচি ও ছুটাছুটি করিত। দিন বিদ্যালয় হইতে ফিরিয়া আসিবার পর এক ঘণ্টা অতীক হইয়া গেল, অথচ ভিক্টরের কোন সাড়াশক নাই। কিঞ্চিৎ উদ্বিগ্ন হইয়া মাতা খুঁজিতে খুঁজিতে দেখিতে প্রাচীের অন্তরালে একটি পাইলেন. দাড়।ইয়া নিশ্চিন্তভাবে ভিক্টন নিজের প:য়জামা ছি ড়িয়া কুটিকুটি করিতেছে। মাতা ক্রদ্ধরে বলিলেন—ওখানে ও কি হইতেছে ? কিছুমাত্র ভীত বা অপ্রতিভ না হইয়া, অমানবদনে মাতার মুখপানে চাহিয়া ভিক্টর বলিল—''আমি ডেগুনদের মতন পায়জামা পরিতে চাই।"

১৮০৯ খৃঃ অদের মধ্যভাগে মাদাম হুণোর গৃহে এক জন নৃতন অভিথির আগমন হইল। এই অভিথি, জেনারাল লাহোরী। নেপালিয়নের কোপে পড়িয়া ইনি কিছু দিন হইতে ভির ভিন্ন বন্ধর গৃহে লুকায়িত থাকিয়া জীবন কাটাইতেছিলেন। পুলিশ তাঁহার পশ্চাতে লাগিয়াইছিল বলিয়া একই স্থানে থাকা তাঁহার পক্ষে নিরাপদ ছিল না। তাই গুপ্তভাবে থাকিলেও তাঁকে পুনঃপুনঃ আবাসস্থান পরিবর্ত্তন করিতে হইতেছিল। এক্ষণে তিনি আসিয়া মাদাম্ছণোর গৃহে গুপ্তভাবে

অবস্থান করিতে লাগিলেন। পরিণতবয়স্থ হইলেও তিনি শিশুদিগের সহিত সরল, উদার ও অমায়িক ভাবে মিশিতে পারিতেন। ইহাদের থেলাধূলায় ইনি অকপট ভাবে যোগ দিতেন। সর্বাকনিষ্ঠ ভিক্টরকে ইনি সময়ে সময়ে ধরিয় উর্দ্ধে নিক্ষেপ করিতেন এবং পতন সময়ে ধরিয়া লইতেন। এইরপ থেলায় শিশুর মাতা বড়ই ভীত হইতেন, কিন্তু ভিক্টরের আনন্দের সীমা থাকিত না।

এই গুহে ইহার অবস্থানে শিশুদিগের विज्ञः निकात व्यानक माहाया हहेगा हिना। ইনি তাহাদের পঠিত বিষয় তত্তাবধান করিতেন, অনুশীলনের খাতা দেখিয়া দিতেন, রচনা ভাল হইলে তাহাদের করিতেন, ভুল থাকিলে তাহা সংশোধন করিয়া দিতেন, এবং অবসরকালে বালক-দিগের পক্ষে স্বখবোধ্য ঐতিহাসিক ও পৌরাণিক গল্পকল শুনাইয়া চিত বিনোদন করিতেন। তিন ভাতার মধ্যে ভিক্টরের প্রতি তিনি যেন কিছু অধিক আরুষ্ট হইয়াছিলেন। আট বৎসর বয়দেই ভিক্টরের ল্যাটিন শিক্ষা আরক रहेग्ना हिन । গুহে জেনেরাল তাহাকে তাসিত্সের ইতিহাস্গ্রন্থ ব্যাখ্যা করিয়া বুঝাইয়া দিতেন। ইহাতে ভিক্টরের ল্যাটিন-শিক্ষা দ্ৰুত অগ্ৰদ্ৰ হইতে লাগিল।

মাদাম হুগো পুত্রদিগকে লইয়া প্যারিসে আসার পর তিন বংসর অভীত হইয়া গিয়াছে। এই দীর্ঘ কালের মধ্যে নিওপোল্ড হুগোর স্ত্রী ও পুত্রুদিগকে দেখিবার স্থ্যোগ একবারও হয় নাই। নববিজ্ঞিত ও অশান্তি-

পূর্ণ স্পেনে তিনি যুদ্ধ ও শাসনকার্য্য লইয়া অতিমাত্র ব্যর্ত ছিলেন। তিন বৎসরের° বিচ্ছেদের পর জ্রীপুত্রদিগকে দেখিবার জ্ঞ তিনি নিতান্ত উৎস্কুক ও ব্যগ্র হইলেন। এই সময়ে তাঁহার ভ্রাতা কর্ণেল লুই ত্গো কোন রাজকীয় কার্য্যোপলক্ষে প্যারিনে যাইতেছিলেন। লিওপোল্ড ছগো তাহাকে দিয়া ক্রীপু দেগকে পেনে আগিবার জন্ত করিয়া পাঠাইলেন। সমাট অপুরোধ নেপোলিয়নের সহিত তাঁহার কার্য্য সমাধান করিয়া লুই হুগো ভ্রাতৃজায়ার গৃহে গিয়া উপস্থিত হইলেন। তাঁহার এর্বরৌপ্যাথচিত সামরিক পরিচ্ছদ,সমুজ্জ্ব তরবারি,বীরোচিত ুসততপ্রকুল মুখমগুল ও পিতৃসদৃশ আকৃতি দেথিয়া বালকেরা যুগপং হর্ষ ও বিস্নয়ে '(যন অভিভূত হইয়া পড়িল। বছকাল পরে এই ঘটনার উল্লেখ করিয়া ভিক্টর **ट्रा** विशाहितन-"यथन आभारतत পিতৃব্য আমাদের গৃহে আদিয়া উপিঞ্জ হইলেন তথন আমার মনে হইয়াছিল, যেন প্রধান স্বর্গীয় দৃত মাইকেল আলোকরশ্মিতে চড়িয়া আমাদের গুহে আসিয়। করিয়াছেন।"

কর্ণেল লুই হুণাের আগমনের পর দিনই ইউজিন ও ভিক্টর দেখিল যে তাহাদের শয়নকক্ষের টেবিশের উপর কয়েকখানি নূতন পুস্তক রহিয়াছে। মাতা তাহাদিগকে বুঝাইয়। বলিলেন য়ে, "এগুলি স্পেনদেশীয় ভাষার অভিধান ও ব্যাকরণ। তোমরা আজই পড়িতে আরম্ভ কর, কেননা তিন মাসের মধ্যেই তোমাদিগকে স্পেনের,ভাষা শিধিতে হুইবে।" ছয় সপ্তাহ অতীত হইলেই দেখা গেল যে, তাহ রা স্পেন্দেশের ভাষা উত্তমরূপে, ও অনর্গল বলিতে পারিতেছে, কেবল উচ্চারণ ব্যতিক্রম হইতেছে মাত্র।

ইহার কিছুদিন পরেই মাদাম হুগোও তাঁহার পুত্রতায় স্বামী ও পিতৃদর্শনে স্পেন অভিমুখে যাত্রা করিলেন। তথন স্পেনে যাওয়া অতিশয় বিপনসঙ্কুল ছিল। নবাধিকুত ম্পেন তথ্য স্পান্তঃকরণে ক্রাসীদিংগ্র শক্র হইয়া উঠিয়াছিল। খণ্ডযুদ্ধ ঔপন প্রতিনিয়তই চলিতেছিল; এমন দিন যাইত না যে দিন না একটা সংঘৰ্ষ ঘটিত না। 'পেনে যাইতে হইলে তখন ফরাসীদিগকে প্রাণ হাতে করিয়া যাইতে হইত। বহু সংখ্যক রক্ষক সঙ্গে না লইয়া স্পেনে ভ্রমণ করা তখন একপ্রকার অসম্ভব হইয়া উঠিয়াছিল। বেয়ন নগুৱে উপস্থিত হইয়া মাদাম হগো অবগত হইলেন যে, যে तिक्व र्वा वादार मार्क याहित कथा हिन, তাহারা এ মাদের মধ্যে আসিয়া জুটিতে পারিবে না। অগত্যা তাঁহাদিগকে একমাদ কাল বেয়ন নগরে বাধ্য হইয়াই থাকিতে इ:न।

এই সময়কার একটি নিতান্ত ক্ষুদ্র ঘটনার উল্লেখ ক্রিবার লোভ সংবরণ করিতে পারিখেছি না। যে গৃহে মাদাম হগো তাহার পুঞ্জিগকে লইয়া অবস্থান করিতেছিলেন, সে গৃহের অধিকারিণী একটি বিধবা স্ত্রীলোকটিও এই গৃহেরই একাংশে অবস্থান করিত। তাহার একটি কন্তা ছিল।

কন্তাটির বয়স দশ বৎসর; ভিক্টরের

বয়স তখন নয় বংসর। বা^{লি}কার পক্ষে দশ বংসর যাগা, বালকের পক্ষে বোধ হয় পনর বৎসরও তাহা নহে। এই ক্ষুদ্র বালিকাটি ভিক্টরকে দেখিত শুনিত,তাহাকে গল পড়িয়া শুনাইত—তাহার একপ্রকার অভিভাবিকা হইয়া উঠিয়াছিল। ভিক্টরের তুই অগ্ৰন্ধ ক্লাতা, আবেল ও ইউজিন, ইহাদের সঙ্গে বড় মিশিত না। তাহাুরা তাহাঁদের বয়োজ্যেচতের সন্ত্রম বজায় রাখিয়া চলিত। ্য দিন বালুক-বাবহারের শিক্ষা ও প্রীক্ষা হইত, সে দিন আবেল ও ইউজিন তাহ। দেখিতে চলিয়া যাইত; কিন্তু ভিকটর যাইত ন**া সে এই** বালিকার ^{*} কাছে বসিয়া থাকিত। বন্দুকের খেলা দেখার আনন্দ আছে বৈ কি. কিন্তু এই বালিকার মুখ দেখাতে ভিক্টরের বোধ হয় অধিক আনন্দ ছিল ৷

ইহাকে অবশ্রই কেহ প্রেম বলিবে না।
নয় বৎসরের বালক, দশ বৎসরের বালিক।
ইহাদের মধ্যে প্রেম, আমাদের নাটকনভেলপড়া পাঠকবর্গ অবশ্রই স্বীকার
করিবেন না। কেহ স্বীকার করুন বা না
করুন, ঘটনাটা এই—

তাহার অগ্রজ ছুই ল্রাতা বাহির হইরা গেলে, ভিক্টরকে বালিকা বলিত "এদ িক্টর, তোমাকে আমি কিছু পড়িয়া শুনাই; তাহাতে সময়টা বেশ কাটিয়া যাইবে।" তথন বালিকা ভিক্টরকে ইয়া গিয়া সিঁড়ির একটা ধাপে বসিত এবং কোন একখানি গল্পের পুস্তক খুলিয়া কোন চিত্তরঞ্জক গল্প পড়িয়া যাইত। কিন্তু ইহার এক বর্ণও ভিক্টরের কর্ণগোচর হইত না; সে কেবল একদুটে বালিকার মৃথপানে চাহিয়া থাকিত। বালিকার চক্ষু যতক্ষণ প্রস্তুকে নিবদ্ধ থাকিত ততক্ষণ ভিক্টর একমনে একপ্রাণে তাহার মুথপানে চাহিয়া গাকিত। মধ্যে মধ্যে বালিকা যখন মাথা তুলিয়া ভিক্টরের পানে চাহিত, ওখন ভিক্টর নিতাও অপ্রতিত হইত ও লজ্জায় তাহার মুখ লাল হইলা উঠিত।

এক এক সময় বালিকা যথন বুঝিত (य. जिक्टेत मन किया जिनिट एक ना, जर्थन সে কিঞ্চিৎ রুষ্ট হইয়া বলিত—"দেখ ভিক্টর তুমি ভাল করিয়া শুনিতেছ না। তুমি যদি মন দিয়া না জুন, তবে আর আমি পড়িব না।'' **ত**খন ভিকটর ব্যস্তসমস্ত হইয়া বলিত, "আমি ধুব মনোযোগ করিয়া শুনিতেছি, তুমি পড।" অর্থাৎ বালিকার চক্ষু পুনরায় প্রস্তকে নিবদ্ধ হইলেই ভিক্টর আবার প্রাণ ভরিষা তাহার মুখ দেখিবার হবিধা পাইবে। কোন কোন সময়ে বালিক। জিজাসা করিত, "কোন্ খান্টা তোমার খুব লাগিয়াছে, ভিকটর ১" ভিকার এ প্রশ্নের কোনই উত্তর দিতে পারিত না; কেননা, কিছুই তাহার কর্ণগোচর गाई।

এই ব্যাপারের অনেক দিন পরে, পরিণত বয়সে, ভিক্টর হুগো নিজেই বলিয়াছিলেন—"এইরূপ বাল্যোচিত প্রণয়-, ব্যাপার বোদ করি সকল মান্ত্রেরই জীবনে ঘটে। ইহার সহিত পরিণত বয়সের প্রেমের সম্বন্ধ, যেমন উষার আলোকের সহিত মাধ্যন্দি। প্রথম দীপ্তির সম্বন্ধ। ইহা জাগরণোমুখ হৃদয়ের প্রথম নয়নোমীলন।"

তেত্রিশ রৎসর পরে, ১৮৪৪ সংলে, ভিক্টর হুগোকে আর একবার বেয়ন নগরে যাইতে হইয়াছিল। তিনি সর্বাগ্রে সেই গৃহটি দেখিতে গেলেন। সেই বালিক। পাঠিকাকে মনে করিয়া কি ? সেই বাড়ীর দার তথন ক্র ছিল; কেহ দেখানে বাস করিতেছিল না। । নিকটবর্ত্তী গৃহে অনেক লোককে সেঁই বালিকার কথা কিজাসা করিলেন; তাহার নাম গুনিয়া কেহই তাহার কথা এরণ করিয়া বলিতে পারিল না। কেহই কোন সন্ধান দিতে পারিল না। তিনি সেদিন বেয়ন নগরের পথে পথে বুরিয়া বেড়াইলেন-অস্পষ্ট আশা, খদি সেইরপ আকৃতির কেহ চক্ষে পড়ে। হরাশা! জীবনে আর কখনও ভিক্টর তাহার কথা শুনিতে পান নাই। ভিক্টরের পক্ষে তথন তাহার মৃত্যু হইয়াছে।

অবশেষে মাদাম হুগো পুত্রদিগকে লইয়া প্রেন গভিমুখে যাত্রা করিলেন। ইহারা প্রেনের রাজধানী শাড্রিড নগরে পৌছিবার কয়েক সপ্তাহ পরেই ইউজিন ও তথাকার অভিজাতদিগের ভি টেরকে কলেজে প্রবিষ্ট করিয়া দেওয়া হইল। विमानास প্রবিষ্ট হইবার পর দিন প্রাতে কলেজের অধাক্ষ এই তৃটি বালক শিক্ষাবিষয়ে কতদূর অগ্রসর হইয়াছে এবং বিদ্যাণয়ের কোন শ্রেণীতে ইহাদিগকে ভর্ত্তি করা যাইতে পারে, তাহা পরীক্ষা করিবার জন্য নিজের कत्क देशिनिगृतक छाकादेश नहेशा (गतन। সেধানে আরও এক জন শিক্ষক উপন্থিত ছিলেন। টেবিলের 'উপর কতকগুলি ল্যাটিন পুস্তক সাজান ছিল। প্রারিসের

বিদ্যালয়ে যে সকল পুস্তক পড়ান হইত, এগুলিও তাই। তুই ভ্রাতা নিতান্ত বালক বলিয়া প্রথমেই ইহাদিগকে"L' Epitome" নামক একখানি পুস্তক অমুবাদ করিতে দেওয়া হইল, ইহারা কিছুমাত্র চিন্তা বা ইতস্ততঃ না করিয়া তাহা অনর্গল অ**মু**বাদ করিয়া গেল। অধ্যক্ষ ও অধ্যাপক উভায়েই কিছু বিশ্বিত হইলেন। তার পর ইহাদিগকে "De Viris" নামক ল্যাটিন পুস্তক দেওয়া হইল। কিছুমাত্র ইতস্ততঃ না করিয়া ইহাও তাহারা অবলীলাক্রমে অন্ত-,বাদ করিল ৷ অধ্যাপকেরা অতিমাত্র বিশ্বিত হইলেন। তাহার পর "Justin" দেওয়া হইল, "Quintus Curtius" দেওয়া হইল। ইহাও তাহারা অভিধানের বিনা সাহায্যে অনুবাদ করিয়া গোল। ্অধ্যাপকদ্ম বিশয়ে অভিভূত হইলেন। ক্রমশঃ কঠিন হইতে কঠিনতর প্রস্তুক দিয়। শিক্ষকশ্বয় দেখিলেন যে, "Virgil" ও "Lucretius" বুঝিতে কিছ আয়াস পাইতে বালকদয়কে হইতেছে।

কলেজের অধ্যক্ষ মহোদয় যেন বড়
অসন্তই হইলেন। তাঁহার বিদ্যালয়ের
ইহাদের মতন বয়সের বা কিঞ্চিৎ অধিক
বয়সের কোন বালকই ল্যাটিন ভাষায় এতদূর
অগ্রসর হইতে পারে নাই। বিরক্তিপূর্ণ ফরে
তিনি জিজ্ঞাসা করিলেন, "আট বংসর বয়সে
তোমবা কোন ল্যাটিন পুস্তকের পাঠ
লইতে ?" ভিক্টর উত্তর করিল—"Tacitus." প্রধানশিক্ষক মহাশয়ের দৃষ্টিতে
অগ্রিফুলিঙ্গ বাহির হইল; তিনি ভিক্টরকে
যেনু কতকটা শক্রর মতন দেখিলেন।

এখন বিবেচনার বিষয় হইল, ইহা-দিগকে কোন্ শ্রেণীতে ভর্ত্তি করা যায়। দ্বিতীয় শিক্ষক অভিমত প্রকাশ করিলেন যে, শিক্ষাবিষয়ে ইহারা যতটা অধিকদূর অগ্রসর হইয়াছে, তাহাতে ইহাদিগকে অপেক্ষাকৃত অধিকবয়স্ক ব্যালকদিগের সহিত উচ্চশ্রেণীতে দেওয়াই যুক্তিযুক্ত। অধ্যক্ষ মহাশয় অভি-মত প্রকাশ করিলেন যে, ভিন্ন ভিন্ন বয়সের বালকদিগকে এক শ্ৰেণীতে লওয়া কিছুতেই যুক্তিযুক্ত নহে। দিতীয় অধ্যাপক আর কি করিবেন, ইউজিন ও ভিক্টরকে তাহাদের সমবয়স্ক বালকদিগের সঙ্গে অতি নিয়শ্রেণী-তেই ভর্ত্তি করিয়া লওয়া হইল। ইহাতে এক বিভ্রাট উপস্থিত হইল। অমুণীলনের জন্ম যাগ কিছু দেওয়া হয়, অক্তান্য বালকেরা তাহাতে নিবিষ্ট হুইবার পূর্কোই ইহারা হুই ভ্রাতা তাহা সমাপন করিয়া চুপ করিয়া বসিয়া থাকে। ইহাতে সেই শ্রেণীর অপর বালকেরা নিতান্ত নিরুৎসাহিত হইয়া পড়ে। তাহারা বেশ বুঝিতে প'রে যে, এই তুই ভ্রাতার সঙ্গে প্রতিযোগিতা করিয়া কোন পুরস্কার (prize) পাওয়া স্মৃত্যুর্ণ অসন্তব। অধ্যক্ষ মহাশয় আর কি করিবেন অগত্যা ইহাদিগকে ,অব্যবহিত উচ্চতর শ্রেণীতে উঠাইয়া দিলেন। সে শ্রেণীতেও ঠিক এইরূপই হইতে লাগিল। আর এক শ্রেণী উঠাইয়া দেওয়া হইল: সেখানেও ঠিক ঐ রূপই ঘটিল বালকদিগের যে কোন শ্রেণীতেই এই ভ্রাতৃত্বরকে দেওয়া হয়, সেই শ্রেণীর অপরাপর বালকেরা একেবারে হতাশ ও নিরুদ্যম হইয়া পড়ে। তথন অনভোপায় হইয়া কলেজের অধ্যক্ষ

'মহাশয় অধিকবয়স্ক বালকদিগের শ্রেণীতে ইহাদিগকে ভর্ত্তি করিয়া লইতে বাধ্য হইলেন। ফল এই হইল যে, এক সপ্তাহের মধ্যে ইহারা তুই ভ্রাতা সপ্তম শ্রেণী হইতে অলঙ্কারের শ্রেণীতে উঠিয়া

এই শ্রেণীতেও একটু কৌতুকাবহ
ব্যাপার ঘটল। পঞ্চদশ বংসরের বালকের।
নয় বংসরের বালকদিগকে যেরূপ তাচ্ছিল্য
ও অবজ্ঞার চক্ষে দেখে, সেই শ্রেণীর
অপরাপর ছাত্রেরা ইহাদের হুই ভ্রাতাকে
প্রথমে সেইরূপ অবজ্ঞার ভাবে দেখিতে
লাগিল। কিন্তু হুই এক দিনের মধ্যেই
তাহারা দেখিল যে, পাঠ্যপুস্তকের অনেক
স্থল, যাহা তাহারা মভিধানের সাহায্য লইয়া
বহু প্রয়াসেও অবয় করিতে বা বুঝিতে
সক্ষম হয় না, এই বালক হুইটি তাহা
অনায়াগেই করে ও বুঝে। তখন তাহারা
ইহাদের সহিত সমবয়য়ের তায় সমান ভাবে
মিশিতে লাগিল।

১৮১২ সালের প্রারম্ভে স্পেন দেশে ফরাসীদিগের অবস্থান ক্রমেই এরপ আশক্ষাজনক ও সঙ্কটাপন্ন হইয়া উঠিতেছিল যে,
জেনারেল হুগো পত্নী ও পুত্রদিগকে আর সে
দেশে রাখা অসঙ্গত ও বিপদ্জনক মনে
করিলেন। জ্যেষ্ঠ পুত্র আবেলকে বাধ্য
হইয়া নিজের কাছে রাখিলেন, কিন্তু ইউজিন
ও ভিক্টরকে ভাহাদের মাতার সহিত ফ্রান্সে

প্যারিসে ফিরিয়া আসিয়া মাদাম হুগো তাঁহার পুত্রহয়কে শীঘ্র আরে কোন বিদ্যা-লয়ে পাঠাইলেন্না। তাহাদের শিকাকার্য্য

গৃহেই চলিতে লাগিল। লারিভিয়ের নামক একজন শিক্ষক ইহাদের ছই ভাতার গৃহশিক্ষক নিযুক্ত হইয়া ইহাদিগকে ল্যাটিন . পড়াইতে লা^{*}গিলেন। আরও এক প্রকারে জ্ঞানরদ্ধি ও মানসিক বিকাশ সাধিত হইতে লাগিল। মাদাম লগো নিজে পুস্তকপাঠের একান্ত অমুরাগিণী ছিলেন। একটি সাধারণ পুস্তকালয়ে তিনি বার্ষিক চাঁদা ত দিতেনই, তন্ব্যতীত রয়ল নামক একজন পুস্তকবিক্রেতার সহিত এইরূপ বন্দোবন্ত ছিল যে, ইউজিন ও ভিকৃটর ভাহার দোকানে গিয়া যে কোনও পুস্তক যত ইচ্ছা, লইয়া আসিবে। এই কার্যোর ভার পাইয়া ভ্রাতৃষ্যেরও নানাবিধ পুস্তক অধ্যয়ন করিবার স্থবিধা হইয়াছিল। দোকানে গিয়া মাতার জন্ম পুস্তক নির্বাচন উপলক্ষে কোন পুস্তক তাহাদের ভাল লাগিলে তাহারা দোকানে বসিয়াই সেই সব পুস্তক তিন চারি ঘণ্ট। করিয়া মনোযোগসহকারে পাঠ করিত। গদ্য, পদ্য, ইতিহাস, জীবন-রুত্ত, ভ্রমণ-রুত্তান্ত, বিজ্ঞান দকলই তাহারা একাগ্রচিত্তে পাঠ করিত। এইরূপে তাহারা क्रात्मा, जनएं यात्र ७ फिरफरतात श्रञ्चावनी পড়িয়া শেষ ক'রিয়াছিল। এমন কি,''Taub las" ও সেই শ্রেণীর অপরাপর উপ্তাস পর্যান্ত তাহার। পাঠ করিত। সর্বাপেক্ষা তাহাদের চিত্ত আকর্ষণ করিয়াছিল, কাপ্তেন কুকের অমণর্তান্ত। এই পুস্তক সেই সময়ে স্ক্ৰনপ্ৰিয় হইয়া উঠিয়াছিল।

নেপোলিয়নের সাথ্রাজ্যত্যাগের পর অষ্টাদশ লুই ফ্রান্সের সিংহাদনে প্রতিষ্ঠিত ইইয়াই জেনেরাল হুগোকে তাঁহার সামরিক

পদ হইতে অপসারিত করিলেন। কেননা বহিঃশক্ত কর্তৃক ফ্রান্স-আক্রমণে যে কেন্থ দুঢ়ভাবে বাধা দিয়াছিল, তাহারা সকলেই বুর্ব্বণদিগের বিষনয়নে পডিয়াছিল। জেনেরাল হুগো প্যারিদে ভবিষ্যতের পুত্রদ্বরের চিন্তায় হইলেন। তিনি সংকল ⊶कविद्यान (य, ইহাদিগকে "Ecole Polytechnique" এ দিতে হইবে। কিন্তু তৎপূর্বে সেখানে প্রবিষ্ট হইবার উপযোগী শিক্ষালাভের জন্ম প্রথমতঃ তাহাদিগকে অপর একটি বিভালয়ে ভর্ত্তি করিয়া দিলেন। বিভাগায়ের অধ্যক্ষের নাম, করডিয়র; তাঁহার সহকাণী-শিক্ষকের নাম, এই বিলালয়ে ডেকোটা। **৫বেশকালে** ইউজিনের বয়স প্রায় পনের ও ভিক্টরের তের।

বাণিজ্ঞা-ব্যবসায়ে থেমন দেখিতে পাওয়া যায় যে, সময়ে সময়ে কোন একটা বিশেষ দ্রব্যের মর্স্থম পড়িয়া যায়, সাহিত্যক্তেও সময়ে সময়ে তাহা ঘটে৷ এই সময়ে ১৮১৫ माल, भातिम कविजा-तहनात এकहा মরস্থম পড়িয়া গিয়াছিল। কবি অকবি, সুবোধ নির্কোধ, বালক যুবক প্রোঢ়, সকলেই কি এক অজ্ঞাত কারণে কবিতা রচনা করিতে সিরতিশয় সমুৎস্কুক হইয়া উঠিয়াছিল। তের বৎসরের ভিক্টর যে এই স্রোতে ভাসিয়া চলিবে, ইহাতে বিশ্বয়ের বিষয় কিছুই নাই; বরং তাহার পঞ্চে ইহা খুবই স্বাভাবিক, কেননা স্পেনে ঘাইবার পূর্ব্ব হইতেই, অর্থাৎ যখন তাহার বয়স সবে কবিতা-রচনার চেষ্টা সে আট বংসর, করিত। বলা বাছল্য যে, সে সকল দোষ-

বছল পদ্যমাত্র হইত, কবিতা হইত না। সে যহি। হউক, এই নৃতন বিদ্যালয়ে অধ্যয়ন-কালেই, অর্থাৎ ১৮১৫ হইতে ১৮১৮ পর্যান্ত, তাহার কবিতা লিখিবার আগ্রহ অতিমাত্র কবিতাক্ষেত্রে যত বর্দ্ধিত হইয়াছিল। প্রকারের পথ আছে, ভিক্টর সে সকলেরই পথিক হইয়া উঠিয়াছিল। আখ্যানকাব্য, খণ্ডকাব্য, গীতিকাব্য, শোকোচ্ছােুুুুুুুু, নাটক. প্রহস্ন, প্রহেলিকা, ক্ষুদ্র ক্ষুদ্র উপকথা, ওসিয়ানের অনুকরণ,•ভার্জিল ও হোরেসের অহুবাদ, কবিতাসম্বন্ধে এমন কোন বিষয় ছিল না, যাহাতে ভিক্টর হস্তক্ষেপ করিত ना। এমন কি, এই বয়পেই ভিক্টর এক-গীতিনাট্য পর্যান্ত থানি হাস্তরসাত্মক লিখিয়াছিল।

এই সময় তিনি যাহা কিছু লিখিতেন তাহা কেবলমাত্র তির্ন জন পরম আগ্রীয় ও বন্ধুকে পড়িয়া গুনাইতেন। সে তিন জন, তাঁহার মাতা, তাঁহার ভ্রাতা ইউজিন ও বিশিষ্ট সুহাদ বিস্থারা। এই তিন জন নিজ নিজ জ্ঞান বুদ্ধি ও রুচি অফুসারে এই সকল রচনার দোষগুণ নির্দেশ করিতেন। কিন্তু তাঁহার রচনার সর্বাপেক্ষা কঠোর বিচারক ছিলেন তিনি নিজে। তাঁহার নিয়ম এই ছিল যে, একখানি খাঙা বাঁধিয়া লইয়া তাহাতে তিনি কবিতা লিখিয়া যাইতেন। একখানি খাত। নিঃশেষ হইলে আর একখানি খাতা বাঁধিয়া লইয়া লিখিতেন। অভ্যাদের দক্ষে দক্ষে তাঁহার কাব্যুরস্-গ্রাহিতারও উৎকর্য সাধিত হইত। তখন আর তাঁহার নিঃশেষিত খাতার লিখিত কবিতাসকল ভাল লাগিত না; তিনি সে

খাতাথানি পোড়াইয়া ফেলিতেন। এইরপে সেই সময়কার অনেক খাতাই তিনি নিজেই বিনষ্ট করিয়া ফেলিয়াছিলেন। আমাদের বঙ্গীয় নবীন কবিগণ এমন মহদুষ্ঠান্তের ও আদর্শের অনুসরণ করেন না কেন ? করিলে যে বঙ্গভাষা ও সাহিতা হইতে অনেক জঞ্জীল দূরীভূত হয়, তাহা নিঃসন্দেহ।

এই কবিতা-রচনাব্যাপার লইয়া এক বার একটা বিভ্রাট ঘটিয়াছিল ; তাহা কৌতুকাবহও বটে, নিতান্ত অস দত বলিয়া शश्रुकनक उत्रो। शृर्त्व तिवाशिह, स्म সময়ে কবিতা-রচনার একটা আকস্মিক মরস্থম পড়িয়া গিয়াছিল। ভিক্টর নিজে ত লিখিতেনই: াঁহার অগ্রজ ইড়িছেন . লিখিতেন, তাঁহার একান্ত সুহৃদ বিস্থারা লিখিতেন এবং বিভাগনয়ের গণিতের অধ্যাপক ডেকোটিও লিখিতেম। বিভালয়ের ছাত্র ও অধ্যাপকের মধ্যে যে কোন প্রতিদন্দিতা থাকে, ইহা ডেকোটি তুই চক্ষে দেখিতে পারিতেন না। ভিক্টর হুগোর ক্বিতালেখার উপর তিনি বড়ই বিরূপ ছিলেন। কিন্তু নানা প্রকারে প্রয়াস সত্ত্বেও তিনি ভিক্টরের কবিতা লেখা বন্ধ করিতে পারেন নাই। রাত্রে ভিক্টর নিজ কক্ষের হার রুদ্ধ করিয়া অর্দ্ধরাতি জাগিয়া কবিতা লিখিতেন এবং তাহা অতি সাবধানে নিজের টেবিলের দেরাজে বন্ধ করিয়া রাখিতেন। এক দিন তিনি নি কক্ষে প্রত্যাবর্ত্তন করিয়া দেখিলেন, তাঁহার দেরাজ খোলা পড়িয়া আছে ও কাগজপত্ত সমত্ত অপহত ইইয়াছে। অপহরণকারী যে কে, তাহা বুঝিতে ভিক্টরের অণুমাত্র বিলম্ব

হইল না। তিনি কুদ্ধ হইয়া ডেকোটির
নিকটে ষাইতে উন্মত হইয়াছেন, এমন
সময়ে ডেকোটীই তাঁহাকে ডাকাইয়া
পাঠাইলেন। তিনি গিয়া দেখিলেন যে,
অধ্যাপক ডেকোটী ও অধ্যক্ষ কর্ডিয়ার
উপ্রেই অতি গস্তীর ও অধ্যক্ষ কর্ডিয়ার
বিষয়াছেন• এবং সম্মুখে টেবিলের উপর
তাঁহার সমস্ত কাগজপত্র ছড়াইয়া পড়িয়া
আছে। তাঁহাকে সম্বোধন করিয়া অতি
গস্তীরভাবে ও কঠোরস্বরে ডেকোটী
বলিলেন—"আমি ত তোমাকে কবিতা
লিখিতে নিধেধ করিয়াছি "

কিছুমাত্র ভীত না হইয়া ভিক্টর দৃঢ় কেঠে উত্তর করিলেন—"আমি ত আপনাকে আমার দেরাজ ভাঙ্গিবার অধিকার দিই নাই।"

ডেকোটী বড় গপ্রতিত হইলেন। তিনি

মনে করিয়াছিলেন যে তিক্টরকে অধ্যুক্ত
অপরাধীর ক্যায় বিনাত ও ক্ষমাপ্রার্থীরূপে
দেখিতে পাইবেন। তাহা দুরে থাকুক,

এখন ভিক্টরই ক্রুদ্ধ অভিযোগকারী ও ভেকোটী অভিযুক্ত অপরাধী হইরা দাঁড়াইলেন। তিনি যখন দেখিলেন ও বুঝিলেন যে, বিচারকের ও শাসকের গর্বিত উন্ধত ভাবে ও বাক্যে কোন ফল হইল না, তখন বলিলেন—"যখন তুমি অবাধ্য হইয়াও এত ধানি স্পর্কা করিতেছ, তখন এই মুহুর্ত্ত হইতেই এই বিদ্যালয়ের সঙ্গে তোমার সম্পর্ক রহিত হইল।"

নির্তীক ভিক্টর অয়ানবদনে বলিলেন— "আমিও সেই কথা^ই আপনাকে বলিতে যাইতেছিলাম।"

বিদ্যালয়ের অধ্যক্ষ মগাশ্য বেগতিক দেখিয়া নিজে মধ্যস্থ হট্য়া ছাত্র ও অধ্যাপকের বিরোধ কোন প্রকারে এক প্রকার মিটমাট করিয়া দিলেন। তবে উভয়ের মধ্যে অন্তরের অপ্রসন্মতা ও মলিনতা দূর হইতে যে আরও অনেক সময় লাগিয়াছিল, এ কথা না বলিলেও চলে।

শ্রীচক্রশেখর মুখোপাধ্যায়।

বর্ণা শ্রম-ধর্ম।

বর্ণাশ্রমধর্ম ভারতবর্ষের সভাতা ও
সাধনার এক অপূর্বে সম্পত্তি। জগতের
আর কোথাও ইহা পাওয়া যায় না। বর্ণভেদ বা শ্রেণীভেদ অনেক দেশেই ছিল,
কোনও না কোন আকারে এখনো
রহিয়াছে। আমেরিকায় জাতিভেদ নাই,
কিন্তু এমন বিষম বর্ণভেদ আজিও বিভ্যমান

যে, জাতিভেদ-পীড়িত ভারতেও তাহা নাই, কখনও ছিল কি না সন্দেহ।

খৃষ্ঠীয়ান্ ইউরোপে জাতিভেদ নাই,
কিন্তু তাই বলিয়া যে ইউরোপেম মুবাজের
সন্মান ও সম্বদ্ধনা বেশী, মামুষের প্রতি
কেবল মানুষ বলিয়া যে একটা সত্য শ্রদ্ধা
আছে, দুর হইতে কল্পনার চক্ষে যাই দেখ

যাক না কেন,কাছে গিয়া প্রতিদিনের কার্য্য-কলাপ পর্থ করিয়া দেখিলে সে প্রতীতি জন্মেনা। এবং ভারতে জাতিভেদ সত্ত্বেও যে মকুষ্যত্বের প্রতি একটা গভীর শ্রদ্ধা, মাতুষকে কেবল মাতুষ বলিয়া নহে কিন্তু নারায়ণরূপে যে ভক্তি করিবার একটা ভাব, অন্তঃস্লিলার মৃত, প্রাণের ভিতরে ভিতরে এখনও প্রতিষ্ঠিত রহিয়াছে, এরপ ভাব ক্ষচিৎ কোন খৃষ্ঠীয়ান্ ভক্তের মধ্যে থাকিলেও, সামা-মেত্রী-স্বাধীনতার ধ্বজা-ধারী ইউরোপীয় সমাজে একান্তই নিরল। এ ভাব থাকিলে ইউরোপে ধনী-সম্প্রদায় যে চকে দরিদ্রকে চির্দিন আদিয়াছে, আর সমগ্র খেতাঙ্গসমাজ অপর বর্ণের লোকের প্রতি যে অস্থিমজ্জাগত ঘুণার ভাব পোষণ করে, তাহা কখনই সম্ভব হইত না।

ইউরোপে জাতিভেদ নাই, শ্রেণীভেদ আছে; এ কথা দকলেই জানেন ও মানেন। আমাকে যদি জিজ্ঞাসা কর যে এ হুইয়ের কোন্টাকে বেশী পছন্দ করি, আমার প্রথম উত্তর এই যে, ইহার কোনোটাকেই আমি সত্য ও স্বাভাবিক বলিয়া মনে করি না। ভারতে আজ যে আকারে জাতিভেদ আছে ও ইউরোপে যে শ্রেণীভেদ প্রবল, এ হু'ই মসুস্তর-বিকাশের মন্তরায়। মামুষের মধ্যে যে দেবতা আছেন, এ হুইয়ের কোনবাবস্থাতেই তাঁহাকে ভাল করিয়া ফুটাইয়া তুলিতে দেয় না। কিন্তু যদি বল যে, এই হুইয়ের একটীকে আমায় লইতেই হুইবে, তৃতীয় পছা আর নাই; তবে আমি ঐকান্তিক অরুষ্ঠার সহিত বলিব—"আমার নিজের

জাতিভেদকেই আমায় রাথিতে দাও, বিলাতের শ্রেণীভেদের দারা আমার এই পুরুষপরম্পরাগত জাতিভেদকে আমি তাডাইয়া দিতে রাজি নহি।"

আধুনিক শিক্ষাপ্রাপ্ত অনেক বৃদ্ধুই এ কথার তীব্র প্রতিবাদ করিবেন, জানি। আর যে সকল রক্ষণশীল বন্ধু আমাকে এই জন্ম সাধুবাদ করিবেন, তাঁরাও যে আমার এ কথার মর্ম বুঝবেন না ইহাও দেখিতেছি। তব্ও বলি, আমাদের জাতিভেদ যতই মনদ হউক না, বিলাতের শ্রেণীভেদ হইতে অশেষ গুণে শ্রেষ্ঠ।

আপনার বস্তর প্রতি মান্তবের স্বার্ভাবিক যে মমতা আছে তারই প্রেরণায় এ কথা বলিতেছি, এমনও কেহ মনে করিবেন না।, পামি ইংরেজ বা শামেরিকান্ হইলেও এই কথাই বলিতাম। এমন ইংরেজ ও আমেরিকার্নও দেখিয়াছি, যাঁদের স্বদেশ ভক্তি কম নহে, আর যাঁরা নিজেদের সমাজের শ্রেণীভেদের সমুদায় দোষগুণের সম্পূর্ণ ওয়াকেব হইয়াও স্বক্ষান্টতে আমার এ কথার সায় দিয়া থাকেন।

আমাদের জাতিভেদের প্রধান দোষ এই

যে, ইহাতে কিছুতেই মাকুষকে আপনার

জন্মের বাঁধন কাটাইয়া উঠিতে দেয় না।

যে নীচ জাতে জনিল কিছুতেই তার উঁচু

জাতের সঙ্গে এক পংক্তিতে বিগবাধ
অধিকার বা অবসর হয় না। শ্রেণীভেদের

বিশেষ গুণ এই যে, গুণী হইলে যে কেইই

এই জন্মের বাঁধন কাটাইয়া উঠিতে পারে।
অতি নীচ ঘরে যে জন্মাইল সে-ও আপনার
গুণের প্রধাণ দিতে পারিলে অনায়াসে বা

স্বন্ধায়াদে শ্লেষ্ঠতম শ্রেণীতে যাইয়া বদিতে পারে।

এই যুক্তি অবলম্বনে যাঁর। ভারতের জাতিভেদের উপরে ইউরোপের শ্রেণীভেদের প্রাধান্ত প্রতিষ্ঠা করিতে যান, মনে হয় তাঁরা যেন একটা মোটা কথার পতি লক্ষা করিয়া দেখেন না। প্রথমতঃ তাঁহারা এইটা ভূলিয়। যান যে, ভারতের জাতিভেদ যতই কেন দুরতিক্রমণীয় হউক না, কখনই একান্ত অনতিক্রমণীয় ছিল না, আজিও নহে। পুরাণ ইতিহাসে নিয়তম জাতির সাধু ও সিদ্ধপুরুষদিগের ব্রাহ্মণ্যলাভের দৃষ্টাপ্ত রহিয়াছে। আজিও যাঁহাদিগকে সচরাচর অস্তাজ জাতি বলা যায়, সে সকল জাতির সাধু-মহাঙ্গনেরা ব্রাহ্মণাদি উচ্চ জাতির উপদেষ্টাও গুরুর মাদন পাইতেছেন ইহাও জানি। এই বাংলা দেশের নানা স্থানে সর্বাদাই এরূপ ঘটনা ঘটিতেছে। স্বুতরাং একান্তভাবেই যে জাতির প্রাচীর উল্লন্সন করা অসাধ্য, কিছুতেই এমন কথা বলা যায় না। সন্ন্যাস গ্রহণ করিলে সকলেই ব্লাতির অতীত হইয়া যায়। বৈঞ্চবতন্ত্রে করিলেই জাতির বাঁধন ভেক ধারণ কাটিয়া যায় কিন্তু সংসারত্যাগী সন্ন্যাসী বা ভেকধারী বৈফবের কণা এখানে বলিতেছি না; গৃহস্থ সাধুদিগের কথাই • বলিতেছি ৷ এরপ অনেক সাধু নিয় জাতে জনায়া গাইস্থ্যাশ্রম না ছাড়িয়াও উচ্চ জাতির লোকের উপদেষ্টা ও গুরু হইয়াছেন ও হইতেছেন।

তবে, এ দকল দৃষ্টান্ত অতি বিরল। ইহা মানিতেই হুইবে। আর কেন যে বিরল তাহার কারণও চোখের উপরেই পড়িয়া আছে।

ইউরোপেও নিয়শ্রেণীর লোকে উচ্চ শ্রেণীতে ঘাইতে পারেন। ভারতেও নিয়-জাতিতে জন্মিয়া উচ্চজাতির সমকক্ষ হইতে পারা যায়। শ্রেণীর বন্ধন বা জাতির বন্ধন গুইয়ের কোনটাই একান্ত অনতিক্রমণীয় নহে। তবে, পদ্ধার পার্থক্য আছে। যে পথে শ্রেণীর প্রাচীর ডিজাইতে পারা যায়, সে পথে জাতির প্রাচীর উল্লব্ডন করা সন্তব নহে।

বিলাতে অতি নীচ জালিয়ার ঘবে জিমিয়াও কোন ব্যক্তি অর্থ ও বিদ্যাবলে বলীয়ান হইলে ক্রমে লাটসভার সভ্য হইয়া দেশের আভিজাত শ্রেণীতে প্রবেশ করিতে পারেন ৷ কেবল অর্থের জোরে যে পারা যায় তাহ। মনে করিবেন না। বিদ্যার বলেই যে পারা যায় তাহাও কল্পনা করিবেন না । অর্থের চাবি দিয়া আভি-ভাত্যের দরজা খুলিতে হয়। বিদ্যার পালিস দিয়া, সহজ না হইলেও ক্বত্তিম উপায়ে কিয়ৎপরিমাণে আপনার কথাবার্তায় ও চাল-চলনে আভিজাতোর রংটা ফুটান আবশুক হয়। এটা নাকরিলে কেবল মর্থের জোরে অভিজাতসমাজের মধ্যে গিয়া বসিবার চেষ্টা করিলে, একেবারেই যে সফলতা লাভ করা যায় না তাহা নহে। কিন্তু সে সাফল্য 'হংস মধ্যে বকো যথা'র তায়ে একান্তই বিপত্তির কারণ হইয়া উঠে। তথাপি অর্থই বিলাতী সমাজে নিয়ন্তর হইতে উচ্চন্তরে যাইবার মুখ্য পথ।

বিলাতে অর্থের বলে নীচ হইতে উচু
হওয়া যায়। জাতিভেদ-পীড়িত ভারতে
অর্থের এ মর্যাদা নাই। এখানে জন্মের
বন্ধন ছাড়াইতে হইলে অর্থ নহে কিন্তু
পরমার্থের প্রয়োজন হয়। ধন-লাভ জ্ঞানভক্তি-লাভ অপেক্ষা সহজ। অর্থ-উপার্ছন
পারমার্থিক-সম্পদ-আহরণ অপেক্ষা অশেব
স্বল্লায়াসসাধ্য। প্রত্যেক সমাজেই অতি
স্বল্লসংখ্যক লোক পর্মার্থ-লাতে প্রয়াসী
হন, ইহাঁদের মধ্যে হচিৎ কোন ব্যক্তি সিদ্ধি
লাভ করিয়া থাকেন।

"মহুয়াণাং সহশ্রেষু কশ্চিৎ যততিসিদ্ধয়ে। যততামপি সিদ্ধানাম কশ্চিনাং বেত্তি

তত্ত্তঃ॥
সহস্র মধুন্ম মধ্যে কচিৎ কোনো ব্যক্তি
সিদ্ধির জন্ম যত্ন করেন। আর সাধনশীল
সিদ্ধপুরুষদিগের মধ্যে কচিৎ কোনো ব্যক্তি
আমাকে তত্ত্তাবে জানেন।

পরমার্থলাভ যে সমাজে নিয়জাতি হইতে উচ্চতর জাতিতে যাইবার একমাত্র পন্থা, সে সমাজে যে বছলোকে জন্মের বন্ধন কাটাইয়া উঠিতে পারে না, ইহা বিচিত্র নহে। ইংরেজসমাজ যে দাম লইয়া নিমপ্রেণীর লোককে উচ্চপ্রেণীতে যাইতে দেয়, হিন্দু-ভারতে কেহ সেই দাম দিয়া সামাজিক আভিজাত্য কিনিতে পারে না। ইহাই কেবন সত্য। নতুবা ভারতের জাতিভেদ একান্ত অনতিক্রমণীয় আর ইউরোপের শ্রেণীভেদ একান্তই অতিক্রমণীয়; কইয়ের মধ্যে এ পার্থক্য প্রতিক্রমণীয় ও অপরটা সহজে অতিক্রম করা যায় এ কথাই সত্য।

জাতিভেদ যতই কেন মন্দ হউক না,
তাতে মাহুষের মহুয়ুত্বকে চাপিয়া রাথে,
আর ইউরোপীয় শ্রেণভেদে রাথে না, এমন
কথাও নিঃসঙ্গোচে বলিতে পারি না।

বরং ইউরোপ যে প্রণালীতে নিম্ন-শ্রেণীকে উপরে তুলিয়া লয়, বোগ ছয় তাহাতেই মনুয়াত্ত-বিকাশের মেনী হানি হয়। ভারতবর্ষের চিরাগতে প্রণালীতে তাহার তত্তী আশক্ষা নাই বলিয়াই মনে হয়।

ইউরোপে টাকা দিয়া মাভিজাতা কেনা যায়। মাতুষ সমাজের পদম্য্যাদার কাঙাল সর্বত্তই। যেখানে টাকায় এ পদমর্য্যাদা কেনা যাইতে পারে, সেখানে টাকার আদর অবশু হৈ বেশী হইবে। এই জন্ম ইউরোপে টাকার দাম আমান্তের দেশ অপেক্ষা অনেক বেনা। আর যেখানেই টাকার দাম চড়িয়া যায় দেখানেই মন্তুত্ত্ব বলিতে মা কিছু বোঝায়, তাহার মূলা অনেকটা কমিয়া আসিবে, ইহা অনিবার্যা। ইউরোপে কি তাহাই হইতেছে না ? সে দেশে দারিদ্রা আমাদের পঞ্চমগাপাতকের টাকার মর্যাদা বাড়িলেই ভোগবিলাদের মাত্রা চড়িয়া যাইবে, ইহাও অবশ্রস্তাবী। যে সমাজে টাকার উপরে সমাজের পদ সন্মান-প্রাপ্তি এতটাই নির্ভর করে, দেখানে লোকে সর্পদাই আপনার অর্থ জাহির করিতে বাগ হইবে। ইহা হইতে সমাজে বাহ আড়মরের রুদ্ধি হইবেই হইবে। টাক।কজ়ি, বোড়:গাড়ী, বাগান-বাড়ী এ সকল যখন লোকে জাহির করিবার জন্ম একান্ত ব্যগ্র হইয়া উঠে, তখন সে সমাৰে প্ৰকৃত মনুষ্যত্ব ক্ৰমশঃ ক্ষীণ হইতে

ক্ষীণতর হইবে, ইহাতে আর আশ্চর্য্য কি १ এ পথ দৈবী সম্পদের পথ নহে—আন্তরী সম্পদেরই প্রশস্ত পথ। শ্রেণী-ভেনে এই আত্মঘাতী পস্থাকে কি প্রশস্ত করিয়া তুলে না १

ত্র জন্ত মনে হয় আমাদের জাতি-ভেদ যতই কেন নিন্দনীয় হউক না. বিলাত ও আমেরিকার শ্রেণীভেদ অপেক্ষা কিছুতেই হীনতর এ কথা বলা যায় না।

তবে জাতিভেদ যে আকারে এখন আমাদের সমাজে আছে তাহাও কোনো মতেই মঙ্গলজনক নহে। বিলাতি শ্রেণী-ভেদও তথৈবচ কিন্দা ততোধিক। গৃইয়ের •কোনটাই সামাজিক কল্যাণের সহায় নহে।

ফলতঃ আমার মনে হয় জাতিভেদ কথাটা আমাদিগের সভ্যতা ও সাধনার কথা নহে। শাস্ত্রেও এ কথা আছে কি না , জানি না। ঐকান্তিক অভেদজ্ঞান-লাভ যে শাধনার চিরন্তন লক্ষ্য, তাহাতে এরপ ভেদের কথা থাকা সম্ভব নহে। বর্ণাশ্রম-ধর্ম শাস্ত্রীয় কথা, এই ধর্মের উপরে হিন্দুর সভ্যতা ও সাধন। প্রতিষ্ঠিত, ইহাও সত্য। এই বর্ণাশ্রম-ধর্মের সাহায্যেই ভারতের অপেক্ষাকৃত অল্পদংখ্যক আর্য্যেরা আপনা-দিগের সাধনা ও সভ্যতাকে এই বিশাল ভূপতে বিবিধ জাতির অসংখ্য জনগণমধ্যে আাশ্চগ্যরূপে প্রতিষ্ঠিত করিতে পারিয়া-हिल्ला। এই वर्गाश्रम-भर्य-व्यवस्ति প্রাচীন ভারতে অনেক জাতি এক বহুমুখী সাধনার অন্তর্গত হইয়া এই বিশাল ও বছ-শाथ हिन्तूमभारकत धार्षिष्ठ। रहेग्राहिन। খৃষ্ঠীয়ান্ বা মুদলমানধর্মেয় স্থায়, ভারতের

আর্যাধর্ম একটা মতবদ্ধ ধর্ম নহে। মত-বদ্ধর্ম দকলকে প্রচারক ধর্ম বলা নায়। ভাব ও ভাষা এখানে হুই বিদেশী। মতবদ্ধ ধর্মকে ইংরাজাটি Credal Religion বলে। কতক গণি বিশেষ মংতই এ সকল ধ্র্মের পুচ্ছ-প্রতিষ্ঠা। এ সকল ধর্মের স্থিতি যে মতের উপরে এমন কথা বলা ঠিক নহে। অণর ধর্মের যেমন, সেইরূপ এ সকল ধর্ম্মেরও স্থিতি আচারে ও চরিত্রে, শুদ্ধ নতে নহে। কিন্তু ইহাদের [•]গতির মূল মত, আচার নহে। মত-প্রচারের দারাই এ সকল ্ধর্ম প্রথমে আপনাকে প্রসারিত করে। এই জন্মই ইহাদিগকে প্রচারক ধর্ম, বা ইংরেজাতে Missionary Religion বলে। এ সকল ধর্মে মতের প্রচার আগে, আচারের গুতিষ্ঠা পরে। ভারতের <mark>আর্য্যধর্ম</mark> এই শ্রেণীর ধর্ম নহে। খৃষ্ঠীয় বা মহন্দ্রদীয় তন্ত্র যেরূপে আপনাদিগের বিশেষ বিশেষ মত প্রচার করিয়া, আপনাদিগকে জগতে ছড়াইয়াছে, আর্যাধর্ম সেরপভাবে জগতে আপনাকে ছড়ায় নাই। তথাপি খৃষ্ঠীয় ধর্ম যেমন অখৃপীয়ান্কে খৃপীয়ান্ করিয়াছে, কিন্তা ইলসাম ধর্ম যেমন কাফেরকে কল্মা পড়াইয়া মুসলমান্ করিয়াছে, ভাগতের আগোরাও সেইরূপ অনার্য্যকে আর্য্য করিয়াছিলেন। অহিন্ যে কখনও হিন্দু হইতে পারে না, কথাটা নিতান্তই আধুনিক। হুন, শক প্রভৃতি অনেক প্রাচীন জাতি আদিং হিন্দু ছিলেন না, এখন শ্রেষ্ঠ হিন্দু বলিয়া পরিগণিত। বিরাট দাবিভ্সমাজ আগ্যতন্ত্রের বহিভূতি ছিল। কিন্ধু আজ সেই সমাজে হিন্দুয়ানীর প্রভাব

যেমন প্রবল, আর্য্য-সাধনার প্রাচীনতম শীলাভূমি উত্তর-ভারতে তেমনতর প্রবল নহে। তৃই তিন শতাকীর মধ্যে সমগ্র মণিপুরী জাতি হিন্দুর লাভ করিয়াছে। আজিও দেশের নানা স্থানে আমাদিগের অলক্ষিতে কত ক্ষুদ্ৰ ক্ষুদ্ৰ অনাৰ্য্য-গোষ্ঠী আর্য্যসমাজের অঙ্গী হৃত হইয়া যাইতেছে। আর্থাধর্ম মত প্রচার করিয়া ভিন্ন লিন সমাজের উপরে আপনাকে প্রতিষ্ঠিত করিবার চেষ্টা করে নাই। কিন্তু অতি প্রাচীন কাল হইতে ভারতের স্নাতন আর্য্য-সাধনা বিবিধ অনার্য্য সমাজে, আপনার বিশেষ সমাজ-তন্ত্রকে প্রতিষ্ঠিত করিয়া সেই সকল অনার্যা-সমাজকে আপনার অঙ্গীভূত করিয়াছে। এই বিশেষ আর্যাসমা *- তন্ত্রকেই বর্ণাশ্রম ধর্ম বলে।

হুদিনে পড়িয়া এই বর্ণাশ্রম-ধর্ম আশ্রম-বিহীন, স্থতরাং ধর্মচাত হইয়া বর্ণভেদে পরিণত হইয়াছে। বর্ণাশ্রম বলিয়া যাঁহারা একটা প্রবল কোলাহল তুলিয়াছেন, তাঁহারা বৰ্ণাশ্ৰম বলিতে প্ৰকৃত পক্ষে বিলাতী ছাঁচের ও বিদেশী ঝাঁজের একটা বিকট শ্রেণীভেদই বুঝিয়া থাকেন। একদল লোক যেমন ভারতের তথাকথিত জাতিভেদকে তাড়াইয়া, তাহার স্থানে বিলাতের আমদানা ষর্থ-প্রাণ, ভোগপ্রধান, পারুয়পূর্ণ, উগ্র-কর্মা, বিপ্লবাত্মক শ্রেণীভেদকে সম!জে প্রতিষ্ঠিত করিতে চাহিতেছেন, সেইরূপ আর একদল লোকে আশ্রমের ১র্থ ভূলিয়া ধর্মের মর্ম্মকে নিস্পীড়িত করিয়া বর্ণাশ্রম রক্ষা করিবার ছল করিয়া সেই আত্মঘাতী শ্রেণীভেদের আদর্শকে আপনাদিগের সমাজে

আনিয়া কেহ বা ব্রাহ্মণ-সভা কেহ বা বৈশ্র-সভা কেহ বা মাহিয়া-সভা করিতেছেন। বর্ণাশ্রম ধমের মর্মা বুঝিলে এ উৎকট চেষ্টায় কেহ প্রব্রন্ত ইইতেন না।

বর্ণাশ্রমধর্ম সমাস নিজ্পল শক। এ সমাস ছল্ব সমাস নহে। কিন্তু ছল্ব ও ষ্ঠাডিৎ-পুরুষ এই ছই সমাস এক হইয়া এই সমষ্টিকে গড়িয়াছে ৷ বর্ণ ও আশ্রম—বর্ণাশ্রম দ্দুসমাস, এই বর্ণাশ্রমের যে ধুমু তাহাই বণাশ্রম ধর্ম। বর্ণ হইতে আশ্রমকে পুথক করিলে যে বর্ণমাত্র অবশিষ্ট থাকে, তাহার উপরে বর্ণভেদ বা জাতিভেদকে প্রতিষ্ঠা করা যায়, কিন্তু বৰ্ণাশ্রমধর্ম তিষ্ঠিতে পারে না। বর্ণ ও আশ্রমের পরম্পরের সঙ্গে ্য প্রাচীন অঙ্গান্ধী সম্বন্ধ ছিল তাহা বর্ত্তমান সময়ে আছে কি 💡 এথন আশ্রম নাই বর্ণ আছে। স্থুতরাং ভারতে বর্ণাশ্রম আর নাই; বৰ্ণাশ্ৰমধৰ্মও নাই। আছে কেবল জাতিভেদ আর এ জাতিভেদ বস্তুটা কখনো প্রকৃত আর্যা-সাধনায় স্থান পাইয়াছিল বলিয়ামনে হয় না।

আৰ্যা-সাধনায় বৰ্ণ ও জাতি একই কথা কি না তাহাও বলিতে পারি না। গো জাতি, মমুষ্য জাতি এ সকল কথা আছে। দ্বিজাতি এ কথাও পাওয়া যায়, কিন্তু ব্ৰাহ্মণদিগকে জাতি বলা যাইত, না বৰ্ণ বলা যাইত ?

চাতুर्वर्गम् यशा ऋहेम्। গীতায় ভগবান এই কথাই বলিতেছেন। চারি জাতির সৃষ্টি করিয়াছি এমন কথা তো বলেন নাই। আর রণাশ্রমধর্মেও বর্ণ শব্দই বার-হত হইয়াছে, **জাতি 'শ**ক হয় নাই। এখানে বর্ণ শব্দের, অর্থ কি: १ এ কি রং না অকর १ আর্থ্য-অনার্থ্যে বর্ণভেদ ছিল, পণ্ডিতেরা এ
কথা বলেন। কিন্তু চতুর্ব্বর্ণের তিন বর্ণই
তো আর্থ্য-গোষ্ঠী-ভুক ছিল। স্কুতরাং বর্ণাশ্রমের যে বর্ণ, তাহা রংয়ের দ্বারা নির্ব্বাচিত
হুইন্নাছিল এমন মনে করা যায় না।
বিশেষতঃ চতুর্ব্বর্ণের প্রথম তিন বর্ণই কেবল,
আশ্রম-ধর্মের অধিকারী ছিলেন। শ্রের
সে অধিকার ছিল না। স্কুতরাং আর্থ্যে ও
অনার্থ্যে বর্ণভেদ প্রতিষ্ঠিত হয় নাই। ফলতঃ
বর্ণভেদ কথাটাই যেন আর্থ্য-সাধনার
বিরোধী বলিয়া মনে হয়। আর্থ্যেরা বর্ণ
বিভাগ করিয়াছিলেন, বর্ণভেদ প্রতিষ্ঠা

করিবার জন্ম ব্যগ্র হন নাই। কিন্তু দেই বর্ণাশ্রমধ্যের দ্বারাই তাঁহারা বর্ণ-বিভাগ করিয়াও, সত্য সতাই বর্ণভেদকে আপনাদের সমাজে প্রতিষ্ঠিত হইতে দেন নাই। বর্ণাশ্রমধ্যা এই জন্মই ভারতের সাধনার বিশেষ সম্পত্তি। এই বর্ণাশ্রমধ্যা যথন কালক্রমে মান হইয়া গেল, বর্ণ যথন আশ্রম হইতে, ও বর্ণ ও আশ্রম যথন ধর্ম হইতে বিচ্ছিন্ন ইইয়া পড়িল, তথনই পারমার্থিক সাম্য সাধনার জন্ম যে সমাজের জন্ম, সেই উদার সমাজে আত্রঘাতী বর্ণভেদের প্রতিষ্ঠা হইতে লাগিল। বর্ণভেদ বা জাতিভেদ বর্ণাশ্রমধ্যা নহে।

নবযুগের নববর্ষ

নববর্ষকে নব্যভারতের এবারকার একটি নবযুগের নববর্ধ বলিয়াই অভ্যর্থনা করিতে হইবে। ভারতবর্ষ এখন প্রবল পরাক্রান্ত রুটিশসাম্রাব্যের অন্তর্ভুত । সে সামাজ্য ভারতবর্ষে কিরুপে প্রতিষ্ঠালাভ করিতেছে, তাহার ইতিহাস বহু ভাগে বিভক্ত। তাহার যথাযোগ্য সমালোচনার সময় এখনও উপস্থিত হয় নাই বলিয়া, অনেক রাজকর্মচারী ভারতবর্ষের রটীশ সামাজ্যের প্রতিষ্ঠাতা বলিয়া কথিত হইয়া ইতিহাস সামাজ্য-প্রতিষ্ঠার • থাকেন। লিখিত হইলে, তাহাতে হয় ত অনেকের বিবেচিত উল্লেখযোগ্য বলিয়াও হইবে না।

ভারতবর্ধে র্টাশসাম্রাজ্য প্রতিষ্ঠিত হইবার পৃর্ধকাহিনী নিরবচ্ছিল বাণিজ্য-

কাহিনী। ইংরাজ বণিক্-সমিতির অপরাজিত
অধ্যবসায়ের কথাই তাহার প্রধান কথা।
তাহার মূলে কেবল অংশীদারগণের লাভের
লোভের কথা। তথনও তাহার অধিক
কোনরূপ উচ্চ আশা কাহারও কল্পনাক্ষেত্রেও প্রতিভাত হয় নাই। কিন্তু তাহাই
এখন ঘটনা-চক্রে সমগ্র ইংরাজজাতির
অসামান্ত অভ্যাদয়-কাহিনীর প্রধান কথা
বলিয়া বিশ্ববিধ্যাত হইয়াছে।

যে যুগে প্রাচ্য-বাণিজ্যের প্রবল প্রলোভন ইংরাজগণকে নিরতিশয় প্রলুক করিয়া তুলিয়াছিল, সে যুগে ইংরাজ-শক্তি প্রবল শক্তি বলিয়া পরিচিত ছিল না। আকম্মিক ঝঞ্চাবাতে ''আরমাডা"নামক নৌবাহিনী সমুদ্রপথে বিপর্যান্ত না হইলে, ইংলণ্ডের ইতিহাস কিরূপ আকার ধারণ করিত, ত্রিষয়ে সংশয়ের অভাব ছিল না। কিন্তু সেই যুগেও অকুতোভয়তাই ইংরাজজাতির প্রধান অবলম্বন বলিয়া প্রিচিত করিয়াই, তাহার উপর নির্ভর প্রতিদদীর প্রতিযোগিতা পরাভূত করিয়া, ভারত-বাণিজ্যে লাভবান্ হইবার আশায়. ইংরাজ-বণিক্-সমিতি মূলধন-সংগ্রহে প্রবৃত্ত হইয়াছিলেন। তাহা বড সহজ্ঞ निकर्पारा स्मल्लन रहा नीहे। ध्येशमरादित বাণিজ্য-যাত্রা সফল নাঁহইলে, বণিক-সমিতি অধাবসায়-প্রকাশের অবসর লাভ করিতেন কি না, তদ্বিধয়েও সংশয়ের অভাব ছিল না।

তাঁহার। যে বাণিজ্য-যাত্রায় অগ্রসর হইয়াছিলেন, তাহাকে প্রকৃত ভারত বাণিজ্য বলিয়া অভিহিত করা যায় ना ;-- তাহা প্রাচ্য মহাসাগরের অনির্দিষ্ট বাণিজ্য। কারণ, ইউরোপের অন্যান্য প্রবন্দ জাতি ভারত-वां शिक्षा व्यक्षिकात कतिया ताथिया हिल्ला। তৎকালে ভারতবর্ষে সাম্রাজ্য-প্রতিষ্ঠার উপস্থিত কোনরূপ স্থুযোগ থাকিলে. তাঁহারাই সে স্থােগের ফললাভ করিতে পারিতেন। কিন্তু ভারতবর্ষ তথনও একটি পরাক্রান্ত প্রাচ্য সামাজ্য ব্লিয়াই সুপরিচিত ছিল। উত্তরকালে, সে সাম্রাব্ধা, তাহার অন্তনিহিত বিধেষ-বহ্নিতেই ভক্ষাভূত হইয়া গিয়াছিল! সেই শুশানভূমির উপর ইংরাজ-বণিক্-সমিতির বিজয়-স্তম্ভ প্রতিষ্ঠা লাভ করিয়াছে। তাহা অচিন্তিত-পূর্ব আকস্মিক ঘটনা ; নিরতিশয় বিশ্বয়ের ব্যাপার বলিয়াই অভিহিত হইবার যোগ্য।

তথনকার ইংরাজ-বণিক্-সমিতির লাভের

লোভ প্রবল থাকিতেও, ক্ষজির আশহা তুলারপেই প্রবল বলিয়া পরিচিত ছিল। পুরাতন দপ্তরের কাগজ-পত্রে তাহার কথাই প্রধান কথা। রাজ-কার্য্যে লিপ্ত হইয়া, রাষ্ট্রবিপ্লবের ঘূর্ণাবর্ত্তের নিকটবর্ত্তী হইলে, বাণিজ্য-ব্যাপার ক্ষতিগ্রস্ত হইতে পারে বলিয়া, একদিকে যেমন ইংরাজ-বণিক্ সমিতিকে প্রবল আশঙ্কা স্রবদা স্তর্ক করিয়া রাখিত; অন্তদিকে, সেইরূপ সতর্কতাই, বাণিজ্য-রক্ষার থাতিরে ताककार्या निश्व दहेवात তাঁহাদিগকে প্রয়োজন স্বীকার করিতেও বাধ্য করিত। সুতরাং সামাজ্য-প্রতিষ্ঠার প্রথম যুগের সর্কল কথাই বাণিজ্যের কথা। তাহার জন্মই "পলাশির যুদ্ধ;"—ভাহার জ্ঞাই "দেওয়ানী সনন্দ'' গ্ৰহণ।

তৎকালে শাক্ষা—শোষণকার্য্য এবং শোষণের জন্য শাসনকার্য্য প্রধান রাজকার্য্য বলিয়া পরিচিত ছিল। সেই জন্ত, অল্পকালের মধ্যেই, ইংরাজ বণিক্-সমিতি শাসনকার্য্যের তার গ্রহণ করিতেও সম্মত হইয়াছিলেন। যথাকালে রাজস্ব সংগ্রহ করাই সেকালের লক্ষ্য ছিল; তাহার জন্ত "মন্বস্তরের" সময়, ক্রষককুল প্রায় নির্মান্তল হইয়া গিয়াছিল! রাজস্ব-সংগ্রহের লালসা প্রবল ছিল বলিয়াই, ক্রমকের প্রতি দৃষ্টিপাত না করিয়া, ভ্রামীর প্রতি দৃষ্টিপাত করিয়াই, রাজস্ব-বিধি গঠিত হইয়াছিল।

প্রজাপালনই যে সর্বশ্রেষ্ঠ রাজধর্ম, সে
কথা কখন কখন সাধারণভাবে উল্লিখিত
হুইলেও, বণিক্-সমিতি তাহাকে মুলধর্ম
বিলয়া গ্রহণ করিতে পারিতেন না।

হয়। কিয় সে কথা এখন বলিতেছি না।
বৈশ্ববিকাৰ বিলাগেই এখন আমার
লক্ষ্য। বৈশ্ববৃদ্ধবিচায় যে একটা ঝলার
শুনিতে পাওয়া যায়, সেই ঝলারে যে একটু
রহস্তের ভাব আছে, তাহা বড় উপাদেয়।
গানের প্রধান অল যেমন সুর, গৌণতঃ
ভাব, তেমনি বৈশ্বব কবিতায় এই ঝলারই
তাহার প্রথম কৌশন। আমরা যখন
বৈশ্ববিকাবিতা পড়ি তখন প্রথমে আরুই
হই তাহার রহস্তময়ী ভাষাদারা, তার পর
তাহার ভাবের দিকে নজর পড়ে। এই
ভাষার একটা বৈচিত্র্য এই যে ইহা দারা
যেন ভাবনী ছন্দে ও সুরে বাঁধা পড়িয়া
বাঁয়।

় স্থিরে ভাল করি পেখন না ভেল। মেঘ লতা সঙে তড়িত লতা জ্ঞু

क्रम्य (अन (प्रति (शन। থকটা অনির্বাচনীয় ভর। স্থুরের সহিত কাণের ভিতর বাঙ্গিয়া উঠে। ইহা গানের আলাপের মত কথার অপেক্ষা রাখে না, ভাবের বালিতাকে প্রকাশ হইবার অবসর निट हार ना। अभि कतिया देव छव-কবির পদাবলী আমাদের হৃদয়ে একটা স্থরের মোহ স্থজন করে। কোকিল বা পাপিয়ার কৃজনের অর্ণ বাহির করিয়া আমরা ভাহার মিষ্টতা উপভোগ করি না. তাই। শুনিলেই মিষ্ট লাগে। কোমল ভাবে ভরপুর বৈঞ্চকবির দ্বদয় এই স্থরে বিভোর रहेब्राছिन, डाहे व्यक्तिश्य वान्नानी देवस्व-कविष्टे अहे ভाষার সাহায়ে। তাঁহাদের পদাবলী রঙনা করিয়াছিলেন। স্বয়ং চণ্ডী-দাসও ইহার আশ্রয় লইগাছেন, তবে

শানেক কম মাত্রায়, এবং বৌধ হয়
বিদ্যাপতির সহিত সাক্ষাৎ হইবার পর।
জ্ঞানদাসের পদাবলীর মধ্যে অবিমিশ্র
বাঙ্গলাপদ কতকগুলি আছে, কিন্তু ওাঁহার
অধিকাংশ পদই "ব্রন্ধবৃলি"তে লিখিত,
অথবা ব্রন্ধবৃলিমিশ্রিত ভাষায় রচিত।

"গ্রামরি সোঙ্রি ভোঁহারি নাম।" रहे एँ छान्नात्नत भनावनीत रहेशारह। ब्लाननाम ও वजाज देवकवकिन গণের পদযোজনাবিষয়ে বিশেষত্ব এই যে, ইহার জন্ম তাঁহার৷ অত্যন্ত আয়াদ স্বীকার করিয়াছেন, অথবা ইহারই প্রতি তাঁহাদের দৃষ্টি আবদ্ধ ছিল, তাহা কোথাও মনে হয় না। যেখানে যাহা আসিয়া পড়িয়াছে তাহাই তাহারা বদাইয়া গিয়াছেন, কাটছ টি कतिवात अशाम करतन नारे, कथा वाष्ट्रिश গিয়াছে কি কথা পড়িয়া গিয়াছে, অত ভাবিবার তাঁহাদের প্রবৃত্তি বা সময় ছিল না অথচ মনের উল্লাসে তাঁহারা যে গান গাহিয়া ছেন তাহা অনায়াসে সম্পাদিত হইলেও অদিকাংশ স্থলেই সুন্দর ভঙ্গীতে মনোহর ছন্দে । আত্মপ্রকাশ করিয়াছে। সেই আত্ম-প্রকাশ বহু বৈচিত্রাময়, এবং প্রায় সর্ববত্তই ভাবের উপযুক্ত। কবি জ্ঞানদাস রাস-লীলার আনন্দ কেমন স্থুন্দররূপে প্রকাশ করিয়াছেন তাহা দেখিবার যোগ্য।

দেখরি সথি শ্রামচন্দ
ইন্দু বদনী রাধিকা।
বিবিধযন্ত্র যুবতীর্ন্দ
গাওয়ে রাগ মালিকা॥
মন্দ পবন কুঞ্জতবন
কুমুম গন্ধ মাধুরী।

নব গমাজ মদণ রাজ ভ্রমর ভ্রমণ চাতুরী॥ গতি হলাল তরল তাল नाटि निनी निन श्रुत। করত হাত প্রাণ নাথ ্রাই তাহে অধিক পূর॥ পরশ ভোর অংগ অংগ কেহু রংত কাহু ক ধকার। জ্ঞানদাস কহত রাগ रिषहन कनाम विक्ती (कात्। মনের আনন্দে হৃদয়ের নৃত্যশীল গতি থেন এই কবিতার ছন্দের সহিত জড়িত হইয় রহিয়াছে। এই একটা মাত্র ছন্দে জ্ঞানদাসের রাসানন্দ পর্যাবসিত হয় নাই, বছবিধ নৃত্ন ছন্দোবন্ধে তাহা প্রকাশিত হইয়াছে।

কুসুম নব কিসলয় চন্দ্ৰ চান্দ মন্দ পবন পিক রাব। বরিহা কপোত জোড়ে জোড়ে নাচত চিতক নিজ পর মাব॥ ভালিরে ভালি অভিসার মদন সমাক্ষে। রাধারদবতী অতিরসে আরতি কামু রসিকবর রাজে॥ রঞ্জন মনসিজ কুসুমিত কুঞ্জহি नव नव त्रिक्षिनी (मिलि। রসময় ভৃঙ্গ ক তহঁরস মধুকরী ভ্রমি ভ্রমি করু রস কেলি॥ ধনিরে ধনিরে ধনি ছহুঁরূপ লাবণি ধনি বেদ গবি কত ভাঁতি। আর কে কহ কত হ্হুরসে উনমত জ্ঞান কহে নাহি দিন রাতি 🕨

আরও কতকগুলি, ছন্দের পরিচয় আমরা

এইখানে দিতেছি—

এই ছন্দে জয়দেবের প্রভাব বিলক্ষণ অনুভূত হয়।

ন্পুর থ্থুর মধুর বোল,
ঝনন ঝনন নটন রোল
হাসি হাসি কেহ করত কোল
ভালি ভালি বোলনী।
জ্ঞানদাস পড়ত তাল
গায়ত মধুর অতি রসাল
গণত ভুগত জগত উমত

वन । भूठनी (माननी ॥ এই ছন্দগুলির একটা মূর্ত্তি আছে, বচন-বিক্যাদের প্রতি দৃষ্টি পড়িবার পূর্বেই শুধু ম্পন্দনে স্থরের সলিল-হিল্লোলে আমরা কবির 'হাদয় পুত্রী দোলনী" স্পষ্ট অনুভব করিতে পারি; কেবল ছন্দের গুণেই আনন্দরদ মৃর্তিমান্ হইয়া আমাদের প্রাণে ঘাতপ্রতিঘাতের সৃষ্টি করে। ভাবব্যঞ্জক বাক্যাবলীর প্রতিলক্ষ্য ধাবিত ও নিবদ্ধ হইবার প্রয়োজন হয় না, কবির অভিপ্রেত ভাব আপনি যেন ডছলিয়া উঠিয়া আমাদের সন্মুখেই উপস্থিত হয়। কাব্যশিল্পে এ কৌশল বোধ হয় বঙ্গসাহিত্যে প্রথমে বৈষ্ণবকবিচ আমদানী করিয়াছেন। সঙ্গীত-কলায় যেমন তালের ও সুরের পার্থক্যে অনেক ভাবের পার্থক্য আসে তেমনি কাব্য-কলায়ও যে হইছে পারে তাহা বঙ্গ-সাহিত্যে প্রথম দেখাইয়াছেন কবিকুল; এই জন্ম বন্ধণাহিত্য চিরদিন তাঁহাদের কাছে ঋণী থাকিবে ৷

তাই বলিয়। বৈষ্ণবক্ষি যে ছন্দ শইয়া ব্যতিব্যস্ত হইয়া পড়িয়াছিলেন তাহা নহে; অদমের বিভিন্ন ভাবের অনুগামিনী ভাষা বৈষ্ণব বিষ্ণুৰ্মান্তেরই পক্ষে স্বাভাবিক, যায়, তাহা হইলে তাঁহার স্থান তুই এক বৈষ্ণবক্ষিক ছন্দের তারতম্যও তেমনি জনের নীচে হইতে পারে, এহদধিক নিম্রে স্বাভাবিক কারণে উৎপন্ন হইয়াছে। লোকে যাইবে না। এ কথা অবশু বলাই নিপ্রয়োজানকিত হইলে এক রকম কথা কয়, জন যে জ্ঞানদাসের কবিতায় বিদ্যাপতি ও বাথিত হইলে অতা রকম কথা কয়, রাগিলে চণ্ডীদঃসের প্রভাব সম্পূর্ণরূপে দেদীপামান তাহার ভাষা অত্যরূপ ধারণ করে; যে নিতাত রহিয়াছে, এমন কি অনেক স্থলে অতাত্ত কব্রেমতার জালে আবদ্ধ নহে, সে কোনও বৈক্ষবক্ষরির তায় তিনিও, বিদ্যাপতির সময়েই বাছিয়া বাছিয়া কলা সাজাইয়া মনের ও চণ্ডীদাসের কথাগুলি লইয়া নিজের পদাভাব ব্যক্ত করে না, যখন যেটা আসিয়া পড়ে বলীর দৌর্চ্চব সাধন করিতেও কুঠিত হন সেই কথাতেই ভাব ব্যক্ত করে। বৈক্ষবন নাই। বঙ্গদর্শনে ইতিপূর্ব্যে "গৌবিন্দুক্ষির ছন্দেও এইরপ স্বভাব-সরলতা দাস" প্রবন্ধে আমি বুঝাইয়াছি যে, ইহাতে বিত্যমান। ইহাদের কাব্যে আনন্দের জ্ঞানদাসের লচ্ছিত হইবার কোনও কারণ ভাবার মতনই বিধাদের ভাষা আছে. নাই, কারণ শিষ্য গুরুর অমুকরণ করিবে

বকুর লাগিয়া, সব তেরাগিত্ব

লোকে অপ্যশ কয়।

এধন আমার ক্য় অন্যজনা

ইহা কি প্রাণে সয়"

সই কত না রাখিব হিয়া॥

আমার বকুয়া আন বাড়ী যায়

আমার আঙ্গনা দিয়া॥

যে দিন দেখিব আপ্ন নয়নে

আন জন সঙ্গে কথা।

কেশ ছি ড় ফেলি বেশ দূর করি
ভাঙ্গিব আপ্ন মাথা॥

বলা বাহুলা দে, এ উদাহরণটা কবি জ্ঞানদাদের পদাবলা হইতে সংগৃহীত হইরাছে, এবং ভবিস্তুতে যে কোনও বিষয়ের উদাহরণ দিব তাহা ইংগরই পদসমষ্টি হইতে গৃহীত হইবে। এই খানে বলিয়া রাখি যে বৈষ্ণবদাহিত্যে জ্ঞানদাদের স্থান বিশেষ উন্নত; এমন কি বিষয়ের বহুষকে যদি স্থান-নিপ্রের অধিকারী বলিয়া ধরা

करनत नीरि ट्रेंटि পात्त, এ उपिक निया याहेरत ना। এ कथा खब्ध बनाहे निर्द्धारा-জন যে জ্ঞানদাণের কবিতায় বিদ্যাপতি ও চণ্ডীদঃসের প্রভাব সম্পূর্ণরূপে দেদীপ্যমান রহিয়াছে, এমন কি অনেক স্থলে অক্তান্ত বৈঞ্বকবির স্থায় তিনিওু বিদ্যাপতির ও চণ্ডीদাদের কথাগুলি লইয়া নিজের পদা-বঁলীর শৌষ্ঠব সাধন করিতেও কুষ্ঠিউ হন নাই। বঙ্গদর্শনে ইতিপূর্বে "গৌবিন্দ-দাপ" প্রবন্ধে আমি বুঝাইয়াছি যে, ইহাতে জ্ঞানদাদের লক্ষিত হইবার কোন্ও কারণ ন ই, কারণ শিষা গুরুর অমুকরণ করিবে ভাহাতে বিচিত্ৰতা কি ? জ্ঞানদাসে চণ্ডী-দাসের প্রভাব বেশী, কি বিদ্যাপতির প্রভাব বেশা; ইহার মীমাংসা হওয়া তুর্ঘট; কারণ যাঁহারা জ্ঞানদাসের সমগ্র রচনা পাঠ করিয়াছেন, তাঁগারা সহজেই বুঝিতে পারি-বেন যে তিনি, উভয় মহাকবির কাছ হই-তেই প্রচুর পরিমাণে ঋণ গ্রহণ করিয়াছেন। দে যাহা হৌক এ কথা বলিলে **অ**ত্যুক্তি হইবে না যে, এতৎ সত্ত্বেও জ্ঞানদাস বৈঞ্চব-সাহিত্যের, তথা সমস্ত বঙ্গসাহিত্যের, এক্টা উজ্জ্ব রয়। আমরা পরে বুঝাই ত চেষ্টা করিব যে, জ্ঞানদানে অনেক পরিমাণে চণ্ডী-দাসের ও বিদ্যাপতির সমন্বয় হইয়াছে। জ্ঞানদাসের স্বন্ধে সাধারণভাবে আপাততঃ এইটুকু বলিয়া রাখিলেই চলিবে; অত:-পর আমরা যে কথা বুঝাইতেছিলাম তাহাই আর একটু বিশদভাবে বুঝাইবার প্রয়াস পাইব।

আমরা বাক্য ও ছন্দসম্বন্ধে এত বিভূত

ভাবে অলোচনা করিতে প্রবৃত্ত হইয়াছি ক্রেন, তাহার কারণ নির্দ্ধোর্থ ফরাসী পণ্ডিত ভিক্টর কুজাার ফরাসীতে লিখিত গ্রন্থের শ্রীজ্যোতিরিজনাথ ঠাকুর মহাশয় কৃত অমুবাদ হইতে নিয়োদ্ত অংশটীর প্রতি পাঠকগণের দৃষ্টি ভিক্ষা করিতেছি। কুর্জা বলেন; "বাক্যুই কবিতার সাধনযন্ত্ৰ; কবিতা বাক্যকে আপনার উপযোগী করিয়া গড়িয়া नग्न, এবং আদর্শ-দোন্দর্গ প্রকার্শ করিবার জন্ম তাহাকে মনোবস্ততে পরিণত করে। কবিতা বাক্যকে ছন্দের দ্বারা স্তুন্দর করিয়া তোলে; বাক্যকে সামান্ত কণ্ঠস্বর ও দঙ্গীত এই উভয়ের মধ্যবর্তী করিয়া দাঁড় করায়; উহাকে এমন কিছু করিয়া তোলে যাহা মূর্ত্ত অমূর্ত্ত উভয়ই, যাহা আকৃতি ও দেহ-গঠনের ভায় সীমাবন্ধ, পরিকুট, সুনিক্তি; থাহা বর্ণছটার স্থায় জীবন্ত ভাবাপন্ন, যাহা ধ্বনির তায় মর্ম্মপার্শী ও অনন্ত। শব্দ স্বয়ং, বিশেষতঃ কবিতার নির্বাচিত ও রূপান্তরিত শব্দ, একটা প্রবল বিশ্বজনীন সক্ষেত।"

তাই বলিয়াছিলাম যে কবি জ্ঞানদাসের ছন্দে একটা এমন কিছু আছে যাহা মূর্ত্তি পরিগ্রহ করিয়া স্বচ্ছন্দে আপন মর্ম্ম বিজ্ঞাপন করে। যেমন আনন্দের ছন্দ, নিষাদের ছন্দ আমরা দেখাইয়াছি, তেমনি মনের অপরাপর ভাবাবলীর ছন্দও একা জ্ঞানদাসেই দেখিতে পাওয়া যায়। বৈয়্যবকবি মন্ত্র্যান্ত্রমর ছবি তুলিয়াছেন, এবং সেই ছবি ভাবের বর্ণে উজ্জ্ল করিয়া দেখাইয়াছেন। সেই চিত্তের প্রকাশ হইয়াছে ভাহাদের বাক্য ও ছন্দে। বাক্যের উপরই

ছন্দ প্রতিষ্ঠিত, যদিও ছন্দের এমন শক্তি আছে যদারা সে বাকোর উপর নির্ভরতা ত্যাগ করিয়া, আপনার গুণে আপনি প্রতিষ্ঠা লাভ করিতে পারে। কার্লি-দাসের কুমার-সম্ভবের রতিবিলাপের ছন্দের প্রতি মনে।নিবেশ করিলেই এ কথা বেশ হৃদয়ঙ্গম হইবে। যে সংস্কৃত কিছুই জানে না তাহার কাছে যদি এই রতিবিলাপ যথায়থ রীতি অমুসারে আর্ত্তি করা যায় তাহা হইলে দেও বুঝিতে পারিবে যে কবি বিষাদের গান গাহিতেছেন। জ্ঞানদাসের আর একটা পদ উঠাইয়া এই কথা সাব্যস্ত •করিবার চেষ্টা করিব। বসস্তকালে বিরহ-বিধুরা জীরাধা শৃক কুঞ্জবনে বিলাপ করিতে-ছেন, এই বিলাপ ব্ৰজ্বুলিতে গ্ৰথিত অতএব ইহাতে বাক্যের রহস্থাত্মক ভাবও যথেষ্ট রহিয়াছে, কিন্তু ইছা শুনিলেই বুঝা যাইবে যে, এই পদে কবি কোনও বিষাদের তান তুলিয়াছেন ঃ—

কুটল কুসুম নবকুঞ্জ কুটীর বন
কোকিল পঞ্চম গাবই রে।
মলয়ানীল হিম শিখরে সিধারল
পিয়া নিজ দেশ না আইব রে॥
অনিমিথ নিকট নহে মুখ নির্পিতে
তিরপিত নহি এ নয়ান।
এ সব সময় সহয়ে এত শাকই
অবলা কঠিন পরাণ।
চন্দন চাঁদ অধিক উতপাতই
উপবন অলি উতরোল।
সময় বসস্ত কাস্ত দুর দেশ
জানমু বিহি প্রতিকৃল॥

দিনে দিনে থীন তথ হিমে কমলিনী ব্দু না জানি, কি হয় পরজন্ত। জ্ঞানদাসু কহ কো সম্ঝায়ত শ্যামর নিকরণ অন্ত।

ু ইহার অর্থ সর্পাত্র উপলব্ধি না হইলেও, ছন্দের গতি পর্যাবেক্ষণ করিলেই বুঝা যায় যে এই পদে ক্রন্দনের ধ্বনি উঠিয়াছে। বসস্তের উল্লাস এবং বসস্তের বিষাদ কবি ছন্দের ভারতম্যে প্রকটিত করিতে পারিয়াছেন।

কিন্তু ছন্দ তো কেবল ভাবের বাহন মাতা; দেউলের বাহাবরণ যতই চাক্চিক্য-ময় হউক তাহার অভ্যন্তরে যদি দেবতা না থাকেন, তবে তাহার প্রয়োজনীয়তা বড়ই অল। তাই কবিতায় কেহ ছন্দ শাত্র দেখিতে চাহে না, দেখিতে চাহে তাহার इत्या कविजात श्रुत्य इन्द्र नर्ट-- ভाব। তত্রাচ কবিতার ছন্দ নিতান্ত অবহেলার বন্ত নহে, যে হেতু ছন্দদারা ভাব প্রকাশ করিবার বিশেষ স্থাবিধা হয়। পভা বে গভা নহে তাহা অনেকেই বিশ্বত হন তাই ছন্দের বিষয়ে এত কথা বলিলাম৷ তবে শুধু ছন্দ ভাল হইলেই যে কবিতা হয় তাহাও নহে, তাই কবিতার বাকা পরীকার প্রয়োজন হয়। কান্যের ভাবক্ষুর্ত্তি বাক্যেরই উপর নির্ভর করে—শুধু ছন্দের উপর নহে।

ৈ ক্ষব কবির শব্দ-চয়ন-শক্তি প্রশংসনীয়।
শব্দের শক্তি অনেক প্রকার, তাহার
মধ্যে বাঞ্জন। বোধ হয় প্রধান। এক একটী
কথায় যে ভাষাভিব্যাক্তর পরিচয় পাওয়া
যায় তাহা এই বাঞ্জনাশক্তির সাহায্যে।
ভোনদাসের পদাবলীর মধ্যে ইহার উদাহরণ

ব্দনেক মিলিবে। তাঁহার এক এক ্রিক্থার মধ্যে ভাবরাশি যেন লুকাইয়।
ব্যাছে।

সহজে ননীর পুতলি গোরী।

জারল বিরহ আনলে তোরি॥

এই "জারল" কথাটী মানের কত ভাব
প্রকাশ করিতে সক্ষম হইয়াছে, শেহের
কৈমন বিষাদমাখা চিত্র আঁকিয়াছে।

চলিতে না পারের সের ভরে।

আলস নয়নে অলস করে॥

*

শা জানিয়ে কিবা অন্তর সুখে।

কালের বদন চমকি চাও। ভাবে কেয়া ফুল ওর না পাও॥

আচরে কাঞ্চন ঝলকে মুখে।

কপোলে পুলক বেকড় দেখি।
প্রেম কলেবর ততহি স্থা।
এই পদের ভিতর অনেকগুলি কথা লক্ষ্য
করিবার উপযুক্ত; যথা রসের ভরে, অলস
ঝরৈ, ঝলকে চমকি চাও, ওর না পাও।
প্রতোক কথায় এক একটা বিভিন্ন ভাব
প্রকাশিত হইয়াছে। সমগ্র পূটিয়া উঠিয়াছে
ঠিক সেই মূর্তি, যাহা কালিদাসের অমর
ভূলিকায় ফুটিয়া উঠিয়া চিরকালের জন্ত
আমাদের হৃদয়ে স্থান গ্রহণ করিয়াছে—

তাং বীক্ষ্য বেপথুমতী সরসাগষ্টিঃ নিক্ষেপণায় পদমুদ্ধ ত মূদ্বহন্তী। মার্পাচলব্যতিকরা কুলিতেব সিদ্ধঃ

• देशनाधिताक्रजनमा न यशो न जस्त्री ॥

ুজনিকতক কথার সাহায়ে। কবি এক খানি
স্থানর চিত্রপট আমাদের কাছে উপস্থিত
ক'রয়াছেন। গ্রেমর প্রথম পরিচয়ে
লজ্জানম নব বধ্র নয়নের অবসন্ধতা এমন
স্থানরভাবে বড় অল্লই চিত্রিত হইয়াছে।
কবিবর জ্ঞান্দাস এইরপ অনেক স্থলেই
শক্ষাজ্জির দ্বারা ভাব প্রকটন করিতে
পারিষাছেস উদাহরণ—

প্রতি অংশ ঝলকে দাপুনি।

* * *

লোচন শোর লুকায়লি গোরী।
পুক: প্রুর করলি ধনী চোরী॥
প্রেম প্রস রস লীলা রস লহরী
হুহঁতমু ভাবে উদ্ধোর।

খ্রাম চিকনিয়া দে রাসে নির্মিল কে

কাব্যের বাক্য যে একটা সঙ্কেত ভাহা যে মূর্ত্ত অমূর্ত্ত এই গুলিতে তাহা বেশ দেখা यात्र। भक-वाक এই সকল लाम विरमय রূপে উদাহত হইয়াছে। বোধ হয় শেষের উদাহরণটীতে শুধু ব্যঞ্জনা-শক্তির প্রয়োগ হইয়াছে বলিলে ঠিক হইবে না, অলক্ষার-শান্ত্রমতে ইহাতে লক্ষণারও পরিচয় পাওয় যায়। ভাবে 'উজোর" ইহার মুখ্যার্থ ত্যাগ করিয়া অন্ম অর্গ গ্রহণ করিতে হইবে, অতএব ইহাতে শব্দের শক্ষণাশক্তির সুকণ কাৰ্যাই ব্যঞ্জনাদারাই প্রকাশিত হয়, ইহাই আৰক্ষারিকগণের মত। যস্ম প্রতীতিমাধাতুং লক্ষণং সমুপাস্মতে। ফলে শকৈক গন্মো চ ব্যঞ্জনান্নাপরা ক্রিয়া॥ কাবাপ্রকাশ--- ২য় উল্লাস। শ্ৰীক্তিদ্ৰেলাল বস্তু।

স্নেহের প্রতিদান

পল্লী-কাহিনী

মুকুন্দ পাল ও মুরারী পাল ছুই ভাই। মুকুন্দ মুরারী অপেক্ষা আট বৎসরের বড়। मुकूर्लं तराम यथन नग्न तरमत, स्में সময় তাহাদের পিতা গোপীনাথ পাল তিন দিনের জ্বরে ভবপারে প্রস্থান করিল। এক বৎসরের শিও মুরারীকে লইয়া তাহার জননী সৌদামিনী বিধবা হইল; নাবালক পুত্র হ'টিকে সে কিরুপে লালন পালন করিবে, কিরপেই বা সে হটি উদরান্নের সংস্থান করিবে তাহা স্থির করিতে না পারিয়া, বিধবা চতুর্দ্ধিক অস্ককার দেখিল; গুরুতর পতি-বিয়োগ-শোকের উপর হঃসহ অরচিন্তা তাহাকে ব্যাকুল করিয়া তুলিল। স্বামীর সংকার

শেষ হইলে বিধবা সিমন্তের সিন্দুর মৃছিয়া, হাতের নোয়া খুলিয়া, সাদা থান পরিয়া তাহার পিতার জ্ঞাতি ভাতা ত্রিলোচন সরকারের পা জড়াইয়া ধরিল, কাঁদিয়া বলিল, "কাকা, সংসারে আপনার বলিতে আপনি ভিন্ন আমার আর কেহই নাই, ষাহাতে আমার জাতু রক্ষা হয়, আপনি তার উপায় করুন। আপনি থাকিত্থে কার হুয়োরে দাসীগিরি করিতে যাইব ?"

ত্রিলোচন সরকার সরলপ্রকৃতি, ধার্মিক বৃদ্ধ। পাকা আমের মত টুক্টুকে গৌরবর্ণ, দাড়ি গোঁফ কামানো, মাধার প্রকাণ্ড টাক, ঘাড়ের দিকে মরুভূমিতে ওয়েশিসের মত অল্ল কয়েকগাছি কেশ ছিল, তাহা

শবের ক্রায় শুভ্র; কঠে তিনকটি তুলসী কাঠের মালা। সরকারী মহাশয় ভূসি মালের কারবার ক্রিয়া যথেষ্ট অর্থ সঞ্চয় করিয়া-ছিলেন, তাঁহার আড়তে অনেক শোকজন बाह्रिङ, এবং পরোপকারী সদাশয় সাধুব্যক্তি বলিয়া গ্রামে তাঁহার যথেষ্ট খ্যাতি ছিল। সোদামিনীর পিতা রামনারায়ণ সরকারের সহিত তাঁহার সম্ভাব ছিল না, রামনারায়ণ যতদিন বাচিয়া ছিলেন, ত্রিলোচনের অনিষ্ট-माध्रात्त क्रम कानिमन (हिंदो कि করেন নাই: রামনারায়ণের খলতায় অনেক সময় ত্রিলোচনকে যথেই ক্ষতি-গ্ৰন্থ হইতেও হইয়াছিল; একটি মিথ্যা মামলা বাধাইয়া রামনারায়ণ ত্রিলোচনের • অনেক টাকা নষ্ট করিয়াছিলেন। এই भक्त कातरण तामनाताग्ररणत পतिवातवर्शत উপর ত্রিলোচন জাতক্রোধ হইয়াছিলেন, এমন কি, তিনি রামনারায়ণের পরিবারস্থ কাহারও সহিত বাক্যালাপ পর্য্যন্ত করিতেন না; কিন্তু সদ্য-বিধবা সোদ।মিনীকে অঞ্-পূর্ণ নেত্রে তাঁহার চরণপ্রান্তে উপস্থিত হইয়া আশ্রয় ভিক্ষা করিতে দেখিয়া ত্রিলোচন পূৰ্ব্ব ক্ৰোধ বিশ্বত হইণেন, তিনি সৌদা-মিনীকে হাত ধরিয়া তুলিয়া কোমল স্বরে वितित्वन, "भाभाव ताजू यनि इ'रवनु। হুমুঠো শেতে পায় ভাহলে তুমিও পাবে। তোমাকে পরের হুয়োরে দাসীগিরি করতে হবে কেন ? আমার সংসারে কত লোক 'প্রতিপালন' হচ্ছে, আর তোমাকে ড্'মুঠো पिरन কি ৠামার সংসার ধেতে ष्राण श्राप ?"

तोमागिनी विषय, "वाभि मिस्वत

পেটের ভাবনা ভাবিনে কাকা, হুটো 'অপুষ্যি' নিয়েই হয়েছে আমার বিপদ।"

জিলোচন বলিলেন "অপুষ্ঠি আর কি, ভগবান ত কাকেও অপুষ্ঠি মনে করেন না; যিনি জীব দিয়েছেন তিনিই আহার দেবেন। তোমাকে কিছু ভাবতে হবে না মা, আমার সংসারে থেকেই ওরা 'মানুষ মুনিষ' হোক। রাজুকে বলে দেব দেব দুকুলকে আড়তের কাজ কর্ম শিখোবে।"

রাজু অর্থাৎ রাজাবলোচন ত্রিলোচনের একমাত্র পুত্র। রাজুই এখন ত্রিলোচনের সংসারের কর্ত্তা, সেই কাঞ্চকর্ম দেখে। মহা প্রভুর চরণচিন্তা, ভাগবতগ্রন্থপাঠ, সজ্জনপ্রসঙ্গ ও হরিকথার আলোচনা লইয়াই রদ্ধের জীবনসন্ধ্যা নিরুদ্ধেগে অতিবাহিত ইইতেছে।

সৌদামিনী বলিল "কাকা আপনার জামাই আমাদের কাঁকি দিয়ে চলে গেলেন, বাড়ীটা শাশানের মত গাঁ গাঁ করচে, ও বাড়ীতে আমার আর এক দণ্ড মন টিক্চে না। কি করে আমি থাকবো?"

• ত্রিলোচন 'রাধাক্কট' নামান্ধিত সুলোহিত হরিনামের ঝুলিটি ললাটে স্পর্শ করিয়া বলিলেন, "তুমি আমার বাড়ীতেই থাক্বে, আমার নিজের থেয়ে নেই, তুমিই মেয়ের মত সংসারের 'গিলিমো' করবে। বৌমা আমার বাতে ভুগচেন। সংসারের কাজকর্ম দেখাগুনা করে এমন 'গিলি ধরি' স্ত্রীলোক সংসারে কেউ নেই, তোমার উপর সেই ভার দিলাম।"

ইভিমধ্যে রাজু শড়ম পায়ে দিয়া ঠক্ ঠক্ করিতে করিজে দেই গৃহের বারাণ্ডায় উপস্থিত হইল, ত্রিলোচন তাহাকে ভাকিয়া বলিলেন, "রাজু, গোপীনাথ ত হঠাং মারা গেল, সৌলামিনীর কোন উপায়ই ত দেখ্-চিনে, গলায় ছুটো নাবালক ঝুল্চে, আমা-দের সংসারেও 'গিল্লি ধল্লি' মেয়েলোকের অভাব। আমি মনে করচি, তোর দিদি আমাদের সংসারে থেকেই 'প্রতিপালন' হোক, তুই কি বলিস্ ?"

*রাজু বলিল, "আমি আবার কি বলবো,
আপনার থেমন ইচ্ছা। আর আমরা পাক্তে
দিদি অন্ত কোথাও গতর থাটিয়ে খাবেন,
এও ত উচিত নয়। আপনি সক্ত
কথাই বলেছেন।"

ত্রিলোচন পুত্রের কথার সন্তুষ্ট হইর।
বলিলেন, "সংসারে কে কাকে থেতে পরতে
দের বল! সকলই লীলাময়ের লীলা,
তিনিই আগুন দিয়ে পোড়াচ্ছেন, আবার
জল দিয়ে জগৎ ঠাণ্ডা করেন. নিরাশ্রয়
আনাথের প্রতিপালন-ভার তিনিই নিচ্ছেন,
আমরা কেবল উপলক্ষ্য মাত্র। তা দেখিস্
স্থলাংয়ের বছ ছেলে মুকুলকে গোলাবাড়ীতে রেখে কাজকর্ম কিছু শিশুতে
পারিস্ কি না।"

রজু বলিল, "মুকুল নিতান্ত ছেলেমাকুষ, এখন ও কাজকর্ম কি শিখ্বে ? সে এখন কিছুদিন পাঠশালায় লিখুক, একটু জ্ঞান বুদ্ধি হলে কাজকর্ম শিখানো যাবে।"

ত্রিলোচন বলিল, "হাা সেই কথাই ভাল। ছেলেটাকে একটু লেখাপড়া শিখানো দরকার বটে।"

পরদিন গৌদামিনী ত্রিলোচনের গৃহে আশ্রম গ্রহণ করিল। মুকুন্দ গ্রামা পাঠ- শালার ভর্তি হইল। বে হততভাগিনী বিধবা সংসার-সমূদের ক্ল-কিনারা দেখিতে না পাইয়া উপেগে ও ভরে অবসর হই তেহিল, ভগবানের অনুগ্রহে তাহার অশন-বসনের ক্লেণ দূর হইল।

Ş

কয়েক বৎসর পাঠশালায় লেখাপড়া শিথিয়া মুকুন্দের হাতের লেখাটা বেশ পাকিয়া আসিলে, রাজু তাহাকে গোলাবাড়ীর কাজে নিযুক্ত করিল; মুকুন্দ বুদ্ধিমান, বিনয়ী ও আজ্ঞাবহ ছিল, কিছুদিনের মধ্যেই সে চালানী কারবারের কাজ বেশ বুঝিয়া লইল। সোদামিনী রাজুকে ধরিয়া একটি গরীবের মেয়ের সঙ্গে মুকুন্দের বিবাহ দিল। কর্ত্তা জিলোচন সরকার বৃদ্ধ হইয়াছিলেন, তিনি পুত্রের হচ্ছে সংসারের ভার দিয়া স্বয়ং শ্রীরন্দাবনে যাজা করিলেন, তাঁহার ইচ্ছা ছিল জীবনের অবশিষ্ট কাল তিনি সেই খানেই বাস করিবেন।

युक्क इ'ठाका উপार्क्डन कतिरुट्ह मिश्रा मिनामिनो ताकुरक बनिन "এতকাল ত্মি জামাকে ও আমার ছেলে ছটিকে প্রতিপালন করলে, সাধ করে ছেলের বিয়ে দিলেম, সেও ছ পয়সা আন্চে, এখন আমি মনে করিচ বাড়াতে গিয়েই থাকুবো।ছেলে ছটো থাক্তে, কর্তার ভিঁটেয় প্রদীপ জ্বলবে না, কি করে তা দেখি? ঈশ্বর্থ ইচ্ছায় বৌ এখন 'গিয়ি ধয়ি' হয়েছে, আমি তোমার সংসারে না থাক্লেও কোন অস্থবিধা হবে না। আর আমি তো বাড়ীর ছয়েরেই থাক্বো, যখন ডাক্বে তথনই আস্বো।"

রাজু বলিল, "এতদিন সংসারের সকল তার তোমার হাতে ছিল, আমরা নিশ্চিম্ত ছিলাম; তবে তোমরা থাক্তে পালজির তিঁটেয় একটা আলো জ্বলবে না এটাও ভাল দেখায় না। তা যা ভাল বোঝ, কর; বাবা আবার মনে না করের, এখানে তোমার থাকবার অস্থবিধা হলো বলে তুমি বাড়ী চলে যাছে।"

সোদামিনী বলিল, "না, কাকা তা কথনও মনে করবেন না। তোমার কত গুণ তা কি তিনি জানেন না? এতদিন তোমরা আমাকে যে ভাবে প্রতিপালন করলে, নিজের মায়ের পেটের ভাই ও বোনকে তেমন আদর যত্নে রাখে না; কি আর বলবো ভাই, নারায়ণ মধুস্থান গোমাকে চিরজীবী করে রাধুন। তোমার সোনার সংসার চির দিন উথ্লে উঠুক।"

এইরপ আশীর্কাদ করিয়া সৌদামিনী পালীপ্রান্তবর্তী স্বামী গৃহে ফিরিয়া গেল। অন্ধকার কুটীর দশবৎসর পরে আবার দীপালাকে উভ্জ্বল হইয়া উঠিল। যথাসময়ে সৌদামিনী পুত্রবধ্কে গৃহে আনিয়া আবার সংসার পাতিয়া বিসল। বৈচিত্র্যময় কর্মনরকভ্মিতে তাহার জীবন-নাটকের নৃতন দৃশ্রপট উন্তক্ত হইল।

मूक्न (निधन एक देमन्दर जान तक म लिखा निधि अपात नाहे, हे ता की किछ। ना निधि त बकारन ज जनमारक नमानत हम ना, ज्यर्यन्त्रन, मानमञ्जम ब मकनहे हे ता की निकात हे भेत निर्देश करत। मूक्न मूत्रात्रीरक शास्त्रत माहेनत कुरन ज्ञेष कित्रमा किन।

লেখাপড়ায় মুরারীর অসুরাগ ছিল, শৈশবেই তাহার হৃদয়ে উচ্চাভিলাষ প্রবল ष्टेशां हिन, (म अञ्चलिति से मारेनत भरी कांब्र উত্তীৰ্ণ হইল, মাধিক পাঁচ টাকা বৃত্তিও পাইল। ভ্রাতার ক্বতকার্য্যতায় উৎসাহিত হইয়া মুকুন্দ স্থির করিল সে যত দিন পারিবে মুরারীকে পড়াইবে। মুরারী যদি কোন রকমে বি এল্টা পাশ করিয়া উকীল হইয়া বদিতে পারে, তারা হইলে তাহার পিতার নাম উ**জ্জ্বল হইকে**। নিত্যানন্দপুরের সকলেই ধন্ত ধন্ত করিবে, দে পর্যান্ত নিত্যান**ন্দপু**রের একটি ছেলেও প্রবেশিকা পরীক্ষা-সাগর উত্তীর্ণ হইতে পারে নাই। ব্যবসায়প্রধান স্থান, সকলেই ছেলেদের সামাত্ত লেখাপড়া শিথাইয়া বাণিজ্য-ব্যবসায়ে নিযুক্ত করিত।

নিত্যানন্দপুরের সাতকোশ पूरव স্থলতানপুর গ্রাম। স্থলতানপুরের বিভোৎ-সাহो জगिनारतता व्यत्नक (म्हांग्र (म्यान একটি এণ্ট্রেন্স স্কুল স্থাপিত করিয়াছিলেন, স্থলতানপুরে মুকুন্দের এক বিধবা পিশির বাড়ী। বিধবার হাতে অনেক টাক। ছিল, তিনি.মহাজনী করিতেন ৷ যুরারী পিশির বাড়ী থাকিয়া স্থলতানপুরের স্কুলে পড়িতে লাগিল। মুরারী তিন বৎসর পরে, এণ্ট্েস পাশ করিলে মুকুন্দের আনন্দের সীমা রহিল না। মুকুন্দ তাহাকে এল্ এ পড়াইবার জন্ম কৃষ্ণনগরে পাঠাইল। মুরারী এণ্টে স পাশ कतिया द्वि পाय नाहे, क्रक्षनगत्त রাখিয়া তাহার শিক্ষার ব্যয়ভাঁক বহন করা গ্রাম্য আড়তদারের গোমস্তা মুকুন্দের পক্ষে **महक हहेल ना। यूतातीत ४७त नौलद्र**टन সাহার যথেষ্ট পয়সা ছিল, কিন্তু সে জামাইকে
সাহায্য করিতে সন্মত হইল না, সে বলিল,
"আমার ত আর ঐ একটি মাত্র মেয়ে য়য়,
আমাকে আরও চারিটি মেয়ে পার করিতে
হইবে, জামাইকে লেখাপড়া শিশাইবার
জন্ত সাহায্য করি, আমার এমন সাণ্য নাই।"
— অগত্যা মুকুন্দ পিশিমাকে ধরিয়া বিলন।
পিশিমা দশটাকার তিন কেতা নোট বাহির
কর্মিয়া বলিল, "এই টাকা দিয়ে মুরারীর
কেঁতাব কিনে দিও, ওনেছি এখন তার
খনেক টাকার কেতাব লাগবে। আমি
বিধবা মেয়ে মায়য়, তোমার ভাইকে
পড়ানোর ধরচ কোথায় পাব ? আমি
আর কিছু দিতে পারবো না।"

পিশিমা এতদিন মুরারীকে বাড়ী রাথিয়া লেখাপড়া শিখাইয়াছে, টাকা ক্য়টি না লইলে তাহার অপমান করা হয়,বিশেষতঃ পক্ষে ত্রিশ টাকা মুকুন্দের তায় উপেক্ষার বস্তু নহে। সে টাকা কয়টি লইল, কিন্তু ভাতার শিক্ষার গুরু-ভার সে কিন্ধপে বহন করিবে তাহা স্থির করিতে পারিল না। রাজুর নিকটেও দে সাহায্য চাহিতে পারিল না, ইদানীং রাজুর কাজকর্মও 'মলা' যাইতেছিল, তথাপি রাজু স্তঃপ্রত হইয়া মুরাবীর কলেজের বেতন যাহ। লাগে তাহা প্রদান করিতে সম্মত হইল। মুকুন্দ সপরিবারে এক সন্ধ্যা আহার করিয়া ভাতার শিক্ষার বায় চালাইতে লাগিল। সংসারে রন্ধা মাতা ও ছুই ভাইয়ের স্ত্রী। তখন পর্যান্ত মুকুন্দ পুত্রমুখ দর্শন করে নাই, তাহার স্ত্রীর সন্তানবতী হইবার বয়স উতীর্ণ হইয়াছিল, স্কুতরাং পল্লীবাসিনীগণের

ধারণা হইরাছিল, মুকুন্দের স্ত্রী পদাবতী বন্ধা। নাতির মুখ দেবিবার সুখ অদৃষ্টে নাই বলিয়া পোদামিনী সর্বদাই আক্ষেপ করিত।

कुछनगत महत्त जानिया मूताती हर्गा স্দেশপ্রেমিক হইয়া উঠিল: কোথাও সভাসমিতি হইবে—মুরারী তাহার উত্যোগ আয়োজন করিত, কোন স্বদেশ-হিতকর কার্যো টাদা তুলিতে হইবে--মুরারী চাঁদার থাতা হাতে লইয়া সম্ভ্রান্ত নগরবাদিগণের মারে মারে ঘুরিত; অর্দ্ধোদয়-যোগের সময় নবদ্বীপে বহু যাত্রীর সমাগম হইলে, মুরারী ভলটিয়ার দলের কাপ্তেন হইয়া, তীর্থযাত্রিগণের বিবিধ অমুবিধা দুর ঝরিবার জন্ম চারিদিকে ছুটাছুটি করিতে শাগিল। কাজ খুব ভাল ও প্রশংসার যোগ্য সন্দেহ নাই; কিন্তু ইহাতে তাহার পড়াগুনার বড় বিল্ল ঘটতে লাগিল। দেশহিত ও জনহিতের' উৎসাহে সে ভূলিয়া গেল—তাহার দরিক্ত দাদা সপরিবারে এক সন্ধ্যা আহার করিয়া তাহার শিক্ষার ব্যয়ভার বহন করিতেছে।

দশে মুরারীর ধুব প্রশংসা করিতে
লাগিল বটে, কিন্তু কেবল দশের প্রশংসা
সঞ্চয় করিয়া পরীক্ষায় উতীর্ণ হওয়া ঘায়
না; একজামিন পাশ করিতে হইলে
যথারীতি প্রশার উত্তর লিখিতে হয়,
এবং নিতুলি উত্তর লিখিতে হইলে পাঠ্য
পুস্তক অধ্যয়ন করা আবশুক। মুরারী
সময়াভাবে অধিকাংশ পাঠ্য পুস্তক খুলিবার
'ফ্রসং' পাইত না। নির্দিষ্ট সময়ে গেজেটে
এল্ এ পরীক্ষার ফল বাহির হইল, কোনও

বিভাগে মুরারির নাম দেখিতে পাওয়া গেল না। মুরারি , বলিল—পরীক্ষকেরা ভাহার 'মেরিট এপ্রিসিয়েট' করিতে পারে নাই। বিখাবিদ্যালয়ের তুচ্ছ 'এক্জামিন পাশ' করিবার জন্ম সে জন্মগ্রহণ করে নাই, ভাহাঁর জীবনের মহত্তর সার্থকতা আছে।

ভাই এল এ পরীক্ষায় ফেল হইল দেখিয়া গোবিন্দ বড় মর্মাহত হইল, নিজের অদুষ্টকে শিকার দিতে লাগিল; কিন্তু সে মুহুর্ত্তের জ্বন্ত ভাতাকে অপরাধী করিশ না।—রাজু বিরক্ত হইয়া মুরারির কলেজের বেতন দেওয়া বন্ধ করিল; মুকুন্দও আর তাহার শিক্ষার বায়ভার বছন করিতে পারিল না। মুরারি দাদার উপর বড় চটিয়া গেল, এবং মা সরস্বতীর নিকট বিদায় লইয়া ডাকবরে এপ্রেণ্টিদি আরম্ভ করিল। বৎসর ঘুরিতে না যুরিতে কুড়ি ্টাকা বেতনে তাহার চাকরী হইল। মুরারী জগন্নাথপুর ভাকঘরে কেরাণীগিরি করিতে গেল; ঝানেশপ্রেম ও জনহিতেষণার খোলদ দূরে পড়িয়া রহিল।—কলেজ ত্যাণের সঞ্জ সঙ্গে তাহার সে নেশা কাটিয়া গিয়াছিল।

ইতিমধ্যে মৃকুন্দের পিশি রক্তামাশ্য রোগে ইহলীলা সংবরণ করিলেন। পিশির পীড়ার সংবাদ পাইয়া মৃকুন্দ তাঁহার গৃহে উপস্থিত হইয়া কয়েকদিন প্রাণপণে তাঁহার দেৱা-শুশ্রামা করিয়াছিল। সংসারে পিশির মন্ত কোন নিকট আগ্রীয় ছিল না, পিশির টাকাকড়ি সমস্তই মৃকুন্দের হস্তগত হইল

দরিদের সন্তান মুকুন্দ এক সঙ্গে আট দশ হাজার টাকা পাইয়া হঠাৎ 'বে-দামাল' হইয়া উঠিল। টাকাগুলা হুল বাহির করিয়া কণ্টকের স্থায় তাহাকে বিদ্ধ করিতে লাগিল। সে অধিকাংশ টাকা ধরচ করিয়া পিতৃভিটায় এক অট্টালিকা নির্দাণ করিল, কিছু জমিজমা করিল। এবং অবশিষ্ট টাকা দিয়া মুদিখানার দোকান খুলিল।

রাজু মুকুলকে তাড়াতাড়ি চাকরী ছাঙিয়া দোকান করিতে প্রথমৈ নিষেধ করিয়াছিল, কিন্তু মুকুলের একান্ত আথহ ব্রিয়া শেষে আর আগত্তি করে নাই—তবে গোটাকত উপদেশ দিয়াছিল, 'হাত চেয়ে যেন আম বড় না হয়, কখন পুলি ভেঙ্গে খরচ করে। না, ইত্যাদি।' সে সব অতি প্রাচীন উপদেশে মুকুল বড় কাণই দিশ না, তবে রাজুর নিকট কোন অবিনয়ও দেখাইল না।

মহা সমারোহে মৃকুন্দের ব্যবসায়
চলিতে লাগিল। উভয় লাভার স্ত্রীর
অনেকগুলি সোনার গহনা হইল; এবং যে
সকল পল্লীরমণী মুকুন্দ ও মুরারির স্ত্রীর
সহিত পূর্বে শক্যালাপও করিত না, তাহারা
এখন ঘন ঘন তাহাদের বাড়ী আসিয়া
আত্মীয়তা করিতে লাগিল। কেহ হইল
সই. কেহ হইল বেগুণ ফুল; তা ছাড়া
দেখনহাসি, অভিকলোন গলাজল প্রভৃতি
কুটুছিনী সমাজের কোলাহলে মুকুন্দের
প্রশন্ত অট্টালিকা নিরস্তর প্রতিধ্বনিত
হইতে লাগিল।

পুত্রবয়ের দৌভাগ্য-স্থ্য যথন মধ্যাকাশে দেলীপ্যমান, সেই সময় সাধ্বী সৌদামিনী সজ্জানে গঙ্গালাভ করিলেন। মায়ের শ্রাদ্ব লইয়া উভয় ভ্রাতার মধ্যে কিঞ্চিৎ মনান্তর উপস্থিত হইল, মুকুন্দ বলিল, "মায়ের শ্রাদ্ধে সাতথানি গ্রামের কুট্ছ নিমন্ত্রণ করিব ও রাঢ় হইতে তিন দল কীর্ত্তন আনাইব; রুমোৎসর্গ ও অন্ততঃপক্ষে ছইটা বোড়শ না করিলে লোকে কি বলিবে, মার আমাদের ভৃপ্তিই বা কিসে হইবে, মা-ই আমাদের স্কৃষ্ণ ছিলেন।" মুরারি বলিল, "পরের টাকা কিছু হাতে আসিয়াছে বলিয়া কি এই ভাবে অপব্যয় করা ভাল ? সংক্ষেপে কাজ শেষ কর।"

কিন্তু মুরারের পরামর্শে কাজ হইল না। মহাসমারোহে শ্রাদ্ধ শেষ হইল।

ইদানীং মৃদীখানার দোকান ভাল চলিতেছিল না; অথচ সংসারে অবস্থার অতিরিক্ত ব্যয়; মুকুন্দকে বাধ্য হইয়া জমিদার ও শিকদারদের কাছে বাড়ী ও জমি বাঁধা দিয়া হাজার টাকা কর্জ লইবার ব্যবস্থা করিতে হইল। মুবারি বলিল, "তোমার বিবেচনার ক্রটীতেই দেনা হইল! তথন অত করে বারণ করেছিলাম, কিছুতেই শুন্লে না। এখন আপনিও মজলে, আবার স্বাইকে মজাবার জোগাড় করে তুলেছ।

তাহার স্ত্রী পদ্মাবতীকে জানাইল, "দিদি, তোমাদের ত ছেলে পুলে নাই, তোমাদের আর কিসের ভয় বল, ভাশুরের বিবেচনার দোষে আমাদেরই জাণ্ডা বাচ্ছা লয়ে পথের ভিখারী হ'তে হচ্চে!" এ কথাও মুকুন্দের কাণে গেল। সে ভাবিল ঠিক কথাই ত! তথন মহাজনকে বৃঝাইয়া সে বাড়ীর ও জমার (নিজ অংশ) অর্জেক বাঁধা দিয়৷ ট'কা লইল। অর্জেক অংশই যথেষ্ট বিবেচনা করিয়া মহাজনও তাহাতে আপত্তি করিল না। তারপর মৃদিখানা সম্বাদ্ধ কি কর্তব্য ভাইকে জিজ্ঞাসা করিয়া ভায়ের ইচ্ছামত মুকুন্দ একটা ব্যবস্থা করিয়া লইল। তুই নামে দোকান চলিতে লাগিল।

তথন বিগুণ উৎসাহে মুকুল বাবুসায়ে
মনঃসংযোগ করিল। কিন্তু যথন সাংসারিক
অবস্থার অবনতি আরম্ভ হয়, তথন সহস্র
চেষ্টাতেও তংহার গতিরোধ হয় না।
মুকুলের স্ত্রীর যে কয়েকথানি অলস্কার
ছিল, দেশিতে দেশিতে তাহাও উত্তমর্ণের
সিন্ধুকে উঠিল। তবে মুরারির অংশের
টাকা মুকুল কোন রকমে সংগ্রহ করিয়া
মুরারিকে দিয়াছিল। তবু কলস্ক ও
লাঞ্নার হাত হইতে এড়াইতে পারে নাই।

8

মাষ্ঠীর থেয়াল কিছু বিচিত্র। অনেক ভাগ্যবান ব্যক্তি মাথা খুঁড়িয়াও তাঁহার প্রসন্ধা লাভ করিতে পারেন না, পোছাপুত্র লইয়া তাঁহাদিগকে বংশ রক্ষা করিতে হয়; আবার যে দরিদ্র উদরাল্লের সংস্থানে অসমর্থ, তাঁহার ক্রপাসিন্ধর প্লাবনে তাহাকে 'নাকানি চুবানি' খাইতে হয়! ছেলে মেয়ের নিবারণ, ক্ষান্ত, আলা প্রভৃতি নিদেধার্থস্টক নামকরণ করিয়াও হতভাগ্যের নিস্কৃতি নাই, ভাই কবি হৃঃথ করিয়া। গাহিয়াছেন—

"বিয়ে কলেই পুত্র কন্তা, আসে যেন প্রবল বন্তা, পড়াতে আর বিয়ে দিতে হই সর্কাষ্ট ! প্রাণ্টন রাখিতে 'হোল প্রাণাত্ত' ॥ মৃক্ষদ বংশরকায় হতাশ ইইয়া যখন হাল ছাড়িয়াছিল, সেই সময় মা বঁটী হঠাৎ তাহার প্রতি প্রশ্ন হই খা বহস্তে হাল ধরিলেন; মুকুন্দের স্ত্রী পঁচিশ বংসর বয়ুদে এক পুত্র সন্তান প্রস্ব করিল। তাহার পর বংশর ঘুরিতে না মুরিতেই মাষ্ঠী হয় একটি পুত্র না হয় একটি কভারত্ব তাহায়ক উপহার দিতে লাগিলেন। মুরারীর জ্যেষ্ঠ পুত্র সতীশচন্দ্র তথন বেশ বড় সড় হইয়া জনার্দ্দনপুরের স্কুলে লেখা-পড়া আরম্ভ করিয়াছিল।

সাংসারিক অবস্থা ক্রমে মন্দ হইতে লাগিল, মুক্ন বাধ্য হইয়া দোকান উঠাইয়া দিল, নিজে একবেলা না খাইণেও চলে, কিন্তু ত্থ ভিন্ন ছেলে মেয়েদের একবেলা চলিবার উপায় নাই। গয়লার নিকট হ্থ কিনিতে অনেক পয়সা লাগে, স্তরাং মুকুন্দ অনেক ভাবিয়া চিন্তিয়া হইটা হ্যবতী গাভী কিনিল। অর্থকষ্টে বাধ্য হইয়া মুকুন্দ দাসদাসীদের বিদায় দিয়াছিল, অগত্যা সে স্বহস্তে গরুর বিচালী কাটিয়া জাব মাথিয়া দিত, এবং তৈজসপত্র গুলি, বিক্রয় করিয়া কন্টে সংসার চালাইত। নানা হন্দিন্তায় অকালে তাহার চুল পাকিয়া গেল, এবং প্রোঢ় হইবার প্রেই জন্তা আসিয়া ভাহাকে আক্রমণ করিল।

এদিকে মুরার কয়েক বৎসরের মধ্যেই বেশ গুছাইয়া লইল। সে বিশ টাকা বেতনে ডাকখরের টাকরীতে প্রবেশ করিয়াছিল, কয়েক বৎসরের মধ্যেই তাহার বেতন পঞ্চাশ টাকা হইল; একটি সব পোষ্ট আফিসে সে পোষ্ট মাষ্টার নিযুক্ত হইল।

মুরারি রূপণ ছিল, রূপণোরা প্রায়ই শক্ষ্মী হয়। ভাকবরের চাকরী করায় তাহ.কে দাস দাসী রাখিতে হয় নাই, ডাক বরের হরকর। ও পিয়নেরাই তাহার গৃহস্থালীর সকল কাজ করিয়া দিত, বাসা ভাড়া লাগিং না; িকিট বিক্রয় করিয়া সে যে কমিশন পাইত, তাহাতেই কটে স্টে সংসার চলিত, বেতনের টাকাঞ্জলি ওদে খাটিত। এই ভাবে কিছুদিনের, মধ্যেই মুরারি অনেক টাকা জ্মাইয়া ফেলিল।

ডাকঘরের চাকরীতে প্রায়ই ছুটি পাওয়া

যায় না। স্তরাং নুরারি সপরিবারেই

কর্মস্থলে থাকিত। তথাপি সে মধ্যে মধ্যে
দাদার তব্তল্লাস লই হ, এবং পূজার সময়
বংসরাস্তে স'রিবারে একবার বাড়ী যাইত।

যতদিন তাহার দাদার সন্তানাদি হয় নাই,
ততদিন সে দাদার অন্তগত হইয়া চলিয়াছিল, দাদাকে মৌধিক সম্মানও করিত।
সে বুঝিয়াছিল দাদার যাহা কিছু আছে, সে
সমস্তই তাহার বা তাহার পুত্রের। স্তরাং
দাদার অবাধ্য হই া তাঁহার মনে কট্ট
দেওয়া সে সঙ্গত মনে করিত না।

কিন্তু মা ষষ্ঠী যেদিন হইতে মুকুন্দের স্বন্ধে ভর করিলেন, সেই দিন হইতেই মুরারিয় মেজাজ বিগড়াইয়া গেল। সে বুঝিল, এতদিনে সরিকের সংসার হইল। তাই মুকুন্দ যথন অর্থকিষ্টে পড়িয়া তাহার নিকট সাহায্য প্রার্থনা কিনল, তথন বুরারি দাদাকে অর্থের পরিবর্ত্তে অ্যাচিত হিতোপদেশ প্রদানে কুন্টিত হইল না, সে মুকুন্দকে লিখিল, "আপনি কোনও দিন বুঝিয়া চলিতে শেখেন নাই, আপনার হাতে যথেষ্ট প্রসা ছিল, কিন্তু আপনি তাহা দুই হাতে উড়াইয়া দিয়াছেন, অবস্থার অতিরিক্ত ব্যয়

করিয়া সর্বস্থ লুটাইয়াছেন, তখন আমি আপনাকে সাবধান করিয়াছিলাম, কিন্তু আমার কথা আপনি গ্রাহ্য করেন নাই, পিশিমার এতগুলি টাকা আপনি কি করিয়া नष्ट कतिलन, (म कथा आधि कानिलन व्यापनारक विकाम। कति नारे, व्यापि কোনও দিনু আপনার নিকট সাহায্য প্রার্থনা করি নাই, সামান্ত বেতনের চাকরী করিয়া ক্ত্রে সংগার প্রতিপালন করিতেছি। স্বীকার করি আপনি যে,বাড়ী প্রস্তুত করিয়াছেন তাহার অর্দ্ধাংশ আমার, এবং আপনি আমার স্ত্রীকে তুই একখানি অলঙ্কারও দিয়া-ছিলেন, কিন্তু তাহাতে যে ব্যয় হইয়াছে তাহা আপনার স্বোপার্জিত অর্থ নহে, পিশিমার টাকাতেই তাহা হইয়াছে; সেই অর্থে আপনার ও আমার সমান অধিকার ছিল; আপনার প্রতি শ্রদ্ধা ও সন্মানবশতঃই আমি কোনদিন সে টাকার অংশ চাহি নাই। বুদ্ধির দোষে সর্বান্ধ উড়াইয়া এখন আপনি অর্থকত্তে আমার নিকট সাহায্য চাহিয়াছেন, সাধ্য হইলে আমি আপনাকে কিছু পাঠাইতাম, কিন্তু তাহা আমার সাধ্যাতীত। মামুষ মাত্রেই স্ব স্ব কর্মের ফলভোগ করে, আপনি স্বকৃত কর্ম্মের ফলভোগ করিতেছেন, আমি কিরূপে তাহার প্রতিবিধান করি ?"

হায়, মুকুন্দ বে এই ভাইকেই বাল্যকাল হইতে পুত্রাধিক স্নেহে প্রতিপালিত করিয়াছে, সপরিবারে এক সন্ধ্যা আহার করিয়া তাহার শিক্ষার ব্যয়ভার বহন করিয়াছে! ইহাকেই বলে—

> "যথন তোমার কেউ ছিল না, তথন ছিলাম আমি.

এখন তোমার সব হয়েছে, পর হয়েছি আমি।''

কিন্তু মুকুন্দের মনে এত কথা আসে
নাই, ভাইয়ের সাধা নাই, তা সে কি
করিবে! কিন্তু মুরারি চিঠি খানি এ
ভাবে লিখিল কেন ? আর একটু নরম
করিয়াও লিখিতে পারিত! সহসাতার
চক্ষ্ম জলে ভরিয়া উঠিল, ছই চারি কোঁটা
স্থানচ্যুত হইয়াও পড়িল!

পিতার ভাবান্তর লক্ষ্য করিয়। মুকুন্দের
তিন বংদর বয়য় পুএ গোপাল তাহার গলা
জড়াইয়া ধরিয়া অর্কক্ট্ট কোমলম্বরে বলিল,
'বাবা তুই কাঁদতিত কেন ? তোল কি
হয়েতে?''- কাদ কাঁদ হইয়া তাড়াত।
ড়ি
সে কচি কচি ছাতে বাপের চোথের জল
মুছাইয়া দিল। মুকুন্দ বেদনাবিদ্ধ ব্যথিত
বক্ষে পুত্রকে চাপিয়া ধরিল, জ্বালাময়
দীর্ঘধাস অঞ্জ্রপে বিগলিত হইয়া আবার
তাহার উভয় গণ্ড প্লাবিত করিল, সে পুত্রের
প্রশ্নের কোন উত্তর দিতে পারিল না।

Ø

কয়েক মাস পরে মুকুন্দের উত্তমর্ণ পঞ্চানন শিকদার প্রাপ্য টাকার জ্ঞা পীড়া-পীড় করিতে লাগিল। কিন্তু অর্থাভাবে তাহার সংসার প্রতিপালন করা কঠিন, সে স্থান্দের প্রতিপালন করা কঠিন, সে স্থান্দের সহস্রাধিক টাকার ঋণ কিরপে পরিশোধ করিবে ?— শেষে পঞ্চানন শিকদার বাধা হইয়া জেলার সবজজ আদালতে গোবিন্দের নামে নাজিশ রুজু করিল। বন্ধকী সম্পত্তি লইয়া মামলা, মুকুন্দ বুঝিল, মামলা চালাইয়া কোনও লাভ নাই; নিমজ্জনোশ্বধ বাজি যেমন সমুখন্তিত

ভূণ ধরিয়া উদ্ধার লাভের আশা করে
মুকুন্দ দেইরূপ কিঞ্জীবন্দী করিয়া এই
মহাদায় হইতে উন্ধার-লাভের চেষ্টা
করিল। কিঞ্জ কিঞ্জীতে কিঞ্জীতে টাকা
দিতে না পারিলে কিঞ্জীবন্দী করিয়া ফল
কি প্রথম কিঞ্জীতেই দে কিন্তী খেলাপ
করিল। খাদালত হুকুম দিলেন, মুকুন্দের
সম্পত্তি নিলাম করিয়া উত্তমর্ণের ঋণ
পরিশোধ হইবে।

বাদগৃহের অর্দ্ধাংশ ভিন্ন মুকুন্দের অন্ত কোন সম্পত্তি ছিল না, স্থৃতরাং তাহাই নিলাম হইয়া গেল! মুরারির শুগুরের নামে সে মুংশ ধরিদ হইল।

কয়েক দিন পরে নিলাম ধরিদারের উকীল মুকুদকে বাড়ী হইতে উঠিয়া

 গাইবার জন্ম এক 'ফুটশ' দিলেন। মুকুদ
দার্ঘ নিখাস ফেলিয়া স্ত্রা পুত্র কন্সাদের সঙ্গে

 লইয়া পৈত্রিক বাস্তভিটা পরিত্যাগ করিল।

 — ফুই ক্রোশ দুরে সনাতনপুরে মুকুদের

খণ্ডরবাড়ী; মুকুন্দের স্ত্রী ভিন্ন তাহার খণ্ডরের অন্ত পুত্র কন্তা ছিল না। মুকুন্দ সপরিবারে তাহার একমাত্র অবলম্বন গরু ছটি লইয়া খণ্ডরালয়ে আশ্রয় গ্রহণ করিল।

মুকুন্দ এখন খণ্ডরালয়েই সপরিবারে বাস করিতেছে। সে সনাতনপুরে কয়েক कन (माकानमाद्यत (माकात- हिका पृष्टतीय কাজ করে, এবং অবসর কালে গোরুর বিচালি কাটে ও জাব মাথে। আর, বৎসুরের ভিতর অন্ততঃ একবার•ও মুরারীকে দেখিয়া আসে, ঘরের একটু ঘি, চাষের কিছু আলু, গোটা কত নারিকেলের নাড়ু ভাইয়ের জন্ম বহিয়া লইয়া যায়, তংব পরিমাণ বড় অল্ল, তা হ'লে কি হয় মুরারি যে এ সব বছ ভাল বাসে ! মুরারির জী জিনিষের 'ছিরি' দেখিয়া ঠোট ফুলাইয়া তাচ্ছিল্যের হাসি হাসে, আর স্বামীর প্রতি খুব সতর্ক দৃষ্টি রাখে। পাছে তার মন নরম হয়, সর্কনাশ, তা হইলে কি আর রক্ষা আছে ? **बी** मीरनक्तक्र गांत तारा।

মহাভারতের ঐতিহাদিকতা

নমোহন্ত তে ব্যাস বিশালবুদ্ধে!

ফুলারবিন্দায়ত পত্রনেতা। যেন ত্বয়া ভারততৈলপূর্ণঃ

প্রজালিতে। জ্ঞানময়ঃ প্রদীপঃ॥
হে বেদব্যাদ! আপনাকে প্রণাম করি।
আপনার বৃদ্ধি বিশাল। আপনার নেত্র
পদ্মপত্রের তায় বিস্তৃত। আপনিই মহাভারতরূপ তৈলপূর্ব জ্ঞানময় প্রদীপ
ভালিয়াভেন।

মুখবন্ধ

সত্যসতাই মহাভারত ভারতের জ্ঞানময়
অপূর্ব প্রদীপ। ভারতের গৌরবরবি
অন্তমিত। গাঢ় মোহনিশা সমাগতা। এই
ঘন অজ্ঞানতিমিরে মহাভারত এখনও উজ্ঞল
জ্ঞানপ্রদীপরূপে ভারতের অতীত গৌরব
প্রকাশ করিতেছে। কি কবিছে, কি
দার্শনিকতায়, কি ভূগোলরূপে, কি ধর্মসংহিতাভাবে, কি ইতিহাসাংশে মহাভারত

অতুলনীয়। মহাভারত কবিত্বের অমৃতপ্রস্তবণ, দর্শনের গভীর ধনি, প্রাচীন
পৃথিবীর অস্তুত ভূগোল, আর্য্যসমান্তের
অত্যুজ্জল চিত্র, পোরাণিকী গাথার অক্ষয়
ভাণ্ডার, ধর্মের অগাধ রক্লাকর, ও ভারতের
বিচিত্র ইতিহাস। এই জন্মই মহাভারত
পঞ্চমবেদ বৃলিয়া বিখ্যাত। এই জন্মই
প্রবাদ যে. পিতামহ রক্লাযণন একদিকে
বেদবেদাঙ্গাদি ও অপরদিকে মহাভারতের
ভার অধিক হইয়াছিল। মহাভারতের
ভার অধিক হইয়াছিল। মহাভারত যে
একাধারে আর্য্যজাতির মহান্ কাব্য, গভীর
দর্শন, ও অমৃত্র পুরাণ ইহা সর্ম্বাদিস্মত।

মহাভারতে ঐতিহাসিকভায় সংশয়

আস্থাবান্ নিরক্ষর বা সাক্ষর হিন্দুগণ সকলেই মহাভারতকে ইতিহাস বলিয়া বিশ্বাস করেন। কিন্তু অনেক পাশ্চাত্য পণ্ডিত ও কতক পাশ্চাত্যশিক্ষায় শিক্ষিত এদেশ-বাসী মহাভারতের ঐতিহাসিকতা স্বীকার করেন না। তাঁহাদের মধ্যে কেহ কেহ আবার এতদ্র পর্যান্ত বলেন যে, প্রাচীন ভারত ইতিহাস বুঝিত না, তাই প্রাচীন ভারতে ইতিহাস বুঝিত নাই, কেবল লৌকিকা-লৌকিক অসম্ভব ঘটনাবলির বিবরণ দেখিতে পাওয়া যায়। স্তর্রাং অগ্রে আমাদের পূর্ব্বপিতামহগণ ইতিহাস শব্দের যথার্থ-মর্শ্ব অবগত ছিলেন কি না দেখা আবশ্রক

প্রাচীন ভারতে ইতিহাস-জ্ঞান

প্রাচীনভারতে যে ইতিহাদের মর্ম্ম পরি-চিত ছিল তাহা পুরাণ, আখ্যান, কথা,

আখ্যায়িকা, ইতিহাস প্রভৃতি শব্দ হইতে ম্পাষ্ট প্রতীয়মান। পুরাণ পঞ্চদক্ষণাবিত-मर्गन्ठ व्यक्तिमर्गन्ठ वःरंगा मन्नस्तानिह । বংশামুচরিতং চৈব পুরাণং পঞ্জক্ষণ্ম॥ দর্গ অর্থাৎ পরব্রহ্ম হইতে চতুর্বিংশতি তত্ত্ব ও তত্ত্বময় হিরণাগর্ভের সৃষ্টি, বিদর্গ অর্থাৎ হিরণ্যগর্ভ হইতে মরীচি প্রভৃতি প্রজাপতি-গণের সৃষ্টি; বংশ অর্থাৎ প্রজাপতিগণ কর্ত্তক দেবযক্ষরক্ষোমনুষ্যতির্যাগাদির সৃষ্টি, মন্বন্তর অর্থাৎ বৈবস্বতমন্থ প্রভৃতি চহুর্দশ মন্থুর অধিকার, এবং বংশাসূচ রত অর্থাৎ চঞা ও স্থাবংশ, এই পঞ্চিধ বিষয় যাহাতে বর্ণিত •হইয়াছে তাহাই পুরাণ। এমতে পুরাণ গবেষণা এবং ৰলোকিক ও লৌকিকা-লৌকিক ও লৌকিক ব্যাপারের সল্লিবেশ থাকে। পুরাণের অলৌকিক বিবরণকে mythology লৌকিকাণোকিক 3 বিবরণকে legend বলা যাইতে পারে। আখান শব্দে কাল্পনিক বা সত্য বা পৌরাণিক ইতিবৃত। সেই আখ্যানকে প্রাচীন মালগারিকগণ পঞ্চবিভাগে বিভক্ত করিয়াছেন। ভাগ্নিপুরাণে আছে— 'আখ্যায়িকা কথা গগুকথা পরিকথ। তথা। কথালিকেতি মন্তত্তে গদ্যক,ব্যঞ্জ পঞ্চধা॥ আখ্যায়িকা, কথা, শণ্ডকথা, পরিক্থা ও कथानिका এই পঞ্চাণে গদ্যকাব্য বিভক্ত। আখ্যায়িকা শব্দে সত্যন্ত্ৰক ইতিবৃত্ত, কথা শব্দে কাল্পনিক রচনা বুঝায়। অমরকোষে "আখ্যায়িকোপলৰাৰ্থা," "প্ৰবন্ধকল্পনা কথা" এইরূপ •হইয়াছে। দেওয়া আলম্বারিকগণের হন্তে আখ্যারিকা ও কথা **मस्मत** वर्ष क्राम मुकीर्ग हहेग्रा भएए।

গদ্যে লিখিত নায়কমুখে বির্ত উপাথ্যানের নাম আখ্যায়িকা এক গদ্যে লিখিত নায়কমুখে বা অপরের মুখে বিরত উপাখ্যানের
নাম ক''। হয় । আচার্য্য দণ্ডী ঐরপ লক্ষণে
আপত্তি করিয়া আখ্যায়িকা ও কথা ও
খণ্ডকথা পভ্তি সমস্ত আখ্যানকেই এক
জ'তীয় গদ্যময় গল্প বলিয়াছিলেন।
তৎপরবর্তী আলক্ষারিকগণ আখ্যায়িকা ও
কথার প্রতেদ দেখাইয়া বলেন সত্যমূলক
বিনরণী আখ্যায়িকা ও কালনিক বিবরণী
কথা। সেই জন্য তাঁহারা বাণভট্টের
হর্ষচরিতকে আখ্যায়িকা ও কাদম্বরীকে
কগা বলিয়া বর্ণনা করেন।

ইতিহাসের লক্ষণ

ইতিহাস শদ্দী ইতিহ শব্দের উত্তর আস্ধাতু অধিকরণ বাচ্যে ঘঞ্পতায় করিয়া নিপার। ইতিহ শব্দে পূর্বান্ত বুঝায়। ইতিহ হইতেই ঐতিহা শব্দ আসিয়াছে। ঐতিহ্যের অর্থ প্রবাদ। ইতিহাস শদের যৌগিক অর্থ-যাহাতে ইতিহ বা পূর্বরতান্ত বর্ণিত আছে। স্থতরাং অমরকোষের বচন "ইতিহাসঃ পুর্বারত্তম"। ঐ যৌগিক অর্থ ক্রেমে প্রসারিত হয়। যুক্তিযুক্ত! নীরস প্রাচীন প্রদারণও ঘটনার ইতিবৃত্ত ইতিহাস হইলে ইতিহাসের গৌরৰ থাকে না। ঐরূপ ইতিরন্তকে ইংরাজিতে history অর্থাৎ ইতিহাস না वित्रा annais (वार्षिक घटनात विवतनी) বা chronicles অর্থাৎ প্রাচীন সটনাবিভাস বলা হয়। ইতিহাস বিদায়ে প্রস্থান-ভেদ। रेिडान-तहना मिल्लितिरमय। देकतन श्रीहीन বৃত্তান্ত সরসভাবে লিখিয়া রচুনা চাতুরী

দেখাইলেই ইতিহাস-লেথকের ইতিকর্ত্তব্যতা সম্পন্ন হইল না। বখন মানবসমাজকে উন্নতিপথে লইয়া যাওয়া সমস্ত বিদ্যারই উদ্দেশ্য, তখন ইতিহাসেরও সেই উদ্দেশ্য থাকা উচিত। সেই ছন্ত ইতিহাসের এইরূপ লক্ষণ করা হইয়াছে যে—

ধর্মার্থকামনোক্ষাণামুপদেশস্থীবিতম।
•পুরারতং কথাযুক্তমিতিহাসং প্রচক্ষতে॥
ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ—এই চতুর্বিধ
পুরুষার্থ সাধিত হয় এখন উপদেশকথা সহ
প্রাচীনকালে ঘটিত রন্তান্তের বিবরণ
ইতিহাস।

ইংরাজী History শব্দের অর্থ

ইংরাজী History শব্দের অর্থন্ত ঐরূপ। উহার ধাতৃজ অর্থ জ্ঞান, সংবাদ, অন্থসন্ধান। ইহার বড়বিধ যোগরুত অর্থ যাহা কোবকার Webester দিয়াছেন ভাহার মর্ম্ম এই—

১ম। কোন সত্য বা কাল্পনিক ব্যক্তি বা বিষয়সংক্রান্ত সম্বন্ধবৰ্টনাবলির বিবরণ।

ংয়। কোন জাতির বা সজ্যের বা বিদ্যার বা শিল্লের উথান বিকাশ পতন ইত্যাদির কারণাত্মসন্ধানমূলক ঘটনাবলির বিবরণ:

ুয়। ঘটনাবলির বিবরণদারা মহুষ্য-চরিত্রের আলোচনা।

৪র্থ। ইতিহাসের বিষয়ীভূত ঘটনা।

৫ম। ঐতিহাসিক নাটকাদি।

৬। ঐতিহাসিক বিষয়ের চিত্র।

ইংরাজী ইতিহাস শব্দের অর্থ কত বিস্তৃত দেখুন যে, ঐতিহাসিক নাটকাদি যাহাকে সংস্কৃতে ইতিহাসবাদ ও ঐতিহাসিক বিষয়ের

চিক্র যাহাকে ইতিহাদনিবন্ধন বলে তাহাও .ইংরাজী ইতিহাস শব্দের বাচ্য। কাল্লনিক চরিত্রের ঘটনাবলীর বিবংগও ইহিতাস। ভাই Thacker এর উপন্তাস Pendenisকে History of Pendenis অর্থাৎ পেণ্ডেনিসের সতাঘটনার বিবরণ ইতিহাস বলা যায়। ইতিহাদের ক্লভিধের বটে। কিন্তু ঘটনাবর্ণনই ইতিহাদের প্রধান উদ্দেশ্য নহে। मञ्बाको वरनंत ঘটনাবলী দ্বারা ক্ৰম -বিকাশ-প্রদর্শনই চাহার মুখ্য উদেগ্য। সুত্রাং অম্দেশে পাশ্চাতাদেশে এবং উদ্দেশ্য, ইতিহাস-ইতিহাদের একই কল্পনার শীলা। উভয় দেশের ইতিহাস যে সেই উদ্দেশ্য-সাধনের জ্ঞা কল্পনাদেশীর সাহায্য লন তাহা ঐ উদ্দেগ্য হইতেই বুঝা ঘাইতেছে। সংস্কৃত ইতিহাস-কারক পূর্বে রুতান্ত' অবলম্বন করিয়া জন-স্মাজকে ধর্ম অর্থ কাম মোক্ষ সম্বন্ধে উপদেশ দেন। পাশ্চাতা ইতিহাদলেখক পূর্ম বুড়ান্ত অবলম্বনে কিরপে কোন জাতির অভ্যুদয় হইল কেনই বা তাহার পতন হইল এবং দেই দেই অভানয় ও পতন হ[া]তে কি নীতি পাওয়া যায় ইহা শিক্ষা দেন। ঐ নীতি নিদাষণে এবং অভ্যুদ্য়াদির কারণ व्यक्रमञ्जाद क्षेत्रा क्षेत्रा प्राप्तिवार्गा। লেখকের যেরূপ প্রবৃত্তি তদমুষায়ী তিনি কারণ हेश्न एवत अथम ताष्ट्रे विश्वव व्यर्थाः প্রথম চার্ল দের সহিত প্রজাপুঞ্জের সমর-সংক্রান্ত ইতিহাস পাঠ করিলেই উহ। বুঝিতে পারা যায়। কেহ কেহ প্রথম চালসিকে নুংশ্স ভীষণ অত্যাচারী রাক্ষস প্রকৃতি অক্ষিত করিয়াছেন। কেহ বা তাঁহার দোৰকালনে

যত্নান্ হইয়াছেন। এইরূপ দ্বিতীয় কেন্স্-এর সহিত বিগ্রহ লইয়াও মততেঁদ। যেখানে মত দিবার অধিকার সেই খানেই মতভেদ অবশ্রস্তাবী। "ভিন্নকৃতি হিলোক্ট"কালিদাসের কথা প্রবদ্যা। ঘটনাবর্ণনেও ইতিহাসকার কল্লনাদেবীৰ আশ্ৰয় না লট্যা পারেন না। একটি যুদ্ধবর্ণনা করিতে হইবে। ইতিহাসের উপकौरा প্রাচীন প্রথাদে কোন পক্ষ জয়লাভ করিল. কোন পক্ষের কত দৈয় ছিল, কোন পক্ষের (कान् तौत किज्ञभ नीतक (मशाहिसाहिल, তাহ৷ থাকিতে পারে, কিন্তু ইতিহাসলেথক বর্ণনা সরস কবিবাব ভাৰাতে রঙ্দিতে বাধা হন। সেই জ্লুই একই যুদ্ধের বর্ণনা ভিন্ন প্রিস্তকে মোটের উপর मृत्र रहेरले ७ अक्तूल नरह । (य त्नर्शकत যত কবিহ সেই ক্রেখেকের বর্ণনা তত উজ্জুল। Macaulayর ইতিহাদে এতই কল্পনার ছটা যে সেনাপতি Wolsey বলিয়াছিলেন যে যুদ্ধ-ক্ষেত্রে তিনি ধর্মপুস্তকের মধ্যে Bible,কাব্যের মধ্যে Shakespeare ও Homerএর গ্রন্থ, এবং ঐতিহাসিক উপনাাদের মধ্যে Macaulay's History of England লইয়া যান।

মূলে সত্য থাকিলে ঐতিহাসিকত। নষ্ট হয় না

ইতিহাদের লক্ষণ ও ইতিহাসলেখার প্রণালী প্র্যালোচনা কবিলে এই সিদ্ধান্তে উপনীত হঠতে হয় যে, মদি মূলে সভা থাকে তাহ। হইলে ঐতিহাসিকতা নট হয় না। প্রাচীনকালে একই ব্যক্তি কবি, দার্শনিক ও ইতিহাসকার হইশেন স্বতরাং ইতিহাসে কবিত্বের ছট। ও দর্শনের ঘট। পাওয়া যায়। একালে কবি, দার্শনিকও

ইতিহাসকার ভিন্ন ভিন্ন, অতএব কাব্য, ইতিহাস ও দর্শন পৃথক পৃথক্। তথাপি ইতিহাস দার্শনিকত। বা কবিষের ছায়া ত্যাগ করিতে পারে নাই। যতদিন ইতিহাসকার স্বীয় গবেষণার পরিচয় দিবেন, ততদিন ইতিহাসে দার্শনিকতা शाकित। कन्ननात नीना देखिरात कथनदे যাইবে না। Hallamএর Constitutional History স্মালোচনা করিতে Macaulay বলিয়াছেন যে, কবিত্ব ও দার্শনিকতা এই উভয় বিরুদ্ধ ভাব যথন অবিরুদ্ধভাবে মিলিত হইয়া উজ্জ্বল বর্ণেরঞ্জিত করিয়া আমা:দর সমুখে উপস্থাপিত করিবে, তথনই আদর্শ ইতিহাস দেখিতে পাইব। তিনি হৃঃখ করিয়াছেন যে, ঐ হুই বিরুদ্ধভাবের অবিরুদ্ধ সন্মিগন জগতে नाहै। व्यामार्ट्यं शावना के मिलन व्यानकरें। নহা গরিতে আছে। এ জন্ম মহাভারত ইতিহাসমূলক দার্শনিক কাব্য এবং দার্শনিক-কাব্যমূলক ইতিহাস।

ঐতিহাসিক সত্যতার নির্ণয়োপায়

সংস্কৃতশাস্ত্রমতে প্রমাণ অষ্ট গকার।
নিম্নলিখিত শ্লোকগুলিতে ভিন্ন ভিন্ন বাদীর
ভিন্ন ভিন্ন মত সুন্দররূপে সংগৃহীত।
প্রত্যক্ষমেকং চার্কাকাঃ কণাদস্থগতৌ পুনঃ।
অস্থানঞ্চ ভচ্চাপি সাখ্যাঃ শক্ষ তে অপি।
অ্টেরকদেশিনোহপ্যেবমূপমানঞ্চ কেচন।
অর্থাপত্যা সহৈ গানি চহার্যান্তঃ প্রভাকরাঃ॥
মভাবষ্ঠাণ্যেত্যানি ভাট্টা বেদান্তিনন্তথা।
সন্তবৈতিহাযুক্তানে তানি পৌরাণিকা জ্ঞঃ॥
চার্কাকমতাবদ্ধারা এক্যাত্র প্রত্যক্ষকে,
বৈশেষিক ও বৌদ্ধবাদীরা প্রত্যক্ষ ও অফু-

মানকে, সাখ্যাবাদিগণ সেই ছুইটি ও শক্কে, একদল নৈয়ায়িক ঐরপ ঐ তিনটিকে, আর একদল উপরাস্ত উপমানকে; পূর্কমীসাংসক-গণ অর্থপিত্তির সহিত সেই চারিটীকে, ভট্টমতামুসারীরা ও বেদাস্তীরা ঐ পাঁচটী ও অভাবকে এবং পৌরাণিকগণ সম্ভব ও ঐতিহ্য লইয়া সেই সকলগুলিকে প্রমাণ বলেন।

বিষয়ের সহিত ইন্দ্রিয়ের স্গিক্স-বশতঃ যে জ্ঞান হয়, তাহার নাম প্রত্যক্ষ। ইহা সৰ্বজনবিদিত। এক প্ৰত্যক্ষকেই **,** हार्स्वाक गण अभाग विषया चौकात करतन। কোন বিষয়ের সহিত ইক্রিয়ের সন্নিকর্য না হইলেও আমরা অপর প্রত্যক্ষ জ্ঞানদার৷ সেই অপ্রত্যক্ষবিষয়ের জ্ঞানে উপনীত হই বলিয়া মহৰ্ষি কণাদ বৈশেষিক पर्भात अञ्चरान तक अ अर्थाण विश्वास्त्र। বৌদ্ধ দার্শনিকেরা এ বিষয়ে তাঁহার মতামু-সরণ করিয়া প্রত্যক্ষ ও অমুমান এই ছুইটা প্রমাণ বলেন। সাম্খ্যকার ইহার উপর व्याश्ववाका व्यर्था९ जमअमानविश्वनिमानुग्र বিশ্বাসী ব্যক্তিগণের বচনকেও প্রমাণ বলেন। বৈশেষিক ও বৌদ্ধমতে ইহা অমুমানের অন্তর্ক। একদণ নৈয়ায়ক বলেন যে मृष्यक्षपर्यात मृष्यंवखत कान व्यापना-আপনি আসে স্তাং উপমানও প্রমাণ। वात এकपन वर्णन (य ठाहा ७ व्यर्वाध-পূর্বৰ অমুমান। তুইটা বিরুদ্ধ বিষয় দেখিয়া তাহাদের বিরোধভঞ্জনের জন্ম যে তৃতীয় অদৃষ্টবিষয়ের জান, তাহাকে অর্থাপত্তি পূर्वभौभाः नक्शन देशाः প্রচল্বিত দৃষ্টান্ত দেন—"পীনো দেবদভো

দিবা ন ভূঙ্কে অতঃ রাত্রো ভূঙ্কে" (দেবদত্ত দিবদে খায় না অথচ সুল, সুতরাং রাত্রে খায়)। পীনত্ব ও দিবদে অনাহার বিরুদ্ধ, তাহাদের বিরোধ-ভঞ্জনের জন্স রাত্রি-ভোজন স্বাকার্য্য। নৈয়ায়িকাদির মতে এরপ पृष्ठे ३ हेट जि ज्यु हेड्डान ज्यू योन। মীমাংসকগণের মধ্যে যাঁহারা কুমারিলভট্টের মতাবলঘা তাঁহারা আবার ঘটাভাব হইতে ঘট্টের জ্ঞানকে অভাবনামক পৃথক্ প্রমাণ দারা সিদ্ধ বলেনও পৌরাণিকগণের এই ছয় নী প্রমাণেও অভীষ্ট দিদ্ধ হয় না. তাঁহারা অগত্যা ঐতিহ্য বা প্রবাদ এবং সম্ভব অর্থাৎ ইহা হইতে পারে ইহাকেও প্রমাণ বলিয়া মানেন। ঐতিহ ও সম্ভব না মানিলে ঐতিহাদিক সত্যের অন্তিত্বলোপ হয়। প্রাচীনব্যাপার দেখি নাই। আমরা বলিয়া বিখাস করিতে তাহা সভা হইলে সেই **সম্**পাম্য়িক বাক্তির কথা বিখাস না করিলে চলে আবার বরুপ্রাচীন বিষয়ে সমসাময়িক ব্যক্তিরও অভাব। তথায় যাহা করেন ধারাবাহিক জনশ্রতি। এই জন্ম আমাদের শাস্ত্রে বলে "ন হামূলা জনক্ষতিঃ" (সনক্ষতি বা প্রবাদ অমূলক নহে)। হঃখের বিষয় পাশ্চ:ত্য প গুরুগণ প্রাচ্য ইতিরতের সংগ্রা নিরাকরণে এবাদকে একেবারে ফেলিয়া দেন। তাঁহারা ভুলিয়া যান यं यनि াহাদের পরারতের সভাভা ष्ट्रिय कड़िटड ठाँ।'म्बर श्रीवाम যাহা chronicles ও annalsএ রক্ষিত তাহা ত্যাগ করা যায়,তাহা হই ল দেই পুরারতের সহ্যত। ভিজিহীন হইয়া পড়ে।

মহাভারতে ইতিহাদের গৌণ লক্ষণ

মহাভারতে সংস্কৃতমতে ইতিহাসের গোণ-লক্ষণ ধর্মার্থকামমোক্ষদংক্রান্ত উপদেশাবলী সাবিত্রী-সভ্যবান প্রভৃতি উপাধ্যানে, वृद्धवानवानि (श्रीवानिकमःवातन, गृद्धवाभाषू-সংবাদাদি কথায়, সনৎস্ক্রজানভগবদনীতা অনুগীতা মোক্ষধর্মাদি দার্শনিকভাগে এমন কি প্রতি ছত্তে ছত্তে আছে। তর্কছলে মহাভারতের চরিত্রগুলি কাল্লনিক ধরিলেও মহাভারতে বর্ণিত সমাজ কাল্লনিক না হইলে ইংরাজিমতেও ইতিহাদের গৌণ লক্ষণ মহাভারতে আছে বলিতে হইবে। সুতরাং জিজাস্ত্র-

মহাভারতের স্থাজ কালনিক কি স্থা?

ঐ সমাজ পর্য্যালোচন। করিলে উহ। কবির স্বকপোল কল্লিত বলিয়া বোধ হয় না। কল্পিত হইলে উহা স্বত্য কালের বা ত্রেতার সমাজের স্থায় ধর্মময় ও সর্বানন্দময় হইত। ব্যাসদেব যে নিজকালের বিপর্যান্ত সমাজ বর্ণনা করিয়াছেন তাহা এছে সুপ্রকাশ। ইতিরতের মুখবন্ধেই আদি বংশাবভারণপর্কাধ্যায়ে তিনি অগ্রে সত্য-যুগের চিত্র দিয়া পরে তাহা কেন স্বাপরের শেষভাগে পরিবর্ত্তিত হয় উল্লেখ করিয়াছেন। সত্যবুগের শেষভাগে ক্ষতিয়গণ তৃক্ত হইয়া ব্রাহ্মণাদি বর্ণের উপর অত্যাচার আরম্ভ করিলে, এমন কি নিরীহ তপোরত মহিদি জমদ্যিকে হৈহয়গণ বিনাপরাধে হত্যা করিলে, জামদগ্রারাম ক্ষতিয়দম্নে বদ্ধপরিকর হন। ভিনি একণিংশতিবার পৃথিবীকে নিঃক্ষতিম কৰিয়া ক্ষত্ৰিয়শোণিতে সমস্তুপঞ্ক 24 করতঃ পিত-সৃষ্টি

গণের তর্পণ কুরেন। পিতৃগণ তখন অস্বরগণ পৃথিবীতে মনুষ্য এমন কি তাহাকে দর্শন দিয়া কেত্রিয়কুলের প্রতি কোপ সম্বরণ করিতে বলিলে তিনি শাস্ত হন। এই উপাধ্যানের সত্যতায় সন্দেহ করিলেও ইহা হইতে স্পষ্ট বুঝা যায় যে ক্ষতির্বাজ্ঞগণ পুরাকালে ঘোর অত্যাচারা হন এবং জামদয়াসদৃশ শস্ত্ৰুশল ব্ৰাহ্মণগণ তাঁহাণের উচ্ছেদ সাধন করেন। পরে ক্ষতিমুগণ উচ্ছিন্ন হইলে ক্ষতিমুনারীরা मखानार्थिनी दहेशा बाक्षानगरात्र निक्रे শংসিতত্রত বিপ্রগণ তখন আদেন। ক্ষতিয়াঙ্গনাতে পুনরায় ধার্মিক ক্ষতিয়কুল एष्टि •कंद्रन। ८भ१ नृब्न कविद्रगण প্রাচীন ক্ষত্রিয়বংশের ভায় স্বধর্মনিরত হইয়া ধর্মতঃ পৃথিবী পালন করিতে লাগিলেন। আবার ধর্মস্রে।তঃ প্রবর্ত্তিত হইল। তপোবনে বেদধ্বনি উঠিল। ক্ষত্রিয়দিলের ভূরিদকিণ ুবাগের যুপচিহ্নে গল। যমুন। সরস্বতী ন্মাদ। কাবেরী গোলাবরার উপকূল পুনরায় চিচ্ছিত रहेल। देवश्राग क्रिविवालिक्यापित जीविक করিলেন। ত্রাহ্মণ বিদ্যা বিক্রয় করেন না। ক্ষত্রিয়গণ অত্যাচারী নহেন। বৈগ্র इसन दुष हरन (याटिन ना, वरमञ्जीरक यातिया इक्ष (पार्न करतन ना। वर्गिक् ५ म क्षेमात्न आहकशनाक व्यवस्था करतन ना। পর্জনত কালবর্ষী। ধরা শতাতামলা। ঋতু-গাল যথাকালে প্রবর্ত্তি। তরুরাজি ফলভরে অবনত। নিধিল সমাজ সমূদিত। এইরপে পতা ত্রেতা কাটিয়া গেল। স্বঃপরও শেব হয় হয় হইল। ধরার অদৃট্টে এ সুখ স্হিল না। অস্ত্রগণের দৃষ্টি মর্ব্যধানে পড়িল। দেবগণ কর্ত্ত্ব পরাজিত ছইয়া

গোমহিষাদি পশুমধ্যে জন্ম গ্রহণ করিতে मानिन। ক্রমে দৈতাদানবগণে বস্তুরা পরিপূর্ণা হইলেন। ধরাধামে অবভার্ণ অস্বকুল ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শুদ্রদিগকে প্রপীড়িত করিতে লাগিল। মহ ষগণ ও তাহাদের দারা ধ্রিত হইলেন। ধ্রা অফুরভার সহিতে পারেন ন।। গোরূপ-ধারিণী হইয়া তিনি ব্রন্ধলোকে গমন করকঃ পিতামহের নিকট इंश कानाइटलन। পিতামহ তাঁহাকে সাত্তনা দিয়া ভূভার ্হরণের জন্ম দেবগণকে নিয়ে জিত করিলেন। रे<u>न्</u>ना निरम राज्य নারায়ণের শরণাপল হইলেন। ভগবান্ মর্ত্যধামে আসিতে সীকার করিলেন। তাঁহার অনন্ত করুণা। সতাসতাই যখন ধর্মের ্লানি ও অংধর্মের অভ্যাদয় হয় তথনই তিনি সাধুগণের পরিত্রাণ ও ধর্মসংস্থাপনের জান্ত অবঙার্ণ হন। ভগবান সদলবলে পৃথিবীতে জন্ম গ্রহণ, করিলেন। এই বংশাবতরণিকা হইতে স্পষ্ট বুঝা যায় যে **দাপরে**র (मध्यार्थ वार्याममाञ्च विभर्याञ्च इहेमाहिन। অধিকাংশ ক্ষত্রিয় নুপতিই তুর্ব্ত ও অধাৰ্মিক হইয়া পড়ে। ধাৰ্মিক অতএব দেবাংশসভূত জন কতক ঐ সমাজের রক্ষার জন্ম ব্রতী হন এবং সেই স্ক্রিয়ন্তার শক্তিতে অনুপ্রাণিত হইয়া ধার্মিকগণই च्यां विकास करा नमर्थ इन। कूर्यााधन হু:শাসন প্রভৃতি যেরপ ক্রুর, স্বার্থপর, অধার্মিক তাহাতে তাহার৷ যথার্থই কলির चारमं এবং यूषिष्ठितानि द्यतान सर्वानतायन, সহিষ্ণু ও স্বাৰ্থত্যাগী তাহাতে তাঁহারা ধর্মাদি

শ্রীকৃষ্ণ দেবগণের অংশজাত বটে। যেরূপ অলোকিক শক্তির আধার, তাহাতে ভগবান্-তিনিই সেই ধর্মসংস্থাপক নারায়ণের অবতার। ইহার। কবির কল্পনা-अञ्च इहेरन अक वि स्य के नमस्य **हित** का सूर्य निक्रमभरम् भाष्ट्र भाष्ट्र भाष्ट्र भूगावीक्ष्युक সমাজের 'উল্লেখ করিয়াছেন ইহাতে কোন স্ক্রেহ থাকিতে পারে না। এই সময় ভ্যুরতে যে ক্ষত্রিয় রাজার সংখ্যা অনেক ও তাঁহাদের যে প্রত্যেকরই দৈত বছল ছিল তাহাতেও সংশয় নাই। স্তাস্তাই নিখিল নৈত্যপদভরে ধরা প্রপীড়িতা হুইয়াছিলেন। বর্ত্তমান ইউরোপ রাজ্যের অবস্থা যদি কোন কবি ইতিহাসমূলক কাব্যে লেখেন তাহা হইলে তিনিও ইংলও, ফ্রান্স, পেন, পটু গাল, জার্মাণ, ইটালি, রুষিয়ার সেনা, রণতরী ও অস্ত্রশন্ত বর্ণনা করিতে निक्षं विवादन (य উशापित भए छात्र মেদিনা কম্পান্বিতা। যদি আবার ইউরোপীয় শক্তিপুঞ্জ সাৰ্থায় হইয়। ধৰ্মপথ হইতে বিচ্যুত হন এবং পৃথিবীর উপর অত্যাচার মারম্ভ করেন তাহ। হইলে ধার্মিক ইতি-হাসকার না বলিয়া থাকিতে পারিবেন না যে, অস্বগণ উহাদের মধ্যে জনা গ্রহণ कतियाहिन এवः व्यक्तित्व छेशानिगत्क দমন করিবার জভাস্বনিয়ন্ত। আবিভূতি হইবেন। স্থতরাং বেদব্যাদকে এমপ্রমাদ-তাঁহাকে কৰিম্বপ্ৰতিভাবান্ ধর্মপ্রিয় দার্শনিক লেখক বলিলেও তাঁহার বংশাবতরণিকাকে অমূলক বলা যায় না। অস্বাংশসমূত মনুয়াগণের প্রভাবে যে

ধর্ম হীনপ্রভ হয়, স্মাঞ্চ বিপর্যান্ত হয়, সে বিষয়েও সন্দেহ নারু। মহাভারতের সমাঞ তাই বিপরিবর্ত্তিত ও বিপর্যান্ত। ব্রাহ্মণ-মহুর কথিত 'যজন্যাজণাদি बढ़ेकर्ष नहेश हिलन ना। (धोगानि স্বধর্মনিরত থাকিলেও ক্ষত্রিয়ের রুত্তিভাগী। ক্বপ আবার দোণ છ প্রভৃতি ঋষিবংশধর হইয়াও ব্রাক্ষণের র্তি ত্যাগ করিয়া উদরের জঞ্জ শ্রজীবী হন। ক্তিয়গণও সকলে সতাযুগের স্থায় শাস্ত দান্ত সতানিঃ ও ইজাধায়নাদিপঞ্চ কর্মনিরত ছিলেন না। ইঞাদির সহিত হুর্য্যোধনাদির কোন সপ্শই ছিল না। তাঁহাকে যে যাগ করান তাহা সান্ধিক বা রাজসিক যজ্ঞ নহে, কেবল তমোগুণের পূর্ণবিকার। ক্ষত্রিয় নূপতিগণের মধ্যে অধিকাংশই অধ্যয়নাদিপরায়ণ ছিলেন তাঁহাদের দানও তাদৃশ না, এবং বিষয়ে অনাস্তি আদৌ ছিল না—ইহাও মহাভারত হইতে বেশ বৃঝিতে পারা যায়। শূদ্র এবং আর্য্য-সমাজের বহিভূতি জাতিসমূহের মধ্যাদা-ব্বদ্ধিও দৃষ্টিগোচর হয়। পৌরবংশাবতংস শান্তত্পাসরাজার কন্তা সত্যবতীর পাণি-গ্রহণ করিলেন। শূদাগর্ভজাত বিহুর কুরু-গণের প্রধান মন্ত্রী। তিনি ধর্মপ্রাণ ও সরল আবার কণিকের তাম ব্রাহ্মণ কৌট্লা চাণক্যের তায় কুটিল। শক-দরদ-পারদ-পল্লবচীন.হুন-রোমক-থুশতকিরা আর্য্যসমাজের বহিভূতি জাতি আর্যসমাজের নুপভিগণের সহিত রাজনৈতিক **जनका. এशन कि क्राविद्यगरगंत्र पूरक**

তাঁহারাও সাদরে নিমন্তিত হইলেন এবং হস্তিনাপুরের সিংহামন জক্ত তাঁহারাও প্রাণ विमर्कान मिरमन। वर्षरापात छोष मः धर-ধর্মেরও পরিবর্ত্তন মহাভারতে হয়। দ্রোণ, কর্ণ, কুপ প্রভৃতি অর্থভাববশতঃ প্রাচীন প্রথা অবলম্বনে গুরুগুহে যাইয়া গুরুত শ্রুষা করিয়া मञ्जामि लाख करत्रन । किन्न धनाषा त्राक्रवः भीत কুরুবালকগণ গৃহে গুরু পাইলেন। রূপ ও দ্রোণ উপযাদক হইয়া তাঁহাদের বৃত্তিভোগে তাঁহাদিগকে শিক্ষা দিলেন। পীডিত দ্রোণ যথন বাল্যস্থা ক্রপদের ছারস্থ, দ্রুপণ ত্রাহ্মণ বলিয়া তাঁহার সন্মান রাখিলেন না। দ্রোণও ব্রাহ্মণবলে তাঁহাকে শাসন করিতে না পারিয়া কৌরবগণের ক্ষত্রিয়বলে তাঁহাকে বিধবন্ত করিলেন। ব্রাহ্মণের রক্ত তাঁহার ধমনীতে প্রবাহিত বলিয়া তিনি জ্ঞাপদকে স্বৰণে পাইয়াও ক্ষমা করিলেন। কিন্তু ক্রপদ বৈরনির্যাতনে আগুহারা হ ইয়া দ্রোণবাতী জক্ত যাজক অম্বেষণ করিতে লাগিলেন। বেদবিৎ কন্মী যাজ অর্থের লোভে ব্রাহ্মণ-ঘাতী যজের অমুষ্ঠান করিলেন। দ্রোণ ব্রান্সণোচিত ঔদার্ঘ্যস্তুক धृष्टेड्डा मुटक হন্তা জানিয়াও শিষ্যরপে গ্রহণ করিয়া অস্ত্রবিদ্যা দিলেন। ধৃষ্টত্বাম গুরু ও বন্ধ হত্যা कतिरलन। ज्ञापनताञ्चननिनी, পाखरगरगत গৃহিণী, রাজস্ম 'যজে দীক্ষিতা মহিষী तुक्षणा व्यवश्राप्र দ্রোপদীকে একবন্তা প্রকাশ্ত সভায় বলপূর্বক আনিয়াবিবল্লা করিতেও ছঃশাসন সঙ্গুচিত হইল না। বারণত্নী সভাসদৃগণকে রোক্লদ্যমান। বারদার অত্যাচার নিবারণ করিতে বলিলেও ভাষদ্রোণাদি ছুর্য্যোধনের কেহ कथा कहित्वन ना। ধুতরাষ্ট্রে বৈশ্রা-গর্ভজাত পুত্র যুর্ৎস্থ থাকিতে না পারিয়া ছর্য্যোধনাদিরও ভর্পনা করিলেন। যে কার্য্য ক্ষত্রিয়গণের অগ্রগণ্য করিতে সাহস পান নাই, সেই কার্য্য বৈশ্যানন্দন করিলেন। সাক্ষাৎ ধর্মের নন্দন যুধিষ্ক্রির দ্যুতক্রীড়া निमनीय जानियाछ, कोत्रवगरनत्र भाभ-চক্র বিদিত হইয়াও সৌবলেও **আহ্বা**নে **দ্যতে বসিলেন একঃ ক্রীড়ায়** चाषाराता रहेलान (र व्यर्थ, तत्रन, छूरन, হন্তী, অখ, রথ, চতুরস্বল হাচাইয়াও ठांशांत्र टिष्ठक दश्ल ना। गराम्य, नकूल, অৰ্জুন, ভীমদেন છ व्यापनारक भग (विशिवन । রাথিয়া তিনি তাহাতেও হারিয়া তাঁহার চক্ষু উন্মীলিত হইল না। তিনি বয়ং জিত ও দাস হইয়া তথন দ্রৌপদীর উপর তাঁহার কোন অধিকার না থাকিলেও পঞ্চনার পত্নীকে পণ রাখিয়া থেলিলেন। এই সমস্ত উপক্থা হইলে ইহা হইতে তাৎকালিক আ্যাসমাজের আভাস পাওয়া য়ায়। এবং কতদূর পর্যান্ত সেই সমা**জ** পরিবর্ত্তি হইয়াছিল তাহা বুঝা যায়। এই পরিবর্ত্তনের মধ্যে আবার সনাতন ধর্মের স্নাত্নত্ব স্মাজে রক্ষিত ছিল দেখিতে ভীন্মের দেবোপম চরিত্র পাওয়া যায়। আর্য্যদমাব্দের স্নাত্ন চিত্র। ভীম্মের স্থায় আত্মবলিদান ভারতে সে দিনও মেবারের সূৰ্যাবংশাবতংস ঘটিয়াছে। ইতিহাসে প্ৰথিত বংশধর বাপ্পারাওএর পিতার জত মিবারের স্পৃহণীয় রাজমুক্ট

সহাস্তমুখে বংশপরম্পরাক্রমে স্বেচ্ছায় ত্যাগ ভীম্মের ভাব যে ভারতেরই করিয়া বিছুরের দেখাইয়াছেন। ধর্মপক্ষসমর্থনকারিতা, যুধিষ্ঠিরের শত্য-নিষ্ঠতা আর্য্যদমাঙ্গের সনাতনী শক্তি। দ্রোপদীর পতিভক্তি আর্যানারীর দনাঙ্নী রীতি। অর্জ্নের গহিষ্ণুতা আর্য্যদমাজের ভগবভাব শ্ৰীকুষ্ণে প্ৰশাতনী প্ৰথা। আর্যাসমাঙ্গের উন্নত আদর্শ। তাই

নিঃসন্দেহে বলা যাইতে পারে থে,
তর্কছলে ব্যাসের মুফ্তে চরিত্রগুলি
প্রাণহীন ধরিয়া লইলেও সেই চরিত্রা
ক্ষনমুখে মুনিবর নিজকালের পাণপুণ্যময়
সমাজ বর্ণন করিয়াছেন, একই পটে
আলোক ছায়ার ন্যায় যুধিয়য়-তুর্ব্যোধনাদির
সন্নিবেশ করিয়া সমসাময়িক সমাজের
আলোক-ছায়া দেখাইয়াছেন। (ক্রমশ)
শ্রীহরিচরণ গ্রেপাধায়ায় শাস্ত্রী।

অবলা কি ঘুৰ্বলা ?

ইংরেজদের মধ্যে কিন্তু এ বিষয়ে মতভেদ দেখা যায়। ভারউইন বলেন স্ত্রী পুরুষের অনেক পূর্বে উন্নতির শেষ সোণানে উঠিয়াছে; পুরুষ এখনও উন্নতির পথে চলিয়াছে। হারবার্ট স্পেন্সার বলেন— "স্ত্রীজাতির উন্নতি **ৰ্থব**:হলা দ্বারা বাধাপ্ৰাপ্ত ৷ ক্ৰ টুয়াট शिल गरन করিতেন মাত্র (क व म অভ্যাসজাত সংস্থারদারা স্ত্রী পুরুষের নিকট হানতা স্বীকার করে, নতুবা স্ত্রী কোন বিষয়ে পুরুষ অপেকা নিক্নন্ত নহে। মহাঝা মিল যেরপ শাহস ও দক্ষতার সহিত তাঁহার মত প্রচার করিয়াছিলেন তাহাতে সভ্য জগৎ স্তম্ভিত হইয়াছিল। সমঞা রমণীসমাজ তাঁহার নিকট এ জভা চিরঋশী।

আজ কাল পুনরায় একদল মাথা তুলিয়াছেন। তাঁহাদের মতে স্ত্রী পুরুষ-অপেক্ষা হুর্বল নহে, পক্ষান্তরে পুরুষই হুর্বল।

ইহাদের প্রমাণ-সংগ্রহের ঘটা পড়িয়া গিয়াছে। পক্ষান্তরে ইংরেজ কুলাঙ্গনাগণ সমাজ ও রাজনীতিক্ষেত্রে তাঁহাদের অধিকার বিভারের জন্ত ছিন্নমন্তারূপে রণরঙ্গে মাতিয়াছেন। তর্ক যুক্তির ক্ষুদ্র সীমা অতিকান না করিলে পাছে স্বার্থপরায়ণ পুরুষ সহজে জীর শ্রেষ্ঠ স্বীকার না করে, বোধ হয় এই আশক্ষায় বার রমণীকুল সমাজনক্ষন পদদলিত করিতে উন্তত হইয়াছেন। প্রবন্ধতাপাধিত ইংরেজ রাজপুরুষণণ ইহাদের ভৈরব নিনাদে ব্রন্ত ও চিন্তাকুল হইয়া পড়িয়াছেন। রমণীর অধিকার-পথ অচিরে কণ্টকমৃত্রু না করিলে, ইংরেজ সমাজে কি বিপ্লব উপন্থিত হইবে কে বলিতে পারে বু

ডার্উইনের শিষাগণ বলেন মাকুষ ও বনমামুষের শারীরিক গঠনগত প্রভেদের মধ্যে পাঁজবের হাড় বিশেষ উল্লেখযোগ্য। মারুষের পাঁজরে সাত খানি হাড়থাকে; বনমান্তবের আটঝানি। বন্যামুষ মামুংষর পূর্বপুরুষ এ সম্বন্ধে একটা প্রথাণ (य, ञानक माञ्चार प्राचित प्राचित शाकि। এবং এই অন্তমপঞ্জর স্ত্রী অপেক্ষা পুরুষে বেশী দেখা যার। সূত্রাং ইহা স্ত্রীর শ্রেষ্ঠতের একটা নিদর্শন। আবার শ্রীগ্রয়বের অস্বাভাবিক গঠনও পুরুষের গৌরবের অনে চ পরিমাণে হানি করে। পুরুষের মাণার চুল খড়ার আয় মধ্যভাগে বিধাভিন্ন ও উর্ন্ধ-मुथी। व्यत्निक मगग इष्ट्रभरनत পুরুষের বিকৃত। আঙ্গুলের উপর আঙ্গুল, দাতের উপর দাতে, এরপ বিকৃতি স্ত্রীগণের মধ্যে খুণ কম। ইহা স্ত্রীজাতির শারীরিক উৎকর্ষের প্রমাণ।

পৃথিবীর ইতিহাদে দেখা যায় পুরুষ ক্রণবিকাশে যত উন্নীত হইতেছে, ততাই সে ব্রাহ্ব লাভ করিতেছে।* অবয়ববিৎ পণ্ডিতগণ বলেন আধুনিক সভা সমাজে পুরুষের গঠন ও আকার ক্রমেই স্ত্রীর মত হইয়া আসিতেছে। হয় ত এখন দিন বহুদ্র নয় যথন আকার দেখিয়া পুরুষ কি ত্রী চেনা শক্ত হয়বে। অপরিচিতের সহত আলাপে নামধামের পরিচয়ের সঙ্গে আরও একটা প্রশ্ন জিজ্ঞাসার প্রয়োজন ইইবে। অসভ্য

কথাটা, ব্ঝি বা সত্য। হিন্দু জাতির আদর্শ প্রকা-শীক্ষেত্র দেহের গঠন, লালিকো, রমণীজনোচিত্ত নম কি? বিত্ত, গৌরাঙ্গ সম্বেশ্ব এ কথা থাটে। নজীরের অভাব নাই। মলিনাথ। সমাজে রহদাকার স্থদীর্ঘ বপু পুরুষোচিত বলিয়া গণ্য। কিন্তু সে ধারণা এখন সভ্য সমাজ হইতে ক্রমে তিরোহিত হইতেছে। এখন জীর ন্থায় পুরুষও ক্রশাল ও ধর্বাকার হইলে সভ্য মানবের সৌন্দর্যাজ্ঞানকে পরিত্প্ত করে। বস্তুতঃ সভ্যদেশে পুরুষ ও ক্ষাণ-অন্থিবিশিষ্ট ও জীম্বান্ড ক্যাবণাসম্পর হইয়া উঠিতেছে।

এ প্রমাণ শুরুষ অন্তর বাঙ্গালী পুরুষ অন্ত দেশীয় পুরুষ অপেক্ষা শ্রেষ্ঠ। হায়, বাঙ্গালী। তুমি জান না বিশ্ববিধাতা তোমার অভ্যাত-সারে তোমাকে মনুষ্যজাতির আদর্শ করিয়া সৃষ্টি করিয়াভেন।

স্ত্রীর শ্রেষ্ঠত্বের আরও প্রমাণ আছে।
বর্ণাসূভূতি পুরুষ অপেকা স্ত্রীর তীক্ষ। অসভ্য
জাতির মধ্যে দেখা যায় তাহারা ৪।৫ টার
বেণা বর্ণ অনুভব করিঙে পারে না। সাদা,
কাল, নীল, পীত প্রভৃতি নানা বর্ণের ভেদ
কেবলমাত্র স্ত্রীগণই স্থাপষ্ট অনুভব করে।
সভ্যসমাজে পুরুষগণও বর্ণের স্ক্র তারতম্য
অনুভব করিতে পারে না। এ বিষয়ে স্ত্রীর
শক্তি পুরুষ অপেক্ষা বেণা।

একটা কিছু রহস্তজনক প্রমাণের উল্লেখ
না করিয়া থাকিতে পারিলাম না। কোন
অভিনব পণ্ডিতসম্প্রদায় মনে করেন
যেথানে খাদাসামগী মহার্যা ও অপ্রচুর,
সেধানে পুত্র বেশী জন্ম গ্রহণ করে এবং
যেখানে প্রচুর ও স্থলভ সেশানে
কলা বেশী জন্ম। ধনীর সৃহে এই কারণে
কলা বেশী ও দরিদ্রের গৃহে পুত্র
বেশী। ভূর্ভিক্ষ ও মহামারী কিছা মুদ্ধা
বিগ্রহের সময় পুত্র বেশী জন্ম গ্রহণ করে।

এবং এই একই কারণে তুর্গম পার্ববত্যপ্রদেশে ও মরুভূমে কন্যা অপেক্ষা পুত্র বেশী। এই পণ্ডিত-মণ্ডলী ভারতবর্ধের খবর রাখিলে বলিতে পারিতেন এই কারণে ভারতে পুত্র অপেক্ষা কল্যা বেশী এবং অফ্র্যাম্পশ্যা আর্যারমণী ইংরেজের পুরস্ত্রী হইলে সভাতার আদান প্রবাহ্নি ভারতবর্ধ অপেক্ষা ইংলণ্ড অধিক লাভবতী হইতেন।

ুঅনেকের হয় ত খট্কা টেকিবে অপ্রচুর খাদ্যের সঙ্গে মাতুর্ধের জন্মের কি সম্বন্ধ ? এবং সুত্তম থাকিলেও, তাহাতে স্নীলো:কর গৌরব কিসেবাড়ে থামার মনে হয়---বিজ্ঞান ইহার সমর্থন করিবে কি না জানি না-সকল অঙ্গ প্রত্যঙ্গ, সমুদয় শারীরিক ও मानिमक देखित मगाक छे९कर्ष थाना इहेट भूष्टि ও রসাকর্ষণের উপর নির্ভর করে। অপ্রচুর খাদ্যর্দ হইতে পুরুষের অপরিণত শরীর ও মনের জন্ম হইতে পারে; কিন্তু স্ত্রীর পারে না। এই জ্ঞ্ প্রচুর খাদাের অভাব ঘটিলে সেখানে স্ত্রী জন্মে না, পুরুষ कत्य। धनीत गृदर এই कना चुन्नती कना। এবং মরুভূমে ও ছভিক্ষপীড়িত দেশে পুত্র বেণা জন্ম। ইহা স্ত্রীর শ্রেষ্ঠবের অন্তহম প্রেমাণ ৷

কেহ হয় ত বলিবেন—কৈ ইহাতে •ত স্ত্রীর শারীরিক শক্তির কোন পরিচয় অধ্যবসায়শীল পাইলাম না। পণ্ডিত ইহার উত্তর দিবার জন্য প্রস্তত। নানা ভিন্নদেশীয় হাঁদপা তাল অমুসন্ধান করিয়া জানিয়াছেন যে বভাবতঃ জীর শরীর পুরুষ অপেকা স্থুদৃঢ় ও করিতে ও স্থায়ী। রোগ যন্ত্রণা সহ রোগের আক্রমণ হইতে আত্মরকা করিতে পুরুষ অপেকা জীর ক্ষমতা অনেক বেশী। ন্ত্রী হাসিমূথে যে রোগ বহন করে, পুরুষ তাহাতে শ্যাগিত হয়। অনেক রোগ ত্রীলোকের আদৌ হয় না। অনেক রোগ ধুব

কম হয়। পীড়িত-অঙ্গছেদ বা উহাতে অন্তা-ঘাত স্ত্রী যত সহজে স্থ করে, পুরুষ তাহা পারে না। অম্বচিকিৎদাবিশারদ পণ্ডিত এ কথার সাক্ষী। সেবা-ব্রতে স্ত্রী অতুলনীয়া। হিন্দুর নকট ইহার নৃতন পরিচয় দিতে হইবেনা। হিন্দু সীকে সক্ষীস্বরূপা জানে। অন্য দেশে ইহার স্মাক পরিচয় বলিয়া হাঁসপাতাল ও যুদ্ধকেত্ৰ অনুসন্ধান করিতে হয়। দেখানে দেখা যায় সেবায় ন্ত্রা পুরুষ অপেক্ষা শ্রেষ্ঠ। নাস (Nurse) ব। ধাত্ৰীগণ হাঁতপাতালে ও যুদ্ধকেতে করুণহন্ত প্রদারণ না করিলে কত বিরাট সভা রাজ্যে মরণের ছায়া স্বিগুণ বিকট হইয়ামাতুষকে মকুণের ভয়েক্ষিপ্ত করিয়া তুলিত। রুমণী শ্বন্ধলহস্তদারা শ্মশানকেও সুখ-শ্যায় পরিণত করিয়াছে। ইহা র**মণীর** কম গৌরবের কথা • য়।

শ্বার একটীমাত্র প্রমাণ উদ্ধৃত করিব।
ইনসিওরেল কোম্পানির ইতিহাস হইতে
দেখা যায় স্ত্রীর দৃষ্টশক্তি পুরুষ অপেক্ষা
তাক্ষ ও স্ত্রী পুরুষ অপেক্ষা দীর্ঘলীবি।
দৃষ্টি যে তীক্ষতর তাহার প্রমাণের জন্য
ইনসিওরেল কোম্পানীর দপ্তর ঘাটিয়া
মরি কেন? ইহা ত জ্যামিতির স্বতঃ সদ্ধের
ন্যায় নিত্যপ্রামাণ্য – নতুব। সে কটাক্ষে
মহাযোগী মহাদেবের ধ্যান ভঙ্গ হইবে
কেন? আর বেচারি বাঙ্গালী-পুরুষই বা
বিশ্বদংসারকে অসার জ্ঞান করিয়া অঙ্কলক্ষীর
অঞ্চললগ্ন ইইবে কেন ?

ইহার পর যদি কোন পুরুষ জীর শ্রেষ্ঠত্বে সন্দেহ করেন তবে মনে করিব-নিশ্চরই তাঁহার স্টেত্ত্বের বর্ণপরিচয় হয় নাই।*

শ্রীপ---



রবীন্দ্রনাথের কাব্য-প্রতিভা

সত্য এবং সনাতন ধর্মের শান্তি, প্রীতি, ও মক্লময় মন্ত্রের প্রচারক ঋষিগণ। যে সকল ঋষি তাহা কাব্যে প্রচার করিয়াছেন তন্মধ্যে রবীন্দ্রনাথের প্রতিভা অভিনব এবং অপূর্ব। বিংশ শতাব্দীর রক্তিম শন্ধায়, প্রাচ্য এবং প্রতীচ্য জীবন-সংঘর্ষের मशाकानाश्लव मर्या, शीरत थीरत, वह পুরাকালের কতকগুলি লুপ্ত গান এবং माखितानी, बाब बरीखनारशत निकृष्ठे तस्त्रत শ্দ্যশামলক্ষেত্রপ্রান্তে, ভগ্নকুটারে, এবং পুরাতন মন্দিরে বসিয়া আমর। গুনিয়াছি। বিংশতি বৎসর পূর্বের দেগুলি আমরা কিছুই ব্ঝিতাম না। তখন কল্পনা-মন্দিরে সেগুলি ভাঙ্গিয়া, গড়িয়া, বিশ্লেষণ করিয়া তাহা হইতে অনেক অর্থ বাহির করিতে চেষ্টা করিয়াছি। সাহিত্যজগতে তাহার প্রতিভা वैश्वित्रण, (मनी, এবেঞ্জার ইলিয়ট, ত্রাউনিং, ওয়ার্ডস্ওয়ার্থ প্রভৃতি কবিগণের সহিত তুলনা করিয়াছি। ক্রমে বঙ্গে অভ্তপূর্ব र्थ्य-कीरानत উत्ताव ट्रेन। य कीरन দেবতাকে বছকাল ধরিয়া ভারতবর্ষ বিশ্বত হইয়াছিল তাঁহাকে মল্পুত করিয়া

নবপ্রতিষ্ঠিত যজ্ঞের মধ্যে বঙ্গের সন্তানগণ • পুনর্কার আবাহন করিল। সেই সম্ভানগণের অগ্রগণ্য হোতা এবং কবি—রবীন্দ্রনাথ। যে মন্ত্রহারা তিনি এই সাধনা শিখাইতে চাহিয়াছেন তাহার মূলে প্রকৃতি এবং পুরুষের নিগুঢ় সম্বন্ধ প্রতিষ্ঠিত। তাহার কথা কাব্য। তাহার উৎস উপনিষদ। তাহার ভিত্তি জ্ঞান, এবং উপকরণ প্রেম। (महे (अय निक्न कतिया त्रवीत्यनाथ वह শতাকীর মরুভূমিকে পুষ্পিত এবং লতাবেষ্টিত আশ্রমে পরিণত করিয়াছেন। স্থ্যভাবে, পক্তির মনে, প্রীতির সহিত যখন সেই আশ্রমে প্রবেশ করিয়াছি, তখনই কিছু নৃতন দেখিয়াছি এবং শিকা করিয়াছি। তথনই কোনও কালের বিশ্বত কথা মনে পডিয়াছে। কোনও গভীর অন্তর্নিহিত এবং অসুত-স্রাবিণী ভাবলহরী ফুটিয়া উঠিয়াছে। বুঝি নাই কিন্তু অমুভব করিয়াছি। জানি না, তবুও নিঞ্চের বিগলিত অশ্রুধার দেখিয়া লজ্জিত হইয়াছি।

কেবল কাব্য নহে, তাহারই মধ্যে কলভাবে কবি রবীন্দ্রনাথ কতকণ্ডলি ধর্মঞ্চগতের আদিম ইতিহাস ক্ষুদ্র এবং মনোহর প্রণালী দারা ইঙ্গিতে প্রকটিত করিয়াছেন। নিকম্প এবং বিশাল উদ্ধির বক্ষে প্রকৃতি এবং পুরুষের প্রথম উদ্বাহ, স্পুপর্ণভূষিত কুমারগণের বাল্যলীলা, অনস্ত আকাশতলে তাহা দগের আয়বিস্মৃতি এবং স্বপ্ন, ভূগৃহে তাহাদিগের পুনরাবর্ত্তন, মাতৃ-স্বেহ, পিতৃ ক্রিয়তি এবং মায়াবধূ লইয়া গৃহরচনা, কত কথায়, কত ছন্দে এবুং কত[ু]রঙ্গে রবীক্রনাথের কাবে। দেখিতে পাইয়াছি।

অবসর মত যাহা মনে পড়িত, তাহারই কতিপয় কথা এই প্রবন্ধে আমরা লিখিতেছি। সমালোচনা করা এ প্রবন্ধের **সহিত** উদ্দেশ্য নহে। কাব্যের ধর্মের, এবং প্রকৃতির সহিত পুরুষের নিগৃঢ় সম্বন্ধ, যাহা আমরা রবীক্রনাথের গানে পাইয়াছি, তাহারই কিয়দংশ বর্ণনা করা এই প্রবন্ধের উদেশ্য। সমালোচনার বিপুল ব্যাপার আমাদিগের সাধ্যের বহির্ভৃত। রবীন্দ্র নাথের গভীর মর্মস্পশী সম্পূর্ণরূপে মানসপটে চিত্রিত করি, সে ম্পর্কা আমাদিগের নাই। ক্ষুদ্র অন্তঃকরণে যতদুর তাহার প্রতিবাত অমুভব করিয়াছি. কুদ বুদ্ধিতে তাহার মর্ম যতদুর বুঝিয়াছি, সে সব কথা বলিলে, যদি অভ কাহারও স্থাদী ভাবের সৃহিত মিশিয়া যায়, তাহা হইলে আনন্দ লাভ করিয়া সার্থক হইব।

ধর্মই কাব্যের মূল

ধৃতি হইতে ধর্ম। ধর্ম প্রকৃতি এবং পুরুবের নিগূঢ় স্বয়র। আহতান ও মায়। হইতে আত্মবিশ্বতি এবং দুঃধ। কিন্তু এই विमान यात्राक्षणी व्यावतत्वत मत्या धर्मह পথ প্রদর্শক। ধর্ম প্রথমাবস্থায় পরিচিছন্নভাবে উদিত হয়, ক্রমে কর্মাক্রকেত্রে সেহ, ভক্তি, প্রেম, প্রীতি এবং আত্মত্যাগে প্রসারতা লাভ করে। ভাহারই প্রতিকৃতি সমাজ এবং সংসার। বছযুগ হঃখ সহিয়া জীব অবশেষে জাতিমরতা এবং আগুজান লাভ করে।

জীবাত্মার এই বিশাল ইতিহাস, কেবল মানবের সামাজিক কিংবা জাতীয় ইতিহাসে প্রকটিত করা হঃসাধা। वक्ट नौना. একই ধর্ম, অহরহ চক্রবৎ পরিবর্তন করিতেছে। ধর্মশাস্ত্র গুরুমুখী বিভা, দর্শন বিবেক ও বিচার-সাপেক। বাহদৃষ্টিতে ইতর মানব কেবল হুইটী চিত্র দেখিতে পায়--- দ্বন্দ এবং প্রেম। একদিকে জীবন-সংগ্রাম, অন্তদিকে ক্লেহবন্ধন। সেই বন্ধন ধর্মোছত, এবং বন্ধন হইলেও মুক্তির পথ। প্রেম একটি নিগুড় বন্ধন, ভক্তিও বন্ধন। কিন্তু এই বন্ধন হইতেই, এই বৈতভাব হইতেই, প্রাণের গতি অন্তমুখী হইয়া থাকে। পরিচ্ছিন্ন জীবনের সহিত অনন্ত জীবনের সম্বন্ধ ঘনীভূত হয়। প্রেম হইতেই জীব যুক্তাবস্থা অমূভব করে, আদর্শ করনা দেই প্রেমের প্র**শারতা স্থাবর** জন্ম এবং প্রত্যেক বিশ্বকণায় যে অসুভব করে সেই ভক্ত। তাহারই সৌন্দর্য্য, তাহার मक्रील नहेश कार्या जाहातहे कथा. ধর্ম্মের কথা, প্রকৃতি এবং পুরুষের সম্বন্ধের কণা। অতএব মনীবিগণ কহিয়াছেন, ঈশর, প্রকৃতি, ধর্মের প্রতিভা, সৌন্দর্য্য, नकी छ এवः (श्रमगत्र मानत्वत्र कीवन, अहे क्री कार्तात माधात्र अवश (मोनिक विवत्र।

यादाता अज्ञलिष्ठि পথ कारन ना, यादा-দিগের দেহের প্রাকৃতিক সংগঠনে প্রেম এবং ভক্তির উপকরণ বর্তমান, তাহাদিগের পক্ষে কাব্যই ধর্মপথপ্রদর্শক। ভারতবর্ষের আদ্নিম দামাজিক কিংবা জাতীয় ইতিহাদ विमन्त्राप काथा वर्गिक इस नाहे, কিন্তু তাহা হইতেও অধিকতর মুল্যবান ইতিহাদ আমরা প্রাপ্ত হইয়াছি। তাহা ভারতবর্ষের ধর্মশাস্ত্র। কাব্য, তন্ত্র এবং দর্শন সেই শাস্ত্রের অন্তর্গত। আদিম প্রকৃতির অঙ্কশয়ান স্বপ্লজড়িত মানবশিশুর সহিত বিশ্বপর্মাত্মার প্রাচীন সম্বন্ধ আমরা মহাকাব্যে দেখিতে পাই। সেই বিশ্বব্যাপ্ত মায়াদেহের রচনা তল্পে বর্ণিত হইয়াছিল। দর্শনশান্ত্র তাহা বিচারে প্রার্ভ হইয়াছিল। কেবল কাব্যের দিকেই দৃষ্টিপাত করিলে ध्यनाशास्त्र छे भनिक इहेर्द स्य, स्त्रोत्रानिक [•] ইতিহাস ইহার প্রথম যুগের উপকরণ। কি**ন্ত সে ই**তিহাস ধর্মের অন্তুত ইতিহাস। সেই যুগের প্রকৃতি ও পুরুষের গুঢ় পারিবারিক সম্বন্ধের ইতিহাস। তাহাতে এ যুগের সৌন্দর্য্য-উপাসনার তত্ত্ব বিরল। তাহাতে পরবর্তী যুগের পরিফুট যৌবন-লকণ নাই। তাহারও পরবর্তী মুগের पर्यन्याख्य वार्कका-नक्षण नाहे। देगमद्व স্থপ্ন কোন যুগেই কেহ• বুঝিতে পারে না। ৰ্থাৰ ভাহাই প্ৰকৃত তন্ত্ৰ ও ইতিহাস, এবং প্রকৃত দর্শনের প্রমাণ। একটি নিচ্চলঙ্ক, নিপাপ, ঘুমন্ত স্থোজাত শিশুর দিকে শক্ষ্য করিয়া দেখুন। নীরব, গৃহে শিশুর প্রতি একাগ্রচিতা জননী, এবং জননীর **অংক জীবন্তুক সুধুপ্ত সন্তান। '** উভয়ের

অন্তরালে অদৃশ্র পিতা। তিন জনেই যুক্ত এবং সেই গোপনীয় যোগপথেই ধর্মের প্রথম অন্তুর নিহিত। যে স্বপ্নে শিশু মন্ন তাহা কথনই আধুনিক হইতে পারে না, কারণ তাহার প্রত্যেক হাস্তে নিলিপ্ত ভাব, প্রত্যেক ক্রন্দনে পূর্ব্ববৈরাগ্য এবং প্রত্যেক চাহনিতে অন্তর্ষ্টি। দর্শন যাহা বুঝাইতে চাহে, তম্ব যাহা বর্ণনা করে, জগৎ-লীগার যাহা শেষ, যাহার মধ্যে মুণিময় স্থত্তের স্তীয় विभाग विश्वस्त्रात्र चानि अवः चनानि वस्तनः অজ্ঞের এবং অদৃশ্র বিরাট সত্য পুরুষের • মহিমা প্রচার করিতেছে, ইহা তাহাই। তাহা বর্ণনা করা শিশুর ক্ষমতার বহিভূতি। কারণ তাহার বিবেক এবং বিশ্লেষণের শক্তি প্রাফুটিত হয় নাই। শিশু তখনও কবির পদে প্রতিষ্ঠিত নহে। সে কথা জানে না। তথনও ছন্দের উৎপত্তি হয় নাই। আনন্দ অন্তৰিহিত।

কাব্যের প্রথম তিনটি যুগ

সমগ্র পৌরাণিক কাব্য এবং মহাকাব্য সেই আদিম স্বপ্নের কথা। সেই মহান এবং বিরাট স্বপ্ন কি তাহা আমাদিগের বৃদ্ধির অগোচর, কিন্তু এককালে আমরাও তাহার দ্রষ্টা ছিলাম। বাহ্য প্রকৃতিতে মন আকৃষ্ট হইলে সেই স্বপ্ন আমরা বিশ্বত হই। সত্য স্বপ্ন অসত্য হইয়া দাঁড়ায়। প্রাতন হাসি নৃত্ন, পুরাতন অশু বাহ্য নয়নের, পুরাতন জীবন তথন পরিচ্ছিয়। কিন্তু বাল্যাবস্থা এবং যৌবন পর্যান্তও সেই স্বপ্নের প্রভাব আমরা দেখিতে পাই। জনান্তরে বদ্ধসংসারী জীব সেই স্বপ্ন বিশ্বত হইয়া পথলান্ত অরণ্যগত পথিকের লায়

কিন্তু খবি-কবি যুক্ত শিশু। প্রথম যুগে সে স্বপ্নদৃষ্ট ইতিহাস বর্ণনা করে। দ্বিতীয় যুগ তাহার বাল্যাবস্থা। জীবন-সংগ্রাম তাহার লক্ষ্য। সেই দ্বন্দের অভান্তরে সে অন্তর্নিহিত সংস্কারের বশবর্তী হইয়া হন্দ্র মিটাইতে চাহে। মহাসংগ্রামের মধ্যে তাহার চিরস্থা সত্য স্বপ্নময় পুরুষ অবতাররূপে রুখোপস্থে কিংবা ভূগর্ভ র্ভেদ করিয়া ধর্মের গ্লানি দূর করেন। সে যাহা দেখিতেছে তাহা সত্য। সে যাহা কহিতেছে তাতা কেত শিশায় নাই। তাহার কল্পনা किइहे नरह। শ্বৃতি ব্যতিরেকে অগ্র প্রকৃতির মায়াময়ী লীলা সে স্বভাবতঃ ধ্যানম্ভ হইয়া দেখিতে থাকে। তাহার প্রকৃত অর্থ আমাদিগের নিকট চুক্তের, কিন্তু তাহার নিকট সরলু সত্য। আমাদিগের নিকট তাহা অন্তুত, অতএব আমরা চিরকালই কহিয়া থাকি যে, বাল্মীকি ও বাাস হইতে আরম্ভ করিয়া রবীন্দ্রনাথ এবং পাশ্চাতা Transcendental কবিগণ সকলেই কল্পনার দাদ। যেন একটা অভূতপূর্ব অবিখাস্ত মোহজালে জড়িত। পৌরাণিক ইতিহাসের কথা এবং এ যুগের কবির কথা সকলই কল্পিত গাঁজাধুরি বিষয় ৷

প্রথম ধুগের সনাতন মহাকাব্য বেদগানে প্রচারিত হইয়াছিল। পুরাণ হইতে
বিতীয় যুগের মহাকাব্যের স্কৃষ্টি। কিন্তু
সেই মহাজ্ঞানী ঋষিগণের বর্ণনাসমূহ
সাধারণ পাঠকবর্গের নিকট অভ্ত ও
অস্বাভাবিক। পাশ্চাত্য মনীধিগণ ইহার
স্বব্ধে ছুইটী সিদ্ধান্তে উপনীত হুইয়াছেন।

গেটে, লেসিং, হার্ভার প্রভৃতি জ্মান দর্শনবিদ্গণের মতে পৌরাণিক দৃশ্রদমূহের মধ্যে গুঢ় সঙ্কেত বর্ত্তমান। ুসে সঙ্কেতের অর্থ ঋষিগণ ভিন্ন অপরের নিকট হুজের। রেণান্ প্রভৃতি বলেন যে, আদিম মানব যুগদংস্কারবশতঃ অন্তদ্ষির অধিকারী ছিল (They conversed with Nature, spoke to her, heard her voice, and held to her through her arteries. They comprehended in a of magnetic way. They did not create symbols to cover dogmas. The latter were born as thought and the intention was not distinct thing itself)। কিছু from the আমাদিগের স্বাধুনিক সংস্থার দর্শনের ও জ্ঞানের গণ্ডির মধ্যে গিয়া পডিয়াছে। আমরা মনে করি ধর্ম মানব-কল্পনা মাত্র, পৌরাণিক কাব্য একটা বিরা**ট হেঁয়ালি**। বৃদ্ধি দারা সমস্তা পূরণ করিতে পারিলেই তাহার মায়াহুর্গ ছিন্নবিছিন্ন করা হইল। যোগ দীকা প্রভৃতি সেই হেঁয়ালির অহর্গত।

বেমন যৌবনের প্রারস্তেই যুবার সহিত পিতামাতার যুক্ত সম্বন্ধ নিথিল হইতে থাকে এব 'আমিডে'র ভাব তীত্র হয়, সেই রূপ তৃতীয় যুগে মানবের অবস্থা দাঁড়ায় ব (The relation between Nature and God becomes veiled) । প্রকৃতি ও পুরুষের আদিম রহস্য প্রচন্তর স্বর্গতন সম্বন্ধ থাকে না ৮ তথন এই মায়িক আবরণের মধ্যে আমরা • ছইটা ভাবের উৎপত্তি দেখিতে পাই।

অনুসন্ধান

প্রকৃতির বাহ্য মায়িক দৌন্দর্যোর উপভোগ-কামনা তাহার প্রথম দৃশ্য, এবং দিতীয় দৃশ্য তজ্জনিত বিশৃত্বালা এবং ব্যভিচারের মধ্যে ধর্মোর প্রতিদ্বন্দিতা। উভয়ের সংঘর্ষণে অগক্ষ্যে ঈশবের ভাব মানব-হৃদয়ে উদিত হয়। মহন্দদীয় ও খুষ্টীয়ধর্ম তাহার প্রমাণ। উভয় ধর্মেই ঈশ্বর এক ৷ কিন্তু মায়া কিংবা প্রকৃতির কথার লেশমাত্র নাই। ব্যবহারিক ভাবে মায়া কিংবা স্ত্রী-প্রকৃতিকে নিকৃষ্ট স্থান নির্দিষ্ট করাই মুসলমানধর্মের লক্ষণ। সাংখ্যদর্শনের 'নৃত্যকীবৎ'। কিন্তু কামনা-শৃক্ত জ্ঞান তাহাতে নাই। স্থৃফিধর্মের অভ্যুত্থানের পূর্কে কেবল সৌন্দর্য্যের উপভোগই মুসলমান কবিগণের বর্ণনার বিষয় ছিল। খুষ্টীয় ধর্মে স্ত্রী-প্রকৃতির স্থান সামাজিক ভাবে শ্রেষ্ঠ, কিন্তু সনাতন ধর্ম্মের মাতভাব তাহাতে নাই। পরাপ্রকৃতির জগদ্ধাত্রীভাব, প্রকৃতি-পুরুষের পবিত্র সম্বন্ধ, এবং তাহাতে জীবের অপূর্বর রহস্তময় স্থান পরবর্তী যুগের কবিগণের জন্ম রহিয়া গিয়াছিল। সনাতন ধর্মের अञ्चामग्रहे हेरात कात्रग्। हेराक Max Muller প্রভৃতি 'পুনব্দ্ধন' [Re=again, Ligo = bind or Religion] বর্ণনা করিয়া গিয়াছেন। যে ডোর এই বন্ধনকে দৃঢ় করে তাহাই ধর্ম। ঋষিগণের মতে এই যুক্তাবস্থা কোনকালেই লয় প্রাপ্ত হয় না, কেবল কালে শিধিলতা প্রাপ্ত হয়। যুক্ত শিশু যৌবনকালে সংস্থারবগতঃ সেই

বন্ধন লইয়া উন্মাদের ক্যায় আত্মহারা হইয়া পরিভ্রমণ করে। "The first poems related the earliest bonds, but never expressed them in analytical thought. Poetry begins with the youth of the world's history. It is called the mediaeval movement and its first aspect is transcendentalism. Nature begins to lay down the relation of God with itself as Bride." বিশ্বতিবশতঃ আমরা ইহাকে মায়িক সৃষ্টি এবং কল্পনা বলিয়া থাকি, কিন্তু অমুধাবনা করিয়া দেখিলে পূর্ব্ব-কল্লের স্থতি ভিন্ন আর কিছুই নয়। পুর্বা-স্থারে চিদাভাষ। তাহাই কবির এত ব্যাকুলতা এবং **অনুসন্ধান্। প্রেম এবং তীত্র** সঞ্চলিক্সা ইহার প্রমাণ। ধ্যান এবং অফুসন্ধান ইহার আমুসঙ্গিক লক্ষণ। হুগো, বাইরণ, तिनौ, कौठेन, ७য়ार्डम्७য়ार्थ, এবেঞ্চার ইनिय़ हे প্রভৃতি এই পরের প্রিক। তবে ইহারা সাধক কবি নহেন। বৈঞ্চব এবং স্থফিকবিগণ প্রকৃতি ও পুরুষের প্রেমবন্ধন ভক্তিমার্গে স্থাপন করিয়াছিলেন। কিন্তু Transcendental কবিগণ দৃশুভূগতে তাহার অমুসদ্ধান-তৎপর হইলেন। সেলীর দীর্ঘনিখাস, ওয়ার্ডস্ওয়ার্থের গভীর নিদি-शामन, এবেঞ্চার ইলিয়টের করুণা এবং স্বেহ, ও টেনিসনের কর্ত্তব্যপরায়ণতা এবং कान हिलात वीत-पृका, नकरनत्रहे तक्षक्षन দৃশুঞ্চাৎ। অন্তরে যে পুরুষ কর্তুমান তাহার সহিত দৃখ্য জগতের সম্বন্ধ কি ? অপ্রসিদ্ধ দার্শনিক হেগেল স্মিতমুখে কহিলেন

ষে দেই পুরুষ আপনাকে আপনিই বাঁধিয়া থাকেন, নিজেই নিজের প্রেমে মন্ত। ইহা বেদান্তের মায়িক স্বপ্ন, এবং জ্ঞান-জগতের কথা। কিন্তু Transcendental কবিগণ ভাহাতে তৃপ্ত হয়েন নাই। এই যে বিরাট স্বপ্ন যাহার অভ্যন্তরন্থ ভক্তির কথা পূর্কো ভনিয়াছি, জ্ঞানের কথা দার্শনিকগণ কিমোছেন, ভাহার আদি ও অন্তের আভাষ মধ্যাবস্থা হইতে কিরপে প্রাপ্ত হইব ? জড়-প্রাক্তি, জড়দমাজ, জড়দংসারের মধ্যে দেই অন্তরাত্মা কিরপে বিরাজ করিয়া থাকেন ? কোন্ ভাবের মধ্য দিয়া, কোন্ গোপনীয় পথ দিয়া জীব-ভাবে সেই আত্মা আপনাকে অন্তত্ব করিয়া থাকেন ? আমার

ভক্তি নাই, জ্ঞান নাই, সাধনা নাই, পথ কৈছ কছে নাই। তবে কি দৃশুজগতের অপূর্ক ভাবের মধ্যে, উন্মাদ জীবন-তরজায়িত সমাজ ও সংসারের মধ্যে, প্রত্যেক তৃণকণা এবং ঝিলীরবের মধ্যে প্রকৃতির সৃহিত পুরুষের এবং জীবের সহিত জীবের এবং মায়াধিষ্ঠিত চৈতক্তময় পরমাত্মার পবিত্র, সনাতন, এবং শান্তিময় সম্বন্ধ আমগা দেখিতে পাইব না ? এই মুগে যে অভিনব পথ দিয়া Transcendental কবিগণ এই মহান্ অমুসন্ধানে প্রবৃত্ত হইয়াছিলেন, আমরা দেখাইতে চেটা করিব যে, কবি রবীজ্রনাথ তাহার একজন শ্রেষ্ঠ, প্রক্তাসম্পন্ন পথিক।

🗐 छुतुन्द्रनाथ मजूमनात्र । 🔒

মধ্যে বংশপরম্পরাগত জ্ঞান ও

লুকায়িত আছে। এই জ্ঞান ও

করিয়া থাকে। বস্তুত: প্রচ্ছনভূমি

Back ground

অভ্যাবশ্রক।

সকল শিশুর বৃদ্ধিবিকাশে প্রভৃত সহায়তা

চিতোৎকর্বের জন্ম দায়ী, অগণিত জীব-প্রবাহ হইতে উন্তুত জ্ঞান ও রভি সকল

সেইরপ চিতোৎকর্ষের পক্ষে পরোকভাবে

(যমন

শিক্ষা ও আত্মপ্রতিষ্ঠা *

মানবশিশু-প্রথম যথন এই সুন্দর আলোকোজ্জল বিশ্বের দিকে তাহার কচি-ক[']চ অক্ষিপ**ল্ল**ব উন্মী**লি**ত করিয়া চাহিয়া দেৰে, তখন প্ৰাক্তনজনবিচা তাহার অন্ভ্যন্ত ইন্দ্রিয়কে সেই আলোকাচ্ছন্ন বিশ্বের রহস্ত উদ্বাটন করিতে কিঞ্চিন্মাত্র সহায়ত। করে কি না, তাহার কোনও প্রমাণ পাওয়া ষায় না। কিন্তু দেই মুহূর্ত্ত হইতে তাহার মানস্পটে যে রেখাগুলি ধীরে ধীরে অক্তিত হইতে থাকে, তাহাই তাহার শিক্ষার প্রথম সোপান। সে মানসপটে পরিক্টে রেথাগুলির পশ্চাতে যে প্রচ্ছন্ন ভূমি রহিয়াছে, তাহার বিচিত্র উপাদানের

এইরপ মৌলিক, মানসিক ও শারীরিক বিভব লইয়া মানবশিশু জ্ঞানার্জনের পথে অগ্রসর হয়, এবং ক্রমে নিজের চেষ্টায় অমুক্ল এবং প্রতিক্ল অবস্থার, মধো অমবরত আপনাকে নিয়োজিত করিয়া

[🛊] চুঁচুড়াৰ সাহিত্য-সন্মিলনীতে গঠিত। 💎

ক্তানার্জনের শ্বিক লাভ করে। ইক্রিয়-সন্নিকৰ্মজনিত জ্ঞান হইতে সে যেরপ বহিন্ত্র সন্ধান পায়, স্মরণ, মনন ও সুধাদির উপলঁকি হইতে সে তেমনই পাপনার মনকে জানিতে পায়; এবং বাছ ও আঁত্তর বিষয়ের মধ্য দিয়া মানবায়ার সরপ ক্রমশঃ বুঝিতে এইরপে পারে। আত্মজান লাভ করাই মানবের চরম লক্ষ্য। স্থতরাং মানবের শিক্ষা-দীক্ষা সমস্তই আত্মাকে কেন্দ্র করিয়া আবর্ত্তিত হইতেছে। সেই জন্যই মানব ইতিহাস ও পুরাণে, কাব্য ও দর্শনে, ধর্ম ও বিজ্ঞানে —প্রকৃতপক্ষে আপনাকেই থুঁ জিয়া বেড়ায়। সে যেমন তাহার নিজের সুথ ও স্বাচ্ছন্দোর জন্য বিশ্বের সমস্ত পদার্থকে নিয়োজিত করিতে প্রয়াসী হয়, তেমনি লৌকিক ও व्यालोकिक हिताबात मधा निया, ड्लानित নিগৃঢ়তম সমস্থার দার দিয়া, ছন্দের সঙ্গীতে, আত্মার সহিত পরমাত্মার নিবিড়তম সম্বন্ধে, পদার্থ ও পরমাপুর হুক্মাদিপি হুক্ম পরিচয়ে পরিস্ফুটতর মানবের আখা আপনার প্রতিবিদ্ব দেখিয়া সার্থক হয়। এ সার্থকতা প্রয়োজন-বিশেষের অপেক। করে ইহাতে সকল সময়ে প্রতিম্বন্দিতার জালা থাকে না—এ সার্থকতা মামুষের মৌলিক-পক্বতিগত আকাজ্ঞা ও কামনার সার্থকতা। ুমি যখন অর্থের জন্য জগৎকে কুবের ভাঙার বলিয়া গণনা করিয়া ভাহা জয় করিতে চলিয়াছ, অথবা যশের জন্য নানাধিধ পণো তোমার তরণীথানি সাজাইয়ালইয়া পৃথিবীর হাটে বাণিণ্য করিতে চলিয়াছ, প্রথবা বিলাসের न| नमात्र প্রকৃতির

প্রমোদোভানের প্রতি পুষ্পের সৌরভ **বৃটিয়া বেড়াইবার কল্পনা করিতেছ,—তথন** তুমি তোমার বৃহত্তর, পূর্ণতর, ফিরিতেছ ৷ তোমার আত্মার সন্ধানে नगरु (हरे), नगरु नाधना, नगरु किया-কলাপের পশ্চাতে তোমার আত্মা আপনাকে প্রকাশ করিতেছে। তুমি শতাখমৈধ যজ্ঞ করিয়া ইক্রমই কামনা কর, আর তত্তান ক রিয়া নিঃশ্রেয়স বা মোক্ষের অধিকারীই হইতে চাহ, এ সমস্তই তুমি তোমার নিজের তৃষ্টি, তৃপ্তি বা পরিণামের জ্ন্য করিতেছ, সে বিষয়ে সন্দেহ নাই। আত্মাই সমস্ত মননশক্তি ও ক্রিয়াশক্তির উৎস। নিব্দের ছায়াকে উল্লুজ্ঞন করিয়। যেমন যাওয়া যায় না, আত্মার রত ছাড়িয়া তেমনই অন্যদিকে যাওয়াও उप चनार्यात मधा मिया (য আত্মার সন্ধান পাই তাহা নহে, আমাদের সমস্ত প্রবৃত্তিগুলিও প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আত্মাভিমুখী। জ্ঞানের দিক দিয়া—ধর্ম্বের निक निश्र—**अ**थरर्श्वत निक निश्र**—्य** निक **मिशारे—(मिथ, आजा मकत्नत यशञ्जल** বর্ত্তমান রহিয়াছে। আত্মাপেক্ষা জগতে প্রিয়বস্ত আর কিছুই নাই, উপনিষৎকার সত্যই বলিয়াছেন—

ন বা অরে সর্কসা কামায় সর্কং প্রিয়ং ভবতি কিন্তায়নত কামায় সর্কং প্রিয়ং ভবতি।

—বৃহদারণাক।

অতি হের স্বার্থ হইতে পরমোপাদের পরার্থ পর্যান্ত সকল বিষয়েই আত্মার প্রতিষ্ঠা দেখিতে পাওরা যায়। আমি অবশ্র এরপ বলিতেছি না যে, লোকে আত্মার

चूर्य वा चूरियात अना भतार्यत अञ्ज्ञान করে, নিব্দের প্রয়োজন উদ্ধার করিবার প্রতিবেশীদিগের উপকার এমন কি, মাতৃস্তন্যের উপকারিতা ও মূল্য শ্বরণ করিয়া মাতার প্রতি ক্নতজ্ঞ বা স্বেহ-প্রবশ হয় ৷ কোন্ড কোন্ড নীতিতত্ববিং এরপ সিদ্ধান্তেও উপনীত হইয়াছেন! কিন্তু আমি বলিতেছিলাম যে, মাশবের ফাবতীয় ক্রিয়াকলাপ তাহার মুদ্রান্ধিত! যে স্বার্থসম্পর্কশূন্য পরহিত-রতে আপনাকে সম্পূর্ণরূপে বলি প্রদান করিয়া সময়ে সময়ে মানবজগতের ইতিহাদের শুক্ষ কঠিন উষরে স্নিগ্ধপৃত মন্দাকিনীধারা বহাইয়া দেয়. সে পরহিতের মধ্যেও আত্মা আপনার শান্ত পবিত্র নিঙ্গল সম্পূর্ণ মৃত্তি দেখিয়া ধন্য হয়। ইহাই আত্মপ্রতিষ্ঠা। এই যে সর্কব্যাপী আত্মধর্ম জীবজগতের প্রাথমিক স্তর হইতে ধীরে ধীরে উচ্চাদপি উচ্চ স্তরে আত্ম বিকাশ করিতেছে, ইহাকে পাহায্য করাই মানবীয় मिकात छिलिश ७ नका । मानव देशत (य खत य मगरा व्यक्षिकात कतिया क्षारक. সে সময়ে তাহার শিক্ষাপ্রণালী ও সাধনা তাহার অনুগামী হয় আত্মপ্রতিষ্ঠা শিক্ষার সাধারণ লক্ষ্য হটলেও স্তবের পার্থক। অমুসারে শিক্ষার আদর্শসথয়ে অনেক বিভিন্নতা পরিলক্ষিত হয়। টাইবরের তীরে অবিনশ্র নগরী যখন জগজ্জয়ের স্বপ্ন (मिश्टिहिन, कगट्ड निक्सियोश्वर्त्तिभी গ্রীদ্ যথন পরকীয় শাসনছোয়ে নিভুতে জ্ঞান ও শিল্পের আদর্শ গড়িতেছিল, ্রীশাভ বাণিজ্যের জাল বিস্তার করিয়া যথন

क्शरक शाह्य नाम तर्हन, कतिवात कहना করিতেছিল, ভারত যখন স্তিমিত-নয়নে অরণ্যে বিষয়া পুনজনি ও কৃত্মফলের অনন্ত শৃঙাল রচনা করিতেছিল, তথন এই সকল দেশের লোকেরা বিভিন্ন উপায়ে আত্ম-প্রভিষ্ঠার চেষ্টা করিয়াছিল। এবং সেই ইহাদের শিক্ষাপ্রণালীও সভন্ত হইয়া দাঁড়াইয়াছিল। বর্ত্তমান যুগে প্রশান্ত মহাসাগরের প্রশান্ত নির্জ্জনতার মধ্যে ক্ষুদ্র একটি দ্বীপ বর্ত্তমান রাষ্ট্রনৈতিক আদর্শকে ধীরে ধীরে গড়িয়া তুলিতেছিল। সুযোগ পাইয়া সে কেই আদর্শের মধা দিয়াই আত্ম প্রকাশ করিয়াছে। তাহার শিক্ষা, সঙ্কল, আকাৰক। সমস্তই সেই তীব্ৰ আত্ম-প্রকাশের সাধনম্বরণ হইয়াছে। সুৰুপ্ত অহিফেনমুগ্ধ বেণীবন্ধ চীন এতদিন আপনাকে ভুলিয়াছিল, সে-ও হঠাৎ তাহার অহিলাঞ্জি বেণীর সহিত অহিফেন চীন-সমুদ্রে বিসর্জন দিয়া আগত হইয়াছে; তাহারও আত্মপ্রতিষ্ঠার জন্য চঞ্চলতা দেখা দিয়াছে। বর্ত্তমান চীনের শিক্ষা-গুণালী এই নৃত্ন আদর্শের ছায়ায় গঠিত হইবে। টীনের আদর্শ ভারতের আদর্শ হইতে সম্পূর্ণ ভিন হইতে পারে। যতদিন আদর্শের পার্থক্য থাকিবে, ততদিন শিক্ষাও বিভিন্ন পদা অব্লঘন করিতে এইরূপে আমরা দেশভেদে ও জাতিভেদে শিক্ষার ভারতমা বুঝিতে পারি। কেন্দ্রন হইতে উৎপন্ন হইয়াও প্রকৃতি ও আদর্শানুসারে রেখাগুলি পরম্পর বিভিন্ন হইয়া পড়ে।

হার্বাট শেপলার তাঁহার "শিক্ষা" নামক

সারবাম গ্রন্থে "কোন্ জ্ঞান স্কাপেকা শ্রেয়ঃ ?" এই প্রশ্নের মীমাংসায় অতি স্থলর ভাবে বুঝাইয়া দিয়াছেন যে "আত্মরকাই জীবধর্মবিশিষ্ঠ মানবের সর্বশ্রেষ্ঠ কর্ত্তব্য। এবং যে জ্ঞানের দারা এই আত্মরক্ষা সহজ-मार्श रम, जारारे मर्त्वादभक्ता व्यानतिमा এই জ্ঞান লাভ করিবার পক্ষে উপযোগিনী যে শিকা, দেই শিকাই গরীয়সী। বলা বাহুলা যে আগ্রহনা আগ্রপ্রতিঠার সুম্পষ্টতম উদাহরণ। জীবরাজ্যের প্রথম স্তর হইতে শেষ স্তর পর্যান্ত সর্বত্রেই এই আত্মরক্ষা-নীতির সার্বভৌম প্রভাব। এই আত্মরক্ষারপ আত্মপ্রতিষ্ঠা তোমাকে স্বার্থান্ধ জীবনাত্রে পরিণত করিতে পারে, আবার এই আজ-প্রতিষ্ঠ। দেশ ও কালের সীমা অতিক্রম করিয়া ভোমাকে অমরত্বের তীরে লইয়া যাইতে পারে। জীবজগতের ধারাবাহিক • ইতিহাস পর্যালোচনা করিয়া স্পেন্সার জীবন-সংগ্রামের তীব্রতা উপলব্ধি করিতে পারিয়া-ছিলেন, সুতরাং তিনি জীবনের পরিপূর্ণতা (complete living)কেই জ্ঞানের চরম আদর্শ বলিয়া ধরিয়া লইলেন। সামাজিক আত্মরকা, রাষ্ট্রনৈতিক আত্মরকা, অর্থ-নৈতিক আত্মরক্ষা—নানা গাবে পারিপার্শ্বিক দর্কবিধ অবস্থার মধ্য দিয়। আমরা আত্মাকে পূৰ্ণতৰ অবস্থায় লইগা ষাইতে চাহি। ছত্তই আত্মরকা বর্ত্তমান যুগের শ্রেষ্ঠ নীতি। এবং এই জন্যই তংসাধনরূপ জ্ঞানের यस्गीलनहे मानत्वत लका हहेशास्त्र। पर्मन, ইতিহাস, সাহিত্য যাহা পারে. নাই, বিজ্ঞান তাহা করিতেছে। 'বিজ্ঞানের প্রভাবে জীবনীশক্তি বাড়িভেছে, বিজ্ঞানের প্রভাবে

স্থাবের দীমা প্রদারিত হইতেছে, বিজ্ঞানের নৃতন নৃতন আবিদ্ধারে শক্রকে পরাভূত করা সংজ হইয়া উঠিতেছে। কাজেই, আত্মরকা বেখানে মূলমন্ত্র, বিজ্ঞানই দেখানে প্রোহিত। বিজ্ঞান আত্মপ্রতিষ্ঠার সহায়, স্তরাং বিজ্ঞান আত্মপ্রতিষ্ঠার সহায়,

শাত্মক্রার প্রয়োজনীয়তা এবং প্রাণ-পোষণের গৌরব এদেশেও যথেষ্ট পরিশাণে স্বীকৃত হইয়াছিল, বলিয়া বোধ হয়। শ্রুতি বলিয়াছেন—

কস্মিরহম্ংক্রান্তে উৎক্রান্তো ভবিষ্যামি,
ক্ষিন্ বা প্রতিষ্ঠিতে প্রতিষ্ঠাস্থামীতি দ প্রাণ্
মস্জত।

ছান্দোগ্যে প্রাণের প্রতীকোপাসনার ব্যবস্থা আছে।

প্রাণো পিতা প্রাণে মাতা প্রাণো ভাতা প্রাণঃ স্বদা প্রাণ স্বাচার্য্যঃ প্রাণো ক্রান্সণঃ।

কৌষীতকি ব্রান্ধণোপনিষদে প্রাণ প্রজ্ঞান্থা বলিয়া উলিখিত হইয়াছে। এতজ্ঞির "মান্থানং সততং রক্ষেৎ" "শ্বীরমান্তং খলু ধর্ম্মাধনং" ইত্যাদি বহু পদের ঘারা আত্ম-রক্ষার প্রয়োজনীয়তা সমর্থিত হইয়াছে। তবে বর্ত্তমান কালে জীবৃন-সংগ্রাম বেমন তীমণ হইয়া উঠিয়াছে, পূর্বে সেরপ ছিল না বলিয়া মনে হয়। সেই জন্ত আত্মরক্ষা এ দেশের কল্পনার উপর তভটা গভাব বিস্তার করিতে পারে নাই।

আত্মরক্ষাতত্ত্বর মধ্যে শিক্ষাপ্রণানীর যে আত্মপ্রতিষ্ঠা-সাধনতা দেখিতে পাইতেছি, পাশ্চাত্য জগতে শতদিকে শতভাবে তাহা ক্ষুর্ত্তি লাভ করিয়াছে। অবশ্য তাহার ফল

যে সর্বত্রে শুভদায়ক হইয়াছে, তাহা বলা কিন্তু ইহার গতি আলোচনা করিলে বস্তুতঃ আমরা শিক্ষাপ্রণালীর সম্বন্ধে একটি অব্যভিচরিত সত্যের সন্ধান পাই---তাহা এই যে শিক্ষার উদ্দেশ্য ব্যক্তিগত এবং জাতিগত আত্মবিকাশ। এই আত্মবিকাশের ইতিহাসই মানবজীবনের গৃঢ়তম ইতিহাস। আত্মার ধারণা অবশ্য বিভিন্ন যুগে বিভিন্ন দেশে বিভিন্ন আকার ধারণ করিয়াছে। কারণ এই ধারণ আবার অতীত শিক্ষা, প্রকৃতি ও পারিপার্শ্বিক অবম্বার উপর নির্ভর করিয়াছে। বর্ত্তমান যুগে ইউরোপে এই আত্মপ্রতিষ্ঠা তাহার স্বাভাবিক কর্ম-প্রিয় कोবনে এক তুমুল ঝঞ্জা তুলিয়াছে। তাহার জালাময় কর্মলালসায় ঘৃতাহুতি अमान कतिशाष्ट्र। यशुगूरा लाक यथन প্রাচীন আদর্শ লইয়া সম্বন্ধ ছিল, গতা-মুগতিকের স্থায় ভজন-শাধনকে অবিচারিত ভাবে গ্রহণ করিয়াছিল, তখন সে এক শান্তি ছিল! কিন্তু ভার পরেই যে জাগরণ স্থার শান্ত অলগতা ভাঙ্গিয়া দিল, সে জাগরণ এখনও পাশ্চাত্য জগতে তুমুল কোলাহলের স্বষ্ট করিতেছে। লোকের জ্ঞানচক্ষু উন্মীলিত হইয়া ধর্মজীবনে যে চঞ্চল আত্মপ্রকাশ দেখা দিল, তাহা আবার রাষ্ট্রীয়নীতি, সমাজসংস্থার প্রভৃতি বিষয়ে **অদ্তুত শক্তির সহিত ক্রিয়া** করিতে লাগিল। চিন্তা ও বাক্যে স্বাধীনতার জন্ম পাশ্চাতা জগতে হুর্দমনীয় আশকা লোকের মনে জাগিয়া উঠিল, এবং সেই স্বাধীনতা-প্রয়াদের ফলে কত রাজ্য ধ্বংসমুখে প্রস্থিত হইল, কত নূত্ৰ রাজ্য গড়িয়া উঠিল, কত পুরাতন

ধর্মত সে বভায় ভাসিয়া গেল, নৃতন ধর্ম-মতের সৃষ্টি হইল, তর্কশাস্ত্রের জীর্ণ শুদ্ধ কন্ধাল পরিত্যক্ত হইল, তাহার স্থলে সরস সজীব বিজ্ঞানের বীজ রোপিত হইল। লোকশিক্ষার ফলে আত্মপ্রতিষ্ঠা জন্ম গ্রহণ করিয়া রাজতন্ত্রের স্থলে প্রজাতন্ত্র আনয়ন করিতেছে। নিরাকার ঈশ্বরের উপাসনার সাকার প্রত্যক্ষীভূত জনব্যুহের উপাসনার অমুমোদন করিতেছে; এবং দর্শনশাস্ত্রের জটিল কঠিন নিফল তর্ককে নির্কাসিত করিয়া তাহার স্থলে প্রত্যক্ষ ফলপ্রদ যন্ত্র ও নল প্রতিষ্ঠিত করিতেছে। এই আত্মপ্রতিষ্ঠার ফলে গৃহপিঞ্জরকোকিলা-গণ শত শত শঙাকীর জড়তা পরিহার পূর্বক রাজনীতি-ক্ষেত্রে তাঁহাদের সহিত প্রতিদ্বন্দিত।য় অগ্রসর হইয়াছেন এবং জিউজিউৎমুর সাহায্যে কোমলাঙ্গীগণ বর্ম-চর্ম্মপরিহিত বেচারীপাহারাওয়ালাকে পর্যান্ত ধরাশায়ী করিতেছেন, এরূপ শুনিয়াছি। বস্ততঃ তাঁহাদের ঘোড়ার সইস পর্যান্ত যে অধিকার লাভ করিয়াছে, তাঁহারাই বা সে অধিকার হইতে কেন বঞ্চিত থাকিবেন ? আত্মপ্রতিষ্ঠা ধীরে ধীরে জাগ্রত হইয়া তাঁহাদিগকে গৃহের অভ্যন্তর হইতে টানিয়া আনিয়া সমাজের উনুক্ত কেত্রে উপস্থিত করিয়াছে। ইহাতে ভাল হইয়াছে কি মন্দ হইয়াছে, এ বিষয়ে মতভেদ থাকিতে পারে। কিন্তু এই যে সচেতন, প্রবৃদ্ধ আত্মপ্রতিষ্ঠা রমণীগণের মুধ্যে উন্নতির আক্ষাজ্ঞা জাগাইয়া তুলিয়াছে. তাহা হইতে অশৈষ হইতেছে-৷

বর্ত্তমান ফুগের যে দর্কাপেক্ষা গুরুতর বিপ্লব তাহাও লোকশিক্ষার ফল। পূর্কে ধনীর খারে ৣনিধনি কুপার জক্ত দভায়মান হইয়া কৃতার্থ ইইত। ধনী তাঁহার প্রাসাদের উচ্চতুম শিখর হইতে আদেশ করিতেন, নির্ধান অবনত মস্তকে দে আদেশ পালন করিয়া ধন্ত হইত। কিন্তু সে দিন চলিয়া গিয়াছে; অকন্মাৎ রঙ্গমঞ্চে পট-পরিবর্ত্তনের স্থায় ধনী ও শ্রমগীবীদিগের একেবারে উল্টাইয়া বসিয়াছে। ধনী ইচ্ছা করেন যে তাঁহার व्यर्थ (य नकन भगाकाठ छेरभन्न रहेर्त, তাহার লভ্যের অধিকাংশ কোষাগারে যাউক। বেচারী শ্রমজীবীরা ুখাটিয়া খাটিয়া সারা হউক এবং সপ্তাহান্তে গ্রা**সাচ্ছাদনের জন্ম স্বন্ন** কিছু অর্থ লউক। তাহ৷ হইলেই ধনীর পক্ষে লাভের মাত্রা [•]বাড়িয়া যাইবে। পৃথিবীর হাটে প্রতি-যোগিতা যতই বাড়িয়া যাইতেছে, অর্থশালী-দিগের ততই চেষ্টা হইতেছে যাহাতে শ্রমজীবীদিগের পারিশ্রমিক ক্ষিয়া যায়। অর্থের বশ সকলেই; শ্রমজীবীগণের ত অর্থ নাই। কাজেই তাহার। ধনীর ক্লপার্থা হইয়া কোনও রূপে জীবন অতিবাহিত করিয়া যাইত। কিন্তু শিক্ষার প্রভাবে তাহাদের মধ্যে আল্পপ্রতিষ্ঠা **পেঁথ। দিয়াছে এবং আরও সুশিক্ষার স্থচনা** করিতেছে। তাহাদের অর্থবল নাই; কিন্তু তাহাদ্ধের লোকবল আছে—সমবেত হইয়া প্রণালী অন্থুসারে কাজ করিবার মত তাহারা শিক্ষা পাইতেছে, স্বতরাং আজ নিধ নের খারে ধনীকে দাঁড়াইতে ছইয়াছে।

এই যে তীব্ৰ পারিশ্রমিক প্রতিযোগিতা অগ্নিফুলিকের মত জগতের সর্বত্ত প্রধূমিত হইয়া উঠিতেছে, ইহা হইতে যে কি এক বিশাল দাবদাহের উৎপত্তি হইতে পারে তাহা ভাবিতেও শোণিত শুক্ষ হয়। অবশ্রস্থাবী বিপ্লবের মধ্যেও আত্মপ্রতিষ্ঠার একটি গৌরবময় দেখিতে পাই। লক্ষ লক্ষ শ্রমজীবীর ক্লেশ করিয়া, জগুতের লোকের শিক্ষা ও জীবিকার ব্যবস্থা করিয়া আত্মপ্রতিষ্ঠা মানবের অপরিমিত কল্যাণ সাধন করিতেছে, যদি এই আত্ম-প্রতিষ্ঠা জগতে সাম্যতন্ত্র বা সম্পত্তির সম-বিভাগ (The Socialistic ideal) আনয়ন করে, তাহা হইলে ফল যে কি হইবে বুঝিতে পারা যায় না।

চিন্তায় ও কর্মে আত্মপ্রকাশের যে উচ্চ আদর্শ হিন্দুদিগের মধ্যে ছিল, তাহা কোনও আদর্শের তুলনায় পরিমান বলিয়া বোধ হয় না। সে একদিন ছিল যখন অরণ্যের শান্ত বিজনতার মধ্যে সরম্বতীর কলগুঞ্জনে, কাব্য ও সঙ্গীতের ছন্দে আর্য্যপণ বিশ্বস্রস্থার স্তৃতি রচনা করিতেন। সে একদিন ছিল, যখন অভীষ্ট দেবতার উদ্দেশে জগতের প্রিয়বস্তমন্তার উপহার দিয়া <u>তাঁহারা</u> আত্মতপ্তি লাভ করিতেন। সে এক দিন ছিল, যখন আত্মতত্তিস্তায় নিমগ্ন হইয়া তাঁহারা অভূত তথ্যসকল আবিদার করিয়া ভবিয়াবংশীয়দের নিমিত্ত শ্রেষ্ঠ সম্পত্তি অর্জ্জন কবিয়াছিলেন। আত্মাকে জানিতে পারা যাঁহারা জ্ঞানের আদর্শ বলিয়া মানিয়াছিলেন, আত্মহিতের চেষ্টাকে যাঁহারা শ্রেষ্ঠ ধর্ম

বিদ্যা গ্রহণ করিয়াছিলেন, তাঁহাদের শিক্ষা ও সাধনা কি গভার ভাবে আত্মপ্রতিষ্ঠার জন্ম নিয়োজিত হইয়াছিল তাহা সহজেই জন্মমেয়। মোক্ষের জন্মই হউক, নিঃশ্রেমস-লাভের জন্মই হউক, অথবা অভ্যন্ত হুঃখ নির্ত্তির জন্মই হউক, যে কোনও লক্ষ্যের দিকেই তাঁহাদের চিন্তান্থ্য প্রলম্বিত হইরাছিল, সেই দিকেই আর্যাহিন্দু আঁত্ম-প্রতিষ্ঠার পরাকাষ্ঠা প্রদর্শন করিয়াছিলেন।

কালের চক্র ইহার পরে কত শত বার আবর্ত্তি হইয়াছে, কত নূতন নূতন লক্ষ্য, নৃতন নৃতন আদর্শ আমাদের কর্ম ও পতিকে পরিচালিত করিয়াছে, এখন আর সে পুরাতন সমাজ নাই,--পুরাতন কর্ম-ক্ষেত্র নাই, পুরাতন শিক্ষা নাই—কাজেই দে পুরাতন আত্মপ্রতিষ্ঠার উজ্জ্বল আদর্শও আর নাই। বর্ত্তমান অবস্থাবিপর্যায়ের মধ্যে কেবলমাত্র সেই পুরাতন আদর্শের অমুসন্ধান করিলে চলিবে না। আর্য্য-শভ্যতার সে হ্যতিমান মধ্যাহের রঞ্জকান্তি অপরাত্নের স্তিমিতালোকে ফিরিয়া পাইবার আশা করা র্থা। আমাদের এ নৃতন জাগরণ বর্ত্তমান যুগের আশা ও কল্পনাকে সার্থক করিবে, পৃথিবীর ইতিহাসের সহিত সামঞ্জ রক্ষা করিবে এবং অক্সান্ত জাতির সহিত আমাদিগকে সমান আসনে প্রতিষ্ঠিত যে আত্মগুতিষ্ঠা কাৰ্য্যকারণ-क्त्रिद्य । পরম্পরার অপেক্ষা করিবে না, অন্যান্য জাতির ইতিহাসের প্রতি অবলোকন করিবে না, অবস্থার প্রতি, দেশ কালের প্রতি, জন-সাধারণের প্রকৃতি ও কৃচির প্রতি উপেক্ষা প্রদর্শন করিবে, সে আত্মপ্রতিষ্ঠা সার্থক

হইতে পারিবে না বলিয়া মনে হয়। স্বাভাবিক নির্বাচনে সে আগর্শ কখনও স্থায়িত লাভ করিতে পারিবে না।

দেশ, কাল ও অবস্থার বৈচিত্রা, অক্তাক্ত জাতির সহিত সম্বন্ধ প্রভৃতি আমাদের ক্রিয়া ও চিস্তাপ্রণালীকে স্বভাবতই নিমন্ত্রিত করিতেছে। যে শক্তি ধীরে ধীরে প্রবৃদ্ধ হইরা সমাজের বিভিন্ন স্তরের মধ্য দিয়া আপনা-আপনি ক্রিয়া করিতেছে, তাহাকে ক্র করিতে যাওয়া বিড্ছনা। আমাদের ইতিহাসের দিকে দৃষ্টি রাধিয়া, প্রকৃতির দিকে দৃষ্টি রাধিয়া, প্রকৃতির দিকে দৃষ্টি রাধিয়া এই নৃতন জাগরণকে মঙ্গলের পথে পরিচালিত করাই বর্ত্তমান রুগে ভারতীয় শিক্ষার আদর্শ।

ফল পাকিয়া যথন রস্তচ্যত হইতে, চলিয়াছে, তথান তাহাকে বাঁধিয়া রাখিতে কেই চাহে না। পুরাতনের প্রতি মমত্ব-পরবশ হইয়া তাহাকে বাঁধিয়া রাখিতে চেষ্টা করা বিফল। কিন্তু সেই যে পুরাতন আর্য্য-আত্মতিষ্ঠার মধ্যে একটা মহিমময় আখাস, আত্মনির্ভর ও সনাতনত্ব ছিল, তাহাকে বিদায় দিলে চলিবে না। নৃতন্ত পুরাতনের যে অপুর্ব্ধ সমাবেশে দেশে এক চির মঞ্চলময় আদর্শের আবির্ভাব হইবে, তাহা জগৎ বিশয়ের সহিত নিরীক্ষণ করিবে।

আমাদের জাতীয় জীবনের তরুণারুণ-রাগের উদয়ে যে মঙ্গলংবনি অকুরণিত হইয়া উঠিয়াছে, তাহাকে স্বাগত জানাইবার জন্ম ভারতের বিভিন্ন জাতি প্রস্তুত হইয়া উঠিয়াছে। গত কয়েক বৎসরের মধ্যে যে সকল ক্ষুদ্র বৃহৎ তরক আমাদের

জীবনকে আন্দোলিত করিয়া তুলিয়াছে, তাহার নিয়ে শিক্ষার জ্বন্ত একটি অধীর বহিয়া ব্যগ্রতার মোত যাইতেছে। আমাদের মুসলমান ভাতৃগণ তাঁহাদের স্বজাতির শিক্ষার জন্য বিধিমতে আয়োজন করিতেছেন। তাঁহাদের ক্ষুদ্র রূহৎ প্রয়াস-छनि अथिত इहेश। এक विश्रुल हेम्लाभ-বিশ্ববিত্যাশয়ের কল্পনায় পরিণত হইয়াছে। हिन्द्रताख अन्हादभा रहेवात नरहम ; हिन्दू-मिराज भरधा ब्लानहर्कात रय म्ल्रा व्यारह, মাননীয় মালবা মহাশয় অঞ্জ রোপ্যমূদায় তাহার প'রমাপ কর্য়া দেখাইয়াছেন। हिन्दू िराज या या या या वा वा व বিভিন্ন জাতি অপেক্ষাক্ত স্বল্পরিসর ভূমিতে নিজ নিজ শক্তি নিয়োজিত করিয়া শিক্ষার ব্যবস্থা করিতেছেন--ব্রাহ্মণ-সভা, কায়স্থ-সভা, মাহিষ্য-সভা, বৈশ্য-বারজিবি-সভা, নমঃশৃদ্র-[•]সভা প্রভৃতি বিবিধ অনুষ্ঠান জন্ম গ্রহণ করিয়া এক প্রবল জাগরণ ও আত্মপ্রতিষ্ঠার শাক্ষ্য প্রদান করিতেছে। এ দেশের রমণীরাও তাঁহাদের স্বভাবসুনত অনসতা পরিহার পূর্বক অন্তঃপুরের শিক্ষা-বিধানের জনা অগ্রসর হইয়াছেন। রাজকীয় শক্তিও এ বিষয়ে উদাসীন নহে। গতবর্ষে শিমলা ও এলাহাবাদে রাজপুরুষদিগের যে শিক্ষা-मिनन इरेश गिशाष्ट्र, विश्वविद्यानशम्बर ষেঁরপ সচেষ্ট ভাবে শিক্ষাবিস্তাররূপ দায়িত্বে শনোনিবেশ করিয়াছেন, এবং বিশেষজ্ঞ অধ্যাপকদিগের ছারা ছাত্রগণের জানার্জন-স্হা চরিতার্করিতে ব্যাপ্ত হইয়াছেন, তাহাতে বাস্তবিক আশা হয় যে, আমাদের गिकात श्रेष चारमक श्रेषण इहेग्राहि। এ

অবস্থায় প্রাথমিক শিক্ষা কল্পে সম্রাটের দান বড়ই সময়োপযোগী হইয়াছে। গোখলে মহোদয়ের প্রাথমিক শিক্ষা-সংক্রান্ত ব্যবস্থা সমগ্র দেশের আত্মপ্রতিষ্ঠার প্রতিপ্রনিমাত্র। আকাজ্ঞার আমাদের শিক্ষার জন্ম রাজকীয় চেষ্টার আর একটি উদাহরণ—ঢাকা-বিশ্ববিদ্যালয়। লোকের সহায়তায় রাজপুরুষগণের টেষ্টা আশাতীত রূপে স্ফলু হইয়া উঠ্ক, ইহা চিন্তাশীল ব্যক্তি মাত্রেরই কামনা হওয়া উচিত। আমাদের দেশের ধনাঢ্য ব্যক্তিগণ যে এজা-শিক্ষার জন্ম অধুনা অকাতরে অর্থ ব্যয় করিতেছেন—ইহাও আমাদের পক্ষে আশার কথা। আজ এই সভাস্থলে দাঁড়াইয়া আমাদের দেশের প্রজা-বংসল ভূপতিকুলের আদ্বর্শস্বরূপ সভাপতি কাশিমবাজারের মহারাজা বাহাহরের সমক্ষে এই বিষয় উল্লেখ করিয়া আমি গর্ব অমুভব করিতেছি।

এইরূপে অসংখ্য চেষ্টা আমাদিগকে নানা আবর্ত্ত ও বাধার মধ্য দিয়া লক্ষ্যের অভিমুখী করিয়া দিতেছে। আয়োজন হইতে আত্ম-প্রতিষ্ঠা জন্ম লাভ করিয়া উন্নততর, পূর্ণতর, স্থন্দরতর শিক্ষা-প্রণালীর প্রস্থতি হইবে। পুরাতন আদর্শকে সন্মুখে রাখিয়া, মাতৃভাষাকে অবলয়ন করিয়া নূতন শিক্ষা-প্রণালী আমাদের **मर्किरिय मक्रिटात निवास श्टेरिय। এই स्य** আরাণ্যতম লক্ষ্য, ইহা জ্ঞানের দারা শিক্ষার দারা লাভ করিতে হয়। গন্তব্য পথ দীর্ঘ, কিন্তু পাথেয়ও অপ্রচুর নছে। ना यहिरम উপযুক্ত সাধনার অভাব

मिक्क निण्ठप्रदे अन्तर्वर्धिनी। এই যে विरयंत्र मुखाय आमता आष्ठ्या छिंछा नहेंगा प्रशासन्यान देवेत, हेंद्रा आभारत व्यक्ति मां व्यक्ति सां व्यक्ति सां व्यक्ति आमार हेंद्रेत, हेंद्रा आभारत व्यक्ति सां व्यक्ति विष्ति व्यक्ति व

দেখিবে ? ব্যাধি যখন কর্ষের পর বর্ষ
সহস্র সহস্র ভারতবাসীকে অকালে গ্রাস
করিতেছে, বর্ষের পর বর্ষ, ভৃজিক্ষ যখন
অনম্ভ বিভীষিকা লইয়া ভারতের দারদেশে
দেখা দিতেছে, তখন কি নিশ্চেষ্ট হুইয়া
বিসিয়া থাকিলে চলিবে ? তাই বলিতেছিলাম যে, আত্মপ্রতিষ্ঠা আমাদের বহু
শতাব্দীর সুষ্প্রিকে দূর করিয়া দিয়া ধারে
ধীরে এ দেশের একপ্রান্ত হইতে অপর
প্রান্ত চঞ্চল করিয়া ভূলিয়াছে।
তাহাকে শ্রেমন্তর পথে পরিচালিত করাই
বর্তিমান ও ভবিদ্যং শিক্ষাপ্রণালীর লক্ষ্য
হইবে।

শ্রীখগেন্দ্র নাথ মিত্র।

কমলমণি

(বিষরকা)

বিষরক্ষে তিনটি ফুল, তিনটিই অতুলনীয় —কমল স্বভাবজাত, অপার্থিব. কুন্দ **प्**र्यागूथी প্রকৃতি-প্রস্থত रहेरन७. তাঁহাতে কারুকার্য্য আছে, দে চরিত্রে শিক্ষার ফল পরিলক্ষিত; যদিও সে শিক্ষা হিলুর শিক্ষা, স্বাভাবিক কারণাস্তভূতি, হইতে কদাচিৎ প্রভেদযোগ্য। षामत्रा प्रशिष् ७ कुन्तक वृक्षिवात (हरे। করিয়াছি, কমলকে বুঝান কঠিন। অথবা ক্মলকে বুঝিতে ব্যাখার প্রয়োজনের অভাব। ত্ত্র, অরঞ্জিত, প্রস্ফুটিত, নিত্যবিরাজিত ;

অকপট, থোলা, শাদা, পরিষার; সপ্রকাশ, ক্রীড়াময়; তাহার আবার ব্যাখ্যা কি ? দেখিলেই নয়নের প্রীতি জন্মে, চোধ ফিরাইতে ইচ্ছা করে না। এমন অপূর্ব সৃষ্টি কাব্যজগতে বিরল, ইহার প্রথম হইতে শেষ পর্যান্ত একই ভাবের, কুত্রাপি বাতিক্রম নাই। কমল সর্বাত্ত পরিক্ষুট ও অনায়াস-বোধ্য। তবে এ চরিত্র পরিক্ষুরণ জন্ম যত কৌশলের আবশুক ছিল, কবি তাহার আমোজন করিয়া রাধিয়াছেন। স্লেহের পুত্রলি সতীশৃকে কমলের জ্রোড়ে স্থাপন করিয়াছেন, শ্রীশচন্তের আপিস জোটাইয়া দ্রিয়াছেন, নিরাশ্রয়া বালিকা কুক্দকে

^{*} Editor's Footnote to Gibbon's Decline and Fall of the Roman Empire.

আনিয়া তাঁহারু নিকট উপস্থিত করিয়াছেন।
আর ভক্তি ও মহাপ্রীতির পাত্র জ্যেষ্ঠ
ভাতার অতুলনীয়া গৃহিণীর দহিত হৃদয়বন্ধনে
আবদ্ধ করায় কমলের প্রীতি-প্রকৃতির
গাজীর্য্যের ভাগ প্রদর্শিত হইয়াছে।
ফুর্যামুখীর আত্মবিসর্জ্জানের সংবাদে কমল
সতীশকেও একদিন ভুলিয়াছিলেন, তাঁহার
গৃহত্যাগে কুন্দের প্রতি তাঁহার স্বভাবপ্রক্রত হৃদয়ও একদিন প্রতিনির্ভ

कमलमि विषेत्रा कुलतम्बी, व বয়সে হিন্দুপরিবারে তাঁহার স্বামীকুলে গুরুজন কেহ না থাকা তত সম্ভবপর নহে। তাই, বোধ হয়, কবি কমলের খশ্রুর উল্লেখ করিয়াছেন। কিন্তু কমলের প্রকৃতি-প্রক্রণ জন্ম তাঁহার সাধীনতার প্রয়োজন, স্বামীসম্ভাষণে তাঁহার কোনরূপ • থাকা সঙ্গত নহে, কবি তাই কৌশলে কমলের খুঞাকে কমলের সামী শ্রীশচন্দ্রের গৈতৃক বাসস্থানে রাখিয়া দিয়াছেন। কলিকাভার বাড়ীতে কমলই গৃহিণী, সুতরাং উপস্থিত যে কোন কাজ গৃহের স্রীলোকের উপর গুন্তভার হইবার প্রয়োজন হইত, তাহা কমলের উপরেই পড়িত; তাহা দ্বারা কবি কমলের প্রকৃতি লোকের দৃষ্টিগোচর হইবার কারণ বা উপায়ের সংস্থান করিয়া রাখিয়াছেন। নগেন্দ্রনাথ বালিকা, দরিদ্রা, মলিনা, অ্যত্রলালিতা কুন্দকে আনিয়া কমলের হাতে ফেলিয়া **मिल्लन, कमल ठाहात्क ख़रुख धी**ठ, সাত, সুবাদিত, বন্ধালন্ধারভূষিত করিয়া, তাঁহার পরিশ্রম লাখবের আশায়,ঐ সকণ

কার্য্য করিতে উন্নত দাসীর গায়ে তপ্তজন ছিটাইয়া দিয়া, আগনার চিরপ্রেমনয় সভাবের প্রথম পরিচয় প্রদান করিলেন।

অতাকে স্বামীর হৃদয়ভাগিনী জানিয়া মর্মপীড়ায় স্থ্যমুখী কমলকে আসিতে আহ্বান করিলেন, वास्तात शातिन्मभूत वात्रित मछिमिरगत বাচীতে যেন অন্ধকারে একটি ফুল ফুটিল, স্থামুখীর চোখের জল শুকাইল। আবার স্থ্যমুখীর গৃহত্যাগ এবং তজ্জনিত নগেল্ডের দেশত্যাগের পর, বিজন দত্তগৃহে, কুন্দ-নন্দিনী হঃখকাতর হৃদয়ে সময়াতিপাত করিতেছেন। নগেন্দ্রনাথের প্রভ্যাগমনের সঙ্গে কমল তথায় পুনরাগমন করিলে, কুন্দনন্দিনীর বোধ হইল আবার আকাশে একটি তারা উঠিয়া**ছে। প্রকৃতই** ক**মল रयथारन याहेर**७न (महेथारनहे आलाक বিস্তার করিতেন, খালোকময়ীর উপস্থিতিতে লোকের হুঃখ প্রশমিত হইত, বিষাদের ম্বানে প্রফ্লতা আসিয়া হঃখান্ধকার বিদ্রিত করিত। চুলের গোছা লইয়া বসা কমলের একটি রোগ ছিল। স্থামুখীর হুঃথে সমবেদনাও এই রোগের প্রকাশ লাভ করিত, কুন্দনন্দিনীর সহিত সহাত্মভূতির ইহা উপায়স্বরূপ হইত। হিন্দুরমণীগণমধ্যে প্রীতিপ্রবণতার এ লক্ষণ मर्खमारे लक्षिठ रहेग्रा थाका এकरे সময়ে স্থ্যমুখী ও কুন্দনন্দিনীর সহিত সমভাবে সহামুভূতি ছারা কবি কৌশলে কমলের চিরপ্রেমিকতার, তাঁহার প্রীভিত্নত্তির দার্বজনীনতার প্রকৃষ্ট প্রমাণ দংগ্রহ করিয়া-ছেন। ভালবাসা কাহাকে বলে, সোণার

কমল তাহা জানিতেন, তাই িনি স্থ্যমুখার মর্ম্মপীড়ায় ব্যথিত হইয়াও, কুলনন্দিনীর ছঃথে ছঃখী, সুথে সুখী না হইয়া
থাকিতে পারেন নাই।

कमन काशांकछ छित्रश्वात कतिरमछ, তাহার ভিতর দিয়া তাঁহার মধুর প্রকৃতি প্রকাশ পাইত। "বৈষ্ণবী দিদি—তোমার মুথে ছাই পড়ুক--আর তুমি মর। .আর কি গান জান না ?" এ তিরস্বারে রক্ষতা কোথায়? আবার "রদো। আমি একটা বাবলার ডাল আনি। মিনেকে কাঁটা ফোটার सूथरो (प्रथाई।" এবং এই প্রদঙ্গে হীরাকে সম্বোধন করিয়া, 'আর পারিস্ত মাগীকে इं वावनात काँ। कूंढिरा निया व्यानिम्।", অমৃতময়ীর রাগেও যেন অমৃতক্ষরণ হয়। এই স্থলে, অন্ত দিকে, কবির কৌশল দেখুন। রক্ষতার ভাবেও মধুর প্রকৃতির বিকাশের क्क रुतिमात्री देवस्वीत्क काँछ। काँछोइवात চেষ্টায় যেমন কমলকে প্রবৃত্ত করিয়াছেন, তেমনই আবার ভদুমহিলার শীলতা রক্ষার জন্ম কবি পথের মাঝে আনিয়া সতাশচন্দ্রকে বদাইয়াছেন। তাহাতে শীলতাও হইয়াছে, স্বেহ্ময়ীর স্নেহপ্রকৃতিও বিকাশ লাভ করিগাছে।

স্থামুখীর প্রতি কমলের ভালবাসার গাঢ়তা কবি কয়েকটি ঘটনা দ্বার। অতি স্থার রূপে প্রকটিত করিয়াছেন। কুলের প্রতি স্থামীর আসজি জানিয়। স্থামুখী যখন অতি হঃখে লিখিলেন "একবার এসে।! কমলমণি। ভগিনি! তুমি বই আর আমার স্থাস কেহ নাই। একবার এসো!" পড়িয়া কমলমণির আসন টলিল, আর তিনি স্থির

থাকিতে পারিলেন না। ক্মলমণি রম্বীরুত্ব, অমনি স্বামীর সঙ্গে গোবিন্দপুর যাওয়ার পরামর্শ করিতে গেলেন। আবার কমলের याभी पूज नहेशा आत्मारमूर्व भर्या कूरमूत নগেন্দ্রনাথের বিবাহের পোঁছিল, কমল গোবিন্দপুর যাইবার জন্ত অতিব্যপ্ত হইয়া উঠিলেন। গোবিন্দপুর উপস্থিত হইয়া, স্থামুখীর সম্বন্ধে वानकाविक व्यस्तत श्रुत थात्म कतितनन, প্রাণাধিক স্তীশচন্দ্রও সে ব্যস্ততার মধ্যে পশ্চাৎ পড়িয়া রহিল। এইরপ, যে দিন নগেলনাথ স্থ্যমুখীর মৃত্যুসংবাদ লইয়া বাড়ী কলিকাতায় কমলের উপস্থিত হইয়াছিলেন, কমল সতীশচন্দ্রকে ফেলিয়া দে রাষ্ট্রির মত অদৃশ্য হইয়াছিলেন। অন্য ভাবে, শুর্যামুখীর গৃহত্যাগে, কুন্দের প্রতি কমলের রাগ, সহাত্ত্তির আশয়ে নিকটাগতা কুন্দকে দেখিয়া তাঁহার অপ্রদন্নতা, স্থাম্খীর প্রতি তাঁহার সেই প্রণম্গাম্ভীর্যা-মূলক। তাহার পর, স্থ্যমুখী গৃহে প্রত্যাগত হইয়া, তাঁহার মৃত্যুসংবাদ অপ্রমাণিত করিলে কমল যথন কারা ও হাসির মধ্যে শাঁখ বাজাইয়া নৃত্য করিতে লাগিলেন, তখন কেবল যে তাঁহার ভাতপরীর প্রণয়াতিশ্যা চরম বিকাশ লাভ করিল, তাহা নহে, তাহার সরল আনন্দময় প্রকৃতিরও অতি প্রদীপ্ত প্রমাণ প্রদর্শিত হইল। এই প্রসঙ্গেই বলিতে ইচ্ছা হইতেছে, কুন্দের মৃত্যু मेरा। পার্ষে কমলমণি ও স্থামুখীর উচ্চৈঃস্বরে রোদন এই রমণীব্রারের হৃদয়রত্বের কম উজ্জ্বকতা जुल्ला हुन ক্মলমণি কাহাকে না ভালবাসিতেন!

পূর্যমুখী কাহাকে না ভাল বাসিতে
পারিতেন! কুন্দ স্বামীর হৃদয়াধিকারিনী,
কুন্দের জন্ম কাঁগার জীবনসর্বস্থা, তাঁহার
একমাত্র চিস্তার বস্তু, সুথের উপকরণ,
সামীর ভালবাসায় বঞ্চিত হইয়া, স্থ্যমুখী
দেশত্যাগিনী পথের কাঙ্গালিনী হইয়াছিলেন,
সেই কুন্দের জন্ম তাঁহার উচ্চৈঃস্বরে রোদন,

সেই কুন্দের মৃত্যু আসন্ন বুঝিয়া তিনি বলিতেছেন, "সর্কনাশ হইয়াছে। আমি এত দিনে জানিলাম আমার কপালে এক দিনেরও সুথ নাই—নত্বা আমি আবার সুথী হইবামাত্রই এমন সর্কনাশ হইবে কেন?" হদয়ের মহত্ব ও সৌন্দর্য্যে এরূপ কমই দেখিতে পাওয়া যায়।

শ্ৰীলোকনাথ চক্ৰবৰ্তী।

ঐচরণ

পৃথিবীর অক্যান্ত দেশ নারীদেহের নানা অঙ্গের সুষমা দেখিয়া মুগ্ধ হইয়াছে বটে, কিন্তু সকল অঙ্গের ভিত্তিভূমি শান্তিপ্রদ চরণকমলের সৌন্দর্য্য ও মহিমা-কীর্ত্তন এক মাত্র ভারতবর্ষেরই একান্ত বিশেষত্ব। প্রক্রান্ত বিশেষত্ব। প্রক্রান্ত নালভাগান্ত দেশের সুকুমার সাহিত্যে মরাল-গ্রীবা, নীলাম্বনেত্র, অরুণগণ্ড এবং মধুর বিধাধরের প্রশংসার অভাব নাই, কিন্তু সেখানে জ্রীচরণের "থল কমল শোভা" উপযুক্ত মর্যাদা লাভ করিয়াছে বলিয়া মনে হয় না।

ভারতবর্ষীয় শ্রীচরণের "হৃদয়-পাবক" অলক্তরাগ অথবা ভারতবাসীর প্রকৃতিগত ভক্তিরস এই চরণমহিমার মূলকারণ কি না জালি না, কিন্তু শ্রীচরণের মহিমা ভারতবর্ষে যেমন উচ্চকঠে ঘোষিত এমন আর কোথাও নহে। সর্বাপেক্ষা প্রাচীন কবি হইতে ভারত্ত করিয়া সর্বাপেক্ষা আধুনিক কবি পর্যান্ত সকলেই এই মন্ত্রের উপাসক। বাজালার বিদ্যাপতি হইতে রবীক্রনাথ

পর্য্যস্ত কেহই এ বিষয়ে **ক্রটি প্রদর্শন** করেন নাই।

স্থবিমল নথরসংযুক শ্রীচরণ দেখিয়া কেহ বাবিসয়ে গাহিয়াছেন—

"কমল যুগল পর চাঁদক মাল।" কেহ গাহিয়াছেন—

"যাঁহা যাঁহা পদ্যুগ ধরই তাঁহি তাঁহি সরোক্তর ভরই॥" কেহ বলিয়াছেন—

"উরু যুগ কদলী করিবর কর জিনি স্থল পক্ষজ পদ পাণি নথ দাড়িম বীজ ইন্দুবরণ জিনি পিক জিনি অমিয়া বাণী।"

কেহ গাহিয়াছেন—

"যে চাঁপার ফুল তব অঙ্গুলি দেখিয়া কটুগন্ধ সার করে নীরস হইয়া।"

কেহ গাহিয়াছেন—

"অকলঙ্ক হইতে শশান্ধ আশা ল'ন্ধে পদনধে বহিয়াছে দশরপ হ'য়ে।" কেহ বা নির্কাক বিমায়ে ভাবিতেছেন— "কোমল চরণ তলে
ধরাতল কেমনে নিশ্চল হ'য়ে ছিল !"
এবং তাহাতেও তৃপ্ত না হইয়া আকুল কঠে
গাহিয়া উঠিয়াছেন—

"যে ভূমিতে আছেন গাড়ায়ে
সে ভূমির তৃণদল হইতাম যদি
শোর্যাবীর্য যাহা কিছু ধূলায় মিলায়ে
লভিতাম হুর্লভ মরণ, সেই তাঁর
চরণের তলে!"

এবং কেহ বা তাহাতেও তৃপ্তি না পাইয়া ভক্তির আকুল উচ্ছ্বাসে বলিয়া ফেলিয়াছেন—

"কান্ধ কি আমার কাশী ? শ্রামাপদ কোকনদে গয়া গঙ্গা বারাণসী !" শ্রীচরণের এমন অপূর্ব্ব মহিমা-কঙ্গীত জগতের অন্ত কোন সাহিত্যে তুর্লু ত।

তুর্ভাগ্যবশতঃ পাশ্চাত্য সভ্যতার অস্বাস্থ্যকর প্রভাবে ভারতের এই সনাতন মহিমা বিলুপ্ত হইতে বসিয়াছিল।

পাশ্চাত্যশিক্ষাবিকৃত পূর্ব্ব সমাজ হইতেই এ বিষয়ে ব্যবাত ঘটাইবার চেষ্টা করিতেছিলেন, তাহার উপর কিছুদিন পূর্বে ভক্তিভাজন পণ্ডিতরাজ যাদবেশ্বর তর্করত্ন মহাশয়ের বিদৃষী পত্নী স্ত্রীলোকের পাত্তকা করিয়া ব্যবহারসম্বন্ধে প্রবন্ধ বচনা অধিকতর করিয়া আমাদের সম্ভ্ৰম্ভ তুলিয়াছিলেন।

পণ্ডিতমহাশয়া অসুযোগ করিয়াছিলেন যে পুরুষগণের "স্থল কমল" শোভাদর্শনের মৃচ আকাজ্জা এবং রমণীমগুলীর অলক্তক রঞ্জিত চরণকমলের শোভাপ্রদর্শনের শৃত্য-গর্ভ গর্কাই রমণীজাতির পাছকা পরিত্যাগের কারণ। আমরা চরণকমলের চিরভক্ত হিন্দুজাতি
-যাহাদের আদর্শ দেবতা "উদার পদপ্রব"
মক্তকে ধারণ করিয়া চরণের মহিমা প্রচার
করিয়া গিয়াছেন— আমরা পাশ্চাত্য-আদর্শঅম্প্রাণিত শিক্ষিত সমাজের অম্তরোধ, গ্রাহ্
করি নাই, কিন্তু হিন্দুধর্মনিষ্ঠা প্রবীণা পণ্ডিতমহাশ্যার প্রবল অম্যোগ আমাদের
কথঞ্চিৎ নিরুত্তর করিয়াছিল। তাই আজ
সহসা স্থশিক্ষিত পশ্চিমের দূরপ্রান্ত হইতে
অপ্রত্যাশিত অভ্যবাণী শুনিয়া আবার
বহুকাল পরে আমাদের "নির্কাণভূরিষ্ঠা"
আশা "সকুক্ষিত" হইয়া উঠিতেছে

যে পশ্চিম আপনার বিষময় প্রভাবে আমাদের সর্কানাশে উন্নত হইয়াছিল, সে-ই আজ আপবার আমাদের রক্ষার জল্প ব্যহ রচনা করিয়া দীনবন্ধুর অমর বাণীকে পূর্ণ সার্থকতা দান করিয়াছে!

আমেরিকার "ইলিনয়'' প্রদেশের
ন্ত্রীলোকদের ঞ্জীচরণসম্বন্ধে বহুদিন হইতে
কিছু খ্যাতি আছে। পাশ্চাত্য ভূখণ্ডে
তাহাদের মত দৈর্ঘ্যপ্রস্থবিশিষ্ট শ্রীচরণ
না কি হুর্লভ! শ্রীচরণ-মর্য্যাদাভিজ্ঞ পাশ্চাত্য
সমাজে এ জন্ম এতদিন তাহাদিগকে কিছু
সম্কুচিত হইয়া থাকিতে হইয়াছিল।

এতদিন পরে সেথানকার একজন স্পণ্ডিত অধ্যাপক প্রগাঢ় গবেষণা সহকারে প্রীচরণের মহিমা আবিদ্ধার করিয়া তাঁহাদৈর বহুকালের কলঙ্ক বিদ্বিত করিয়াছেন। অধ্যাপক মহাশয়ের মতে প্রীচরণ কেবল শরীর বহুনের উপযোগী যন্ত্রমাত্র নছে; ইহা প্রকৃতি-বৃদ্ধিমতা এবং মানসিক শক্তির বাচক। প্রীচরণের দৈর্ঘাগুছের উপরেই

প্রকৃতির কোষণতা, বৃদ্ধির তীক্ষতা, এবং চিত্তর্ভির সদ্ধীবতা সম্পূর্ণ নির্ভর করে। তাঁহার মতে. চরণদ্বকে উপর্ক্তরূপে পরিপুষ্ট করিয়া তুলিতে পারিলেই সঙ্গে সঙ্গে আপনা হইতেই বৃদ্ধির তীক্ষতা এবং চরিত্রের কমনীয়তা রৃদ্ধি প্রাপ্ত হয়। সেই জক্ত অধ্যাপক মহাশ্যের মতে যতক্ষণ সম্ভব অনারত পদে থাকা কর্ত্তব্য, এবং অভাবে চিলা খড়মের আয় চটিজ্তা ব্যবহার করা উচিত। ছেলেদের জ্তা দিতেই নাই এবং এক জ্তা উপর্গুপরি হইদিন পায়ে দিতে নাই।

অধ্যপক মহাশ্যের মতে শারীরিক স্বাচ্ছেল্যের জন্মও শ্রীচরণের পরিণতি একান্ত প্রাক্তন্যের জন্মও শ্রীচরণের পরিণতি একান্ত প্রাক্তন্যের পরে অধিকাংশ লোকেরই 'বপু'র সহদা কিঞ্চিং 'প্রকর্ষ' ঘট্রা থাকে। 'স্থতরাং পূর্বে হইতে চরণম্বয়কে পরিপুষ্ট করিয়া না রাখিলে এ বয়দে শরীর বহন কিঞ্চিং ক্লেশকর হইয়া উঠে। স্থতরাং শ্রীচরণ নিতান্ত উপেক্ষার বস্তু নহে।

পণ্ডিত মহাশরের মুখে এই অভয়বাণী শুনিয়া তাই আবার আশা হইতেছে যে, এখনো আরও কিছুকাল ধরিয়া"চরণ-যাচক" "ফ্রন্মপাবক" রূপে প্রেমিকের হুলয় দয় করিবে, কবি শুনিত চরণে স্থলকমলের শোভা দেখিয়া বিমুশ্ধ হইবেন, ভক্ত 'কোমল' বিনিয়া "কমল পায়' শরণ লইয়া ক্বতার্থ হইবৈ এবং ভগবানের বক্ষস্থল হইতে "ভ্গুপদচ্ছে" আরও কৈছুকাল বিল্প্প হইবেনা।

অধ্যপক মহাশ্যের অভয়বাণী সার্থক হউক। ভারতের কলকণ্ঠ হইতে "উদার পদপল্লবের" দঙ্গীত শিক্ষা করিয়া জগতের অক্যান্ত জাতি চরণের মর্য্যাদা উপলব্ধি করুক, চীনের পীতচরণ হইতে কার্চ্চপাত্কার কঠোর নিগড় খনিয়া যাক, এবং ইউরোপের সংকার্ণ পাত্কা আপনার ক্ষুদ্র বক্ষ হইতে খেত শতদল বিমৃক্ত করিয়া দিক, আমরা চরণভক্ত হিলুজাতি খেত, পীত নানা বর্ণের জ্ঞীচরণে অলক্তের অর্ধারাণ দেখিয়া কুতার্থ হই।

শ্রীশ্রীচরণ দাসগুপ্ত।

বিলাতে সার্বজনীন সাধারণশিক্ষা

আমাদের দেশে যাঁরা জোর করিয়া
সকুল লোককে স্থলে পাঠাইয়া বর্ণজ্ঞ করিয়া
তুলিবার জন্ম ব্যস্ত হইয়াছেন, তাঁরা যদি
বিলাতে কি কারণে ও কিরূপ অবস্থাধীনে
এই সার্বজনীন শিক্ষার বিধান প্রবর্ত্তিত
হইয়াছে, এটা একবার তলাইয়া দেখেন,
বড়ই ভাল হয়। কারণ বিলাতে যেরূপ
বিধান প্রতিষ্টিত হইয়াছে, তার অনুক্রপ

বিধান এ দেশে প্রবর্ত্তি করা যে এখন অসকত ও অসন্তব, উভয় দেশের সমাজ-প্রকৃতির ও রাষ্ট্রীয় অবস্থার তুলনা করিয়া দেখিলে, ইহা অতি সহজেই বোঝা বাইবে বলিয়া মনে হয়। প্রথমতঃ আমাদের সমাজে এরপ জবরদন্তির বর্ণজ্ঞান-শিক্ষার ব্যবস্থা করিবার কোনো অপরিহার্য্য প্রয়োজন এখনো উপস্থিত হয় নাই। আর যে সামাঞ্

পরিমাণ লোকের বর্ণজ্ঞান জন্মিবার প্রয়োজন আপনারা অমুভব করিতেছেন,সেই পরিমাণে এ শিক্ষাও আপনা হইতেই দেশের মধ্যে ছডাইয়া পড়িতেছে, তার জন্ম কোনো প্রকারের জোরজবরদন্তি করা একান্ডই অনাবশ্রক। আজ আমাদের এই বাংলা (म् (व त्राधात । व्याप्त व व त्या । व त्राधा । লোকে লেখাপড়া জানেন, বিশ-ত্রিশ বর্ৎসর পুর্বের তত লোকে জানিতেন না। আবার দশ বৎসর পরে এই বর্ণজ্ঞান আরও যে অনেকটা ছড়াইয়া পড়িবে, তারও কোনো সন্দেহ নাই। আর এই অতি সহজ্ও ' স্বাভাবিক উপায়ে আপনা হইতেই যথন দেশের অধিকাংশ লোক বর্ণজ্ঞ হইয়া উঠিবেই উঠিবে, এবং এই বর্ণজ্ঞানের যা' কিছু ফলাফল তাহা লাভ করিতে পারিবে, তথন অমন রাতারাতি তাদের গলায় দড়ি िक्या ऋल होनिया व्यानिवात क्रिक (कार्ता) বাাকুলতার কারণ দেখা যায় না। দেশের সাধারণ লোকের এরূপ লেখাপড়া শিক্ষার পক্ষে যদি কোথাও কিছু অন্তরায় থাকে, তাহা সর্ব্ধপ্রথমে দূর করিয়া দাও। যে গ্রামে স্কুল-পাঠশালা নাই, সেখানে এগুলি স্থাপিত কর। স্কুল-পাঠশালায় যারা আপনা হইতে পড়িতে আদিতে চায়, প্রয়োজন হইলে, তাহাদিগকে পাঠ্য পুস্তকাদি কিনিয়া দিবার ব্যবস্থা কর। **मित्नत्र (वनाग्न यात्रा व्यापनारमत्र दे**पि विक ব্যবসায়ে নিযুক্ত থাকে বলিয়া, পাঠশালায় আসিতে পারে না, তাদের জন্ম নৈশ বিভালয়ের ব্যবস্থা কর। যারা পাঠশালার অতি সামান্ত বেতন পর্যান্ত জুগাইতে পারে

না, তাদের বিনা বেতনে পড়িতে দাও। সাধারণ বয়স্থ লোকদিগের জ্ঞানোন্নতির জন্ত কথকতা, ছায়াবাজি, বায়স্কোপ, এ সকলের ব্যবস্থা করিয়া, বিনা বর্ণজ্ঞান-শিক্ষায় যাহাতে তাহাদের চিন্তা ও ভোব বাড়িয়া উঠিতে পারে, তার আয়োজন কর। কিন্তু যার যে বিষয়ে কচি জনায় নাই, যার এই বর্ণজ্ঞান লাভ করিবার জ্বন্ত সময়ও শক্তি ব্যয় করিবার সঙ্গতি নাই, ভাহাকে আইনের ভয় দেখাইয়া, রাজবিধানের ও রাজদণ্ডের শাসনে জোর করিয়া পাঠশালায় আনিবার জন্ম ব্যস্ত হইও না। ইহাতে সুফল অপেক্ষা কুফলই ফলিবার সম্ভাবনা বেশি। আর এই কুফলেক আশঙ্কাতেই এই উন্তট ও অমুকরণপর শংস্কার-প্রয়াদের প্রতিবাদ করা হয়; নতুকা দেশের জনসাধারণে চিরদিন অজ্ঞ হট্য়া থা'ক, ইহা যেমন मः **क्षां इ**रकता वाद्यनीय मत्न करतन ना, যাঁরা তাঁদের এই চেষ্টার প্রতিরোধ করা কর্ত্তব্য জ্ঞান করেন, তারাও ইহা কখনই বাঞ্চনীয় ভাবেন না ও বলেন না।

বিলাতে কিছুকাল হইতে যে জবরদন্তির সার্বজনীন সাধারণ শিক্ষা প্রবর্ত্তিত হইয়াছে, তাহার ও যে কোনো কুফল ফলিতেছে না, এমন নয়। চৈত্রের সংখ্যার বঙ্গদর্শনে এ সকল কুফলের 'কতকট। আলোচনা করিয়াছি। সেখানেও এই জোরজবরদন্তি না করিলেই, বোধ হয়, ভাল হইত। তবে বিলাতী সমাজের প্রকৃতি মৈন্নপ গড়িয়া উঠিয়াছে, সেথানে যে ভাবে, নানা কারণে, পরিবারের স্বেহের সম্বন্ধ্রপকল কতকটা শিথিল হইয়া প্রিয়াছে, আর সর্কোপরি

সে দেশের জনগণমধ্যে অমিতাচার যে আকারে কিছুদিন পূর্বে বাড়িয়া উঠিয়াছিল, ভাহাতে সকল সময়ে কেবল পিতামাতার সহত্র স্বেহমমতার উপরেই সন্তানসন্ততিদের শিক্ষাণীকার ভার ফেলিয়া রাখা হয় ত সঙ্গত হইত না। দে অবস্থায় গরিব গৃহস্থের ছেলেখেয়েরা অনেক সময় হয় ত অল্লবয়সে রাজপথকে আশ্রয় করিয়াই দিন কাটাইত, এবং তাহার ফলে,বয়োরশ্বিসহকারে শুভিকা-লয়কেই আশ্রয় করিয়া জীবনক্ষয় করিত। বিশেষতঃ সে দেশে জীবন-সংগ্রামের তীব্রতা ক্রমে এতটাই বাডিয়া পড়িতেছিল যে,অনেক সময় মিতাচারী পিতামাতার পক্ষেও আপন আপন জীবিকা-উপার্জনের চেষ্টায় বিব্রত থাকিয়া, তার উপরে আবার ছোট ছোট শিশুদিগের যথাযোগ্য তত্ত্বাবধান ও রক্ষণা-বেক্ষণ করা অসাধ্য হইয়া উঠিতেছিল। বিলাতের গরিব লোকেরাই ধায়, আর আমাদের গরিব লোকেরা বিনা খাটুনিতেই অন্নবস্ত্রের সংস্থান করিতে পারে, তাহা নয়। আমাদের গরিবদিগকেও খুবই খাটতে হয়। তবে আমাদের ধাটুনির ক্ষেত্র ও ধরণ, বিলাতের গরিব লোকদিগের খাটুনীর ক্ষেত্র ও ধরণধারণ হইতে স্বতন্ত্র। বিলাতে গরিব লোকদিগকে কলের বা খনির মজুরী করিতে হয়। প্রত্যুবে ৬॥০টা কি ণটা হইতে ২টা কি ১২॥০টা পর্যান্ত, ও আবার ১টা কি ১॥•টা হইতে সৃদ্ধ্যা ৫টা কি ০০টা পৰ্যান্ত তাহাদিগকে এই সকল কারখানার যাইয়া গাটিতে হয়। স্তরাং কাৰ্য্যতঃ দিনের মধ্যে তারা আপনাদের সন্তানসন্ততির,মুখ একবারও

দেখিবার সুযোগ পর্যান্ত অনেক সময় পায় না, তাদের তত্ত্বাবধান ও রক্ষণাবেক্ষণ করা তো দূরের কথা। ছ্শ্পপোষ্য শিশুদিগকে সারাদিনের জন্ম একটা নির্দিষ্ট প্রসা দিয়া কোনো ধাতীর হাদপাতালে,—ইংরেজিতে এ গুলিকে বেবি-ফার্ম (Baby-Farm) वरन,-- ताथिया याय, मक्यारवना कनकातथाना হইতে ফিরিবার সময় আবার বাড়ী লইয়া আসে। আর যারা একটু বয়স্ক, পূর্বের অনেক সময়ই তাহাদিগের হাতে ত্রপ্রহের আহারের জ্ঞ একটা হুটা পয়্সা দিয়া, একরপ রাভায়ই ছাড়িয়া যা**ইত। স্তরাং** এই অবস্থায় তাদেরে জোর कूरन नहेशा शिशा, रमशान आदिकाहेशा রাখার ব্যবস্থাতে অনেক লোকেরই কতকটা সুবিধা হইয়াছিল। এই সুবিধাটুকু না হইলে. বিলাতের লোক-মত, কেবল কতিপয় সংস্বারকের সাধু ইচ্ছার ও উ**ন্নত আদর্শের** চরিতার্থতার জন্ম, এই জবরদন্তির লেখা-পড়ার ব্যবস্থার সমর্থন করিত না। কিন্তু আ্মাদের দেশের এরূপ অবস্থা এখনও উপস্থিত হয় নাই। আমাদের দেশের গরিব লোকদের জীবিকা-উপার্জ্জনের পারিবারিক জীবনটা এখনো এমন করিয়া ভান্দিরা চুরিরা যায় নাই। স্থামাদের সমাজের গরিব স্ত্রীলোকেরাও খাটিয়াই थाय ; किन्न এখনো कि शूक्ष कि जी, কাহাকেই কলকারধানার ভেলধানায় यादेश निरमत २०। २२ चणे। व्यावक थाकिया, প্রতিদিনের অন্নমৃষ্টি সংগ্রহ করিতে হয় ना। পুৰুষেরা বাহিরে যাইয়া খাটে, खीरवारकता दम्र निरम्बत परत वित्रा ना

বঙ্গদর্শন

হয় অতি নিকট প্রতিবেশীদের বাড়ীতে যাইয়া সামাভ শ্রম করিয়া, পরিবারের তহবিলে যৎকিঞ্চিং অর্থ স্কায় করিতে চেষ্টা করে। এরপ প্রকারের খাটুনির ব্যবস্থায় ত্বশ্ধপোয় শিশুদিগকে বেবী-ফারমে (Baby-Farm) কিখা অল্পবয়স্ক বালকবালিকা-দিগকে পথে ঘাটে রাখিয়া যাইতে হয় না সুতরাং লেখাপড়া শিক্ষা করা ছাড়াও যে আর একটা প্রয়োজনে বিলাতে এই कवत्रविद्या वर्षकानमारमत वावशा लाक-মতের দারা সমর্থিত হইয়া, দেশ মধ্যে প্রতিষ্ঠিত হটয়াছে, সে প্রয়োজন আমাদের সমাজে এথনো উপস্থিত হয় আর যে অফুকরণলিপা এই সংস্থারচেষ্টার পশ্চাতে দাভাইয়া ইহাতে একটা কৃত্রিম শক্তি সঞ্চার করিতেছে, তাহা যদি যথা-সময়ে প্রতিহত ও উন্লিত হইয়া যায়, এবং বিলাতের দেখাদেখি, রাতারাতি ধনী হইয়া উঠিবার লালসায় আমর৷ যদি এদেশেও কলকারখানা বসাইবার জন্ম সর্কাম্ব পণ করিয়া না বসি, তবে, ঈশর-কুপায়, হয় ত কখনোই আমাদের সমাজে এই "স্ক্রনেশে" প্রয়োজন উপস্থিত হইবে না।

অতএব ইহা অস্বীকার করা অসম্ভব যে বিলাতে যে জবরদন্তির সার্বজনীন শিক্ষার ব্যবস্থা প্রবর্ত্তি হইয়াছে, তাহার পশ্চাতে **(करन अकरन देश्टब मगाक्रमश्कात्रक**त দেশহিতৈষা ও লোকহিতৈষার আতিশ্যাই বিখ্যমান ছিল না, কিন্তু সমাজের ভিতরকার কতকগুলি অপরিহার্য্য প্রয়োজনও বিভয়ান ছিল। বহুকাল ধরিয়া বিলাতের সমাজের প্রকৃতি এমনি ভাবে গড়িয়া উঠিতেছিল, দে দেশের পারিবারিক ও " জেহমমতার স্বাভাবিক সৃদন্ধ ও বন্ধন স্কল ভাবে শিথিল হইয়া পড়িভেছিল, দেশের ব্যবসায়-বাণিজ্যের অবস্থা ও পণ্য-উৎপাৰ্ম-প্রণালী এমনি ভাবে পরিবর্ত্তিত হইতেছিল. ব্রিটিশ জাতির রাইব্যবহার ও ঐতিহাসিক বিবর্ত্তন এমন একটা পথ ধরিয়া চলিতে আরম্ভ করিয়াছিল যে, সে পথের অপরি-হার্য্য প্রয়োজনের অমুবোধে, সে দেশে এই জবরদন্তির শেখাপড়ার বিধান প্রতিষ্ঠিত করিতে হইয়াছে। ফলতঃ বিলাতের এই শার্কজনীন সাধারণশিক্ষার ব্যবস্থাটী, নিতান্ত নিঃসঞ্চভাবে, একাকী দাড়াইয়া আছে, এমনো নয়। তার সমঞ্চাতীয় আরো দশটা স্থাজিক ও রাষ্ট্রীয় বিধিব্যবস্থার মাঝধানে, সে স্কল বিধিব্যবস্থার সঙ্গে ঘনিষ্ঠ অকাসী সম্বন্ধে আবদ্ধ হইয়াই, সেখানে এই বিশেষ বিধানটীর প্রতিষ্ঠা হইরাছে। আবু এই সার্বজনীন শিক্ষার ব্যবস্থার দরুণ, প্রতিদিনও আরো কতকগুলি নূতন নূতন ুব্যবস্থার প্রতিষ্ঠা করা আবশ্রক হইয়া উঠিতেছে। এ সকল অভিনব বিবিব্যবস্থা প্রবর্ত্তিত না সার্বজনীন সাধারণশিক্ষাবিধিও আপনার সার্থকতা লাভ করিতে পারিবে ন।। আর বিলাতী সমাজের ভিতরকার ও চারিপাশের যে সকল অবস্থা ও ব্যবস্থার সঙ্গে বিলাতের সার্বজনীন সাধারণশিক্ষার ঘনিষ্ঠ যোগাযোগ রহিয়াছে, তাহার বিচার না করিয়া, কেবল একটা নিগুণি সংস্কারলিপার চরিতার্থতার অভ্রকরণে, আমাদের এথানে এই জবরদস্তির বর্ণশিক্ষার ব্যবস্থা প্রবর্ত্তি করিলে, স্মার্ভে অকারণ

একটা বিশৃশ্বালা উপস্থিত এবং দেশের রাষ্ট্রীয় ব্যাপারে অনর্থক কতকগুলি কটিল সমস্তার স্থান্ত হইবে। আর এই জন্তই এই উদ্দাম সংস্থারচেষ্টাকে সর্বপ্রথতে সংযত করা আবিশ্রক।

আমাদের সমাজের প্রকৃতির ভিতরে ও বর্ত্তমান সামাজিক অবস্থা হইতে, বিলাতের মতন জোর করিয়া দেশের मकल वालकवालिकारक ऋत्ल পाशहेवात যে কোনে। অপরিহার্যা প্রয়োজন এখনো উপস্থিত হয় নাই, এ কথা এই সংস্কারের প্রবর্ত্তক ও পরিপোষকগণও বোধ হয় অস্বীকার করিতে পারিবেন না ফলতঃ যাঁহারা এই বিলাতী আইন আমাদের ্দেশের গরিব লোকদের স্বন্ধে চাপাইবার জন্ম এতটা ব্যস্ত হইয়া পড়িয়াছেন, তাঁহারাও এ পর্যান্ত এরপ কোনো বিশেষ সামাজিক প্রয়োজন দেখাইতে পারেন নাই। লেখাপড়া শিখিলে সাধারণভাবে মামুষের কি কি উপকার হইয়া থাকে, এ সকল কথাই সর্বদা শুনিয়াধাকি। এসকল কথা তো কেহ অম্বীকারও করে না। কিন্তু শুদ্ধ এই সকল সাধারণী যুক্তির বলেই বিলাতে বা অক্ত কোনো দেশে জোর করিয়া দেশের সকল লোককে লেখাপড়া শিখাইবার বিধান প্রচলিত হয় নাই। পাণ্ডা-পাদ্রিদের এ সকল অভ্যন্ত বুলা বক্তৃতার বকুনীরপেই বিশেষ কাজে আসে; এ সকলের জোরে কোনো বিরাট-সমাজ আপনার স্বাভাবিক গতিবেগকে বাড়াইমাও দেয় না, চাপিয়াও রাখে না। ফলতঃ বিশ্ববন্ধাণ্ডের কোথাও কোনে! জীব আপনার আ ভান্তরীণ প্রয়েপনের প্রেরণা ব্যতীত, কেবল একটা বড উপদেশ শুনিয়াবা অতি উচ্চ আদর্শ (मिथ्रा, (कारना विषया आपनात मिलि প্রয়োগ করে না। যতক্ষণ না জীবন-শংগ্রামে জয় লাভ করিয়া আহারকার **জ**ন্ত কোনো কিছু গ্রহণ করা অপরিহার্য্য হইয়া উঠে. কোনো জীব ততক্ষণ সে বিষয়ে চেষ্টিত হয় না। এইরূপ সমাজ-জীঘও অপরিহার্য্য প্রয়োজনের অতিরিক্ত কোনো বিষয়ে আপনার শক্তি প্রয়োগ করিতে চাতে না। কোনো বিশেষ সাধনা আয়ত করা, কোনো বিশেষ ব্যবস্থা প্রবর্ত্তিত করা, কোনো প্রচৌন প্রতিষ্ঠানকে পরিহার করিয়া নুতন প্রতিষ্ঠান গড়িয়া তোলা, এ সকল যতকণ কোনো সমাজের পকে জীবন-মরণের কথা না হইয়া দাঁড়ায়, ততক্ষণ সে সমাজ কখনো সে সকল বিধিব্যবস্থা গ্রহণ করিয়া, আপনার দেহের বোঝাও কর্মের দায় খামাকা বাড়াইয়া তোলে না।

নরবলি, সতীদাহ, গলাসাগরে সন্তানবিসর্জন, রাজপুতদিগের কন্তাহত্যা
প্রভৃতি মধ্যুগের হিন্দুয়ানীর ক চকগুলি
প্রথা ইংরেজ সরকার লোকের মত
গুলিয়া দিয়াছেন; দেশের লোকের মত
গুহল করিয়া এ সদল নিষেধ প্রতিষ্ঠিত
হয় নাই, হইতেই পারিত না। অতএব
জোর করিয়া এখন যদি সকলকে স্থলে
পাঠানোই হয়, কিছু দিন পরে, লোকমতে
ও সমাজের অভ্যাদেতে এই ব্যবস্থাটী যখন
স্থায়িত্ব লাভ করিবে, তখন জবরদন্তির
দরুল যে অস্থবিধা ও অমঙ্গলটুকু আপাতত
হইতেও বা পারে, তাহার আর কোনে

আশকা থাকিবে না. কেহ কেহ এইভাবে এই স[্]স্কার-চেষ্টার সমর্থন করিতে পারেন। কিন্তু নরবলি, সতীলাহ, গঙ্গাসাগরে সন্তান-विश्रक्तन. এ मकन প্रथा कथरना मगारकत मर्तकन्तक न। अधिकाः म त्नाकत्क म्लर्भ करत नाहे। अग्रुनिरक अस्तरकत प्रदक्ष-मासूबी वृक्षि ও সञ्जनश्राहे এ সকল প্রথার স্বল্পবিস্তর বিরুদ্ধাচরণ করিত। এ স্কল প্রথা রহিত হইয়া, সমাজের ভিতরে এমন কোনো প্রকারের সাক্ষাৎভাবে পরিবর্ত্তন আনয়ন করে নাই, যে পরিবর্তনের ফলে সমাজ-প্রকৃতির বা সাধারণ সামাজিক. কোনো বিশেষ ও স্থায়ী রীতিনীতির পরিবর্ত্তন ঘটিয়াছে। জোর করিয়া সকল বালকবালিকাকে স্কুলে আনিবার ব্যবস্থা এ জাতীয় নহে। স্তরাং নরবলি, সতীদাহ, প্রভৃতির নজীর এখানে একেবারেই থাটে না।

কিন্তু এই সার্ব্যঞ্জনীন সাধারণ শিক্ষার ব্যবস্থার সঙ্গে বিলাতের সমাজ প্রকৃতির ও সামাজিক অবস্থার যেমন ঘনিষ্ঠ ও অঙ্গানী সংল্প আছে, তাহার আধুনিক রাষ্ট্রনীতির সঙ্গেও ইহার সেইরূপ সম্বর্ধই রহিয়াছে। আর বিলাতে এই সার্ব্যক্তনীন সাধারণ শিক্ষার ব্যবস্থা যে উদার রাষ্ট্রনীতির অঞ্সরণ করিয়া প্রতিষ্ঠিত হইয়াছে, এদেশের বর্ত্তমান অবস্থার দে নীতির প্রতিষ্ঠা যেমন অস্ত্রব, সেইরূপ লোকাহিতার্থে কিছুতেই বাছনীয়ও নহে। প্রত্যেক রাষ্ট্রণক্তির বারাক্ষণক্তির কতকগুলি মুখ্য আর কতকগুলি গোণ কর্ত্তব্য আছে। প্রশার ধন প্রাণ রক্ষা করা এবং স্বরাষ্ট্রকে পররাষ্ট্রণক্তির

বা পররাষ্ট্রপতির আক্রমণ ও উৎপাত হইতে রকা করিয়া, প্রজাসাধারণের সাভাবিক স্বস্বাধীনতা অক্ষুপ্ রাখাই প্রত্যেক রাজশক্তি বা রাষ্ট্রশক্তির मुश উদ্দেশ্য ও প্রথম কর্ত্তব্য। জ্বাতির রাষ্ট্রশক্তি যে আকারেই সংঘটিত হউক না কেন, তাহা কোনো দেনাপতি বা লোকপতিকেই আশ্রর করিয়। আত্মপ্রকাশ ও আত্মপ্রতিষ্ঠা করুক, কিলা কোনো বিশেষ অভিদাত শ্রেণীকে আশ্র করিয়াই আত্মপ্রকাশ ও আত্মপ্রতিষ্ঠা করুক, অথবা দেশের আপামর সাধারণ প্রকৃতিপুঞ্জকে আশ্রয় করিয়াই প্রতিষ্ঠিত হউক, তাহা রাজতন্ত্রই হউক আর প্রজাতন্ত্রই হউক, শ্বেচ্ছাতন্ত্র বা অটক্যাটিকই (autocratic) হউক, কিমা প্রসাতন্ত্র বা ডিমক্ল্যাটিকই (democratic) इडेक, मकन व्यवसार ७ मकन व्याकार्त्रहे প্রত্যেক রাজশক্তি বা রাষ্ট্রশক্তিকে সর্বাদে এই মুখ্য উদ্দেশ্রদাধনে তৎপর হইতেই হয়। যেখানেই কোনো রাজশক্তি বা রাষ্ট্রশক্তি এই মুখ্য কর্ত্তব্য পালনে অপারগ বা পরাজ্মুথ হয় দেখানেই স্মাজ্ঞিতি রকা পায় નાં, সমাজ বিপ্লবের गाँदेश পড়ে, রাষ্ট্রপক্তি বা রাজশক্তি বিপর্যান্ত হইয়া যায়, ও স্মান্তরকার জন্ম নূতন ব্যবস্থার উৎপত্তি ও প্রতিষ্ঠা হইয়া থাকে। কিন্তু প্রকৃতিপুঞ্জের জ্ঞানোম্নতি। বিধান, রাষ্টের পক্ষে মঞ্জলকর হইলেও রাষ্ট্রশক্তির একটা মুখ্য কর্ত্তব্যু বলিয়া গণ্য হয় না। যেথানে রাষ্ট্রীয় দেনাগণের গতিবিধির জন্ম ও পররাষ্ট্রশক্তির আক্রমণ ও উৎপাত হইতে রাজ্যরকার জন্ম রাজ্পথ

নির্মাণ করা অনাবশ্রক, দে সকল স্থল কেবল প্রজাগণের গতিবিধির বা ব্যবস্থ-বাণিজ্যের জন্ম এ সকল পথ বা পয়ঃপ্রণালী নির্মাণ করা, দেশের উন্নতি কল্পে প্রয়োজনীয় হইলেও, রাষ্ট্রশক্তির মুখ্য কর্ত্তব্য বলিয়া পরিগণিত হয় না। প্রজাসাধারণের স্বাস্থ্য-রক্ষার বা আর্থিক উন্নতির ুবা জ্ঞানলাভের क्क नानाविध मगर्याभर्यां विधिवावका প্রণয়ন এবং অধিষ্ঠান ও প্রতিষ্ঠান গডিয়া তোলা, এ সকলই রাষ্ট্রের গৌণ কর্তব্যের অন্তর্গত। আর যতদিন না রাষ্ট্রশক্তি স্বল্পবিষ্ঠার পরিমাণে প্রজাসাধারণের হন্তগত হইয়াছে, অর্থাৎ যতদিন না দেশের শাসন-ব্যবস্থা একান্তই নিয়মতন্ত্ৰ বা প্ৰজাতন্ত্ৰ হইয়াছে, ততদিন পর্যন্ত কোনো স্মীচিন রাষ্ট্রনীতিবিদ্ই পরকরায়ত রাষ্ট্রণক্তির হস্তে এ সকল গৌণ কর্ত্তব্য পালনের গুরুতার •অর্পণ করিতে অগ্রসর হন না। যতদিন পর্যান্ত বিলাতের রাষ্ট্রশক্তি সম্যুকরণে হ জাপাধারণের হাতে আসিয়া নাই, যতদিন পর্যান্ত একদিকে রাজার ও অগুদিকে প্রজার অধিকার স্বাধীনতা, এ হ'এর মধ্যে একটা নিত্য বিরোধ ও প্রতিযোগিতা জাগিয়া ছিল. ততদিন পর্যান্ত কোনো স্মীচিন ইংরাজ রাষ্ট্রনীতিক রাষ্ট্রশক্তির বা রাজশক্তির থ্যতে লোকশিক্ষার ভার এমনভাবে অর্পণ कतिया, (मर्ग आहरनत कारत जार्ककनीन সাধারণশিকা প্রবর্ত্তিত করিতে চাহেন লোকশিকা যার হাতে থাকে দে-ই ভাগাবিধাত৷ হইয়া कौनकरम (मरनंत्र বসিতে পারে। রাজা-প্রজার স্বতমার্থের

সম্পূর্ণ ঐক্য ও সামঞ্জস্য যতদিন না প্রতিষ্ঠিত হইয়াছে, ততদিন রাজশক্তির হন্তে একান্তভাবে লোকশিক্ষার ভার অর্পিত হইলে, সে রাজ্যে প্রজার স্বত্বাধীনতার সম্প্রদারণ অসাধ্য না হইলেও নিতান্তই इः नाधा रहेशा পড়ে। আমাদের ইংরেজ-নবিশ রাষ্ট্রনীতিকেরা বিলাতের লিবারেল मर्धानारात निवाः निमा मकन काकहे করিতে চান, কিন্তু তাঁদের নকলনবিশী রাষ্ট্রবৃদ্ধিতে এই সামাত তত্তী ধর৷ পড়ে না। যতদিন ইংলভে রাজার অধিকার ও প্রজার সহস্বাধীনতার মধ্যে একটা বিরোধ ও প্রতিযোগিতা ভাগিয়া ছিল. ততদিন যে বিশাতের লিবারেল সম্প্রদায় রাজশক্তির আধিপত্যকে প্রতিহত করিবার জন্ম, দেশের রাষ্ট্রশক্তিকে তাহার মুধ্য কর্ত্তব্যের গণ্ডি অতিক্রম করিতে দেন নাই. প্রজার ধনপ্রাণ ও পররাষ্ট্রের আক্রমণ ও উপদ্রব হইতে স্বরাষ্ট্রকে রক্ষা করা ব্যতীত, আর প্রায় কোনো কার্য্য যাহাতে তাহার হস্তগত নাহয়, প্রাণপণে তার চেষ্টা করিয়াছেন; এই অতি সামাক্ত কথাটা रैंशता मर्सनारे जुनिया यान। आत এह জন্মই যে বুরোক্র্যাসির (Bureaucracy) বা রাজকর্মচারী-তন্ত্রের হস্ত হইতে দেশের প্রজাগাধারণের স্বত্তবাধীনতাকে করিবার জন্ম তাঁরা কালে অকালে এমন আন্দোলন আন্দার করিয়া থাকেন, সেই বুরোক্র্যাদির হাতেই একান্ত ভাবে আবার লোকশিক্ষার অধিকারটী তুলিয়া দিবার ন্তে এত ব্যগ্র হইয়া পড়িয়াছেন।

कन्छः ता हुम् जिन्धारात्त्र, विविवाबञ्चात

कारत, नर्वनाधात्रपत मरधा বৰ্ণজ্ঞান कविवात विशान (व সাধারণ রাষ্ট্রনীতির অঙ্গীভূত হইয়াছে, ইংরাজিতে তাহাকে ঠেট সোসিয়ালিজম (state socialism) বলে। যে বিশেষ সমাজ-নীতি য়ুরোপে সোদিয়্যালিজম্ (socialism) নামে প্রচারিত হইতেছে, वह (हें) সোসিয়্যালিজম (state socialism) তাহারই অন্তর্গত। মোটামোট সোসিয়ালিষ্ট সম্প্রদায় এই বলেন যে, যে সকল বিষয়ের উপরে সমাঞ্চের জনগণের জীবন ও জীবনের উদ্দেশ্যসাধন একান্তভাবে নির্ভর. করিতেছে, দে সকল বিষয়কে ব্যক্তিগত স্বস্বার্থের অপরিহার্য্য প্রতিদ্বন্দিতা হইতে সর্কান্ধারণের করিয়া, সমাজের প্রতিভূম্বরূপ যে রাজ্শক্তি বা রাষ্ট্রশক্তি তারই হস্তে অর্পণ কর। কর্ত্তব্য। এ সকল বিষয়ে কোনো বিশেষ ব্যক্তির বা কোনো বিশেষ পরিবারের বা সম্প্রদায়ের কোনো প্রকারের वित्यव माध्यामावी थाकित्व ना। मान्यत्वत বাঁচিবার জন্ম তিনটা বস্তুর ঐকান্তিক প্রমোজন হয়। এক বায়ু, দ্বিতীয় জল ও তৃতীয় মাটী বা জমি। এই তিন বস্তুর ছুইটা সর্বসাধারণের . সম্পত্তি, এ চুটার উপর কারো কোনো বিশেষ অধিকার नारे। बन ७ राज्यात बन, त्यारहेत छेशत, কেহ কোনো খাঞ্চানা দাবি করিতে পারে না। কিন্তু জমির অবস্থা স্বতন্ত্র। মুরোপের श्रीप्र नर्कवंदे कमिछ। विराम विराम कमि-দারের সম্পত্তি। এ জমির উপরে সর্ব্ব-मार्थात्र (कारना व्यक्तिकांत्र नाहे। यात्र বেষন প্রয়োজন সে সেরপভাবে এই জয়ি

ব্যবহার করিতে পারে না। জমিদারের খুসিমত, তাহাকে খাজনা দিয়া তবে লোকে সে জমিতে বসবাস ও সে **জ**মির চাষ্ করিয়া ভাহা হইতে আপনার খালাদি করিতে পারে। সোসিয়ালি ইগণ সংগ্ৰহ বলেন, এ জমিতে জমিদারের অধিকার থাকিবে না। জমি সাধারণের সম্পত্তি হইবে, আর রাজশক্তি বা রাষ্ট্রশক্তি যথন জনসমাজে জনসাধারণের একমাত্র প্রত্যক্ষ প্রতিনিধি হইয়া আছে, তখন জমির সর্ববিধ সত্ব এই রাষ্ট্রশক্তিরই থাকিবে। জমির খাজানা কোনো ব্যক্তি বিশেষে দাবী করিতে পারিবেন না; জমিতে যদি কোনো গাছপালা বা খনি থাকে, সে ধনও রাষ্ট্রেরই হইবে, জমিদার আত্মদাৎ করিতে পারিবেন না। স্থার শুধু জল ও বায়ুর উপরে সাধারণের অধিকার থাকিলেই তো হয় না। এজন বিশুদ্ধ, পানের উপযুক্ত, ও সচ্ছন্দে পাওয়া যায়, এমন করা চাই। আর হাওয়াটাও যাতে পরিদার ও স্বাস্থ্যকর হয়, তৎপ্রতিও দৃষ্টি রাখা আবশ্যক। স্তরাং এ সকল কাজও রাষ্টের হস্তেই ক্যস্ত হওয়া বাস্থনীয়। তার পর, কেবল জমি, জল, ও হাওয়াতেও মাতুৰ মাতুৰের মত বাঁচিয়া থাকিতে পারে না। জমি হইতে পণ্য উৎপন্ন হয়। এ সুকল পণ্য উৎপাদনের প্রকৃষ্টতর উপায় উত্তরোত্তর উদ্ভাবিত হইরা, সমাজের ধণীদের হাতে একটা বিপুলশক্তি ও গাংঘাতিক অধিকার অর্পণ করিতেছে। সাধারণ জনগণ ইহাদের কলকারখানায় यांच्या थांविया व्यानाख इय, किन्न छाटारमत পরিশ্রমের সমুদয় ফল তাহারা নিজেরা

উপভোগ করিতে পায় না। ধনীর মুনফার व्याकारत (म कत्मत व्यत्नकिंगेंहे छ।शापत्रहे করকবলিত হইয়া পড়ে; জনেরা গুদ পারিশ্রমিক মাত্র পাইয়া, কায়ক্লেশে জীবন-ধারণ করে। এ ব্যবস্থাও রদ আবিশ্রক। যেমন সকল কার্য্যের মূলাধার যে জমি, তাহা কাহারো বিশেষ স্বভাধীন থাকিবে না, সেইরূপ এই সকল পণ্য উৎপাদন করিবার যন্ত্রতন্ত্রেও কাহারো বিশেষ স্বত্ব বা অধিকার থাকিবে না। এ मकन अतार हे जरीन इहेशा, मर्ख-সাধারণের কাজে আনা চাই। সমাজের এক দল লোক খাটিয়া মরিবে, আর একদল অতি মুষ্টিমেয় লোক খাটিবেন না, অথচ সাধারণ লোকের শ্রমের অধিকাংশটাই আত্মাণ করিবেন, এ ব্যবস্থা স্থায়ান্থমোদিত নহে, ইহারও পরিবর্ত্তন অত্যাবশ্রক। পণ্য উৎপাদনের উপায় সকলও (ইংরেঞ্চীতে ইহাকে instruments of production বলে) জনসাধারণের যে রাষ্ট্রশক্তি তারই কর্তৃত্বাধীনে ও অধিকারে থাকিবে। উৎপন্ন পণ্যের মুনাফা কোনো ব্যক্তি বিশেষে বা সমবায় বিশেষে দাবী করিতে পারিবে না। যে পণ্য হইতে যেরপ মুনাফা হইবে, তাহার কিয়দংশ রাষ্ট্রের সাধারণ কার্য্যে ব্যয়িত रहेरत, आत वाकी मक्षीह अमभीविगराव বীধ্যে ভাগ করিয়া দিতে হইবে। কিছ কেবল জমি বা কলকজাতেই তো আর পণ্য উৎপন্ন.হয় না। তার জঞ্চ মামুধের শক্তি-সাধ্য ও বিদ্যাবৃদ্ধিরও তে একান্তই আবশ্রক। সুতরাং স্মাজের ব্যক্তির শক্তি-সাধ্য ও বিছাবৃদ্ধি বাড়াইবার

জন্ম বাহা কিছু ব্যবস্থা করা আবশ্রক, রাষ্ট্রশক্তিকে তাহাও করিতে হইবে। যেমন খাজানা বলিয়া একটা কিছু কাহাকেও দিতে হইবে না, কলকারখানার यूनाका विवास (कर धरे मकन कन-কারধানায় উৎপন্ন পণ্যের মূল্যের কোন একটা ভাগ নিজেরা লইতে পারিবে না, **পেঁইরূপ জনগণের শক্তিসাধ্য ও বিভাবুদ্ধির** বিকাশের জ্বন্ত যাহা কিছু ব্যবস্থা আৰশ্যক হয়, তাহার জন্মও কেহ কোন টাকা দাবি করিতে পারিবে না। সকলেই কিছু না দিয়া এই সকল বিধিব্যবস্থার যথাসন্তব শিক্ষা-দীক্ষা করিতে পারিবে। সোদিয়ালিই সম্প্রদারের এই মত। বিলাতে বা অপর কোথাও সম্পূর্ণভাবে এ মত এখনো গৃহীত হয় নাই। কিন্তু ক্রমেই যে এ সকল সিদ্ধান্ত যুরোপের রাষ্ট্রীয় বিবর্তনে আত্মপ্রতিষ্ঠা করিতেছে ইহা অস্বীকার করা যায় না। যে সার্বজনীন সাধারণশিক্ষা বিলাত প্রভৃতি দেশে প্রবর্ত্তিত হ্ইয়াছে, ভাহা সোদিয়ালিষ্ট নীতিরই উপরে প্রভিষ্ঠিত। ইংরাজি নাম নীতিরই সোসিয়ালিজ্ম (state socialism) এই छिट मानियानिक्य युद्वार्थ अका-সত্বের সম্প্রদারণের সঙ্গে সঙ্গে সর্বতাই প্রবল হইয়া উঠিতেছে। বিলাতে पैंठिम वरमदात गर्या **शकामायात्राव प्रय-**ञ्चितिया-दृष्कित किया मिक्ना-मौक्ना विधात्नद জন্ম যত কিছু বিধিবাবস্থা প্রতিষ্ঠিত হইয়াছে, তার প্রায় সকলগুলিই এই রাষ্ট্রনীতির উপরে প্রতিষ্ঠিত। সেখানে প্রজাসাধারণে

সম্ভানসম্ভতিগণের আপনাদের কেবল লেখাপড়ার ভারই রাষ্ট্রশক্তির হাতে দিয়া ক্ষান্ত হয় নাই, বার্দ্ধকোর অক্ষম অবস্থায় যথন তাহাদের আর খাটিয়া খাইবার শক্তি থাকিবে না, তখন যাহাতে রাষ্ট্রের কোষাগার হইতে সকলেই একটা নিৰ্দিষ্ট বৃত্তি পাইতে পারে, তারও ব্যবস্থী করিয়াছে। এই নৃতন বার্দ্ধক্যের পেন্সনের ব্যবস্থা অনুসারে, ওঁ৫ বৎসরের অধিক বয়স্কু প্রত্যেক ইংরেজই, তার कौरिकात चन्न উপায় ना थाकितन, मश्राह পাঁচশিলিং বা ৩৮০ আনা হিসাবে আমরণ কাল পর্যান্ত পেন্সেন পাইতেছে। এই সম্প্রতি যে ইনসুয়র্যান্স আইন পাশ হইয়াছে, তাহাতে কৰ্মক্ষম লোকও যখন ব্যায়ারামে পড়িয়া, কিম্বা কর্মের অভাবে উপার্জন করিতে অপারগ হইবে, তখন ভাহাদের জীবিকার ব্যবস্থা করিয়াছে। সাৰ্বজনীন যেমন সাধারণশিক্ষার ব্যবস্থা, তেমনি বার্দ্ধক্যের পেন্সেনের বিধান এবং এই নৃতন ইন্সুয়র্যান্স আইন (Insurance Act) এ সকলই একই সাধারণ রাষ্ট্রনীতির অন্তর্গত ও অঙ্গীভৃত। আর বিলাতে এই নীতি ক্রমেই প্রবল হইয়া উঠিতেছে। দেশের সক্য বালক্বালিকাকে न हेग्रा গিয়াই ব্রিটিশরাজ স্কুলে নিশ্চিন্ত হইতে পারিতেছেন না। এরপ **ৰো**র-জবরদন্তির ফলে (ছলেমেয়েরা স্থা যাইতেছে বটে, কিন্তু পিতামাতা তাদের উপযুক্ত অন্নবন্ধের ব্যবস্থা করিতে পারিতেছে না, বা করিতেছে না। স্থতরাং এখন অনেক বালকবালিকাদিগকে **धत्र**क **धा**ख्यादेवात्र কারের ব্যবস্থা

করিতে হইতেছে। অনেক স্থানেই অন্ততঃ স্থলের ছেলেমেয়েদের ত্রপ্রহরের আহারের ব্যবস্থাটা স্থূলের কর্ত্তপক্ষগণকেই করিতে হইতেছে। কখনো কখনো তাদের ধুইয়া মুছিয়া ছেঁড়া ও নোংড়া কাপড় চোপড় ছাড়াইয়া দিয়া, পরিষার কাপড় চোপড় পরাইয়া তবে রাখিতে হয়। ऋ (ब স্তরাং কেবল বেতন না লইয়া লেখা-পড়া শিখাইবার ব্যবস্থাতেই এই সংস্কারের সার্থকতালাভ হইবে না। ক্রমে অপর অনেক বিষয়ের ব্যবস্থা করিতে হইবে। ভারত সরকার এ জন্ম কবে যে এত টাকা টাকা খরচ করিছে পারিবেন, বলা যায় না। আর পারিলেও তাহা করাই কর্তব্য হইবে কি না তাহাও ভাবিবার কথা। এরপ ভাবে সন্তানগণের সকল যদি রাজা আপনার হাতে গ্রহণ করেন, তাহার ফলে দেশের লোকের সহজ সন্তান-বাৎসল্য যে ক্রমে নষ্ট হইবার কভটাই আশঙ্কা আছে ইহা ভাবিলেও ভয় হয়। মামুষের ভাল মন্দ কোন প্রবৃত্তিতেই যে निताकात माधन मध्य नटर, वाकिका निकात আমাদের আধুনিকশিকাপ্রাপ্ত দিনেও সম্প্রদায়ের এ সহজ কথাটা বুঝিতেও किছ नभग्न माशित विनया मत्न रय।

বিলাত প্রভৃতি দেশে সার্বজনীন সাধারণশিক্ষা যে বিশেষ রাষ্ট্রনীতির অন্তর্গতা, এদেশে সে নীতি প্রবর্ত্তিত হইবার সময় এখনো আইসে নাই। এই রাষ্ট্রনীতি (state socialism) প্রজাস্বত্বের সম্প্র-সারণের সঙ্গে সঙ্গেই মুরোপে ক্রমে তর্চালাভ করিতেছে। স্বেচ্ছা চন্ত্র শাসনে

এ নীতির প্রতিষ্ঠা সম্ভব হইলেও কণাপি कन्नागकत दश्र ना, इटेटिंग्टे भारत ना। আমাদের নকলনবিশী রাষ্ট্রীতির পক্ষে এ সহজ কথাটা বোঝাও কণ্টন হইয়া পড়িয়াছে। যতদিন না শাসন্যন্ত্রের উপরে শাসিতের অধিকার প্রতিষ্ঠিত হইয়াছে, ষতদিন না শাসনকর্ত্তাগণ শাসিতের মুখাপেক্ষী হইয়া সর্বদা তাদের সহস্বার্থের মর্য্যাদা রক্ষা করিয়া চলিতে শিখিয়াছেন, ততদিন পর্যান্ত রাষ্ট্রশক্তির হস্তে প্রজার পারিবারিক বা বৈষয়িক বা সামাজিক কোনো কর্ত্তব্য ও অধিকার অর্পণ করিতে ষাওয়া যে একান্তই মূর্যতা, ইংরেজ রাষ্ট্রনীতি ইহা চিরদিনই জানিয়াছে। আমাদের দেশে এখন জোরজবরদন্তির লেখাপড়া প্রবর্ত্তিত করিলে পুলিশের অধিকার ও অত্যাচার কতটা যে বাডিয়া যাইবে এ •কথা কি সংস্কারকের। একটীবারও ভাবিয়া দেখিয়াছেন। কারণ এ আইন জারি করিবার ভার হয় পুলিশের উপরে না

হয় নৃতন গ্রাম্য পঞ্চায়তের সভাপতির উপরেই অর্পিত হইবে। আর উভয় ক্ষেত্রেই জেলার রাজকর্মচারী যিনি, তাঁরই প্রভুত্ব আমাদের শিশুগঁণের শিক্ষাদীক্ষার উপরেও যাইয়া পড়িবে। একদিকে যাঁরা ঢাকায় একটা নৃতন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হইবে আর পূর্বান্ধের লোকশিক্ষার তত্ত্বাব-ধানের জন্ম একজন বিশেষ কর্মগারী नियुक्त रहेरवन अहे कथा छनिया वृत्ता-ক্র্যাসীর প্রভাব রদ্ধি পাইবে বলিয়া একেবারে কেপিয়া উঠিয়াছেন, অক্তদিকে ্তারাই আবার জোরজবরদন্তির লেখা-পড়ার জন্ম এত ব্যাকুল হইয়া পড়িয়াছেন ! আমাদের প্রচলিত রাষ্ট্রীয় আন্দোলন-আলোচনার পশ্চাতে যে নীতি কোন একটা কিছু নাই, এ তাহাই প্রমাণ করিতেছে। কিন্তু নীতি-জ্ঞান না থাকিলেও যে বড় বড় রাষ্ট্রনীতিবিদ্ হইতে পারা যায়, ইহা কেবল বর্ত্তমান ভারতবর্ষেই সম্ভব।

শ্রীবিপিনচন্দ্র পাল।

থিয়দফি

(G. De Lafontর ফরাসী হইতে 🏃

এক্ষণে কেবল নব-বৌদ্ধর্ম সম্বন্ধে এবং যে
বিষয়সফি শাক্যমূনির প্রচারিত মতবাদের
একটা শাখা বলিয়া দাবী করেন, সেই
থিয়সফি সম্বন্ধে আলোচনা করা বাকী
আছে।

আমি এ স্থলে, আধুনিক থিয়সফির মত ও বিশ্বাস কি, অথবা সেই সকল মত ও

বিশ্বাসের সহিত বিজ্ঞানের ঐক্য হয় কি
না, তাহার আলোচনায় প্রবৃত্ত হইব না;
আমি শুধু আলোচনা করিব, বৌদ্ধর্মের
উপর প্রতিষ্ঠিত বলিয়া থিয়সফির যে দাবী
সেই দাবীর প্রকৃত কোন ভিত্তি আছে
্কিনা।

যে দার্শনিক সম্প্রদায় হইতে এই নৃতন

জন্মগ্রহণ করিয়াছে. উগ সম্প্রদায়টি মহাযান-পদ্ধতি হইতে নিঃস্ত এবং উহা ষোগবাদের এক শাখা। উহা "যোগাচর্যা" নামে অভিহিত হইয়া থাঁকে। ব্রাহ্মণ্যিক ভারতে, দীর্ঘকাল হইতে যোগবাদসংক্রান্ত (य नकन मुख्यनार्यत आ > र्ञाव ' इहेग्राह्य. উহা তাহাদেরই এক শাখা। Csôma, Barnouf, Wassiljew, Schla-Wilson,—ইহাদের ginweit, মতে, যোগাচর্য্য-পদ্ধতি, অস্মং-যুগের प्रभग শতাদীতে ভারত ও তিব্বতে প্রবর্ত্তিত হয়। অতএব দেখা যাইতেছে, এই সম্প্রদারণ অপেকাক্ত আধুনিক। এই সম্প্রদায়ের সংশ্বত ভাষায় — প্রধান গ্রন্থের নাম "কালচক্র" ও তিববতীয় ভাষায়,—"Dons Kyi Khorlo" 1.

এই গ্রন্থে, সৃষ্টিতত্ত্ব, জ্যোতিষ, কাল-গণনা-বিন্তা, আলোচিত হইয়াছে। উহাতে কতকগুলি দেবতার বর্ণনা পাওয়া যায়। এমন কি, উংগর মধ্যে মহম্মণীয় ধর্মেরও কথা আছে। উহা পরাৎপর আদিবৃদ্ধ হইতে আবিভূতি বলিয়া জনসাধারণের মধ্যে প্রচলিত। Schlaginweit বলেন, যোগবাদ-সংক্রান্ত মুখ্য ক্রিয়াকর্ম ও মূলস্ত্রগুলির সহিত, সাইবিরীয়দিগের Shamanismএর আশ্চৰ্যা মিল আছে। ত। ছাড়া উহা অনেকটা হিন্দুদিগের তান্ত্রিক অমুঠানের অহ্রপ। যে ব্যক্তির দৃঢ় বিশ্বাস এই যে, এই ত্রিলোকের অন্তিত্ত কেবল আমাদের কল্ল-ায় বিভ্যান্ এবং এই বিশ্বাস-অনুসারে যে কাজ করে, সে এমন কতকগুলি, অলৌকিক শক্তি লাভ করে যাহা পুণা ও

সংযম-জনিত শক্তি হইতে, উৎকৃষ্ট এবং যাহার প্রভাবে দে ঈশ্বরের স্হিত যুক্ত হয় ." এই সম্প্রদায়ের মত ও বিশ্বাদের সংক্ষিপ্ত বিবরণ নিমে দেওয়া যাইতেছে:--দেব-পর্য্যায়ের চূড়াদেশে সেই পরমদেব আদিবুদ্ধের গিংহাসন অধিষ্ঠিত – বিনি অনাদি ও অনস্ত ; তাহার পর, পঞ্চ ধননীবৃদ্ধঃ—ইহারা দেব-শ্রেণীভূক। এই পঞ্চ ধ্যানী বৃদ্ধের অফুরপ পঞ্চ মাত্র্যী-বুদ্ধ। প্রত্যেক ধ্যানীবুদ্ধ স্বকীয় ধ্যান-বলে, এক একটি ধ্যানী-বোধিশ্বত্ব করেন,—ইহাঁদেরও দেব-প্রক্নতি। আবার গত্যেক মানুষী-বুদ্ধ তিন লোকে वाविज्ञ रहेशा शास्त्रन। याशा मनीराशका উন্নত সেই ধ্যাৰ-লোকে তিনি নাম-রূপ-বিবর্জিত; রূপ-লোকে তিনি ধ্যানী-বৃদ্ধ-রূপে প্রকাশ পান: এবং কাম-লোকে তিনি মানব-আকারে আবিভূত হন। এইরপ, প্রত্যেক মামুষী বুদ্ধের অনুরূপ এক-একজন ধ্যানী-বৃদ্ধ

ও এক-একজন বোধিস্বত্ব আছে। বর্ত্তমান যুগে, শাক্য-নিই মানুষী বৃদ্ধ (ইনি চতুর্থ মানুষী-

বৃদ্ধ ; তাঁহার ধ্যানী-বৃদ্ধ—অমিতাভ এবং তাঁহার ধ্যানী-বোধিসত্ব—অবলোকিতেখর বা

পলপাণি। এই সম্প্রদায়ের মতে, ধর্মসম্বন্ধীয়

কোন এক বিষয়ের উপর (জাগতিক ঘটনা

বা হত্ত্বে উপর নহে) একাগ্রচিত্তে ধ্যান

করিলে, মামুধ ক্তকগুলি অলোকিক

মানসিক শক্তি অর্জন করিতে পারে, এবং

তাহা হইতে সাধন আরম্ভ করিয়া ধানি

সমাধির চারি ধাপে উপনীত ত্রা: তাহার

ফলে, প্রথমেই তাহার ব্যক্তিয়ের জ্ঞান

বিলুপ্ত হয়।

কিন্তু এই স্কা সমাধির অবস্থায় উপনীত

হইতে হইলে, গোড়ায় কতকগুলি সাধন একান্তই আবেশুক; এবং যে প্রণালীতে একাগ্রচিত হওয়া যাইতে পারে "যোগাচর্গ্য" তাহার উপদেশ দেয়।

পরিশেষে, "ধারণী"নামক কতকগুলি অভিচার-মন্ত্র ও যোগসাধনমন্ত্রের আরতি দারা সাধক, বৃদ্ধ ও বোধিদত্বদিগের সাহায্য পাইবার অধিকারী হয়। এই অভিচার-মন্ত্র ও যোগসাধন-মন্ত্রের সহিত যে ব্যক্তি শীলধর্ম ও স্ক্র্ম ধ্যানসমাধি সংযুক্ত করিতে পারে, সে অলোকিক সিদ্ধি লাভ করে, তথন সে, —কি ধন, কি দীর্ঘ পরমায়ু, কি পর-চিত্তের উপর প্রভূত্ব এ সমস্ত ইচ্ছা করিলেই লাভ করিতে পারে। পরিশেষে, ভাহার আর পুনর্জন্ম হয় না—সে পরমদেবের সহিত গুক্ত হয়।

প্রেই দেখা ঘাইতেছে, এই সম্প্রদায়টি আধুনিক; কেননা, উহাদের মতে, মুক্তি তন্ত্রণান্ত্রের জ্ঞান-সাপেক্ষ। এই তন্ত্রশাস্ত্র, সমস্ত প্রাচাতত্ববেতাদিগেরই মতে, অক্ষংগ্রের প্রথম শতাকীগুলির মধ্যেই ভারতে আবিভূতি হয় এবং দশম শতাকীতে বৌদ্ধারের মধ্যে প্রবেশ লাভ করে। Schlagenweit বলেন, তন্ত্রশাস্ত্রের আধুনিকতা স্বন্ধে আর একটি প্রমাণ এই যে, চীন ভাষায় তান্ত্রিকগ্রন্থ অতি অল্পই পাওয়া যার্ম। তাহার কারণ, যে সপ্তম শতাকাতে বৌদ্ধ পরিব্রাজকগণ ভারতে আদিয়াছিলেন, তথ্যত তন্ত্রশাস্ত্র আবিভূতি হয় নাই। তবে, "ধারনী"নামক অন্তিচার-মন্ত্রগুলি সন্তব্তঃ অতি প্রাচীন কালের।

পূর্বোক দার্শনিক দ্বতি হইতে

আধুনিক কালে আরও যে সকল মতবাদ ক্রমশঃ উৎপন্ন হইয়াছে, থিয়দফি তাহারই উপর প্রতিষ্ঠিত।

থিয়**স**ফিস্ট**দি**গের এইবার গ্ৰন্থাবলী रहेट है विहात कतिया (नशा याक, वोक ধর্মের সহিত্র থিয়দফিষ্টদিগের :করূপ স্থান । কর্ণেল অল্কটের বৌদ্ধর্ম-সংক্রান্ত নিতান্ত অর্কাচীন ধরণের একটি প্রশোতরমালার উল্লেখ করিব মাত্র; প্রধান-পুরোহিত স্থমঙ্গলের অনুমাদিত হইলেও, এই প্রশোতরমালা নিতান্ত সরল নির্কোধ ব্যক্তিদিণের জন্মই রচিত হইয়াছে বলিয়া বোধ হয়। আদিম বৌদ্ধ স্ত্রগ্রন্থে উহার অনুস্কান করা রুখা চেষ্টা। থিয়দ্দিষ্টরা যে গ্রন্থকে তাঁহাদের ইমারতের স্থুদুঢ় ভিত্তি-প্রস্তর মনে করেন, আমি গ্রান্থের (সই উপর সমধিক কেবল নির্ভর করিয়া এই আলোচনায় প্রবৃত্ত হইব। ঐ গ্রন্থের নামণাত্রেই সমন্ত দিধা বিদুরিত হয় — সেই নামটি — Sinnet প্রণী বৌদ্ধর্ম " গুহা 1 গ্রন্থকার প্রথমেই Positivism" বলিয়া আরম্ভ করিয়াছেন যে, যে মতবাদটি তিনি আ্মানের নিকট অর্পণ করিতেছেন, তাহ। এরপ গুপ্তভাবে রক্ষিত হইয়াছিল যে ভারতের কোন গ্রন্থে বা পাণ্ডুলিপিতে তাহার চিহ্নাত্র খুঁজিয়া পাওয়া যায় না।

যদিও আমি এ স্থলে থিয়সফির সত্যতা
সম্বন্ধে বিচার করিতে আদে ইচ্ছা করি
না, তবে এইটুকুমাত্র আমি বলিতে চাই
যে, মিষ্টার সিনেট্ যাহা বলিয়াছেন তাহা
সমস্ত প্রাচীনকালের গুহ-মতবাদের

বিপরীত কথা। এ কথা সত্য, প্রাচীনকালের সমস্ত জাতিই দীর্ঘকাল ধরিয়া শ্রুতিপরম্পরায় ওহা-মতবাদকে রক্ষা করিয়াছিল, কিন্তু কিছুকাল পরে উহা লিপিবদ্ধও হইয়াছিল; এইরূপ পাওলিপি ও উৎকীর্ণ লিপি ইজিপ্স্থান, আসীরীয়-ব্যাবিলোনীয়, চীনীয়, হিন্দু, পারসিক, ইছদি—এই সকল জাতির মধ্যে প্রাপ্ত হওয়া যায়। আমি এ কথা স্বীকার করি, উহাদের মর্ম্মোদ্ ঘাটনের চাবিটি না পাইলে, ঐ সকল পাওলিপির অর্থ বোধগমা হওয়া কঠিন বা অসম্ভব; কিন্তু ঐ সকল পুঁথি যে আছে এবং তাহার মধ্যে কতকগুলি ওহা ধরণের মতবাদও যে আছে তাহাতে সন্দেহ নাই।

"গুছ-বৌদ্ধর্শের" গ্রন্থকার আমাদিগকে এই কথা জানাইয়াছেন যে,- তিনি তাঁহার গ্রন্থের নাম "ওহ্ন-বৌরধর্ম" যে দিয়াছেন কারণ,---যদিও এই গুহৃতস্তের উপদেশ বহুপ্রাচীন যুগ হইতেই আরম্ভ হইয়াছিল, এবং গৌতম বুদ্ধের আ বিভাবের বহুকাল পূর্বে প্রচারিত হইয়াছিল,—কিন্তু গৌতম বৃদ্ধ এই গুহুতন্ত্রের এতটা উন্নতি সাধন করিয়াছিলেন যে এই ওয়তন্ত্র তাঁহারই নিজ্য হইয়া পড়িয়াছে।" বস্তুতঃ ওগ্তস্তু অতীব প্রাচীন কালের এবং ইহাও কাহারও অবিদিত নাই যে, সেই প্রাচীন কালে, কেবল দীক্ষিত ব্যক্তিরাই প্রকৃত ধর্মমত জানিতে পারিত। অতএব মিষ্টার সিনেট আমাদের নিকট কিছুই নৃতন বলেন नारे এবং এই कथा डिंनि निष्क्रंटे श्रीकात করিয়াছেন। আর তিনি যে শাকামুনিকে এই গুছমতবাদের নবজীবনদাতা বলিয়া দাঁড় করাইয়াছেন, তাহার সঙ্গত কোন হেতু প্রদর্শন করা তাঁহার পক্ষে কঠিন। তিনি যাহা বলিয়াছেন তাহার মধ্যে কোন প্রকৃত যুক্তি নাই। তিনি বলেনঃ--- "তাঁহার গ্রন্থ-প্রক্তিপ্ত আলোকের সাহায্য
ভিন্ন, প্রকৃত সত্যাসুসন্ধায়ী সুধীগণ (মিষ্টার
সিনেট সেই সকল সুধীগণকে সাহসী ও
সামর্থ্য বান্ নামে অভিহিত করিয়াছেন এবং
কতকগুলি প্রসিদ্ধ ভাষাভিজ্ঞ পণ্ডিতের
নামোরেথ করিয়াছেন) ভারতীয় ধর্মগুলিরও
শব্দে কিছুই বুঝিতে পারিবেন না। এই
ঘোষণার পর,—সিনেট তাঁহার গ্রন্থের
ভূমিকায় যে আশক্ষা করিয়াছেন পাছে
লোকে তাঁহার কথা লঘুভাবে গ্রহণ করে,
সে আশকা অমূলক বলিয়া মনে হয় না।

म्लाहेरे (मर्थ) यारेटल्स, यानि भिः नित्नि বড় বড় য়ুরোপীয় প্রাচ্যতহবেতা ও প্রাচ্য দেশীয় বড় বড় দার্শনিকদিগের কথা অগ্রাহ করেন এবং এই কথা বলেন যে, ভাঁহার মতবাদগুলি কোন গ্রন্থে বা কোন পাণ্ড-লিপিতে পাওয়া ঝায় না, তাহা হইলে তর্কের মুখ এইখানেই 😻 আপনা হইতে বন্ধ হইয়া গেল। কিন্তু আমি ভাবিয়া পাই না, তিনি কিরপে থিয়সফির লক্ষণ নির্দেশ করিবেন। এই থিয়সফি কোন অলৌকিক ব্যাপারের অস্তিত্ব স্বীকার করে না এবং বৈজ্ঞানিক পরীক্ষাপদ্ধতিই উহার পত্তনভূমি।তথাপি, মিঃ সিনেট আমাদিগকে জানাইতেছেন যে. "এই বৈজ্ঞানিক দর্শন যাহা শিক্ষা দেয় তাহাই প্রকৃত মতবাদ, তাহাই বৌদ্ধর্মের ভিতরকার জিনিস"। আরও তিনি এই কথা বলেন যে, "গুছ ধর্মসংক্রান্ত যত সন্মিলনী আছে, তন্মধ্যে তিব্বতের দর্মপ্রধান, তাহার সহিত কাহারও তুলনা रम ना।" এবং সিংহলদ্বীপ "कश-বৌদ-ধর্মের দার। সম্পূর্ণরূপে পরিষক্ত"।

আমি এক্ষণে পাষ্টরপে স্থামাণ করিব যে সিনেটের প্রদত্ত মতবাদগুলি পূর্ব্বোক্ত তিব্বতীয়• ''যোগাচার্য্য'সম্প্রদায়ের মতবাদ হইতে নিঃসূত্র। (ক্রমশ)

শ্রীজ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।

দাময়িক-আলোচন।

ইস্লাম-মহামণ্ডল

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে যে আন্দোলন তুলিৱার চেষ্টা হইতেছে, তাহাতে এ সব বিষয়ের কোনও অমুভূতি আছে বলিয়া বোধ इम्र ना। फनडः এই আন্দোলনটাই অনেক পরিমাণে কেবল কলিকাতার গুটিকয়েক নেতৃগণের বিশেষ চেষ্টাতেই এথানে জাগিয়া बहिम्राट्ड। सकःयत्न, वित्भव छः भूति वत्न, বড়লাট বাহাডুরের অভিপ্রায়ের সঙ্গে লোক-নায়কগণের মোটামৃটি সহাত্মভৃতিই রহিষাছে বলিয়া বোধ হয়। ঢাকা, কুমিলা প্রভৃতি স্থানের নেতৃবৰ্গ, ঢাকায় একটা নুতন টিচিং ও রেসিডেন্শিয়েল ইউনিভারসিটী (Teaching and Residential University) যদি হয়. তাহাতে কোনো আপত্তি নাই, এ কথাই বঁলিয়াছেন। এই জন্ম কলিকাতায় সে দিন টাউনহলে যে সূভা হয়, প্রথমতঃ তাহার মন্তব্যের পাণ্ডলিপিতেও এই কথাই বলা হইয়াছিল। পরে ইহার পরিবর্ত্তন হইয়া, ঢাকায় কোনো প্রকারের বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হউক हेश जामरवह बाश्नीय नरह, এहे कथा वना হইয়াছে। সংবাদপত্ত্রে প্রকাশ যে কতিপয় মুসলমান সভাের অন্তরোধেই বিশেষ ভাবে এই পরিবর্ত্তন করা হইষাভিল। মুসলমানগণ কেন যে এ বিষয়ে এমন আপত্তি করিতেছেন. তার ভিতরকার কথাটা ধরিতে পারিলে, বোধ হয় হিন্দুনেতৃবর্গ এরূপভাবে তাঁহাদের মতের সমর্থন করিতেন না। **আর থার**। এটা ব্ঝিয়া এইরূপ অন্দোলনে আমাদের ভূনিয়া ও মুদলমান বন্ধুগণের পৃষ্টপোষক হইতেছেন, ভারা

य शान्-इम्लाभिक्षम् वा इम्लाम्महाम ७ ल প্রক্রতপক্ষে কি বস্তু, ইহা একটুকুও বুঝেন বলিয়া মনে হয় না। একদিকে জাপান, ष्यग्रिक এই हेम्लाम्मशामश्रल, (हीत्नव প্রকৃতির পরিচয় এখনো পাওয়া যায় নাই বলিয়া, তার কথা কিছু ঠিক করিয়া বলা যায় না)—এঁরা হ'-ই ভারতের জাতীয় জীবনের, রাষ্ট্রীয় একতার ও সাধারণ গৌকিক স্বত্ত-স্বাধীনতার সর্ব্বাপেক্ষা প্রধান শক্র। ভারতে হিন্দু ও মুসলমানের মধ্যে রাষ্ট্রীয় একতা প্রতিষ্ঠিত ও স্থদৃঢ় হউক ইহা কে না চায় ? এই একতা বাতীত ভারতে রাষ্ট্রীয় জীবনের অসাধ্য হউক বা না হউক, নিতান্তই যে হঃসাধ্য হইবে, ইহাও অস্বীকার করা অসম্ভব। এই একতার পথে কোনো ক্রমেই কোনো বাধাবিদ্ন স্থাপিত করা কর্ত্তব্য নছে। হিন্দু ও মুসলমান একযোগে মিলিত হইয়া স্ক্রবিধ বাষ্ট্রীয় ও দেশহিতকর কার্য্য कक्रन, ইহা मर्सनार आर्थनीय। किस शान-ইসলামিজম বলিয়া যে অভিনব বস্ত মুসলমান-ব্দগতের চিদাকাশে ভাসিয়া উঠিয়াছে, তাহা সর্ব্যতোভাবেই ভারতের জাতীয় স্বাধীনতা ও রাষ্ট্রীয় একতার বিষম শক্ত। সকল দেশের মুসলমানকে একচ্ছত্রাধীন করিয়া বিশ্বব্যাপী একটা অভিনৰ ইস্লাম-আধিপত্য প্রতিষ্ঠিত করিবার স্থবপ্রে প্যান্-ইস্লাম্ विट्डांत इहेगा चाहि। शान्-हेम्नाभिक्रम् কেবল একটা ধর্মের ব্যাপার নহে। ধর্ম বাস্তবিক ইহার একটা বাহ্য আবরণ মাত্র।

উহার মূল লক্ষ্য সংসার, প্রমার্থ নহে। চারিদিকে জগতের জাতিসকল এক অভিনৰ শক্তিসঞ্চাবে আতাপ্রতিষ্ঠার জন্ম চঞ্চল হইয়া উঠিয়াছে। যুরোপীয় জাতি সকল আশিয়ার ও আফ্রিকার উপরে আপন আপন রাষ্ট্রীয় অধিকার বিস্তার করিয়া বসিয়াছেন, এবং আপন আপন অধিকৃত রাষ্ট্রকা ও অন্ধিকৃত আইলাভের জন্ম তাঁহারা আপনাদিগের শক্তি-করিবার চেষ্টায় নিযুক্ত পুঞ্জকে সংহত হইয়াছেন। যুরোপীয় জাতি সকলের পরস্পরের প্রতি একটা বৈরভাব আচে বলিয়াই আশিয়ার ও আফ্রিকার ক্ষুদ্র ক্ষুদ্র রাষ্ট্রগুলি এখনো স্বাধীন ও স্বতন্ত্র হইয়া আছে। আর এই ক্দ্র ক্তু রাষ্ট্রগুলি সকলই ইস্লামের অস্তর্ভ । ইযুরোপে দার্ভিয়া ও মন্টিনিগ্রোর পূর্ব্ব সীমান্ত হইতে, আশিষায় চীনের পশ্চিম দীমান্ত পর্যান্ত, বৃহৎ ভূভাগ এবং দমগ্র উত্তর ও পূর্ব্ব আফ্রিকা মুসলমানেরই দেশ। বিস্তৃত মুদলমানভূমিকে যদি এক করিয়। তুলিতে পারা তবে আধুনিক याय. খুষীয় সমাজেরই জগতে মুসলমানসমাজ মত শক্তিশালী ও অভ্যাদয়সম্পন্ন হইয়া উঠিতে পারে। এখনো যে সকল ক্ষুদ্র কুদ্র মুসলমান-রাষ্ট্র আছে, তাহাদের স্বত্বাধীনতা রক্ষা করাও বহুলপরিমাণে এই একতা-সাধনের উপরেই নির্ভর করিবে। আর এইরূপে একটা বিশ্বব্যাপী মহম্মদীয় রাষ্ট্র-সভ্য গঠন ইতিহাসে আর একবার করিয়া জগতের ইদ্লামের আধিপত্য প্রতিষ্ঠিত করাই প্যান্-ইস্লামিক্সমের মূল উদ্দেশ্য। ভিন্ন ভিন্ন দেশের আধুনিক শিক্ষাপ্রাপ্ত মুসলমানগণ এই স্বংসীভাগ্যের স্বপ্নথারে মাতোমারা

হইয়া **উঠিতে**ছেন। ভারতের মুসলমান-নেতৃগণের সকলে না হউন অনেকেই, এই আশামদিরাপানে আঅহারা হইয়াছেন। এঁরা যে আপনাদিগের রাষ্ট্রীয় জীবনকে ভারতবর্ষের সাধারণ রাষ্ট্রীয় জীবন হইতে শ্বভুষ্ঠ করিয়া রাখিবার জন্য এত ব্যাকুল হইয়াছেন, যাহাতে ভারতের জনসাধারণের মধ্যে রাষ্ট্রীয় অধিকার বিস্তারিত ও রাষ্ট্রীয় শক্তি সঞ্চারিত না হয়, তার ज्ञ है होता त्य अकाल अमृत्रमणी हे श्त्रकत्राक-কর্মচারীর সঙ্গে মিলিত হইয়া, প্রাণপণে চেষ্টা করিতেছেন, ইহার পশ্চাতে এই অন্তত ও সাংঘাতিক মাদকতা রহিয়াছে। ভারতীয় মদলেম-লীগের প্রতিষ্ঠা যে এই অভিনব প্যান্-ইস্লামিজমেরই একটা তরক্ষভক্ষমাত্র, ইহা লাট **হার্ডিঞ্জ স্বস্পষ্টই** বুঝিয়াছেন। স্থার তিনি এটীও জানেন যে ভারতে এখন হিন্দু-মুসলমানের মধ্যে একটা ভেদ প্রতিষ্ঠিত করিয়া, প্রবল হিন্দুদিগকে তুর্বল ও তুর্বল মুদলমানদিপকে দবল করিয়া তুলিবার চেষ্টা করিলে, যে প্যান-ইস্লামিজম্, ব্রিটেন ও ভারত কারোই মিত্র নহে, যাহা ভারতে হিন্দুজাতির অভ্যুদয় ওব্রিটিশের বাধ্বীয় আধিপত্য, উভয়েরই সমান প্রতিবাদা, সেই প্যান্-ইস্লামিজমের গর্ভেই অশেষ শক্তিসঞ্চার করা ইহা বুঝিয়াই লাট হার্ডিঞ্জ ভারতে ব্রিটিশের বার্থ ও হিন্দুর শ্বত্র উভয়ই যাহাতে স্কর্বাক্ত হয়, তাহার বিধান করিবার জন্মই বঁসভঙ্গ রহিত করিয়াছেন। সেই শক্ষাের প্রতি দৃষ্টি রাথিয়াই তিনি ভারতের ভিন্ন জিন্ন প্রদেশে ক্রমে ক্রমেণ্প্রাদেশিক স্বাতন্ত্র্য বা প্রভিন্শিয়াল অটন্মি (Provincial Autonomy) প্রতিষ্ঠিত হইয়া, সমগ্র ভাষতকে বহুসংখ্যক

শাসনে বিভক্ত করিয়া, তাহাদের সমবায়ে একটা আত্মপ্রতিষ্ঠ শাসন-সঙ্ঘ বা যুক্তরাজ্য গড়িয়া উঠিবে এই আশার কথা প্রচার করিয়া স্থদেশপ্রেমিক দিগের আশাকে সঞ্জীবিত করিয়াই তাহাদের উদ্যুম ও উৎদাহকে সংযত করিবার চেষ্টা করিয়াছেন। সেই স্থদুর লক্ষ্যকে ধরিয়াই এই নৃতন ঢাকা-বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রস্থাবত উপস্থিত করিয়াছেন। বর্ত্তমান অবস্থা ও ভবিষাৎ গতি ও নিয়তি বারা লক্ষ্য করিতেছেন, স্বজাতির অভ্যাদয় ও সমগ্র মানবসমাজের শান্তিও উন্নতি হাঁহারা কামনা করেন, তাঁহাদের পক্ষে দর্বভোভাবে লাট হার্ডিঞ্জের এই দুরদর্শিনী নীতির সমর্থন কৰা কৰেবা।

প্যান-ইস্লামিজম্ যে ভাবে জগতের মুসলমান-সমাজের শক্তি-বৃদ্ধির ও একডা সাধনের জন্ম চেষ্টা করিতেছে, সে ভাবে ইদ্লামের অভ্যুখ্যান হউক, ইহা ইচ্ছা করি না বলিয়া, আমাদিগকে ইসলামধর্মের বা মুসলমান-সমাজের শক্ত মনে করিবেন না। আমরা স্বিস্থিঃকরণে ইসলামের হিত কামনা করি। ইস্লামের অধোগতিতে মানবসমাজের একটা অতি বৃহৎ ও শ্ৰেষ্ট অঙ্গ বিকল হইতেচে, ইহা আমরা সর্বতোভাবে স্বীকার করি। সম্প্রমানবম্প্রদীর হিতার্থেই আমরা ইস্লামের হিত কামনা করি। আর^{*} ভারতের স**লে** ইন্লামের যে একটা বিশেষ ও অতি ঘনিষ্ঠ শহন্ব ব্দিন ধরিয়া ধীরে ধীরে গড়িয়া উঠিয়াছে, ইহাও <mark>আমরা বিশ্বত হই নাই।</mark> ভারতীয় মুসলমানগণ ভারত-সমাজের অব। অবের উৎকর্বে অদীর উরতি অবশ্রস্তাবী। অঙ্গের অপকর্ষে অঙ্গীর অবনতি অপরিহার্য্য।

ম্বভরাং ভারত-সমাজের কল্যাণকল্পেই মুসলমানসম্প্রদায়ের ভারত্তের यथादयांत्रा অভ্যাদয় কামনা করিয়া থাকি। কিন্তু অঙ্গ যদি অঙ্গীর বিদ্রোহী হইয়া, তাহার সঙ্গে সর্ব্যপ্রকারের সমন্ধ চ্ছেদন করিয়া, শতন্ত্র ও স্প্রতিষ্ঠ হইতে চাহে, তাহাতে অঙ্গ ও অনী উভরেরই শক্তিক্ষয় হয়, এবং উভয়েরই আপন, আপন সফলভালাভের অশেষ অন্তরায় জনিয়া থাকে। ভারতের মুসলমানশপ্রদায় প্যান্-ইস্লামের মোহিনীমৃত্তি দেখিয়া আত্মবিশ্বস্ত হইয়া ভাহার পশ্চাৎ ধাবিত হইতে থাকেন, তাহাতে যেমন তাঁহাদের নিজের তেমনি ভারতবর্ষের, ভেমনি সমগ্র মানবমগুলীর অশেষ অকল্যাণের স্ত্রপাত হইবে, ইহা প্রতাক্ষ করিয়াই, আমরা এই আত্মঘাতী ও স্বদেশদোহী প্রয়াসের প্রতিরোধ করা কর্তবা মনে করি। ভারতের আধুনিক শিক্ষাপ্রাপ্ত মুসলমানগণ যে সকল কেতে হিন্দুনেত্রর্গের সহিত মিলিত হইয়া, প্রকাঞ্চেও একযোগে ব্রিটিশ রাজকর্মচারিপণের নীভির বা কার্যোর প্রতিবাদ করিতে যাইয়া, প্রকৃতপকে, ভিতরে ভিতরে এই প্যান্-ইস্লামিজমেরই শক্তিস্ঞার করিতে চেষ্টা করিবেন, সে সকল ক্ষেত্রে আমাদিগকে সচকিত স্বাতস্ত্রা অবলম্বন করিতেই **इहेरव। এই क**य वरनत, मिर्ग्हा मरहानरम्ब শাসনকালে, ভারতে প্যান্-ইস্লামের প্রচারকগণ ইংরেজরাজপুরুষগণকে ধরিয়া আপনাদের কার্যোদ্ধার করিতেছিলেন। লাট হাডিঞ্জের বিচক্ষণ বৃদ্ধি সে পথ বোধ করিয়াছে। এখন তাঁহারা দেশের হিন্দুনেতৃগণকে ধরিয়া সেই কাঞ্চ বান্ধাইবার চেষ্টা করিতেছেন। আমা**দের** বোঝা উচিত।

লাট হাডিঞ্জের শাসন-নীতি

হাডিঞ্লের এই নৃতন শাসন-নীতির নিগৃতু মূর্ম দেশের লোকে এখনো ভাল করিয়া সদয়সম করিতে পারিয়াছেন বলিয়া বোধ হয় না। এটা বুঝিলে তাঁরা অযথা বড়লাট আন্দোলন করিয়া, এ সময়ে বাঁহাতুরকে অকারণ বিব্রত করিতে যাইতেন না। অপর বিষয়ে যেমন লোকের একটা অভাগে দাঁডাইয়া গেলে, তাহার প্রয়োজন না থাকিলেও, তাহাকে পরিত্যাগ করা কঠিন ২ম, এক্ষেত্রে আমাদের নেতৃবর্গের ভাহহি হইয়াছে বলিয়া মনে হয়। মান্ত্রের সকল অন্ত্যাসই আদিতে কোনো প্রয়োজনসাধনের জন্ম জানমা থাকে। কিন্তু পরে, সে প্রয়োজন অতীত হইলেও, অভ্যাসটী চলিয়া যায় না। রাষ্ট্রীয় আন্দোলন এইরপ প্রয়োজনকে আভায় করিয়াই প্রথমে জন্মিছেল। গ্রন্মেণ্টের কার্য্যাকার্য্যের সমালোচনা করিবার জন্মই এই व्यक्तिनात्र अना ३ग्र। (म काल शवर्गामक সর্ব্ববিষয়ে লোকমভকে উপেক্ষা করিয়া চলিতেন বলিয়া, এই সমালোচনা প্রায়শঃই প্রতিবাদে ও নিলাবাদে পরিণত ইইয়াছিল। একদল লোক রাষ্ট্রীয় আন্দোলন বলিভেই গ্ৰৰ্ণমেণ্টের প্ৰভিবাদ বৃক্তিভেন। এখনে; অনেকের এ ধারণা নষ্ট হয় নাই। আর এক্কপ আন্দোলন করিতে করিতে একদল লোকের এমনি একটা অভ্যাস দাড়াইয়া গিয়াছে যে, তাঁরা এখন কোনো না কোনো অজ্হাতে গ্রুণিমেণ্টের কার্যা:-কাৰ্য্যের একটা না একটা প্রতিবাদের স্করগোল না তুলিলে দিনটা বৃথায় গেল এমনি যেন

মনে করেন। কিছুদিন পূর্বের্ব, নানা কারণে দেশে রাষ্ট্রীয় আন্দোলনের গোল প্রায় থামিয়াই গিয়াছিল। আন্দোলনই যাঁমাদের কর্মনীলতার প্রাণ, তাঁরা এ জন্ম কতকটা বিপন্ন হইয়া পড়িয়াছিলেন। লাট মিন্টোর প্রচণ্ড শাসনাধীনে উচ্চবাচ্য করা বড় নিরাপদ ছিল না; স্থতরাং সে সময়ে প্রতিবাদের বেগটা একেবারেই নম্ভ হইয়া গিয়াছিল। লাট হার্ডিঞ্জ লাট মিন্টোর সে অদ্রদর্শিনীনীতি এক-রূপ বর্জনই করিয়াছেন। শাসনের কঠোরতা তেমন আর নাই। এই কারণে আবার সেই পুরাতন অভ্যাসটা জাগিয়া উঠিয়াছে।

দেশের কল্যাণের জন্ম, ন্তন লাটের এই
ন্তন নীতির মর্মা বৃকিয়া, যথাযোগ্যভাষে
তার সমর্থন করাই যে এখনকারপ্রধান কর্ত্তবা,
এ দিকে এখনো অনেকেরই দৃষ্টি পড়ে নাই।
আর তারই জন্ম ঢাকা বিশ্ববিদ্যালয় সম্বন্ধ,
দিল্লিতে রাজ্ধানী তুলিয়া নেওয়া উপলক্ষে,
বেহারে নৃতন শাসনপ্রতিষ্ঠার জন্ম, উজ্বা
বাংলা হইতে পৃথক হইতেছে বলিয়া, এইরূপে
নানা দিক্ দিয়া লাট হার্ডিঞ্জের কার্য ও
অভিপ্রায়ের এত প্রতিবাদ হইতেছে।

লাট হাডিঞ্জ যে সকল কাজই ঠিক আমাদের মনোমত করিবেন বা করিতে পারিবেন, এমন কল্পনা কল্পা যুক্তিসঙ্গত নহে। কোনো ঠেক্ছই এমন ভাবে অপর কাহাঝে মন ক্ষোগাইয়া আপনার কর্ত্তব্য সাধন করিটে গারেন না। এক্জন শাসনক্ষার পক্ষে ইং

একান্তই অসাধ্য। পাঁট হার্ডিঞ্চ একটা বিরাট ও জটিল শাসন্যন্ত্রের শীষ্ স্থানে, তাহার পরি-চালকরপে, প্রতিষ্ঠিত হইয়াছেন। সর্বজই _য্ত্ৰী য**ন্ত অংপেক্ষা বড়, সন্দেহ** নাই। কিন্তু তিনি য**ী ব**ড় হউন না কেন, কোনো যন্ত্রচালনাম তাঁহাকে বহুলপ্রিমাণে সেই ষ্ত্রের অধীন হইয়াও চলিতেই হয়। যন্ত্ৰী কথনো একাস্কভাবে আপনার যন্ত্রকে উপেক্ষা করিয়া কার্য্যোদ্ধার করিতে পারেন না। লাট্সাহেব ্ৰেনীতিই প্ৰবৰ্ত্তিত কক্ষন না কেন, কাৰ্য্যতঃ দে নীতি অমুষায়ী শাসনকার্য্য পরিচালনার ভার তাঁর নিজের হাতে নাই। অধীনস্থ কর্মচাবিগণের হাতে এ ভার সর্বদা ন্যস্ত থাকিবেই থাকিবে। স্কুতরাং এ সকল প্রাচীন ু পদস্থ রাজকর্মচারীর ভাবস্বভাব, মতামত, ক্চিও অভ্যাসকে একেবারে অগ্রাহ্য করিয়া শাসন পরিচালন সম্ভব হয় না। মারুষের স্বাধীন ইচ্ছা যেমন তার পূর্বকৃত ক্মাধীন হইয়া আছে, এ ক্ষ্ফলকে অগ্রাহ্ করিয়া সে ইচ্ছা কিছুতেই আপনার সফলতা লভ করিতে পারে না,—রাষ্ট্রের নীতিও সেইক্লপ রাষ্ট্রের পূর্বাকত কর্মাবন্ধনকে উল্লন্ড্যন ক্রিয়া একেবারে আপনার সফলতা অনেষণ ব। শাভ ক্রিতে সমর্থ হয় না। ইতর্জনের গ্রায়বাইপতিকেও আপনার কশাধীন হইয়া বাধ করিতে হয়। ইতরজনের কণ্মতার স্কৃত বা ভার পরিবার বা সমাজকুত। রাষ্ট্রপতি যে বিশাল ও জটিল কম্মজালে আবদ্ধ হন তাহা কেবল তাঁহার স্বব্ধত বা পরিবারক্বত নহে। সমগ্রবাষ্ট্রের সমুদায় পুরাতন ও অধুনাত্বত কশ্মজালে তাঁহাকে চারিদিক হইতে খাবদ্ধ করিয়া রাথে। এই জন্ম রাষ্ট্রপতির সিলিছ্ছাভেই সর্কাদা রাষ্ট্রের কল্যাণ সাধিত হয় না। এই সকল বিচার-আলোচনা করিয়া দেখিলে, লাট হার্ডিঞ্জ আমাদের হাতে চাঁদ ধরিয়া দিলেন না বলিয়া, অধীর বা অসম্ভই হইবার যে কোনই কারণ নাই, ইহা সহজেই বোঝা ঘাইবে।

অনেকে প্রশ্ন করিতেছেন—"লাট্সাহেব কি আমাদের ভালোর জন্ম ব্যস্ত হইয়া এ সকল করিতেছেন ? ভিতরে ভিতরে তাঁর কি অন্ত অভিপ্রায় নাই ?" আমার নিকট এ প্রশ্নটাই একাঠ্য অনাবশ্যক ও অপ্রাসন্থিক বলিয়া মনে হয়: পাত্রিজনস্থলভ বিশ্বমানবী-প্রেম লাট হার্ডিঞ্জের আছে কি না, জানি না। আর থাক্ বা না থাক্ সে বিষয়ে এ ক্ষেত্রে আমাদের মাথা ঘামানো নিতান্তই নির্থক । ভাল পাতিই ধে ভাল শাসনকন্তা হইবেন এমনো তো কোনো কথা নাই। ফলছঃ রাষ্ট্রীয় ব্যাপারে বিমানবিহারী বিশ্বমানগী-প্রেমের আতিশ্যা কৃতিত্ব-লাভের সহায় না হইয়া প্রায়শঃই অতি গুরুতর অন্তরায় হ**ই**য়া উঠে। রাষ্ট্র-নীতিকের প্রাণে যদি কোনো বিশ্বকল্যাণকর আদর্শের প্রেরণা থাকে, ভালই। কিন্তু তাঁহার বৃদ্ধির অনাগতকে প্রত্যক্ষ করিবার শক্তি ও সেই অনাগতের ভবিষ্য**ং মন্দ**টুকুকে প্রতিহত ক্রিয়া তার ভালটুকুকে প্রবৃদ্ধ ও প্রবৃদ্ধ ক্রিবার কর্মাকুশলতাথাকা একাস্তই আবশ্যক। বিশ্বমানবী-প্রেম না থাকিলেও কেহ্ শ্রেষ্ঠতম বাষ্ট্রনীতিবিশারদ হইতে পারেন। দ্রদর্শনের ক্ষমতা ও অনাগত বিপল্লিবারণের কুশলতা না থাকিলে, রাষ্ট্রনীতির আলোচনা বা রাষ্ট্রীয় কার্য্যপরিচালনভার গ্রহণ করা

তাঁর পক্ষে বিজয়নার ও রাষ্ট্রের পক্ষে অশেষ অকল্যাণের কারণ হইবেই হইবে। "লাটসাহেব কি কেবল আমাদের ভালোর জন্ত ব্যস্ত হইয়া, এ সকল কাজ করিতেছেন ?"— এ কথা যাঁরা জিজ্ঞাসা করেন, তাঁদের যে রাষ্ট্রনীতির ক, খ, জ্ঞানও হইয়াছে, এমন বোধ হয় না।

আর এই "আমাদেরি ভালোর" অর্থই বা কি ? "তাঁর অন্য অভিপ্রায় আছে কি না ?"— এই প্রশ্নে এই "অক্ত অভিপ্রায়" বলিতেই বা কি বোঝায় ? কেবল "আমাদেরি ভালোঁ" করিবার জন্ম ব্যস্ত হইলে, রাষ্ট্রীয় ব্যাপারে এখন যাঁহাদের সঙ্গে আমাদের ঘনিষ্ঠ সম্বন্ধ ও অনেকটা প্রতিযোগিতা আছে, লাট হার্ডিঞ্জ বে ভারাদের ভালোর প্রতি উদাসীন বা তাঁদের ভালোর প্রতিবাদী, ইহাই বোঝাইত। সে অবস্থায়, আমাদের হিতার্থী হইতে মাইয়া, লাট হার্ডিঞ্জকে দেশদ্রেহী, রাজদ্রোহী ও ধর্মদোহী হইতে হইত। তিনি "আমাদেরি জন্য এই ভালো" করিবার নিযুক্ত হন নাই। ব্রিটিশসাম্রাজ্যের প্রতিনিধি হইয়া, দেই ুসাদ্রাজ্যের স্বস্থার্থ-রঞ্চার জন্মই তিনি ভারতেঁর শাসনকর্ত্পদে বৃত হইয়াছেন। এ মোটা কথাটা ভুলিলে চলিবে কেন? লাট হার্ডিঞ্জ 'আমাদেরি ভালো'র জন্ম এ দেশে আদেন নাই। আজি প্যান্ত কোনো লাট-বেশাট এ ভাবে ভারতশাসনভার গ্রহণ করেন নাই। কোনো জমিদারীর নায়েব যদি জমিদারের স্বার্থ নাশ করিয়া প্রজার স্বার্থ রকা করিতে নিযুক্ত হয়, সে লোক মতই কেন সহদয় ও সদাশয় হটক না, কর্মচারীরপে বে নিমক্হারাম ও
অবিশাদী, তার কি আর দন্দেহ আছে?
সেইরপ কোনো ব্রিটিশ-শাসন-কর্তার পক্ষে
কেবল "আমাদেরি ভালোর" জন্ম বাস্ত
হয়া রাজকার্য্য পরিচালনা করিবান চেষ্টা
করা যে একান্তই নিমক্হারামি হইবে, এ কথা
অন্বীকার করা যায় কি ? লাট হার্ডিঞ্জ এইরপ নিমক্হারাম হইবেন ইহা কল্পনাও করা যায়
না। ফলত: তিনি কেবল "আমাদেরি
ভালোর" জন্ম আতান্তিক আতাহ্বশতঃ এই
ন্তন শাসননীতি প্রবর্তিত করিয়াছেন, এমন
কথা বলি না বলিলে সে কথা তাঁর প্রশংসার
কথা না হইরা বরং নিন্দারই কথা হইত।

ব্রিটিশ-ভারতের শাসন্মীতি কদাপি ব্রিটশজাতির ও ব্রিটিশসামাজ্যের ভাল-মন্দের দিকে না চাহিয়া, কেবল আমাদেরি ভালোর জন্ম নিতাস্ত ব্যগ্র হইয়া উঠিতেই পারে না। যে দকল ইংরেজরাষ্ট্রনীতিক আজি প্রয়ান্ত আমাদের কল্যাণ অন্তুসরণ করিয়া চলিতে চাহিয়াছেন, কারাও ব্রিটশজাতির বা ব্রিটিশ সাম্রাজ্যের কল্যাণের প্রতি কদাপি উদাসীন হন নাই। তারা ঞেবল এইটা বুকিয়াছিলেন যে, ভারতের কোনো প্রকারের সত্যিকার অমঙ্গল-চেষ্টা করিয়া, ব্রি**টিশ**জাতির ও ব্রিটিশসাম্রাজ্যের * চিরস্তন কল্যাণ্সাধন সভব নতে। ক্ষুত্র**দি লোকে এ জগতে ভিন্ন** ভিন্ন ব্যক্তির বা সম্প্রদায়ের আপাত-বিরোধটাই দেখে, আর এই বিরোধকেঁই বিশ্ববিবর্তনের নিতা ধর্ম মনে করিয়া, একের স্বার্থকে অন্সের সার্থের বিৰুদ্ধে প্রতিষ্ঠিত করিবার চেষ্টা করে। কিন্তু পরিণামে এ চেষ্টা সর্ব্বথাই বিফল হট্যা

মর্শ্মস্থলে সকল বিরোধের মায়। বিশের নিষ্পত্তি, সকল প্রতিদ্বন্দিতার 🖏 মঞ্জদা, সকল সংগ্রামের শেষ-সন্ধি-স্থাপনের একটা বিধান ও ব্যবস্থা বৃহিয়াছে। যতক্ষণ না কোনো ব্যক্তি বা কোনে জাতি মিলনের সেই নিত্য ভূমিকে প্রাপ্ত হইয়াছে, ততক্ষণ তাদের বিরোধ ও সংগ্রামের ক্ষণিক বিরাম হইতে পারে, কিন্তু 5ড়ান্ত শীমাংদা হইতে পারে না। এই মিলনের ভুমিটী অবেষণ ও আবিষ্কার করাই সকল गोजित लक्षा। धर्मभौजि धर्म धर्म विरक्षध-নিপত্তির জন্ম সজ্ঞানে অজ্ঞানে এই মিলন-ভূমিচীকেই খুঁজিতেছে। বিশ্বধর্ষের বিবর্তন-ইতিহাস এই অৱেষণেরই বিবরণ মাত্র। স্মান্ত্রনীতি, স্মান্ত্রের ভিতরকার ভিন্ন ভিন্ন নাজির, ভিন্ন ভিন্ন পরিবারের, ভিন্ন ভিন্ন গোর্মির, ভিন্ন ভিন্ন শ্রেণীর ও সম্প্রদায়ের বহম্বার্থের বিরোধ মিটাইবার চেষ্টায়, সতত এই <mark>ভূমিটীরই অৱেষণ করিতেছে।</mark> রাষ্ট্র-নাতিও রাষ্ট্রে রাষ্ট্রে যে বিষম বিরোধ জাগিয়া খাছে, ভাহার মীমাংসার নিমিত্ত সভত এই মিলনভূমিকেই আশ্রয় করিবার জন্ম লালায়িত। भवनीिं , नमाझनीिं , तांश्वनीिं এ नकत्वत्रहे উংকর্ম ও সফলতালাত, এই মিলন্ড্রমি প্রাপ্তির ^{উপরে} নির্ভর করে। তিনিই শ্রেষ্ঠতম ধর্ম-নীতিবিদ্ যিনি ধর্ম্মে ধর্মে যে আপাত-বিরোধ. ^{দ্বগত}কে বিছিন্ন করিয়া রাখিয়াছে,তাহার প্রকৃষ্টতম নিপাত্তি করিতে পারেন। তিনিই শ্রেষ্ঠ-ত্য সমাজনীতিবিদ্ যাঁৱ শিক্ষাদীক্ষাতে সমাজেৱ শাপাতবিৰোধ উত্তরোত্তর নষ্ট হইতে থাকে। ^{আর} রাষ্ট্রনীতিক্ষেত্রে তারই অসাধারণ পার-দর্শিতা প্রমাণিত হয়, যিনি রাষ্ট্রে রাষ্ট্রে যে শাপাত-বিরোধ বাধিয়া উঠে, তার সম্যক মীমাংসা করিবাব পথ প্রদর্শন কবিতে পাবেন। ভাবতের স্বার্থেরসঙ্গে ব্রিটেনের স্বার্থেব আপাত-বিরোণ বহিয়াছে সভা। কুদ্রবৃদ্ধি ইংরেজ ও ক্ষুবুদ্ধি ভাবতবাদী উভয়ে কেবল এই विद्यांभवीदक्षे नक्षा क्रिया हत्ना। তাহাবা একে অন্তোব মঙ্গলকে প্রতিহত করিয়া, আপনাদের কল্যাণ দাবন করিবাব कन्नमा करनम। लाउँ शिष्टिश्व मृतनिर्मिनो বাপ্রনাতি এ ক্ষুতাকে অতিজন করিয়াছে বলিব। মনে হয়। কাৰণ ভাৰত ও ব্রিটেনের মধ্যে একটা আপাত্রিরোর বহিষ্ঠাছে, এ কথা যেমন সত্য, তেমনি এই বিবোধ নিস্পত্তিব ও একটা উচ্চত্তব ও প্রশন্ত-তর ভূমি আছে, তাহাও তেমনি সত্য। লাট হার্ডিখ এ কথা বুঝিয়াছেন। লাট কর্জ্জন ব লাট মিন্টো এটা বুঝেন নাই, তাই তাঁবা এক পথ ববিষ, চলিয়াছিলেন। লাট হাডিঞ্জ এটা বুনিয়াছেন বলিয়া, অক্সপথ ধবিয়াছেন।

লাট হাডিঞ্জ ক্রী ভাল করিবাই ব্থিষাছেন যে ব্রিটেনকে বড করিষা বাথিতে হইলে, ভারতকে ভোট কবিলে চলিবে না। এক দিন ছিল যথন ভাবতকে ব্রিটিশসামাজ্যেব ভাববাহী ভূত্য করিয়া রাখা সম্ভব বলিয়া মনে হইত। সেদিন আর নাই। ভারতেব আত্মজ্ঞান ফুটিয়াছে। ব্রিটিশ-শাসনফলেই ভাবত ক্রমে আপনাকে চিনিয়া উঠিতে পাবিতেছে। কিছুকাল হইতে দেশে যে অশান্তি জাগিয়া উঠিয়াছে, তাহাব পশ্চাতে এই নবপ্রবৃদ্ধ জাতীয় চৈতত্য ম্পন্দিত হইতেছে। এথন আর ভাবতকে ব্রিটিশ-সামাজ্যের ভারবাহী ভূত্য কবিয়া রাখা সম্ভব নয়। ত্ব চাবি দশ

বংসর সম্ভব হইলেও চিবদিন কদাপি সম্ভব হইবে না। স্থতরাং এখন হইতেই অল্লে অল্পে ভারতের এই নবপ্রবৃদ্ধ জাতীয় চৈতন্যের সঙ্গে ব্রিটশ-প্রভশক্তির সন্ধি ও স্থা সাধন করিয়া, আতারক্ষা করা আবশ্যক হইয়াছে। ব্রিটেন যুরোপের শক্তিপুঞ্জের মধ্যে আজ যে শ্রেষ্ঠ আসন অধিকার কবিয়া ভারতের সঙ্গে তার রাষ্ট্রীয় সম্বন্ধ যদি কোনো কারণে ছিন্ন ২ইয়া যায়, কিছুতেই আব সে পদ ও সে মুর্যাদা, সে প্রতাপ ও প্রভুত্ব থাকিবে না * ভারতের সঙ্গে ব্রিটেনের সম্বন্ধ ছিল্ল ছইলে ব্রিটিশ সামাজ্যের সামাজ্যত্ব একে-বারেই লোপ পাইবে। যে কোনো প্রকারে হউক এই সম্বন্ধটী রক্ষা করা, থ্রিটেনের খার্থেব দিক্ দিয়া দেখিলেও, ব্রিটশরাষ্ট্রনীতির মুললক্ষ্য হওয়া বিধেয়। আর এই মুললক্ষ্যের প্রতি দৃষ্টি রাখিয়াই ভারতের ত্রিটিশ প্রভূশক্তির পক্ষে দেশের নবপ্রবৃদ্ধ জাতীয় চৈতন্যের সঙ্গে যথাসাধ্য দথা স্থাপন করা হ্ইয়াছে। লাট হার্ডিঞ্বে শাসন-নীতির ইহাই মূল-স্ত্র।

আর যে কারণে আমাদের এই নবপ্রবন্ধ জাতীয়-হৈততেয়ের দক্ষে মুখানাধ্য দথ্য বক্ষা করিয়া চলা ব্রিটিশপ্রভূশার্কর আত্মপ্রয়োজনেই আজ কর্ত্তব্য হটমা উঠিয়াছে. ঠিক সেই কারণেই ভারতের কল্যাণ-কামনা যাঁহার৷ করেন, তাঁহাদিগের পক্ষেত আত্মপ্রয়োজনেই ব্রিটেনের সঙ্গে বিচ্ছিন্ন না হইয়া, আপনাদের জাতীয় জীবনের যথাসঙ্গত সফলতা অনেষণ বিধেয়। **সভাজগতের** বর্নমান অবস্থায় ভারতের সঙ্গে দর্ববিধ রাষ্ট্রীয় সম্বন্ধ নষ্ট হইয়া গেলে, ব্রিটেনের যেমন আপনার মৰ্যাদা রকা করা হইবে, সেইরূপ এই সম্বন্ধ একেবাবে ভাঙ্গিয়া দিলে ভারতের পক্ষে আত্মরক্ষা ও আত্ম-প্রতিষ্ঠা কর। সাধ্যায়ত্ত হইবে না। আর কেন যে আমরা আয়ুরক্ষা ও আত্মপ্রতিষ্ঠা

করিতে পারিব না, তার কারণ প্রধানত: ত্ইটী,---এ🐃 চীনের পুনকখান, প্যান-ইস্লামিজমের অভ্যুদর। এ জগতে কেৰল এক চীনই ভারতের প্রকৃতিপুঞ্জকে কায়িকশক্তির শুদা দ্বারা অভিভূত করিয়া রাখিতে পাৰ্শ্ধ। 'হা ব ভারতের পাঁচকোটী মুসলমান প্যান্-ইস্লান্যে ट्याहिनौ भाषाय मुक्त इहेब्रा यकि व्यानिवात १ আফ্রিকার সৈকভবালুকানম বিরাট মুসলমান সমাজের সঙ্গে একাদ হইয়া উঠিতে পারে ভারতের স্বাজ-প্রতিষ্টারই চিরদিনের আকাশকুত্বমবং শুনে ঙ্গগ্য মিলাইয়া যাইবে। চীনের নবজাগরণ গ প্रान-हेम्लारमत अञ्चाहम, এই छूटेंगी रमभन ব্রিটেনের তেমনি ভারতের ভবিষ্যংকে ভীতিগ্রস্ত করিয়া তুলিয়াছে। ভারতের 🕫 ব্রিটেনের পরস্পরের বাষ্ট্রীয় স্বত্ত্বার্থের মধ্যে একটা উচ্চতর মিলন ও সামঞ্জদা সাধিত না হইলে, এই ছুই শক্তির হস্তে উভয়েরই ভবিষাং আশাভরসা একবারে নির্মাল হইয়া যাইতে পারে। লাট হার্ডিঞ্জ এটা দেখিয়াছেন ৪ আর এই দূরদৃষ্টির উপরেই বুঝিয়াছেন। তার ভারত-শাসন-নীতি প্রতিষ্ঠিত হইয়াছে। তিনি মদেশের ও স্বজাতির অকল্যাণ করিয়া আমাদের ভাল করিবার চেষ্টা করিতেছেন, ইয় সত্য নহে। তিনি আমাদের অকল্যাণ করিয়া স্বদেশের ও স্বন্ধাতির স্বার্থান্বেবণ করিতেছেন, ইহাও সভ্য নহে। সভ্য কথাটা এই (१ তিনি এমন এক ভূমিতে যাইয়া দাঁড়াইয়াছেন যেখানে ব্রিটেনের কল্যাণ কামনাতেই তাঁহাকে ভারতের আ্ত্রুচৈতক্তের সফলতালাভের প্র প্রমৃক্ত করিয়া দিতে হইতেছে, আর ভারতের कन्गानकल्लाहे अपन्ता विविधान अवसार्थिक যথাসঙ্গতভাবে রক্ষা করা আবশ্যক হইয়াছে। আর এই সমাকৃদৃষ্টির উপরে তাঁর ভারতশাসন নীতি প্রতিষ্ঠিত বলিয়াই, ইহাকে আমাদের^৪ সর্বতোভাবেই আলিঙ্গন করা কর্ত্তব্য।

ভারতশিশের মূলসূত্র

ভারত-শিল্পের মূলস্ত্র কোথায়;—ভারত-বর্ষের বাহিরে না অভ্যন্ত থ অনেকে इंशत वाविकात-मांत्रतत ८ हो त नापुछ श्रेग्राक्ति। हेश्राक **ሟ**ምምሳ विवाह করিতে অভার্থনা হইবে। কারণ, মানব-ऋদয়ের অনির্নচনীয় ভাব-সম্পৎ যে ভাবে শিল্পের ভিতর দিয়া আত্র-প্রকাশের চেষ্টা করে, তাহার পরিচয়-লাভের জন্ম আথোজন না করিলে, মানব-সমাজের পূর্ণাঙ্গ ইতিহাগ সন্ধলিত হইতে পারে না। তামপট-লিপি, শিলাপট-লিপি এবং লুপ্তাবশিষ্ট পুরাতন গ্রন্থ পুরাকালের নান। বিবরণের সন্ধান প্রদান করিতে পারে। তজ্ঞ তাহার আলোচনা ইতিহাস-*(नथक*गर्शत निकृष्ठे मुगानत ना छ कतियार्छ । পুরাকালের শিল্পনিদর্শনগুলিও সেইরুপ সমাদর লাভের যোগ্য; তাহার মধ্যেও প্রাকালের নানা বিবরণের সন্ধান-লাভের সম্ভাবনা আছে।

ভারত-শিল্প আদে শিল্পকলার নিদর্শন বলিয়া কথিত হইতে পারে কি না, এক সময়ে পাশ্চাতা পণ্ডিতসমাজে তদিষয়েই বিলক্ষণ সংশয় মৃথরিত হইয়া উঠিয়াছিল। একথানি গ্রন্থে দেখিতে পাওয়া য়য়য়,— "ভারত-ভাস্কর্যোর বিস্তৃত সমালোচনা লিপিবদ্ধ করিবার প্রেলোভন নাই। কারণ, শিল্পের ইতিহাস সন্ধান করিবার সময়ে, ভাহা হইতে সাহায্যলাভের আশা করা যাইতে পারে না। ভাহা নিতান্ত নিয়শোণীর কারকার্য্যমাত্র ;—তাহাকে শিল্পকলা বলিয়া সমাদ্র করা যায় না।"*

বলা বাহুল্য, এই সিদ্ধান্ত পাশ্চাত্য সভ্য-প্রাফে চর্ম শিদ্ধান্ত বালয়া প্রতিষ্ঠা লাভ করিতে পারে নাই। যাঁহারা গুণী, এবং গুণজ্ঞ, তাঁহাদিগের বিচারে, ভারত-শিল্প বিভিন্ন যুগের বিভিন্ন দেশের "শিল্পকলার" মধ্যে আসন প্রাপ্ত হইয়াছে। এখন, ভারতশিলের উল্লেখ না করিলে শিলের ইতিহাস সঙ্গলন করিবার উপায় নাই। কারণ, সমগ্র প্রাচ্য শিল্পেই ভারতশিল্পের প্রভাব আবিষ্কৃত হইয়া পড়িয়াছে; প্রতীচ্য-শিল্পের উপরও গৌণভাবে সে কিয়ৎপরিমাণে ব্যাপ্ত হইয়া থাকিবে। তথাপি, ভারত-শিল্পের প্রকৃত প্রকৃতি-বিচারে এখনও তর্কবিতর্ক নিরস্ত হয় নাই, এখনও নানা মুনির নানা মতের প্রবল মুর্ণাবর্ত্তে পতিত হুইয়া, ভারত-শিল্প নানারণে বিপর্যান্ত হইতেছে।

অনেকের বিশ্বাস;—ভারতশিল্প পরাস্ত্র-করণ-লব্ধ। গাঁহারা সম্পূর্ণরূপে পরাস্ত্রকরণ-লব্ধ বলিতে অধন্মত, তাঁহাদিগের বিশ্বাস,

* There is no temptation to dwell at length on the Sculpture of Hindustan. It affords no assistance in tracing the history of art, and its debased quality deprives it of all interest as a phase of Fine Art.—Westmacott's Handbook of Sculpture, p. 51.

—ভারতশিল্পে পরামুকরণ-সম্পর্কের অভাব যাঁচারা তাহার অসন্দিগ্ন ছিল না। প্রমাণ উপস্থিত করিতে অসমর্থ, তাঁহাদিগের বিশাস, – ভারতব্যীয়গণ প্রতিতাবলে প্রাকুকরণকে ভারত্বধীয় ছাঁচে ঢালাই করিয়া লইয়াছে বলিয়া তাহা রূপান্তরিত হইয়া গিয়াছে। * এই সকল কারণে, ভারত শিল্পের মূলস্ত্তের সন্ধান লাভের জন্য ভারতবর্ষের বাহিরে পর্যাটন করিবার প্রবৃত্তি এখনও সম্পূর্ণরূপে নিরস্ত হইতে পারে নাই; এবং ইহাতেই ভারতবর্ষের অভান্তরে যথাযোগ্য ভাবে অনুসন্ধান কার্য্যে ব্যাপৃত হইবার অধাবসায় ভাল করিয়া প্রতিষ্ঠা লাভ করিতে পারিতেছে না। এখনও ভারতশিল্লের উপর গ্রীক শিল্প-প্রভাবের কথা স্নালোচিত হইতেছে।

ব্রসেল্জ-বিশ্ববিল্লালয়ের রেক্টর মহোদয়
তাহার আলোচনায় ব্যাপৃত হইয়া, কয়েকটি
সারগর্ভ বজ্কা লিপিবদ্ধ করিয়াছেন।
তাহা পাশ্চাত্য সভ্যসমাজে স্থপরিচিত
হইলেও, বঙ্গসাহিত্যে অপরিচিত। তাহার
সারমর্ম এই য়ে,—"ভারত-সভ্যতার সঙ্গে
গ্রীক-সভ্যতার কিছুমাত্র সম্পর্ক বিল্লমান
ছিল না, এরপ কথা স্বীকার করিতে না
পারিলেও, তাহাকে অতিরিক্ত প্রাধান্য

* India, of course, has borrowed many things from abroad during the long course of ages, but it is a trite observation, easily proved by many instances, that she always so transmutes her borrowings as to make them her own.—Vincent Smith's History of Fine Art in India and Ceylon, p. 7.

প্রদান করা যায় না। কারণ, উভয়দেশের মানবসমাজে ধর্মতত্ত্বে এবং দার্শনিক তত্ত্বের যুগপৎ উন্মেষ লক্ষিত হইয়া থাকে। জ্যোতিষে এবং চিকিৎসা-বিভায় গ্রীদের নিকট ভারতবর্ষের যংকিঞ্চিৎ ঋণ থাকিতে পারে; কিন্তু এই ছুইটি বিছাও উর্ভিয়দেশে ষতন্ত্রভাবেই বিকশিত হইবার সূত্রপাত করিয়াছিল। কাব্যে, নাটকে, ব্যাকরণে, লিপিকৌশলে, গণিতে বা কলাশিল্পে ভারতবর্ষের উপর গ্রীদের প্রভাব কল্পিত হইতে পারে না। কারণ, গ্রীদের সহিত পরিচয় লাভ না করা পর্যান্ত, এ সকল বিষয়ে ভারতবর্ণ নিশেইভাবে কাল্যাপন করিতে পারে নাই। পরিচয় সংস্থাপিত হইবার পর, গ্রীক-শিল্লের প্রভাবে ভারত-ভাস্তর্য্য নবজীবন সঞ্চারিত হইয়াছিল: কিন্তু তাহাতে ভারত-শিল্পের স্বাতন্তা এবং রচনা নৈপুণ্য বিনম্ভ হইতে পারে নাই।" *

* Greece has played a part, but by no means a predominant part, in Indian civilization. The evolution of philosophy and religion has gone along parallel, but independent paths. India owes to Greece an improvement in astronomy and medicine, but it had begun both, and in lyric and epic poetry, in grammar, the art of writing, the draina, mathematics and the fine arts, it had no need to wait for the introduction or the initiative of Hellenism. Notably, howoever, in the plastic arts, and perhaps also in the details of dramatic representations, the classical culture has acted as a ferment to revivify the native qualities of the Indian

मिल्लकनात ग्नरहेश विकाम-रहेश। य প্রাকৃতিক বিকাশ চেষ্টায়, বৃক্ষলতা ধীরে ধীরে পরিণতি লাভ করিতে গিয়া, যথাকালে পুপদলে সুশোভিত হয়, সেই প্রাকৃতিক বিকংশ চেষ্টাই মানবসমাজকেও শিল্পকলায় আত্মবিকাশ লাভ করিবার জন্ত উত্তেজনা করিয়া থাকে। শিল্পকলার মূলস্ত্র মানব-প্রকৃতিতে নিহিত হইয়া রহিয়াছে। মানব-সমাজ বহুদেশে, বহুজাতিতে বিভক্ত হইয়া, নানাভাবে বিকাশ-লাভের চেষ্টা করিয়া আ'সিতেছে। যে দেশের, যে যুগের, যে মানবসমাজ যে ভাবে অনুপ্রাণিত, তাহার শিল্পকলার মূলস্ত্র তাহার মধ্যেই অনুসন্ধান করা কর্ত্তব্য। তাহা বাহিরে নহে,— .অভ্যন্তরে। মল্পদিন হইল, ইহার উপলব্ধি করিয়া, মানবতত্ত্বশাস্ত্র নূতন পদ্ধতিতে তথ্যা-লোচনা করিবার জন্ম মুনিঋষিগণকে বিবিধ অনুসন্ধান-চেষ্টায় ব্যাপৃত করিয়াছেন। এক দেশের সহিত অন্ত দেশের কোন কোন বিষয়ে ভাবের আদান-প্রদান প্রচলিত হইলেও, তাহাতে বিকাশ-চেষ্টার মূলপ্রকৃতি পরিবর্ত্তিত হইতে পারে না। বিকাশ চেষ্টার শাদৃশ্যমাত্র লক্ষ্য করিয়াই, এক দেশের নিকট আর এক দেশের ঋণ থাকা সিদ্ধান্ত করা যায় না। সে সাদৃশ্র হয় ত জাতিগত বা প্রকৃতিগত কোনরম্ব বিলুপ্ত ঐতিহাসিক পরিচয়-বিজ্ঞাপক তথ্যের অপরিহার্য্য সাদৃখা।

ভারতবর্ধের সহিত পুরাকালৈও অনেক

without robbing them of their originality and subtlety." Journal of the Royal Asiatic Society (1898), pp. 188—189.

দূরদেশের পরিচয় ছিল। বাণিজ্য-ব্যপদেশে (म পরিচয় কখন ऋণস্থায়ী কখন বা দীর্ঘপ্রায়ী পরিচয়রূপে প্রতিষ্ঠা লাভ করিয়াছিল। তাহার প্রদাদে ভারতবাসিগণ নানা দূরদেশ হইতে ধনরত্ব আহরণ করিবার সময়ে, কখন যে কোনরূপ জ্ঞানরত্ব আহরণ করেন নাই, তাহা স্বীকার করা যায় না। কিন্তু ভারতবাসিগণ শিল্পকলার বিকাশসাংখন দুরদেশ হইতে কখন কিরূপ রচনা-কৌশল আহরণ করিয়া আনিয়াছিলেন, তাহার অনুসন্ধান-কাৰ্য্য সমাপ্ত হইয়াছে বলিয়া বোধ -হয় না। ভারতশিল্পের মূল-প্রকৃতিতে তাগার পরিচয়-লাভের উপায় নাই। ভারতবর্ধ কথন কখন ভিন্নদেশ হইতে শব্দসম্পং আহরণ করিয়া আনিয়াছে; কিন্তু তাহার প্রভাবে ভারতবর্ষের ভাষার মূলপ্রকৃতি পরিবর্ত্তিত হইয়া যায় নাই। সেইরূপ প্রায়োজনে ভারতবর্ষ কথনও ভিন্নদেশের শিল্পরীতি হইতে কোনরূপ নূতন রচনা-কৌশল আহরণ করিয়া থাকিলেও, তাহাতে ভারতশিল্পের মুলপ্রকৃতি পরিবর্ত্তিত হইতে পারে নাই। ভারতশিল্পে একটি অনন্যসাধারণ দেখিতে বিকাশ-চেষ্টা পাওয়া তাহার সহিত ভারতবর্ষের আর্য্য অনার্য্য সকল শ্রেণীর অধিবাসীর পরম্পরাগত শিক্ষাদীক্ষার সমন্বয়-সাধনের চেষ্টা দেখিতে পাওয়া যায়; তাহাকে বাহির হইতে আছত শিক্ষাদীক্ষার নিদর্শন বলিয়া স্বীকার করা যায় না। ভারতবর্ধই তাহার প্রকৃত মিলন ভূমি।

ভারতশিল্পের ইতিহাস বিষয়ক সদ্যঃ প্রকাশিত এন্থে ভিন্দেণ্ট শ্বিথ স্বীকার করিয়াছেন,--"ভারতবর্ষের পুরাপ্রচলিত
শিল্প-সংস্কার অতিক্রম করিয়া, গ্রীকশিল্পের
রচনারীতি এবং রচনা-মান ভারতবর্ষে
প্রতিষ্ঠালাভ করিতে পারে নাই। হিন্দুশিল্পের প্রকৃত গুণাবলী সম্বন্ধে মতভেদ
থাকিতে পারে, কিন্তু হিন্দুশিল্প আদ্যন্ত
হিন্দুসংস্কারের বশবর্তী হইয়াই বিকাশ লাভ
করিয়াছে, গ্রাক-সংস্কারের বশবর্তী হয় নাই।
কেবল সাজসজ্জার মধ্যেই বিদেশাগত শিল্পপ্রভাবের পরিচয় খুঁজিয়া বাহির করা যাইতে
পারে, তাহা বাহা প্রভাব মাত্র

এই বাহা প্রভাব ভারতবর্ষের সকল,

যুগের সকল প্রদেশের শিল্পকলার মধ্যে

আবিষ্কৃত হইতে পারে নাই। যে যুগের

যে প্রদেশের শিল্পকলার ইহার পরিচয়

আবিষ্কৃত হইয়াছে, তাহার আলোচনায়
ব্যাপৃত হইয়া, মনীষিগণ 'গান্ধার-শিল্প'
বলিয়া তাহার নামকরণ করিয়াছেন।
'গান্ধার-শিল্পর'' লক্ষ্য কি ছিল, এখনও
তিষ্বিয়ক সকল তর্ক নিরস্ত হইয়াছে বলিয়া
বোধ হয় না। তাহা কি ভারতশিল্পকে

থীক ভাবাপন করিবার চেষ্টা করিয়াছিল ?
যে সকল নিদর্শন বর্ত্তমান আছে, তাহাতে
দেখিতে পাওয়া যায়,—"গান্ধার শিল্প" গ্রীক
শিল্পকেই ভারত-ভাবাপল করিবার চেষ্টা
করিয়াছিল। সে চেষ্টা যথন সুফল
হইয়াছিল, তথন 'গান্ধার-শিল্পের'' স্বতন্ত্র
অন্তিম্ব বিলুপ্ত হইয়া গিয়াছিল। যত দিন
সে চেষ্টা সফল হয় নাই, ততদিন সফলতা
লাভের আয়োজন চলিতেছিল। যে সকল
শিল্পনি সেই আয়োজনের পরিচয় প্রাপ্ত
হওয়া যায়, তাহাই ''গান্ধার-শিল্প' নামে
কথিত হয়য়া আসিতেছে। তাহাকে গ্রীকশিল্প বিলয়া অভিহিত করা যায় না।
ভারতবর্ষই তাহার প্রকৃত উত্তব-ক্ষেত্র।

ভারত শিল্পকে বিচ্ছিন্নভাবে অধ্যয়ন করিবার উপায় থাকিলে, তাহাকে সংজেই আয়ত করিবার সম্ভাবনা থাকিত। ভারত-শিল্ল ভারত-সমাজের প্রকার* আত্মবিকাশচেষ্টার ካርም এক স্থবে গ্রথিত হইয়া রহিয়াছে বলিয়াই, সহসা মীমাংসা-সাধনের সকল কথার উপায় নাই। ভারতবর্ষের প্রাকৃতিক সংস্থান, তাহার সভা অসভা সমগ্র মানবসমাজ, ভারতবর্ষের আত্মবিকাশ-চেষ্টার গতি নির্দেশ করিয়াছে; ভারতবর্ষের "প্রচণ্ড স্থ্যঃ স্প্রনীয় চক্রমা",তাহার গতি নির্দেশ করিয়াছে; ভারতবর্ষের জল-স্থল-অন্তরীক, বক্ষবনম্পতি-পর্বতমালা, নদনদী-মহাসাগরও তাহার গতি নির্দেশ করিয়াছে। তাহাকে উপেক্ষা করিয়া, ইতিহাস সঙ্গলিত হইতে পারে না: ইতিহাসকে উপেক্ষা করিয়াও, শিল্প-সৌন্দর্য্য আলোচিত হইতে পারে না

^{*} Greek artistic cannons and rules of proportion never succeeded in making headway against the strong current of Indian tradition. Hindu Sculpture, whatever may be thought of its intrinsic quality continued to be Indian on the whole, guided by Indian not Greek principles. The foreign influences, Assyrian, Persian, or Greek, had merely superficial effect, chiefly traceable in decorative details.—Vincent Smith's History of Fine Art in India and Ceylon, p. 8.

এই সরল সত্য**টি** এখনও ভাল করিয়া প্রতিভাত হয় নাই।

ভারত-শিল্পের মূল-স্ত্র কোথায়, ভাহার আলোচনায় প্রবৃত হইবামাত্র জিজাদা করিতে ইচ্ছা হয়,--ভারতব্যায় মানব-স্মাজের মৃলপ্রকৃতি কোথায় ? বাহিরে, না অভ্যন্তরে ? সে প্রকৃতি যে চিরকালই আগ্রনিষ্ঠ ছিল, প্রমাণাবলীর অভাব নাই। যাহার। যথন ভারতভূমিতে আপতিত হইয়াছে, তাহারাই (কিয়ৎকালের মধ্যে) ভারতব্যীয় হইয়া গিয়াছে। প্রবল সমাজের পক্ষে এইরপে কুদ্র সমাজকে আত্মসাৎ করিবার ক্ষমতা বর্ত্তমান ছিল বলিয়াই, ভারতবর্ষ বহু বিপ্লবে বিপর্যন্ত হইয়া, এখনও সম্পূর্ণরূপে পরিবর্ত্তিত হইয়া যায় নাই। এখনও সেকাল-একালের মধ্যে কালগত পার্থক্যই উল্লেখ-যোগ্য পার্থক্য ;—প্রকৃতিগত পার্থক্য প্রাধান্ত লাভ করিতে পারে নাই। এখনও ভারত-वर्षत প्रधान पाकाछक। वाहिरत नरह, অভ্যন্তরে,—সাজে নহে, অনন্তে ;— পরিদৃখ্যমান বস্তুতে নহে, অতীন্ত্রিয় মহাস্ত্রায় ।

আমরা কিছুই জানিতে পারি না;—
ইহা সত্য হইতে পারে না। আমরা সমস্তই
জানিতে পারি;—ইহাও, সত্য হইতে পারে
না°। মানব-জ্ঞানের এই সীমানির্দ্দেশর
মধ্যে, তাহার অসীম ক্ষমতার পরিচয় লাভ
করিয়া, ভারতবর্ধ অচিন্তাকে চিন্তা করিবার
এবং অনির্বাচনীয়কে বাকো, প্রকাশিত
করিবার চেষ্টা করিতে সাহসী হইয়া
উঠিয়াছিল। এই সাহসেই, প্রাচীন কালের

ভারতবর্ষ, গণ্ডীর মধ্যে অবস্থান করিতে সম্মত হয় নাই। তাথাকে গণ্ডীর মধ্যে টানিয়া আনিয়া, তাথার ইতিহাস সঙ্কলনের চেষ্টা বিজ্পনা মাত্র। ইথা ভারত-শিল্পের ইতিহাসেও সুবাক্ত হইয়া রথিয়াছে।

যে সকল দেশে শিল্পকলা, কেবল পরিদৃগ্রমান আকারকে অবলম্বন করিয়া,
আল্প্রকাশের চেটা করিয়া আদিয়াছে,
সে সকল দেশের শিল্পকলার সহিত
ভারতশিল্পকলার জ্ঞাতিত্ব কলিত হইতে
পারে না। ভারতশিল্পকলা আকারের
ভিতর দিয়া ভাব কুটাইবার চেটা না
করিয়া, ভাবকেই আকার-দানের চেটা
করিয়াছিল। তজ্ঞ্জ ভারতবর্ধের সকল
মুগের মৃর্টিশিল্পেরই মৃল্প্রকৃতি এক
রূপ;—ভাহা আভাসাল্লক। অনিক্রচনীয়ের
আভাস প্রকাশ করিয়াই তাহা কুতকুতার্থ।
তাহার মৃল্প্ত্র ভারতবর্ধের অভ্যন্তরেই
নিহিত হইয়া রহিয়াছে।

কেবল শিল্প-সৌন্দর্যোর বিচারেই এই
মূলস্ত্র আবিষ্ণত হইতে পারে কি না,
তদ্বিষয়ে সংশয়ের অভাব নাই।
ভারতবর্ষকে সমগ্রভাবে বুঝিবার পথই প্রকৃত
পথ ;—সেই পথে ভারতশিল্পের মূলস্ত্র আবিষ্ণত হইবার সন্থাবনা আছে। তাহা
শ্রমসাধ্য বলিয়া, তাহাতে সহসা পদার্পণ
না করিয়া, অনেকে প্রতিভাবলেই ভারতশিল্পের ব্যাখ্যা-কার্য্যে ব্যাপৃত হইয়াছেন।
শাল্পগ্রন্থ এবং ইতিহাস এইরূপে উপেক্ষিত
হইলে, সত্যনির্ণয় করা সহজ হইবে কি না,
তাহা ভাবিয়া দেখা কর্ত্ব্য। ভারতশিল্পের
মূলস্ব্রের সন্ধান লাভ করিতে হইলে, ভারতবর্ষের জনসমাজের সর্ববিধ আত্ম-বিকাশচেষ্টার ইতিহাস সঙ্কলিত করিতে হইবে।

ফান্ত ঠাহার অমরগ্রস্থে একটি করিয়া কাল্লনিক সিদ্ধান্তের অবতারণা গিয়াছেন,—"ভারতশিল্পে হিন্দু লিখিয়া বৌদ্ধ এবং জৈন নামক তিনটি রচনারীতি দেখিতে পাওয়া যায়।" তাহাকে মূলমন্ত্র ব্লপে গ্রহণ করিয়া, অনেকেই ভারতশিল্পকে হিন্দু বৌদ্ধ জৈন নামক তিনটি বিভিন্ন যুগে বিভক্ত করিবার চেষ্টা করিয়া আদিতেছেন। ভারতশিল্পের মূলপ্রকৃতি সর্বাত্ত সকল যুগৈ একরূপ হইলেও, যুগে যুগে নানা স্থানে নানা রচনারীতি মূলস্ত্রের ভাষ্যরূপে আত্মপ্রপশ করিয়াছে। তাহাতে কেবল স্থান-কালের প্রভাবেরই পরিচয় প্রাপ্ত হওয়া যায়; ধর্মসম্প্রদায়-সমূহের ভিন্ন ভিন প্রভাবের পরিচয় প্রাপ্ত হওয়া যায় না। मकन धर्ममस्यनारमञ কারণ শিল্পের পক্ষে একরপ। অনিশ্বচনীয়কে চেষ্টাতেই তাহার আকার-দানের পরিসমাপি। ভারতবর্ষের সকল সম্প্রদায়ের মূল প্রস্রবণ একস্থানে বলিয়াই ভার চবর্ষ সমন্বয়-ক্ষেত্র। তাহার প্রভাব শিল্পের ইভিহাসেও দেদীপ্যমান।

যাহা অনিকাচনীয়, তাহা ভাষণে মধুরে
মিশিয়া রহিয়াছে। তাহা অণু হইতে অণু
এবং মহান্ হইতেও মহীয়ান্। যে যুগে
যে প্রদেশে তাহা যে ভাবে মানব-মনকে
বিকাশ-চেষ্টায় প্রণোদিত করিয়াছে, সেই
স্গের সেই প্রদেশের রচনারীতিতে [সকল
ধর্মসম্প্রদায়ের মৃত্তিশিল্লেড] তাহার প্রভাব

দেখিতে পাওয়া গিয়াছে'৷ তাহা কোন কোন যুগে কোন কোন প্রদেশে ভীষণের ভিতর দিয়া, মধুরের ভিতর দিয়া, কিম্বা ভীষণ-মধুরের ভিতর দিয়া, অনির্বাচনীয়কে আকার-দানের চেষ্টা করিয়াছে 🛩 তৎ-কালের তৎপ্রদেশের জনসমাজ তাহা জানিত। স্মৃতরাং আমরা যাহাকে ভীষণ বলিয়া ভ্রন্তঙ্গী বিকাশ করি, তাহারা তাহার অন্তনিহিত দৌন্দর্য্য-সম্ভোগে বঞ্চিত হইত না। মৃত্যু অমৃতের সোপান আমাদিগের নিকট প্রতিভাত হইত, তাহাদিগের দৃষ্টি নিকটে নহে,—দূরে। ত[হারা সকল যুগের গকল প্রদেশের সকল धर्मानम्भनारमत मृर्डिनिस्त्रत मरधा अमृर्खरक ह দর্শন করিত। আমরা মূর্ত্তিমাত্র দর্শন করিয়া, বিজ্ঞতার পরিচয় দান করিবার জন্ম বলিতেছি,—কোনও মৃত্তি ভীষণ, কোনও সকণ মূৰ্ত্তি অল্লাধিক মূর্ত্তি মধুর, অস্বাভাবিক!

ভারতবর্ষে স্বাভাবিক মৃত্তিরচনারও অভাব ছিল না; এখনও নানা স্থানে তাহার নিদর্শন দেবিতে পাওয়া যায়। তথাপি ভারতশিল্প দেবমৃত্তি-রচনার সময়ে স্বভাবাকুকরণ করিতে সন্মত হয় নাই কেন, তাহার নিগৃঢ় কারণ বিদ্যুমান ছিল। মানবমৃত্তিকে দেবমৃত্তির আদর্শ বলিয়া গ্রহণ করিলে ভারতশিল্লাচার্য্যগণকেও সর্ব্বাঙ্গ- স্কুলর ন্রনারী রচনা করিয়াই নিরম্ভ হইওে হইত। কিন্তু তাহাতে ভারতশিল্লের মৃলস্ব্রুটি ছিল হইয়া পড়িত। প্রেয়োজনের অন্ধুরোধেই ভারতশিল্প দে পথে অগ্রসর হইবার চেট্টা করে নাই। বাহিরের পট হইতে সাদৃগ্র

শাহরণ না ক্রিয়া, চিত্তপট হইতে সাদৃশ্য আহরণ করিতে গিয়াই, ভারতশিল্প এক অন্যসাধারণ শিশ্ধস্ত্রের অবতারণা করিতে বাধ্য হইয়াছে। তাহা কদাপি পরালুকরণক্র বলিয়া কথিত হইতে পারে না।

ভারতশিল্প স্থন্দর কি না, তাহা ইতিহাসের বিচারযোগ্য বিষয় বলিয়া কথিত হইতে পারে না। কিরূপ কার্য্যকারণশৃজ্ঞা ভারতশিল্পকে অনুস্থাধারণ স্থাতন্ত্র্য দান করিয়াছে, তাহার প্রভাবে কোন্ প্রদেশের কোন্ যুগের ভারতশিল্প কিরূপ বিকাশ লাভ করিয়াছে, তাহাই কেবল ইতিহাসের বিচারযোগ্য কথা। তাহার প্রথম এবং প্রধান কথা,—ভারতশিল্পের মূলস্ত্রের কথা: ভাহা বাহিরে না অভ্যন্তরে,— স্ক্রাণ্ডো তাহারই আলোচনা শেষ করা কর্ত্র্য।

প্রী গক্ষরকুঁ মার মৈত্রেয়।

মানবের জন্মকথা

অসভ্য মানব এবং কুকুর অনেক সময় নিয়ভূমিতে জন দেখিয়াছে, স্মৃতরাং তাহা-দিগের মনে নিয়ভূমির সহিত জলের ভাব জড়িত হইয়া গিয়াছে। শিক্ষিত ব্যক্তি বোধ হয় ঐরপক্ষেত্রে কতকগুলি সাধারণ সিদ্ধান্ত করিয়া বসিবেন; কিন্তু আমরা অসভ্যদিগের কথা যতনুর জানি তাহাতে তাহারা ঐরপ দিন্ধান্ত করিবে কি না, বিশেষ সন্দেহস্থল; কুকুরেরা ঐরপ সিন্ধান্ত নিশ্চয়ই করিবে না; কিন্তু কুকুর এবং অসভ্য মানৰ উভয়েই यिष पूनः पूनः निक्षत रहेक, उथापि আবারও একই ভাবে (জল) অবেষণ করিবে। তাহাদিগের মনোমধােু কোন সাধারণ শিকান্ত বিভয়ান থাকুক আর নাই থাকুক, তাহারা উভয়েই ঐ কার্যা বুদ্দিপ্র্নক कतिता । इन्हीं वर अनुक करन वाश्यधान যে তরঞ্চ উৎপাদন করিয়াছিল, তৎসম্বন্ধে এই কথাই বলা যাইতে পারে। অসভ্য মানব যেরূপ গতি উৎপাদন করিতে ইচ্ছা

করে, তাহা কিরূপ প্রাকৃতিক নিয়মে উৎপন্ন হয়, সে বিষয় কিছু জানেও না, জানিতে ইচ্ছাও করে না। কিন্তু তাহার অনুষ্ঠত কর্ম মোটামুটি একটা বুদ্ধিপরিচালনার ফল; দার্শনিক পণ্ডিতের সুদীর্ঘ বিচার-মূলক সিদ্ধান্ত সকল যে ভাবে নিষ্পান হয়, অসভ্যেরও নিশ্চয়ই তদমুরূপ। কিন্তু অসভ্যের এবং উচ্চশ্রেণীস্থ জন্তুগণের মধ্যে নিশ্চয়ই এ প্রভেদ থাকিবে যে অসভ্য অনেক ক্ষুদ্র কুদ বিষয়ের এবং অবস্থার প্রতিলক্ষ্য করিবে, এবং অপেকার গু অল্ল পরিদর্শনান্তে ঐ বিষয় এবং অবস্থার মধ্যে একটা সমবায় সম্বন্ধ বুঝিয়া বসিবে। ইহা তাহার সম্বন্ধে অত্যন্ত প্রয়োজনীয় কথা। আমার একটী শিশু সন্তানের কর্মগুলি আমি প্রত্যহ লিখিয়া বাখিতাখ; দে যখন ১১ মাস বয়সেব হইল এবং একটী কগাও বলিতে পারে না, তখন তাহার মনে সর্বপ্রকার বস্তু এবং শব্দের অর্থ যেরপ ফ্রতগতি সংযুক্ত হইতে

লাগিল, তাহার সহিত অতিশয় বৃদ্ধিনান
কুকুরের ব্যবহার যতনুর দেখিয়াছি তাহা
তুলনা করিয়া আশ্চর্য্যাবিত হইয়াছি। কিন্তু
উচ্চ শ্রেণীস্থ এবং পাইক প্রভৃতি নিম্প্রেণীস্থ
জন্তগণের মধ্যেও বস্তর সহিত্যান্দ সংযোগবিষয়ে এবং পর্যাবেক্ষণ ও সিদ্ধান্ত করা
সম্বন্ধেও ঠিক এই প্রকার প্রভেদই দেশা
যায়।

অল্ল পরিদর্শনের পরেও বুদ্ধিরতির উত্তেজনা কিরূপ হয় তাহ। আমেরিকান বানরগণের নিয়শ্রেণীস্থদিগের ব্যবহার দৃষ্টে বেশ বুঝা যায়। রেঞ্জার যত্নপূর্বক উহা পরি-দর্শন করিতেন। তিনি যখন প্যারা গোয়া দেশে তাঁহার বানরদিগকে ডিম্ব দিয়াছিলেন তণন তাহার৷ উহা ভাঙ্গিয়৷ ফেলিত, স্নতরাং তন্মধ্যস্থ পদার্থ অনেক নষ্ট হইত; কিন্তু পরে তাহারা ডিম্বের একদিক কোন কঠিন বস্তুর উপর আন্তে আঘাত দিত, এবং খোসার ভগ্নানগুলি অঙ্গুলি দারা খুঁটিয়া তুলিতঃ একবার তীক্ষ অন্নেহাত কাটিলে তাহারা ঐ অস্ত্র আর পর্শেও করিত না, অথবা স্পর্শ করিলেও অতি সাবধানে করিত। অনেক সময় তাহাদিগকে কাগজে জড়াইয়া চিনি দেওয়া হইত; রেঞ্জার কখন কখন ঐ কাগজের মোড়কের মধ্যে জীবিত বোল্তা দিতেন; বানরের। াড়াতাডি কাগজ থুলিতে গেলে বোলতায় কামড়াইয়া দিত। এইরূপ একবার দংশন করিলে পর উহারা প্রত্যেকবার কাগজের মোড়ক প্রথমে কাণের কাছে আনিয়া উহার মধ্যে নড়াচড়ার শব্দ শুনা যায় কি না তাহা পরীক্ষা করিত।

নীচে কুকুরের কতিপুর ব্যবহারের উল্লেগ করিতেছি। মিঃ কোহন (Colquhoun) হুইটী ব্য হংস উত্ডীয়মান অবস্থায় শীকার করিয়াছিলেন, উহার একটা নদীর অপর পারে পড়িয়াছিল: তাঁহার কুকুর একসঙ্গে হুইটাকে আনিবার চেষ্টা করিয়!ছিল কিন্তু পারিল না; তৎপর ঐ কুকুর যে কখন কোন পাখীর একটী পালথ উলট্-পালট্করে নাই সে একটী হংসকে মারিয়া ফেলিল, এবং অপর্টীকে লইয়া এপারে আসিল, পরে ঐ মৃতপাখীটা আনিতে গিয়াছিল। কর্ণেল হাচিনসন বর্ণনা করিয়াছেন যে একসঙ্গেই ছুইটা পার্টিজকে গুলি করা হয়, একটা হত অপরটা আহত হ্ইয়াছিল। আহতটা দৌড়াইয়া প্লাইতেছিল, তখন শিকারী কুকুর তাহাকে ধরিল, এবং ফিরিয়া আদিবার সময় মৃত পার্টিজট কে দেখিতে পাইল। "সে ক্ষণকাল থামিয়া কিছুই ঠিক করিতে পারিল না; তা'রপর যখন বুঝিল যে ঐ মৃতটী আনিতে হইলে জীবিত্টী প্লাইয়া যায় তখন সে ক্ষণকাল্যাত্র বিবেচনা করিবার পর তথনই ইচ্ছা করিয়াই জীবিতটিকে বলপূর্বক হত্যা করিল, তৎপর ছুইটীকেই একদঙ্গে লইয়া আসিল সে এই একবার মাত্র ইচ্ছা পূর্ব্বক শিকার নষ্ট করিয়াছিল জানা যায়।" এখানে আমরা বৃদ্ধিবৃত্তির পরিচয় পাইতেছি কিন্তু উৎকৃষ্ট বুদ্ধির পরিচয় পাই না; কারণ কুকুর প্রথমে আহতটীকে ম্বানিয়া পরে মৃত্রীকে আদিলেই পারিত, যেমন ব্যুহংস আনিবার সময় করা হইয়াছিল। এই গুইটী দৃষ্টান্ত উল্লেখ করিবার**্হেতু এই যে**

ত্ইজন পরিদর্শক পৃথক ভাবে অফুরূপ ঘটনার প্রমাণ দিতেছেন, তাহাতে দেখা যায় যে শিকারী কুকুর (Retreiver) যাহারা বংশাফুক্রমিক অভ্যাসবশতঃ কথনও শিকারকে বধ করে না, তাহারাও বংশাফুগত অভ্যাসের বিপরীত কার্য্য করিয়াছিল; স্থতরাং বুঝা গেল যে, বদ্ধুল অভ্যাসের বিরুদ্ধে কার্য্য করিতে তাহাদিগের বিরুদ্ধে কার্য্য করিতে তাহাদিগের বিরুদ্ধে কার্য্য করিতে তাহাদিগের বিরুদ্ধি কতদুর প্রবল হইয়াছিল!

বিখ্যাত হাম্বোণ্ট মহোদয়ের একটা মন্তব্য উদ্ধৃত করিয়া আমি এ বিষয় শেষ করিব। पिक्किंग आध्यतिकात थळत्र-ठानकशन रतन "যে খচ্চরটীর চলন মৃত্, তাহা আপনাকে দিব না, যেতীর বুদ্ধি ভাল সেইটা দিব।" इंबा इटेंख शम्राल वित्वहना करतन रय "ভূয়োদর্শন হইতে এই যে কথাটী প্রচলিত হইয়াছে, তদ্বারা জীব অণুমাত্র, কলমাত্র— এই মত এত উত্তমরূপে খণ্ডিত হইতেছে যে দর্শনশান্ত্রের বিবিধ যুক্তি-তর্কেও তেমন হইতে পারে না।" তথাপি কোন কোন লেখক অদ্যাপিও বলেন যে উচ্চশ্রেণীস্থ জন্ধ-গণের বুদ্ধির্তির চিহুমাত্রও নাই। উপরে যে সকল বৃতান্ত উল্লেখ করিলাম তদকুরূপ তাঁহারা কেবল বাক্যাড়ম্বরপূর্ণ ব্যাখ্যায় উড়াইয়া দিবার চেষ্টা করেন।

আমি বিবেচনা করি, ইহা এক্ষণে প্রতিপান ইহারছে যে মানবের এবং উচ্চ শ্রেণীস্থ জন্তুর, বিশেষতঃ বানরগণের মধ্যে কতিপর সহলাত রন্তি সাধারণ। উহাদিগের সকলের ইন্দ্রিরণ একই প্রকার, অন্বভূতি এবং স্বাভাবিক সংস্কারও একই; কাম-ক্রোধাদি রিপু, স্বেহম্মতা, ভাবপ্রবাহও

তুলারাপ; এমন কি, অপেক্ষাকৃত জটিলর্তি-खनिও একই প্রকার, যেমন হিংসা, সন্দেহ. প্রতিযোগিতা, কুতজ্ঞতা, মহন্ব। উচ্চশ্রেণীয় জন্তুগণ প্রতারণা করে ও প্রতিহিংদা লয়; উহার। সময় সময় বাঙ্গ বুঝিতে পারে, এবং উহাদিগের রসিকতার ভাবও আছে। উহাদিগের আশ্চর্যা বোধ ও কৌতুহল আছে। অমুকরণরতি, মনঃসংযোগ, চিন্তা-শীলতা, উৎকর্গাপকর্মবোধ, স্মৃতি, কল্পনা, ভাবনংযোগ,বুদ্ধিরন্তি—এ সকলই উহাদিগের আছে, কিন্তু সকলের সমান পরিমাণে নাই। একজাতীয় বিভিন্ন ব্যক্তিগণের মধ্যে বৃদ্ধি-রুত্তির ক্রমিক প্রভেদ অনুসারে প্রায় জড়বৎ নিৰ্কোধ হইতে অতিশয় বুদ্ধিমান পৰ্য্যস্থ সকলই দেখা যায়। উহারা উন্মাদও হইতে পারে, কিন্তু অনুপাতে মানুষ'অপেক্ষা অনেক কম সময় হইয়া থাকে। তথাপি অনেক গ্রন্থকার দৃঢ়তার সহিত বলেন যে মনোর্ত্তিতে মামুষে এবং ইত্র জন্ততে অলঙ্ঘা প্রভেদ বিদ্যমান আছে। আমি ইতিপূর্বে এইরূপ উক্তি বিংশতির অধিক সংগ্রহ করিয়া-সে সকলগুলিই ছিলাম, কিন্তু মুলাহীন, কারণ এই সকল উক্তির সংখ্যা ও পরস্পরের গুরুতর' পার্থক্য বিবেচনা করিলেই বুঝা যায় যে ঐরপ সংগ্রহের চেষ্টা অসম্ভব না হইলেও অত্যন্ত কঠিন। (कर (कर वालन (य (कवल মান্ত্র্যই উত্তরোত্তর ক্রমিক উন্নতি সাধন করিতে সক্ষম; এবং সকল মানুষই অগ্নি ব্যবহার করে, অগ্ৰ জন্তুকে গৃহপালিত করে, অথবা সম্পত্তি অধিকার সামাক্ত-বিধি করে, অন্ত কোন জন্তুর

নিপান্ধ করিবার অথবা সাধারণ-সংস্কাব ধারণা করিবার ক্ষণতা নাই; উহাদিগের কাহারও আত্মজ্ঞান অথবা আত্মবোধ নাই; উহারা কেহই ভাষা ব্যবহার করে না; কেবল মান্ধ্যেরই সৌন্দর্য্য-বোধ আছে; খামথেয়ালি, কৃতজ্ঞতা, অজ্ঞেয়ের ভাব, জীথরে বিখাস, অথবা হিতাহিত জ্ঞান আছে। এই সকল বিষয়ের মধ্যে অপেক্ষাকৃত গুরুতর পবং প্রয়োজনীয় কয়েকটা বিষয় সম্বন্ধে আমি সাহস করিয়া গোটা-ক্তক কথা বলিব।

আর্কবিদ্প সায়ার পূর্বে বিবেচনা করিতেন যে কেবল মানুষই ক্রমে উরতি লাভ করিতে পারে। মাতৃষ অন্য প্রাণী অপেকা অতুলনীয় অধিক উন্নতি অত্যন্ত জতবেগে লাভ 'করিতে সমর্থ হয়, তাহাতে কোন সন্দেহ নাই। ইহার প্রধান কারণ বাকশক্তি পুরুষের জ্ঞান এবং এক সংক্রমিত পুরুষপরম্পরায় হওয়া। সম্বন্ধে প্ৰথমে বাক্তিগত হিসাবে বিবেচনা করিলে (एथ) याय যে র্দ্ধিরে অপেক্ষা অরবয়স্কগণকে অতি সহজে ফাঁদে ধরা যায়। যাঁহার ফাঁদ পাতায় কিছুমাত্র অভিজ্ঞতা আছে, তিনিই এ কথা জানেন। রদ্ধদিগের অপেক্ষা অল্ল-বয়স্কদিগের নিকট শক্রও সহজে আসিতে পারে। বৃদ্ধদিগকেও একস্থানে এক ফাঁদে বহুসংখ্যক ধরা অসম্ভব; এক প্রকার বিষ দিয়া বহুসংখ্যক বৃদ্ধকে বধ করা যায় না। मकलाई (व के विव थाईग़ाहिन जादा दहेरड পারে না; অথবা এক ফাঁদে ধরা পড়িয়া-ছিল তাহাও নহে। উহারা নিশ্চয়ই অন্ত

জ छ फाँ पि तक र उग्रा जायना तिय थारेगा দেখিয়া সাবধান হইতে উত্তর আমেরিকাতে স্কল করিয়াছে ৷ পরিদর্শক ই দেখিয়াছেন, যে সকল লোমশ জন্তদিগকে দীর্ঘকাল অবধি তাড়াইয়া (ধরা) হইতেছে তাহারা অসম্ভব ধৃৰ্ত্তা, সাবধানতা বুদ্ধির পরিচয় দেয়; কিন্তু তথায় এত দীর্ঘকাল ফাঁদ পাতিয়া শিকার করা হইতেছে যে সম্ভবতঃ বংশাকু ক্ষের নিয়মা-মুসারে উহারা ঐ সকল রুত্তি প্রাপ্ত হইয়। থাকিবে। * অনেকে আমাকে জানাইয়া-ছেন যে যখন কোন জেলায় প্রথম টেলি-গ্রাফের তার বসান হয় তখন উডিবার সময় তারে ঠেকিয়া অনেক পক্ষী মারা পড়ে: কিন্তু অল্প কয়েক বৎসরের মধ্যেই উহানা অন্তান্ত পক্ষীকে ঐরপে মরিতে দেখিয়া ঐ বিপদ হইতে দূরে থাকিতে শিক্ষা করে।

জন্তুগণের বংশপরম্পরা অথবা জাতির কথা বিবেচনা করিলে নিঃসন্দেহে বুঝা যায় যে, পক্ষা ও অন্যান্ত জন্তুগণ মান্ত্র এবং অপর শক্র হইতে সতর্কতা অবলম্বন করা ক্রমে শিক্ষা করে, এবং ক্রমেই ঐ শিক্ষা ভূলিয়াও যায়। এই সতর্কতা প্রধানতঃ বংশাক্ত্রমিক অন্যাস অথবা সহজ-রন্তি, সন্দেহ নাই, কিন্তু অংশতঃ ব্যক্তিগত অভিজ্ঞতারও ফল। লিয়র বলেন, যে সকল স্থানে বেশি শৃগাল শিকার করা হয় তথায় বাচ্চাগুলি গর্ভ হইতে প্রথম বাহির হইয়াই যেরূপ সতর্কতা প্রদর্শন করে, তক্ষপ অন্ত স্থানে করে না।

এ সকল বংশামূক্রমে হওয়া এক্ষণে স্বীকৃত হয় না ;

কুদ্ধের হুর্দশা দেখিয়া অল্লবরক্ষের। ধূর্রতা প্রভৃতি অধলম্বন করিয়া থাকিবে ।

আমাদের গৃহপালিত কুকুরগুলি শৃগাল ও নেকড়ে বাঘ হইতেজাত হইয়াছে; যদিও তাহাদিণের ধৃর্ত্ততা বাড়ে নাই, এবং সাবধানতা ও আশকা কমিয়াছে, তথাপি তাহাদিগের স্বেহ, বিশ্বাসিতা, মেজাজ এবং সাধারণ বৃদ্ধিবৃত্তি ইত্যাদি নৈতিক গুণ উন্নত হইয়াছে। ইউরোপে, উত্তর আমেরিকার কোন কোন প্রদেশে, নিউজিল্যাণ্ডে, এবং সম্প্রতি ফর্মোসা দ্বীপে ও চীনদেশে সাধারণ ইন্দুর অন্যান্ত জাতীয় ইন্দুরকে জীবন-সংগ্রামে পরাজয় করিয়া বিজয়ী হইয়াছে। মিঃ সুইন্হো বলেন যে ফর্মোসা ও চীনের ঐ সকল ইন্দুর অধিকতর চতুর, এই নিমিত্তই বৃহৎকায় মুদ্ কনিঙ্গা জাতীয় ইন্দুরকেও পরা-জুয় করিয়াছে। মানব কর্তৃক নির্দ্যূল হইবার উপক্রম হওয়ায় উহারা বুদ্ধি পরিচালন করিয়া আত্মরক্ষার চেষ্টা করিতে করিতেই চতুরতা শিক্ষা করিয়াছে। এবং অল্লবুদ্ধি অথবা নির্কোধ গুলি ক্রমশঃ বিনম্ব হওয়াতেও ঐরপ হইয়াছে বল। যায়। কিন্তু মামুষের সংশ্রবে আসিবার পূর্বেও ঐ সাধারণ ইন্দুর অন্তজাতীয় ইন্দুর অপেক্ষা অধিকতর চতুর ছিল, এবং তদ্ধেতুই বিজয়ী হইয়াছে. ইংগও সম্ভব নহে। কোন মুখ্য প্রমাণ না পাইয়াও, यि (कर वर्णन (य (कान हें छत अनुहें চিরাতীত কাল হইতে এ পর্যান্ত বুদ্ধিতে এবং খীনান্ত মনোরতিতে উন্নতি লাভ করে নাই, তবে তিনি জীব-বিবর্ত্তনতত্ত্বে যাহা প্রমাণ-অপ্রমাণের বিষয় তাহার স্থন্ধে আগে হইতেই একটা সিদ্ধান্ত করিণা বসিলেন। জানি যে লার্টেটার মতাত্মসারে

জন্তুন * অপেক্ষা একণে সকল স্তন্তপায়ী জীবের মস্তিদ্ধই বড় হইয়াছে।

অনেক সময় কথিত হয় যে কোন ইতর জন্তই যন্ত্র বাবহার করে না। কিন্তু বন্ত সিম্পাঞ্জি পাথরের আঘাত দিয়া ফল ভাঙ্গে; যেমন কাট বাদাম ভাঙ্গা যায় সেইরূপ। রেঞ্জার একটা আমেরিকান বানরকে এই ভাবে কঠিন স্থপারী ভাঙ্গিতে শিখাইয়া-ছিলেন। ঐ বানর শেষে ইচ্ছাপূর্বক অন্ত প্রকার স্থপারী অথবা ধারু পাথর দারা ভাঙ্গিয়া খুলিত। সে এই ভাবে হুর্গন্ধযুক্ত ফুলের খোসা থুণিত। আর একটা বানরকে লাঠি দিয়া একটা বড় বাক্স খুলিতে শিকা দেওয়া হইয়াছিল; পরে সে ঐ লাঠি ছারা ঠেলা দিয়া ভার বস্তু নড়াইত। আমি নিজে দেখিয়াছি, একটা অলবয়ক্ষ ওরাংওটাং এক ফাটা স্থানের মধ্যে লাঠির এক দিক প্রবেশ করাইয়া দিয়া অপর দিক হাত দিয়া ধরিয়া লিবারের ভাষ ব্যবহার করিয়াছিল। অনেকেই জানেন ভারতবর্গে পোষা হাতী গাছের শাখা ভাঙ্গিয়া তদ্ধারা গায়ের মাছি তাড়াইয়া থাকে; একটী বন্ত হন্তীকেও ঐরপ করিতে দেখা গিয়াছে। দেখিয়াছি, একটা ছোট ওরাংওটাং যথন ভাবিল মে তাহাকে চাবুক মারা হইবে তথন সে একটা কম্বল অথবা খড় দিয়া গা ঢাকিয়া এই সকল স্থলে আগুরকা করিয়াছিল। পাথর এবং লাঠি যন্ত্রস্করপ ব্যবহার করিয়া-উহাদিগকে অন্তস্করপও ছিল; কিন্তু ব্যবহার করে। সিম্পারের বর্ণনার উপর নির্ভর করিয়ারেস বলেন যে এবিসিনিয়া দেশে যথন একজাতীয় বানরের দল পাহাড়

^{*} Tartiary age.

হইতে নামিয়া ক্ষেত্র লুঠন করিতে আদে, তথন তাহারা সময় সময় অপরজাতীয় বানরের সমুখে উপস্থিত হইলে যুদ্ধ বাধিয়া উঠে। গেলাডা জাতীয়গণ বড় বড় পাথর গড়াইয়া দেয়, হেমাড্রিয়া জাতীয়গণ তাহা এড়াইবার চেষ্টা করে; তৎপর উভয় জাতীয় বানরই অত্যন্ত চিৎকার করতঃ পরম্পরকে বেগে আক্রমণ করে।

ব্রেদ যখন কোবার্গ গোথা দেশের ডিউকের সহিত শ্রমণ করিতেছিলেন, তথন এবিদিনিয়ায় মেনদা-পথের মধ্যে একদল বেবুন বানরকে উভয়েই বন্দুক লইয়া আক্রমণ করিয়াছিলেন। বানরগণ তথন পর্বত হইতে এত পাথর গড়াইয়া দিয়াছিল, (তাহার মধ্যে মায়ুষের মাথার মত বড় পাথরও ছিল) যে আক্রমণ কারীদিগকে তাড়াতাড়ি পলায়ন করিতে

হইয়াছিল, এবং কিছু দিন পথিকগণ ঐ পথে যাইতে পারিল না। ঐ সকল বানর সকলে মিলিত হইয়া এইরূপ করিয়া-ছিল, ইश উল্লেখযোগ্য। মিঃ ওয়ালেস্ তিনবার দেখিয়াছিলেন, "যখন তাঁহারা কতকগুলি সপুত্রক বানরীর গাছের নিকট যাইতেছিলেন, তথন বানরীরা ক্রোধান্থিত হইয়া ডুরিয়ান গাছের ডাল ভাঙ্গিয়াও কাঁটাযুক্ত ফল ছিড়িয়া তাঁহাদিগের দিকে নিক্ষেপ করিতে লাগিল, তাহাতে তাঁহারা আর উহার নিকটে যাইতে পরিলেন না। আমি অনেক বার দেখিয়াছি. সিম্পাঞ্জিকে কেহ বিয়ক্ত করিলে হাতের কাছে যাহা পায় তাহাই তাহার দিকে ফেলিয়া মারে। পূর্বের যে বেবুন বানরের কথা উল্লেখ করিয়াছি সে ঐ জন্ম কাদা প্রস্তুত করিয়াছিল।

🗐শশধর রায়।.

চরিত-চিত্র

यगीं य के निरम्भ: हि, स्टिष्

বাল্যকাল হইতে ইংরেজি গ্রন্থে অনেক প্রাপদ্ধ ইংরেজের চরিতাথ্যান পড়িয়াছি। ইংরেজসমাজের মাঝখানে বসিয়াও ছোট-বড় অনেক ইংরেজের সঙ্গে নানা কর্মে, নান। ভাবে, মেশামিশি করিয়াছি। কিন্তু উইলিয়েম, টি, ষ্টেডের মত এমন খাঁটি ইংরেজ অতি অল্লই দেখিয়াছি।

"থাটি" ও"ভাৰ"।

্বে বস্তু ঠিক আপনার স্বরূপেতে থাকে তাহাকেই আমরা খাটি বস্তু বলি। কিন্তু খাঁটি হইলেই যে সে বস্ত সকলের
চক্ষে ভাল হইবে এমন বলা যায় না।
দ্ব্যুগুণসম্বন্ধে, বোধ হয়, যা খাঁটি তাই
ভাল, আর যা ভাল তাই খাঁটি হয়।
কিন্তু মাক্ষ্য সম্বন্ধে ঠিক এ কথা বলা যায়
কি ? আমরা কোনো দ্রব্যের নিজেরপ্রকৃতির স্বারাই তার স্তিয়কার ভালমন্দ বিচার করিয়া থাকি। কিন্তু মাক্ষ্যের বেলা
আমরা তার ভিতরকার প্রকৃতির স্ত্যাসত্য
ও ধর্মাধর্মের সন্ধান করি না; আমাদের নিজের প্রকৃতি ও প্রবৃত্তি কৃচি ও অভাদের দ্বাই তার ভালমন্দের বিচার করিয়া থাকি। সকল মাতুষ যদি সমান হুইত, তবে এরূপ বিচার অসঙ্গত হুইত না। কিন্তু মাতুষ যে সকল সমান নয় ৷ সকল জলই যেমন সমান, জলে বেশ কম দেখি, তাহা জলের ভিতরকার প্রকৃতিগত নহে, জল ছাড়া অক্স কোনো ধাতৃকণা বা লবনাদি তার সঙ্গে মিশিয়া গিয়া জলের গুণের তারতমা উৎপাদন করে: সকল সোণাই (ययन न्यान ; সকল পারদ গন্ধকই যেমন সমান: দকল মাতুষ তো আর দেরপ সমান নয়। মানুষে মানুষে যে বিভিন্নত। ত।' তার প্রকৃতিগত। সে প্রকৃতির বাহিরের কোন বস্তু তার সঙ্গে মিশিয়া গিয়া এ দক্র ভেদাভেদের সৃষ্টি করে নাই। আর ষাহুষে মাহুষে এই প্রকৃতিগত বৈষম্য আছে বলিয়াই প্রকৃতপক্ষে একের যা' ধর্ম অপরের তাই ধর্ম হয় না, একের ভাল মন্দের দ্বারা অপরের ভালমন্দের বিচার সঙ্গত হইতেই পারে না; স্থতরাং কোনে। মারুষ খাঁটি হইলেই যে সকলের বিচারে দে ভালও হইবে, আর সকলে কাহাকেও ভাল বলিলেই যে সে খাঁটি হইবে, এমন কোনে। কথা নাই। বুরং এ সংসারে দশব্দনে যা'কে ভাল বলে অনেক সময় সে খাটি হয় না; নিজের স্বরূপেতে থাকা তার পক্ষে একাস্তই কঠিন হইয়। পড়ে।

ভাল ইংরেজ ও থাটি ইংরেজ,

এমন ইংরেজ তো দেখিয়াছি গাঁহা-দিগকে আমাদে সক্ষেবড়ই ভাল লাগি-

য়াছে। এমন বিস্তর ইংরেজ সর্মদাই তো (मिश्ठ भारे, याँशिमिश्र व्याभारम्य करका নিতান্তই মন্দ ঠেকে। কিন্তু আমরা যাঁহাকে ভাল বলি তিনিই যে খাটি ইংরেজ আর আমরা যাঁহাকে মন্দ দেখি তিনিই যে খাঁটি ইংরেজ নহেন, এমন কথা বলা যায় কি ? বরং আমরা যে ইংরেজকে ভাগ বলি তার পক্ষে খাঁটি ইংরেজ না रुष्प्रातरे मञ्जावना कि (वनी नाहे? नाहे রিপণ্ভামাদের চক্ষে বড়ভাল ইংরেজ ছিলেন। তাঁর মত এমন ভাল লাট বছদিন ভারত শাসন করিতে আসেন নাই। কিন্তু রিপণচরিত্রে যে বস্ত দেখিয়া আমর এত মুগ্ধ হইয়াছিলাম ^ইংরেজচরিত্রের বিশেষত্ব নহে। রিপণের শান্তমূর্ত্তি, দদাপ্রদন্ন ভাব, ,সমাহিত চেষ্টা-চরিত্র, ধর্মভয় ও ভগবন্তুক্তি দেখিয়া আমরা ইংরেজ আভিপাতোর পরিচয় পাই নাই, বরং আমাদের সনাতন ত্রাহ্মণ্য আদর্শেরই কথঞ্চিং আভাদ পাইতাম। আর তারই জন্ম রিপণকে আমাদের এতটা ভাল লাগিয়াছিল। রিপণ গোক অতি মহৎ ছিলেন, সন্দেহ নাই; কিন্তু খাঁটি ইংরেজ ছিলেন, এমন কথা, বলিতে পারি না। রিপণের মত, ভারত-বন্ধু স্থার হেনরি কটনও লোক অতি ভাল। রিপণকে দেখিয়া যেমন হিন্দু ব্রাহ্মণপণ্ডিতের ভাব মনে আসিত, কটনকে দেখিয়া, তাঁর কথাবার্ত্তায় ভাবস্বভাবে, কতকটা সেইরূপ আধুনিক-শিক্ষাপ্রাপ্ত, বিশ্বমানবভক্ত, বাগালী আন্দোলনকারী বা এজিটেটরদের স্মৃতি জাপিয়া উঠে। কলতঃ কটন যথন আসামের চিফ্কমিশনার ছিলেন, তথন শিলপের সিভিলিয়ান্ সমাজ, পরিহাসছলে নিজেদের মধ্যে কথাবার্তায় তাঁহাকে "বাবু চিফ্ বলিয়াই ডাকিতেন। আর তারই জন্ম বস্ততঃ কটনকেও আমাদের এত ভাল লাগে। কিন্তু রিপণ, কটন, এঁরা কেউ যে খাঁট ইংরেজ, এ কথা বলিতে পারি না।

ব্যক্তির ও জাতির :

ইংরেজের ইংরেজত্ব বলিয়া যে একটা বস্তু আছে, সে বস্তু যাঁর ভিতরে ভাল করিয়া ফুটিয়া উঠিয়াছে, কেবল তাঁহাকেই খাঁটি ইংরেজ বলা যাইতে পারে, অক্তকে নহে। ছধ যথন সম্পূর্ণরূপে আপনার স্বরূপে থাকে, তথনই কেবল তাহাকে খাঁটি হুধ বলা যায়। খাটি ছধের চাইতে কারো কারো নিকটে রাবডী ঢের বেশি মিষ্টি লাগে। ডাক্তার কবিরাজের ব্যবস্থায় ঘোল কোনো কোনো ক্ষেত্রে ঢের বেশি উপকারী হয়। কিল্প তাই বলিয়া রাবড়ী বা বোল খাঁটি হুধ হয় না। যেমন হুধের হৃদ্ধর বলিয়া একটা বস্তু আছে, যে বস্তুরূপে হুধ যতক্ষণ থাকে. ত ৩ কণ ই তাহাকে খাটি হধ বলা যায়; সেইরপ ইংবেজেরও ইরেজত বলিয়া একটা বিশেষ বস্তু আছে, এ বস্তুরূপে থাকিলেই ইংরেজ খাঁটি ইংরেজ হয়। তথের তৃগ্ধত্ব যেমন তুধকে তুনিয়ার আর সকল বস্তু হইতে পৃথক করিয়া রাখিয়াছে, তেমনি ইংরেজের এই ইংরেজত্ব বস্তুও তাহাকে ছনিয়ার আর সকল জা'ত হইতে পৃথক করিয়া রাখিয়াছে। সকল মানুষই এক হিসাবে স্থান বটে; কিন্তু আর এক হিসাবে কোনো মাকুষই আর কোনো মামুষের মত নহে। সকল মামুষেরই

(मर-गर्धन (भारतेत छेश्रात अकः , नकालत्रे মোটের উপরে পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও পঞ্চ কর্মেন্দ্রিয় আছে: সকলের ই মধ্যে একাদশ ই क्रिय़ त्राप यन विताक कति তেছেन, মনের উপরে বুদ্ধি; বুদ্ধির উপরে আত্মা; ---সভা ও অসভা, আর্ঘা অনার্ঘ, মাফুরমাত্রেই এ সকল সাধারণ মানবধর্ম রহিয়াছে। কিন্তু তথাপি সকল মানুষ তো সমান নয়। কারণ এই সাধারণ ও সার্বেজনীন মানব ধর্মের মধোই আবার ভিন্ন ভিন্ন মামুষের মধোতার নিজ্জ বা বাজিজ বলিয়া একটা কিছু আছে, যাহাতে প্রত্যেক মানুষকে অপর সকল মানুষ হইতে আলাহিদা করিয়া রাখিতেছে। এই বাক্তিম্ব-বস্তুটী তার চেহারাগ্র, তার চাহনিতে, তার গলার স্বরে, তার পায়ের শব্দে, তার চালচলনে, তার ভাবস্বভাবে, যে ভাবে সে চিন্তা করে, যে রূপে সে ভাবে-চিন্তে,--এ সকলের ভিতর দিয়া প্রকাশ হইয়া পড়ে। বিশেষস্টুকু যাহাতে এক মাতুষকে আব এক মাতুষ হইতে পুথক করিয়। রাথে, ইহাকে সাধারণ মানবগর্মের ব্যক্তিধৰ্ম বলা যাইতে পারে! প্রত্যেক ব্যক্তির, সেইরূপ প্রত্যেক ম**নু**য়া। সমাজের বা মহুজগোষ্টির কতকণ্ডলি নিজ ধর্ম আছে। আরু এই যে নিজম্ব সমাজ-ধর্ম বা গোষ্ঠি-ধর্ম বা জাতি ধর্ম, ইহারই জ্ঞ এক জাতি অপর জাতি হইতে পুথক হইয়া রহিয়াছে'। বিশাল মনুষ্যুত্বের সাধারণ ভূমিতেই ক্তকগুলি বিশেষ লক্ষণ প্রকাশিত হইয়া, হিন্দুর হিন্দুরকে, ইছদীর ইছদীবকে, স্থানের স্থাণয়কে,

ইংরেজের ইংরেজহকে,—এ সকল ভিন্ন ভিন্ন জা'তের জাতিত্ব বা জাতীয় হাকে প্রতিষ্ঠিত করিয়াছে। মাহুষের হিসাবে ইহুণী ও হিন্দ, জাপ ও জর্মাণ, রুশ ও চীন, ইতালীয় ও ইংরেজ, এঁরা সকলেই সমান। সকলেরই গালুষের দেহ, মানুষের মন, মানুষের ভাব-শ্বভাব রহিয়াছে। অথচ জাতির হিসাবে, ইহাদের সকলেই অপর সকল হইতে ভিন্ন। हिन्तुत (हराताय, कथावार्खाय, हालहलत. ভাবপভাবে, এমন একটা বিশেষত্ব আছে যাহ। জগতের আর কোনো জা'তের ভিতরে नार्हे। এই বিশেষজ্টুকুই হিন্দুর হিন্দুর। যে সকল চিহ্ন দারা ছনিয়ার অসংখ্য জা'তের মাঝখানে আমরা হিন্দুকে বাছাই ক্রারয়া আলাহিদা করিতে পারি, তাই তার হিন্দুর। সেইরূপ যে সকল চিহ্নের দারা জ্ব্যাণকে জগতের আর দশ্টা • জা'তের ভিতরে চিনিয়া লইতে পারা যায়, তাহাই তার জর্মাণহ। আর ধে সকল লক্ষণার দার৷ ইংরেজকে এইভাবে বিশ্বের মানবসমাজের মাঝখানে চিহ্নিত করিয়া বাহির করিতে পারা যায়, তাহাই তার ইংরেজয়। এই ইংরেজয়-বস্ত ইংরেজের চেহারায়, তার গঠনে, তার বর্ণে, তার मर्कविध एका भारतीत धर्मा, जात जानजनात, তার ভাবস্বভাবে, জীবনের সকল বিভাগে ফুটিয়া রহিয়াছে। যাঁর ভিতরে এই ইংরেঞ্জ-বস্তু বেশি লক্ষ্য করিতে পারি, যে ইংরেজ আপনার জা'তের এই সকল সর্রপলক্ষণেতে यवश्राने कतिरुद्ध, तकवन ठाँशारक है गाँछि ইংরেজ বলা যায়। আর এই অর্থেই স্টেড্কে আমি অত্যন্ত খাঁটি ইংরেজ বলিতেছি।

ইংরেছত্বের শারীর লক্ষণ

আমাদের দেশের নানা জাতের নান। লোকের ভিতরে কে যে হিন্দু আর কে যে অহিন্দু ইহা যেমন তাহার চেহারাতেই অনেক সময় ধরা পড়ে, সেইরূপ বিলাতের নানা জা'তের লোকের মধ্যে কে যে ইংরেজ ইহা তার চেহার। দেখিয়াই চিনিতে পারা যায়। বিলাতে ইংরেজ আছে, স্কচ বা স্কট আছে, আইরিশু আছে, ওয়েল্শ্ আছে; তাহা ছাডা জর্মাণ, রুশ, ইতালীয়, ফগাসীস, এ সকল শ্বেতাগও বিস্তর আছে। আর কিছুদিন সে দেশে বাস করিলেই কে কোনু জা'তের লোক ইহা তাহাদের চেহারা দেখিয়াই ঠিক করিতে পারা যায়। যেগানে পুরুষাকুক্রমে অসজাতীয় বিবাহ নিবন্ধন নানা জাতের রজের বেশি মেশামিশি হইয়া গিয়াছে, সেধানে কে ইংরেজ, কে জর্মাণ, কে আইরিশ, ইহা একেবারে ঠিক করা যায় না বটে, কিন্তু যেখানে এরপ শোণিত-মিশ্রণ হয় নাই. সেখানে খাঁটি ইংবেজ যে কে ইহা তার চেহারাতেই ধরা পড়ে। খাঁটি ইংরেন্সের চেহারা ভারি ভারি ঠেকে। আইরিশের বা ইতালীয়ের চেহারণ যেমন কাটাছাটা, ইংরেজের চেহারা দেরপ নয়। আইরিণ বা ইতালীয়ের প্রত্যেকটা অঙ্গপ্রতাঞ্চ যেরপভাবে আপন আপন উৎকর্ষলাভের চেষ্টা করে, ইংরেজের যেন দেরপ করে ना। नाक, ८५१थ, जा, कर्पान, ननाहे, कर्व. धोवा.-- बाहेर्त्वि বা ইতালীয়ের চেহারায় এরা সকলে আপন আপন व्यक्षिकारत वर्था ठिष्ठं रहेशा, मकरन मिनिया.

তারই ভিতর দিয়া যেন একটা স্থুন্দর সঙ্গত মিলাইবার চেষ্টা করিতেছে, এরপই মনে হয়, ইংরেজের চেহারাতে এ ভাবনী লক্ষ্য করা যায় না। আইরিশের বা ইতালীয়ের, প্রাচীন গ্রীনীয়ের বা রোমকের চেহারা (मिशिल मान इश (य विधाडां शूक्य वृति আপনার কার্থানায় নিবিষ্টমনে বসিয়া ভাশ্বর্যোর চর্চা করিতে করিতে, বাটুলি দিয়া, এ চেহারাগুলি খুদিয়া বাহির করিয়াছেন। কিন্তু ইংরেজকে গড়িতে যাইয়া কোনো সূক্ষ যন্ত্র ব্যবহার করিয়াছেন বলিয়া বোণ হয় না। ইংরেজের চেহারার উপকরণ-গুলি বেশ বাছিয়া গুছিয়াই যে সংগৃহীত र्रोशाहिल, रेटा अश्वीकात कता यात्र ना। किन्दु (भवेष) (यन, क्वारन) देवत कात्रन-বশতঃ বিধাতাপুরুষ আঙ্গুল **मिया** है দেগুলিকেই ঠাসিয়া, টিপিয়া, ইংরেজের মর্ত্তি গডিয়াছেন, এমনই মনে হয়। তারই জন্ম ইংরেজের গঠনটা কেমন মোটা, ভারি, সুল। চীন-প্রাপের মতন ইংরেজের নাক খাঁদা নয়, আবার আইরিশ বা ইতালীয়ের মত চাঁছাছোলাও নয়. কিন্তু মোটা। ইংরেজের চক্ষু আকর্ণায় হও নহে, অথচ খুব ছোটও নহে'; কিন্তু রংএ ও আকারে কতকটা মার্জার চক্ষ্রই মত; তার মোহিনীশক্তি অত্যন্ত কম। ইংরেজের কেশ কটা; চিবুক চওড়া; গ্রীবা বঙ্কিমও নয়, খাটও নয়, কিন্তু কতকটা মোটা। তার সমুদয় দেহগঠনই অনেকটা সুল। কিন্তু এই সুলবে কোনো বিশেষ কমনীয়তা ফুটিয়া উঠে না, কেবল সতেজ রক্তমাংসের একটা জীবন্ত প্রভাবই যেন অন্নভূত হইয়া

থাকে। এই রক্তমাংদের প্রভাবের একটা বিশেষ শব্দ ইংরেজিতে আছে, আমাদের বলিয়া জানি ভাষায় আছে ইংরেজিতে এ এনিম্যালিজ মৃ বস্তুকে (Animalism) বলে। আর খাঁটি ইংরেজ যত কেন উন্নতচরিবের হউন না. এই এনিখালিজ্ম্বস্তী তার চেহারাতে সর্কদাই সল্প বিস্তর ফুটিয়া রহে। বুলডগ (Bulldog) নামে যে এক জাতীয় বিলাতী কুকুর আছে, শারমেয়-সমাজে তার চেহারা যে ছাচের, কুকুরজাতির ভিতরে সে গেহারার যে বিশেষ হ আছে, মনুয়সমাজে ইংরেজের চেহারাও কতকটা সেই ছাঁচের

ইংরেজত্বের মানস-লক্ষণ

ইংরেজের চেহারা সূল কিন্তু শক্ত, মোটা কিন্তু অনমনীয়, কোন অঙ্গুই তার অপরিস্কৃট নাই, অথচ কোন অঙ্গই যেন ও ইতর্জীব্রের জড় হের প্রভাবকে অতিক্রম করিয়া উঠিতে পারে নাই। (यमन हें रतरकत (हराताय तून छग्रक मरन করাইয়া দেয়, তেমনি তার প্রকৃতিও অনেকটা এই বুল্ডগেরই মত। বুল্ডগ একবার কোনো শীকারের পশ্চাতে ছুটলে সে শীকারকে কখনো ছাড়িয়া আসে না। একবার কোনো শীকারকে ধরিলে, প্রাণ যায় যাক তবুও তার দাতের কবাট আর থোলে न। हेश्दत अप (गहेज्ञाल (य लक्कारक একবার সন্ধান করে, তাহাকে কখনো বাভ না করিয়া ছাড়ে না। যাহা একবার ধরে, প্রাণান্ত হইর্দেও তাহাকে আর পরিত্যাগ করে না। সহজে সে কোনো বিষয়ে কাণ দেয় না। ভুজুকে পড়িয়া সে আত্মহারা

হয় না। কোনোঁ বস্তকে বুঝিতে তার সময় লাগে। কোনো লক্ষ্যকে করিবার পূর্বের দে অনে চ ভাবে-চিন্তে। তার বৈশ্রপ্রকৃতি ক্ষতি-লাভের না করিয়া কোনো ব্যাপারে হস্তক্ষেপ করে না। কিন্তু একবার যদি কিছু বুঝিয়া উঠিতে পারে, একবার যদি কোন লক্ষ্যকে সন্ধান করে, একবার যদি কোনো ব্যাপারে হাত দেয়, তবে তার শেষ পর্যান্ত দেখিবার চেষ্টায় ইংরেজ আর অগ্রপণ্ডাৎ বা ভালমন্দ, বা ক্ষতিলাভ, কোন কিছুরই গণনা করে না। উংরে**জকে দেখিলেই, তার চেহারার** ভিত-রেই, একটা পশুভাবের প্রভাব লক্ষ্য হয়। তার শারীর প্রকৃতিকে অনেকটা তামদিক বলিয়াই মনে হয়, সত্য; কিন্তু তথাপি তাহার মধ্যে নিদ্রালম্য প্রভৃতি তমোধর্ষের লেশ মাত্র আছে বলিয়াও বোধ হয় না। ইংরেজ ব্যবসাদার, দোকান-পশারীর জাত, অথচ দোকানীপশারীর স্বভাবস্থলভ ক্রপণতা তাহাতে নাই। ইংরেজের বুদ্ধি অনেকটা সূল সন্দেহ নাই। সুক্ষতত্ত্বরিবার শক্তি তার কম, ইহা অস্বাকার করা সভব নয়। অথচ স্থলবৃদ্ধি লোকের মধ্যে যে এক প্রকারের মানসিক জড়তা প্রায়ই দেখিতে পাওয়া যায়, ইংরেজের মধ্যে তাহা দেখা শায় না। কথাটা আপতিত স্ববিরোধী হইলেও নিরতিশয় সত্য যে জগতের অপর স্থাতির মধ্যে সচরাচর যাহা নিতান্ত দোষের বলিয়া গণ্য হয়, ' তাহাই ইংরেঞ্রে মধ্যে, ইংরেজপ্রকৃতির বিশেষস্থনিবন্ধন, তার অশেষ গুণগরিমার মূল কারণ হইয়া উঠিয়াছে।

ষ্টেডের শারীর লক্ষণ ও মনের প্রকৃতি

ইংরেজপ্রকৃতির এই সহজ ও বিশেষ ধর্ম গুলি ষ্টেডের মধ্যে অতি আশ্চর্য্যরূপে ফুটিয়া উঠিয়াছিল। আমরা যে প্রসিদ্ধ ইংরেজের চেহার। দেখিয়াছি, তার কোথাও ইংরেজের ইংরেজহটী এমনভাবে প্রকাশিত হইয়াছে বলিয়া মনে পড়ে না। शाष्ट्रीन कि भटन . टिनिमन कि मित्रम, হ্যারিদন কি স্পেন্সার, ওঁদের স্কলের চেহারাতেই এমন কিছু না কিছু চাঁছা-ছোলার, কাটাকুদার ভাব ছিল, যে ভাব খাঁটি ইংরেজের চেহারায় নাই। খাঁটি हेश्दराइव (हरांत। हालाई किनिय, श्वामारे জিনিষ নহে। এ চেহার। मानाभिर्द्यः व्यत्किकी ্মাটাশোটা. অনেকটা স্থল। প্লেডের চেহারাও ঢালাই ছিল, (थानारे ছिল न।। তাহাও অনেকটা मानामित्ध, व्यत्नक्षे। त्माष्टीत्माष्टे। অনেকটা স্থল ছিল। স্থেড্কে দেখিয়া মনে হইত, বিধাত।পুরুষ যে বিশেষ ছাঁচে প্রথমে ইংরেজকে গডিয়াছিলেন বহুদিন পরে বুঝি সেই ছাঁচটাকে ধুইয়া মুছিয়া, ঘ্ষিয়া মাজিয়া, আবার যেন তাহাতেই আমাদের এ কালে স্টেড্কে ঢালাই করিয়া পাঠাইগাছেন। স্টেডের মাথাটা ছিল। আর সেই বড়ও সুগোল মস্তকের ঘননিবিড় কেশরাশি তাঁর ভিতরকার প্রদান করিত। ভাবপ্রবণভার পরিচয় অতিশয় ভাবপ্রবণ লোকে একটু লঘুচিত. একটু চঞ্চল, একটু নিষ্ঠাহীন হইয়াই शाक। कि आंहेतिम्, कि त्र्भनीय, कि ইতালীয়,—য়ুরোপের কি ফরাসীস,

ভাবপ্রবণ লোকেরা সকলেই স্বল্পবিস্তর नपुष्ठि उ प्रकल ও निष्ठाशैन वनिया अभिक। ইংরেজের চরিত্রে এ লবুচিত্ততা এ চাঞ্চল্য, এ নিষ্ঠাহীনতা নাই বলিলেই হয়। ঙ্কেডের আন্তরিক ভাবপ্রবণতার মধ্যেও লঘুটিভতা বা চাঞ্চল্য বা নিষ্ঠাহীনতা ছিল সুগঠিত মস্তকের নিবিড ঠার কেশরাশি যেমন তাঁর ভাবপ্রবণতার পরিচয় দান করিত, তৈমনি আবার তাঁর প্রশস্ত ললাট, উন্নত কপোল, অপেশাকৃত সুল অধরোষ্ঠ ও আয়ত চিবুকের ভিতর দিয়া তার চরিত্রের হৈর্ঘ্য ও গাস্তীর্য্য, কর্ত্তব্যনিষ্ঠা ও দৃঢ়প্রতিজ্ঞতার আভাই ফুটিয়া বাহির হইত। তাঁর চোখ হ'টা ছোট কিন্তু সেই ছোট গোলকের তীব্র দৃষ্টির ভিতর দিয়া লোকচরিত্র ব্রিধার অসাধারণ শক্তি এবং আপনার স্বত্তমার্থ কবিবার উপযোগী রক। একটা বণিকসভাবস্থলভ চতুরতাও প্রকাশিত হইয়া পড়িত। ষ্টেডের মুখের দিকে চাহিলেই মনে হইত, এ লোককে ক্ষেপান যায়, কিন্তু ঠকান যায় না। এ বাজি ফলাফল প্রতাক্ষ করিয়া, কোন অভাষ্ট-সিদ্ধির জন্ম সর্কনাশকে অকুতোভরে আলিম্বন করিতে পারে; কিন্তু ভাল করিয়া না বুঝিয়া, আপনি কোন বিষয়ের স্ত্রাস্ত্র প্রভাক্ষ ও প্রমাণিত না করিয়া, অন্ধ বিশ্বাদের প্রেরণায় বা কোন হজুকের টানে, গোলে হরিবোল দিয়া, অন্ধকারে এক পা-ও চলিতে পারে না। ষ্টেডের চেহারার ভিতর দিয়াই এ স্কল যেন ফুটিয়া বাহির হইত।

ষ্টেডের বালাশিক্ষ

ষ্টেড্অতি সামাত গৃহস্বে ঘরে জনিয়া অতি সামান্ত ভাবেই জীবনযাত্রা আরম্ভ य विश्वविद्यानस्यव শিক্ষাকে আমরা আজিকালি উচ্চশিক্ষা বলিয়া জানি, সে শিক্ষালাভের স্বযোগ তাঁহার ঘটে নাই। ষ্টেড্কোন বড় স্থলে যান নাই। বিলাতে আমাদের দেশের মত বর্ণভেদ নাই, কিন্তু শ্রেণীভেদ আছে। বর্ণভেদে সামাজিক পদ-মর্যাদাকে একান্ত ভাবে বাক্তিবিশেষের জনাও কুলের উপরেই প্রতিষ্ঠিত করে। শ্রেণীভেদে সামাজিক পদ-মর্যাদাকে অনেক পরিমাণে ধনের উপরে প্রতিষ্ঠিত করিয়া থাকে: বর্ণভেদের উপরে যে সমাজ গঠিত. সেথানে ধনের মূল্য কথনই অতিমাত্রায় বাডিয়া যাইতে পারে না। সেখানে ধনী ও নিধ নৈর মধ্যে কোনো প্রকারের আত্যন্তিক ব্যবধানের প্রতিষ্ঠা অসম্ভব। অন্তদিকে শ্রেণীভেদের উপরে যে সমাজ গড়িয়া উঠে. ্সখানে ধনের মূল্যটা আপনা হইতেই চডিয়া যায়। সেখানে ধনী ও নিধ নের মধ্যে জীবনের সকল পথেই একটা ছুর্তি-ক্রমণীয় ব্যবধানের প্রতিষ্ঠা হয়। বর্ণছেদ-প্রতিষ্ঠিত সমাজে, যে বড় কুলে জনাইল, তার ধন থাকু বা না থাকু, আপনার কুলো-চিত বিভা ও জ্ঞান তাহাকে উপাৰ্জ্জন করিতেই হয় ৷ স্মাজও সেখানে আতারীক্ষার জন্ম আপনা হইতেই এই বিঘাও জ্ঞান উপার্জনের ব্যবস্থা করিয়া দেয়। কিন্তু শ্রেণীভেদপ্রতিষ্ঠিত সমাজে টাকা দিয়া বিছ্যা কিনিতে হয়। এইজন্ম শ্রেণীভেদের উপরে যে সমাব্দের প্রতিষ্ঠা, সেখানে বিদ্যালাভ

ধনীদেরই সাধ্যায়ত, দরিদ্রের পক্ষে সহজ নহে। বিলাতে ইটন (Eton), হ্যারো (Harrow), উইন্চেষ্টার (Winchester), রাগ্বী (Rugby) প্রভৃতি কতকগুলি প্রসিদ্ধ স্থল আছে। দেশের বড়লোকের বালকেরাই এই সকল স্কুলে যাইতে পারে। আভিজাত্যের দাবী খ্রাহাদের নাই,তাহাদের পক্ষে এ সকল স্কুলে যাওয়া অসম্ভব। স্কুলের বালকেরাই অক্সফোর্ড সকল (Oxford) ও ক্যান্থিজ (Cambridge) कृष्टे विश्वविकात्रस्य यादेशा थाक । অক্সফোর্ড (Oxford) ও ক্যাম্থিভূ (Cambridge) এই তুই পুরাতন প্রতি বিশ্ববিদ্যালয়ের দার সকলেরই উন্মুক্ত রহিয়াছে সত্য, কিন্তু এগানে বিদ্যালাভ করা এতই বায়সাধ্য যে দেশের সাধারণ গরিব লোকে সে ব্যয়ভার বহন করিতে পারে না। তার উপরে এই ছইটী বিলাতী বিশ্ববিদ্যালয়ের সামাজিক জীবনের মধ্যে এমন একটা আভিজাত্যের অভিযান জাগিয়া আছে যে, সমাজের নিয়শ্রেণীর বালকের! সেখানে যাইয়া অনেক সময় "হংস মধ্যে বকো যথা"র ন্যায় বিভৃষিত হইয়া থাকে। ঠেড্ গরিব গৃহস্থের সন্তান। বিলাতী সমাজের আভিজাতশ্রেণীর সঙ্গে তাঁর পরিবারের কোন প্রকারের সম্বন্ধের গন্ধ মাত্রও ছিল না। স্কুতরাং কোন প্রসিদ্ধ স্কুলে বা প্রাচীন বিশ্ববিদ্যালয়ে যাইয়া কোন প্রকারের উচ্চশ্রিক্ষা লাভ করিবার স্থযোগ তাঁহার ঘটে নাই। সামাক্ত লেখাপড়া শিখিয়া অতি অল্প বয়সেই এক আফিসের ছোকুরার বা এরেও বয়ের (Errand-

Boy) কর্মগ্রহণ করিয়া স্টেড্কে জীবন-যাত্রা আরম্ভ করিতে হয়।

কালেজের শিক্ষা ও কাজকর্ম্মের শিক্ষা

বিধাতার বিশ্বের যেখানেই কোন বিশেষ यन जागिया छेर्छ, (मशास सिह यस्मित्रेहे সঙ্গে সঙ্গে তার প্রতিবিধায়ক ভালটাও আপনা হইতেই গড়িয়া উঠে। মান্তবের প্রকৃতি কখনই চিরকাল বা দীর্ঘকাল কোন মন্দকে আশ্রয় করিয়া তিষ্ঠিতে পারে না। ব্যক্তির পক্ষে ইহা অসম্ভব, সমাজের পক্ষে ইহা অসাধ্য। যাহা অপূর্ণ তাহাই মণ। আর মানবপ্রকৃতি পূর্ণতার বীজ বুকে ধরিয়া ঋজুকুটিলভাবে সেই পূর্ণতার দিকেই ক্রমে ফুটিয়া উঠে। ব্যক্তিও ইহাই করিংছে, সমাজ এই পথেই চলিতেছে। আর তারই জন্ম কি ব্যক্তিগত, কি দামাজিক, মামুষের সকল প্রকারের প্রয়াস ও প্রতিষ্ঠার ভিতরেই ভালোর মধোই মন্দের মধ্যেই ভালো মিশিয়া রহে। এই রজতপ্রধান বিলাতীসমাজে গরিব লোকের পক্ষে উচ্চশ্রেণীর বিদ্যালয়ে কিছা প্রাচীন বিশ্ববিদ্যালয়ে যাইয়া বিদ্যালাভ করা যেমন কঠিন, অন্তদিকে সেইরূপ এ সকল স্থােগ না পাইয়াও যত লােক সেখানে কেবল আপনার অমুশীলন ও অধ্যবসায়বলে অতি উচ্চ অঙ্গের শিক্ষালাভ করিয়া সমাজে অসাধারণ সম্ভ্রম ও প্রতিপত্তি লাভ করিতে পারেন, অন্ত কোন সমাজে তাহা সম্ভব হয় না। কি ব্যবসা-বাণিজ্যে কি রাষ্ট্রীয় কার্যো কিমা নৃতন তবের আবিদ্বারে বিলাতে যাঁহারা সমাজে অসাধারণ খ্যাতি माछ करतन, डाँशांमत नकत्व ना खाँनकि

যে অক্লেডি বা ক্যান্তির লোক, এমন নহে। ইংরেজের বিশাল বাণিজ্য গড়িয়া তুলিয়াছেন, বোধ হয় তাঁহাদের একজনেরও বিধ্বিদ্যালয়ের সঙ্গে কোনো সম্পর্ক ছিল না। ইংরেজজাতির কাত্রবীধ্য যে সকল মহাবীরকে করিয়া ব্রিটিশদামাজ্যের প্রতিষ্ঠা করিয়াছে, তাঁহাদের মধ্যে ক'জনের সঞ্চেই বা অক্স-ফোর্বাক্যামিজের কোন সম্পর্ছিল ? বারুণীর অঙ্কে বঁদ্ধিত ইংরেজের নৌ-বিলাদ হইতেই ইংলণ্ডের বিশ্ববিজয়িনী নৌশক্তির অভ্যুদয় হইয়াছে, অক্সফোড বা ক্যান্থিকের হইতে হয় নাই। সকলে অকৃসফোর্ড বা ক্যাম্বিজে যাইতে পারে না বলিয়াই ইংরেজসমাজের এত লোক বালো কোন শিক্ষা না পাইয়াও শুদ্ধ আপনাদের অদমা অধ্যবসায়বলে পর-জীবনে সমাজের শ্রেষ্ঠজনের সমকক্ষ হইয়া উঠিতে পারে। এই অদম্য অধ্যবসায় ইংরেজ-চরিত্রের একটা বিশেষ লক্ষণ।

ষ্টেডের অধ্যবসায় ও কৃতিহ

এই অধ্যবসায় গুণেই ট্রেড্ও অতি
সামান্ত গৃহস্থের ঘরে জন্মিয়া, শৈশবে
উপযুক্ত শিক্ষাদীক্ষালাভের কোনো সুযোগ
না পাইয়াও, পরজীবনে কেবল আপনার
দেশে নহে, কিন্তু সমগ্র সভ্যসমাজে এতটা
প্রসিদ্ধি লাভ করিতে পারিয়াছিলেন।
একদিন যে সামান্ত হরকরার কাজে নিযুক্ত
হইয়া লগুনের রাজপথে চিঠি হাতে
করিয়া ছুটোছুটি করিত, পরে এমন এক
দিন আসলি, যখন ক্রসিয়ার জার। Czar)
ও জর্মণীর ক্যায়সার (Kaiser), তুরস্কের

স্থলতান ও ইংলণ্ডের সম্রাট, নিয়ম-তন্ত্রাধীন রাজমন্ত্রী ও প্রজাতন্ত্রাধীন প্রেসিডেন্ট, সমাজসংস্থারক ও ধর্মপ্রচারক, তাঁহারই পরামর্শপ্রাথী হইয়াছিলেন। অথচ ঠেড্ কথনো সাক্ষাৎভাবে কোন রাষ্ট্রীয় কর্মভার গ্রহণ করেন নাই। ব্রিটিশ পালে মেণ্টে প্রবেশ করা তাঁহার পশ্বে অসাধ্য ছিল না। তাঁহার অপেক্ষা অনেক নীচুদরের ইংরেজও পালে মেণ্টে যাইয়া ক্রমে মন্ত্রীদলে পর্যান্ত চুকিয়াছেন। ইচ্ছা করিলে স্টেড্ও তাহা পারিতেন কিন্তু এ চেষ্টা তিনি কথনো করেন নাই। একবারকেবল তিন্দিনের জন্য পালে মেণ্টে যাইবার তাঁর সাধ হইয়া ছিল,—আমাকে একদিন কথা প্রসঙ্গে বলিয়াছিলেন। তথন আইরিন্ লোক-নায়ক পার্ণেল জীবিত ছিলেন। সে সময়ে কি একটা সামাজিক বা রাষ্ট্রীয় অহিতাচারের তীব্র প্রতিবাদ করা আবশ্রক হয়। টেঙ্ পার্ণেলকে তখন একটা আইরিস কন্টি-টুয়েন্সী Constituency) জোগাড় করিয়া তিন-চা'র দিনের জন্ম তাঁহাকে পালে মেণ্টের সভ্য করিয়া দিতে বলেন। পালে মেণ্টে দাড়াইয়া এই অহিতাচারের প্রতিবাদ করিয়া একটী মাত্র বক্তৃতা দিয়াই তিনি তাঁর পদ প্রত্যাখ্যান করিয়া যাঁর স্থান তাহাকে দিতে রাজি হন। যাহা হউক ষ্টেডের এই ক্ষণিক সাধও পূর্ণ হয় নাই। কিন্তু পালে মেণ্টের সভা নাহইয়াও ব্রিটশসাম্রাজ্যনীতির বিকাশসাধনে ষ্টেড্ যতটা সাহায্য করিয়াছেন, গ্লাডটোন প্রভৃতি অ্বতি অল্পসংখ্যক ব্রিটিশ ও ঔপনি-বেশিক রাষ্ট্রমন্ত্রী ব্যতীত আর কেহ ততটা শাহায্য করিয়াছেন কি না, সন্দেহের কথা[।]

আরু ষ্টেডের এই অসাধারণ কুতিবের পশ্চাতে তাঁর সাচ্চা ইংরেজ-প্রকৃতিটীই দেখিতে পাওয়া যায়। স্টেডের বুদ্ধি যে চিল, তাহা নিবতিশয় সূসা ইংরেন্ধের স্বাভাবিকী বৃদ্ধি একটু মোটা। তাহা ভারে কাটে কিন্তু ধারে কাটে না। সুক্ষ তত্ত্বে বা জটিল বিষয়ে কোনো ইংরেজের বৃদ্ধি সহজে প্রবেশ পারে না। কোনো জটিল সমস্তার জটিল । প্রতাক্ষ করিতে পারিলে, একটা সমাকদর্শন कृष्टिया छेट्ठ। हेश्टब्रक्युक्तित এ সমाक নাই। যে অগ্রপন্চাৎ বিবেচনা বাবসায়ীর লাভালাভ জানিবার অত্যাবশুক, ততটুকু দূরদর্শিতা ইংরেজের -বুদ্ধিরও আছে। কিন্তু যে সমাকদৃষ্টি তবদশীর লক্ষণ, ইংরেজের সে সমাকদৃষ্টি নাই। আর সেরপ সমাকদৃষ্টি বিলয়াই ইংরেজের একটা অসাধারণ 'গৌ' আছে। এই গোঁয়ের জোরেই ইংরেজ ছুনিয়া জয় করিয়াছে। আর এই গোঁয়ের জোরেই ষ্টেডও অসাধারণ বিভার বল, অথবা বিপুল ধনের বল, কিমা উচ্চ বল ব্যতীতও আজীবন আভিজাত্যের ইংরেজসমাজে রাজা ও প্রজা, ইতর ও ভদ্র, সকলের উপরে এতটা আধিপতা ভোগ করিয়া গিয়াছেন।

"Maiden Tribute.

ষ্টেডের প্রথম প্রতিষ্ঠা "পেল্ মেল্ গেন্ডেট" (Rall Mall Gazette) নামক পত্রিকায়। সে আজ প্রায় জাটাশ বৎসরের কথা। ইংলণ্ডের সংকাদপত্রের পাঠকদিগের নিকটে ষ্টেড্ তার পূর্ব্ব ইইতেই স্থপরিচিত ছিলেন। কিন্তু যে দিন "Maiden Tribute of Modern Babylon" নামক প্রবন্ধা বলী পেল্ মেল্ গেজেটে প্রকাশিত হইতে আরম্ভ করিল, সে দিন সমগ্র সভাজগতের চক্ষু স্টেডের উপরে যাইয়া পড়িল। সেদিন ইংরেজ বুঝিল যে বহুদিন পরে একজন মানুষের মত মানুষ দেশে জ্নিয়াছে। গে দিন ছনিয়া দেখিল যে ইংরেজের বিপুল ধনরাশি, তাহার প্রচণ্ড ভোগবিলাস. তাহার স্থ ও সৌখিনতা এ স্কলের প*চাতেও একটা সাচ্চা মহুষাত্ব-বহু জাগিয়া আছে। সে দিন ইংরেজ-সমাজের সঙ্গে সংস্থ সমগ্র মুরোপীয় সমাজেও একটা শাড়া পড়িয়া গেল। লণ্ডন সহরে সে সময়ে একদল বড়লোক গরিব পিত মাতাকে টাকা দিয়া বশ্করিয়া তাহাদের উদ্ভিন্থীবনা, অঞাপ্তবয়স্কা বালিকাগণের मर्काना कतिर ग्रिला। এই পাপে ইংরেজ আভিজাত সমাজ নীরয়গামী হইতেছিল প্রাচীন বেবিলনে, আমাদের কোনো কোনো তান্ত্রিক সাধনের ভাষ धरणत नारम, अकल्यानी कुमातीशरणह সতীত্ব নাশ করা হইত, এরপে কিম্বদন্তী আছে। এই কিম্বদন্তী স্বরণ করিয়াই স্টেড লণ্ডন সহরকে মডার্ণ বেবিলন (Modern Babylon) নামে অভিহিত করেন। আং বেবিলনের পুরাতন গহিতাচার করিয়াই কুমারী-বলি বা Maiden Tribute বলিয়া লগুনের ধনীলোকদিগের আধুনিক পশুরুত্তির ব্যাখ্যান করেন বিলাতের অতিবড় সম্রান্ত লোকেরাও এই পাপে লিপ ছিলেন। মাতৃরপিণী রমণী?

শ্রেষ্ঠতম বস্তু যে এরপভাবে বেচা কেনা হয়, ষ্টেড ইহা সহ্য করিতে পারিলেন না। এ তুরাচারের প্রতিরোধ ও প্রতিবিধান করিবার জ্ঞান্ত স্প্রিয়া দাডাইলেন। কেবল লোকের কথার উপরে নির্ভর করিয়া সমাজের সম্ভান্ত লোকের বিরুদ্ধে অত বড় অভিযোগ আনা সঙ্গত নহে ভাবিয়া, তিনি স্বয়ং ইহার প্রত্যক্ষ খ্মাণ সংগ্রহে নিযুক্ত হইলেন। আপনি একজন ^{*} লম্পট সাজিয়া, যাহারা এই গহিত ব্যবসায়ে নিযুক্ত ছিল, তেমন একটী উদ্ভিন্নযৌবনা দার। লোকের বালিকার মাতাকে উপযুক্ত অর্থ দিয়া, তার কন্তাকে সংগ্রহ করিলেন। বিলাতী আইনে সে সময়ে যোডশ বর্ষই বালিকাগণের নিয়তম "সম্বতির" বয়স বলিয়া নির্দারিত ছিল। এই বালিকার বয়স যে ষোড়শ বর্ষের ন্যন ইহা সতা সতা ডাক্তার দিয়া পরীক্ষা করিয়া লইলেন। যথন এতটা প্রমাণ স্বয়ং সংগ্রহ করিলেন, ব্যাপারটা যে সত্য সে বিষয়ে যথন আর তিলপরিমাণ সন্দেহের অবসর রহিল না, তথন ইহার কথা সাধারণ্যে প্রচার করিয়া Maiden Tribute-শীর্ষক প্রবন্ধগুলি পত্রস্থ করিলেন। এই প্রবন্ধ প্রকাশিত হইবা মাত্র, চারিদিকে जुमून आत्मानन काणिया पिठेन। धनीमन আপনাদের কলক্ষ রটনায়, ক্রোধে, ভয়ে, লোকলজ্জায় অস্থির হুট্যা পড়িলেন। ইংরেজ জনসাধারণে দারিদ্রোর অবমাননার কথা পড়িয়া ক্ষেপিয়া উঠিল। সভ্যম্বগতের লোকে ইংরেজের নামে ধিকার দিতে লাগিল। Maiden Tribute লেখার জন্স

ষ্টেড্কে রাজ্যারে দণ্ডিত, করা অসম্ভব দেথিয়া, তাঁর শক্রগণ স্টেড্ আপনি যে একটী অপ্রাপ্তবয়স্কা কুমারীকে ডাক্তার দিয়। পরীক্ষা করাইয়া, আপনার প্রমাণ সংগ্রহ করিয়াছিলেন, সেই হৃত্তেই, ষ্টেড্ অপ্রাপ্ত-বয়স্বা কুমারীর সম্রম নষ্ট করিয়াছেন বলিয়া তাঁহার নামে নালিশ রুজু করাইলেন। অপাপ্তবয়স্কা বালিকার সহবাসের চেষ্টা করিয়াছেন বলিয়া ষ্টেড্রাজম্বারে অভিযুক্ত হইলেন। বিচারে দোষী সাব্যস্ত হইয়া তাঁর কারাদণ্ড হইল। কিন্তু এজন্য স্ক্রেডের তুঃখ হইল না। এ দণ্ড তাঁর নিন্দার হেতু না হইয়া শ্লাঘার কারণই হইল। কারা-বাস তাঁৰ অপমানের বিষয় না হইয়া অশেষ গৌরবের বিষয় হইয়া উঠিল। আমরণ পর্যান্ত স্টেড যে তারিথে তাঁর কারাদণ্ড হট্যা-ছিল, প্রতি বৎসর সেই দিন সেই পুরাতন কয়েদীর পোষাক পরিধান করিয়া, সেই ত্যাগযক্তের সাম্বংসরিক উৎসব করিতেন। স্টেডের জেল হইল বটে, কিন্তু যে গোপনীয় অত্যাচারের কথা লোকমণ্ডলী মধ্যে প্রচার করিয়া তিনি এ দণ্ডভোগ করেন, সে অহিতা-চাররও প্রতিবিধান হইল। Maiden Tribute নীর্যক প্রবন্ধাবলীর প্রতাক্ষ ফল-স্বরূপ বিলাতের প্রাচীন দণ্ডবিধিতে অষ্টাদশ বর্ষের ন্যুনবয়স্কা মুবতীগণের সহবাসকে দণ্ডনীয় করিয়া, নৃতন বিধান সন্নিবিষ্ঠ হইল। এই বিধান অনুসারে অবিবাহিত। क्षीत्नारकत् "मग्राजित्" वयम अष्टेशमनवर्ष নির্দ্ধারিত হইল। ১৮৮৫ খুটাব্দের ক্রিমিন্সাল এমেণ্ডমেণ্ট আন্ত (Criminal Amendment Act.) इंश्राज्य भगाज-कौनानद

ইতিহাসে, ষ্টেডের অক্ষয় কীর্ত্তি বলিয়: চির্লিন ঘোষিত হইবে।

বিলাতী সংবাদপত্র-সম্পাদনে ষ্টেডের বিশেষক

সাময়িক পত্রের লেখক ও বলিয়াই ষ্টেড্ খাধুনিক সভাজগতে এতটা প্রদিদ্ধি লাভ করিয়াছিলেন। আধুনিক সময়ে সাময়িক সংবাদপত্রের প্রভাব অত্যন্ত বেশী সন্দেহ নাই। কিন্তু সাময়িক পত্রের প্রভাব যত, এই সকল পত্রের লেখকদিগের প্রতিষ্ঠা তার শৃতাংশের এক অংশও হয় না। ফলতঃ এ সকল পত্তে কে লেখে বা ना (लर्थ, माधात्र (लारक जात यवतायवत রাখে না। বিলাভী সাময়িক পত্র সকল पन वित्यस्य भूथपञ **रहेग्राहे था**त्व। (य পুত্রিকা যে দলের মুখপত্র, তাহাতে সেই দলের মতামত ও রীতিনীতিরই পোষকতা করা হয়। এই সকল রচনার ভিতর দিয়া ["]লেখকগণের ব্যক্তিম ফুটিয়া উঠিবার অবনর शांत्र ना। (लथरकता श्रमा शहिरा (लर्थन। যাঁহাদের বেতনভোগী হইয়া ইহাঁরা প্রবন্ধাদি রচনা করেন, তাঁহাদের মতামতই ইগা-দিগকে ব্যক্ত করিতে হয়। নিজেদের বিচারবুদ্ধির অনুযায়ী কোনো কিছু লিখিবার অদিকার ইহাঁদের প্রায়ই থাকে না। कथाना कथाना निष्कालत यांश मू नग्न, ্মন বিষয়ও ইহাদিগকে লিখিতে হয়। এরীপ ব্যবসাদারী সাহিত্যচর্চ্চায় ক্ষুন্নিরন্তির ব্যবস্থা হইলেও মনোর্ত্তির ক্ষুরণ কিমা মশুষ্যত্বের বিকাশ সম্ভব হয় না। বিলাতের ধনীলোকেরা এবং রাজনৈতিক, সম্প্রদায়ের নেত্বৰ্গ বহুকাল ধ্রিয়া সংবাদপত্তের সম্পাদক ও লেখকগণের মনুষ্যবকে এইরূপ-

ভাবে চাপিয়া রাখিয়া ও পিষিয়া মারিতে ছिলেন। १४७ हे नर्स ११४ स এই निष्ठृत দাসত্বের বিরুদ্ধে দণ্ডায়মান হইয়া সংবাদ-পত্রের সম্পাদকের ও সাময়িক পত্রের লেখক-গণের আত্মসন্মানবোধকে জাগাইয়াতোলেন: পঁচিশ ত্রিশ বংসর পূর্বের বেনামী লেখাই বিলাতী সংবাদপত্তের সাধারণ রীতি ছিল। ষ্টেড্ই দর্শপ্রথমে নিজের নাম দিয়া সংবাদ-পত্রে লিখিতে আরম্ভ করেন। আজিকালি তাঁহারই পদান্ধ অনুসরণ করিয়া বিলাতের প্রসিদ্ধ শাম্যাক পত্তের লেখকগণ নিজের নাম দিয়া প্রবন্ধাদি লিখিতে আরম্ভ করিয়া-ছেন। পূর্ব্বকার বেন¹মী লেখাতে সংবাদ-পত্র বিশেষের ই প্রতিষ্ঠা হইত, দল বিশেষেরই প্রতিপত্তি ও আধিপত্য বাড়িয়া যাইত; জনগণের চিন্তাও চরিত্রের কিম্বা রাষ্ট্রের কর্ম ও নীতি সম্বন্ধে লোক্যত সংগ্রহকারী সাময়িকপত্রের লেখকগণের ব্যক্তিয়ের ও বিলাবুদ্ধির কোনো প্রকারের প্রভাব প্রতিষ্ঠিত হইত না। তেও এ সকলকে বদ্লাইয়া গিয়াছেন। সাম্যাক পত্রের লেখকগণ যে রাষ্ট্রীয় জীবনগঠনে কতটা সহায়তা করেন. প্রতিভাশালী সংবাদপত্তের সপ্পাদকের পদ-গৌরব ও শক্তিসাধ্য যে কোনো রাজমন্ত্রী বা রাষ্ট্রমন্ত্রী অপেক্ষ। কম নহে, কিন্তু কোনো কোনো স্থলে অনেক বেশী; লোকে পূর্বের ইহা কখনো অমুভব করে নাই। স্টেড কে দেখিয়া তারা এখন ইহা বৃকিয়াছে। স্টেড সংবাদপত্রের সম্পাদক ও সাময়িক পত্তের লেখক ছিলেন। কিন্তু কি স্বরাষ্ট্রের কিন্তা পররাষ্ট্রের বিশেষ বিশেষ নীতি নির্দ্ধারণে তিনি যে পরিমাণে সাহায্য করিয়াছেন,

অনেক রাষ্ট্রমন্ত্রী তাহা করিতে পারেন নাই। ইংরেজের নো-নীতি আজ যে অমুসরণ করিয়া চলিয়াছে, তাহা বহুল পরি-মাণে স্টেডেরই উদ্ভাবিত। জর্মণী প্রভৃতি প্রতিদ্বন্দী রাষ্ট্রশক্তির নৌবলের ইংরেছের নৌশক্তিকে কি প্রিমাণে বাড়াইতে হইবে, তাহার মূলমন্ত্রী প্লেড়ের উদ্ভাবিত হয়। প্লেড্ই এ কথা বলিয়াছিলেন যে, অপরে যখন এক খানা যুদ্ধজাহাজ নির্মাণ করিবে, ইংলগুকে তখন তু'খানা নির্মাণ করিতে হইবে। আজ উদারনৈতিক ও রক্ষণশীল উভয় দলের রাষ্ট্র-নৈতিকেরা একবাকো এই আদর্শ অবল্ধন করিয়া চলিয়াছেন। আজি কালি য়ুরোপের সর্বত্র শালিশীর দারা যে রাষ্ট্রীয় বিরোধের নিপাত্তির চেষ্ঠা হইতেছে, ষ্টেড্ তাহারও সূত্রপাত করেন। কতিপয় বংসর পূর্বের হেগ্ (Hague) নগরীতে সভ্যন্ধগতের ভিন্ন ভিন্ন রাষ্ট্রের প্রতিনিধিগণ মিলিয়া, প্রতিদন্দী রাষ্ট্রের মধ্যে যুদ্ধবিগ্রহের শান্তি হইয়া পরপারের বিবাদ যাহাতে আপোষে মিটিতে পারে, তাহার বিচার আলোচনা করিয়াছিলেন। থেড সেই শান্তিসমিতি বা 'Peace Confernce' এরও প্রধান উল্লোক্তা ছিলেন। তাঁহার চেষ্টা ও অধান্দায় বাতীত এই অনুষ্ঠান যে কথনই সম্ভব হইত না, ইহা সকলেই এখন একবাকো স্বীকার করিতেছেন। ষ্টেডের ধনবল ছিল না। ষ্টেড কোনো রাষ্ট্রনতিকদলের নেতা ছিলেন না। তাঁর লোকবলও ছিল না। তাঁর অসাধারণ ধীশক্তি কিম্বা অলোকসামান্ত প্রতিভাও ছিল না। তাঁর ছিল কেবল অদমনীয়

অধ্যবসায়, অকপট সত্যাসুরাগ ও ধর্মাসুরাগ, অসাধারণ আত্মনির্ভর এবং নিঃস্বার্থ স্বদেশ-প্রেম ও লোকহিতৈষা। ঠেড় বালকের **অায় সরল ছিলেন**. স্ত্ৰীলোকেব কোমলন্বদয় ও সেহপ্রবণ ছিলেন, সিংহের সায় সাহসী ছিলেন ও পর্বতের স্থায় অটল ছিলেন। আবে তাঁহার মধ্যে এ গুণের সমাবেশ ছিল বলিয়াই, সামান্ত শাময়িক পত্রের সম্পাদক ও লেখক হইয়াও তিনি সাময়িক ইতিহাসে এরপ অক্ষয় কীর্ন্নি রাখিয়া গিয়াছেন। সংবাদপত্র-পবিচালকগণ তুই পথ ধরিয়া প্রতিপত্তি ও প্রতিষ্ঠা লাভ করিতে পারেন। এক পথে যাইয়া, সর্পদা লোকমতের অন্সদরণ করিয়া, জনসাধারণে যখন যে ভাবে ক্লেপিয়া উঠে সেই ভাবেতে ইন্ধন শোগাইয়া ভাঁহারা সহজেই লোকে গ অনুবাগভাজন হইতে পারেন। আর এক পথে যাইয়া, জনসাধারণের কি ভাল লাগিবে দে দিকে দৃক্পাত না করিয়া, কিসে তাহাদের ভাল হইবে, তারই অফুধ্যান করিয়া, তাহাদিগকে প্রেয়ের পথে নয়, কিন্তু শ্রেয়ের পথে পরিচালিত করিবার চেষ্টা করিতে পারেন। প্রথম পথের পথিক লোকমতের অনুসরণ করিয়া অনুগত ভৃেরে লায় জনসাধারণের সেবা করেন। এ পথ সহজ : এই পথে অনায়াদে বা অতি স্বল্লায়াসেই সংবাদপত্র-পরিচালক আপনার পশার বৃদ্ধি করিতে পারেন। ব্যবদাদারের পথ। বিলাতের প্রতিপত্তিশালী সংবাদপত্রের ও সাময়ি শতের প্রায় সকল গুলিই এই পথের পথিক। লোকমতের হাওয়া যখন যে নিষয়ে যে দিকে প্রবলবেগে

ছুটিতে আরম্ভ করে, তখন ইহারা সেই দিকেই আপনাদের লেখনী চালনা করিয়া প্রবল রাষ্ট্রীয়-দলের দেশের প্রত্যেকেরই হু' এক খানা মুখপত্র আছে। এই সকল সংবাদপত্র নিজ নিজ দলের নেতৃবর্গের মুখাপেক্ষী হইয়া চলে। এক भगरत विनाट तक्क नभीन ও উদার নৈতিক, লিবারেল্ ও কন্সারভেটিভ (Lilberal ও Conservative) এই তুই প্রতিদ্দী দলের কোনোটারই একান্ত অনুগত নয়, এমন সংবাদপত ছিল না। তথন গাঁৱা সংবাদপত্র কিনিতেন ও পড়িতেন, তাঁরা সকলেই হয় কন্সারভেটিভ না হয় লিগারেল এই হুই দলের একদল ভুক্ত হইতেন। আর এই তুই দলের মধ্যে এতটা রেশারেশি ছিল যে একদলের লোকে অপর দলের পৃষ্টপোষক সংবাদপত্র স্পর্শ পর্যান্ত করিতেন না। সাময়িক পত্রের পাঠক সংখ্যাও তথন অল্প ছিল। ক্রমেই এ সকল অবস্থার গোরতর পরিবর্ত্তন ঘটিতেছে। সাময়িক পত্রের পাঠকসংখ্যা পূর্কাপেক্ষা এখন অনেক গুণে বেশী হইয়াছে। আগেকার দলাদলির ভাবটাও ক্রমে কমিয়াছে। কোনো বিশেষ রাষ্ট্রীয়দলভুক্ত নহে, সাম্য্যিক পত্রের এরূপ অনেক পাঠক এখন জুটিয়াছে। এ সকল লোকই পালে মেণ্টে সভ্যনির্বাচন সময়ে এই, তুই প্রতিদন্দীদলের ভাগ্যবিধাতা হইয়া থাকে। যখন যে দলের দিকে ইহারা ঝুকিয়া পড়ে, তথন সেই দলেরই দ্ধিত হয়। আর আজিকালি বিলাতে এই সকল লোকই ব্যবসাদারী সাময়িক পত্র শকলের প্রভু হইয়া বিসিয়াছে। স্কুচতুর ব্যবসায়ী যেমন পাজারের

মতিগতি লক্ষ্য করিয়া আপনার পণ্য সংগ্রহ করে ও দোকানপাট সাজায়, গ্রাহকের মন জোগাইয়া প্রদা উপার্জন করা ছাডা আর কোনো উচ্চতর লক্ষ্য যেমন তার থাকে না, সেইরপ এই সকল সংবাদপত্র-পরিচালক ও লোকমত কোনু দিকে চলিতেছে তাহাই লক্ষ্য করিয়া দেখেন এবং সেই পোষকতা করিয়াই আপনাদের মতামত ব্যক্ত করেন। কোনো বিষয়ের সত্যাসত্য, ভালমণ বা ধর্মাধর্মের বিচার ভাঁহাঞের কর্ত্ব্যসীমার বাহিরে পড়িয়া রহে। এই সকল সংবাদ-পত্র-পরিচালক জন্মণ্ডলীর পরিচারক রূপে তাহাদের মর্জ্জি শোগাইয়াই ভ' পয়সা উপার্জন করেন; লোকের ইষ্টানিষ্ট ও দেশের ভালমন্দের প্রতি ইহাঁদের দৃষ্টি নাই। বিলাতের অধিকাংশ সাম্য়িক পত্রই এখন এই পথ ধরিয়া চলিতেছে। ডে'লি মে'ল (Daily Mail) জাতীয় সংবাদ পত্র এই পথ ধরিয়া চলিয়াই দেশটা লুটিয়া খাইতেছে। কিন্তু ইহাই সংবাদপত্র ও সাময়িকপত্র-পরিচালনার শ্রেষ্টতম আদর্শ নহে। ভালমন্দ বিচার না করিয়া লোকমতের অনুসরণ করাই সংবাদ-পত্র ও সাময়িক পত্রের ব্যবসায় বা করবা নহে। সংবাদপত্র ও সাময়িক সম্পাদক ও লেখক জনমণ্ডলীর পরিচারক হুইবেন না, কিন্তু পরিচালকই হুইবেন; অনুগত ভূত্য হইবেন না, কিন্তু তাহাদের শক্তিশালী গুরু হইয়া, তাহাদিগকে প্রেয়ের পথ হইতে প্রতিনির্গু করিয়া শ্রেয়ের পথে नहेश यहितन। हेशहे সংবাদপত সাম্যাক প্রের সত্য লক্ষ্য। আর আধুনিক

বিলাতী সমাজে যে অত্যল্পসংখ্যক সাম্য়িক পত্তের সম্পাদক ও লেখক এই লক্ষ্যের অমুসরণ করিয়া চলিতে চেষ্টা করিয়াছেন, (हेफ उँ१शास्त्र भएका मर्खा अर्थान हिल्लन। যে কালে ষ্টেড এই আদর্শ ধরিয়া চলিতে আরম্ভ করেন, সে কালে বিলাতী সংবাদ-পত্র সম্পাদক ও লেখকবর্গের ব্যক্তিম্ব ও श्वाधीनजा विवास (कारना वश्व किन न।। (य পেলুমেলুগেজেটকে আশ্র করিয়া ঠেড গাহিতো অসাধারণ বিলাতের সামর্থিক প্রসিদ্ধি লাভ করেন, সেই পেল মেল্ গেছেটের সঙ্গেও বেশী দিন একসঙ্গে কাজ করা তঁহার পক্ষে অসম্ভব হইয়া উঠিল। ষ্টেড্ "পেল্মেল্" পরিত্যাগ করিলেন। যে আদর্শের অনুসরণ করিতে যাইয়া তাঁহাকে পেল্ মেল্ ছাড়িয়া দিতে হয়, অন্ত কোনো সংবাদপত্তের বেতন-ভোগী সম্পাদক বা লেখকরপে সেই আদর্শের অনুসরণ করা সম্ভব ছিল না। আপনার জীবনের লক্ষ্য সাধনের জন্ম স্থেচ্কে তখন আপনার সত্তাধীনে একথানি সাময়িক পত্র প্রতিষ্ঠার আয়োজন করিতে হয়। এইরূপেই তাঁগার বিশ্ববিশ্রুত রিভিউ অব্ রিভিউজের Review of Reviews) উৎপত্তি হয়। এই পত্রের সত্তাধিকারী ও আপনি ইহার সম্পাদক ও পরিচালক হইয়া স্টেড্ বিগত বাইশ বৎসর কাল আধুনিক সভাস্যাঞে আপনার পবিত্র লোকশিক্ষারতের উদ্যাপন করিয়া গিয়াছেন।

''রিভিউ-অব্-রিভিউজ

যে অকপটে যে আদর্শের অমুদরণ করিতে চেষ্টা করে, বিধাতাপুরুষ স্বরং

তাহাকে সেই আদর্শ লাভের উপযোগী বিচার-বুদ্ধি ও শক্তি সাধ্য দান করিয়া থাকেন। স্টেডের যে অসাধারণ বৃদ্ধি কিম। অলোকসামাত দূরদৃষ্টি ছিল, এমন বলা যায় না। কতটা পরিমাণে যে রিভিউ অব রিভিউন্ (Review of Reviews) তাঁহার লোকশিক্ষাত্রত উদ্যাপনে সাহায্য করিবে, প্রথম হইতেই যে তিনি এটী বুঝিয়াছিলেন এমনও বোধ হয় না। আজি কালিকার দিনে লোকে নিজ নিজ বিষয়-কর্ম লইয়া এতই ব্যাপত হইয়া পড়ে যে বড় বড় মার্গিক পত্রে যে সকল গভীর বিয়য়ের আলোচনা হয়, সে সকলপুঞ্জাতুপুঞ্জ রূপে পড়িবার সময় ও শক্তি ভাহাদের थारक ना विनालिंहे इस । जशह दूनियात চিন্তাক্রোত কোন্ ভাবে কোন্দিকে চলিতেছে এই সকল মাসিকপত্র না পড়িলে তাহার সন্ধান রাখাও অসম্ভব হইয়া পড়েং এই সকল প্রবন্ধের সংক্ষিপ্তসার সংগ্ৰহ করিয়া কর্মাব্যস্ত জনগণের হস্তে অর্পণ করিবার জন্মই রিভিউ অব রিভিট্রের জন্ম হয়। ইহা অপেক্ষা কোনো উচ্চতর লক্ষ্য যে ষ্টেড তথন প্রত্যক্ষ করিয়াছিলেন এমন মনে হয় না। আর প্রতাক্ষ করেন নাই বলিয়াই তাঁহার এই অনুষ্ঠানের অন্তরালে আমরা এখন বিধাতাপুরুষেরই হস্ত দেখিতেছি। ८४७ निटकत अकथाना रेपनिक **मः**तापश्च না হউক, অন্ততঃ উচ্চ অঙ্গের সাপ্তাহিক বা মাসিক ইংরেজী পত্রিকা প্রতিষ্ঠিত করিতে পারিতেন। কেন যে তিনি সে পথে যান नाई कानि ना । किन्न देश कानि य जिनि রিভিউ অব রিভিউঞ্জের সাহায্যে সমগ্র

সভ্য**ন্ধ**গতের চিন্তা ও কর্মের উপরে যতটা লাভ করিয়াছিলেন, কোনো সাপ্তাহিক বা মাদিক ইংরেজী পত্তিকার সাহায্যে তাহা কদাপি লাভ করিতে পারি-তেন না। রিভিউ অব রিভিউজ ইংরেগী-তেই লেখা হয় সত্য, আর লণ্ডনেতেই ছাপা হইত। কিন্তু এ সত্ত্বেও ইহাকে কখনট কেবল ইংরেন্ধের কাগজ বলা যাইতে পারিত না। য়ুরোপের সর্বাত্ত যে সকল কন্মী ও মনীষিগণের হস্তে আধুনিক জগতের ভাগ্য রহিয়াছে, রিভিউ অব রিভিউজ তাঁহাদের সকলেরই শ্রদ্ধার ও আদরের বস্ত ছিল। রাজপ্রাদাদে রাজা, মন্ত্রতানে রাজ-मिल्रिगन, विश्वविनागित्। अधार्यक, (मना-শিবিরে সেনানায়ক, সংবাদপত্তের আপিসে मण्णानक, धर्मभन्ति धर्मयाकक, नाग्रेगालाय নটনায়ক, আধুনিক সভাজগতের য়ীহার। জনগণের চিন্তান্তোত ও কর্ম-স্রোতকে নিয়ন্ত্রিত ও পরিচালিত করিতেছেন, তাঁহাদের সকলের সঙ্গেই রিভিউ অব রিভিউজের ঘনিষ্ঠ পরিচয় ছিল। ইহার। সকলেই নিবিষ্ট চিত্তে, শ্রদ্ধাসহকারে রিভিউ অব বিভিউজ পাঠ কবিতেন। বিলাতের অক্তম প্রধান রাষ্ট্রনায়ক ব্যালফোর (Balfour) একবার বলিয়াছিলেন যে তিনি কখনও সংবাদপত্র পাঠ,করেন না. কিন্তু তিনিও রিভিউ অব রিভিউজের হস্ত হইতে অব্যাহতি পান নাই। বিভিউ অব বিভিউজ কেবল যে অ্পর পত্র হইতে প্রবন্ধ সার সংগ্রহ করিয়াই আপনার কলেবর পূর্ণ করিত তাহাও নহে। প্রতি মাসে সভাজগতের (यशातिहे (य कारता निरमम परेता पर्के

না কেন, টেড ্ তাহারই উপরে জ্মাপনার
মন্তব্য প্রকাশ করিয়া একদিকে জগতের
দৈনন্দিন ,ইতিহাস লিপিবদ্ধ করিতেন,
অন্তদিকে ছনিয়ার লোকমত গঠনের সাহায্য
করিণার চেষ্টা করিতেন। রিভিউ অব
রিভিউজের চরিত্র-চিত্রগুলি আধুনিক সভ্য
জগতের গত ত্রিশ বৎসরের ইতিহাসের
প্রাণ রস্তকে ভবিষ্যতের জন্য মূর্রিমন্ত করিয়া
রাথিয়াছে।

ষ্টেডের বিচার প্রণ**ালী**।

গত ত্রিশ বৎসরের মধ্যে আধুনিক সূত্য জগতের কোনো দেশে এমন কোনো শক্তিশালী লোকনায়কের অভ্যুদয় হয় নাই, যাহার সঙ্গে সাক্ষাৎ ভাবে ষ্টেডের স্বল্পবিস্তব ঘনিষ্ঠ আলাপপরিচয় ছিল না। তিনি কেবল যে জগতের দৈনন্দিন ঘটনাগুলিই জানিতেন তাহা নহে,কিন্তু এই সকল ঘটনার অন্তরালে যে ব।ক্তিগত চরিত্র লুকাইয়া থাকে, নথ-দর্পণের ভায় সর্বদা তাহাও প্রত্যক করিতেন। স্তরাং স্তেড্ কথনই কেবল বাহিরের কায়াকার্য্যের দারা কোনো বিষয়ের ভালমন্দের বিচার করিতেন না। কিন্তু এই সকল কার্য্যাকার্য্যের ভিতরে যে মানুষের প্রাণ,মানুষের বৃদ্ধি, মানুষের আশা ও আকান্ধা, মানুষের শক্তি ও সংযম, মানুষের লক্ষ্য ও অভীষ্ট জড়াইয়া থাকে, ভাহারই দ্বারা এ সকলের বিচার করিতেন। আর এই জন্ম প্রত্যেক দেশের কর্মিগণ একদিকে যেমন তাঁখার মস্তব্যের নিগৃঢ় মর্ম বঝিতে পারিয়া শ্রদ্ধাভরে তাঁহার কথা শুনিতেন, অন্তুদিকে সেইরূপ কেবল বাহির হইতে যাহারা সকল বিষয়ের বিচার

আলোচনা করেন, তাহারা অনেক সময়ে ষ্টেডের বৃদ্ধির স্থিরতা ও তাহার মতামতের মধ্যে কোনো প্রকারের সঙ্গতি ও সামঞ্জন্ত নাই বলিয়া প্রায়ই তাঁহার মন্তব্যকে উপেক্ষা করিতেও চেষ্টা করিতেন। যে মানুষ নিজের নিকটে সর্বাদা খাঁটী হইতে চাহে, লোকচক্ষে তাঁহার বুদ্ধির স্থিরতা প্রমাণিত অস্তুব। মানুষ সর্পজ্ঞ নহে। স্তোর স্কল দিকটা সর্বাদা একই সঙ্গে তাহার চক্ষ্-গোচর হয় না। আমাদের সকল সিদ্ধান্তেই অন্ধের-হস্তিদর্শন-স্থায়টা প্রায় সর্বদাই প্রযুক্ত হইতে পারে। এবং তারই জন্ম জ্ঞানের ক্রমবিকাশের সঙ্গে সঙ্গে আমাদের সর্ব্ধপ্রকারের সিদ্ধান্তই উত্তরোত্তর পূর্ণতর হইতে যাইয়াই পরিবর্ত্তিত হয়। লোকে যাহাকে সচরাচর স্থিরমতি বলে তাহা অনেক সময়েই কেবল ক্রগতির লক্ষণ। हेश्टबङ्गी देवछानिक পরিভাষায় রুদ্ধগতিকেই arrested development বলে। কিন্তু ষ্টেডের মনের গতি আমরণ হয় নাই। বয়স তাঁহার কথনও রুদ্ধ কিন্তু শৈশবের সারল্য, বাডিয়াছিল, গৌবনের উভ্তম, জ্ঞানের পিপাসা, উন্নতির আকাজ্ঞা, কর্মের চেষ্টা, এ সকলের কিছুই বিন্দু পরিমাণ কমে নাই। জগতের অনেক লোক প্রকৃত পক্ষে ত্রিশ চল্লিশ বৎসর হইতে না হইতেই মরিয়া যায়। নৃতন অবস্থার মঙ্গে সঞ্তিসাধন করিয়া নৃতন শক্তি সংগ্রহ ও নৃতন চেষ্টার প্রকাশ, নিত্য নৃতন জ্ঞান বা নিত্য নৃতন রুপ আস্বাদন, নিত্য নূতন কর্ম্মের আয়োজন এ সকলই তো প্রকৃত জীবনের লক্ষণ।

কিন্তু জগতের অধিকাংশ লোক জীবিত থাকিয়াও জীবনের এ সকল লক্ষণ প্রকাশ করিতে পারে না। আর এই লোকের বিষয়েই সচরাচর আমরা জীবন্ত-মৃত্যুর স্থবিরতার মধ্যে, তাহাদের রুদ্ধবুদ্ধির স্থিরতাও প্রত্যক্ষ করিয়া থাকি। মৃত্যুর মুহূর্ত্ত পর্যান্ত টেড প্রাক্ত আর্থে জীবিত ছিলেন বলিয়া ভাঁহার বুদ্ধি যে প্রাকৃতজ্বন-সুলভ হ্রিত্ব লাভ করে নাই ইহা আশ্চর্য্য নহে। কিন্তু তাঁহার মতামতের মধ্যে যে সঙ্গতির অভাব দৃষ্ট হইত তাহা কেবল বাহিরেরই কথা, ভিতরের কথা নহে।

স্টেড্ও রশ সম্রাট

ঠেড্আজীবন প্রজাতন্ত্রের পক্ষপাতী ছিলেন : যখন যেখানে প্ৰজামণ্ডলী আপনাদের স্বরস্বাধীনতা-লাভের চেষ্টা করিয়াছে, প্রেড্ তথনই তাঁহাদের সমর্থন করিয়াছেন। এই জন্মই তিনি বুয়ুর যুদ্ধের সময় নিজেদের গভর্ণমেন্টের স্মর্থন না করিয়া বুয়র-নেতৃবর্গের পক্ষই সমর্থন করিয়াছিলেন। আর এই কারণে দেই সময়ে তিনি অতিমাত্রায় সাধারণ ইংরেজমণ্ডলীর বিরাগভাজনও হইয়াছিলেন। অথচ যে দিদিল রোড্স (Cecil Rhodes) প্রকৃত পক্ষে চক্রান্ত করিয়া ব্রিটিশগভর্গমেণ্টকে এই সংগ্রামে প্রবৃত্ত করেন, ষ্টেড সর্কাদাই সেই সিসিল রোডসের স্বতিবাদে নির্যুক্ত হইয়া তাঁহার পক্ষ সমর্থন করিতেন। সাধারণ লোকে স্টেডের এই ছই কার্য্যের মধ্যে কোনো প্রকারের সঙ্গতি প্রতিষ্ঠা করিতে পারে নাই। ষ্টেড একদিকে যেমন জগতের সর্কত্ত প্রজামগুলীর স্বত্ব-

স্বাধীনতা সম্প্রদারণের ও প্রজাতন্ত্রপ্রতিঠার পক্ষপাতী ছিলেন, অন্তদিকে সেইরূপ যুরোপের স্বেচ্ছাতন্ত্রের একমাত্র অধিনায়ক, কৃশিয়ার জারেরও (Czar) পক্ষ সমর্থন করিতেন। লোকে এ অমঞ্চতির অর্থও বুঝিতে পারে নাই। এই জন্ম তাহারা অনেক সময়ে ষ্টেডের সাধৃত। সম্বন্ধেও সন্দিহান হইয়াছে। কেবল বাহির হইতে ঠেডের কার্যাকার্যোর বিচার করিলে এ অসঙ্গতির রহস্ম ভেদ করা সম্ভব হয় না। সিসিল রোড সকে এবং "জারকে" সাধারণ লোকে দুর হইতে এবং বাহির হইতেই দেখিয়াছে। তাঁহাদের নিকটে যাইয়া তাঁহাদের প্রাণের অন্তঃপুরে কখনো প্রবেশাধিকার পায় নাই। ষ্টেড্ এই ছুই জনকেই অতি ঘনিষ্ঠভাবে জানিবার ও ব্যবিধার সুযোগ পাইয়াছিলেন। বন্ধর নিকট বন্ধু যেমন প্রাণের সকল পদ্দা थुलिया निया निश्मत्कारक माञाय, त्राष्ट्रम् এবং "জার" ছ'জনেই সেইরপ একদিন থেডের নিকটে আয়প্রকাশ করিয়াছিলেন। ষ্টেডের প্রকৃতিগত অকপটতার সংস্পর্শে জারের জারত্বের বহিরাবরণ আপনা হইতেই সরিয়া গিয়াছিল। প্টেডের অনাবত মনুষ্বের স্মুথে "জার" জার্রপে নহে, কিন্তু শুদ্ধ মান্তুষরূপে একদিন দাঁড়াইয়া-ছিলেন। "জারের'' ভিতরে যে মুমুম্বরস্ত আছে, তাহারই দার। ষ্টেড্ দর্বদা জারের বাহিরের কার্য্যকার্য্যের বিচার করিতেন। এই জন্ম রুশীয় গভর্ণমেন্টের অত্যাচার অবিচারে জারের প্রতিষ্টেডের স্বাভাবিক শ্রদ্ধা ও প্রীতির কোনো ব্যাঘাত উৎপাদন

করিতে পারে নাই। রুশীয় গভর্ণমেণ্ট কেবল জারকে লইয়া নহে। সে গভর্মেণ্টের কার্য্যাকার্য্যের জন্ম জার কতটা দায়ী এবং প্রকৃতপক্ষে তাঁর কোনো দায়িত্ব আছে কি না এ কথা বলা কঠিন। বিশাল ও জটিল শাসন্যন্তে জার একটা শামাল অঙ্গ মাত্র : কুশিয়ার রাজশক্তি ও প্রজা-প্রকৃতির অনাদিকত কর্মবশে রুশের প্রেচ্ছাতন্ত্র গড়িয়া উঠিয়াছে, কেবল রাজার ইচ্ছায় বা আভিজাতবর্গের চেষ্টায় ইহা গড়িয়া উঠে নাই। এখন গে স্বেচ্ছাতন্ত্র কেবল রুশরাজের উদার অভিপ্রায়ের বলে ভাঙিয়া চুরিয়া আবার নৃতন করিয়া গাঁডুয়া উঠিতে পারে না। রাজা ও প্রজা উভয়ের কর্মাম্য না হইলে, কথনই রাজ্যের এ সংস্কার সাধিত হইবার নহে। গুপ্তহত্যায় কর্মবোঝা বাড়িয়াই যায়, ক্ষয় হয় না। এ পথ স্বাদীনতার পথ নহে। সাধারণ প্রকৃতিপুঞ্জ যে দিন আপনার কর্মক্ষয় করিতে পারিবে, তাহাদের পুরুষ পরম্পরাগত তমঃ নষ্ট হইয়া যে দিন তাহাদের আত্ম-চৈতত্ত্বের উদয় হইবে, সে দিন গুপ্তহত্যারও প্রয়োজন থাকিবে না, বিদ্যোহেরও প্রয়োজন অনাবশ্রক হইবে; কিন্তু আপনা হইতেই রাজাপ্রজার পরস্পরের অধিকারের মধ্যে সঙ্গতি ও সামঞ্জ প্রতিষ্ঠিত হইয়া সকল সমস্তার মীমাংসা হইয়া যাইবে। মীমাংসার পথে রুশের বর্ত্তমান জার প্রকৃত-পক্ষে কোনই অন্তরায় নহেন। ইহার প্রধান অন্তরায় বিপ্লবপন্থিগণ। বিপ্লবপন্থিগণ যতদিন ওপ্তহত্যা প্রভৃতি অহিতাচার হইতে প্রতিনিয়ত না হইতেছেন, ততদিন পর্যান্ত

জারের পক্ষে রাজপুরুষদিগের অত্যাচার নিবারণ করাও অসম্ভব। সাধারণ গোকে ইহা বোঝে না। সাধারণ লোকে জারের মমুষ্য যে কতটা ইহা জানে না। তারই জন্ম তাহার৷ সরাসরিভাবে বিচার করিয়া ক্রশগভর্ণমেন্টের কার্য্যাকার্য্যের জন্ম অন্যায়রপে জারকে দায়ী করিয়া থাকে। ষ্টেড জারকে চিনিতেন। জারের রাজৈখর্য্য নয় কিন্তু নিরাভরণ মাতৃষী মূর্ত্তি তিনি প্রতাক্ষ করিয়াছিলেন। রুশ শাসন্যন্তের জটিলতাও তাঁর চক্ষুণোচর र्टेशा हिल। এই যন্ত্রচালনায় জারের শক্তিদাধা যে কি এবং অধিকার ও অবসরই বা কতটুকু ইহাও তিনি জানিতেন। আরু এ সকল জানিতেন বলিয়াই রুশের রাষ্ট্রীয়শজ্বির ও বিপ্লবশ্কির म(धा मः पर्व छे अक्टिंग करा करा करा दा সকল অমানুষী কাণ্ড ঘটিত, সে সকলের জ্বন্ত জারকে তিনি কখনো দায়ী মনে করিতেন না। রূশের রাষ্ট্রীয় কর্মক্ষেত্রে জার যেমন অবস্থার দাস এবং ঘটনাচক্রের ক্রীড়াপুত্তলী হইয়া আছেন, সিসিল রোডস্ও দক্ষিণ আফ্রিকায় সেইরূপই অবস্থার দাস ও ঘটনাচক্রের ক্রীডনক হইয়াছিলেন। আর এই জন্ম বুয়রব্রিটিশসংগ্রামঘটিত কার্য্যাকার্য্যের জন্ম সিসিল রোডসকেও কখনো সাক্ষাৎভাবে দায়ী করেন নাই।

ষ্টেডের চরিত্রের জটিলতা সকলে
বৃঝিতে পারুক বা না পারুক, তাঁর চরিত্রের
বচ্ছতার ও তাঁর অক্বত্রিম সত্যান্ত্রাণে,
তাঁহার সরল স্বদেশ-বাৎসলো ও গভীর
মানব-প্রেমে সকলেই মুগ্ন ছিল। এক
প্রকারের সত্যান্ত্রাগ ইংরেজের জাতীয়

চরিত্রের সাধারণ লক্ষণ। , যেখানে ব্যবসা-বাণিজ্যের তীব্র প্রতিযোগিতা থাকে, সেখানে দোকানশারীর ভিতর দিয়াই একপ্রকারের সত্যবানিতা ফুটিয়া উঠে। এইরূপ সত্য-বাদিতা বাতীত গে ক্ষেত্রে কেহ আপনার ব্যবদায় রক্ষা করিতে পারে না। এই জাতীয় সততাকে লক্ষ্য করিয়াই ইংরেজ প্রবাদ-বচনে সততাকে শ্রেষ্ট্রম নীতি---হনেষ্টকে বেষ্ট পলিসি (Honesty is the best policy)—বলিগ্নছে। স্টেডের সতাপরায়ণতা এই শ্রেণীর ছিল না। তাহ। অকপট সত্যামুরাগ ও ধর্মামুরাগের উপরেই প্রতিষ্ঠিত ছিল। এইজন্ম তিনি যথন যাহা ভাল বুঝিয়াছেন, সেইভাবে কাঞ্চ করিতে যাইয়া, অনেক সময় আপনার বিস্তর ক্ষতিও করিয়াছেন। ব্রিটিশ-বুয়রের যুদ্ধের সময়, তার উজ্জল প্রমাণ পাওয়া গিয়াছে। ফলতঃ এই অকপট সত্যামুরাগের জন্মই, ইদানীং তার নিজের সমাজে এবং কিয়ৎ পরিমাণে, অক্যান্ত দেশেও প্রেডের প্রতিপত্তি কিছু কমিয়। গিয়াছিল। তাঁর পুত্রের পরলোকের পর হইতে ষ্টেড পরলোকতত্ত্বে অনুশীলনে প্রবৃত হইয়া, প্রিট্য্যালিজ**্**ম ইংরেজিতে যাহাকে (Spiritualism) বলে, তার অমুরক্ত হইয়া পড়েন। মৃতলোকের আত্মা যে জীবিতদিগের সঙ্গে উপযুক্ত "মিডিয়াম" পাইলে. কথাবার্তা কহেন ও এমন কি কখনো কখনো ভৌতিকরপু ধারণ করিয়া তাহাদের চৃক্ণোচরও হন, স্তেড্ কিছুদিন হইতে ইহাতে একান্ত বিধাদী হইয়া পড়েন। এই স্পিরিটুয়ালিজ্মের অমুশীলন করিবার

क्रम जिनि नश्रान्त निक्रेवर्जी छेरेश्वन एन নামক স্থানে একটা বাড়ী করিয়া, মাহিনা দিয়া লোক রাথিয়াছিলেন। প্রতিদিন প্রাতঃকালে, দৈনন্দিন বিষয়কর্মে প্রবৃত্ত হইবার পুর্বে প্রায়ই তিনি কিছুকাল এই বিষয়ের অনুশীলনে নিযুক্ত থাকিতেন। এই সময়ে কথনো কখনে। তিনি জগতের বিভিন্ন রাষ্ট্রীয় বা সামাজিক সমস্থার স্থক্তেও প্রলোকগত **मनौ**षिशत्व যতাম^ত জানিবার চেষ্টা করিতেন। এইভাবে প্রলোকতত্ত্বের অনুশীলনের স্ত্যাস্ত্য বা ভালমন্দ বিচারের এ সময় নহে, এ স্থানও नहर। मकरन वा अन्तरक राय এ यूरा এ সকল ভৌতিক কাণ্ডে বিশ্বাস স্থাপন করিবেন, এমনটীও আশা করা যায় না। বরং অধিকাংশ লোকেই এসকল প্রয়াসকে হাসিয়া উড়াইয়া দিতে চাহেন। স্বতরাং বিশাতের বা য়ুরোপের তর্কবাদিদিগের সমক্ষে এ সকল তত্ত্বের আলোচনা বড় কম সাংসের পরিচয় দেয় না। স্তেড্ অকুতোভয়ে তার সিয়ান্সে (Seance'এ) যে সকল কথাবার্ত্তা হইত, প্রকাশ্য সংবাদপত্রে তাহা বাহির করিতেন। ইহাতে অনেক লোকেই তার প্রতি বীতশ্রদ্ধ হইয়া পড়িতেছে. ইহাও তিনি জানিতেন। এজক্য তাঁর ব্যবসায়েরও বিস্তর ক্ষতি হইতেছিল, ইহাও তিনি দেখিতেছিলেন। কিন্তু যাহা নিজে সতা বলিয়া বিশ্বাস করিতেন, লোকের মুখ চ।হিয়া তিনি কখনো তাহা প্রচার করিতে কুন্তিত হন নাই। ইহাতেই তাঁর চরিত্রের জোর কতটা ছিল, ইহা সহজেই বোঝা যায়। এ বিষয়েও স্তেড্ ইংরেঞ্রে সেরা ছিলেন।

যেমন তার সত্যামুরাগ, তেমনি তার সদেশপ্রীতি ও মানবহিতৈষাতেও ইংরেজ-চরিত্রের উচ্চতম উৎকর্মলাভ করিয়াছিলেন। ইংরেজ তাঁর দেশকে যেমন ভালবাসেন, জগতের আর কোনো জাতির লোক বোধ হয় তাদের নিজেদের দেশকে তেমন ভালবাদে না। ইংরেজের প্রেম কাব্দে ফোটে কেবল ভাবে বা কথায় উচ্চুসিত হয়না। **ষ্টেড**্স্জাতিকে অত্যস্ত ভাল বাদিতেন, তুনিয়াগ যে ইংরেজের মত আর কোনো জা'ত যে ছিল বা আছে ভিত্রে ভিতরে তিনি যে তাহা বড় বিখাস করিতেন, এমনো মনে হয় না। তাঁর চক্ষে ইংরেজ আদর্শ মান্তুষ। কিন্তু সে ইংরেজ খাঁটি ইংরেজ, ইংরেজের জাতীয় চরিত্রের উন্নত আদর্শভ্রম্ভ যে সকল লোক জগতের ভিন্ন ভিন্ন দেশে যাইয়া ংরেজ নামে কলঙ্ক আরোপ করিতেছে, স্টেডের চক্ষে সে ইংরেজ আদর্শ-मारूष ছिল ना। এইজন্ম ইংরেজের মধ্যে যা কিছু ভাল, তাহাই তিনি রক্ষা করিবার ও বাড়াইবার জন্ম বাস্ত ছিলেন, মন্দকে কথনো আদর করিয়া পুষিয়া রাখিতে চান নাই। ব্রিটিশ উপনিবেশে এবং ভারতবর্ষে व्यानिया (य नकल ३०८तक इ०८तकव-अष्टे হইয়া যাথ, যারা ইংরেজের সত্যবাদিতা, ইংরেজের স্থায়পরতা, ইংরেজের উদারতা ইংরেজের মানবহিতৈষা ভূলিয়া ঘাইয়া, একটা অযথা ও আত্মঘাতী অহন্ধারকে আশ্রয় করিয়া, অপর জাতির লোকের উপরে অন্তায় প্রভূত্ব ও অমানুষী অত্যাচার থাকে. তাহাদের ইংরেজত্বের করিয়া অভিমানের সঙ্গে ষ্টেডের বিন্দু পরিমাণেও

সহাত্মভতি ছিল ন।। অন্যদিকে প্টেডের মানবহিতৈষাও, বলিতে গেলে, তাঁর গভার স্বজাতি বাংসলোরই রূপান্তর মাত্র ছিল। তিনি আপনার জাতিকে ও আপনার সভাতা ও গাধনাকে এছটা ভাল বাসিতেন জাতের আদর্শ ও চরিত্রকে বিশুদ্ধ রাখিবার ও উন্নত করিবার চেঠা করিতেছিলেন, সেই-রূপ অন্যদিকে, এই আদর্শ ও এই সভাতা ও সাধনা যাহাতে জগতের সকল লোকে আয়ত্ত ও অধিকার করিতে পারে, তার সর্বাদ(ই লালায়িত ছিলেন। ত্রনিয়ার লোক ইংরেজের মত পাধীন ও লব্ধ-প্রতিষ্ঠ হউক, ইংরেজ রাষ্ট্র যেমন নিয়ম-তন্ত্র, ইংরেজ রাজা যেমন প্রজামতের অধীন সকল দেশের রাষ্ট্র ও রাজা সেইরূপ হউক, ষ্টেড স্বদাই ইহা চাহিতেন। তারই জন্য জগতের যেখানে প্রজাসত্ব সম্প্রদারণের সঙ্গত প্রয়াস হইতেছে দেখিতেন, যেগানেই সেচ্ছাত্রের • স্থানে নিয়**মতন্ত্রের** প্রতিষ্ঠার আয়োগন বা চেষ্টা শুনিতেন, সেখানেই সেই দকল প্রয়াদের সঙ্গে সর্বাদা সহাত্মভৃতি করিতে অগ্রসর হইতেন। কি পোল্যাতের, ফিনলাডের, কি মিশরের, কি ভারতবর্ষের, কি চীনের, কি পারখ্যের, সকল দেশের স্বাধীনতার উপাসকগণ বিলাতে যাইয়া, তীর্থপ্তানে ধেমন দেশদেশান্তরের যাত্রী সেইরূপ ঔ্ডের বাড়াতে মিলিত হয়, হইতেন। এখানে আফ্রিকার দেপিয়াছি। লোক-নায়ককে পারখ্যের প্রজাতন্তের অধিনায়কগণকেও দেখিয়াছি। যাঁরা তুরকের রাষ্ট্রতন্ত্র প্রবর্ত্তিত করিয়াছেন, সেখানেও প্রজাতন্ত্রের প্রতিষ্ঠা ইয়ংটার্ককে করিতেছেন, সেই সকল (Young Turksকে) এখানে দেখিরাছি। किनन्गार७, (शानार७, मकन (मर्ग यात) ম্বদেশদেবায় জীবন উৎসর্গ করিয়াছেন.

বিলাভে গেলে, ষ্টেডের বাড়াতে সকলের ই
নিমন্ত্রণ হইত, সেখানে সকলেই মিলিত
হইতেন। ষ্টেডের বৈচকথানা আধুনিক
সভ্যজগতের শ্রেষ্ঠজনের একটা পবিন
সন্মিলন ক্ষেত্র ছিল, বলিলেও অভ্যুক্তি হয়
না। আর এই অভ্তুত সন্মিলন, গৃহসামীর
উদার মানবপ্রেমেরই প্রত্যক্ষ প্রমাণ
দান করিত।

জীবদ্দশায় ষ্টেড যে সকল আদর্শের কথা প্রচার করিতেন. সময়েও তাহারই চরণে আত্মবলিদান দিয়া গিয়াছেন। মরণকালেই মানুষকে সতাভাবে (৪না যার। থকুল পাথারে মাকুষের সংসারের সকল আত্রি যথন নিঃশেশে লুপ্ত হইয়া যায়, তথনই कादरम्य मिछाकात माधनहै। य कि छिन, তাহা আপনা হইতে বাহির হইয়া পড়ে। ষ্টেডেরও তাহাই হইয়াছে। স্বলাকুলের হিতরতে ষ্টেড্ যৌবনের প্রারম্ভেই জীবন উৎসর্গ করিয়াছিলেন। সেই ব্রতের সাধনেই Maiden Tribute রচিত ও প্রকাশিত হয়। তারই জন্ম কারাগারে তাঁর লাগুনা। অসহায়ের সহারতা করিতে ষ্টেড কখনও পরাত্মণ হট্যাছেন, তাঁর শক্রাও এমন কথা বলেনা। আর অকুল সমূদে, ভগ অর্ণবতরী বক্ষে, অবলা ও শিশুদিগকে নৌকায় তুলিয়া দিয়া শেষে ধীর ভাবে, আপনি সেই জাহাজের সঞ্চে অতলে ড়বিয়া গিয়া ঔেড সেই পবিত্র জীবনব্রতই উদযাপন করিয়াছেন। ইংরেজ চরিত্রের মহন্ব কোথায়, যুৱোপীয় সভ্যতা ও সাধনার দেবর-টুকু কোন্থানে, টাইট্যানিক জাহাজের এই অন্তিমদুশ্রে তাহাই ফুটিয়া উঠিয়াছে। এই পবিত্র দুখ্য যথন মানসপটে ভাসিয়া উঠে, তথন আর ইংরেজ জাতিকে অশ্রদা, যুৰোপীয় সভ্যতা ও সাধনাকে অবজ্ঞা করিতে পারি না।

শ্রীবিপিনচন্দ্র পাল।



वक्षमभंग।

টাইট্যানিকের তিরোধান

জীবন ও মৃত্যুর মাঝখানের ব্যবধানটা যে কত হুকা ও সামাত্ত, সংসারমোহবিভান্ত মান্ত্ৰ সকল সময়ে ইহা বুঝিয়া উঠিতে পারে না। তাই বুৰি বিধাতাপুক্ষ মাৰে। মাৰে টাইটানিকের তিরোধানের মত লোমহ্যণ বিধানের বাবস্থা করিয়া, আত্মবিশাত জনগণের আহুকৈত্যুকে জাগাইয়া দেন। সভাত। ৰলিতে আসৱা আদ্ধি কালি যে বস্তুকে ব্ৰিয়া,থাকি, ভাহা একান্তই ইহ-স্বাস্থ। এই শভাতার ত্রীবৃদ্ধির সঙ্গে সঙ্গে মানবের চিন্তা ও বল্লনার উপরে প্রত্যক্ষ পুরুষকারের প্রভাব অহান্ত বাডিয়া গিয়া, অপেকাকুত "অদ্ভা" প্রচীন সমাজে দৈবের উপরে যে একটা ্রকান্তিশ নির্ভর ছিল, তাহা ক্রমেই ক্ষাণ ^{হট্}য়া, একেবারেই নষ্ট হইবার উপক্র**ম** ^{হইরাছে।} মান্তবের তীক্ষু বুদ্ধি, তার অন্ত্ত উদাবনীশক্তি, ভার আশ্চর্য্য কর্মাকুশলতা, ^{্ষত্ই} তাুহাকে বাহিরের শক্তিপুঞ্জের্প্রভূত নিজ্প করিয়া তুলিতেছে; যতই মানুধ धालनांत वृक्षि-वटल (मन-काटलत टेनमार्गिक रावनान, **कल-ऋरम**व["] अञ्चलकानीय अस्ताय, ^{্ৰঠিঃ}প্ৰকৃতির অনুকৃলতা-প্ৰতিকূলতা, এ ^{ীষ্ক্}লকে ভুপ্ত্ করিয়া, আপনার **অ**ভিষ্টসাধনে

সমর্থ হইতেতে, ততই তার আপনার উপরে
নির্তরটা অতিমানার বাড়িয়া উঠিতেছে।
এই নির্তরটাই অপ্নিক সভ্যতার একটা অতি
প্রধান লক্ষণ। স্কৃতরাং এরূপ সভ্যতা থে
" আত্মসন্তাবিতান্তরা সন্মান্মদারিতা"
হইবে, ইহা আর বিচিত্র কি পু এ সভ্যতাকে
মাঝে মাঝে এরূপ ভাবে নাড়া না দিকে, ভাব
চৈত্রোদয় হইবে কেন প

যবোপ ভাবিতে ডিল যে সে আপনার অলৌ কিক অধাবসায় ও অসাবারণ বৃদ্ধির জোরে নিসর্বের প্রতিকূল শক্তিপুঞ্জেক করায়ত্ত করিয়া ক্রমে নাত্ত্বকে মৃত্যুঞ্জয় করিয়া তুলিবে। টাইট্যানিকের ভিরোধানে, ক্ষণিকের জন্ম তার সে স্থপ্তপ্ত ভান্ধিয়া গিয়াছে। আমরা এ পথে মৃত্যুক্ত জ্বয় করিতে যাই নাই। আমরা যাহাকে মৃত্যুঞ্জয় বলিয়া জানি, তিনি যোগেশ্বর, তিনি মহাবৈরাগী, তিনি হলাতীত, মৃত্যু ও ক্ষমতে তার সমানজ্ঞান, তপঃপ্রভাবে জীব-শিব তাঁর ভিতরে এক হইয়া গিয়াছে। আমাদের মৃত্যুকে জ্ম করিবার পথ ছিল—যোগের পথ, ভোগের পথ নহে।

বনা সর্প্রে প্রমান্তে কামা যে হস্য জদি শিতাঃ। অথ মর্গ্রোহয়তো ভবতাত্র প্রদ্য সমগ্রে ।

"যে সকল কামনা এই মর্গ্র জীবের স্বয়কে আগায় করিয়া আছে, দেই সম্বায় যথন একান্তভাবে পরিতাক্ত হয়, তথনই মর্গ্রামর হয়, এবং এইথানেই একাকে ভোগ করিয়া থাকে।"

আমবা অতি প্রাচীনকাল হইতে ইহাকেই বলিয়া লাভের অমূত্র একমান পথ জানিয়া আদিয়াছি। "ত্যাগেনৈবমূতত্ত্বনাশুঃ" দারাই অমূত্ত পাওয়া কেবল ত্যাগের যায়, তার আর অক্সপথ নাই, ভারতের আর্থ্যসভাতা ও সাধনার ইহাই সার কথা ও শেষ কথা। জগতের সকল দাধু ও দিদ্ধ-পুরুষেরাই এ কথার সভ্যতার ও সারবত্বার শাক্ষা দিয়া আদিতেছেন। খ্রীষ্টার সাধনায়ও এ কথাটা নুত্র নহে। যিশুও এই ত্যাগের পথই দেখাইয়া গিয়াছেন, ভোগের পথ দেখান নাই। " তোমার যা' কিছু তংগমূদায় बिकारेया निया, आगात अल्लामो इ.७."— ' যদি দে' জীবন পাইতে চাও, তবে এ'জীবন বিসর্জ্বন দাও": —"কল্যকার জন্ম চিন্তা করিও না, আজিকার তুর্ভাবনাই আজিকার জ্ঞ যথেষ্ট" ;—খুষ্টের এ সকল প্রাসিদ্ধ ,উপদেশ,— এবং পরিণামে যে ভাবে তিনি এই মহাত্যাগ-যজ্ঞে আপনার পবিত্র দেহ উৎসর্গ করিয়া গিয়াছেন; আর এইরূপ ভাবে দেহ রাখিয়া "পুনক্তথান" বা রিসবেক্দণের আপনার (Resurrection) ভিতর निया, খুষ্টীয়ান মণ্ডলীকে তিনি স্বরং অমৃতত্ত্বের যে পথ দেখাইয়া ণিয়াছেন, তাহাও আমাদেরই এই প্রাচীন ও সার্বজনীন ঋষিপয়। ইহাই মুক্তির একমাত্র পথ—" নান্তঃ পদ্বাঃ বিভাতে २मनोम्र "।

টাইট্যানিকেব তিবোধান সংসার-মোন বিভ্ৰান্ত যুৱোপীয় সমাজকে, অপূৰ্ব্ব কলাকুশলতা সহকারে, এই সনাতন ঋষি-পথ ও পুরাতন যি শুপথ ই দেগাইয়া দিয়া গেল। আজন্মকাল নির্ণচ্ছিন্নভাবে কেবল ভোগের পথ ধরিয়াই চলিয়াছিল, যাহাদিগকে জুনিয়ার লোকে ইহ-সংগ্ৰ বলিয়াই ভাবিয়া আসিয়াছিল, শাস্ত্রে যাহাকে আসরী-সম্পদ বলিয়াছেন, গীতার যোড়শ অধ্যায়ে ভগবান গ্রীকৃষ্ণ যে আস্থরীভাবের বর্ণনা করিয়াছেন. তাহার আহরণ করিতে ঘাঁহারা আপুনাদের স্ক্রন্থ পণ করিপাছিল বলিয়া মনে হইত ; সেই সকল লোককে বুকে লইগাই টাইটাানিক ভার এই মহাপ্রয়াণে যাত্রা করিয়াছিল। আধুনিক সমাজের শ্রেষ্ঠতম বিদ্যা ও বৃদ্ধি, অধ্যবসায় ও কর্মাকুশলত। মিলিয়া এই বিপুল অর্থবিধানপানি নিশ্বাণ করিয়াছিল। একদিন যুরোপ ইইতে আটল্যান্টিক মহাসাগর পার হইয়া আমেরিকায় যাইতে এক পক্ষ কাল লাগিত। তাহা এক সপ্তাহে আসিয়া দীড়ায়; বংসৰ হইল. তুই কাল এ বাবধান আর 4 ক্মিয়া গিথাছিল। তুইটি প্রাসদ্ধি ইংরেজ কোম্পানীর জাহাজ ইংলও ও আমেরিকার মধ্যে যাতায়াত করে; একের নান"কিউন্মার্ড" (Cunard), অণরের নাম "হোয়াইট স্থার" (White Star)। কিউক্লার্ড কেম্পানীর মরিট্যানিয়া (Mauritania) নামক নৃতন জাহাজ প্রথমে, পাঁচ দিন ক্ষেক ঘণ্টায়, ইংলও ও অংমৈরিকার মধ্যে যাতায়াত করিতে আরম্ভ করে। সপত্নী কোম্পানীর এই অদৃত ক্তিত্ব দেখিয়া, হোগাইটপ্তার (White Star)

কোম্পানীর পক্ষে নিশ্চৈষ্ট থাকা অসম্ভব হইয়া প্রতিযোগীতার প্রেরণাতেই दिरीता **এই** "রাইট্যানিকের" জন্ম হয়। পাশ্চাত্য জগতে প্রতিদিনই নৃতন নৃতন তথা আবিষ্কৃত ও নৃতন নুতন যন্ত্ৰ উদ্ভাবিত হইতেছে। ''মরিট্যানিয়া" মখন নির্মিত হয় তার পরে, এই ছুই বংসর কি তিন বংসর কালের মধ্যে, বৈজ্ঞানিক ুখ্যের বা যন্ত্রের যাহা কিছু আবিষ্<u>ধার ও</u> উদ্বাবনা হইয়াছে, 'টাইটাানিক" সে সকলেব প্রাহাযো নিশ্মিত হইরাছিল। আয়তনে ও গতি শক্তিতে, সাজসজ্জার বিচিত্রতায় ভোগবিলাদের আয়োজনে, সকল বিষয়েই '' হোয়াইট স্থার'' কোম্পানীর কর্মাকর্ত্তাগণ " টাইট্যানিক"কে অর্থপোতের দেরা করিয়া নিম্মাণ করিয়াছিলেন। আরোহীগণের স্তথের ও দখের ব্যবস্থা করিয়াই ইহারা ক্ষান্ত হন নাই। জাহাজখানিকে এমন ভাবে গডিয়া-ছিলেন, তার ভিতরে এমন সকল কলকোশল রচনা করি**য়াছিলেন যাহাতে ইগার ড্**বিবার কোনও আশন্ধাই ছিল না। আপনাদের অ্নাবারণ কৃতিত্বের উপরে অটল বিশ্বাদ ভাপন করিয়া, নিরতিশয় স্পর্দ্ধ। সহকারে িনারীগণকে সর্ব্বপ্রকারের স্থুখ সৌথিনতার ও ভোগবিলাদের লোভ দেখাইয়া, এবং সমুদ্র-গটার সর্ববিধ বিপদাশধা সম্বন্ধে একান্ত অভয়-নান করিয়া, আপনাদের নিয়ন্ত্রম্মিতির বা Board of Directors' এর সভাপতি মহাশরকে সঙ্গে দিয়া, যাত্রী, কর্মচারী ও নাবিক সকলে মিলিয়া প্রায় তিন হাজার ত্রীপুরুষ লইয়া, হোয়াইট্ষ্টার কোম্পানী টাইট্যানিককে আটল্যাটিকের বুকে ভাসাইয়া मित्न । প্রহরে প্রহরে অদৃশ্য ঈথর-স্পান্দনকে

আশ্রম করিয়া, ভারহীন তড়িৎ-বার্ত্তা সাগরণ
বক্ষস্থ টাইট্যানিকের গতিবিধির সংবাদ
চারিদিকে প্রচার করিতে লাগিল। বিপুলকায়
জাহাজথানি নির্ভয়ে ও সদর্পে সমুজ-তরক্ষ
ভেদ করিয়া যেমন হেলিয়া ছলিয়া নাচিয়া
থেলিয়া চলিতেছিল, ভার বুকের উপরে
সহস্রাধিক নরনারীও সেইরূপ ভয়ভাবনাবিরহিত হইয়া, হাস্যপরিহাসে, নাচেগানে,
দিন কাটাইতেছিলেন। এইরূপেই এই বিশাল
প্রাণের পদরা দাজাইয়া "টাইট্যানিক" আনন্দে
আপনার গস্তব্যের দিকে ক্রতগতিতে অগ্রদর
হইতেছিল।

কিন্তু তার কর্মকর্ত্তাগণ ডাহার যে গন্তব্য নির্দেশ করিয়া দিয়াছিলেন, সে গস্তব্য লাভ তাহার ভাগ্যে ছিল না। সভ্যতার দর্পচূর্ণ করিবার জন্ত, মানুষের বিদ্যাবৃদ্ধির গর্বা হরণ করিবার জন্ম, বিষয়বিষ্ট জনগণের চিত্তে সাড়া আনিবার জন্ম, পুরুষকারের উপরে যে দৈব আছেন এই জ্ঞান জনাইবার জন্ম. সংদারমোহবিভ্রান্ত স্বরূপভ্রপ্ত সভ্য জীবের স্বরপচৈতত্ত্বের দঞ্চার করিবার জন্ম, কামোপ-ভোগপরমা সভাতা ও সাধনার বুম ভাঙ্গাইবার জন্ম, 'নান্যদন্তীতিবাদী" ইহ-সর্বাম্ব জনগণের প্রাণে অমৃতত্ত্বের স্থসমাচার প্রচার বরিবার জন্য, ভোগদর্কান্ত দুমাজকে ভ্যাগের মহত্ব ও মাহাত্ম্য দেখাইবার জন্য-বিধাতাপুরুষ টাইট্যানিকের আর এক গন্তব্য নির্দ্ধারণ করিয়া রাথিয়াছিলেন। টাইট্যানিক্ সে সাংঘাতিক নিয়তি প্রাপ্ত ইইয়াই আপনার চরম দার্থকতালাভ করিয়াছে।

সমূদ্রে ভরঙ্গ নাই। আকাশে মেঘ নাই।

অগণ্য নক্ষত্ররাজি দশদিক পূর্ণ করিয়া, খীরার राष्ट्रे थूलिया विश्वाद्य विल्हा कृष्णवाक्य নিশির অন্ধারও নাই। শাস্ত স্থপ্রসর প্রঞ্জিমুথে নিশ্ম্যতার আভাস মাত্র নাই। ष्यशृर्क्त ब्रह्मारकोशन छरण विश्वनकाव धर्मन-পোতের জলমগ্রের আশক্ষার লেশমাত্র নাই। তড়ি গালোকসম্জ্জল, বিবিধ কলাকুশলপূৰ্ণ প্রমোরপ্রধানমুগরিত ইন্দ্রপুরীর-ভায় অর্ণবপোত আশ্রম করিয়া দিবহুমাধিক আরোহী নির্ভয়ে ও নিশ্চিত মনে অকুল জলরাশি ভাঙ্গিয়া কেহ বা শুইয়াছে, কেহ বা চলিয়াছে। অ:য়োজন করিতেছে। **কেঁ**হ বা ক্রীড়াকৌতুক করিতেছে, কেহবা সঙ্গীভালাপ করিতেছে। কেই বা আরামচৌকিতে বনিয়া নিবিষ্টমনে অধ্যয়ন করিতেছে, আর কেহ বা **ডে'কের উপরে পাদচা**রণ করিতে ≱রিতে প্রণমীজনের সঙ্গে বিশ্রন্থালাপ করিতেছে। কেইবা ধনের কেই বাদারিজ্যের, কেইবা প্রেমের কেই বা প্রতিযোগিতার, কেই বা জ্ঞানের কেহ বা ললিতকলার, কেহ বা সথোর কেছ বা সথের ভাবনা ভাবিতেছে। ছনিয়ার সকল ভাবনার বোঝা গইয়া টাইটানিক শান্ত সমুদ্রাস্থ্রাশি ভাঙ্গিয়া চলিয়াছে--নাই কেবল দে বিচিত্র পদর্বীয় এক মৃত্যুর ভাবনা। **শহুদা যথন মরণের ডাক প**ড়িল, জাহাজের कल यथन तक इंडेग्रा (शल, আत्यादीशतलत श्रान-রক্ষার জন্ম লাইফ্-বোট (Life boat) বা জীবনতবণীগুলিকে জলে নামাইবার ব্যবস্থা আরম্ভ হুইল, সকলকে ডে'কে যাইয়া দাড়াই-বার জন্ম যথন কাপ্তানের হকুমজারী হইল, তথনও সকলের প্রাণে সাড়া পড়িল না। কালের ভেরী বাজিল, তথাপি অনেকে ক্রাড়া-

কৌতুক ছাড়িল না, অনেকের গীতবাদ্য থামিল না। বিজ্ঞানের প্রামাণ্যকে নষ্ট করিয়া সভ্যতার অসাধারণ কৃতিস্বাভিমানকে চুর্ করিয়া, স্থির সমৃদ্রে, নিমাল আকাশ তলে, টাইট্যানিক যে সহসা অতলে ডুবিবে বা ডুবিতে পারে, অনেকের মনে এ কল্পনারও উদয় হয় নাই। প্রথমকার এ ভাব সহজেই বুৰিতে পারা যায়। কিন্তু পরে যথন বিপদ যে সত্য, মৃত্যু যে সরিকট এ বিষয়ে তিল পরিমাণ সন্দেহের আর অবসর রহিল না, তথনও যে কেন এই দিগহস্ৰাধিক আরোহী এবং নাবিকেরা ভয়-বিকিপ্ত হইয়া, শৃঙালমুক্ত পশুর আয় কে কাহাকে মারিয়া আপনকে বাঁচাইবে সে চেষ্টায় জাহাজ্ঞপানিকে কলহকোলাহলপূর্ণ করিয়া তুলিল না, এ রহস্য ভেদ করা সহজ নহে। এ দকল দেখিয়া শুনিয়া মনে হয়, যে আধুনিক সভ্যত। হয় মাক্ষকে সর্ব্বপ্রকারের সাধারণ মানব পথা-বিএহিত করিয়া জিহেবাপান্তসমন্ত্রিত কাষ্ঠলোষ্ট্রে পরিণত করে, না হয় দেবতে উনীত করিয়া তোলে। এ সকল কিমোহের না মোকের লক্ষণ ? है। इंहेगिनितक याहा । प्रिश्नान তাহা কি গড়ত্ব না বীরত্ব ?

আর এরপ সন্দেহের কারণ এই যে
আমরা মুরোপকে সূচরাচর ইহ-সক্ষর বলিলাই
মনে করি। মুরোপ ভোগের সন্ধানই পাইয়াছে,
ভ্যাগের নিগৃঢ় তত্ত্ব এখনও লাভ করিতে
পারে নাই, অনেক সময়ে আমরা এরপই
ভাবিয়াই থাকি। স্ত্তরাং টাইট্যানিকের
তিরোধানে মুরোপ যাহা দেখাইল, ভাহার
প্রকৃত মন্ম আমরা সহজে ধরিলা উঠিতে পারি
না। কথনো মনে হয়, আমনা মুরোপকে

যাতা ব্যিয়া আনিয়াছিলাম তাহা সর্বৈব _{মিগ্যা।} আর কখনো মনে হয়, বুঝি বা টাইটানিকের ভিরোধানের যে কাহিনী জগতে হইয়াছে, ভাহা বহুল পরিমাণে কল্লিত। ফলতঃ আমাদের পূর্ববিধারণাও একান্তই মিথ্যা নহে; আর আজ যে ছবি দেখিলাম, ভাহাও নিভাই কলিত নহে। সনাতন সভাতা ও সাধনাযে ত্যাগের পথ ধরিয়া যুগ যুগান্ত ব্যাপিয়া চলিয়া আসিয়াছে, যুরোপ যে দে পথেরই সন্ধান টাইটা/নিকের তিরোধানে ইহাপ্রমাণ হয় না। ভারতের পথ চিবদিনই ত্যাগের পথ। য়ুরোপের পথ চিরদিন্ই ভোগের পথ। ভারতের যতই কেন আত্মবিশ্বতি জন্মাক না, সে কখনো একান্তভাবে যুরোপের ভোগের পথ পরিতে পারিবে না। আর য়ুরোপের যতই কেন ক্ষণিক শ্রশানবৈরাগোর উদয় হউক না. এই প্রাচীন সেও কখনো ভাবতের তাাগের পথ ধরিতে পারিবে না। ভারত যদি য়ুৱোপের অদুভ অভ্যাদয় দেখিয়া र श ধরিতে ভেগগের भ्भाग ভাহাতে আত্মচরিতার্থতা লাভ কর। দরে থাকুক, সে নিক্ষল প্রয়াসে তাহার ভাগ্যে কেবল আত্মঘাতী প্রধর্ম লাভই ঘটিবে। য়ুরোপও যদি ভারতের প্রাচীন পার্মাথিক সম্পদের অতিলৌকিক শক্তি দুর্শনে আপুনার স্বপ্ন পরিত্যাগ করিয়া ভারতের প্রপর্ম সাধনে নিযুক্ত হয়, সে প্রয়ামও তাহার পক্ষে সাংঘাতিক হইয়াই উঠিবে ।

ফলতঃ কি ভারতের কি য়বোপের পক্ষে এইরূপ প্রধ্মান্তুশীলনের প্রয়োজনও নাই। কারণ মানব প্রকৃতির মোলিক একত্মনিবন্ধন, মান্ত্ৰ আপনার প্রকৃতির অন্সমরণ করিয়া, নিষ্ঠাসহকারে যে পথেই চলুক না কেন, পরিণামে সেই মূল প্রকৃতিকেই প্রাপ্ত ইহার অন্যুপ হওয়া অস্ভব। নদীই যেমন একই সাগ্রগতে আপনার চরিতার্থতা লাভ করে, সেইরূপ मकल गानवीय माधनाई अञ्चक्तीलञाहत. নামা পথ অতিক্রম করিয়া, পরিণামে যে মনুষ্যত্বে মানবপ্রকৃতিমাত্রেরই সার্থক্ত। লাভ হয় সেই সম্বয়াত্বকেই প্রাপ্ত হয়। যুরোপের প্রবাদে একটা কথা আছে—সকল পথই চর্মে রোম নগরে য†ইয়া সেইরূপ সাক্ষজনীন মান্ব ইতিহাসেরও সিদ্ধান্ত এই যে, সক্ষপ্রকারের সাধনাই চর্মে একট পর্য বস্তুকেই ফুটাইয়া তথে। ত্যাগে যেমন ত্যাগের পরিস্মাপ্তি হয় না, নিষ্কাম ভোগে যাইয়াই তাগি আপনার দার্থকতা লাভ করে: দেইরূপ আপনার চরিতার্থতার জলুই ক্রমে তার্গের পথ আশ্রয় করিতে বাধা হয় এবং আদিতে যে ভোগ কামাবিষয়ের অমুদরণ করিয়া চলে, ক্রমে ত্যাগের পথ ভাগাকেই নিয়াম মধ্যে আত্মচরিতার্থক। লাভ করিতে হয়।

আধুনিক যুরোপীয় সভাতার আত্যন্তিক ভোগ লালসা আপনার চরিতার্থতার জন্মই যে সকল যননিয়মাদির প্রতিষ্ঠা করিতে

বাধা হইয়াছে, টাইট্যানিকের তিরোধান-কালে ভাহারই শ্রেষ্ঠতম ফল আম্রা করিয়াছি। আধুনিক ভোগের করিতে হইলে, আয়োজন বহুলোকের সমবেত শ্রম ও সাহচ্যা প্রয়োজন হয়। টাইট্যানিক আপনি ভাহার দৃষ্টান্ত স্থল। এতবড় বিপুলকায় অর্ণব্যান পরিচালনার জন্ম বলুলোকের আবিশাক হয়। এই বলু-নৌ-কশ্মচারী ও নাবিকদিগের কর্মাকর্মের পরিচালনার জন্য প্রত্যেকের একটা নিদ্দিষ্ট ব্যবস্থা করাও অপরিহার্য্য হইয়া উঠে। এই সকল ব্যবস্থার উপরেই যথন এত আরোহীর স্থাস্বাচ্ছন্য ও জীবন-তথন এসকলের মরণ নিভঁর ক্রে, বিদ্যাত বিপ্রায় যাহাতে না ঘটে, ভাহার জন্ম কঠোর শাসনেরও প্রয়োজন হয়। এক এক থানি সমূদ্রগানী জাহাজ এক একটা ক্ষুদ্র রাজ্যের মত। কাপ্তান সেই রাজ্যের রাজ।। জাহাজের কমচারী এবং • আরোঃ সকলকেই কাপ্তানের আজ্ঞানীন হয়; না চাললে জাহাজ-হইয়। চি∻ পরিচালনা অম্ভব এবং এত লোকের প্রাণরক্ষা অসাধা হইয়া পড়ে। সেনা-শিবিরে প্রতোক মেনাপতির যে প্রভুত্ব অধিকার, সমুদ্রগামী জাহাজের কাপ্তানের সেইরূপ অধিকার ও প্রভুত্ব রহিয়াছে। এখানে নাবিক এবং আরোহী সকলেরই দওমুত্তের কর্তা,--জাহাজের কাপ্তান। ८डे স্কল ভাখাত সর্বাদা মাভায়াত করিয়া থাকে ও এই সকল জাহাজের পরিচালনার ভার গ্রহণ করে, সকলেই জাহাজের বিধিব্যবস্থা ভাহার

মানিয়া চলিতে ও ফাপ্তেনের আদেশ পালন করিতে অভ্যস্ত হইয়া যায়। আর। এই অভ্যাসের ভিতর দিয়া তাহারা এক প্রকারের সংযম শিক্ষাও করিয়া থাকে। এই সংখ্যের গুণেই আসন্ন মৃত্যুর মৃথেও টাইট্যানিকের দিসহস্রাধিক আরোহী ও নাবিক বিন্দুমাত্র ভ্যবিক্ষিপ্ত হইয়া উঠে নাই।

এ তো গেল বিশেষ ব্যবস্থার ও বিশেষ বিধানের কথা। ইহার অন্তর্গলে আধুনিক য়ুরোপীয় সভাতার কতকগুলি ধর্মও বিভাগান किला। সভ্যতা ও সাধনা, যতই কেন ভোগপ্রধান হউক না. ইহার পার্মাথিক দৃষ্টি অপেকাকত ক্ষীণ হইলেও, পরার্থপরতা বস্তুতঃ সামান্ত নহে। বিধাতার রাজ্যে অতান্ত ভোগী যে সেও কখনও নিতান্ত একাকীয়ের মন্যে কিছুই ভো করিতে পারে না। জনসমাজই একদিকে যেমন অন্তদিকে সেইরূপ ভোগেরও একমাত্র উপযুক্ত ক্ষেত্র। একান্ত একাকী হুইয়ায়ে থাকে, সে যেমন ত্যাগের অবসর পায় না, সেইরূপ ভোগের আয়োজনও করিতে পারে না। ভোগের সাতা যতই বাড়িয়া যায়, তত্ই দৃশজনকে মিলাইয়া, দশজনের শক্তি সান্যের সম্বায়ে•সেই ভোগের আয়োজনও করিতে হয়। আর এইরূপে দশজনে মিলিয়। কোনে। কিছু করিতে গেলেই প্রত্যেকের স্বার্থ-পরতাকে, নিজের স্বার্থ সিদ্ধির জ্ঞুই, কিয়ৎপরিমাণে সঙ্গাচিত করিয়া চলিতে হয়। এই সমবায়ের স্থ্র ধরিয়াই যুরোপ এতটা অভ্যুদয়সম্পন্ন হইয়া উঠিয়াছে। আর দশজনে

খিলিয়া কান্স করিতে যাইয়াই যুরোপীয় সমাজে এক প্রকারের পরার্থপরতাও বিকাশ চ্ট্যাছে। এইরপে দেশের জন্ম ও দশের জন্ম যুরোপীয় সভাতার ও ত্যাগম্বীকার করা সাধনার একটী সাধারণ ধর্ম হইয়া গিয়াছে। এই ধর্মকে আশ্রয় করিয়াই যুরোপের জাতীয় একটা অতি উদার বিশ্বপ্রেমের আদর্শও ফুটিয়া উঠিয়াছে। টাইট্যানিকের িবোধান কালে আমরা এই সকলেরই একটা অতি প্রতাক্ষ প্রমাণ পাইয়াছি। ত্যাগের পথে যাইয়া ভারত মৃত্যুকে জয় করিয়াছিল। ভোগের পথে যাইয়া যুরোপ মৃত্যুকে তুচ্ছ ক্রিতে শিথিয়াছে। ভারত বিশ্বের সঙ্গে একার। সাধন করিয়া আপনি স্থথজুংথের অতীত হইয়াও জগতের স্থপকেই আপনার স্থ ও জগতের তুঃথকেই আপনার তুঃথ বলিয়। গ্রহণ ও ভোগ করিবার নিগৃঢ় সঙ্কেত ার্ভ করিয়াছিল। এই মহাপরিনির্কাণের স্কুখ-ডঃথের তত্ত্ব য়ুরোপ জানে না। এই ত্রিগুণাতীত অবস্থার সংবাদ আধুনিক সভাতা রাথে না। কিন্তু আপনি স্থুপ চাহে বলিয়াই, যুরোপ অপরকেও স্থণী করিতে চাহে এবং আপনি ছুংপের তীব্র হলাহল পান করিতেছে বলিয়াই, সে বিষের যাতনা জানে এবং তাহারই জন্ম জগতের ছঃগীতাপীর সঞ্চে সমবেদুনা প্রকাশ করিতে পারে এবং সেই তঃথ ঁও সেই বেদনা উপশম করিবার জন্ম ক্থনও কোনও শ্রম বা ত্যাগ স্বীকার

করিতেও বিমুখ হয় না। টাইট্যানিকের তিরোধানে কি করিয়া মৃত্যুকে তুচ্ছ করিতে হয়, তাহাই দেখিলাম। কেমন করিয়া অপরের স্থাপ স্থান্তত্ব ও অপরের তঃথে তঃখামুভব করিতে হয়, তাহাও দেখিলাম। কাম্য বস্তুর অন্নেশণ করিতে ঘাইয়াও যে অসাধারণ সংঘমের প্রয়োজন হয় এবং এই অপরিহার্যা সংযমের মধা দিয়াই যে অতি উচ্চ অঙ্গের মহুষত্বও ফুটিয়া উঠিতে পারে এবং এই পথে যাইয়াও যে স্কুকৃতিসম্পন্ন লোকে ক্রমে নিশাম কর্মযোগ লাভ করিতে পারেন, টাইটাানিকের তিরোধানে ইহাও (मृशिलांग। এ मक्ल मित्क्टे आधीतक যুরোপীয় সাধনা অসাধারণ উংকর্ম লাভ করিয়াছে। টাইটানিক আধুনিক মুরোপের অসাধারণ বিদ্যাবৃদ্ধির অহাত্তম নিদ্ধনিরূপে গঠিত হইয়াছিল এবং যুরোপীয় কর্ম্মিগণের অসাধারণ কৃতিত্বের পরিচয় প্রদান করিবার জন্ম দগর্কে দাগর বক্ষে ভাদিয়াছিল। আর যুরোপের ইহসর্কাম্ব ভোগপ্রধান সাধনার মূলেও সে ভাগবতীলীলাশক্তি প্ৰচ্ছন্ন থাকিয়া, তাহারই ভিতর দিয়া শ্রেষ্ঠতম যোগশক্তি ও মোক্ষমপদ ফুটাইয়া তুলিতেছেন, ইহা প্রনাণ করিয়াই টাইট্যানিক অতল **সাগ্রত**লে অন্ততি হইয়াছে। টাইট্যানিকের তিরো-ধানে যুরোপ মহীয়ান ও জগং লাভবান্ হইয়াছে।

নাহি দে

(5)

নাতি সে উংসাহ, আশা, কামনা, কল্পনা;
আজ আমি মরণের ত্যক্ত আবর্জনা।
শীতে যথা শুদ্ধ সরঃ পড়িয়া নীরবে,
কুয়াসা হুর্গন্ধ ভরা গলিত-পল্লবে।
উবে গেছে স্কুথ শোভা স্কুরভি স্কুসার;
রয়েছে শৈবাল পদ্ধ,—যা নহে যাবার!

(२)

রয়েছে পড়িয়া পিচে কি দীন জীবন!
প্রভাত আনে না আর নব জাগরণ!
মধ্যাহে পড়ে না আর সে শ্রম-নিখাদ;
সায়াহে আদে না আর আপনে বিশ্বাদ।
আনে যায় দিনরাক, সেই অবদাদ—
মানে, জানে, কির্মো, ধর্মে, নাহিক আবাদ।

(0)

ধরা জ্ড়ে পড়ে আছে স্বধু সেই দিন,—
সে ফল্ল উজ্জল চক্ষু হ'তেছে মলিন!
চায়—চায়—তবু চায়, কি বলিতে চায়,
হলবের ভানা তার অধবে মিলায়!
হাতে ধরি, বুকে পড়ি, মুথে রাখি কাণ;
শীতল নিস্পান দেহ, মুদ্রিত ন্যান!

(8)

মরণ-কালিমা দেহে, তবু কি স্থবমা !
রাহুর কবলে যেন পূর্ণিমা-চক্রমা।
কি মহিমা—কি ভঙ্গিমা—নির্ভন্ন হৃদয়,
এখনি জাগিবে যেন করি' মৃত্যু জয়।
কোথা তৃমি—কোথা আজ মৃত্যু-বিজয়িনী—
সর্কার্থসাধিকে গোরী শিবে নারায়ণী!

(a)

দিয়া তব রূপগুণ না হয় মরণে—
বাঁচিলে না কেন আর ছ' দিন জীবনে!
স্থুই বুঝায়ে গেলে,—কি ছিলে আমার—
জগতের দার তুমি—জীবনের দার!
না লইকে প্রেমপূজা—প্রেম প্রতিদান,
না কবিতে আবাহন, দেবী অন্তর্জান!

(%)

মনে হয়, — ছুটে যাই পিছে পিছে তব, হউক না যত গুথ, সব তুথ স'ব। এক দিন-- কোন দিন—যদি কোন কালে, চোথে চোথে দেখা হয় মেঘ অন্তরালে। বলিব না কোন কথা; গুটি করে ধরি', চেয়ে-—চেয়ে মুখপানে র'ব বুকে মরি'।

শ্রীগক্ষয় কুমার বড়াল।

হিন্দুর ধর্মের বিচিত্রতা

হিন্দ যাহাকে ধর্ম বলেন সে বস্তু সনাতন। কালবিশেযে তাহার উৎপত্তি হয় নাই। দেশ বিশেষে সে ধর্ম আবদ্ধ হয় না! তাহা কেবল হিন্দুরই ধর্ম নহে, মানব মাত্রেরই তাহা ধর্ম। ্ৰই জন্ম সে ধৰ্ম সৰ্বতোভাবেই সাৰ্ব্বভৌমিক ও সার্বজনীন। এ ধর্মের নিগূঢ় তত্ত্ব বেদে বা বাইবেলে, আভেস্তায় বা তালমুদে, ত্রিপিটকে বা কোরাণে নাই।কারণ—"বেদাঃ বিভিন্নাঃ"। তাহা স্মৃতিতে নাই; কারণ "স্মৃতয়ো বিভিন্না: ''। তাহা মুনিজনের মীমাংসায় নাই, কারণ "নাসে মুনির্য্যস্য মতং ন ভিন্নং"। দে ধৰ্মের তত্ত্ব " গৃহায়াং নিহিতং ''—মানব থারুতির মূলে নিহিত আছে। আর গৃহা-প্রতিষ্ঠিত বলিয়াই এ ধর্মা সনাতন ও সার্ক-জনীন। এই ধর্ম্মবস্ত প্রত্যেক মনুষ্যের মূল প্রকৃতি ২ইতেই সুটিয়া উঠে; বাহির হইতে কাহারে। উপরে আসিয়া চড়িয়া বসে না। আর দকল মান্তুষের প্রকৃতি যথন দমান নতে, তথ্য সকলের ধর্মাও কথ্যই এক হইতে পারে না। হিন্দু এই সত্যটা অতি দৃঢ় করিয়া ধরিরাছিলেন বলিরা, কথনই খুষ্টারান বা মুদল-নানের মত, আপনার ধর্মকে অপরের উপরে গাঁলাইবার চেষ্টা করেন নাই। ইহাতে হিন্দুর মানব-হিতৈষার অভাব বুঝায় না; কিন্তু তাঁর গভীর অধ্যাত্মদৃষ্টিরই প্রমাণপরিচয় প্রদান করে।

ফলতঃ হিন্দু : যে মানুষকে কেবল ভাল বাসেন, ভাহা নহে; মানুষকে জাতিবর্ণ-নির্বিশেষে ভক্তি করাই তাঁর সাধনের একটা

মুখ্য অঙ্গ। হিন্দুর চক্ষে মান্তুষ কেবল মান্তুষ নহেন, কিন্তু নাগ্রাগ। হিন্দু সাধু সন্ন্যাসীকে কেহ প্রণাম করিলে, "নমো নারায়ণায়" বলিয়া, তাঁহারা সে বাক্তির প্রতাভিবাদন করেন। এই রীতিটী জগতের আর কোগাও আছে বলিয়া জানি না। গৃষ্ঠীয় জগতে মান্থবের মর্য্যাদা অশেষ প্রকারে বাড়িরাছে, ষীকার করি। "কোনো মামুম, তার সাংসারিক অবস্থা ও দামাজিক পদমর্যাদা ঘাই থাক বা না থাক 'না কেন, আনা অপেক্ষা হীন নহে"---ইহা সাধন করাই গৃষ্টীয় সভ্যতার মানব-প্রেমের আদর্শ। গৃষ্টীর ধর্মে, যিশুগৃষ্টের উপদেশে, এতদপেকা একটা উচ্চতর আদর্শেরো আভাস যায়, স্বীকার করি। মান্থদের সেবাতেই যে খুষ্টের সেব¦ হয়, খুষ্টীয় সাধনার এ ভাবটা ফুটিয়াছে, মানি। কিন্তু তথাপি মারুষ যেমনটা আছে, ঠিক সেই থাকিয়াই যে আমার অপেকা বড়, আমার ভক্তির পার, আমার ভজনার আধার ও অবলম্বন, হিন্দুর ভক্তি-সাধনেতেই কেবল এই ভাবটী যেনন ফুটিয়া উঠিয়াছে, জগতের আর কোগা ও তেমন ভাবে ফুটিয়া উঠে নাই। এই জন্ম মানুষের প্রতি যে হিন্দুর কথনো ভাল-বাদার অভাব ছিল বা আছে, তাহা নহে। তবে ভালবাদার অত্যাচারটুকু নাই, ইহা न्नोकात कविराज्ये घटरा शृंशीशान् यथन আমাকে ভালবাসেন, তথন তিনি আমাকে তাঁরই মত করিয়া তুলিবার জন্ম বাগ্র হন। তাঁর ধর্মটা যা'তে আমি গ্রহণ করি, তাঁর

সভ্যতা ও সাধনা যা'তে আমি অবলম্বন করি, তাঁর সিদ্ধান্ত সকলকে যা'তে আমি সতা বলিয়া আলিঙ্গন করি, তার জন্ম তিনি একান্ত ব্যগ্র হইয়া উঠেন। আমি যেমনটা আছি, তেমনটা থাকিয়া যাইব, ইহাতে তাঁৰ প্ৰীতির ব্যাঘাত জন্মিয়া থাকে। যেখানে প্রীতির একান্ত ব্যাঘাত নাও জন্মে, সেগানেও প্রীতি আর প্রীতি থাকে না, কিন্তু নিরতিশয় স্নিগ্ধ অনুকম্পার আকার ধারণ করে। মর্যাদা, সন্মান, ভক্তি, ইহাই সত্য প্রীতির প্রাণ। প্রীতি যেগানে এই মর্য্যাদা-জ্ঞান রক্ষা করিতে পারে না. সেখানে তাহার প্রীতিত্ব নম্ভ হইয়া, তাহা অনুকম্পাতে ু পরিণত হয়। পাদ্রিজন-স্কলভ প্রীতি তাই প্রকৃত পক্ষে প্রীতি নহে, কিন্তু অমুকম্পানাত্র। হিন্দুর দাধনায় মানুষকে প্ৰীতি কৰিবার প্ৰভা আছে, তাঁহাকে ভক্তি, দিবার বিধান আছে, কিন্তু এই পাদ্রিজন-স্থলত অত্যক্ষপা করিবার স্থান নাই। যে যা'কে অনুকম্পা করে, সে নিজকে তার অনুকম্পার পাত্র অপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া ভাবিবেই ভাবিবে। মুথে স্বীকার না করিলেও, এই শ্রেষ্ঠবাভিনান অভঃসলিলার মত, তাহার প্রাণের ভিতরে লুক।ইয়া থাকিবেই থাকিবে। এই শ্রেষ্ঠকাভিমান যে সূত্রে ও যে আকারেই মান্তবের প্রাণে প্রবেশ করুক না কেন, ইহা যে ধর্মসাধনের আ হান্তিক শক্র, হিন্দু ইহা জানেন। স্থতরাং তিনি লোককে ভক্তি দিতেই চাহেন, তাহাকে অনুকম্পা করিবার জন্ম কদাপি ইচ্ছা করেন না। আর যে যা'কে ভক্তি করে, সে তার গুণভাগেরই প্রতি লক্ষ্য করিয়া চলে, দোষভাগকে ভর তর করিয়া অন্বেষণ করে না। তা'কে ভক্তি দিতেই দে চাফে, তা'কে উদ্ধার করিবার জন্ম

ব্যাকুল হইরা উঠে না । জগতের প্রচারক-ধর্ম সকলে ছনিয়ার লোককে উদ্ধার করিবার বাসনাটাই অত্যন্ত প্রবল। হিন্দুর এ বাসনানাই বলিয়া, হিন্দুর ধর্মা প্রচারক-ধর্ম নহে। আর ধর্মবস্তকে মান্ত্রের মূল প্রকৃতির অন্তঃস্থলে প্রতিষ্ঠিত করিয়াই, হিন্দুর ধর্মা প্রচারক-ধর্ম হইতে পারে নাই।

কারণ, মানুষের ভিতরকার প্রকৃতি হইতেই যথন তার ধর্ম ফুটিরা উঠে, তখন ভিন্ন ভিন্ন মাম্ববের ক্ষয়প্রাকৃতির বিভিন্নতা নিবন্ধন, তাহাদের ধর্মও নিশ্চয়ই ভিন্ন ভিন্ন আকার ধারণ করিবে: আরু এই তত্ত্বী অতি দৃঢ়ভাবে ধরিয়াছিলেন বলিয়াই হিন্দুর ধর্ম যেনন একদিকে খৃষ্টাগান, মুসলমান্ প্রভৃতি মতবদ্ধ ধর্মের ন্তার ছনিয়ার লোককে আপনার ভিতরে টানিয়া আনিবার করেন নাই: সেইরূপ নিজের ভিতরেও অশেষপ্রকারের বিচিত্রতার সমাবেশ করিতে পারিয়াছেন। যেভাবে ও যে অর্থে গৃষ্টারান্ ধর্ম বা মুদলমান্ ধর্মকে একটা ধর্ম বলা যাইতে পারে, হিন্দুর ধর্মকে সেই ভাবে ও সেই অর্থে একটা ধর্ম বলা যায় না! বিশাল হিন্দুর ধর্মের আশ্রয়ে এমন অনেক লোক আছেন, বাহাদিগকে নোটামুটি জড়োপাসক বলা নিতান্ত অসঙ্গত হইবে না। ইহাঁরা যে কান্ঠলোষ্ট্রের,পূজা করেন, তাহা নছে। জগতের অতিশয় নিম্নস্তরের সাধনাতেও জ্ড বলিরা জড়ের উপাসনা নাই। কিন্তু এই সকল জভোপাদক জড় আধারে অজভের অধ্যাদ করিয়াই, তাঁহার পূজা করেন। এই অধ্যাস-জনিত উপাসনাকে বেদান্তে প্রতীকোপাসনা বলেন। হিন্দুর ধর্মো যেমন এই নিমুত্য

অধিকারের প্রতীকোশাসনা আছে; তেমনি ষ্ঠ্যসংখ্য দেবদেবীর-পূজাও প্রচলিত রহিয়াছে। আর এই সকল দেবদেবী যে সকলেই এক জাতীয় ভাহা, নহে। শিতলা বা ওলাবিবির পুজা যে শ্রেণীর, কালী, হুর্না, লক্ষ্মী, সরস্বতী প্রভৃতি পৌরাণিক দেবদেবীর পূজা সে শ্রেণীর এই নতে। আবার সকল পোরাণিক দেবদেবীর ভজনা যে শ্রেণীর, ভক্তিপ্ৰাণ ²বঞৰ বা শৈৰ সিদ্ধান্তের রাধাক্তঞের বা শিব-শক্তির ভজনা সে শ্রেণীর নহে। হিন্দুর ধার্মা যেমন অতি নিম অধিকারের প্রতীকো-পাসনার ব্যবস্থা আছে, তেমনি মধ্যমাধিকারের সম্পত্পাসনার ব্যবস্থাও রহিয়াছে। ছই বস্তুর মধ্যে কোনো সামাত্ত ধর্ম প্রত্যক্ষ করিয়া, ইহাদের ক্ষুদ্রতর যে বস্তু,— এবং ক্ষুদ্রতর বলিয়াই যাহ। বিশেষভাবে ইক্রিয়ের আয়ত্ত,—তাহার সাহায়্যে বৃহত্তর বস্তুর ঘাহাজ্ঞান লাভ করা যায়, তাহাকে সম্পদজ্ঞান বলে। ভূগোল শিক্ষার্থী দৃষ্ট ও করায়ত্ত কমলালেবুর সাহায়্যে অদৃষ্ট ও অনায়ত্ত পৃথিবীর আকারের যে জ্ঞানলাভ করেন, তাহা এই সম্পদজ্ঞান। কমলালেব ও পৃথিবীর মধ্যে আকারগত যে সামান্ত ধর্ম আছে, কমলালেবুকে সন্মূপে রাখিয়া, সেই শাশান্তধর্ম অবশস্থনে কেহ যদি অদৃষ্ট পৃথিবীর ধান ও আরাধনা করিতে যান, তাঁর সে উপাদনাকে দম্পত্পাদনা বলা যাইবে। সূর্য্যের সংস বন্ধরস্তরও কতকটা সামান্ত ধর্ম আছে। সূর্য্য স্বপ্রকাশ ; আর কিছুতে সূর্য্যকে প্রকাশ করিতে পারে না ; সূর্য্য নিজেই নিজকে প্রকাশিত করেন। আর নিজকে প্রকাশিত করিতে শাইয়াই যুগপৎ তিনি এই জগতকেও লোকচকে প্রকাশিত করিয়া থাকেন। স্থতরাং সূর্য্য যেমন স্বপ্রকাশ, তেমনি জগৎপ্রকাশক। চিংস্বরূপ ব্ৰহ্মবন্তম্ব প্ৰকাশ ও জগত প্ৰকাশক। সেই চিদালোকেই আমাদের পঞ্চ্জানেন্দ্রিয় জগতের যাবতীয় জ্ঞাতব্য বিষয়কে জানিতেছে। আর এই বিশ্বকে এইভাবে প্রকাশিত করিতে যাইয়াই. চিৎজ্যোতি যে বন্ধবণ্ড তাহা আপনাকেও প্রকাশিত করিতেছেন: এই জন্মই শ্রুতি কহেন "তদিফোঃ পরমম্ পদং সদা পশুস্তি শূর্যঃ দিবিব চক্ষুরাততং।'' ব্রন্ধবস্তর সঙ্গে সূর্যোর এই সামান্ত ধর্ম লক্ষ্য করিয়া, গাণবিষত্ত্ৰ-দাহাণ্যে এই প্ৰত্যক্ষ আরাধনা করা সম্পত্পাসনার धान . उ স্র্যোগাসনা, অন্তর্গত। গ্রেমন মনোপাদনা, তেমনি প্রাণোপাদনা, এ সকলই সম্পত্রপাসনা। কিন্তু হিন্দুর ধর্ম্মে আরো উচ্চ অঙ্গের স্বরূপ উপাদনারও ব্যবস্থা আছে। এখানে সর্ব্ধপ্রকারের ইন্দ্রিয়চেষ্টার বৈষ-রিক ও মান্দিক উভয়ক্ষেত্রেই আত্যস্তিক নিবৃত্তিলাভ করা আবশ্যক করে। এই হইলে, উপাসক আত্মস্বরূপে নিরুতিলাভ অবস্থিতি করিয়া, সমানিযোগে ব্রহ্মস্বরূপের সাক্ষাৎকার পাইয়া, স্বরূপোপাসনার অধিকারী হয়েন। কিন্তু এই স্বরূপোপাসনাতেই হিন্দুর সাধনা আপনার চরম চরিতার্থতা লাভ করে না। ব্রহ্মজ্ঞানের অধিকারেই স্বরূপোপাসনার প্রতিষ্ঠা। কিন্তু এই ব্রহ্মজ্ঞানের উন্নতত্ত্র অবস্থা আছে। সে দীলার অবস্থা। এগানে উপনিখদের ব্রহ্ম ভাগবতের লীলার-সময় ভগবানরূপে ফুটিয়া উঠেন। আর সাধক উপনিষদ গাঁহাকে "রসে। বৈ সং" তিনি রসম্বরূপ বলিয়াছিলেন, তাঁহাকেই নিথিল-রসামৃতমূর্ত্তিরূপে প্রত্যক্ষ করিয়া তাঁহারই এই নিথিললীলারসে আত্যন্তিকভাবে আপনাকে বিসর্জন করিয়া, জীবন্ম্ জিলাভ করেন। কার্চলোষ্ট্রের উপাসক হইতে এই জীবন্মুক্ত মহাপুরুষগণ পর্যান্ত, সকল শ্রেণীর সাধকই হিন্দুগোষ্টভুক্ত। ইহারা সকলেই আপন আপন অধিকারে প্রভিত্তিত হইয়া ঋজু কুটীল, উচ্চ নিম্ম, বিবিধ পন্থা অবলম্বনে একই চরম সাধ্যের সাধনা করিতেছেন। আর ধর্ম্মবস্তুকে মান্তবের প্রকৃতির মূলে প্রতিষ্ঠিত করিয়াই, হিন্দুর ধর্ম্ম আপনার মধ্যে এমন অশেষ বিচিত্রতার সমাবেশ করিতে পারিয়াছে।

ফলত: মানবপ্রকৃতি হইতেই যদি ,ধর্মের উৎপত্তি হয়, তবে এই প্রকৃতিতে যেমন অশেষ বিচিত্ৰতা থাকিবেই থাকিবে তেমনি এই প্ৰকৃতি সকলের সমান নয় বলিয়া, মানুষের মতামতও কখনো এক হয় না, তার শক্তি সাধ্ও কথনো সমান হয় না। আমাদের মতামত তে৷ আর আকাশ হইতে উড়িয়া পড়ে না; আমাদের মুনের, বুদ্ধির, প্রক্রার বিকাশ হইয়াছে ও যে সকল বাহিরের বিষয়ের সঙ্গে বিবিধ সম্বন্ধে আবদ্ধ হইয়া এই মন ও বৃদ্ধি ক্রমে ক্রমে ফুটিয়া উঠিয়াছে, সে সকলের ফলেই আমাদের মতামত গড়িয়া উঠে। অতএব যেথানে লোকের মনবুদ্ধি ঠিক এক রকম বিকশিত হয় নাই, আর যেখানে তাহাদের বাহিরের অভিজ্ঞতাও সমান নয়, সেখানে তাদের মতামত কদাপি স্থান হইতেই পারে না। মানুষের স্ত্যিকার মৃতামৃত যদি ভ্রান্ত হয়, দে প্রান্তির নিরসন করিতে হইলে. তাহার মনের প্রকৃতিটাকে বদলাইতে হইবে, আর তার সঙ্গে সঙ্গে যে সকল পরিপার্শ্বিক অবস্থা ও ব্যবস্থার ভিতর দিয়া সেই মানস প্রকৃতিটী

এতাবংকাল আপনার •দার্থকতা লাভের চেঠা ক্রিয়াছে, সে সকল অবস্থা এবং ব্যবস্থারও যথাসম্ভব পরিবর্ত্তন ঘটান আবশুক হইবে : নত্বা ক্থনই তার স্ত্যিকার মৃতাম্তগুলির সংশোধন বা পরিবর্ত্তন সম্ভব হইবে না। খুষ্টীয়ান প্রভৃতি জগতের প্রচারকধর্ম এই সত্যটী ভাল করিয়া ধরিতে পারেন নাই। এ সকল ধর্ম নানা অবস্থার, নানা অধিকারের, নানা জাতির মধ্যে আপনাকে প্রতিষ্ঠিত করিতে চেষ্টা করেন। তার ফল এই দাঁড়ায় যে খৃষ্টীয়ান্ প্রভৃতি ধর্মের কথাগুলিই এই সকল লোকে শিথিয়া রাথে, সে সকল কথার অন্তরালে যে সকল নিগুঢ় তত্ত্ব লুকাইয়া আছে, তাহা কিছুতেই ধরিতে পারে না। এবং এইজন্ম কাল क्तरम शैन अधिकारतत लाएकत मस्मा ५३ সকল তত্ত্ব প্রচারিত হইরা, হীন অর্থ পাইয়া, খুষ্টীয়ান প্রভৃতি প্রচারকধর্ম সকলের মৌলিক শ্রেষ্ঠতা কিছুতেই রক্ষা করা আর সম্ভব হয় না

বিশুখৃষ্ট জ্নিয়ার লোক। ইহুনীয়
সাধনার পরিণত ফলরূপেই সে দেশে বিশ্বখৃষ্টের
জন্ম হয়। বিশুখৃষ্টের উপদেশ ও সাধনপন্থার
সঙ্গে ইহুনীয় সাধনার ও ইহুনীয় সমাজ-জীবনের
একটা অতি ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল। কিন্তু এই
সকল উপদেশ ও সাধন যথন প্রাচীন গ্রীশীয়
চিন্তার সঙ্গে নিলিয়া গেল, গ্রীশীয় সমাজের
স্থীগণ যথন বিশুখৃষ্টের ধর্মকে গ্রহণ ও সাধন
করিতে আরম্ভ করিলেন, তথন এই ধর্মই
এক নৃতন আকার ধারণ করিতে লাগিল।
ইহুনীয় সাধনার ঝোঁক চির্দিনই কর্মের দিকে
ছিল। জিহোভার সঙ্গে ইহুনীয় জাতির আদিপুরুষ এব্রাহেমের একটা বিশেষ সর্ত্তের উপরেই

লোচীন ইহুদীয় ধর্ম প্রতিষ্ঠিত হয়। এইজন্ম ইত্রদীয় ধর্মকে আজিকালিকার পণ্ডিতেরা সর্ত্তের ধর্ম বা কভেন্ঠাণি রিলিজিয়ন্—Covenantal Religion—বলিয়া থাকেন। আমার হুকুম মানিয়া চল, আমার নিদিষ্ঠ পথের অনুসরণ কর, আমাকে তোমাদের এক মার দেবতা বলিয়া গ্রহণ কর; আসিও তোমাদিগকে আমার নিজের লোক বলিয়া সর্ব্বদা রক্ষা করিব ও জগতের অপরাপর জাতি সকলের মধ্যে তোমাদিগকে বাড়াইয়া দিব''—ইহুদী-দেবতা জিহোভার এই সর্ত্তের উপরেই ইহুদীয় ধর্ম প্রতিষ্ঠিত। স্নতরাং ইত্দীয় ধর্মা কর্মা-প্রধান। আর কর্মা,প্রধান বলিয়াই ইহুদীয় পদ্মায় আত্যন্তিক বৈধভাব বা লিগ্যালিজম (legalism) দেখা গিয়া থাকে। যি**শুপুষ্টের** উপদেশে এই বিধিআ'রগতাই দারা অনুরঞ্জিত হইয়া একটা দাস্যরসের অসাধারণ উৎকর্ষ লাভ করে। কেহুকেহ যিশুর রসকে বাৎসল্য বলিয়াছেন, জানি। যিশু আপনার উপাদাকে সর্ববাই পিতা সম্বোধন করিয়া, আপনাকে তাঁহার পুত্ররূপেই দেখি-তেন, ইহাও সত্য। পিতৃআদেশের ঐকান্তিক ও সপ্রেম আরুগত্যই যিশুর সাধনার মূল বস্তু। পিতৃ-ইচ্ছার সঙ্গে আপনার ইচ্ছার আতান্তিক যোগ সাধনেই এই আমুগত্য সম্পূর্ণরূপে চরিতার্থ হইয়া থাকে। কিন্তু এই যোগ দাস্য সাধনেও সম্ভব ৭ এই যোগ দাস্যরসেরও ইহাই দাস্য ভাবের বিশেষত্ব। দাস্যের রস উচ্চতর বাৎসল্যত্ত্বেও আছে। "পূর্ব্ব পূর্ব্ব রসের ভাব পরে পরে বৈসে।" কিন্তু ইহা,বাংসল্যের বিশেষত্ব নহে। দাস সর্ক্রদাই প্রভুর আজ্ঞাধীন হইয়া চলিতে চাহে। প্রভুর আজ্ঞা-পালনেই

তার স্থ্, তার আনন্দ, তার সর্ববিধ শ্রেষ্ঠ সার্থকতা লাভ হইল মনে করে। পুত্র পিতার অন্বগত হয় বটে, কিন্তু সে আনুগত্যের প্রকৃতি স্বতন্ত্র। তার মধ্যে এমন একটা মুক্তভাব থাকে, এমন একটা সহজ স্বাধীনতা থাকে, যাহা দাস্য সম্বন্ধে পাওয়া যায় না। পুত্র পিতার কথা যদি কথনও নাও শোনে, তাহাতে তার বাৎসল্য রসের নিতান্ত ব্যাঘাত হয় না। পুল্র কখনও বা আপনাকে পিতার সমান, কখনও বা পিতা অপেক্ষা বড়ও মনে করিয়া থাকে, আর কথনও বা আপনাকে নিতান্ত কুদ্র ও অসহায় বলিয়াও ভাবে। এরপ রস্কৈচিত্র দাস্যভাবে পাওয়া যায় না। এ সকল বৈচিত্র বিশুর মধ্যেও দেখা যার নাই, এইজন্মই বিশুর ভাবকে ঠিক বাৎসল্য বলা যায় না।এরপে ভাবের সঙ্গে ইহুদীয় সাধনার ঐকান্তিকু সঙ্গতি অসম্ভব ছিল। কিন্তু এই কর্ম্ম-প্রধান যিশুধশ্মই যথন গ্রীশে যাইয়া পড়িল, গ্রীশীর সাধনা যথন যিশুকে আত্মদাৎ করিতে আরম্ভ করিল, তখনই তাহার মৌলিক বৈধীভাবটা ক্ষীণ হইতে লাগিল, এবং আদিতে যে ধর্ম কর্ম্ম-প্রধান ছিল, তাহাই ক্রমে নৃতন মাটির নৃতন রসের জোরে একান্তই জ্ঞানপ্রধান হইয়া উঠিল। আমরা আজি কালি যাহাকে খৃষ্টায়ান্ ধর্ম বলিয়া জানি, তাহার ইত্দীয় ভাব একেবারে লোপ না পাইলেও নিতান্তই ক্ষীণ হইয়া আর গ্রীশের দার্শনিক চিন্তার প্রভাবেই তাহার মধ্যে অতি গভীর তরাঞ্চের প্রতিষ্ঠা হইয়াছে। খৃষ্টায় ত্রিম্ববাদ প্রভৃতি গভীর তত্ত্বকথা গ্রীশেবই কথা, ইহুদীর কথা নহে। যিশুর ইত্দী শিষ্যগণের হাতে এ সকল ফোটে নাই। আলেক্জেণ্ডিয়ার তত্ত্তানী-

দের নিকট হইতেই বর্ত্তগান গৃষ্টীয়ান্ ধমের সকল প্রকারের গভীর তত্ত্বের প্রতিষ্ঠা হইয়াছে। আবার যথন, কালক্রনে এই খুষ্ঠীর ধর্মই রোমক সাধনার দঙ্গে নিলিয়া গেল, তথন এই নৃতন সাধনার প্রভাবে, তাহার মধ্যে পুনরায় একটা প্রবল বৈধীভাবেরও প্রতিষ্ঠা হইল। शृष्टीयान् धर्म अनातकधर्म । नाना मनत्य नाना শোকের মধ্যে এই ধর্ম্মের প্রচার ও প্রতিষ্ঠা হইয়াছে! কিন্তু সর্ব্বদা ও সর্ব্বত্রই এই সকল বিভিন্ন প্রকৃতির সভাতা ও সাধনার সঙ্গে মিলিত হইরা, ভিন্ন ভিন্ন দেশে, ভিন্ন ভিন্ন লোকের মধ্যে, এই একই ধর্ম নানা আকারও ধারণ করিয়াছে। খৃষ্টধম্মের মূল কথাগুলি সকল স্থানেই রহিয়াছে। কিন্তু সর্বত্র একই অর্থে এই সকল ৰুণা লোকে বোঝে নাই, বুঝিতে পারে না।

फलफ: ८कवल वित्यम वित्यम धर्म मस्टक्सरे এ কথা সত্য, সাধারণ ভাবে সকল ধর্ম সম্বন্ধে স্ত্য নয়, এমন কথাও বলা যায় না। জগতের व्यमःथा वृष्टेडेभामकिनिरात्र मकरनत व्यष्टरत वृष्टे যেমন এক নহেন,ভিন্ন ভিন্ন সাধকের অন্তরে 🕏 সাধনাতে একই খৃষ্ট অসংখ্য রূপ ধারণ করিয়া আছেন ; সেইরূপ প্রত্যেকের ঈশ্বও অপরের ঈশ্র হইতে স্বতন্ত্র। জুগতের নানা লোকে, নানা नारम रायम এक हे नेबात ज जना करत, हेश সতা; তেমনি প্রত্যেক লোকের অন্তরের ঈশ্বামুভৃতি ও ঈশ্ববোপলন্ধি যে অপর লোকের ঈশবামুভৃতি হইতে পৃথক, ইহাও সত্য। একা বল, জিহোভা বল, ঈশ্বর বল, (शांका वन, विकृ वन, निव वन, बांधा वन, শক্তি বল, যে নামেই পরমতত্তকে ব্যক্ত করিতে চেষ্টা কর না কেন, এ সকল নামের অন্তরালে

যে সতা ৰস্ত্রর অহভূতি থাকে, তাহা তোমার নিজের, ভোমার ভিতরকার প্রকৃতির দারা. সেই প্রকৃতির রদে রঞ্জিত হইয়। আছে। তোমার প্রকৃতি যদি তামসিক হয়, সাত্ত্বিক বিষ্ণুমন্ত্র গ্রহণ করিলেই ভোমার প্রাণের মধ্যে যে দেবতার প্রকাশ ও প্রতিষ্ঠা হইয়াছে, তাহা কথনো সাত্ত্বি হইবে না ; হইতেই পারে না। এই ছত্ত সাধকের প্রকৃতির বিশেষত নিবন্ধন অনেক শৈব এবং শাক্ত সাধকও প্রকৃত বৈঞ্চব হইয়া থাকেন, অনেক বৈষ্ণব সাধকও ঘোরতর भांक रहेगा तरहन। अरनक नित्राकातवाही বাগাও ভিতরে ভিতরে ঘোরতর পৌত্তলিক হইয়া রহেন। আর অনেক দেবোপাসকও বিশুদ্ধ আধাাত্মিক শ্রীসম্পদ লাভ করিয়া, দেবতার নামে ও দেববিগ্রহে সেই "অলথ নিরঞ্জনেরই" ভদ্ধনা করিয়া থাকেন। "জয় জ্যোতিৰ্ম্মর " ব্লিমা অনেক ব্রহ্মোপাস্কও চক্ষ্ বুজিয়া কেবল একটা জ্বগৎজোড়া আগুণের হল্লাই হয়ত দেখেন; আর কথনো উচ্চ প্রকৃতির কোনো দাকারোপাদকও হয়ত, ''জয় জ্যোতিৰ্ময় " বলিতে বলিতেই ধান মগ্ন হইয়া আপনার অন্তরে স্বপ্রকাশ ও জগংপ্রকাশক চিজ্যোতিই প্রত্যক্ষ করিয়া থাকেন। কোনো আকার সমূথে না রাথিণেই যে অমূর্ত্তের মানস-পূজা হয়, আর বাছ্মৃত্তির সমুথে বৃসিলেই সর্বদাযে মূর্তেরই পূজা করিতে হয় সেখানে অমূর্ত্তের প্রকাশ অসম্ভব ও অসাধ্য, তাহা নহে। দেবতার মূর্ত্ত-প্রকাশ ও অমূর্ত্ত-প্রকাশ উভগ্ই বাহিরের মৃত্তির প্রতিষ্ঠার বা তাহার অভাবের উপরে নির্ভূর করে না। কিন্তু উপাদকের ভিতরকার প্রকৃতির উপরেই একাস্কভাবে নির্ভর করিয়া থাকে। যাঁহার ভিতরকার

প্রকৃতির মধ্যে অতীন্তির জগতের প্রকাশ ও প্রতিষ্ঠা হয় নাই, তাহাকে অমুর্ত্তের উপাসনায় প্রবৃত্ত করা বিজ্বনা মাত্র। সে কেবল শব্দ মাত্রই শুনিবে, সে শব্দের মর্ম্ম গ্রহণে কখনই সমর্থ হইবে না। সে নিরাকারের ভজনা করিতে যাইয়া, দেবতাপক্ষে যত ইন্দ্রিয়ের উপরে যাইবার চেন্টা করিবে, নিজের সাংসারিক ও বৈষয়িক জীবনে তত্তই ইন্দ্রিয়ের ও বিষয়ের দারা আরও অধিক অভিভৃত হইয়া পড়িবেই পড়িবে। প্রোটেষ্ট্যান্ট খৃষ্টীয়ান সম্প্রদায় তার সাক্ষ্য। আর বার প্রকৃতি অতীক্রিয়ের অধিকারে যাইয়া পৌছিয়াছে, সেরাম নামই করুক, আর গৃষ্ট নামই করুক, দে সেই নামের ভিতরেই যিনি নামরূপেব অতীত তাঁহার সাক্ষাংকার লাভ করিবে। অনেক হিন্দু ও ক্যাথলিক গৃষ্টীয়ান্ সাধক ইহার প্রমাণ। আর হিন্দু এ সকল তত্ত্ব অতি পরিস্থাররূপে ধরিয়াছেন বলিয়াই, তাহার ধর্মে মূর্ত্ত ও অমূর্ত্ত, সাকার ও নিরাকার, অতি বোরতর তামদিক, অতি প্রবল রাজদিক, ও নিরতিশয় সাত্তিক, এই সকল বিচিত্র ও পরস্পার বিরোধী মহা মতের ও সাধন-দিশান্তের প্রতিষ্ঠা হইয়াছে। আর ধন্মের তত্ত্বকে গুহাতে—মানব প্রকৃতির মূলে—প্রতিষ্ঠিত করিয়াই, হিন্দু আপনীর ধন্মকে এত উদার ও তাহাতে এত বিচিত্রতার সমাবেশ করিতে পারিয়াছেন।

শ্রীহরিদাস ভারতী।

ভারত, আয়লগাও ও ব্রিটিশ-সাম্রাজ্য নীতি

কেবল চীনের অভ্যুগান বা প্যান্ই-আশৃঙ্কা হইতেই যে ামিজ্মের ভারত-শাসন-নীতির হার্ডিং⊛র বৰ্ত্তগান প্রতিষ্ঠা হইয়াছে, তাহা নহে। সমস্ত সভ্য-'জগতের, এবং বিশেষতঃ ব্রিটিশ সামাজ্যের বর্ত্তমান অবস্থার সঙ্গে ইহার অতি ঘনিষ্ঠ তিনটী যোগাযোগ রহিয়াছে। সভ্যবগতে বিপুল শক্তি ক্রমে প্রপ্রারে বিরুদ্ধে জাত্ম-্রতিষ্ঠার**° আ**য়োজন করিতেছে। সমগ্ৰ শেতাক জাতি সকল, আশিয়া ওঅ†ফ্রি-কার অভিনব অভ্যুদ্য আকাষ্মা দেখিয়া চণ্ণল হইরা উঠিয়াছে। এই আকাজনার শফলতার সঙ্গে সঙ্গে আধুনিক জগতে খেত-ক্লফের একটা তুমুল বিরোধ বাধিবার

আশকা জাগিয়াছে। শ্বেতাঙ্গসমান্ত এখন এশিয়ায় ও আফ্রিকায় যে অসংযত প্রভাব ও প্রভুত্ব বিভার করিয়া বদিয়াছেন, ইহা আর বেশি দিন যে অপ্রতিহত থাকিবে, এমন মনে হয় না। জাপানের অভ্যুদয়-লাভের সঙ্গে সঙ্গেই উত্তর ও পূর্ব্ব আশিয়ায় য়ুরোপের রাজ্য-বিভার চেষ্টা চিরদিনের জন্ম প্রতিহত হইরাছে। চীনের অভ্যুথানের ফলে আশিয়ার য়ুরোপের প্রভাব আরও কমিতে আরম্ভ করিবে। ক্রমে হয়ত য়ুরোপীর জাতি সকলকে কেবল যে আশিয়া ছাড়িরা যাইতে হইবে, তাহা নহে; কিন্তু একবার যদি চীন-জাপান একত্রিত হইয়া, একটা মঙ্গোলীয় শক্তিস্ক্রব গড়িয়া তুলিতে পারে, তাহা হইলে, তাহার ত্রিবার

আত্মপ্রদারণ ও আত্মপ্রতিষ্ঠার চেষ্টা হইতে য়ুরোপের পক্ষে আত্মরক্ষা করাও কঠিন হইয়া উঠিতে পারে। রুশ-জাপান সমরের অবসান হইতেই য়ুরোপের প্রাণে এ আতঙ্কের উৎপত্তি হইয়াছে। রুশ, আমেরিকা ও ইংলও, এরা সকলেই স্বন্ধবিস্তর এই আতক্ষের দারা অভিভূত হইয়াছেন। এইজন্মই যে রুশিয়া শতাক্ষিক কাল হইতে ইংলণ্ডের প্রবল প্রতিদ্বন্দী হইয়া ছিল, যার ভ্রুয়ে ভারতে ব্রিটশপ্রভূশক্তি সততই সম্ভ্রন্ত হইয়া থাকিত, যাহাকে সন্দেহের ও বিদ্বেয়ের চকে দেখা ভারতীয় ইংরেজ-শাসনকর্তাদের একরূপ প্রকৃতিগত হুইয়া পডিয়াছিল, আজ সেই রুণিয়ার সঙ্গেই ব্রিটিশ-রাজ আগ্রহাতিশয় সহকারে বিশেষভাবে সৌথ্যবন্ধনে আপনাকে আবন্ধ করিয়াছেন। জাপান-চীনের • অভ্যুদয় যেমন কুশিয়ার তেমনি আমেরিকারও আশঙ্কার হেতু হইয়াছে। আর এইজন্মই ইংলণ্ডের সঙ্গে সর্ববিপ্রকারের সম্বাবিত বিবোধ নিপ্সত্তির জন্ম সালিশীর ব্যবস্থা করিতে আমেরিকা এতটা ব্যগ্র হইয়াছে। **খেতাঙ্গ স**নাজ এইরূপে যথাসাধ্য আপনাদের ঘরাও বিবাদ মিটাইবার জন্ম ব্যাকুল হইয়া পড়িয়াছেন। এই ব্যাকুলতার অন্তর্বালে দীর্ঘকান্দনিপীড়িত রুষ্ণাপ-সমাজের আকস্মিক অভ্যুত্থানের আশঙ্কা জাগিয়া আছে। এই আশক্ষার তাড়নায় ব্রিটিশ-সামাজ্যের ভিতরকার বিবাদগুলাও অতি সত্তর মিটানো আবশ্যক হইয়াছে। ইংরেজ মন্ত্ৰিদমাজ আজ যে এত ব্যস্ত ও ব্যগ্ৰ হইয়া আরল্য 1তে "হোমরুল" বা স্বরাজ-প্রতিষ্ঠা করিতে উদ্যত হইয়াছেন, ইহার পশ্চাতেও প্রত্যক্ষভাবে না হইলেও, অপরোক্ষে এই

আশঙ্কাই জাগিয়া আছেণ ব্রিটিশ-সাম্রাজ্যের শাল্লি-স্থাপন ও ঘননিবিষ্ঠতা সাধনের জন্ম সর্কাগ্রে এই পুরাতন বিবাদটা আবশুক হইয়াছে। কিন্তু আয়ল্যাতিও এই হোমকুল বা স্বরাজ প্রতিষ্ঠিত হইলেই ব্রিটিশ যুক্তর্গজ্যের অপরাপর প্রদেশেও অহুরূপ "হোনরুল" বা স্বরাজ প্রতিষ্ঠা করা আবর্ণ্ডক হইয়া উঠিবে। ফলতঃ আয়লগাণ্ডে হোমরুল গ্রুতিষ্ঠার সংক্ষন্ন প্রচারের সঙ্গে সঙ্গেই ইংরেজ ষ্কটল্যাণ্ডে এবং রাজমন্ত্রিগণ, ওয়েলসেও ক্রমে অন্বরূপ শাসন-তম্ত্র প্রতিষ্ঠিত হইবে, এই অভিপ্ৰোয়ও করেন। আয়লগাঞের বাক হোমরুল-বিল পাশ হইলে, সেখানে একটা পালে নেণ্ট প্রতিষ্ঠিত হইবে, এবং আয়ন গাডের শাসন-কর্তাগণকে এই পালে মেণ্টের অধীন হইয়া থাকিতে হইবে !

A National Parliament in Ireland and an Executive subject to that Parliament—

আইরিশ স্বরাজ-পহীগণ বহুদিন হইতে
ইহাই চাহিতেছিলেন। এতাবৎকাল ইংরেজ
রাষ্ট্রনীতিকগণ কিছুতেই আয়ল্যাণ্ডের এই
প্রার্থনা পূর্ণ করিতে রাজি হন নাই।
এরপভাবে রাবণের চিতার ক্যায় একটা
প্রধ্নিত বিদ্বেযবহি আয়ল্যাণ্ডে জাগাইর
রাখিলে ব্রিটিশ, সামাজ্যের পক্ষে সর্ব্ধপ্রকার
সম্ভাবিত আশক্ষার প্রতিরোধ করিয়া সন্যকরণে
ভাত্মরক্ষা করা যে একান্ত অসাধ্য না হইলেও,
নিতান্তই হুঃসাধ্য হইবে, ইহা দেখিয়া শুনিয়াই,
বর্ত্তনান, মন্ত্রিসমাজ আয়ল্যাণ্ডে হোমকলপ্রতিষ্ঠা করিতে উদ্যত হইয়াছেন। এই
স্বরান্ধ পাইয়া আইরিশগণ ব্রিটিশ-সামাজ্যের

সর্ব্যকারের সম্বন্ধচ্ছেদন করিতে চেষ্টা করিবেন, এ আশঙ্কা কগনই বেশী ছিল না, এখন একেবারেই নাই। বরং হংরা জসমাজের রাষ্ট্র নীতিবিশারদগ**ণ** এইটাই বুঝিয়াছেন যে, আয়ল ্যাণ্ডকে জোর ক্রিয়া ব্রিটশদামাজ্যের অস্তভিত রাথিবার চেষ্টাতে সেই সামাজ্যের শক্তিও ঘনিষ্টতা ্য পরিমাণে নষ্ট হইবে, আয়ল্টাণ্ডে স্বরাজ প্রতিষ্টিত হইলে, সে পরিমাণে নষ্ট হইবার কোনোই আশকা নাই। বরং তাহাতে. দামাজ্যের অঙ্গীভূত থাকিয়া আত্ম-প্রতিষ্ঠা ও আল্ল-দফলতা লাভের সম্পূর্ণ অবদর পাইয়া, ্যভাবে আয়ল্যাণ্ড সেই সাম্রাজ্যের প্রতি অন্তরক্ত হইয়া উঠিবে, জোর করিয়া তাহ কে চাপিয়া রাখিতে চেষ্টা করিয়া তাহার এই যাভাবিক ও কারানুগত আয়প্রতিষ্ঠা ও আয়-সফলতা লাভের পক্ষে অথবা বাধা বিল্ল স্থাপন করিলে, কিছুতেই তাহার সে অনুরাগ জনাইবে না। প্রত্যুত কেবল বিরাগ ও বিদেমই বাডিয়া উঠিবে। ব্রিটিশ সাম্রাজ্যের কল্যাণের ঘন্ত, সামাজ্যের শক্তিপুঞ্জকে সংহত করিয়া যাত্মরকার আয়োজন করিতে হইলে, ভাহার . মঙ্গীভূত ভিন্ন ভিন্ন প্রদেশ ও জাতি সমূহের যাভাবিক সাধীনতার আকাজ্ঞাকে গ্রোগ্যভাবে পূর্ণ করাই আবশ্বক। আধুনিক জগতে যে সকল বিশাল ও বিভীষিকাজনক শক্তিসঙ্খ ক্রমে ক্রমে গড়িয়া উঠিতেছে, তাহার মধ্যে আত্মরকা ও আত্মপ্রতিষ্ঠা করিতে হইলে, স্বাদে ব্রিটশ-সামাজ্যের ভিতরকার সকল প্রকারের বিবাদ মিটাইতে হইবে। এই উদ্দেশ্যেই, প্রকৃতপক্ষে, আয়ল তিও হোমকুল বা স্বরাজ প্রতিষ্ঠিত করা আবশ্যক

হইগাছে। তাহারই ছক্ত ক্রমে স্কটলাঞে এবং ওয়েল্সেও এইরূপ হোমকুল বা স্বরাজ প্রতিষ্ঠিত হইবে। সর্বাশেষে 😘 আপনার প্রাদেশিক স্বত্বসাধীনতা অক্স্প রাগিবার जगरे रे:नाए पर्यास धरे क्षेत्रांत्र (श्रामक्रम স্বরাজের প্রতিষ্ঠ। করা হইবে। আর যথন এইন্নপে বর্ত্তমান ব্রিটিশ যুক্তরাজ্যের বা ইউনাইটেড্ কিংডমের ভিন্ন ভিন্ন প্রদেশে এই সকল প্রাদেশিক হোমরুল বা ব্রাজ প্রতিষ্ঠিত হইবে, তথন সেখানে আপনা হইতেই, মার্কিণের যুক্তরাষ্ট্রের বা 'ইউনাইটেড ষ্টেট্স'এর স্থায় একটা ফেডারেল কনষ্টিটউসান Federal Constitution সমবার-শাসন-তত্ত্র গড়িয়া উঠিবে। মার্কিনের যুক্তরাষ্টে রাজার স্থান নাই। কিন্তু ইংলঙে সমবার-শাসন-তম গড়িয়া উঠিলেও, তাহা মার্কিণের মত প্রকাতন্ত হইবে না। বিটিশ-রাষ্ট্রে শীর্ষস্থানে আজ যেমন, তথনও, এই নৃতন সমবায়-শাসন-তন্ত্র বা ফিডারেল কনষ্টিটউশন গড়িয়া উঠিলে, ইংলণ্ডেশ্বই অধিষ্ঠিত থাকিবেন। व्यावर्गाए, श्रोमारक, अरबन्त्र अ देशनएक अहे সকল প্রাদেশিক স্বরাজ বা হোমকল প্রতিষ্ঠিত হইলে আপনা হইতেই ব্রিটিশ-প্রজাসভার বা পার্লেমেন্টের প্রকৃতি ও শক্তি, ধর্ম ও কম, উভয়ই পরিবর্ত্তিত হইয়। যাইবে। এখন ব্রিটিশ পার্লেমেণ্ট প্রাদেশিক আইন কাতুনও বিধিবদ্ধ করেন, আবার সাম্রাজ্যের কল্যাণাথে যে সকল সাধারণ বিধিবাবস্থার প্রয়োশন হয়, তাহাও প্রবর্ত্তিত করেন। কিন্তু প্রাদেশিক প্রকাশভা গঠিত হইয়া, প্রাদেশিক বরাজ ও স্বাতম্ব্র প্রতিষ্ঠিত হইলে, ভিন্ন ভিন্ন প্রদেশের জম্ম যাহা যাহা বিশেষভাবে আবশ্রক হইবে, সে সকল

কাজ প্রাদেশিক প্রজাসভা ও সেই প্রজাসভার অধীনস্ত প্রাদেশিক গ্রভর্মেণ্টই আপনারা করিবেন। ব্রিটিশ পার্লামেণ্ট তথন ফেডারেল পার্লেমেণ্ট হইবে। তথন ভিন্ন ভিন্ন প্রদেশের প্রতিনিধিগণকে লইয়া এই সাধারণ প্রজাসভা গঠিত হইবে। যে সকল বিষয়ে সকল প্রদেশের বা একাধিক প্রদেশের স্বত্বপার্থ আছে, কেবল দেই সকল বিষয়ই এই ফেডারেল পার্লেমেণ্টের কর্ত্তবাধীনে থাকিবে। ভিন্ন ভিন্ন প্রদেশের মধ্যে যথায়থ সম্বন্ধ রক্ষা করা, তাহাদের পরস্পারের বিবাদ বিজোপের নীমাংসা করা, সমগ্র সাম্রাজ্যের সন্ধিবিগ্রহাদির অনুষ্ঠান ও তত্বাবধান করা, পরবাষ্ট্রের সঙ্গে আপনাদের যুক্তরাষ্ট্রের সর্ববিধ **সম্বন্ধ নি**র্ণয় ও সম্বন্ধ স্থাপন করা, ও এই সকল সম্বন্ধকে যথাযোগ্যভাবে করা,—এই সকলই তথন এটিশ পার্লেদেণ্টের কম্ম হইবে। ব্রিটশ প্রজাসভা ক্রমে এইভাবেই পুনর্গঠিত হইয়া উঠিবে। ব্রিটিশ রাষ্ট্রশক্তি ও রাষ্ট্রজীবন এই দিকেই বিবর্ত্তিত হইনা উঠিতেছে।

ফলতঃ ইংরেজ রাষ্ট্রনীতি-বিশারদের।
স্থাপিষ্টই দেখিতেছেন যে কেবল এই পথেই
অন্যবহিত ভবিষ্যতে ব্রিটিশ সামাজ্যের স্থায়িত্ব
ও উন্নতি বিধান সম্ভব। ইহার আর দ্বিতীর
পথ নাই। এখন আনরা ব্রিটিশ সামাজ্য বলিতে যাহা বুঝি, তাহা তিন অঙ্গে পূর্ব হইরা
আছে। এই সামাজ্যের এক অঙ্গ, গ্রেট্রিটেন
ও আরল্যাঞ্চের যুক্তরাজ্য, ইংরেজিতে ইহাকে
United Kingdom of Great Britain and
Ireland বলে। তার দিতীয় অঙ্গ,—অঙ্ট্রেলিয়া,
নিউজিল্যাঞ্জ, ক্যানেডা ও দক্ষিণ-আফ্রিকা,
এই চারিটা উপনিবেশ। আর তার তৃতীয়

অঙ্গ,—ভারতবর্ষ ও মিশর। এই তিন্টা অঙ্গের মধ্যে, বলিতে গেলে, কোনো প্রকৃতি গত, স্বাভাবিক, অচ্ছেদ্য যোগ, কিম্বা কোনে প্রকারের স্বরস্থাধীনতার বা শাসনতন্ত্রের সমূত নাই। এই তিনটী অঙ্গের শাসন-তন্ত্র তিনটা স্বতন্ত্র আকার ধারণ করিয়া আছে। প্রথমতঃ ব্রিটিশ উপনিবেশগুলির কথা। এই উপনিবেশ গুলিকে কোনো মতেই ইংলণ্ডের অধীন বলা যার না। ফলতঃ এগুলিকে এক একটা স্বাধীন ও স্বতম্র রাষ্ট্র বলিলেও চলে। তারা নিজেদের আইনকামুন নিজেরাই বিধিবদ্ধ করে, নিজেদের করভার নিজেগাই নির্দ্ধারণ করে, নিজেদের রাজ্য নিজেদের ইচ্ছা ও প্রয়োজন মতই বায় রাষ্ট্রীয় করে। নিজেদের কর্মচারীগ্র নিজেরাই নিযুক্ত করে। তারা ব্রিটনের আমদানী পণ্যের উপরে ইচ্ছামত শুল্ক নির্দ্ধারণ করিতে পারে। ত্রিটিশ সাম্রাজ্যের অপরাপর দেশের লোককে তাহাদের দেশে ইচ্ছামত যাতায়াত ও ব্যবসায় বাণিজ্য করিবার অধিকার দিতে বা তাহা হইতে বঞ্চিত করিতে পারে। তাহারা ইংরেজকে কোনো কর দেয় না। ইংলণ্ডের নৌ-বিভাগ বা সেনা-বিভাগের ব্যয় নির্দ্ধাহার্থে এক কপর্দক অর্থণ্ড দান করে না। ইংলণ্ডের সঙ্গে তাদের এরপ কোনো বাধ্যবাধকতা নাই। ইংলত্তের যুদ্ধ বিগ্রহাদির সঙ্গেও তাহারা যোগদান করিবে কি না তাহাও সম্পূর্ণরূপেই তাহাদের ইচ্ছাধীন: ইংলভের মন্ত্রিসমাজ তাহাদের গ্বর্ণর-নিয়োগ করিবেন, আর তাহারা নিজেরা কোনও পররাষ্ট্রের সঙ্গে সাক্ষাৎভাবে সন্ধিবিগ্রহাদি করিতে পারিনে না ইহাই তাহাদের উপরে ব্রিটিশ-আধিপত্যের চর্ম সীমা। কিন্তু দি

বিগ্রহ না করিতে পারিলেও, এই সকল উপনিবেশ স্বেচ্ছামত ও সম্পূর্ণ স্বাধীনভাবেই, অন্য রাষ্ট্রের সঙ্গে ব্যবসার বাণিজ্যগত সম্বন্ধে ভাবদ্ধ হইতে পারে। অতএব উপনিবেশ সকলের উপরে ব্রিটেনের প্রভুত্ব একটা মৌথিক স্বজাতীয় লোক বলিয়া ইতিহাস, ধর্মা জাতীয় প্রকৃতি ও প্রেরণা এ সকল বিষয়ে কোনও কোনও উপনিবেশের সংগ ব্রিটেনের একটা আন্তরিক ঐক্য ও ভাবগত যোগাযোগ রহিয়াছে। ক্যানেডা ও দক্ষিণ-আফ্রিকার সঙ্গে এ যোগ ততটা নাই। দক্ষিণ-আফ্রিকার ক্যানেডা এবং অধিকাংশ অধিবাসী ব্রিটিশ শোণিতপ্রস্থত না ২ইলেও, তারাও ব্রিটেনের সঙ্গে যুক্ত থাকিয়া ্য সকল স্বাধীনতা ও স্থপস্থবিধা ভোগ করিতে পারে, তারই জন্ম তাহাদের প্রাণেও এ নৌথিক যোগটা ভাঙ্গিবার কোনো প্রকারের প্রােজন বােধ জন্মিবার সম্ভাবনা নাই। এ মকল উপনিবেশের নিজেদের কোনও নৌ-শক্তি নাই। ইহাদের কোনো নির্দ্ধারিত সেনাবলও নাই বলিলেই হয় ৷ আত্মরকার জন্ম ইহাঁদের আছে কেবল "মিলিশিয়া" বা প্রজা-সেনা। পুলিশ প্রহরী ছাড়া এ সকল উপনিবেশে আর কেছই অনন্যক্ষা হইয়া সমর কৌশল শিকা করিয়া, জীৰিকা উপার্জ্জনের জন্ম সৈনিকের কম গ্রহণ করে না। এ অবস্থায় এ সকল উপনিবেশের পররাষ্ট্রের আক্রমণ হইতে আত্ম-রক্ষার উপযুক্ত শক্তি ও ব্যবস্থা নাই বলিলেই হয়। ব্রিটেন্কেই ইহার ব্যবস্থা করিতে হয়। আর ইহাই গ্রেটব্রিটেনের সঙ্গে ব্রিটিশ উপনি-বেশ সকলের সর্কপ্রকারের বর্ত্তমান বাধ্য বাধকতার মূল। কিন্তু গত করেক বংসর

হইতে ব্রিটিশ উপনিবেশ সকল অল্পে আল্পে নিজেদের নৌ-শক্তি ও সৈন্সবল গড়িয়া তুলিবার আয়োজন করিতেছে। যে পরিমাণে তাহাদের এই আত্মরক্ষার শক্তি ও ব্যবস্থা করিয়া ও গড়িয়া উঠিবে, সেই পরিমাণে এটেব্রিটেনের সঙ্গে ব্রিটিশ উপনিবেশ সকলের বর্ত্তমান যোগ-বন্ধনও শিথিল হইবার থুব্ই আশক্ষা আছে।

* * * * *

উপনিবেশগুলির সঙ্গে যদি বন্ধনটা রক্ষা ও দৃঢ় করিতে হয়, তবে একটা সামাজ্য-ব্যাপী সনবায়-শাসনতন্ত্র প্রতিষ্ঠিত করা আবশুক। মার্কিণ যুক্তরাষ্ট্রের স্থায়, সমগ্র ব্রিটিশ সাম্রাজ্যকে একটা বিরাট যুক্ত-পরিণত না করিতে পারিলে, এ সামাজ্যের শক্তি ও স্থায়িত্ব রক্ষা করা অল্পকাল মধ্যেই একেবারে অসাধ্য হইয়া উঠিবে। আর এটা করিতে গেলেই, এই সামাজ্যের ভিন্ন ভিন্ন অঙ্গগুলিকে কোনও না কোনও আকারে হোমরুল দিয়া, তাহাদের প্রত্যেকটাকেই স্বরাজ্যে প্রতিহিত করা ভাবগুক। বর্ত্তমান ইংরেজ মন্ত্রিসমাজ এবং আ্যাদের বডলাট ইহারা সকলেই এটা পরিষ্কার করিয়া বুঝিয়া-ছেন। তাই একদিকে মন্ত্ৰী সমাজ আয়াৰ্ল্যাণ্ডে হোমরুল প্রতিষ্ঠা করিতেছেন, অন্তদিকে লাট হাডিঞ্জ ক্রমে ভারতবর্ষেও একটা বিরাট যুক্ত রাষ্ট্র গড়িয়া তুলিয়া, তাহাকে ব্রিটিশ দামাজ্যের অঙ্গীভূত রাখিয়া, সেই সাম্রাজ্যের স্বায়িত্ব, ভারতের জাতীয় জীবনের স্বপ্রতিষ্ঠা ও দার্থকতা, এবং সমগ্র মানব সমাজের শান্তি ও কল্যাণ বিধানের জন্ম, তাঁহার এই নৃতন শাসন-নীতি প্রবর্ত্তি করিয়াছেন। ইহা কেবল

আমাদেরই ভালর জন্ম করেন নাই; কেবল ইংরাজের বা ব্রিটিশ সাম্রাজ্যের ভালর জন্মও করেন নাই। কিন্তু ইহাতে সকলেরই কল্যাণ হইয়া, জগতেরও অশেষ কল্যাণ হইবে, এই ভাবিয়াই, এই নীতির প্রতিষ্ঠা করিবার জন্ম লাট হার্ডিঞ্জ সচেষ্ট হইয়াছেন। এই জন্মই আমরা সর্ব্বাস্তঃকরণে তাঁর এই শাসন নীতির সমর্থন করি।

তরুণ র(ব।

(পূৰ্ব্বকাহিনী)

যে কবির কথা আমর। বলিতেছি, সেই রবীক্রনাথ শৈশব হইতেই ত্রন্তর কল্পনা প্রিয়। নিথিলের রহস্য প্রকাশে কৃত-সঙ্কল। কবির বয়ংক্রম অপ্রকাশ্য।

'পাড়ার যত ছেলে এবং বুড়ো দবার আমি এক বয়দী জেনো, কেশে আমার পাক ধরেছে বটে তাহার পানে এত নম্বর কেন ?'

কবিবরের ভ্রমরকৃষ্ণ কেশদামের পাক দেশিয়া আমরা বহুকালাবধি মুগ্ধ। কিন্তু কেশের পাক হইতে মনের পাক আরও জটিল। কবিকুলের মানস ক্ষেত্রে বীজ কোথা হইতে বপনভয় তাহার তথ্য দার্শনিকগণ এখনও সবিশেষ বুঝাইতে পারেন নাই। স্ক্রাপেক্ষা transcendental দার্শনিক ফিজের মত গ্রহণ করিলেঃ—

O, wonderful spirit, now for the first time do I wholly understand the doctrine. Man is not a product of the world of sense. His vocation transcends time and space, and every

thing that pertains to sense where his being finds its home, there too his thoughts seek their dwelling place. Those are best known to the childlike devoted simple mind. How thou art and seemest to thy own Being. I shall never know any more than, can assume thy nature. After thousands of spirit lives I shall comprehend thee as little is I do now in this earthly house, '

ই ক্রিয়াতীত রাজ্যই কবি কল্পনার স্থান্ধ ভূমি। সেই অজাতদেশে চেষ্টা করিয়া কোন কবি উপনীত হইয়াছেন এমন কথা আমরা কথনও শুনি নাই। কিন্তু সে দেশের কোন 'গোপন ন্তন প্রর, গুঞ্নে কৃজ্নে,' কিংবা ভূদ্দোবন্ধে যদি কোন কবি লইয়া আসেন তবে আমরা নিদাঘ সম্ভূপ্ত মাধা পাতিহা বর্ষার বারিধারার ভাষে সেগুলি গ্রহণ করিয়া শুসি হই ১

এ সম্বন্ধে রবীন্দ্রনাথের childlike, devoted

and simple mind' পূর্বে সাধনার ফল। তরুণ কবির নির্মাল মন স্বর্গশিশুর প্রতিকৃতি। "বিশ্বপ্রকৃতি' তার কাছে তাই ছিলনাক' দাবধানে।" কবির বিশাস্ঘাতকতাও শিশুর মত। 'আসাবধান বিশ্বপ্রকৃতি'র ওপ্র রংসা উদ্ভেদ করিয়া তিনি লুকাইয়া রাথিতে পারেন লাই। প্রথম অক্ষে

> 'হেনকালে কবি গাহিয়া উঠিল নরনারী শুন সবে, কতকাল ধরে' কি যে রহস্য ঘটিছে নিথিল ভবে। একথা কে কবে স্বপনে জানিত, আকাশের চাঁদ চাহি পাঞ্কপোল কুম্দীর চোথে সারারাত নিদ্নাহি'।

কুমুদীর সহিত চক্রের স্থয়া, ভ্রমরের স্থিত নব্যালভীর স**র্মন্ধ**, কিংসা প্রকৃতির দহিত পুরুষের চিরস্তণ সম্বন্ধ আজিকার নতন কথা নহে। পূর্বে অনেক কবি গাহিয়া গিয়াছেন। ছগো হইতে টেনিসন প্ৰান্ত খনেক কবি ভাহার মশ্ম উদ্যাটনে যুত্রবান হট্যাছিলেন। কিন্তু তাঁহাদিগের নিকট বিশ্প্রকৃতি সাবধান ছিল। অনেকে অনেক ভাবে প্রকৃতির উপাসনা করিয়াছিল, কিন্তু, হিন্দুসন্তান গর্কা করিয়া বলিতে পারে গে ভারতবন্ধ ছাড়া অন্ত কোন দেশ দৈবী প্রকৃতিকে মাতৃভাবে লক্ষ্য করে নাই। সেই পুরাতন শৈশৰ বাণী রবীজনাথের গোটাকতক কবি-তায় প্রতিপানিত হইয়াছে। 'প্রকৃতি গাথায়' ^{রবী}ন্দ্রনাথের এইটুকু অভিনব। ইহা এদেশে-^{এই} গৌরব। কবির প্রশংসানা করিতে

চাহেন, ক্ষতি নাই। কিন্তু তাঁহার মানস শিশু বড় স্থন্দর সৃষ্টি।

মানবাঝার আদি-শৈশব পুরুষ স্ক্তের এবং উপনিষদের কথা। কবি তাহাকে কত স্কুলর করিয়া তুলিয়াছেন তাহা তাঁহার কাব্য হইতেই গোটা কতক অংশ লইয়া দেখাইতে চেষ্টা করিব। ইতিহাসটাকে সত্য না ভাবেন, 'কল্পনা' বলিয়াই ভাবুন। কিন্তু কবি তাহাতে তুঃগিত হইবেন।

'——সম্থেতে কঠের সংসার
বছই দরিদ, শৃত্য, বছ ক্ষ্ম বন্ধ অন্ধকার !—
এ দৈত্য মাঝারে, কবি,
একবার নিয়ে এস স্বর্গ হতে বিশ্বাসের ছবি !
এবার ফিরাওনোরে, লয়ে যাও সংসারের তীরে
হে কল্পনে, রন্ধম্যি!

সংসারের তীরে স্বর্গের রুণা শুনিতে সকলে প্রস্তুত নহে। তবে কাঙ্গালী কবির দৈয়দশা দেশিয়া যদি আপনার পাষাণ হৃদ্য টলিয়া উঠে তাহা হইলেই তিনি সার্থক হুট্রেন।

জীবায়া দনাতন পুক্ষের অংশ। তাহারই জ্যোতিকণা। এই জ্যু মানব মর্ত্তোর চঃপের মধ্যেও স্থাবের আনন্দ, জ্ঞান এবং চেতনা অভ্তব করে। ইন্দ্রিয়াতীত 'ভারের রাজ্য হইতে ভাহার রূপের রাজ্যে আমে' এবং পুনরায় দেই দেশে ফিরিয়া যায়। ইহাই মোটাম্টি মানবজন্মকথা। কিন্তু বিশ্বতির কিংবা মায়া এবং অজ্ঞানের অন্ধনার দিয়া নূতন সংসারে অবতীণ হইলেও ভাহার। আভ্যন্তরিক বন্ধন হইতে বিচ্যুত হন্ধ না। স্থপ্প, ক্ল্পনা, এবং ভাবের উন্থেষই ভাহার প্রমাণ।

কিন্তু স্বর্গের সহিত মর্ক্তোর সম্বন্ধ কি তাহা আমরা বোধ হয় ভাবিয়া দেখি নাই। পুণা-বলে, ধর্মবলে, হয় ত স্বর্গের আনন্দ অন্তব করিবার দাবী দাওয়৷ আমাদিগের থাকিতে পারে। হয়ত পুণাবল ক্ষয় হইলে আমরা পুনর্কার মর্ত্তো স্থল ভাবে বিচরণ করিতে বাধ্য কিন্তু কবি তাহাতে সন্তুষ্ট নহেন। তাঁহার ধর্মজগতে একটা মানবস্থানের দায়ীত্ব আছে। স্বৰ্গ হইতে বিদায়ের সময় কবি বলিতেছেন:—

থাক স্বর্গ হাস্তমুথে, কর স্থণাপান দেবগণ! স্বৰ্গ তোমাদেরি স্থাস্থান মোরা পরবাসী। মর্ত্তাভূমি স্বর্গ নহে, সে যে মাতৃভূমি তাই তার চঞ্চে বহে অশ্রজনধারা, যদি ছদিনের পরে কেহ তারে ছেড়ে ধায় চুদণ্ডের তরে। যত পাপী তাপী, মে'লি ব্যগ্ৰ আলিঙ্কন দ্বারে কোম্লবক্ষে বাহিবারে চায়. ধলিমাথ। তক্তম্পর্শে হদর জুড়ার জননীর। সংগতিব বহুক অমৃত, মত্তো থাক্ স্থে তুঃথে অনন্ত মিশ্রিত প্রেম্পার। অশ্রন্থলে চির্ম্যাম করি' ভূতনের স্বর্গগণ্ড ওলি! ভাগচ, 'দেবগণ। মাঝে মাঝে এই স্বৰ্গ হইবে স্মরণ দূর স্বপ্ন সম—-যবে কোনো অন্ধরাতে সহস। হেরিব জাগি' নিশ্মল শ্যাতে পড়েছে চন্দ্রের আলো, নিদ্রিতা প্রোয়সী,

লুষ্ঠিত শিথিলবাহু'(লোকালয় ১৯৩১৯৪)

তার পর নিদ্রিতা প্রেয়সীর কথা। পূর্ণিনা

নিশিতে নিছিত। প্রেয়মীর সোহাগ চন্দ্রন

আমাদের কপালে কোন কালে ঘটিয়াছিল এমন মনে পড়ে না, এবং যদিও ঘটিয়া থাকে তবে তাহাতে সহস্রজন্মের পূর্বের স্বর্গস্থ-স্মরণ পথে আসিয়া ছিল, এহেন জাতি-স্মরতার দর্প আমরা করিতে অক্ষম। কিন্তু জননীমন্ত্র্যভূমির অশ্রুধারা বিমোচন করার দায়ীত্ব যে আমাদিগের আছে, সে কথা কবির সহিত আমর। প্রাণপণে স্বীকার করি। সে অশ্রণারা যে কেবল মৃত্তিমানবের বিগলিত তাহাই নহে। পশুপক্ষী, বুক্ষলতা কীটপতঙ্গ এবং সমগ্র বিশ্ব তাহার অংশীদার। এই যে একটা অনাদি চিরস্তন মাতৃবন্ধন তাহা কেবল 'করুণা' এবং 'জ্ঞান' দারা বুঝান যার ন। এবং, সে বন্ধন আত্মমৃক্তি কল্পনা ক্রিয়াও ছিল্ল ক্রা যায় না, কারণ সমগ্র বিশ্বকে তাহা বেষ্টন করিয়া আছে।

স্ক্রেম আশাত্ফা; সে যে মাইপাণি স্থন হ'তে স্থনাস্তরে লইতেছে টানি', ন্তনাত্যল নষ্ট করি মাত্রন্ধপাশ ছিন্ন করিবারে চাশ্ কোন মুক্তিভ্রমে ? আমরা হিন্দু। শ্রাদ্ধ, তর্পণ, যাগ যজ, পুজা এবং অর্চ্চনার মাধ্যে সেই বন্ধন চিঞ কালই রাথিয়া দিয়াছি। পাশ্চাত্যজগতে বিজ্ঞানের অভ্যুদয়ের পূর্কে, সেই বিশ্বজনীন বন্ধনের সম্পূর্ণ,তথ্য কোন কাব্যগ্রন্থে পাওয়া ষায় না। মাতৃষ্কপা বিশ্বপ্রকৃতির মধ্য দিয় মানবাঝার সহিত প্রমাঝার যে গুঢ় স্থন বর্ত্তগান, তাহা হিন্দুসন্তানের স্থৃতিপথে: ক্রিয়াক্লাপে, চিরকাল অক্ষভাবে রহিছ গিয়াছে। সে ভাব ভোগাগ্নি দারা দ্র্ম হইবার নহে। মুক্তি কিংবা নিৰ্ম্বাণদার। মিটবার নহে।

'ৰম্মন্ ৪ বন্ধন বটে, সকলি বন্ধন

এই জন্মই পুনর্জুর আমরা মানিয়া থাকি

'অসীম সংসারে

রয়েছে পৃথিবীভরি বালিক। বালক ,

সন্ধ্যাশয্যা, মার মুখ, দীপের আলোক।

এই অছুত শৈশব-গাথা 'শিশু' নামক
কাব্যথণ্ডে কবি বর্ণনা করিয়াছেন। তাহারই

মধ্যে অন্বেষণ করিলে the child is the
father of the man, কবিবর ওয়ার্ডস ওয়ার্থের
এই গভীর বাণীর মর্ম ব্ঝিতে পারিব। এই
বিশ্বজ্গত 'শিশুর মহামেলা'। সেই শিশুর
জন্মকথায় কবি সমগ্র সনাতন ধর্মশান্ত্রের
মর্ম উদ্যাটিত করিয়াছেন।

স্বৰ্গ হইতে বিদায় লইয়া পূৰ্ব্যকল্পের শিশুগণ কি করিয়া মর্ত্তো জননীর অন্ধ পুন প্রাপ্ত হইল ? ছান্দোগা, বুহদারণাক প্রভৃতি উপনিষদে জীবের পুনরাবর্ত্তন সম্বন্ধে খনেক কথা আছে। তাহার মর্ম এই যে গ্যান্থোক হইতে ভূলোক পর্যান্ত চিরন্তণ একটা পথ বহিষা গিয়াছে যাহা দিয়া মানবদস্তানগণের অহরহ পুনরাবর্ত্তন হইতেছে। মে পথ প্রকৃতিরই ক্রোড়স্থ। যে তন্ত্রাত্রক্রমে সেই পথ পৃষ্টি হইত্তেছে, কবির অস্থান্ত কাব্যাংশ হইতে তাহার আভাষ দিতেচেষ্টা করিব। আপাততঃ বুবীক্রনাথের স্**ষ্টিপ্রকরণের 'দৈত্রহস্ঠ'**টা মনে রাখা উচিত। ঈশ্বর আপনিই নিজের মায়াকে খ্রীপ্রকৃতিরূপে বিস্তার করিয়া ভাব-রাজ্যের সৃষ্টি করেন। শাম্বের মতও তাই, দার্শনিকু হেগেলের মতও তাই। ইহা তাঁহার यानम नीना।

'যে ভাবে রমণীরূপে আপন মাধুরী আপনি বিশ্বের নাথ করিছেন চুরি ; যেভাবে নবীন মেঘ বৃষ্টি ক'রে দান ভটিনী ধারারে শুক্ত করাইছে পান, যেভাবে পরম-এক আনন্দে উৎস্কুক আপনারে ছুই করি লভিছেন স্থপ,
ছুইএর মিলনঘাতে বিচিত্র বেদনা
নিত্য বর্ণ গন্ধাণীত করিছে রচনা,
হে রমণি! ক্ষণকাল আদি মোর পাশে
চিত্ত ভরি' দিলে দেই রহ্ম্য আভাদে'!
ভাই 'জন্মকথায়' থোকা 'মাকে শুণায় ছেকে'
'এলেম আমি কোথা থেকে ?' জননী
প্রেকৃতি কহিল 'ইচ্ছা হয়ে ছিলি মনের
মারারে'। ফ্রি শিশুর মনে কোন থট্কা
উপস্থিত হয় তাই কবি পুনরায় বুঁুুুুরাইতেছেন,
'তুই আমার সাকুরের দনে

ছিলি পূজার সিংহাসনে, তাঁরি পূজায় তোমার পূজা করেছি।' এটা সনাতন ধর্মের কথা। অক্ত কোন দেশের কবিতায়, কোন মহাকাবো, একথা আমরাপাই নাই। বঙ্গের মা যথীর কুটীরে থোকার দর্শনশাস্থ, থোকার জন্মতন্ত্র বিজ্ঞান, সামান্ত কয়টা কথায় কবি কি স্থানর ভাবে চিত্রিত করিয়াছেন! তাহাতে তাঁহার আৰ্য্য প্ৰতিভা ফুটিয়া উঠিয়াছে। কবি হয়ত নিজে কথন সে দুর্শন ও বিজ্ঞান স্বীয় কাব্যের মধ্যে প্রযুক্ত করিতে চাহেন নাই, কিন্ত তাঁহার হৃদয়ের উচ্ছাুুুুোু সহিত কথায় কথায়, ছন্দে ছন্দে তাহ। প্রকাশ ইইয়াছে। গোক। ইচ্ছা শক্তির স্বরূপ হইয়া, ম্নের মাঝারে দিয়া, কিরুপে, আসিল ১ উত্তর দে 'চিরকালের আশায়' ছিল, 'মায়ের, দিদি মায়ের পরাণে ছিল', ভধু তাই নয়, গৃহদেবীর কোলের মধ্যে অনেক কাল লুকাইয়া ছিল। যৌবনের দঙ্গে মাতার তরুণ অঙ্গে 'সৌরভের মত' মিলাইয়া ছিল।

সব দেবতার আদরের ধন
নিত্যকালের তুই পুরাতন,
তুই প্রভাতের আলোর সমবয়সী
তুই জগতের স্বপ্ন হতে

এসেছিল আনন স্লোতে নতন হয়ে আমার বুকে বিকশি'! সদানন্দ, চিরকুমার আত্মার প্রকৃতির ক্রোড়ে আত্মদর্শনের স্থন্দর কথা। সদানন পোকার বিশেষ গোটাকতক লক্ষণ আছে তাহাতে তাহার জন্মরহ্দ্য বুঝা যায়। আমরা, বন্ধ সংসারী, না পাই যারে, চাহিয়া ভারে আমার কাটে বেলা কিন্তু গোকা. 'যা পাও চারিদিকে তাহাই পার তুলিছ গড়ি মনের স্থগটিকে' এইত গেল নিৰ্লিপ্তভাব। কিন্তু থোকা নিৰ্লিপ্ত হইয়া অন্তঃপুরে থাকে কি করিয়া গ 'গোক। থাকে জগৎ সংসারের অফুঃপুরে চরাচরের সকলকর্ম করে হেলা মা যে আদেন থোকার সঙ্গে করতে খেলা! থোকার তরে গল্প হবে বর্ষা শরং,

বিশ্বজ্যং!
কিন্তু আমরা থাকি 'জ্গং পিতার বিদ্যালয়ে'।
আমাদিগের নিকট স্থাচন্দ্র জ্যোতিষশাম্মে
মত চলিতেছে। বিশ্ব নীরব। নাগ কল্যার
কথা গল্প মাত্র! আমাদিগের নিকট বিশ্বজ্ঞ মহাশ্য কঠিন হইয়া থাকেন।

পেলার গৃহ হয়ে উঠে

বদ্ধদীবের জ্ঞান হইতে বছদিন লাগে।
কিন্তু এই যে মায়ার আগার জগত, মুক্ত
থোকা তাহা জন্মিয়াই প্রতিপন্ন করিতে
চাহে। এই যে নশ্বর পরিবর্ত্তনশালী ক্ষণিক
মুখ ছংখের বিষয়-পুত্তলিকা, খোকার নিকট
ভাহারা ভূচ্ছ। সে যাহা দেখে তাহা ভাঙ্গিয়া
ফেলে।

থোকার দাধ যে বড় হইলে সে থেয়াঘাটের মাঝি হইবে । 'আমি কেবল যাব একটিবার সাত সমুদ্র তেরোনদী পার' কবির পেয়াঘাটের দিকে খুব টান। ভবনদী, ও সোনার তরী লইয়া কবি-মাঝি অনেক ছবি আঁকিয়াছেন। সে কথা পরে বলিব। আপাততঃ তাঁহার কাব্যপটের ত্রস্ত খোকার ভাবভঙ্গী দেখিয়া আমাদিগকে বিশ্বিত হইতে হয়। দর্শনিক Fitcheর কথায়, he transcends all time and space. সরলভাবে ঘর এরা কথায় কবি স্থন্দর ভাবে চিত্রিত করিয়াছেনঃ—

দাদা হেসে কেন
বল্লে আমায় "থোকা
তোর মতন দেখি নেইক বোকা!
চাঁদ যে থাকে অনেক দূরে
কেমন করে ছুই ?"
আমি বলি দাদা তুমি
জাননা কিচ্ছুই!
মা আমাদের হাসে যথন
ঐ জানালার ফাঁকে
তথন তুমি বল্বে কি, মা
অনেক দূরে থাকে ?"
গোকা ইহা অপেক্ষাও একটি গুরুতর প্রমাণ

দেশাইবে, সেটা কোন কাজের কথা নহে 'মা আমাদের চুমো পেতে মাথা করে নীচু তথন কি মার মুখটি দেখায় মস্ত বড় কিছু' গু

এই যে স্থায়রত্ব থোকা, তার হৃদয় স্লেহে ভরা। বৃক্ষ, পূষ্প, সকলেই তাহার নিকট পাঠশালার ছাত্র। তাদের পাঠশালা মাটীর নীচে। থেলিতে চাহিলে গুরুসহাশয় তাহা-দিগকে দাঁড় করিয়া রাথে। তাদেরও মা আছে। যারা মেঘের মধ্যে থাকে তারাও থোকাকে ডাকে কিন্তু মাতৃবংসল থোক। তাহাদিগের সহিত যাইতে রাজি নয়।

শ্রীস্থরেন্দ্রনাথ মজুমদার।

বিলাতী কথা

প্রথম যথন লওনে পৌছি. তখন সন্ধ্যা সাতটা। সেদিন রবিবার ছিল। ফরাসী দেশের ভিতর দিয়া গিয়া, কে'লে হইতে ভোবারের পথে সমুদ্র পার হইয়া, বিলাতের মাটিতে পা দি। ডোবার হইতেই পরিচিত বন্ধদিগকে ভারে থবর পাঠাই। ভাবিয়া-ছিলাম তাঁরা কেউ না কেউ ষ্টেশনে জানিতাম আসিবেন। তখন না যে বিলাতে, বিশেষ দত্তন সহরে, রবিবারে চিঠি বা টেলিগ্রাম কিছুই বিলি হয় না। অন্ততঃ দেকালে এ ব্যবস্থা ছিল না; আজি কালি হইয়াছে। কাজেই টেশনে কেউ নিতে আদেনি। তবে তাতে বড় আদিয়া যায় না। লওনে হোটেলের অভাব নাই। य म दार्फेल हे खेश यात्र। একটা **८**हारितत नाम व्यामात काना हिल। थूव कांकाला ना इट्रेलिंग, ट्राटिनिंगे जम-গোছের। সংবাদপত্তের লীলাভূমি ফ্রী ষ্রীটে ইহার অবস্থিতি। নাম বলা মাত্রেই গাড়োয়ান এ হোটেলের পরিচয় পাইয়। আমাকে সেথানে লইয়া গেল।

হোটেলে ঢুকিয়াই তার আফিস। এই আফিসেই অভ্যাগতদিগকে নাম সহি করিয়া পছলমত ঘর ভাড়া করিতে হয়। সকল ঘরের ভাড়া সমান নহে। ,ছোট বড় ও আসবাবৈর তারতম্য হিসাবে ভাড়াও বেশ কম হয়। ছ'তালার ঘরগুলোর ভাড়া সকলের চাইতে বেশী। যত উপরে 'ওঠা বায়, ততই ভাড়া কম হয়। আমি তেতেলায় একটা ঘর লাইনাম। এ সকল হোটেলে

ঘরের ভাড়া আলাহিদা ও থাবার ধরচ আলাহিদা দিতে হয়। ঘর ভাড়ার ভিতরে আলো বাতি ও চাকর-চাকরাণীর কাজ্রটা ধরা হয়, এর জন্ম স্বতন্ত্র কিছু দিতে হয় না। কিন্তু চাকরচাকরাণীও বাড়ীর ভিতরকার কাছই করিবে। বাহিরের কাজে পাঠানো যায় না। সে কাজের প্রয়োজন হইলে অম্ভ লোক আছে। স্বতম্ব পায়স। দিয়া তাদের পাঠাইতে হয়। তাহাদের জন্ম যেমন শ্বতম্ব পয়সা দিতে হয়, স্নানের জ্ঞাও সেইর্রপ। স্নানটা সে শীতের দেশে একটা मर्थित्रहे मर्सा भगा। ठीखा জনে করিলে প্রতিবারে ছয় পেনি ও গরম জলে মান করিলে তার দিল্লণ-এক শিলিং বা বারো আনা দিতে হয়। তবে স্বানের ব্যবস্থা অতি স্থন্দর। প্রতিদিন নৃত্ন সাবান ও ধোওয়া তোয়ালে মেলে: আর আনের টব্ট। প্রত্যেক বারই নৃতন করিয়া ঘদিয়া गांकिया (नय। व्याहात्री। त्हार्टेटन निटन একবার করা চাই, নইলে ঘরভাড়া বেশী लारा । मकारलं था १ ग्राही .- हे १ र तर जता ইহাকে ত্রেকৃফাষ্ট বলেন,—যাহা কিছু হউক হোটেলের থাবার ঘরেই থাইতে হয়। ধাবারের হু'টা বাবস্থা আছে। একটা বাঁধা ব্যবস্থা--সে দেশের কথায় ইয়াকে (Table d' Hote) বলে। এ কথাটা ইংরেজী নয়, कतानी। **देशांत व्यर्थ (**शास्त्रिता दिवार प দিন যেরূপ আহার্য্য রাধার ব্যবস্থা হয়, সে হিসাবে থাইতে পাওয়া যায়। এই ব্যবস্থায় অনেকগুলি ভিন্ন ডির 94

ইংরেজীতে এই ভিন্ন ভিন্ন পদকে কোর্স बल। दर्भाश वा दशक्रितत्र किवितनत খাওয়ায় তিন কোসের কোথাও বা পাঁচ. কোথাও বা সাত কোসের ব্যবস্থা থাকে। এটা পুরা খাওয়া। Table d' Hote মতে খাইলে একটা বাঁধা দাম দিতে প্রাত:কালেও থাওয়ার জন্ম মাঝারি রকমের হোটেলে দেড় কি ছুই শিলিং—আমাদের টাকার আঠারো আনা কি দেড টাকা দিতে হয়: ব ব ব জ হোটেলে আড়াই শিলিং হইতে সাড়ে তিন শিলিংও লাগে। কিন্তু হোটেলে থাকিলেই যে Table d' Hote এর হিসাবে খাইতে হইবে, এমন কোনো কথা নাই। প্রত্যেক পদেরও স্বতন্ত্র দাম ধরা থাকে। খাবার টেবিলে, একখানা কার্ডে किनिरमत नाम ও माम त्मभा थात्क। यात्र যেমন প্রসা ও যেরপ কচি সেই হিসাবে, এই কার্ড দেখিয়া যে পদ ইচ্ছা লইতে পারেন। এ ব্যবস্থাকে A la Carte বলে। কথাটা ফরাসী, অর্থ কার্ডের মাফিক। অনেক লোকেই প্রাতঃকালের খাওয়াটা কার্ড দেখিয়া, সংক্ষেপে চুকাইয়া থাকেন। আমি হোটেলের আফিসে নাম ধাম লিখিয়া একটা ঘর লইলাম। অপরিচিত লোকে ঘর ভাড়া করিলে, ভাড়ার টাকাটা আগামই দিতে হয়। কিন্তু আমার সঙ্গে আমার বড় ট্রাক ও অক্তাক্ত বাক্স ছিল বলিয়া, আমাকে আর আগাম টাকা দিতে ্হয় নাই। সে রাত্তে কেবল এক পেয়ালা

আমার প্রত্যুষে জাগা চিরদিনের ক্রছ্যাস। সেই জড়্যাস মত ভোরেই

চা খাইয়াই শুইয়া পড়িলাম।

খুম ভাঙ্গিয়া গেল। চোক মেলিয়া দেখিলাম षानानात कांक निया घटत निवा पाला ঢুকিয়াছে। বাহিরে, রাস্তায় গাড়ীঘোড়ার চলাচলের গোলও উঠিয়াছে। ভাবিলাম এখন ওঠা ভাল। কিন্তু ঠাণ্ডা জলে মথ হাত ধোওয়া তো চলে না, আর বিনা অতিনে ঘরে বদাও যায় না, তাই চাকরাণীর ঘণ্টা বাজাইলাম। জন্য একবার, হ'বার, তিন বার বারম্বার দড়ি বাজাইতে টানিয়৷ ঘণ্ট। লাগিলাম । কা কন্ত পরিবেদনা? কিন্তু কেউ যে দেয় ন। শেষে হতাশ আবার শয্যায় আশ্রয় লইলাম। ঘর আলোতে ভরিয়া উঠিল। বাহিবেও গাড়ীৰোডার গোলমাল বাড়িতে লাগিল। উচ্চ-বাচ্য তথাপি চাকর-বাকর কারে৷ ভারি বিরক্ত হইয়া নাই। মনে মনে উঠিলাম। একবার ভাবিলাম বলিয়া কি এরা তুচ্ছ করিতেছে? ডাকাডাকি, হাঁকাহাঁকি তবুও কেউ একজন এলোনা। তখন মনে বড় রাগ হইল। তাই খুব জোরে ঘন্টার দড়ি নাড়িতে আরম্ভ করিলাম। অনেকক্ষণ ধরিয়া আবার ঘণ্টা বাজাইলাম। তখন একজন আসিয়া দিল। আমি ঘা ক্রোধভরে বলিলাম—''এতকণ ধরিয়া আমি বাজাইতেছি, এক জনও তার উত্তর দিল না, এর মানে কি?" সে ব্যক্তি বলিল— ''হোটেলের চাকরচাকরাণীরা আটটার আগে উঠে না; কাব্দেই কৈউ সাড়া দেয় নাই। 'এখন সবে সাতটা বাজিয়াছে।" কাব্দেই ততীয় আমাকে বাব কশ্বলের আতিথ্য এইণ করিয়া, চাকরচাকরাণীদের শ্যাত্যাগের প্রতীক্ষায় পড়িয়া
রহিতে হইল। সে দিন হইতে ব্ঝিলাম—
প্রত্যুষে শ্যাত্যাগ করিবে—শৈশবের এই
শিক্ষা আধুনিক সভ্যতায় আর পালন
করা চলে না। সত্যতার জুলুমে গরিবের
শৈশবের এ অভ্যাসটা কাজেই পরিত্যাগ
করিতে হইল।

म्हें श्रथम क'निन या ट्हाटिल কাটাইয়াছিলাম, তার পর লণ্ডন সহরে আর কথনো বেশিদিন হোটেলে কাটাই নাই। হোটেলে সুবিধা অনেক আছে বটে. কিন্তু ধরচ বড় বেশী। ভালো হোটেলে সপ্তাহে ৩০।৩৫ টাকার কমে একটা শোবার ঘর মেলে না। বোর্ডিং-হাট্রেম এই ৩০।৩৫ টাকায় সপ্তাহের যাবতীয় থরচ কুলাইয়া যায়। ছোট ছোট বোর্ডিং-হাউদে ২০।২২ টাকায়ও থাওয়া থাক। বেশ চলে। কিন্তু আমি কথনো বোর্ডিং হাউদে থাকি নাই। বোর্ডিং-হাউদে কোনো কোনো দিক দিয়া হোটেলের চাইতে বেশী বাঁধাবাঁধি আছে। আহারের একটা নির্দ্দিষ্ট সময় আছে, সে সময়ে উপস্থিত না হইলে, আর খাবার পাওয়া যায় না। কিন্তু না খাওয়ার দকণ সাপ্তাহিক বিলের টাকা কমে না। তার পর বোর্ডিং-হাউদে নানা লোক বাস করে, ভাদের সকলের দঙ্গে একত্রে খাইতে বসিতে হয়। এ সকল লোকের পূর্ব্ব-পরিচয় কিছুই জানা থাকে না। তার জ্বন্থও বোর্ডিং-হাউদে থাকিতে কথনো প্রবৃত্তি হয় না। তৃতীয় কথা এই যে বোর্ডিং-হাউসে খাওয়া-দাওয়ার ব্যবস্থা িপায়ই অভি জঘত । খুব বড় বড়

বোর্ডিং-হাউদে অবশ্র ভাল বন্দোবন্ত আছে: কিছ সে সকলের দাম প্রায় হোটেলেরই মত। অত টাকা দিয়া দে সকল উচ্চদরের বোর্ডিং-হাউদে সকলের থাকা পোষায় না. আর যাঁরা সে টাকা খরচ করিতে পারেন তাঁদের পক্ষে হোটেলে থাকাই শ্রেয়স্কর। বোর্ডিং-হাউদের থাওয়ার পরিচয়েই আমার পিত্ত উড়িয়া যাইত। বিলাতে সর্বাত্তই প্রধান থাদ্য মাংস। আমাদের যেমন ভাত, পাঞ্জাবী-পুরবীয়াদের 'বৈমন কটী. ইংরেজের তেমনি গোস্ত। আলু, কপি, শাক্সবজী এ সকল উপকরণ মাত্র। আর সেথানে গোমাংসই বেশী চলে। বোর্ডিং-হাউদ মাত্রেই গরু-রোষ্টের নিত্য ব্যবস্থা আর সকল রান্নাতেই লার্ড বা শৃকরবসা ব্যবহৃত হয়। ঘি-জিনিসটা পাওয়া যায় না। মাথম মৈলে, কিন্ত মাথমের রাল্লা অতি বিরল। কোনো কোনো মাছ-রান্নায় মাধম ব্যবহৃত হয়, নতুবা লার্ড প্রশস্ত। আর শৃকর চু'এর গক છ কোনোটাতেই কখন ক্ষতি হয় নাই। যথাসাধ্য সর্বাদাই বিলাতপ্রবাসকালে এ বর্জন করিয়া চলিতাম। কাজেই কারণেও কথনো বোর্ডিং-হাউসে থাকি নাই। হোটেল এবং বোর্ডিং-হাউস ছাড়া.

বিলাতে থাকবার আর একটা ব্যবস্থা আছে
তাকে অ্যাপার্টমেন্ট (Appartment) বলে।
অনেক জায়গায় সাজশ্য্যাসমেত ঘর ভাড়া
করিয়া থাকিতে পারা যায়। এই সাজানো
ঘরগুলোকে অ্যাপার্টমেন্ট বলে। এক জন
বাড়ীওয়ালী বড় একটা বাড়ী সইয়া,
ভাহাকে নানা প্রয়োজনীয় আস্বাব দিয়া

সাজাইয়া রাথে, এবং একটা ঘটা ঘর ভাড়া দিয়া তাহা হইতেই আপনার জীবিকা তুলিয়া লয়। ঘরভাড়ার ভিতরে এ সকল খলে আলো, বাতি ও চাকরচাকরাণীর ধরচও ধরিয়া লওয়া হয়। আহারের ব্যবস্থা ইচ্ছা করিলে বাড়ীতে বাড়ী ওয়ালীর নিকটেও করা যায়, আর বাহিরে যে সকল থাবার স্থান বা Restaurant আছে, সেধানেও করিতে পারা যায়। বাড়ীতে থাবার ব্যবস্থা করিয়া দেয়। কেবল জিনিষপত্তের দাম ভাহাকে ধরিয়া দিতে হয়। কথনো কথনো হকুমমত থাদ্য প্রস্তুত করিয়া দেয়, ও তার জন্ম বতন্ত্র দাম লইয়া থাকে।

আমার একটা বন্ধ লণ্ডনে প্রথমে আমাকে আপার্টমেন্ট ঠিক করিয়া দেন। আমি নৃতন লোক, সবে বিলাতে পৌছিয়াছি, তিনি তিন বৎসরকাল সে দেশে কাটাইয়া-ছেন, স্থতরাং আমি সম্পূর্ণরূপেই এ বিষয়ে তাঁর হাতে আত্মসমর্পণ করিয়া, বাড়ী খুঁজিতে বাহির হইলাম। বন্ধুটী স্বভাবতঃই অতি ধীর, শাস্ত ও নির্মাল প্রকৃতির লোক! এ রকম সংযমী পুরুষ বিলাতে অতি কমই যান। কেবল সংঘমী নন, কেহ কেহ তাঁহাকে একটু 'অতিমাত্রায় স্থকচিগ্রস্ত বা পিউরিট্যান বলিয়াও মনে করিতে পারেন। প্রথমে আমরা একটা বাড়ীর জানালায় আাপার্টমেণ্ট থালি আছে এই বিজ্ঞাপন দেখিয়া, তথায় ঢুকিলাম। যে চাকরাণী দরজ। থুলিয়া দিল, তার রূপযৌবনের ছটা ও চাল্চলনের ঘটা দেখিয়া আমর। উভয়েই একটু সঙ্চিত হইলাম।

বন্ধুটী বাংলাতে আমায় রলিলেন—"বাড়ীট। স্থবিধামত মনে হয় না।" যা হউক যখন দরজা থুলাইয়া ঢুকিয়াছি, তথন একবার দরট। না দেখিয়া ফিরিয়া আসা ভাল নয় বলিয়া, দেখিয়া আসিলাম। কিন্তু আমাদের নিবার ইচ্ছা থাকিলেও, ভাড়া শুনিয়া চক্ষুস্থির হইয়া গেল। এক থানা মাঝারি রকমের শোবার ঘর, তারই ভাড়া সপ্তাহে এক পাউও বা পোনর টাকা। বন্ধটী বাহিরে আসিয়া বলিলেন এ সকল বাড়ীতে এরপ ভাড়াই চায় বটে। আমি বুঝিলাম বিলাতে কেবল মরের গুণে ভাড়া হয় না, বাড়ীর চাকরচাকরাণীর শোভাসেরিবেও ভাডা চডিয়া যায়। এ কথাটা যে কত সত্য, পরে তার অনেক প্রমাণ পরিচয় পাইয়াছি। এই হ'তে বাড়ী খুঁব্জিতে যাইয়া, ঘরদোর দেখিবার আপেই চাকরাণীদের একবার ভালো করিয়া দেথিয়া লইতাম। ষে স্থলে চাকরাণীদের রূপের চর্টক বা প্রদাধনের কলাকৌশল একেবারে চথের উপরে আসিয়া পড়িত, সেখানে চুকিতাম না।

অনেকগুলি ঘরই দেখিলাম; কিন্তু
পছন্দমত একটাও পাইলাম না। কোথাও
বা চাকরাণীর চাউনী দেখিয়া সরিয়া
পড়িলাম, কোথাও বা ঘরের ব্যবস্থা দেখিয়া
বিম্থ হইলাম। আর যে যে স্থলে ঘর
ও বাড়ীওয়ালী ছই আপত্তিশৃত্ত মনে হইল,
সেথানেও স্থানের ব্যবস্থা নাই শুনিয়া, বাড়ী
ঠিক করা সম্ভব হইল না। আগেই
বলিয়াছি, সানটা ইংরেজসমাজে একটা
সথের মধ্যে গণ্য। স্ক্তরাং সেকালে

দকল বাড়ীতে স্নানের কোনোই বন্দোবন্ত চিল না। থাঁদের স্নান করার একান্ত ইচ্ছা হয়, ঠারা নিজেদের ঘরে একটা ছোট্ট টবে, शनिक्छ। গরম खल ও ঠাতা खल नहेशा, একরপ "কাকম্বান" করিয়া সে সাধ বাঙ্গালীর ছেলে. মিটাইতে পারেন। আজন্মকাল নিতামান করা অভ্যাস। আমার এরপ কাকস্নানে চলিবে কেন? কাজেই প্লানের বন্দোবন্ত যেখানে নাই. এমন বাড়ীতে ঘরভাড়া করা অসম্ভব হইল। কষ্টে, শোষ, একটা বাড়ী বাডীওয়ালী এখানে পাওয়া গেল। বর্ষীয়সী। চাকরাণীটা যুবতী **हरेल** ७ একান্তই কুৎসিৎ এবং সর্ব্বপ্রকারের প্রদাধন-পট্তাশূল। ঘরগুলোর আসবাব্ খুব দামী ও সৌথিনভাসাধক না হইলেও, চলনসহি বক্ষের। আর সর্কোপরি এই পুরাতন বাড়ীতেও, কি ভাগ্যগুণে জানি না, একটা স্থন্দর, পরিষ্কার স্থানাগার ছিল। আর কথা নাই। এত গুণের সমাবেশ অতি বিরল ভাবিয়া, একেবারেই এই বাড়ীতে একটা ঘর ভাডা করিয়া ফেলিলাম।

থাকবার স্থান তো হইল, স্নানেরও
ব্যবস্থা হইল। এখন আহারের বন্দোবত্ত
কি করা যায়। বাড়ীওয়ালী নিজে প্রায়ই
দেখা দিতেন না। চাকরাণীকে জিজ্ঞাসা
করিলে, সে একখানা বড় কার্ড আনিয়া
দিল। তাতে এরূপ ভাবে খাবার দর
লেখা ছিল:—

থাতরাশ বা বেক্ফাষ্ট ১ শিলিং।
 মধ্যাহ্বাহার বা লঞ্জ ১ শিলিং।
 বিকালের চা ৬ পেনি।

৪। রাত্রের আহার বা ডিনার তথন লগুনে আমি একেবারে নৃতন। কোনে কিছুই জানি না। আর কোন ইংরেজ যে কাউকে কথনো ঠকায় বা ঠকাইতে পারে. এ জ্ঞানও জন্মায় নাই। কাজেই বিনা ওজরে, এই দর মানিয়া দুইয়া, বাড়ীতেই বন্দোবন্ত করিলাম। আহারের সপ্তাহটা মন্দ চলে নাই। জিনিষগুলো যেন টাট্কাই পাইতাম, আর রালাবালাও मन रहे जा। किन्न न अपने व किन्न न की अपनी ্রতক্রপ সেবিকা হইলেও এদেশের প্রাচীন কথা-সেবকালে পুরাতনে-পুরাণ হইলে চাকর আর চাউল ছই ভাল হয়, এটা লণ্ডনে থাটে না। যত দিন যাইতে লাগিল, ততই খাওয়া খারাপ ও তার সঙ্গে সঙ্গে আমার মনের শমতা নষ্ট হইতে আরম্ভ করিল। প্রাতরাশে—আর্বসিদ্ধ ডিম, ধান তুই কটী-টোষ্ট, এবং এক পেয়ালা ককো বা চা'এর ব্যবস্থা আমার ছিল। এরই জন্য আমাকে বারো আনা করিয়া দিতে হইত। क्राय (मिथनाम-फिय त्कवन हे भिष्ठा योग्न. टिष्टि श्रुष्टिया डिटर्र, माथन मार्ट्कतीन् হইয়া বঙ্গে, এবং চাও ককো ত্থ চিনির দক্ষে মিলিয়াও কিছুতেই কবিবাজী পাঁচন হইতে আপনার স্বাতন্ত্রা রক্ষা করিতে পারে না। ছ'এক দিন তো চ'থ বুজিয়া এ অথাদ্যই গলাধঃকরণ করা গেল। ভাবিলাম হাতের পাঁচ আঙ্গুল যথন কোথাও সমান হয় না, তখন প্রতিদিনই যে টাট্কা ডিম, স্পক টোষ্ট, স্বস্থাত্ চা পাইব, এ তো বড় সম্ভব নয়। সর্বতাই নিয়মের घंटी। अयातन छाडे शक्छ। विश्व सथन

(मिथनाम-किन्होंहे भाँठ चान्त्व नकन-গুলিকে আপনার সমান করিয়া অঙ্গুলীসমাজে অলৌকিক সাম্যের স্ঠি করিয়া তুলিয়াছে: আর যাহাকে নৈমিত্তিক ব্যতিক্রম ভাবিয়া-ছিলাম, ভাহাই নিভা নিয়মের আসন একান্তভাবেই অধিকার করিয়া বসিয়াছে. তথন ধৈৰ্য্য রাখা মুক্তিল হইয়া উঠিল। কিন্তু ধৈৰ্য্য ভাললে কি হবে ? সভাতার বাঁধ তো আর ভাষা যায় না। এদেশে চাকর-চাকরাণী অপরার্থ করিলে, ছটো গালিগালাজ দিয়া ভিতরকার বিরক্তির ষ্টিমটা ছাড়িয়া দিয়া, কতকটা ঠাণ্ডা হওয়া যায়। সাহেব-মেমেদের তো গালগালাজ করা চলে না। চাকরাণী গুরুতর অক্তায় করেছে। চাই গরম চা. একেবারে ঠাণ্ডা চা আনিয়া হাজির করিয়াছে – তবুও ধ্যাবাদ দিয়া লইতে हरेदा। পরে "Please get a fresh pot" অহুগ্রহ করিয়া নৃত্ন ক'রে তৈয়ার করিয়া আর এক পট চা আনিবে কি? বলিয়া প্রথমকার ভূল সংশোধনের চেষ্টা করিতে পার। কিন্তু গালাগালি দেওয়া. এমন কি চেচাঁইয়া ছকুম করাও সে দেশে **চলে না। একদিন ব**ড় বিরক্ত হইয়া, একজন চাকরাণীকে একটু গরম স্বরে বলেছিলাম "You must do it, you forget that you are paid for it-" "তোমাকে এ কাজটা কর্তেই হবে : তুমি ভূলে যাচ্ছ যে এ কাজের জন্মই তুমি মাহিয়ানা পাইতেছ।''—আর সে এমন কালা জুড়িয়া দিল বে আমি চো'কে কাণে **१७ (एथिएड भारे नारे। त्म पृक्धि** मान কি করিয়া ভাকে বৰকণ আমায় অন্যক্ষা

হইয়া তার উপার ধ্যান করিতে হইয়াছিল।
এই যথন দেশের রীতি, সভ্যতার ইহাই
যথন দন্তর, তথন কিল্ থাইয়া কিল চুরি
করা ভিন্ন তো আর উপায়ান্তর নাই।
অবশু এ বাড়ী ছাড়িয়া যাইতে পারিতাম।
কিন্তু যাই বা কোথায়? বাড়ীর ভাব তো
দেখা গিয়াছে। আর অগুত্র যে এই দশাই
ক্রমে ঘটবে না, তারই বা কথা কি?
এ সকল ভাবিয়া চিন্তিয়া শেষ্টা বাড়ীতে
আহার পরিত্যাগ করিলাম।

ক্রমে দেখিলাম বিলাত যাইয়া যারা শুদ্ধ ঘর ভাডা করিয়া Appartmentএ থাকেন, জাঁদের পক্ষে বাহিরে আহারের বাবন্ধা কন্ধাই সব চাইতে ভাল। আর এর জন্ম বাবস্থাও কিছুই করিতে হয় না। বিলাতে সকল স্থানেই বিশুর Restaurant বা থাবার-স্থান আছে। উত্তম. অধম, সকল বকমের খাদ্যই পাওয়া যায়। যার যেমন পয়সা ও যেমন অভিকৃতি সেইরূপ আহার্য্যই এ সকল Restaurantতে পাইতে পারেন। আর সামান্ত জলযোগের স্থন্দর পরিপাটী ব্যবস্থা প্রায় সর্ব্বত্রই রহিয়াছে। এরেটেড ব্রেড কোম্পানী বলে একটা কোম্পানী আছে, সাটে ইহার নাম এ, বি, দি (A. B. C.)। এই A. B. C. দোকান অনিতে গনিতে সর্বাত্ত আছে। আজি কানি এদের দেখাদেখি আরো অনেক কোম্পানী হইয়াছে, যারা সন্তায় থাবার বিক্রী করেন। এ, বি, দি দোকানে ছই পেনিতে একটা আধনিদ্ধ বড় টাট্কা ডিম, হুই পেনিতে এক থানা খব বড় সমাধন-টোষ্ট (Buttered toast) এবং আৰ ছুই পেনিডে

টাট কা এক পেয়ালা চা বা ককে। পাওয়া যায়। ম্বতরাং এই সকল দোকানে ছয় পেনিতে ব। চয় আনায় অতি স্থন্য, তৃপ্তিকর, পরিষ্কার পরিচ্চন্ন প্রাতরাহার মিলে। এ অবস্থায় পচা ডিম, পোড়া টোষ্ট, তিতো চা'য়ের জন্ম বাডীওয়ালীকে এক শিলিং বা বারে৷ আনা দেওয়া একান্তই বোকামী নয় কি ? আর কেবল তাই নয়, তার উপরে আপনার ন্মভাবটী প্রতিদিন গুমরিয়া গুমরিয়া ক্রোধ-পোষণে বিক্বত হইয়া যায়। আমি ক্রমে প্রাতরাহারের জন্ম এ. বি. সির শরণাগত হইলাম। ইহাতে ভাল থাওয়া, মুক্ত হাওয়ায় একটু বেড়ানো ও মনের সস্তোষ সকলই মিলিতে লাগিল। মধ্যাহের আহারও এইরপ বাহিরেই করিতে লাগিলাম। লণ্ডনে নিরামিষেরও বেশ ব্যবস্থা আছে। সে কালে তিন চারিটা থুব ভাল নিরামিষ-আহারের স্থান বা Vegetarian Restaurant ছিল। এখানে মুস্থর বা মটর ডালের স্থপ, কপি বডবটীর কোপ্তা, আলু ভাজা, শিদ্ধ.

শাগুদানার পায়শ,---এরপ তিন চারিটা পদের লক্ষা মধ্যাকাহার ভয় আনায পাওয়া যায়, এটা table d' Hote lunch. তা ছাড়া A la Carto lunches আছে। ইচ্ছামত বাছিয়া গুছিয়া থাইলে এক শিলিংএ অতি স্থন্দর ও পরিতৃপ্ত আহার হয়। বাড়ী-ওয়ালীকে তার অথান্য লঞ্চের জন্ম দেড শিলিং দিতে হয়। বারা একান্ত নিরামিষাশী নন, তাঁরা দশ আনা বার আনায় মাছ বা মাংসও থাঁইতে পারেন। খাগে কারি-ভাত বেশি পাওয়া যাইত না। এখন দশ আনার অতি স্থন্দর কারি-ভাত পাওয়া যায়। রাত্তের বাহিরে আহারের ও ব্যবস্থ থাওয়াও ভাল হয়, পয়সাও কম লাগে। যারা সন্তায় বিলাতে থাকিতে চান, অপচ ভাল খাওয়ার দাওয়া হয় ইচ্ছা রাখেন, তাঁদের পক্ষে Appartmentএ থাকিয়া বাহিরে আহারের ব্যবস্থা করাই শ্রেয়। আমি তাই করিয়াছিলাম।

বিলাত-ফেরত।

জেগে কাঁদা

তারি নব অন্থরাগ প্রতাতে মিশিয়া,
উষায় তুলিয়াছিল, মধুর করিয়া,
দিয়াছিল পক্ষীকঠে, সঙ্গীত নবীন
হৃদয়ে ফুটায়েছিল কণক নলিন,
বাপ্ত এনেছিল বহি সোণার কল্পনা,
কেবল সংসারে ছিল, প্রেম-আলোচনা
যৌবন উঠিয়াছিল, উলাসে ফুলিয়া
নব ছন্দে, নব গীত, আলাশ করিয়া।

স্থপ-রাজ্য হ'তে রস্থা, আনিতে আহরি ভাসাইয়া দিয়াছিত্ব প্রণয়ের তরী; চলেছিত্ব গান গেয়ে বাজাইয়া বাশী, বছবিধ রতনের হইয়া প্রয়াসী; তুলেছিত্ব পদ্মকলি, পদ্মের মৃণাল পিয়েছিত্ব পদ্মমধু, সকাল, বিকাল; বাশরী ধৈবতরাপ, উগারি উগারি তুলিত হৃদয়মানে, কুহক লহরী,

নিদ্রা, জাগরণে যেন করির পেটন নয়নে স্থান্ধিত তার মধুর স্থপন; জাগরণে ছিল নিদ্রা নিদ্রায় মদির, স্থানের প্রাচ্থ্যে দোঁহে হ'তাম অধীর, তর তর, থর থর, বেতদী কম্পনে, কাঁপিয়া উঠিত হিয়া, সতত সঘনে, স্পর্ণে ম্পার্শে বিনিময়, ঈম্পণে ঈম্পণ হর্ষে হর্ষে, বিকিকিনি, মধুর কেমন! দিবদে আনন্দভরা, নিশায় মাধুরী বসস্তের পিকের দান, বর্ষায় দাছুরী শ্রা অধর আনিত বহি অধ্রের হাদি স্থান্থের বিলাদে স্থাধ হইত উদাদী। নয়নে আছিল ভরা শীতল বিজ্লবী. মধুর মাধুরী ছিল দর্ব্ব-অঙ্ক ভুরি,
দথিন পবন ভরে নাচিয়া নাচিয়া
যেতেছিল তরীথানি স্থুণীরে ভাদিয়া
পুলকের আলোকের, মাঝারে দহদা
ঘনাইয়া মান-মেঘ ঢাকিল ভরদা,
বাত্যা এলো অন্ধকারে ছাইল আকাশ
দোহাচিত্তে 'আমিত্বের' হইল বিকাশ
কোথা হ'তে ব্যবধান বিতন্তি প্রমাণ,
আনিল মালিন্যরাশি অমার দমান,
প্রেমেরে দলিত ক'রে দাঁড়াল গৌরব,
স্থাজিল দক্ষ্থে এক ভীষণ রৌরব,
উঠিল গর্ব্বের ঝড় ডুবাইল তরী,
স্থান গিয়াছে ঘুচি, জেগে কেঁদে মরি।
শ্রীবেণায়ারীলাল গোসামী

আকাজ্ঞা

মর্ম বেদনা মরমে সুকায়ে ৰাথিয়াছি সাবধানে, কি যে ব্যাকুলতা, কেহ তাহা নাহি জানে! यौग। थानि नयः বসিয়া বিরকে চাহি—নব নব তানে আমার গোপন মরম কথাটি বিকাশি' তুলিতে গানে; সে গান কথন পশিবে না তার কাণে! **ং**ধ্বনিয়া উঠিছে যে গান নীরবে আমার মরমতলে পারিতাম যদি শিথাতে বিহগ দলে ! প্রতি নিশাশেষে উষা আসি হাসি' যথন দাঁড়ায় ভবে. স্বপনের ঘোর ত্যক্তিয়া নয়ন त्मिनिया त्म हारह यत्न,---ভনিত দে গান শত বিহঙ্গরুবে।

ক্ষুদ্র তটিনী কলোক তুলি' স্থৃরে বহিয়া যায়, গানটি আমার যদি দে শিথিত, হায়! উপবনে আসি' বসি' নদীকুলে যবে দিবা-অবসানে স্বপনে মগন থাকে দে চাহিয়া সন্ধ্যাগগন পানে, বুঝিত সে-নদী কি যে গায় কলতানে। পারিতাম যদি আমার এ গান শিখাইতে স্যত্তে মনদ মধুর বস্তত সমীরণে! সে যথন গুহে থাকে আনমনে খুলি দিয়া বাতায়ন, বৃহিয়া আনি' দে প্ৰন জাগাইয়া ফুলবন,— বেদনা আঘার করিত সে নিবেদন। প্রীরমণীমোহন ঘোষ।

স্বরমোপত্যকা সাহিত্য-সন্মিলন

প্রথম অধিবেশন্ করিমগঞ্জ ১৩১৯ বঞ্চান্দ

সভাপতির অভিভাষণ

রান্ধণেভ্যো নমঃ। থাহার প্রেরণায় বাণীর স্বনোপত্যকাবাসী ছক্ত এবং অমুবক্ত সেবকগণ ভগবতী ভারতীর পূজার জন্ত আছ এখানে সমবেত হইয়াছেন, আহ্মন, সকলে ভক্তিপূর্ণ একাগ্রচিত্তে এবং আশা ও উৎসাহপ্র হদয়ে সর্বাত্রে সেই বিশ্বজননীর চরণে প্রাম করি।

অভার্থনা-সমিতির মাননীয় সভাপতি মহাশয় ও সভ্য মহোদয়ণণ, সমবেত ভ্রাতৃগণ, বন্ধগণ্ড এবং স্নেহাম্পদ ছাত্রগণ, আজ আপনার। উদ্দেশ্যে এখানে সমবেত হইয়াছেন. াহা অতি উচ্চ এবং তাহার ফল অতি দূরব্যাপী। আপনারা আজ যে মাতৃযজ্ঞের মহান্ত্র্ঠান করিতেছেন, তাহার আরম্ভ এবং ় ক্রমোরতি আছে, কিন্তু শেষ নাই। জাতীয় দাহিত্যের স্থিতি, পুষ্টি এবং উন্নতি-সাধনই আপনাদিগের উদ্বেশ, এবং এই সমস্তই জাতীয় স্থিতির সমকালব্যাপী। কিন্তু পুষ্টি এবং উনতি যুতই দ্রব্যাপী হউক, আরম্ভকে ছাড়িয়া দিলে কাহারও অস্তিত্ব থাকে না। যে বিভার মারন্ত ককারাদি বর্ণজ্ঞানে এবং পরিণতি বেদ ও বেদান্ধাদি শাস্ত্রসভেষ, ক্কারাদি বৰ্ণ ছাড়িয়া দিলে তাহার অন্তিম্বই থাকে

না। যে যত বড় এবং যত উন্ন ১ই হউক, আরম্ভ তাহার সংস্থাকরে। আবার আরছে যে প্রণালী, যে আদর্শ, যে প্রকৃতি অবলম্বিত হঠবে, পরিণতিতেও সেই প্রণালী, সেই আদর্শ সেই প্রকৃতি তাহার সঙ্গে সঙ্গে থাকিয়া পরিণতি লাভ করিবে। উন্নতির অর্দ্ধপথে অগ্রসর হটয়া যদি প্রণালী বা আদর্শ কিল। প্রকৃতির পরিবর্ত্তন করিতে যাওয়া যায়, তবে শুমন্তই ভাঙ্গিয়া চুরিয়া একাকার হই**বে**, আরস্তের পর্যান্ত অন্তিত্ব থাকিবে না. পরিণতি ত দূরের কথা। একথানি নৌকা বা একথানি গৃহ এক প্ৰণালীতে এবং এক আকারে নির্মাণ করিতে আরম্ভ করিয়া অর্দ্ধ সমাপ্ত না হইতেই যদি তাহার প্রণালী বা আকারের পরিবর্ত্তন করিতে যাওয়া যায়, তবে তাহার কিরূপ ত্রবস্থা হইতে পারে, একবার কল্পনা করিয়া দেখুন। বালকের বর্ণজ্ঞান-লাভের সময়ে যদি তাহার উচ্চারণের বিশুদ্ধির দিকে দৃষ্টি রাখা না যায়, তাহা হইলে তাহার সে দোষের আর এ জন্মে সংশোধন হয় না, ইহা আপনারা সকলেই জানেন। এই জন্ম আরম্ভটি যাহাতে বিচক্ষণ কারিকবের হাতে নির্দ্ধোষ এবং সর্বাঙ্গ-স্থলর হয়, সে বিষয়ে সকলেরই যত্নবান হওয়া উচিত।

আপনাদিগের অদ্যকার এই জাতীয় যজের অমুষ্ঠানে, জাতীয় সাহিত্য-গঠনের আরম্ভে একজন স্থিরবৃদ্ধি, ধীরস্বভাব, গন্তার চিস্তাশীল এবং লব্ধ-সিদ্ধি সাহিত্য-সাধককে সভাপতিব আসনে বসাইতে পারিণে ভাল হইত। কেবল বুদ্ধ হইলেই কেহ এ আসনের যোগ্য হয় না। चामि जानि, जारन, गाछीर्या, উৎসাহে এবং বাগিতায় আম। অপেক্ষা যোগ্যতর অনেক মহাত্মাই এহিটে বর্তমান আছেন। এই আসনে তাহাঁদের কাহাকেও অদ্য বসিবার স্বয়েগ দিলে তাঁথাদিগের জ্ঞানগর্ভ উপদেশ এবং বিজ্ঞতাপূর্ণ পংামর্শ শুনিয়া এই আরুস্তের শুভ স্চনা এমন ভাবে করিতে পারিতেন, যাহাতে আপনাদের মহৎ উদ্দেশ্য কালক্রমে স্থ্যমুখ্য হইতে পারিত, প্রণালী বা আদর্শের বিশুদ্ধতা সম্বন্ধে ভবিষ্যতে কথনও সন্দেহ মাত্র উপস্থিত হইবার সম্ভাবনা থাকিত না। যাহা হউক যথন এই অযোগ্যকেই আপনারা যোগ্য বলিয়া মনে করিয়াছেন, তথন ইহাকেই পুরোবভী করিয়া আপনাদের আরক্ত মাতৃযক্ত সম্পাদন করিয়া লইতে হইবে।

সম্রাট এবং স্মাট-প্রতিনিধিকে ধ্সুবাদ

আমাদের মহামাত সমাট্ রাজ্যলাভ করিয়াই এবার ভারতে পদার্পণ করিয়া প্রজান বাংদলোর নৃতন নিদর্শন প্রদর্শন করিয়াছেন, এবং দিল্লীর সংহাসনে উপবিষ্ট হইয়া অভ্যান্ত বর-শাকোর সঙ্গে বঙ্গভাষাভাষী প্রজাদিগকে এক শাস্কের মধান করিয়া রাখিবেন বলিয়া আখাস দিয়াছেন। তাঁহার ভাগতে আগমন এবং আমাদিগকে এই স্বভাবদন্ত অত্যান্ত অধিকার প্রদানের ছক্ত আমরা সকলেই দপ্তায়মান হইয়া তাঁহাকে এবং ভাঁহার দ্যাব্ভী সহ-

ধর্মিণীকে সর্বান্ধ:করণে, ধক্তবাদ প্রদান করি,
এবং তাঁহাদের স্বান্থায়ক শান্তিময় স্থানীর্থ
জীবনের জন্ম এবং ভারতের প্রতি তাঁহাদের
সন্তাবের স্থান্নিত্বের জন্ম জগজ্জননীর নিকট
একান্তচিত্তে প্রার্থনা করি। তাঁহার যে
মহামূভব ভারত-রাজপ্রতিনিধি এবং ভারতসচিবের স্থমন্ত্রণায় এই অভাবনীয় মন্ত্রহে স্থাট্
ভারতকে কৃতার্থ ও পরিতর্পিত করিয়াছেন, সেই
মহামূভব ভারতবন্ধুদিগকেও আমাদিগের
অক্লান্ধ্রম শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রদান করি।

প্রান্তবাসী বাঙ্গালী

আমাদের সন্মিলনের উদ্দেশ্য সাহিত্যের
চর্চা; রাজনীতির আলোচনার সঙ্গে আমাদের
অদ্যকার সভার কোন সম্পর্ক নাই। কিন্তু
প্রজান ধর্মা, সাহিত্য, শিক্ষা, সন্মিলন, ব্যবসায়,
বাণিজ্ঞা, শাস্তি এবং উন্নতি, এ সমস্তই রাজার
আজিত। রাজদৃষ্টি এবং রাজাহত্যহ ব্যতীত
এ সকলের কিছুই নিরাপদে তিষ্টিতে বা
সার্থকতা লাভ করিতে পারে না। স্ক্তরাং
প্ররোজন হইলে ভাষা এবং সাহিত্য-চর্চার
সন্মিলনকেও রাজাহত্যহের জন্ম ভিক্ষার্থী
হইতে হয়।

বিগত ১৯শে চৈত্র (১লা এপ্রিল) হইতে প্রাস্তবাদী বাঙ্গালীর বড়ই হুংথের দিন উপস্থিত হয় তথন হুইরাছে। হুর্ভাগ্য যথন উপস্থিত হয় তথন সৌভাগ্যও হুর্ভাগ্যেই পরিণত হয়—"মাড়-জুজ্বা হি বৎসস্থা স্তম্ভীভবতি বন্ধনে"। যে ব্যবস্থা ভারতের জনসাধারণকে আনন্দিত করিয়াছে, যে ব্যবস্থা ১৯শে চৈত্রে সন্মিলিত বঙ্গের ঘরে ঘরে হাস্থময়ী দীপমালা প্রজ্জ্বলিত করিয়া কঠে কঠে স্মাটের জয়ধ্বনি বিঘোষিত করিয়াছে, হুর্ভাগ্যবশতঃ দেই ব্যবস্থাই সেই

আনন্দের দিনে প্রান্তবাদী সপ্ততিলক্ষ রাজভক্ত বাঙ্গালী প্রজার গৃহকে অন্ধকারে আবৃত রাথিয়া তাহাদের নয়ন হইতে শোকাঞা-ধারা প্রবাহিত করাইয়াছে। আজিও সেই অন্ধকার এবং সেই অশ্রুপাত চলিতেছে, জা,ন না কবে তাহার নিরুত্তি হইবে, মহাস্কুভব বড়লাট কবে ৭০ লক্ষ বান্ধালীর গৃহের এবং দ্রদয়ের সেই গাঢ় অন্ধার ঘুচাইবেন, সেই বক্ষ:প্রাবী অঞ মুছাইবেন! অক্সান্ত প্রান্তবাদী বাঙ্গালীর এ সম্বন্ধে কাহার কি বলিবার আছে, কাহার প্রাণে কিরপ তীক্ষ শূল বিদ্ধ হইয়াছে ঠিক জানি না; কিন্তু ভাষ-শাস্ত্রে যুগান্তর-প্রবর্ত্তক রঘুনাথ শিরোমণির জন্ম-স্থান, পতিত-পাবন মহা প্রভূ চৈতক্তদেবের পিতৃভূমি, ভগবৎক্বপায় জनस्र विश्वान-श्रमीश महाभूकव चरिवजाहार्यात বাণ্য-লীলা-নিকেতন প্রীহট্ট, আজ বঙ্গদেশ গ্ইতে বিচ্ছিন্ন, ঐ সকল ভারত-বিশ্রুতকীর্ত্তি বাঙ্গালী মহাপুরুষদিগের স্বজাতীয় यानगीरमञा आक राजानी रानिमा পরিচম দিবার অধিকার হইতে বঞ্চিত। ব্রিটশ অধিকারের পূর্বের যে রাজ্যের বিধি-ব্যবস্থা প্রজাসাধারণের অবগতির জন্ম বঙ্গভাষায় নিবদ্ধ হইত, যে হেড়ম্ব-রাজ্যের বঙ্গভাষায় লিখিত দণ্ডবিধি বর্ত্তমান থাকিয়া **আজও বঙ্গ**ভাষার প্রাচীনতা এবং প্রভাব প্রচার করিতেছে, আজ কি না সেই হেড্ম-রাজ্যের বঙ্গভাষাভাষী প্রজাবর্ম মহিমান্তিত ব্রিটিশ জাতির অধিকারে খাদিয়া বাঙ্গালী জাতি হইতে বিচ্ছিন্ন হইতে বসিয়াছে ! দগ্ধ-হৃদয় ব্যতীত এ হঃখ রাখিবার আর স্থান কোথায় ? এ তু:ধের কথা মহামান্ত সমাট এবং তাঁহার উদারচেতা প্রতিনিধি বাতীত আর কাহার নিকট নিবেদন করিব ?

কেহ কেহ বলিভেছেন, আর কাঁদিয়া ফল কি

পূ প্রান্তবাদী বাসালার অদৃষ্টে যাহা হইবার হইয়া গিয়াছে, তাংার 🚓 🗗 আর বুথা আক্ষেপ এবং বুথা আ.ন্দালনে কেবল মানসিক কটেরই বুদ্ধি। ''যেখানে অন্তের লেখা, ব্যথা সেই খানে'' এই মশ্মস্তুদ ব্যবস্থা যাহাদের ভাগ্যে ঘটিয়াছে, তাহাগাই এই জ্রন্দন এবং এই আক্ষেপের অর্থ বৃধে. অন্তে দুরে দাঁড়াইয়া তাহার কি বুঝিবে ? কিন্ত আমাদের ক্ষীণকঠের ক্ষীণস্থর উথিত হইয়া আবার বাতাসেই লীন হইয়া যাইতেছে; যাঁহাদের কর্ণে পঁছছিলে এ ছঃথের প্রতীকার হইতে পারিত, তাঁগদের কর্ণে আমাদের এ ক্রন্দন েমন ভাবে প্রচিতে পারিতেচে বাঙ্গালীর না। প্রায়বাসী এই ক্রন্সন রাজকর্ণে প্রভূতিবার অন্তরায় অনেক। এই ৭০ লক্ষ অধিবাসীর বসতি একস্থানে নহে, তাহাদের বাসস্থান একটি সঙ্কীর্ণ রেখায় স্থায় দূর-বিস্তার্ণ বঙ্গের প্রায় জিন দিক্ ব্যাপিয়া রহিয়াছে, স্থভরাং ভাহার এক প্রান্তের ক্রন্দনরোল অক্তপ্রান্তে পঁহুছে না—আপনারা অদ্য এখানে ঘাহা বলিতেছেন এবং যাহা করিতেছেন, সাঁওতাল প্রগণা বা মানভূম সিংহভূম প্রভৃতি স্থানের বান্ধালীরা কথনও তাহার সংবাদ পাইবেন কি না সন্দেহ। তাহার পরে এই সকল প্রান্তবর্ত্তী প্রদেশে একমাত্র শ্রীহট ছাড়া আর এমন একটি স্থান নাই যাহা শিক্ষা প্রভৃতি সভ্যতার উপকরণে বাজালার কোন জেলার সমকক হইতে পারে। সধ্যোপরি সভা-সমিতি বা সংবাদ-পত্রাদির এমন কোন ব্যবস্থ। নাই, যদ্বারা তাহারা পরস্পারের অবস্থা এবং

জানিতে পারে. পরস্পরের সঙ্গে মিলিত একযোগে কার্য্য করিতে পাৰে i कत-भरमत अञ्जली अनि यजिन मृनरम् रहत मरक সংযুক্ত থাকে, ততদিন তাহাদের দারা মূল-দেহের শোভা এবং কার্য্য উভয়ই সম্পাদিত হয়; কিন্তু তাহারা যদি কথনও দৈব তুর্বিপাকে দেহ হইতে বিচ্ছিল হইয়া পড়ে, তথন দেহের অন্তিত্ব থাকিলেও তাহার শোভা এবং কার্য্যে ব্যাঘাত ঘটে, পরন্ত, অঙ্গুলীগুলির অন্তিত্ব একেবারেই বিলুপ্ত হইয়া যায়। প্রান্তবাদী বাঙ্গালীর বর্ত্তমান বিচ্ছেদে সন্মিলিত বঞ্জের অন্তিত্বের কোন ব্যাঘাত ঘটিবে না বটেং কিন্তু এক দশমাংশ শক্তি যে কমিয়া গেল তাহা অবশ্যই স্বীকার করিতে হইবে। আর এই বিচ্ছিন্ন অংশের অন্তিত্বই বা কতদিন থাকিবে— কতদিন এই বিচ্ছিন্ন অংশের অধিবাসিগণ বাঙ্গালী বলিয়া পবিচয় দিবাব অবকাশ পাইবে ? এখন ইহারা শাসন-সংরক্ষণ প্রভৃতি গ্ৰৰ্ণমেণ্ট সম্পৰীয় সৰ্কবিষয়ে বান্ধালী জাতি হইতে সম্পূর্ণরূপে পূথক হইল, কেবল বাঙ্গালীর মাতৃভাষাটাই ইহাদিগের বাঙ্গালী পরিচয় দিবার অবলম্বন হইয়া রহিল। ইহাও দীর্ঘকাল থাকিবে না। রহং শক্তির সঙ্গে কুদ্র শক্তির সংস্পর্শ হইলে বৃহৎ শক্তি কুদ্র শক্তিকে গ্রাস করিয়া ফেলে, অধিকমাত্র জলের সঙ্গে বিন্দুমাত্র জলের যোগ করিয়া দিলে **দেই বিন্দু আর ক্ষণ**মাত্রও আপনার অন্তিত্ব রকা করিতে পারে না। এই १० লক্ষ বাঙ্গালী যে অল্পকাল মধো আপনাদের অন্তিত্ত আসামবাসী এবং বিহারবাসীর অন্তিত্তে ডুবাইয়া দিতে বাধ্য না হইবে, এ কথা দৃঢ়তার সহিত কে বলিতে পারে ? ব্যক্তিগত ভাবেই

হউক আর জাতিগত ভাবেই হউক, আপনার অন্তিম্বের বিলোপ কেহ আকাজ্জা করে না।

আমরা আজ নৈরাশ্রের অপার সমচে পড়িয়া সম্ভব্নণ করিতেছি। সম্ভরণদারা যে কুল পাইব না, ভাহা আমরা জানি; কিন্তু সম্বৰ ছাডিলে যে জীবনের আশা একেবারেট যায়, তাহা বৃঝিয়াই সম্ভরণ করিতে আমরা বাধ্য। মা**নুষ জলে পড়িয়া যতক্ষণ হাবু**ড়বু খায়, যতক্ষণ হস্তপদ সঞ্চালন করে, ততক্ষণট ভাগার বাঁচিবার আশা. কারণ ততক্ষণই অন্যের দষ্টি-আকর্ষণ এবং সাহায্য-প্রাপ্তির সম্ভাৰনা থাকে, কিন্তু দে যথন মরিয়া ফুলিয়া ঢেপ হইয়া ভাদিতে থাকে, তথন লোকে ভাহাকে দেখিলেই ঘুণায় চকু ফিরায়, তাহাকে তুলিয়া লইবার জন্ত কেহহস্থ প্রসারণ করে না। মাতুষ বন্দুকের গুলি থাইয়া যতক্ষ নডে চড়ে, যতক্ষণ হস্তপদের আক্ষেপ প্রদর্শন বাঁচাইবার জন্ম করে, ভতক্ষণই তাহাকে চিকিৎসক প্রাণপণ চেষ্টা করেন, গুলি উদ্ধার করিবার জন্ম নানারূপ কৌশল অবলধন করেন; কিন্তু যে মুহুর্ত্তে তাহার নড়া চড়া এবং খেঁচুনী থামিয়া যাগ, সেই মুহুর্ত্তেই যায়, ডোমে চিকিৎসকের যত্ত্ত থামিয়া অন্তরালে লইয়া ভাহাকে লোক-নয়নের ফেলিয়া দেয়। খাঁহারা আত্মরক্ষার প্রকৃতির এইরপ বিধানের কথা অবগত আচেন তাহারা আমাদের এই হাত্তাথে, এই অঞ্পাতে, এই আক্ষেপ-উৎক্ষেপে বিরক্ত মা হইয়াঁ ভরদা করি আমাদিগকে দহামুভৃতির চক্ষেই দেখিবেন, এবং যাঁহার যভটুকু শক্তি থাকে, আমাদিগের সহায়তায় তাহার প্রয়োগ করিবেন।

জাতি এবং ধর্ম, এক হইলেও কেবল ভাষার পার্থকাই বাঙ্গালা, মহারাষ্ট্র, পাঞ্জাৰ প্রভৃতিকে পৃথক করিয়া রাখিয়াছে। যে দিন বান্ধালার ভাষা হইতে আমাদের ভাষা পুথক হইবে, দে দিন সহস্র চেটাতেও আমরা আর বাহালীর সঙ্গে এক জাতি হইয়া থাকিতে পারিব না: যাঁহারা সুলভাবে দেখেন, তাঁহারা বলিবেন, যে দিন প্রীঞ্ট্র আসামের অস্তভুক্ত হইয়াছে, সেইদিনই গ্রহটবাসী আদামবাসী--আদামী হইয়া পড়িয়াছে। এ সম্বন্ধে একটি ক্ষুদ্র দৃষ্টাস্ত আমার মনে পডিতেছে। কয়েক বংসর হইল হৰিগঞ্জে কি একটা ক্ষুদ্ৰ ঘটনা ঘটিয়াছিল. কলিকাতার কোন সংবাদপত্রের সংবাদ-স্বস্থে সেই সংবাদ এইরূপে প্রকাশিত হয় যে, পূর্ববিশের হবিগঞ্জে অমুক ঘটনা ঘটিয়াছে। ঘটনাটি এতই ক্ষুদ্র ও উপেক্ষণীয় যে, তাহার কিছুশাত্র আমার স্মরণ নাই। কিন্তু তাহার অব্যবহিত প্রেই পূর্ববঙ্গের কোন পত্রিকায় তাহার যে প্রতিবাদ হয়, তাহার গভীর স্মৃতি আজও আমার মনে রহিয়াছে। প্রতিবাদের মুশ্ন এই যে, কলিকাতার সম্পাদক নিজের অজভাবশত: পূর্ববিক্ষের নামে একটা শংবাদ প্রকাশ করিয়াছেন; তাঁহার **জা**না উচিত ছিল যে. হবিগঞ্জ আসামে, পূৰ্ব্ববঙ্গে নহে। একই কথা উপরে উপরে দেখিলে অনেক সময়ে হাসি পায়, কিন্তু আবার তলাইয়া দেখিলে তাহাতেই চক্ষের জলও আসিতে পারে ।

প্রান্তবাদী বান্ধালীর প্রতি স্থ্রিধা এবং অন্ত্রান্থের জন্ম রাজ্বারে কাঁদিবার যেরূপ অধিকার আমাদের আছে, জামগা সেইরপে কাঁদিতে থাকিবই, মহামান্ত সমাট পঞ্চম জজ্জের মহাবর এবং মহাবাকা আংশিক ভাবেও বার্থ হইতে দিব না। যভদিন বাজার সাত্তাহ দৃষ্টি অভিণপ্ত প্রান্তবাসী বাঙ্গালীর উপরে নিপতিত না হইবে, ততদিন পর্যান্ত কম্পন, স্পন্দন প্রভৃতি জীবনলক্ষণ আমরা কথনও ছাড়িতে পারি না। কিছ রাজদারে প্রতীকারের চেষ্টার সক্তে আমাদের মাতৃভাষার অনুরাগ এবং অনুশীলন যাহাতে শতগুণে বৰ্দ্ধিত হয়, এখন ভাহা প্রয়োজনীয় इ हे य নিতান্ত উঠিয়াছে. গ্রব্দেটের বর্ত্নান কার্যাবশতঃ মাতৃভাষার অনুশীলন আমাদের জাতীয় জীবন-কার্মি মরণ-কাঠি হইয়া উঠিয়াছে।

ৰ্কু**ৰঙ্গে**র সঙ্গে যোগ-রক্ষা

শিশু যতক্ষণ মাতার অঞ্জ ধরিয়া থাকে, ততকণ সে নিজেও নিভীক, তাহার মাতাও নিশ্চিম। কিন্তু যদি কেছ কথনও সেই শিশুকে মাতার অঞ্চল হইতে কাডিয়া লইতে যায়. তথনই প্রকৃতক্রণে ব্ঝিতে পারা যায় মাতার প্রতি শিশুর কিরুগ টান, শিশুর প্রতি মাতার কিরূপ মর্মচেছ্দী আকর্ষণ। যুক্তবঙ্গ আমাদের সেই মা এবং বঙ্গভাষা আমাদের সেই **মাত**-অঞ্ল, আমরা প্রাণপণে সেই অঞ্লটুকু অ'কিড়িয়া ধরিয়া থাকিয়া ভারস্বরে, করুণকঠে চীংকার করিতে থাকিব, আমরা প্রাণ থাকিতে মা এবং ভাইকে ছাড়িয়া পৃথক হইয়া থাকিব না, প্রতিবাসীর জাতিত্বে করিতে আপনার জাতিত্বকে নিমজ্জিত পারিব না। বাঙ্গালার মধ্যে বাঙ্গালীর সঙ্গে আঘরা সকলের ছোট হইয়া থাকি, সেও আমাদের গোরৰ; বাঙ্গালী জাতি

ল্রষ্ট হইয়া অন্সের মধ্যে গৌরবের উচ্চাসন লাভ করিলেও আমরা তাহাতে স্থ্যী হইতে পারি না, শান্তি পাইতে পারি না।

বলিয়াছি, বাঙ্গালা এবং বাঙ্গালীর সঙ্গে যোগ রক্ষার এখন আমাদের প্রধান অবলম্বন বান্ধালাভাষা এবং বাঙ্গালাসাহিত্য। ৰাস্থবিক ইংগই বর্ত্তমানে উভয়ের মধ্যে একমাত এই বন্ধন দঢ় বন্ধন-স্তা প্রান্তপ্রদেশে করিবার পন্থা কোথায় কি অবলম্বিত হইতেছে, আমরা কিছুই জানি না, এবং জা**নিবা**র উপায়ও নাই : কিন্তু এই স্ব্রমোপত্যকার বঙ্গসাহিত্যের আলোচনা কিরূপে বৰ্দ্ধিত হইতে পারে, মাতৃভাষার উন্নতি কিরূপে সাধিত হইতে পারে, যুক্তবঙ্গ এবং প্রাস্ত-বঞ্চের সাহিত্যসেবিগণ কি উপায়ে পরস্প**ে**র সঞ্চে যোগরক্ষা করিয়া চলিতে পারেন, আমাদের বর্ত্তমান অবস্থায় তাহার নির্দ্ধারণ এবং অবলম্বন একান্ত প্রয়োজনীয় হইয়া উঠিয়াছে।

বঙ্গ-ভারতীর মনীধী সেবকগণ বজীয় চতুর্দ্ধশ শতাব্দীর প্রারম্ভ হইতে জাতীয় সাহিত্যিক তথ্যায় বিশেষভাবে অগ্রসর হইয়াএ প্রান্ত নানা উপায় অবলখন করিয়াছেন এবং করিতেছেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষং এবং সাহিত্য সভা রাজধানীর উচ্চমঞে দণ্ডায়মান থাকিয়া চারিদিকে স্যত্ন এবং সত্তর্ক দৃষ্টি নিক্ষেপ করিতেছেন, বঙ্গভারতীর সাহিত্য-সাত্রাজ্যের সীমারেখা কোন দিকে সঙ্কীর্ণ না হয়, তাহার প্রভাবে কোন দিকে ক্ষুণ্নতা ना घटि, वृद्धि वा इंश्इ मिशवात क्य मृष्टिक ষ্ঠাগ রাহিয়াছেন। আবার উত্তর-বঙ্গ সাহিত্য পরিষং তারুণোর শ্বভাব-ম্বলভ উংসাহ এবং অমুরাগ্রশত:

প্রান্ত-প্রদেশকে দৃঢ়রূপে আলিকন করি।
কদরে ধারণ করিতেছেন; পরস্ক ভাহাতেও
তৃপ্ত না হইয়া প্রতিবাসী আসামকেও নিতাঃ
আপনার করিয়া লইবার জন্তই যেন ব্যগ্র
হইয়াছেন। আমাদিগের প্রতি বঙ্গীয় ভাতাদিগের যথন এত স্লেহ এবং এত অনুরাগ্র
দেখা যাইতেছে, তথন আমাদের নিরাশ হইবার
কোন কথা নাই, আমাদের এই মাতৃভাষা এবং
জাতীয় সাহিত্যরূপ বন্ধনরজ্জুকে অবলম্বন
করিয়াই তাঁহাদিগের সঙ্গে জাতীয় উন্নতি-প্রে
এক্যোগে চলিতে পারিব।

সাহিত্যের আদর্শ

সাহিত্যকৈ অৰলম্বন করিয়াই য্থন প্রতনের অবস্থা হইতে উত্থান করিতে হইকে তৰন ইহার একটা পূৰ্ণাঙ্গ আদৰ্শ আমাদের মনশ্চক্ষের সম্মুখে স্থির রাখা উচিত। বছ-সাহিত্যের দিকে দৃষ্টিপাত করিলে দেখা যায় অনেক সাহিত্যিকই যেন বৈচিত্রোর জুক্ত বার হইং। পডিয়াছেন। অবশা সাহিতা যথন পূর্ণতা লাভ করে, তথন বৈচিত্ত্য-সংযোগে তাহার সৌন্দর্য্য, মাহাত্ম্য এবং দমৃদ্ধি বর্দ্ধিত হয়। কিন্তু **আমা**র যে**ন বোধ** হয়, বঙ্গ-সাহিত্যের সে সময় এথনও উপস্থিত হয় নাই। কেহ কেহ বঙ্গভাষাকে ব্যাকরণের নিগড় এবং বর্ণ-বিস্থাদের শৃঙ্খল হইতে মূক করিবার জন্ম অভিমাত্র ব্যস্ত হইয়। পডিয়াছেন, কেহ বা নিজ নিজ প্রদেশ্লর প্রাদেশিকতার আবর্জনা তাহার ঘাডে চাপাইয়া দিয়া ভাষাকে অচল এবং অপরিচিত করিয়া তুলিতেছেন। আবার কেই বা স্বাধীনভার ততদূর পক্ষপাতী না হইলেও ভাষার প্রসাদ-গুণকে নিতাস্কই অবজ্ঞা করিতেছেন !

এই সকল লেখকের, ভাষায় এবং ভাবে কি জানি কি একটা তবলতা, একটা চঞ্চলতা, একটা অপভীরতা রহিয়াছে, তাহা বুঝিতে পারি না, কাজেই বাক্যে প্রকাশ করা অসম্ভব। এই সকল লেথকের লেখা তরতর করিয়া কাণের মধ্যে কি একটা মধুরতা, একটা নালিত্য, একটা ক্ষণস্থায়ী আকর্ষণ ঢালিয়া দিয়া যায় তাহা বুঝিতে পারি না, কিন্তু হৃদ্যী পর্যান্ত যে তাহা প্রবেশ করে না. হদয়ে যে তাহার একটা দাগ অঙ্কিত হয় না, তুই দিন পরে চেষ্টা কারলেও যে তাহা আবারশ্বতি-পথে আনিতে পারি না, এ কথা বুঝি। বঙ্গভাষায় লিখিত অনেক স্থচিন্তিত স্থলর প্রবন্ধ প্রাদেশিকভার বিষে এমনই মূচ্ছিত যে, প্রাক্তবাদী বান্ধালীর পক্ষে তাহার থাকা না থাকা তুল্য। আমার খুরণ আছে, এক সময়ে বাঙ্গালার কোন প্রদেশে প্রায় দেড়শত বালককে শিশ্ব প্রাথমিক পরীক্ষাম সরল শরীর পালনের মৌথিক পরীক্ষা করিতে হইয়াছিল। লেথক ছাত্রদিগকে অবস্থা বিশেষে পলতার ভাল্না খাইবার ব্যবস্থা দিয়াছেন। নিম প্রাথমিক পাঠশালার শিক্ষকেরা এই সকল প্রাদেশিক শব্দ বুঝেন কি না জানিবার জন্ম আমার কৌতৃহল হইল, এবং বালকদিগকে ঐ তুইটি भरकत्र **व्यर्थ किञ्जामा कतिलाम। व्या**म्हर्यगत विषय. তথা তঃখেরও বিষয় দেড়শত বালকের মধ্যে একজনও এ তুইটি শব্দের অর্থ বলিতে পারিল ना। এই সকল পরীক্ষায় বালকেরা পুস্তকের অর্থ বড় একটা বুঝে না, শিক্ষকের কথাগুলি মুপত্ত করিরাই পরাক্ষায় উত্তীর্ণ, হয়। শিক্ষকেরা বুঝিতে পারেন নাই বলিয়াই ঐ इंটि क्यू अंकारक खेरशका कवित्राहित्यन,

নতুবা তাঁহাদের শ্রুতিধর ছাত্রদিগের নিক্তুর থাকিবার কোন কথা ছিল না। অভিধানের দংগ্রহকতারা দাধারণত: দাধু ভাষায় প্রচলিত শব্দগুলিরই সঙ্গলন করিয়া থাকেন, এবং ইহাই সুসঙ্গত। প্রতি জেলার প্রাদেশিক শব্দ যদি বাঙ্গালার অভিধানে স্থান লাভ করে. তাহা হইলে তাহা যে শক্ষক্রজমের কত গুণ বড হইবে তাহা বলাযায় না। সম্ভবত: শিক্ষকেরা অভিধান থুলিয়া দেখিয়াছেন, কিন্তু তাহাতে পল্তাও পান নাই, ডালনাও পান নাই। গ্রন্থকার যদি "পল্তার ডাল্না" না লিথিয়া, "পটোল পতের ব্যঞ্জন" লিখিতেন, তাহা হইলে নিতান্তই যে সরলতার ব্যাঘাত ঘটিত, এমন নহে; পরস্ত তাঁহার লেখার উদ্দেশ্য স্ত্রিদ্ধ হইত, বাঙ্গালার সর্বাত্ত সকলেই তাঁহার কথার অর্থ বৃঝিতে পারিত। আজকাল সরল লেখার একটা অর্থ হইয়াছে, সরল বর্ণের লেখা, যুক্তবর্ণের অভাব। সূক্তবর্ণ দেখিলেই অনেকে শিহরিয়া উঠেন, কিন্তু অর্থ বৃঝিতে পারিলে বালকেরা যে যুক্তবর্ণকে বড় একটা चय करत नां, खांहा डाविया (मरथन नां ।

যাহ। হউক, এই সকল লেথক যে পথ
প্রশস্ত মনে করিবেন সেই পথেই চলিবেন,
আমাদের ক্ষ্ত্র চিৎকারে টাহারা নিরস্ত
হইবেন না। কিন্তু আমাদের নিজের প্রতি
একটা গুরুতর কর্ত্তর্য রহিয়াছে; এবং
বর্ত্তমান অবস্থায় সেই গুরুত্ব শতগুণে বর্দ্ধিত
হইয়াছে। আমরা বঙ্গের এক নিভ্ত প্রাস্তে
পড়িয়া রহিয়াছি; বঙ্গের সকল প্রদেশের সক্ষে
ঘনিষ্ঠ ভাবে মিলিয়া মিশিয়া ভাহাদের সমস্ত
প্রাদেশিক শক্ষের সঙ্গে পরিচিত হইতে পারি,
আমাদের সে স্থাগে বা ক্ষমতা নাই। এ

অবস্থায় যে সকল গ্রন্থ প্রাদেশিকতা বর্জ্জিত এবং বিশুদ্ধ সাধু ভাষায় লিখিত, যে সকল গ্রন্থের ভাব কর্ণে তরল মাধুর্যা উৎপাদন অপেকা হৃদয়ে বিমল আনন্দ এবং তৃপ্তি সম্পাদনে অধিক সমর্থ যে সকল প্রস্তের ভাব কেবল জ্রাতি মাত্রে প্রাব্যাত না হইয়া হদয়ে পাষাণাস্কৰং স্থায়ী স্মৃতি মুক্তিত করে, সেই রূপ গুন্তকেই আমাদের আদর্শ করিয়া লইতে হইবে। বৈচিত্রের চউকে মুগ্র হইয়া নানা-গ্রন্থকারের পশ্চাতে দৌড়িলে কাহাকেও ধরিতে পারিব না, কাহারও গুণ আয়ত্ত করিতে পারিব না, স্বতরাং তাঁহাদের অকুকরণ করিতে ঘাইয়া আমরাও ভাষায় বৃহস্পতি হইয়া পড়িব, এক এক স্কনে এক একটা খেচরান্ন প্রস্তুত করিয়া বসিব। কিস্ক পূর্ব্বেই বলিয়াছি, বঙ্গ-ভাষা এবং বঙ্গ-সাহিত্য वामारतत कौनन-काठि मद्रश काठि, এ সময়ে এই জীবনের সম্বল্ধে আম্রা আমোদের, তামাদা বা থেয়ালের বিষয় করিতে পারি না। জীবিত কাহারও নাম লইয়া বিপন্ন হইতে চাই না; কিন্তু মৃতের নাম গ্রহণ নিরাপদ, কেননা তাঁহারা এখন হিংসা-দ্বের বাহিরে, তাহারা এখন অপ্রতিদ্দী। আমরা জীবন-গঠনের জন্ম, জাতীয় অস্তিত্ব-রক্ষার জন্ম বঙ্গ-ভাষা এবং বঙ্গ-দাহিত্যকে অবলম্বন করিতে যাইতেছি, স্থতরাং ভাষা এবং সাহিত্যের আদর্শ অবলম্বন করিতে আমাদিগকে বিশেষ সত্তর্ক হইতে হইবে। বিদ্যাসাগর, অক্ষরকুমার এবং তারানাথ যদিও সংস্কৃতকে ভিত্তি করিয়া বাঙ্গালা লিথিয়াছেন, ষদিও তাঁহাদের অমুকরণ অসঙ্গত এবং হাস্য-কর হইবে, তথাপি তাঁহাদের গ্রন্থ অতি আদর

কবিয়া আমাদিগকে অধ্যয়ন কবিতে হইবে। প্রশ্বপাঠ কেবল অমুকরণের জন্ম নহে, জ্ঞানের পুষ্টিগাধনই ইহার প্রধান লক্ষা। আগ্রি আশা করি, এই উপত্যকার শিক্ষিতদিগের মধ্যে এমন কেহই থাকিবেন না, যিনি জিজ্ঞাসং করিলে বলিবেন, কালীপ্রসন্তের মহাভারত হেম্চক্রের রামায়ণ, মধুস্দনের মেঘনাদ্বর হেমচল্ডের বুএদংহার, নবীনচল্ডের পলাশীর যুদ্ধ, তারকনাথের স্বর্ণলতা, শ্রীণচন্দ্রের শক্তি-কানন বা ব্যিমচন্দের চল্লখেশ্বর প্রভেন নাই। গ্রন্থকার্দ্রিরে গ্রন্থপাঠ করিব প্রাচীন ঠাহাদের নিকট জ্ঞানলাভ করিবার জন্ম: কিন্ধ বৃদ্ধিমচক্রের গ্রন্থ পড়িব, তাঁহার জ্ঞান তাঁহার ভাব, এবং তাঁহার ভাষা আয়ুত্ত করিবার জন্ম। এই সঙ্গে বঙ্গীয়-সাহিতা পরিকদের প্রথম সভাপতি স্বর্গীয় রুমেশচক দত্তক্লেও বিশ্বত হইতে পারি না। ভাঁহার শতবর্ষ চিরদিনই বঙ্গায় যুবকের চিত্তে স্থদেশ প্রীতির উৎস উৎসারিত করিবে। কিয আজিও বৃদ্ধিচন্দ্রই বঙ্গ-দাহিত্যে সমারের আসনে আসীন বহিয়াছেন, কবে কোথায় এ আসনের উপযুক্ত উত্তরাধিকারী জন্মিবেন, তাহা অনুমান করা আমাদের সাধ্যতিত। বৃদ্ধিমের ভাষা, ভাব, জ্ঞান এবং সর্কোপরি স্বদেশ-প্রীতি কেবল আমাদের কাণের ভিতর **দিয়া তরতর করিয়া চলিয়া ধায় না, কিন্ত** আমাদের প্রাণের মধ্যে কিছু না কিছ অন্ধিত করিয়া রাখিয়া যায়। সহজ, সরল, অথচ বিশুদ্ধ সাধুভাষা বঙ্কিমের লেখনী-মূপে প্রস্ত হুইয়া আমাদের প্রাণকে স্পর্শ করে; এতক্ষণ কি পড়িলাম এবং কেন পড়িলাম? ইত্যাকার প্রশ্ন উদিত হইয়া আমাদের মনকে

ব্যথিত করে না। ,বিছিমের সম্বন্ধে কেবল
একটা আপন্তি এই, তাঁহার উপস্থাসের ভারা
পাঠ করিয়া তরলমতি যুবকেরা সহসা ভাহার
গভীর অর্থ পরিগ্রহ করিতে পারে না, স্ক্তরাং
যতটা উপক্বত হইবার কথা ততটা উপক্বত ও
হয় না। কিন্তু বিছমের লেখা বুঝাইবার জন্তু
সময়ে সময়ে অনেক শক্তিশালী লেখক লেখনী
ধারণ করিয়াছেন, স্ক্তরাং বিছমচক্রের
উপস্থাসের সঙ্গে সঙ্গেরাং বিছমচক্রের
উপস্থাসের সঙ্গে সঙ্গেরাং বিছমচক্রের
আপ্রান্ধির ক্রিলে যুবকদিগের পক্ষে সে আশহা
আনেক পরিমাণে বিদ্রিত হইতে পারে।

ব্যাকরণের বন্ধন হইতে ভাষাকে মুক্ত করিবার প্রয়াস আলস্ত-প্রস্তুত একটা রোগ ভিন্ন আর কিছুই নহে। আমি ভরদা করি এই উপত্যকাবাদী কেহ এ প্রয়াদে যোগ দিবেন না। পরস্ক এ প্রদেশের বালকেরা বাল্যকাল হইতে যাহাতে ব্যাকরণে অভান্ত হইয়া ভাষাকে উচ্ছূঙালতার হস্ত হইতে বক্ষা করিতে পারে, আপনারা তাহার করিবেন। বালালাভাষায় শুদ্ধরূপে লিখিতে বা আলাপ করিতে যে পাণিনি প্রভৃতি ব্যাকরণে অগাধ পাণ্ডিত্যের প্রয়োজন, তাহা নহে; যে ্সে একথানা ৰাঙ্গালা ব্যাক্রণ পড়িলেই এ উদ্দেশ্য সিদ্ধ হইতে পারে। মানবীয় সকল কার্য্যের এবং সকল বিষয়েরই একটা কিছু বিজ্ঞান আছে। ব্যাকরণ ভাষার বিজ্ঞান। "তুমি য়াও" বলি কেন, "আমি যাও" বলি না কেন, ইহার হেতুবাদ ব্যাকরণে পাওয়া যাইবে। যাহারা লেখা পড়া শিখে না, তাহারা গতাতু-গতির অমুদরণ করে, কিন্তু যাহারা লেখাপড়া শিথিবার গর্ব্ব রাথে, তাহাদের নিকট হইতে এরপ প্রশ্নের উত্তর প্রত্যাশা অসঙ্গত নহে।

উচ্চারণ শিক্ষা

বাদালার এক একটা জেলাকে উচ্চারণ সম্বন্ধে এক একটা প্রদেশ মনে করা যাইতে পারে। এক জেলা ছাড়িয়া অন্ত জেলায় প্রবেশ করিলেই প্রাদেশিক শব্দের ব্যবহার এবং বর্ণগত উচ্চারণের পার্থক্যে বুঝিতে পার। যায় যে, একটা জেলা ছাড়িয়া এখন অক্স জেলায় আসিয়াছি। নিকটবন্ত্ৰী জেলায় এই পার্থক্য অতি অস্পষ্ট, বিশেষ প্রাণিধান না করিলে এ পার্থক্য বুঝিতে পারী যায় না। কিন্ত একটা জেলা মধ্যে ব্যবধান রাখিলে তাহার হুই প্রান্তের হুই জেলার ভাষাগত পার্থক্য বুঝিতে কিছুমাত্র কষ্ট হয় না। ৰাঙ্গালার মধ্যবৰ্ত্তী কোন একটা ছেলাকে যদি কেন্দ্র বলিয়া কল্পনা করা যায়, তাহা হইলে কেন্দ্র হইতে যে দিকে যতদূরে যাওয়া যাইবে, সে দিকে তত্ত কেন্দ্রের সঙ্গে এই পার্থক্য বাড়িতে থাকিবে এবং প্রাস্থপ্রদেশে যাইয়া এই পার্থক্যটা মৃর্ত্তিমান হইছা দেখা দিবে। বঙ্গের উত্তর-পূর্ব্ব কোণে কাছাড় এবং দক্ষিণ-পশ্চিম কোণে মেদিনীপুর অবস্থিত। এই ছুই জেলার ইতর লোকের মধ্যে যে পারিবারিক ভাষা ব্যবন্ধত হয়, তাহা কতকটা উচ্চারণের দোষে এবং কতকটা প্রাদেশিকতা-বাহুল্যে এরূপ জড়িত যে, কাছাড় এবং মেদিনীপুরের অশিক্ষিত লোকে তাহাদের পরস্পরের কথা সহজে বুঝিতে পারিবে না। কিন্তু যদি বিশুদ্ধ সাধু বান্ধালা ভাষায় কথা বলা যায়, তাহা উভয়েই অক্লেশে বুঝিবে। স্থতরাং প্রান্তবাসী বাঙ্গালীর পক্ষে সাধু বাঙ্গালা ভাষা ব্যবহার করিবার অভ্যাস নিতান্ত প্রয়োজনীয়। এ অভ্যাস এক मिटन कुरे मिटन रुग्न ना। वानकमिशरक यथन

বর্ণমালা শিক্ষা দেওয়া হয়, তথন হইতেই এদিকে তীত্র দৃষ্টি রাখা কর্ত্তব্য । শিক্ষকদিগের অক্যান্য গুণ-পরীক্ষার সঙ্গে সঙ্গে তাঁহাদের কঠে উচ্চারণগত জড় । বর্ত্তমান আছে কিনা তাহাও দেখা কর্ত্তব্য দেখা গিয়াছে, স্মনেকে ইচ্চা করিলেই বিশুদ্ধ বাঙ্গাল: ভাষায় কথা কহিতে পারেন, কিন্তু অনেক হলে সে ভাবে আলাপ করিতে হাঁহারা লজ্জাবোধ করেন। এ সজ্জার অর্থ বুঝিতে পারি না। প্রাদেশিক গারিবারিক ভাষা হইতে বিশুদ্ধ সাধু ভাষ। যদি উৎকৃষ্ট স্থতরাং প্রার্থনীয় হয়, তবে তাহার ব্যবহারে লজ্জার কারণ কি ? সাহিত্যিক ভাষার পরিচয় কাগজে কলমে এবং কথিত ভাষার পরিচয় কথাবার্ত্তায়। কিন্তু কথাবার্ত্তায় বিশুদ্ধ ভাষার ব্যবহার করিতে যাদ লজ্জ। বা আলস্ম হয়, তাহা হইলে সমাজের চলিত ভাষা উন্নত হইবে কিরপে ৷ অবশ্র সাহি ে ভাষা ঠিক কথিত ভাষারূপে ব্যবস্ত হইতে পারে না। কথায় বার্ত্তায় সাহিত্যের স্থায় গন্তীর ভাষা ব্যবহার করিতে গেলে হাস্থাম্পদ হইবারই কথা; কিন্তু তাই বলিয়া বাক্যালাপের স্যায় কেবল যে সাধুজন-ৰজ্জিত এবং সর্বা-সাধারণের অপারচিত প্রাদেশিক ভাষারই ব্যব রে করিতে হইবে এমন কোন কথাই নাই। ব্যক্তি-বিশেষ শিক্ষিত কি অণিক্ষিত, তাহার ব্যবহৃত ভাষাই তাহার পরিচায়ক। দেশ-বিদেশের ভাষা উন্নত কি অবনত, তদ্দেশবাসী জনসাধারণের কথাবার্ত্তাই তাহার পরিচায়ক। শিক্ষিত লোকের সংখ্যা যেমন मिन मिन वर्षि**छ इटेट उट्ड**, छोटोट पत्र वावश्च ভাষাও মদি সেই সজে দিন দিন উন্নত হইতে থাকে, তাহা হইলে প্রাদেশিকতা যে অনেক

পরিমাণেই বিদ্রিত হইতে পারে, সে নিষয়ে সন্দেহ নাই।

গ্ৰন্থ-নিৰ্ব্বাচন

কোন গ্রন্থের ভাষা আমাদের অত্করণীয় কোনু গ্রন্থের ভাব এবং উপদেশ আমাদের পকে উপযোগী এবং মঙ্গলজনক, স্থতরাং প্রার্থনীয়, তাহা অবধারণ করিবার জন্ম দেশের মধ্যে অন্ততঃ স্থৱমোপত্যকাতে একটা ব্যবস্থা থাকা উচিত মনে করি। গ্রন্থ বাহির হইলেই তাহার বিজ্ঞাপনের মধ্যেই স্চরাচর একটা স্মালোচনা বাহির হট্য। থাকে। ইহাকে বৈজ্ঞাপনিক সমালোচনা বলা যাইতে পারে। ইহাতে গ্রন্থের প্রকৃত দোষ-গুণ, প্রকৃত মূল্য, বুঝিতে পারা যায় না ; স্থভরাং এট বিজ্ঞাপনের জাঁকজমকে মোহিত হইয়া অনেকে আগ্রহ সহকারে পুস্তক ক্রয় করেন। কিন্ত তাহা পাঠ করিয়া অর্থবায় সফল হইল বলিয়া মনে কবিতে পারেন না। দেশের লোকের অবস্থা এমন নহে যে স্থপাঠ্য হউক আর নাই হউক বিজ্ঞাপন দেখিয়া তাহারা সমস্ত পুস্তকই কিনিতে পারে। এ অবস্থায় যদি এমন একটা সভাসমিতি কিছু থাকে যে, তদ্বারা নৃতন পুস্তকের ভাষা ও ভাব প্রভৃতির দোষ-গুণ স্ক্রাত্রে আলোচিত হয় এবং সেই সভার মত লইয়া তবে সাধারণ লোকে গ্রন্থ ক্রেয় করে, তাহা হইলে দেশের অনেক উপকার হয়। দেশের ভাষা এবং সাহিত্যকে উন্নত করিতে হুইলে সর্বাতো সাধারণের সমুখে ভাষা এবং সাহিত্যের নির্দোষ আদর্শই ধরিতে হইবে। আমি ভূরদা করি, আগনারা এই বিষয়টি विभागकार कि का कविशा तिशिवन, अवः यि আপনাদিগের অভিমত হয়, তাহা হইলে ভাষা

এবং ভাবের আদুর্শ সমস্কে দেশের জন-সাধারণের উপকারের জন্ম যাহাতে উৎকৃষ্ট গ্রন্থ নির্বাচিত হইতে পারে, আপনারা ভাহার বাবস্থা করিবেন।

সাহিত্য-এচার

প্রচারের একটা আকাজ্ফা মানবদৃদ্যে (वाध इग्र हित्रिनिनरे वर्त्तभान चाह्न। व्यवभा স্থানকাল বিবেচনায় প্রচারের প্রণালীতে পার্থক্য লক্ষিত হইতে পারে, কিন্তু মূল বিষয়ে কোন পাৰ্থক্য আছে বলিয়া বোধ হয় না। প্রচার্য্য বিষয়ের মধ্যে ধর্মই শ্রেষ্ঠ আদন অধিকার করিয়া রহিয়াছে, তাহার পরেই ধর্ম এবং রাজনীতিপ্রচারের রাজনীতি। জন্ম কত লোক খাটিতেছেন, কত অৰ্থ ব্যয় হইতেছে, তাহার ইয়তা করা তু:সাধ্য। এই প্রচারকার্য্য তুই প্রণালীতে সিদ্ধ হইয়া থাকে: প্রথম বক্তৃতার দারা, এবং দিতীয় সাহিত্য দারা ৮ জগতে যত এস্থাগার আছে, তাহা হইতে যদি ধর্ম এবং রাজনীতি-বিষয়ক গ্রন্থগুল পৃথক করিয়া ফেলি, তাহা হইলে মূল্যবান্ গ্রন্থ অল্পন্থ আকিবে। যিনি যে বিষয় উপলব্ধি করেন, যাঁহার যাহা সমাজের মঙ্গলকর . বলিয়া ধারণা হয়, তিনি তাহাই প্রচার করিতে ব্যগ্ৰ হন, তবে কৃতকাৰ্য্যতা স্বতন্ত্ৰ কথা। জ্ঞান-প্রচারের আকাজ্জা মানবহৃদয়ে নিতান্তই ষাভাবিক ; তাহার উপরে এ বিষয়ে ধর্মশান্ত্রের নিদেশ । থাকাতে মণি-কাঞ্চনের যোগ হইয়াছে। ধর্মশান্ত্র বলিয়াছেন, সংসারে যে ব্যক্তি নিজে জ্ঞান লাভ করিয়া পরকে তাহা দান না করে, জ্ঞানরূপী ভগবান্তাহাকে म्या करत्रन ना। यादा ऋत्रयत्र आंडाविक স্পৃহা, তাহা ধর্মশান্ত্রের অনুমোদিত হইলে

তৎসম্পাদন বড়ই মধুর হইয়া উঠে। জ্ঞান-প্রচারের এই মাধুর্য্য পূজ্যপাদ মহর্ষিগণ পু্াত্রায় উপভোগ করিয়াছিলেন, ভাহাদের উচ্ছিষ্টভোত্ৰী ক্ষুদ্ৰ আমরাও দেই স্বাভাবিক পিপাসার তাডনায় ভারাদেরই উপদেশরূপ উপাদেয় প্রসাদ মানবজাতির মধ্যে ঘ্র্থা-শক্তি বিতরণ করিয়া আপনাদিংকে ্তার্থ মনে করি। কিন্ধ এ বিষয়েও ব্যবস্থা, একটা উদ্যোগ, একটা প্রণালী থাকা নিতান্ত প্রয়োজন । একা এই ব্যক্তিও কার্য্য করে, আবার বহুলোক সমবেত হইয়াও কার্য্য করে; কিন্তু এই কার্য্যের ফল এবং পরিমাণে তারতম্য কত, বুদ্ধিমান ব্যক্তিমাত্রেই তাহা বুঝিতে পারেন। বর্ত্তমান সাধারণের জন্ম একাকী থাটবার প্রথা একরূপ রহিত হইয়া যাইতেছে, অতি ক্ষুদ্র হইতে অতি মহং পর্যান্ত সকল কার্য্যেই এক পরামর্শে, এক উদ্দেশ্যে এবং এক যোগে বহুলোকের স্মবেতভাবে খাটিবার প্রথা সভ্য জগতের স্ক্রি অবলম্বিত হইতেছে। সাধারণভাবে দৰ্বত্ৰ, এবং বিশেষভাবে বৰ্ত্তমান নময়ে এই উপত্যকায়, বাঙ্গালা-সাহিত্যালোচনার কতদূর প্রয়োজন হইয়া উঠিয়াছে, ভাহা যদি আপনারা চিন্তা করিয়া থাকেন, তাহা হইলে এই উপত্যকায় উৎকৃষ্ট আদর্শ সাহিত্যের প্রচারের যে কতদূর আবশ্রকতা, তাহা আপনারা সহজেই উপলব্ধি করিবেন। কোন্ কোন্ গ্রন্থ উৎক্রষ্ট, কোনু গ্রন্থ কোনু শ্রেণীর লোকের বিশেষ উপকারী, তাহা সাধারণকে কেবল বলিয়া দিলেই আপনাদের কর্তব্যের পরিসমাপ্তি হইবে না, কিন্তু যাহার যে গ্রন্থের প্রয়োজন, সেই গ্রন্থ লইয়া তাহার দাবে উপযাচকের

ক্সায় আপনাদিগকে উপস্থিত হইতে হইবে। বৃহৎ বৃহৎ গ্রন্থ লইয়া প্রচারকার্য্য আরম্ভ করিলে আপনাদের উদ্দেশ্য সিদ্ধ হইবে না, পরিশ্রমও সার্থক হইবে না। উদরাল্পের জন্ম বর্ত্তমান যুগের লোক এতই ব্যাতিব্যস্ত যে, বৃহৎ গ্রন্থ পাঠের অবকাশ ভাহাদের ভাগ্যে কদাচিৎ ঘটে, এবং বুহুং গ্রন্থ ক্রম করিবার অর্থণ্ড ভাহাদের ভাণ্ডারে কদাচিৎ জোটে। স্বতরাং বুহৎ গ্রন্থ লইয়া ছাবে ছাবে বেড়াইয়াও ভাহার অধিক ক্রেতা মিলিবে না। যে গ্রন্থ যত অধিক লোকে আদর করে, তাহার প্রচার তত অধিক পরিমাণে হইল বুঝিতে হুইবে। ক্ষুদ্র ক্ষুদ্র পুস্তিকার দারা এই কার্য্য সহজে সম্পাদিত হইতে পারে। ছই চারি প্রদা, কি অন্ততঃ হুই চারি আনা মূল্যের পুস্তিকা কিনিয়া লইতে লোকের তেমন কণ্ট হয় না উহা পড়িতেও কাহারও অবকাশের মভাব হয় না। কৃত্র পুতিকার মহিমা যে কত, ঐষ্টি-ধন্ম-প্রচারকেরা ভাহা বিলক্ষণ বুঝিতে পারিয়াছেন। ঐ সকল প্রচারকমণ্ডলীর কার্য্যবিবরণ পাঠ করিলে জানা যায়, তাঁহারা প্রতি বংসর এক এক খণ্ড পুস্তিকার লক্ষ লক্ষ সংখ্যা মুদ্রিত করিয়া প্রচার করিতেছেন, এবং তাহার জন্ম লক্ষ রৌপ্যমুদ্রাব্যয় হইতেছে। এই কার্যোর ফল কিরূপ হইতেছে, প্রত্যেক मगवार्विको (लाकशननात विवतन भार्र कदिएन) তাহা হাদ্যসম হইবে। আমাদের দেশক্তি নাই, সে অর্থ বলও নাই; কিন্তু মানবের গ্রতি আমাদের যে ভালবাদা এবং নানা ছুট্র্টবের ফলে আমাদের যে কষ্ট-সহিষ্ণুতা আছে, তাহার সঙ্গে কিঞ্চিৎ উৎসাহ এবং সমবেত চেইা যোগ করিলে আমাদের অক্তাক্ত সমস্ত

অভাবের পরিপূরণ হইতে পারে 1 এই সকল পুস্তিকার যথোচিত প্রচার পুস্তক-বিক্রেডার দারা হইতে পারে না। পুস্তক-বিক্ৰেভা দোকান খুলিয়া একস্থানে বসিয়া থাকে, বিদ্যালয়ের বালকের আয় নিভাস্ত দায়ে না ঠেকিলে কেহ ভাল পুস্তকের অমুসন্ধান লইতে তাহার দোকানে সচরাচর যায় না। পুস্তক লইয়া দারে দারে ঘাইতে পারিলে বিমুখ হইয়া রিক্ত হত্তে ফিরিবার কথা নাই। বেদেনীদের দৃষ্টান্ত দেখুন। গৃহত্ত্বে ঘবে কিছুবই অভাব স্বচ্ছদে সংসার চলিয়া যাইতেছে। গৃহস্থ যে সময়ে গৃহে উপস্থিত নাই, বেদেনীরা ঠিক সেই সময়ে ছাইভস্মের পশরা মাথায় লইয়া ডাক হাঁক ছাড়িতে ছাড়িতে গৃহত্তের দারে উপস্থিত হয়, এবং গৃহিণীদিগকে সেই ছাইভম্মে সম্ভষ্ট করিয়া অনায়াদে প্রতি গৃহস্থের গৃহ হইতে তুই চারি আনা লইয়া চলিয়া যায়। যদি বেদেনীর ছাইভয়ে এত আদর হইতে পারে, তাহা হইলে আপনারা যে অমূল্য ভালবাসার সঙ্গে অমূল্য জ্ঞানের থনি কৃদ্র ক্ত পুষ্টিকা লইয়া গৃহত্বের ঘারে উপ-ন্থিত হইবেন, তাহার কি অনাদর হইবে? কখনই না।

ধর্মপ্রচারই হউক, আর সাহিত্যপ্রচারই হউক, পেট বাধিয়া—উপবাস থাকিয়া কেছ কিছু করিতে পারে না, স্থতরাং আমাদের যুবকেরা যে বিনা অন্নে পেটকে বৃঝাইয়া সাহিত্য-প্রচারের জন্ম থাটতে পারিবেন, এমন আশাই করা যায় না। কিন্তু এই কাম্য ব্যবসায়ের হিসাবে অনায়াসে করা যাইতে পারে। গ্রন্থকারেরা এই উদ্দেশ্য মনে রাথিয়া কৃদ্র কৃদ্র পৃত্তিকা লিখিবেন, এবং প্রাপ্তক্ত

সভা-সমিতি ঐ সকল ুপ্তিকার ভাষা, বিষয় ও উপযোগিতা বিচার করিয়া দেখিবেন। পুস্তিকা ঠাহাদের অভিমত হইলে প্রত্যেক উপবিভাগে করেক জন নির্দিষ্ট যুবক তাহার প্রচারের ভার লইবেন। গ্রন্থকারেরা গ্রন্থবিক্রেতাদিগকে যে কমিশন বা দস্তরী দিয়া থাকেন, সেই দস্তরী এই সকল যুবককে তাঁহারা অনায়াসেই দিতে পারেন। ইহাতে গ্রন্থকার এবং বিক্রেতা উভয়েরই উৎসাহিত হইঝার কথা; বরং এমনও আশা করা যায় যে, লেখকেরা ধনাগমের দিকে তেমন দৃষ্টি না রাখিয়া প্রচার-সোকর্য্যার্থ এই সকল পুস্তিকার মূল্য যতদ্র সম্ভব অল্প করিয়াই নির্দারণ করিবেন।

পুস্তকালয়

ক্ষুদ্র পুস্তিকা কিনিতে কণ্ঠ হয় না। পড়িবার অবদর পাওয়া যায়। ইচ্ছা করিলে মক্তকে দিতে পারা যায়। এক সময় হারাইয়া গেলেওু কষ্ট হয় না; কিন্তু বড় গ্ৰন্থ সম্বন্ধে সে কণা গাটে না। একথানা বড় গ্রন্থ পড়িতে অনেক সময় লাগে, তাহা কিনিতে অধিক অৰ্থ লাগে, স্থতরাং সচরাচর তাহা দান করা পোষায় না। আবার হারাইয়া গেলেও কন্ত ^{হয়।} অথচ সাহি**ভ্যে বড় বড় গ্রন্থেরও বিশেষ** প্রয়োজন রহিয়াছে, চুট্কি পুস্তিকায় সে প্রয়োজন কথনও সিদ্ধ হইতে পারে না। এই ^{ভন্ম} গ্রামে পুস্তকালয়ের ব্যবস্থা করিয়। াহাতে প্রসিদ্ধ গ্রন্থকারদিগের বড় বড় গ্রন্থ শংগ্রহ কর। কর্ত্তব্য। পুস্তকালয়ের নাম শুনিলে ^{অনেকে} ভীত হইতে পারেন। বড় বড় নগুরে ^{সহস্র} সহস্র টাকা থরচ করিয়া*নে* পুতকালয় থাপন করা যায়, তাহাতেই যথন পুস্তকের মভাব দুর হয় না, পাঠকের পাঠস্পুহা

পরিতৃপ্ত হয় না, তখন ক্ষ্দ্র গ্রামের অধি-বাসীদিগকে পুস্তকালয় স্থাপনের উপদেশ দেওয়া উপহাস করা মাত্র। কিন্তু আমি বলিতেছি, গ্রামে গ্রামে পুস্তকালয় উপহাসের বিষয় নহে, অসম্ভব কথা নহে। যে ক্ষুদ্র গ্রামে হুই চারি জন মাত্র শিকিত ভদ্রলোক থাকেন, সেই গ্রামের জন্ম তাঁহাদের গ্রন্থগুলি আগে চিহ্নিত করিয়া যদি একটা নিরাপদ কুঠারীতে রাগা যায়, তাহা হইলে সেই গ্রামে পুত্তকালয় ইইয়া গেল মনে করা যাইতে পারে। কালী সিংহের মহাভারত, হেমচন্দ্রের রামায়ণ প্রভৃতি উপাদেয় গ্রন্থ ঘরে ঘরে না থাকুক, অন্তুসন্ধান করিলে হয় ত প্রায় গ্রামেই এক থানা ছই থানা পাওয়া ঘাইতে পারে। ইহার পরে প্রাপ্তক্ত সমিতির অনুমোদিত বড় বড় গ্রন্থ মংগ্রন্থ ধারাও ক্রয় করা যাইতে পারে। গুহস্থবি**শেষের অবস্থা** বিবেচনা করিয়া এক পয়সা হইতে চারি আনা পর্যাস্ত ভিক্ষা করিবার জন্ম যদি গ্রামে গ্রামে একজন গুইজন করিয়া ভদ্রলোক প্রস্তুত হন, তাহা হইলে সভার অহুমোদিত নৃতন নৃতন বড় বড় গ্রন্থ পুস্তকালয়ে সংগ্রহ করাও কঠিন হইবে না ৷ বাঙ্গালার সাহিত্য-ভাভার এখনও এনন সমৃদ্ধ হয় নাই যে, একটুকু যত্ন করিলেই তাহার সমস্ত উৎকৃষ্ট পুত্তক পাওয়া না ঘাইতে পারে। কয়েক **বংসর অতীত** হুইল একটি বন্ধু আমার নিকটে ৫০০১ শত টাকা মূল্যের বাঙ্গালা উংক্লষ্ট গ্রন্থের একটা তালিকা চাহিয়াছিলেন, কিন্তু তাহা দেওয়া আমার শক্তিতে কুলায় নাই। আমার বোধ হয়, খুব বিবেচনার সহিত গ্রন্থলৈ দেথিয়া শুনিয়া কিনিলে ২০০১ শত টাকার মধ্যেই

বাঙ্গালা পুস্তকের একটা উল্লেখযোগ্য পুস্তকালয় হইতে পারে। উদ্যোগী লোক থাকিলে এক বংসরে না হউক, অন্ততঃ ৫ বংসরে যে কোন গ্রামে এই ২০০২ টাকা সংগ্রহ হইতে পারে। প্রয়োজন বুঝিতে না পারিলে ২১ টাকা ব্যয় করাও অপব্যয় বলিয়া বোধ হয়, কিন্তু দেশের স্থু, স্থবিধা এবং উন্নতি সম্বন্ধে সাহিত্যের উপযোগিতা লোকে যদি বুঝিতে পারে, তাহা হইলে পুস্তকালয়ের জন্ম ২০০১ শত টাকা ব্যয় অতিদরিদ্র গ্রামও সার্থক মনে করিবে। কিরূপে পুস্তকালয়টি নিরাপদ থাকিবে, কি করিলে গ্রন্থগুলি বিনষ্ট বা অপজ্ত হইবে না, কি নিয়মে সকলে ঐ সকল গ্রন্থ লইয়া পড়িয়া ফিরাইয়া দিলে পুস্তকালয়ের অপচয় হইবে না, অথচ লোকের জ্ঞান-ভাণ্ডার বিস্তৃতি লাভ করিবে, পুস্তকালয়ের স্থাপয়িতাগণই তাহা অবধারণ করিবেন, সে বিষয়ে অধিক বাক্যব্যয় করিয়া সময় হরণ করা নিম্প্রয়োজন।

সাহিত্য-চৰ্চ্চার ফল

কোন গণিতবিত্যাবিশারদ পণ্ডিত জিজ্ঞাসার করিয়াছিলেন—" হোমরের নামে সকলেই পাগল; কিন্তু জিজ্ঞাসা করি, হোমর কি প্রমাণ করিয়াছেন ?" ইহার উত্তরে হীরন্ নামক একজন পণ্ডিত বলিয়াছেন " হোমর যদি সমগ্র গ্রীকজাতির বন্ধন-রজ্জুস্বরূপ হইরা তাহাদিগকে স্থুখ, সমৃদ্ধি ও সভ্যতার দিকে অগ্রসর করিয়া থাকেন, তাহা হইলে তিনি যথেষ্ট প্রমাণ করিয়াছেন"। আমাদের দেশের কোন পণ্ডিত কাব্যশাস্ত্রকে ভবরোগের স্থুখসেব্য ঔষধের সঙ্গে তুলনা করিয়াছেন। ধন্ম সাধন সাধারণ লোকের পক্ষে তিক্তা, কিন্তু কাব্যচর্চ্চা করিলে স্থুমিষ্ট রস-উপভোগের

সঙ্গে সংস্থ ধন্ম সাধন হইয়া যায়। পণ্ডিতেরা কাব্য সম্বন্ধে যাহা বলিয়াছেন, সাধারণ সাহিত্য সম্বন্ধে সেই কথাই অধিকতর দৃঢ়তার সহিত বলা যাইতে পারে। এক গুরুর শিষ্ম, এক দেবতার উপাসক, এক গ্রন্থের পাঠক প্রায় একই স্বভাব সম্পন্ন হইয়া থাকেন। তাঁহাদের চিম্ভা, বাক্য এবং কার্য্য প্রায় একই প্রকৃতির হইয়া থাকে, একই খাতে চলিয়া থাকে। ইংলণ্ডে যে সময়ে মধ্যযুগের অবসান হইয়া নব্যুগের আরম্ভ হইল, বাইবেলের অনুবাদ পাঠ করিয়া ইংলগুবাসী আবালবৃদ্ধ স্ত্রীপুরুষের ভাব, চিস্তা, আবেগ এবং আদর্শ একই প্রকৃতির হইয়া দাড়াইল, তথনকার অবস্থা বর্ণনা করিতে যাইয়া ইতিহাস-লেখক বলিয়াছেন, "England became the land of a book and that book was the Bible." অর্থাৎ সমগ্র ইংলণ্ড তথন একথানি মাত্র গ্রন্থের প্রভাবে অভিভূত হইয়াছিল, সেই গ্রন্থানি বাইবেল। বায়বিক মন্বুয়ুসমাজে সদ্গ্রন্থের প্রভাব যে কতদূর গভীর এবং কতদূর বিস্তৃত, বর্ণনায় কেহ তাহার ইয়ত্তা করিতে পারে না। যে জ্ঞানে জীব-জগতের মধ্যে মানবের অব্যাহত প্রভুত্ব, সাহিত্য তাহার সেই জ্ঞান-ভাণ্ডার। যে দেশের সাহিত্য যত উন্নত এবং বিস্তৃত, আর যে দেশের লোক সেই সাহিত্যের প্রতি যত অনুরক্ত, জগতে সেই দেশ এবং সেই জাতি তত স্থা, তত উন্নত এবং তত প্রভাবশালী—এ, কথার সত্যতা প্রমাণ করিবার জন্ম দূরে যাইবার প্রয়োজন হইবে না, এই ভারতবর্ষেই, আমাদের অতি নিকটেই, যাহাদের একটা সাহিত্য আছে, আর যাহাদের কোন প্রকার সাহিত্য নাই, এই উভয়ের মধ্যে প্রভেদ কি, চারিদিকে

একবার দৃষ্টিপাত করিলেই তাহা বুঝিতে পারা যাইবে। জ্ঞান, ধর্ম, ঐশ্বর্য্য, শক্তি প্রভৃতি মানবের স্থথের, মহত্ত্বের এবং গৌরবের যে কিছু উপাদান আছে, তাহার জন্ম মানব-সমাজ এই সাহিত্যের নিকটেই ঋণী।

এই সকল সাহিত্যচর্চার প্রত্যক্ষ মুখ্যফল। কিন্তু ইহা ছাড়া গৌণফল যে কত আছে তাহার অবধি নাই। হুই একটার উল্লেখ অপ্রাসন্ধিক হইবে না। আমাদের পল্লীগ্রামগুলি এক সময়ে সৌহাদ্যি, শান্তি এবং আনন্দের রঙ্গভূমি ছিল ৷ পাশ্চাত্যদিগের ভাষায় যাহাকে জীবন-যুদ্ধ বলে, তাহার বাতাস তথন আমা-দিগের পল্লীগ্রা**মকে স্পর্শ করে নাই।** তথন অল্প আয়াসে জীবিকার সংস্থান হইত, স্থথ-ভোগের অল্প উপকরণে লোকের সম্ভোষ জন্মিত এবং স্নান, পূজা, আহার, নিদ্রা সম্পাদন করিয়া যে সময়টুকু অবশিষ্ট থাকিত, লোকে তাহা 'গান-বাচ্ছের বিশুদ্ধ আমোদে, অথবা রামায়ণ, মহাভারত ও অক্যান্ত পুরাণাদির শ্রবণ-কীর্ত্তনে অতিব।হিত করিত। পূজাতে আর সময় নষ্ট হয় না, স্বচ্ছদে স্নান আহার এবং নিজা করিয়াও প্রচুর সময় অবশিষ্ট পাকে। কিন্তু এই অবশিষ্ট্র সময়ের ব্যবহার পূর্বে থেরপ হইত, এখন সেরপ হইতে পারে नां ; এथन विवान-विज्ञाःवान, गांगला-त्यां कर्न्नभां, প্রনিন্দা-পুরচর্চ্চা এবং গ্রাম্যদলাদলি সেই বিশুদ্ধ আমোদ-প্রমোদ এবং সাহিত্য-চর্চ্চার স্থান অধিকার করিয়াছে। সাহিত্য-চর্চ্চার ফলে, অর্থাৎ সর্ব্বদা রামায়ণীয় এবং মহাভারতীয় কণার আলোচনায় মনে যে সকল দদ্ধাবের উদ্রেক হইত, তম্পারা মানবের চরিত্র উন্নত হইত এবং পরম্পরের স্থথ-চঃথে ও সম্পদ- বিপদে, পরম্পবের অক্ত্রিম সহামুভূতি ও সহায়তায় সেই উন্নতি, সেই সামাজিক সৌভাগ্য প্রকাশ পাইত। নিন্দাচর্চ্চা, মামলা-মোকর্দ্দমা, नेर्वा-निका এवः ननाननित देवतिर्वाण्टान যাহাদের চিত্ত সর্বাদা আন্দোলিত, তাহাদের হৃদয়ে সেই সকল দেবভাব কেমন করিয়া স্থান পাইবে, নারকীয় তর্গন্ধের মধ্যে মানবীয় সদ্বাবরূপ স্বর্গীয় কুস্কুম কিরূপে বিকশিত হইবে ১ এই সকল কারণে বঙ্গের, পল্লীগুলি এখন আর সেই নন্দন-কাননের শোভা ধারণ করে না. এখন সেগুলি শাশানের চিত্র, পিশাচের বিলাস-ভূমি, নরকের অভিনয় ক্ষেত্র। কিন্তু এথনও যদি আপনারা পল্লীগ্রামের মঙ্গল-সাধনে দৃঢ সকলের সহিত অগ্রসর হন, এখনও যদি সাহিত্যের দিকে পল্লীবাসীর অন্তরাগ আকর্ষণ করিতে পারেন, তাহা হইলে আমাদের পল্লীগুলি আবার সেই নন্দনকাননের শোভা ধারণ করিবে, আবার ইহা আমাদের চতুর্বর্গ-সাধনের নিরুপদ্রব পবিত্র ক্ষেত্র হুইয়া উঠিবে। যে-সকল বালক-বালিকা যেরূপ সমাজে প্রতিপালিত হয়, তাহারা সেইরূপ সমাজের উপাদানে আপনাদিগের চরিত্র গঠন করে। যে সকল শিশু সন্তান হিংসা-নিন্দা, ঝগডা-বিবাদ, জন্মাবধি প্রতিদিন প্রত্যক্ষ করিয়া বর্দ্ধিত হয়, তাহার৷ যৌবনে বা বার্দ্ধক্যে সাধু সদাচারী এবং সদ্ভাবসম্পন্ন হইবে, এরূপ প্রত্যাশা করা বাতুশতা। দেশের মাহুষ-গুলিকে যদি পবিত্র-চরিত্র, পরার্থ পর, সম্ভাব-সম্পন্ন এবং প্রীতি-পরায়ণ দেখিতে চাহেন, তাহা হইলে শিশুগণ যে গ্রামের যে সমাজে প্রতিপালিত হইবে, সেই গ্রাম এবং সেই সমাজকে সেইরূপ মাত্রুষ গঠিত করিবার উপ-

যুক্ত যন্ত্র করুন। সাত্র্যকে মারিয়া পিটিয়া বা উপদেশ দিয়া ভাল করা যায় না, তাহার অনেক দৃষ্টান্ত আধুনিক শিক্ষাপ্রণালীতে এবং শিক্ষিতসমাজে প্রত্যক্ষ হইতেছে। মানুষের চরিত্রগঠন যজের সাহাযো বা বলের সাহাযো হয় না; অনুকৃল ক্ষেত্ৰকে অনুকৃল ঋতুতে উপযুক্ত রূপে কর্ষণ করিয়া তাহাতে বীজ বপন করিলে যেমন রস-বাত-তাপাদির মহারতার আশানু-রূপ শ্ন্য জ্যে, সেইরূপ পল্লীগ্রাম এবং পল্লী-সমাজকে আদর্শের অনুকৃষভাবে প্রস্তুত করিয়া তাহার মধ্যে বালকবালিকাদিগকে ছাডিয়া দিলে তাহারা সেই আদর্শের অন্তর্রপ হইবেই হইবে। আমার এ কথার কেহ উপহাস করিতেছেন কি না জানি না, কিন্তু আমার গ্রুব বিশ্বাস, দেশে সাহিত্যের চর্চ্চা বর্দ্ধিত করিলে, গ্রামে প্রাম্বর স্থাপন, সদ্গ্রন্থের সংগ্রহ এবং তংপাঠে সাধারণের আগ্রহ জনাইতে পারিলে আমাদের পল্লীর অবস্থা বাস্থবিকই নন্দনকাননের অনুরূপ হইবে, এবং ভাষাতে যে সকল নরশিশু জাত ও প্রতিপালিত, হইবে. তাহারা ভবিষাতে আপন আপন চরিত্রে নিশ্চয়ই দেবত্ব লাভ করিতে পারিবে।

মহিলাদিগের সহায়তা

এ পর্যান্ত য়াহা বলা হইল, তাহা পুরুষদিগকে উপলক্ষ্য করিয়াই বলা হইয়াছে।
কিন্তু কেবল পুরুষদিগের দারা এই স্থমহৎ
কার্য্য সম্পাদিত হইতে পারে না। পুরুষেরা
সভা-সমিতি স্থাপন করিতে পারেন, গ্রন্থ
নির্বাচন করিতে পারেন, গ্রন্থ বিক্রয়ের
ব্যবস্থা করিতে পারেন, চাঁদা দিয়া গ্রামে
গ্রামে পুন্তকালয়ের প্রতিষ্ঠা করিতে পারেন;
কিন্তু শিশুকে শিক্ষা দিবার ভার, শিশুকে

আদর্শের অহ্বরূপ করিয়া গড়িয়া তুলিবার ভার ব্যনীদিগের হাতে ৷ প্রাথমিক অবস্থান জননীই শিশুর ধাত্রী, শিক্ষয়িত্রী এবং উপদেশ-দাত্রী। সেই সময়ে জননী যদি শিশুর শারীরিক, মানসিক, নৈতিক এবং আধ্যাত্মিক প্রকৃতির দিকে তুল্যব্ধপে দৃষ্টি রাথিয়া তাহাকে শিক্ষিত এবং গঠিত করিতে পারেন, তবেই একদিন শিশ্বে আদর্শচরিত লাভের সজাবন থাকে; নতুবা প্রথম অবস্থায় ধরিয়াই যদি তিনি শিশুটির চরিত্রকে আঁকাবাঁকা করিয় কুৎসিক্তভাবে গড়িয়া ছাড়িয়া দেন, তাহ হুটলে সে শিশুর পক্ষে সহস্র চেষ্টাতেও আর সেই আদর্শের অনুরূপ সংজ, সরল, নির্মান, উন্নত চরিত্র লাভ করিবার সম্ভাবনা থাকে ন কোন দেশের মাত্রযগুলি কিরূপ, সেই দেশের শিক্ষা-বাবস্থা দেখিলেই তাহ শিক্তদিগের **অনু**মান করা ঘাইতে পারে। এই ব্যবস্থ বিশুদ্ধ করিতে হইলে সর্বাগ্রেই রমণীদিগের সহারুভৃতি এবং সাহচর্য্যের প্রয়োজন। এই সাহচ্যা কেবল रेक्डा. যত্র বা অনুরাগ থাকিলেই হয় না। শিশুর সর্ববিধ শিক্ষায় লাভ করিতে হইলে শারীরতত্ত, মনস্তত্ত্ব, নীতিতত্ত্ব এবং অধ্যাত্মতত্ত্বে জ্ঞান থাকা চাই। কিন্তু সে নিতান্ত সহজ কণা নহে। আমাদের সমাজের কথায় কাজ কি, য়ে সমাজে স্ত্রী-শিক্ষার বহুল বিস্তার হইয়াছে, সে সমাজেও অধিকাংশ গৃহে এরূপ জননীর নিতান্ত অভাব। **স্থাের** বিষয়, আমাদের রামায়ণ এবং মহাভারত যেভাবে লিখিত, তাহাতে নীতিতত্ত্ব এবং অধ্যাত্মতত্ত্ব বৈজ্ঞানিক ভাবে অধ্যয়ন না করিলেও ঐ সকল গ্রন্থ কেবল কাবে)র মত পডিয়া গেলেই নীতিত্ত

্ৰ অধাৰ্য-তত্ত্ব সন্ধিত্ত থাকে না। সবশিষ্ঠ বহিল শারীরতত্ত্ব এবং মনস্তত্ত্ব। এই হুই বিষয়ের যথায়থ অধ্যয়ন আমাদের মহিলা-দিগের বর্ত্তমান অবস্থায় সম্ভব নহে; ভবিষ্যতে কথনও সম্ভব হইবে কিনা তাহাভবিষাং জানে। কিন্তু ধাঁহারা গ্রন্থ নির্বাচনের ভার লইবেন, তাঁহার৷ যদি বাঙ্গালার সাহিত্য-ভাগ্রার অন্বেষণ করিয়া এই সকল বিষয়ে, পুরনারীদিগের পাঠোপযোগী গ্রন্থ বাছিয়া বাহির করিতে পারেন ভালই; যদি ভাষা না পারেন, তাহা হইলে ঐ সকল বিষয়ে মহিলা-দিগের উপযোগী গ্রান্থ প্রণয়ন করা তাঁহাদিগের কর্ত্তব্য হইবে ! এইরূপ স্থব্যবস্থার ফলে বিশ্বদ্ধ বঙ্গভাষায় লিখিত ভাব-শুদ্ধ উৎকৃষ্ঠ গ্রন্থলাভ করিয়া আমাদের মহিলাগণ যদি একদিকে নিঞ্জের জ্ঞানবৃদ্ধি করিয়া অগ্রাদিকে সতর্ক ভাবে শিশুর শিক্ষা চালাইতে থাকেন. তাহা হইলে অচিরেই আমাদের এই উপত্যকা ভাষার বিশুদ্ধি ভাবের উৎকর্য এবং জ্ঞানের বিস্তার ও উন্নতি লাভ করিয়া অচিরেই ধন্য হইতে পারে। সমাজের এই স্থন্দর আনন্দ-জনক চিত্র আজ কল্পনার বিষয় রহিয়াছে, কিন্তু আমাদিগের উৎদাহী যুবকের৷ যদি স্থদৃঢ় **ঁ**সঙ্কল্ল এবং অধ্যবসায় সহকারে এই কার্য্যকে একটা মহাত্রত মনে করিয়া ইহার সাধনে প্রবত হন, তাহা হইলে আজ যাহা কল্পনা বলিয়া বোধ হইতেছে, তাঁহাদের জীবিত কালের মধ্যেই তাহা বাস্তবে পরিণত হওয়। বিচিত্ৰ নহে। সাহিত্য-সেবার উপরে শীবিকার জন্ম নির্ভর করিতে কাহাকেও উপদেশ দেই না। গ্রন্থ-বি**ক্রেতা**র ব্যবসায় শাভজনক হইলেও গ্রন্থকারের দারিদ্রা জগতে

চির প্রসিদ্ধ। যিনি প্রকৃতির তাড়নার এই দারিদ্য-ব্রত গ্রহণ করেন, তাঁহার কথা স্বতন্ত্র; কিন্তু দেশের মঙ্গলের জ্বন্ত সাহিত্যের সেবা, পরিচর্গা এবং প্রচারে ঘাঁহারা আত্মশক্তির প্রবাগ করিবেন, তাঁহারা জীবিকার জন্তু অন্তটা না একটা কিছু অবলম্বন করেন, এই আনার অন্তরাধ। এই উপত্যকাবাদী শিক্ষিত যুবকেরা জীবিকার জন্তু যিনি যে শহাই অবলম্বন করুন, সাহিত্যের অনুরাগ তিনি ছাড়িবেন না, সাহিত্যের উপর হইতে তাঁহার সাম্প্রাহ দৃষ্টি সরাইয়া লইবেন না, ইহাই আমার আশা।

কয়েক মাস পূর্বে করিমগঞ্জ হইতে প্রকাশিত "প্রভাত" নামক পাক্ষিক পত্রিকায় শ্রীহট্টবাসী জনৈক যুবকের একথানি পত্র প্রকাশিত হইয়াছিল। তাঁহার সেই প্রথানি পড়িয়া আমি এই বাৰ্দ্ধকোও যেন যৌবনের উৎসাহ অন্নত্তব করিয়াছিলাম : 🔄 পত্তের লেপক কে, এবং তিনি এই সভায় উপস্থিত আছেন কি না, জানি না, কিন্তু সেই পত্রথানিতে তিনি যে উল্পান-উৎসাহ, যে আশা-ভরসা, যে স্বদেশ-প্রীতি ও গৌরব-লিপার আভাষ দিয়াছেন, তাহা আজও আমার **আলোকিত** অস্তঃকরণকে যেন রাখিয়াছে। তিনি লিখিয়াছেন, তিনি এবং কাঁহার সহকারী কয়েকটি বন্ধু নানা ভাষায় নানা বিভা শিক্ষা করিয়া ঐ সকল ভাগার আহরণপূর্বাক মাতৃভূমিকে সম্পদরাশি গৌরব মণ্ডিত করিবেন। ভরসা করি, আজিও তাঁহারা সে স্কল্প বিশ্বত হন নাই, সে নাই ৷ পরিতাাগ অধ্যবসায় করেন

এই সকল গ্থন নেশের হিতে যুবক প্রাণ্যন ঢালিয়া **मिश** সঙ্গল্পিত ব্ৰত शानात्व ज्ञा कार्यात्करव थात्रम कतिर्वन, তথন তাঁহাদিগের অল্লসাহসী ভাতারাও আর ঘরে বসিয়া থাকা সম্ভব মনে করিবেন না. অন্ততঃ লজ্জার থাতিরেও তাঁহাদিগের অধিক অগ্রসর ভ্রাতাদিগের সঙ্গে দিবেন। আপনারা সমগ্র বঙ্গের জন্ম খাটিতে না যাইয়া যে এই ক্ষুদ্র উপত্যকাতেই আমাদের হার্ণাক্ষেত্র শীমাবদ্ধ করিতে চাহিতেছেন, ইহা বড়ই মঙ্গলের কথা। ইহাতে করিবার বিশেষ স্থবিগা হইবে এবং কার্যোর প্রিমাণ্ড বেশী দেখাইতে পারিবেন। 'সমস্ত বঙ্গের তুলনায় আপনাদের সংখ্যা এবং কার্য্যকরী শক্তি নিতান্তই ফুদ্র; কিন্তু এই ক্ষুদ্র উপত্যকার মধ্যে সীমাবদ্ধ থাকিয়া যদি আপনারা কার্য্য করেন, তাহা হইলে কার্য্যটা ঠিক শক্তির অমুরূপই হইবে, স্থতরাং কার্য্য করিয়া যেমন স্থুখ পাইবেন, সেইরূপ ফলও পাইবেন :

বঙ্গভূমির সঙ্গে যোগরকা

উপত্যকাতে স্থায়ী আপনাদের বা কোন সাময়িক ভাবে যে সাহিত্যিক অনুষ্ঠান হউক, মূল বঙ্গদেশের সঙ্গে তাহার যোগ বকা করা একান্ত কৰ্ত্তবা ! আমি জানৈক বন্ধুর নিকট শুনিয়াছি প্রীহট্টে একটি স্থায়ী সাহিত্য-সভা প্রতিষ্ঠিত হইয়াছে। আমি ্রই সংবাদে নির্তিশয় আনন্দ লাভ করিয়া আর একজন বন্ধুকে একথানি পত্র লিথিয়াছি, এবং উপত্যকাবাসী মাত্রেই এই সভার সভা হউন আর নাই হউন, ইহার কার্য্যকলাপে যোগ দিয়া -থাটিবার জক্ত বিশেষ অন্তরোগ

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ সাহিত্য করিয়াছি ৷ বিষয়ক সভা-সমিতির শীর্ষসানীয় মনে করা পারে, স্বতরাং ইহার সঙ্গে যোগ বাগিলেই বঙ্গদেশীয় অক্সান্য সমস্ত সাহিত্য-সভা-সমিতির সঙ্গে যোগ রহিল বলিয়া মনে করা অক্তায় নছে। ্জলায় জেলায় এইরূপ সভা-সমিতি প্রতিষ্ঠিত হইলা স্বাধীনভাবে স্ব স্ব জেলার জন্ম কার্যা করিবে, এবং বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ সর্ব্বোপরি অধিষ্ঠিত থাকিয়া সমস্ত সাহিত্যিক সভা-সমিতির নিয়ামকরূপে যোগসত এবং থাকিবেন। এইরূপ বাবস্থাই আমার নিকট নিতান্ত স**ঙ্গত** বলিয়া বোধ হয়। আজিও বিষয়-বিশেষকে লক্ষ্য করিয়া সকলে একযোগে কার্যা করিবার তেমন পরিচয় দিতে পারেন নাই; আমাদের আশা, অন্ততঃ সাহিত্য-বিভাগে এক উদ্দেশ্যে এবং এক যোগে কার্য্য করিয়া বাঙ্গালী আপন জাতীয় একতার প্রমাণ দেখাইবেন। আপনাদিগের মধ্যে ষথন কোন সাহিত্যিক উৎসবের অনুষ্ঠান হইবে, তথন আপনারা বঙ্গের সাহিত্যিকদিগকে मानत्त ७ माञ्चारन निमञ्जन कतिरवन, এनः বঙ্গদেশে যথন এই শ্রেণীর কোন অনুষ্ঠান হইবে, তথন, আমি ভরদা করি, আপনারাও সেইরূপ নিমন্ত্রণ পাইবেন। এইরূপ পরস্পরের যাতায়াত, আলাপ-আপ্যায়ন, এবং পরস্পরের সঙ্গে হৃদয়ের ভাব-বিনিময় রক্ষা করা সর্ল-कारलप्टे विरमप्रकारण आर्याक्रमीय, विरमप्रजः এই বিচ্ছেদের দিনে, স্থরমা-উপত্যকার এই তৰ্দ্দিনে সেই প্রয়োজন শতগুণে বৰ্দিত ছইয়াছে। আপনারা মনে করিবেন না ^{হে}, এই বিচেছদ-ব্যাপারে কেবল আপনার^{িই}

বাথিত হইয়াছেন। কনিষ্ঠ ভাতার সঙ্গে প্রকর্ত্তক বিচ্ছেদ ঘটিলে স্নেহণীল জ্যেষ্ঠভাতা ্যৱপ বাথিত হন, আজ প্রান্তবাসী বাঙ্গালীকে বিচ্চিন্ন দেখিয়া সমগ্র বাঙ্গালীজাতি সেইরূপ হইয়াছেন। বঙ্গদেশের আমার সর্বদা যাতায়াত আছে, বহু বাঙ্গালীর সঙ্গে আমার প্রাণের ঘনিষ্ঠ সম্বন্ধ রহিয়াছে. স্থতরাং আমাদের সঙ্গে এই শাসন-বিষয়ক বিচ্ছেদে তাঁহারা কিরূপ ব্যথিত হইয়াছেন, আমার তাহা অবগত হইবার বিলক্ষণ স্বয়োগ রহিয়াছে। বাঙ্গালার সংবাদপত্র পাঠ করিয়া আপনারাও ইহার পরিচয় পাইতেছেন: তবে যে আন্দোলনের তেমন তীব্রতা প্রত্যক্ত করিতেছেন না, তাহার কারণ, আমাদের স্থায় াহাদেরও বিশ্বাস আছে, মহামনা পঞ্চম জভের রাজত্বে, মহাত্বভব লর্ড হার্ডিঞ্জের শাসন কালে, ৭০ লক্ষ নিরপরাধ রাজভক্ত বাঙ্গালী প্রজার এই নিরর্থক নিগ্রহ, এই নিষ্কারণ হাদয়-ক্ষত কথনও স্থায়ী হইবে না। আমার নিশ্চয় বিশাস আছে, বঙ্গবাসী বাঙ্গালীর সঙ্গে প্রা**ন্তবাসী বাঙ্গা**লীর আত্মীয়তা ঘনিষ্ঠতা রঞ্চিত ও বর্দ্ধিত করিবার মাপনারা যে কো**ন সঙ্গত** এবং বৈধ ব্যবস্থা অবলম্বন করিবেন, আপনারা তাহাতে সমগ্র বাঙ্গালী জাতির পূর্ণমাত্র সহান্তভূতি এবং শহযোগিতা পাইবেন।

• সাহিত্যের ইতিহাস

আপনার। যথন সাহিত্যকে অবলম্বন করিয়া জাতীয় উন্নতি সাধন করিতে অগ্রসর ইইরাছেন, তথন সাহিত্যের ইতিহাসকে আপনারা উপেক্ষা করিতে পারেন না। বাঙ্গালার প্রাচীন সাহিত্য এবং তাহার ইতিহাস আলোচনা করা যে আপনাদের পক্ষে প্রােজীয়, এ কথা নিতান্তই আবিশ্যকতা দেখি না। কিন্তু কেবল বাঙ্গালা সাহিত্যের ইতিহাস আলোচনা করিলেই যথেপ্ত হইল না। আপনাদের ইংরাজী ভাষায় স্থশিকিত; যাঁহারা বঙ্গভাষায় গ্রন্থাদি প্রণয়ন করেন, ইংরাজীতে তাঁহাদিগের অনভিজ্ঞতা প্রায়ই দেখা যায় না। সাহিত্য-সেবার মাতভাগায় জ্যু হইতেছেন, তাঁহাদিগের প্রতি ঝাঁমার বিনীত নিবেদন, তাঁহারা যেন ইংরাজ, ফরাসী, জম্মণ, জাপানী প্রভৃতি জগতের উন্নত জাতি-দিগের সাহিত্যের ইতিহাস পাঠ করিতে বিশ্বত না হন। ঐ সকল জাতি কিরুপে বর্ত্তমান मञ्जात डेक्कगरक आताहन कतियाद्यन, তাঁহাদের জাতীয় ইতিহাসের আয় তাঁহাদের মাহিত্যের ইতিহাসেও তাহার আভাস, তাহার মূলস্ত্র দেখিতে পাইবেন। এ জন্ম **ঐ স**কল জাতির ভাষা এবং সাহিত্য-সমুদ্রে অবগাহন न। করিলেও কার্যাসদি হইতে পারিবে, অনুসন্ধান করিলে ইংরাজী ভাষাতেই ঐ সকল উন্নত জাতির সাহিত্যের ইতিহাস দেখিতে পাইবেন :

অনুবাদ

দেশের ভাগা এবং সাহিত্যকে সমৃদ্ধ
করিতে গেলে অনুবাদ অনিবার্য। জগতের
যে দেশে গে জাতির মধ্যে যে বিষয়ে যেটুকু
উন্নতি হইয়াছে, তাহাতে সমগ্র মানবজাতির
অধিকার জন্মিয়। গিয়াছে, সমস্ত মানব মণ্ডলী
তাহার ফল উপভোগ করিতেছে। বাশীয়
যান এবং ভাড়িতবার্তা আমাদের দেশের,
আমাদের জাতির কেহ আবিদ্ধার করে নাই;

কিন্তু বিদেশীর আবিষ্কৃত সেই সম্পদ স্থদূর ভারতের স্থদূর বঙ্গের এক নিভৃত কোণে আমরাও তুল্যরূপে থাকিয়া করিতেছি। জড় দগতের উন্নতি সম্বন্ধে যে কথা অন্তর্জগতের উন্নতি সম্বন্ধেও সেই কথা। কিন্ত সেই উন্নতি আয়ত্ত করিবার প্রণালী স্বতন্ত্র। বাঙ্গীয়যান এবং তাডিতবাত্ত্র্য পাইবার জন্ত আমাদিগকে ভাবিতে হয় নাই, পয়সার লোভে বা কার্য্যের স্থবিধায় যে গরজ মনে করিয়াছে, সে ঐগুলি বিনা প্রার্থনায় আনিয়া আমাদিগের হারে উপস্থিত করিয়াছে ৷ ঐগুলি এখন আমাদের দেশের সম্পদ, জাতীয় সম্পদ, কেননা আমরা সকলেই তুল্যরূপে ঐ সকলের স্থবিধা ভোগ করিতে পারিতেচি। যাহা ভোগ করিবার অধিকার বা স্থবিধা তুল্যরূপ নহে, তাহাকে জাতীয় সম্পদ বলিতে পারি না সাহিত্যকে তথনই প্রকৃত জাতীয় সম্পন বলিতে পারিব, যথন তাহা উপভোগ করিবার স্কুয়োগ এবং অধিকার জ:তীয় আপামর সাধারণ সকলের তুল্যরূপ হইবে। বাঙ্গীয়গান এবং তাড়িতবার্ত্তা এদেশে যে ভাবে আসিয়াছে, ইংরাজের সাহিত্য-সম্পদ, সাহিত্যের ইতিহাস সে ভাবে আসিতে পারে না । দেশে সে সম্পদ আনিতে হইলে অনুবাদ দারা মাতৃভাষার ভিতর দিয়া তাহাকে আনিতে হইবে, তবে তাহাতে সকলের অধিকার জন্মিবে, সকলে তাহা উপভোগ করিবার স্থযোগ পাইবে। সত্য বটে ইংরাজী ভাষা শিক্ষার গুণে এখন আপনারা অনেকেই সেই সকল গ্রন্থ পাঠ করিয়া উপক্বত হইতেছেন; কিন্তু যে পর্যান্ত ঐ সকল উপাদেয় গ্রন্থ অমুবাদ করিয়া স্বজাতীয় সর্ব্যায়ারখের দারে উপস্থিত করিতে ন। পারিতেছেন, সে পর্যান্ত মে সম্পদ আপনাদের জাতীয় সম্পদ নহে, আপনাদের দেহ-পাতের সঙ্গে সঙ্গেই তাহার প্রভাব এবং অন্তিত্ব বিলুপ্ত হইবে। যে ভাষা আয়ন্ত করিবার জন্ম, যে সাহিত্যের চিত্র, সৌন্দর্য্য এবং প্রভাব উপলব্ধি করিবার জন্ম আপনারা বাল্যকাল হইতে এত যত্ন পরিশ্রম, এত অর্থব্যয়, এত রাত্রি জাগরণ করিয়াছেন, তত্মারা যদি স্বজাতির উন্নতি করিতে না পারিলেন, সেই কন্তোপার্জিত সম্পদ যদি স্বজাতিকে উপহার দিতে না পারিলেন, তাহা হইলে আপনাদের সেই কন্ত, সেই জ্ঞান, সেই আহত সম্পদ সার্থক হইল, কেমন করিয়া বলিব ?

हिन्मू-भूमलभान

মাতৃভাবার এবং মাতৃভাবার সাহিত্যে হিন্দু-মুদলমানের স্বার্থ এবং অধিকার এক। বাস্তবিক এ ক্ষেত্রে কাহারও স্বার্থ বা অধিকারের কিছুমাত্র পার্থক্য নাই। এণানে উচ্চ-নীচ, স্ত্রী-পুরুষ, ধনী-দরিদ্র, হিন্দু-মুদলমান সকলেরই সমান স্বার্থ, সমান অধিকার এবং সমান স্থগোগ। পণ্ডিত এবং মুর্থেরও অধিকার এবং স্বার্থ এক, তবে ভাষার বিশুদ্ধি-সাধনে এবং সাহিত্যের উন্নতিবিধানে পণ্ডিতের অর্থাং শিক্ষিতের যে পরিমাণ স্থ্যোগ আছে, মুর্থের সে পরিমাণ স্থ্যোগ আছে, মুর্থের সে পরিমাণ স্থ্যোগ নাই, এইমান প্রভেদ।

হিন্দুর স্থায় অনেক মুসলমানও, বধা সাহিত্যের সেবা করিয়াছেন, বঙ্গ-সাহিত্যের পৃষ্টি-সাদনে যথেষ্ট সহায়ত। করিয়াছেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ এবং উত্তরবঞ্গ-সাহিত্য-পরিষৎ অনেক মুসলমান গ্রন্থকারের গ্রন্থ-বিবরণ ও জীবন রভাত প্রকাশ করিয়া আমাদের ধন্যবাদ-ভাজন হইয়াছেন। কতিপর মুসলমান যুবকের মধুর কবিতা পাঠ করিলে কাহার জনয়ে স্বদেশানুরাগ উদ্দীপিত না হয় ? মীর মুশারেফ হোসেনের অগাধ বিষাদদ্রব "বিষাদ-দিক্ন" পাঠ করিলে কাহার চক্ষে জল না আইসে,কোন্ পাধাণ দ্ৰবীভূভ নাহয় ? মুসলমান সম্পাদকের স্থপরিচালিত, মুসলমান পুরুষ ও রমণীর স্থচিন্তিত প্রবন্ধ-নালার সমলক্ষত "কোহিনুর" যেরূপ উন্নতমন্তকে পদ্বিক্ষেপ বাঙ্গালার সাম্য্রিক-সাহিত্য-সমাজে চলিতেছে, তাহাতে কাহার স্দ্র আশার আনন্দে উৎফুল না হয় ? আবার সহাদয়, মুলেগক, শান্তমভাব, মিষ্টভাষী ও মুন্দর-5রিত্র, দরিদ্র মুন্সী তালিমুদ্দীন সরকারের ভাগ কত উৎ**সাহী মুসল**মান বন-জাত কুস্থনের মত লোক-নয়নের অন্তরালে থাকিয়া কেবল জীবন-যুদ্ধেই জীবনাস্ত হইতেছেন, আপনার মস্তিরের নিদর্শন স্বরূপ একটুকু হাস্য, এক বিন্দু অশ্রু, কিন্তা একটি দীর্ঘ নিশ্বাসও স্বদেশের যাহিত্য-ভা**ঙা**রে রাথিয়া ঘাইতে পারিতেছেন না, তাহার গণনা কে করিবে গ

কোন কোন মুসলমানের সাধ, বন্ধ-ভাষার নাদনে উর্দ্ধৃ ভাষাকে প্রতিষ্ঠিত করেন। তাঁহারা বন্ধ-ভাষাকে মাতৃভাষা বলিতে চাহেন না, তাঁহাদের অভিধানে বান্ধালী-শব্দটি হিন্দুশব্দের প্রতিশক্ষাত্র। কিছুদিন পূর্বেকে কোন কোন কিন্তু মনে করিতেন, সংস্কৃতই আমাদের নাতৃভাষা, কেবল সংস্কৃত সাহিত্যই পঠের গোগ্য; বন্ধ-ভাষা কেবল অশিক্ষিত নিম্নশ্রেণী এবং স্নীলোকের ভাষা, কেবল নিত্য-ব্যবহার্য্য বন্ধরোচিত ভাষা। কিন্তু এখন আর সে দিন নাই; এখন মহাসহোপাধ্যার পণ্ডিতরাজ

শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্নের স্থায় দেশ-পূজা পণ্ডিতও বঙ্গ-ভাষাকে অবলম্বন করিয়া আপনার অগাধ পাণ্ডিতা এবং অসাধারণ বাগ্মিত্বের পরিচয় দিতে কট্ট, লজ্জা বা অপমান বোধ করেন না

সৌভাগ্যের বিষয়, এই অস্বাভাবিক সংস্কৃত-শ্রীতি বা উর্দ্ধু-প্রীতি এই প্রাস্ত-প্রদেশে প্রবেশ করে নাই;—এই স্বদ্র নিভ্ত উপত্যকাটি অনেক কুবাভাস হইতেই রক্ষা গাইয়া আসিতেছে; ভরসা করি, ভবিষ্যতেও অনেক কুবাভাসই ইহাকে স্পর্শ করিতে গারিরে না।

সংশ্বত এবং উর্দু, আমাদের পরম আদরের জিনিস বটে; সংশ্বত না শিথিয়া হিন্দু, বা উর্দু না শিথিয়া মুসলমান শিক্ষিত হইয়াছেন বলিয়া মনে করিতে পারেন না, সত্য; কিন্তু স্পুত্র যেমন যেথানে যাহা উপার্জন করেন, জননীর হস্তে তাহা সমর্পণ করিয়া কৃতার্থ হন, সেইরপ দেশের যিনি স্বস্থান, তিনি যে ভাষাই অধ্যয়ন করুন, আর হিন্দু বা মুসলমান যে জাতিই হউন, তিনি যেথানে যে সম্পদটুকু পাইবেন, তাহাই যত্ন করিয়া জননী জন্মভূমির সাহিত্য-ভাগ্রারে সঞ্চন করিবেন, তাহাই দিয়া মাহভাষার সৌন্দর্যা, ঐশ্বর্যা এবং গ্রোরব বর্দ্ধিত করিবেন, আমাদের জননী জন্মভূমি এই প্রত্যাশাই করেন।

ধনবানের সাহিত্য-দেবা

লক্ষী এবং সরস্বতীর বিরোধ চির-প্রসিদ্ধ।

এ বিরোধ কেবল এ দেশে নছে, সর্ব্বত।

লক্ষী এবং সরস্বতী যদি পরস্পর পরস্পরের
সংক্ষী না হইতেন, ভাগা হইলেও এ বিরোধ

থাকিয়া যাইত, কারণ এ বিরোধ লক্ষী এবং সরস্বতীর—ধন এবং জ্ঞানের প্রক্লতিগত।

গল আছে, সমাট তৈমুর যথন সমর-থণ্ডের অধিপতি, তথন সেই রাজ্যে একজন প্রসিদ্ধ কবি বর্ত্তমান ছিলেন। কোন রূপবতী গণ্ডদেশে একটি তিল-চিহ্ন ছিল, তাহাতে সেই রমণীর সৌন্দর্য্য যেন আরও বন্ধিত হইয়াছিল। কবি ঐ রম্পীর রূপ বর্ণনা করিতে করিতে একেবারে আত্মহারা হইয়া পডেন, এবং বর্ণনার একস্থলে বলিয়া रफलन, "आिम भे जिलत त्मोन्मर्गाहेकू পাইলে সমর্থণ্ডের রাজন্বটা দিয়া ফেলিতে পারি।" কালক্রমে তৈমুর একদিন ঐ কবিতা শুনিতে পাইয়া কবিকে ডাকিয়া পাঠান ৷ কবি উপস্থিত হইলে তিনি ক্রোধভরে জিজ্ঞাসা করিলেন, "তোমার এত আম্পর্দ্ধা যে একটা স্ত্রীলোকের সৌন্দর্য্যের বিনিময়ে আমার রাজ্যটা দিয়া ফেলিতে চাও ?" তথন কবি শাস্ত ও বিনীতভাবে যুক্তকরে নিবেদন করিলেন, 'রাজন ! কবিরা চিরকাল এইরূপ অমিতবায়ী, তাই দরিদ্রতা তাহাদের ঘচে না।"

এই গল্পটার মধ্যে—লক্ষী-সরস্বতীর চিরপ্রাসিদ্ধ বিরোধের মধ্যে—একটা বিজ্ঞান প্রচ্ছর
আছে। যাহারা জ্ঞানের সেবা করে, তাহারা
স্বভাবতই ধনকে অসার ক্ষণস্থায়ী তৃণবং মনে
করে, স্বতরাং ধন উপার্জন করিলেও সঞ্চয়
করিতে পারে না। আর যাহারা ধনের সেবা
করে, তাহারা জ্ঞানের শ্রেষ্ঠতা উপলব্ধি
করিলেও তাহার আদর করিতে পারে না—
পাছে দরিদ্র হইরা পড়ে, এই ভরে তাহার
কাছে গেঁসিতে চায় না। এই হইল সাধারণ

নিয়ম, ইহার ব্যতিক্রমু অল্প স্থলেই দেখা যায়।

জ্ঞান-সেবকের হৃদয়ে পার্গিব সম্পদের উচ্চাভিলাদ কুত্রাপি দেখা যায় না। কেবল আন্ধনক্ষের চিন্তা হৃইতে নিষ্কৃতি পাইলেই তিনি হৃদয়ের অনিভক্ত অমুরাগ জ্ঞান-সেবায়—গাহিত্য-চর্চায় উৎসর্গ-করিতে পারেন। কিয় হৃঃথের বিষয়, অনেকের ভাগ্যে এই সামান্ত অন্ধনক্ষের চিন্তাই সাহিত্য-সেবার ঘোর প্রতিবন্ধক হইয়া উঠে। অন্ধ-চিন্তায় কালিদাসের কবিতাও কুঠিত হইয়াছিল, অন্ধাভাবে সেক্ষপীয়রক্ষেও হরিণ চুরি করিতে হইয়াছিল। আর জান্তো পরে কা কথা।

এইখানে ধনবানের একটি কর্ত্তবা দেখ যাইত্যেছ। ধনবান বলিতেছেন, জাতীয জীবনীশক্তি সাহিত্যের মধ্যেই নিহিত, স্থতরা জন্যই জাতীয়সাহিত্যের জাতীয়মঙ্গলের প্রিপোষণ করা তাঁহার পক্ষে নিতান্ত উচিত। প্রত্যক্ষ ভাবে, স্বয়ং লেখনী ধারণ করিয়া গদি সরস্বতীর অর্চনা করিতে পারেন, ভালই; কিন্তু যদি তাহা না পারেন, তাহ হইলে প্রতিনিধি বা প্রোহিতের দারা--যাঁহারা সাহিত্য সেবার জীবন উৎসর্গ করেন তাঁহাদের সহায়তাদারা—এ অর্চনা সম্পাদন করিতে পারেন। কত রাজা, কত মহারাজ, বিলাদের ক্রোড়ে জন্ম গ্রহণ করিয়া, মণি-মাণিকো দেহ থচিত রাথিয়া, পূর্ণ-রোগে গড়াগড়ি দিতে দিতে, স্তাবক্বর্গের শ্রুড়ি মধুর স্তবলহরী শুনিতে শুনিতে ভ্রনাট্যশাল হইতে চলিয়া গিয়াছেন। আজ তাঁহারা সক^{নেই} গাঁঢ অন্ধকারে বিলীন চইয়া বিশ্বতির গিয়াছেন, নিজের নামটি পর্য্যন্ত জন-সমার্থ

রাখিয়া যাইতে পারেন নাই। কিন্তু যে সকল সোভাগ্যশালী ধনী বান্দেবীর সেবকদিগকে মুক্টিমাত্র অন্ন দিয়া সাহিত্য-সেবায় সহায়তা করিরাছিলেন, তাঁহারা মানব-স্মৃতিতে অদ্যাপি জীবিত রহিরাছেন, মানবজাতি ক্লভজ্ঞতাভরে আজিও তাঁহাদের নানকীর্ত্তন করিতেছে। সাহিত্য-সেবায় সহায়তা করিলে যুগপং দেশের মঙ্গল-সাধন এবং নিজের নামকীর্ত্তন ও মশোলাভ হয়; ক্ষণস্থায়ী সংসারে নথর দেহধারী মানবের পক্ষে ইহা কি সামান্ত লাভ থ

আপনাদের সাহিত্য-দেবার মহামুষ্ঠানে আমার ক্ষুদ্র হৃদয়ের ক্ষুদ্র কথা যাহা বলিবার ছিল তাহা বলিলাম। উপসংহারে শ্রীহট-সন্ধিলনী **সম্বন্ধে** গোটা ছুই কথা বলিয়া েশ্য করিব। শ্রীহট-সন্মিলনী বক্তব্যের বহুদিন হইল স্থাপিত হইয়াছে। বন্ধদেশে মনেক জেলায় এই**রূপ সম্মিলনী স্থা**পিত হইরাছে, কিন্তু আমাদের এই সম্মিলনী বোধ স্য তাহাদের মধ্যে প্রাচীনতম। ইহা শ্রীহট্টের প্রকে গৌরবের কথা বলিয়া মনে করিতে প্রবি। আজ আপনারা যে উদ্দেশ্যে এথানে স্থিলিত হ্ইয়াছেন, বিবেচনা করিতে গেলে 'শীগ্ট-সন্মিলনীর উদ্দেশ্য তাগা হইতে অভিন। ^{ভাষা}কে এবং সাহিত্যকে **উন্নত** করিতে ^{চ্টলে} কেবল আমাদের যত্নে তাহা সিদ্ধ ^{হট্}বে না, তাহার জন্ম শিশুর ধাত্রী এবং শিক্ষরিত্রী-স্বন্ধপিণী জননীকে প্রস্তুত করিতে বিপুল-অর্থব্যয়সঙ্কুল স্কুল-কলেজ খাপন দারা আর্যাসমাজে যাহার সম্পাদন অসম্ভব, শ্রীহট্ট-সন্মিলনী অতি অল্পমাত্র বায়ে, ক্রবল নিজের উৎসাহ এবং অমুরাগের বলে, সেই হরত অস্ত:পুরশিকার ব্রতগ্রহণ করিয়াছেন। উৎসাহ এবং অনুরাগে যতদূর সম্ভব, যুবকেরা তাহাই করিতে পারেন; কিন্তু এই গুরুতর কার্য্যে যেরূপ চিন্তা, যেরূপ পরামর্শ, যেরূপ ব্যবস্থা এবং যে সামান্ত অর্থব্যয় অনিবার্ধ্য, যুবকেরা তাহা কোণায় পাইবেন ? দেশের এবং সমাজের জ্ঞান-রন্ধ নেতৃগণ দূরে দাঁড়াইয়া কেবল তামাসা দেখিলে এই গুরুতর কার্য্য স্থ্যম্পন্ন হইবে না। যুবকেরা এই শুভকার্য্যে হস্তক্ষেপ করিয়া, এই বিনা-বেতনের চাকরি ষেচ্ছার স্বীকার করিয়া আপনাদিগেরই কার্য্য করিতেছেন। আপনার। ইতাদিগোৰ যোগ দিলে ইহাদিগের উৎসাহ, অনুরাগ এবং কার্য্যকরী শক্তি শতগুণে বর্দ্ধিত হইবে। আমার বিনীত প্রার্থনা, আপনারা এই স্কুয়োগ ছাড়িবেন না। ইহারা যে অন্তঃপুর-শিকার পবিত্র ব্রত গ্রহণ করিয়াছেন, আপনাদের অভিজ্ঞতা এবং পরিণত চিম্তা-শক্তির সহায়তা পাইলে ইহারা আজ বহু চেপ্তাতেও যতটুকু করিয়া উঠিতে পারিতেছেন না, তাহার শতগুণ কার্য্য করিতে পারিবেন, আমাদের পারিবারিক, জীবনে তাহার শতগুণ-সফলতা দেখাইয়া, শতগুণ মঙ্গল সাধন করিয়া ধন্য কর্ণধার-বিহীন তর্ণীর স্থায় পাবিবেন। আজ শ্রীহট্ট-সন্মিলনী বিব্রঙ। তাহার ভুল-ভ্রাস্তি পাকে, ব্যবস্থায় দোষ থাকে, প্রণালীতে ক্রটি থাকে, আপনারা অগ্রসর হইয়া উপদেশ দারা তাহা সংশোধন করিয়া দিন; কিন্তু তাহার কার্য্যকলাপে উদাসীন থাকিয়া অথবা ভ্রম-ক্রটির জন্ম তাহাকে ঘুণার চক্ষে দেখিয়া এই মঙ্গলকার্য্য হইতে বিরত থাকিবেন না। আজ আপনাদের উদাসীনতায়

লইরা যুবকেরা কার্য্য করিতেছে, তাই পদে পদে তাহাদের কর্ম্মে বিন্ন ঘটিতেছে, তাহারা আশারু-রূপ ফল পাইতেছে না। আপনাদের সহারুভূতি পাইলে, আপনাদের সহার্ম্যা মুথ দেখিয়া, আপনাদের আশীর্কাদ এবং পদপুলি মাথায় লইরা যুবকেরা যপন এ কার্য্যে প্রব্নন্ত হইবে, তথন তাহার স্কুফল সমাজে এবং পরিবারে প্রত্যক্ষ করিয়া আপনারা আনন্দিত হইবেন। যাহা অনিবার্য্য, তাহার প্রতিকূলতায় কোন ফল নাই, তাহার স্কুপরিচালনই বিজ্ঞতা এবং বুদ্দিমন্তার কার্য্য। আমাদের সমাজে স্ত্রীশিক্ষা প্রবেশ লাভ করিয়াছে, তাহাকে আর জোর

করিয়া দূরে তাড়াইয়া দিবার সম্ভাবনা নাই।
এ অবস্থায় যাহাতে কেই শিক্ষা স্থপ্রণালীতে
এবং স্থবাবস্থায় পরিচালিত হয়, যাহাতে তাহা
কুফলের পরিবর্ত্তে স্থফল উৎপাদন করিতে
পারে, যাহাতে স্ত্রীশিক্ষার গুণে আমাদের
ভাষা পরিশুদ্ধ এবং সাহিত্য উন্নত হয়, যাহাতে
আমাদের বালক-বালিকাদিগের শারীরিক
শাস্থ্য ও মানসিক উন্নতির সঙ্গে উন্নত পবিএ
চরিত্র গঠিত হইতে পারে, আপনারা তাহারই
ব্যবস্থা করুন, সেইদিকেই মনোযোগ প্রদান
করুন, ইহাই আমার বিনীত প্রার্থনা।

শ্রীশরচন্দ্র চৌধুরী।

মহাভারতী

পুথি পত্ৰ বন্ধু নাহি আজ সাথে ভাবিয়াছি একবার পড়িব লিখন, নীলাম্বর পাতে পুরারত স্যাচার। ভুবন বাহিনী শুনিব পবনে পুণ্য ভাগবত গান পড়িব পৃথীর পুরাণ-কাহিনী শ্রাম শঙ্গে দিনমান। গুনিব ঝর্মর বাদল বর্ষণে মেঘের সাদল রবে, অন্ত্ৰ ঘৰ্ষণে বিহাৎ করকাতাড়িত ভবে সমর উল্লাস, মহাভারতের, শ্রীহরির শঙ্খনাদ, ভীম্মের নিশ্বাস শরশয্যা পরে অভিমন্থ্য পর্মাদ। ঋতু পর্য্যায় জানাবে শোভায় অবতার জন্মকথা, তমুর ছায়ায় খানের খানল রাধিকা মাধবী লভা !

রৌদ্র যবে জ্বলে কুদ্র নিদাঘে তীব্ৰ প্রভার মত, পরশুরামের ব্ৰহ্মতেজ বলে হবে পৃথী পরাহত। করুণা ধারায় প্লাবিয়া ধরায় বারি ঝরে বরষার করুণা আধার মনে পড়ে তাঁয় যিনি বুদ্ধ অবতার। নির্মাল উদার প্রশাস্ত সংযত শরতের নী**গান্ত**র, তপস্বীর মত দেখাবে রামের ত্যাগরিক্ত কলেবর! আসিবে হিমানী কুয়াসা ঝাঁপিয়া অশ্ৰু প্লাবিত বুকে, কৌরব জননী ধৃতরাষ্ট্র রাণী গান্ধারী আর্ত মুগে! ন্তৰ সংগ্ৰাম, সাঙ্গ অভিনয় জীর্ণ পত্র মরমরে, *্*নহাপ্রয়াণের জানাবে স্থয় রাজ্য ধন তুচ্ছ করে'! শ্ৰীপ্ৰিয়ম্বদা দেবী

ফলিত জ্যোতিষ।

(対東)

উপর্ক্ত পরিশ্রম দক্তেও বার বার তিনবার এফ্ এ পরীক্ষায় অন্তর্ভীর্ণ হইলে অদৃষ্টের রহস্যোদ্ভেদে স্বতঃই আগ্রহ জ্বনিয়া থাকে। স্বতরাং বিফল মনোরপ অনুকূল যে পড়াশুনা ছাড়িয়া বন্ধুর সাহায্যে "জ্যোতিষরত্বাকরের" রত্বোদ্বারে দৃঢ়প্রতিজ্ঞ হইবে ইহাতে বিশ্বয়ের বিষয় কিছুই নাই।

অমুক্লের পিতৃবোর ইচ্ছা ছিল যে যখন
অমুকুলের পক্ষে জননী সরস্বতীর মন্দিরপ্রবেশের পথে এমন একটা ছুরতিক্রম
বাধাই উপস্থিত হইল তখন ছারে বসিয়া
সময় নষ্ট না ক্রিয়া অমুকুলের পক্ষে তাঁহার
সপত্মীর প্রাসাদ লাভের চেষ্টা করাই
মুব্যবস্থা। কিন্তু "প্রত্যক্ষফলপ্রদ"
ক্লোতিষ শাস্ত্রের আস্থাদ লাভ করিয়া
অমুক্ল পিতৃব্যের কথায় কর্ণপাত করিল
না।

অধ্যবসায়শীল অফুক্ল অল দিনের
মধ্যেই 'লগ্নমান' 'পতাকীচক্র', 'গ্রহবলাবল',
'সপ্তবর্গসাধন' 'গ্রহগণের শক্রমিত্র কথন
প্রভৃতি অবশ্র জ্ঞাতব্য বিষয় বন্ধু সাহায্যে
আয়ত্ত করিতে লাগিল। "ভাবস্ফুট"
"ভাবসন্ধি" প্রভৃতি স্ক্র গণনাও তাহার
অপ্রিচিত রহিল না। কিন্তু প্রাথমিক
শিক্ষা সম্পূর্ণ করিয়া ফল নির্ণয় করিতে গিয়া
অফুক্লের ক্রন্ত উন্নতি কিছু বাধা পাইল;
তাহার জীবনে প্রত্যক্ষ লন্ধ ফ্লের সঙ্গে
কোষ্ঠী নির্দ্ধিষ্ট ফ্লের কেমন যেন একটা
"নৈস্গিকি শক্রতার" ভাব দেখা যাইতে

লাগিল। যে মাসে সেধন লাভের "যোগ' দেখিল, সেই মাসেই রক্ষক তাহার মূল্যবান কোটটাকে ছি ড়িয়া লইয়া আসিল এবং যে মাসেই সে ''স্ত্রীলাভের" সম্ভাবনা দেখিয়া খণ্ডরালয় গমনের আশায় প্রলুক হইয়া রহিল সেই মাসেই তাহার শ্বন্তর মহাশয় তাহাকে নিমন্ত্রণ করিতে সম্পূর্ণ বিস্কৃত হইলেন। "যান বাহনের শুভযোগে"র ফুলেত বেচারাকে এক সপ্তাহ শ্যাতেই থাকিতে হইল। মানলাভের ক্ৰত চালিত রায় মহাশয়ের তাহার পায়ের অঙ্গুলির উপর দিয়াই চলিয়া গেল। এরপে অবস্থায় ঞােতিব শাস্ত্রের "প্রত্যক্ষ প্রতি ফলের" সংশয়স্ঞার অবশ্রস্তাবী। স্বতরাং অমুকৃল জ্যোতিষ শিক্ষা ব্যাপারে কেবলমাত্র বন্ধুর উপর নির্ভর করিতে পারিলনা। সে উপযুক্ত গুরুলাভের জ্বল ব্যাকুল হইয়া উঠিল। এমন সময়ে একদিন গায়াহে তাহার অন্ধকার জীবনে জ্যোতির্ময় ধ্রুবতারার মত এক তেজঃ পুঞ্জ সন্ন্যাসী যেন তাহারই প্রতি ক্লপা করিয়া কল্যাণপুরের ব্টরক্ষতলে দর্শন দিলেন। সন্ত্রাসীর কাছে দে গুনিল—তন্ত্র, ও জ্যোতিষ শাল্<u>ল</u> যাহা কিছু আছে তাহা তিৰ্বত এবং নেপালেই আছে; গুরু কুপাব্যতীত সে বিছা লাভ করিবার সম্ভাবনা নাই।

গুরু-রূপালাভ সময়সাপেক জানিয়া অমুকুল আপাততঃ নিজের জীবনের ফলাফলটা জানিয়া লইবার জন্ম উৎস্কুক হইয়া একদিন সন্ন্যাশীকে জোর করিয়া ধরিয়া বসিল। সন্ন্যাসী অমুরুদ্ধ হইয়া একান্তভাবে তাহার জন্মকুগুলী, কররেনা এবং ললাটফলক পরীক্ষা করিয়া দেখিলেন; ক্ষণমধ্যেই সন্ন্যাসীর প্রশান্ত মুখমগুল আনন্দে প্রদীপ্ত হইয়া উঠিল। সন্ন্যাসী হাসিয়া বলিলেন "অতিপ্রবল রাজ্যোগে তোমার জন্ম। ভারতর্বের্ষর একছত্র সম্রাট এইয়োগে জন্মগ্রহার্য করিয়াছেন। 'তোমার জীবনে অতুল সম্পদ এবং অসীম উন্নতি অপরিহার্য্য।"

ভূমিষ্ট হইয়া সয়াাসীকে প্রণাম করিয়া
অমুক্ল বলিল "ভাগ্যোদয়ের স্থ্রপাত কবে
হইতে ?" সয়াাসী ধীরে ধীরে বলিলেন
"চৌত্রিশ বর্ষ সাত মাস এক্শ দিনে ভোমার
ভাগ্যারস্ক। এই প্রবল উন্নতি আমরণ
স্থায়ী হইবে।"

সপ্তাহান্তে সন্যাসী গ্রাম ত্যাগ করিয়।
গেলেন। নবোগ্যমে অফুক্ল "শঙ্কুনির্মাণ"
"সর্ব্ধদেশীয় লগ্নমান আনয়ন" "রবিভুক্তি"
"সপ্তশলাকা বিচার" প্রভৃতি গভীর গবেষণায় চিত্ত সমর্পণ করিল।

অমুক্লের সোভাগ্যখ্যাতি দেখিতে দেখিতে প্রাম মধ্যে প্রচারিত হইয়া গেল। মুবতীগণ দলে দলে আসিয়া অন্তরাল হইতে অমুক্লকে দেখিয়া চক্ষু পরিত্প্ত করিয়া গেলেন। বালিকারা আসিয়া তাহাকে মালা পরাইয়া গেল। প্রবীণারা মুক্ত কপ্তে তাহার রূপগুণের প্রশংসা করিতে লাগিলেন। মুবকেরা তাহাকে বন্ধভাবে পাইবার জন্ম প্রবল আগ্রহ প্রকাশ করিতে

লাগিল। ভট্টাচার্য্য মহাশয় তাহাকে জানাইয়া গেলেন যে তাহার জন্ম নিতান্ত নিজাম ভাবে তিনি আজ এক বংগর কাল নারায়ণকে তুলসী দিয়া আসিতেছেন এবং কবিরাজ মহাশয় উচ্চকণ্ঠে বলিয়া গেলেন যে তিনি যে এহদিন ধরিয়া বহু পরিশ্রমে ১০০১ টাকা ভরির "ষড়গুণবলি জারিহ মকরপ্রজ" কাহার জন্ম প্রস্তুত্ত করিয়া আসিতেছেন তাহা এইবার গ্রামের অদ্রদর্শী লোকেরা অচিরেই জানিতে পারিবে।

এইরপে চারিদিক হইতেই যথন অমু-কুলের আসন দোভাগ্য স্থচিত হইতেছিল, সেই সেই সময়ে অমুক্ল তাহার খণ্ডর মহাশয়ের নিকট হইতে এক পত্র পাইয়া ধৈর্য্য হারাইল।

অনুকুলের খণ্ডর মাখন লাল চক্রবর্ত্তি পুলিগ বিভাগে দারগার কাজ করিতেন। স্থতরাং মহুষ্য চরিত্র সম্বন্ধে তাঁহার একটা স্বভাবগত অনাস্থা জন্মিয়াছিল। জামাতার ভাবী সৌভাগ্যে প্রথম শ্রেণীর প্রধান দারগা সহসা আস্থা স্থাপন করিতে পারেন নাই। সেই জন্ম তিনি তাঁহার অধীনস্থ একটি জমাদারের পদ শৃত্য হওয়ায় জামাতাকে লিখিয়াছিলেন যে তাঁহার বিবেচনার আপা-ততঃ অনুকূলের সেই পদটি গ্রহণ করা কর্ত্ব্য। পুলিস বিভাগে তাঁহার যেরূপ প্রতিপত্তি আছে তাহাতে অমুকূল একবার এ কার্য্যে প্রবৈশ করিলে অল্পদিনের মধ্যেই তিনি তাহাকে দারোগার পদে উন্নীত করিয়া দিতে পারিবেন। ভবিষ্যতের উপর নির্ভর করিয়া এ বয়সে অলস ভাবে বদিয়া থাকা উচিত

নয়। রাজত হাতে আসিলে চাকরি ছাড়িয়া দেওয়া কঠিন ব্যাপার নহে, কিন্তু একবার বয়স উত্তীর্ণ হইয়া গেলে চাকরি পাওয়া সম্পূর্ণ অসম্ভব।

ভবিষ্যতে অতুল সমৃদ্ধির অধীশ্বর কোন্
ব্যক্তি এরপ পত্র পাইয়া ধৈর্য্য রক্ষা করিতে
পারে ? অমুকুল—অতুল সম্পদের অধিকারী,
অসীম উন্নতির সাধক—অমুকুল ১০ টাকা
বেতনের জমালারের পদ গ্রহণ করিবে?
এরপে তাহার মানহানি করিবার অধিকার
কাহারো আছে ? অমুক্ল পত্র হাতে করিয়া
গজিতে গজিতে স্ত্রীর নিকট উপস্থিত হইয়া
বলিল—"দেখ দেখি একবার তোমার বাবার
আক্রেল! আমাকে কি না জমালারের কাজ
করতে লিখছেন। আমাকে এ রকম করে
অপমান করার কি প্রয়োজন ছিল ?"

পত্নী তিলোত্তমা ইতিমধ্যেই লক্ষীর অগ্রদৃত রূপে স্বামীকে উপযু গুপরি ছই কল্লা
উপহার দিয়া আপনার মাতৃত্বের অধিকার
পাকা করিয়া লইয়াছিলেন এবং উত্তরাধিকার স্থতে বোধ হয় পিতার অবিশ্বাসও
তাঁহার চিত্তে কিয়ংপরিমাণে সংক্রামিত
হইয়াছিল; স্থতরাং পত্নী স্বামির তর্জ্জনে
ভীত না হইয়া বধুঙ্গনোচিত সংক্ষাত ত্যাগ
করিয়া হাসিয়া বলিলেন "রাজ্য লাভের ত
এখনো ৭ বৎসর দেরি; ত ৩ দিন "তরুতলে"
রাজ্ত্ব না করে কোন একটা কাজ কর্ম
করলে এমনিই বা কি ক্ষতি ?"

অন্ধুক্ল আর সহ্থ করিতে পারিল না।
সেইদিনই সে খুড়িমাকে বলিয়া পত্নী ও
কন্তান্ত্রকে তাহার শুগুরালয়ে পাঠাইয়া
দিশ।

কন্সার মুখে সকল কথা শুনিয়া মনুষ্য চরিত্রজ্ঞ মাথন বাবু বলিলেন ''তা হলে বাবাজির অদৃষ্টে অনেক হঃখ আছে দেখচি।''

ক্ষে হৃংথে আশায় নিরাশায় পাঁচবৎসর
কাটিয়া গেল। গ্রামের বারোয়ারি পুজার
অবসানে অনুকৃলের কতকগুলি নির্দ্ধা
বন্ধু তাহাকে বলিল—"ভাই তোমার শুভদিন ত নিকট হয়ে এলো। এই সময়টা
দিনকতক আমোদ করলে হয় না?"

বন্ধবংশল অন্ধকৃল কহিল "বেশত, বল কি করতে চাও।" বন্ধুরা বলিল—"যাত্রার দল করলে হয় না? যাত্রার দলে যেমন পয়সা তেমনি আমাদ। মতিরায় ত যাত্রার দল করে, রীতিমত জমিদারি করে গেল! দিব্যি এদেশ ওদেশ ঘুরে বেড়ান যাবে। থাওয়া দাওয়ারও জ্ত আছে। কি বল ভাই? রাজার পার্ট তোমার বাঁধা রহিল।" কথাটা তাহারও নিতান্ত মন্দ লাগিলনা। যতদিন আসল যাত্রা না হওয়া যায় ততদিন রাজার পার্ট করিয়া চালচলনটা পাকা করিয়া লইলে ক্ষতি কি? মাস্থানেকের মধ্যে সেউদ্যোণী বন্ধ্বর্গের সাহায্যে পৈতৃক জমি জ্মা বাঁধা দিয়া এবং মহাজনের কাছে হাগুনোট কাটিয়া হাজার টাকা সংগ্রহ করিল।

উদ্যোগ পর্বাটা পরম উল্লাসেই কাটিয়া গেল। 'ছোকরা' সংগ্রহ, গায়ক বাদক পরীক্ষা, পোষাক ধরিদ প্রভৃতি ব্যাপারে দিনগুলা নদীর ধরস্রোতের মত ক্রতবেগে বহিয়া চলিল।

কিন্তু অবশেষে যমন সমস্ত আরোজন সম্পূর্ণ হইল তখন দেখা গেল যে সংগৃহীত মুলধন প্রায় নিঃশেষিত হ'ইয়াছে, শুনিয়া বিস্মিত অমুকৃল বলিল—সে কি ? তাহলে **मन** ठनिट्र कि करत ? উদ্যোগী মন্মথ বলিল আর সে জন্য ভাবনা নেই। সুমুখেই আখিন মাস। হুটো একটা বায়না জুটে গেলেই সব ঠিক হয়ে যাবে।" অমুকৃল বলিল "সে কি মন্মথ ? এখনো গান বাজনা কিছুই ঠিক হয়নি। এ অবস্থায় বায়না পেলেই বা নেবো কি করে ?" চতুর মন্মথ হাস্থ করিয়া বলিগ—দে জন্ম তোমার কোন ভাবনা নেই। সে ভার আমার উপর রইল, তুমি কেবল হরিশ্চন্তের পাঠটা ঠিক করে নাও।"

বন্ধুর উৎসাহে আনন্দিত অমুকূল সকল কর্ম ছাড়িয়া নির্জ্জন প্রান্তরে অপরাহের সুর্ব্যের দিকে চাহিয়া চাহিয়া 'হা বিবশ্বান হায় স্থ্যবংশের কুলপতি—আজ এখনি উদিত হ'লে! নিজের অকৃতী সন্তানের সর্বনাশ দর্শন করতে তোমার এত আগ্রহ কেন দেব ?"—বলিয়া প্রাণপণে আপনার **"পার্ট" মুখন্থ করিতে লাগিল**।

মন্মধনাথের আন্তরিক চেষ্টা ও উৎসাহে —অমুকৃলের "দলের" এক বায়না জুটিল। গন্তব্যস্থান পদাপারের এক अभिनात গৃহ। পরম উৎসাহে নৃতন হ্যাগুনোট কাটিয়া পাথেয় সংগ্রহ করিয়া অত্মকুলের যাত্রার দল বিশ্বিত গ্রামবাসীর নিমিষ্থীন নেত্রের উপর দিয়া কল্যাণপুরের ঘাটে নৌকারোহণ করিল। বেচারা অমুকৃল সমস্ত পথ 'পার্ট' মুখস্থ করিতে করিতে চলিল এবং অবসর মত "হরিশ্চন্তের" দাড়াইবার, রোদন

করিবার ভাবভঙ্গী কিরূপ হইলে ঠিক স্বাভাবিক হয় মনে মনে জাহাই ভাবিয়া नरेट मागिन।

তিন দিনের পর অবসন্নদেহে প্রজ্ঞলিত জঠরে মুমুর্য মানবসন্তানগুলি "মৌন, মৃক ধীরা মাতৃভূমির" তটলাভ করিয়া আশ্বস্ত হইল। গ্রামের লোকে পরম সমাদরে তাহাদের অভ্যর্থনা করিয়া লইয়া গিয়া জমিদারের সুরুহং গোশালায় তাহাদের জন্ত ञ्चान निर्फिष्ठे कतिया मिल।

নিশীথরাত্রে মোটা চাউলের অন্ন, জলবং তরল দাইল এবং মশক সম্ভুল, গোমুত্র স্থরভিত শোশালার তৃণ শয্যায় শয্যাগ্রহণ করিয়া অকুকূলের সোভাগ্য গর্ব অনেকটা লঘু হইয়া আপিল।

তাহার পর রাত্রি তুইটা বাজিতে না বাজিতেই যথন গ্রামের অবশিষ্ট দলপতিগণ, নাসিকা গর্জন সহকারে নিদা দিবার জ্ঞ্ তাহাদের ডাকিয়া আনা হয় নাই বলিয়া ছলু-স্থুল বাধাইয়া দিল এবং অত্নুক্ল তাহাদের অভদ্রতায় প্রতিবাদ করিবা মাত্র যাত্রার দলের লোকদের পৃষ্ঠের দৃত্তা পরীক্ষার জন্ম তীব্র আকাঙ্খা প্রকাশ করিল,তথন হতভাগ্য অফুকূলের পক্ষে শুভাদৃষ্টের প্রতি বিশ্বাস রক্ষা করা স্থকঠিন হইয়া উঠিল। চক্ষু মর্দন করিতে করিতে এবং অদুষ্টকে ধিকার দিতে দিতে সে শ্যা ত্যাগ করিল।

রাত্রি তিনটা হইতে যাত্রা আরম্ভ रहेन।

একেই পার্ট, ভাল করিয়া তৈয়ারি হয় নাই, তাংগর উপর পথশ্রমে এবং অনিদ্রায় সমস্তই আরও গোলমাল হইয়া গিয়াছিল; স্থতরাং যাত্রা করিতে গিয়া অভিনেতারা স্থাপনাপন ভূমিকা ভূলিয়া গেল, বালকদের ঐক্যতান সঙ্গীত তাল ও রাগিনীর মর্যাদা রক্ষা করিল না, ঢোল "চপতপ" করিতে লাগিল এবং "ছড়ি" লাগাইবা মাত্র বেহালা করুণ আর্ত্তনাদ করিয়া উঠিল।

যাত্রা ভাঙ্গিবামাত্র গৃহস্বামী "অধিকারী"কে ডাঙ্কিয়া পাঠাইলেন। কম্পিত বক্ষে অমুকূল গৃহস্বামীর সম্মুখে উপস্থিত হইল। বাবু জিজ্ঞাসা করিলেন "আপনিই এ দলের অধিকারী ?" অমুকূল নীরবে ঘাড় নাড়িয়া সম্মতি জানাইল। বাবু বলিলেন "আজ ৩০ বৎসর আমাদের বাটাতে যাত্রা হইতেছে কিন্তু এমন স্থন্দর যাত্রা কখন শুনি নাই। আমার ইচ্ছা আপনাকে এজন্ত উপযুক্তরপে পুরস্কৃত করি।

অধিকারীর পুরস্কারের ব্যবস্থা দেখিঃ।
দলের লোক "যঃ পলায়তি স জীবতি"
ভাবিয়া যে যেখানে পাইল সরিয়া
পড়িল।

ভূতীয়-দিন নিশীথরাত্রে বিদীর্ঘ্যমান হৃদয়ে অবসন্ন সর্বাস্ত অমুকৃল চোরের মত আপনার গৃহে ফিরিয়া আসিল। রাজা হরিশ্চন্তের রাজ্যসূথ তাহার ভাগ্যে ঘটিবার পূর্বেই ভাগবিপর্যায়ের অঙ্কটা অভি-নীত হইয়া গেল। এখন অমুকুলের আশা— হরিশচন্ত্রের প্রথম অক্টের নিরব চ্ছিন্ন সোভাগ্যস্থ বৃঝিবা তাহার জন্ম অপেকা করিতেছে।

সেই অমুক্ল অবস্থার জন্ঠ অমুক্ল আশাপথ চাহিয়া রহিল। কিন্তু —

'আশাপথ চেয়ে চেয়ে দিন ত কুরায়ে গেল!'
ভাগ্যোদয়ের শুভদিন অতীত
হইয়া গিয়াছিল। ব্যাপার কি বুঝিবার
জন্ম অমুকূল আর একবার ভাল করিয়া
জন্মনক্ষত্রের "ভোগ্যদণ্ডের পরিমাণ" এবং
গ্রহগণের চক্র ও মন্দগতি পরীক্ষা করিয়া
দেখিল, কিন্তু কোথাও কোন ক্রটি বুঝিতে
পারিল না।

মহাজনেরা ইতি পূর্বেই তাহার বিরুদ্ধে একতরফা ডিগ্রি কবিয়া লইয়াছিল।

ু শশুর জনার্দন চক্রবর্ত্তী লিখিয়াছিলেন—
"শরণ করিও যে তোমার দ্রী কন্তাকে গ্রহণ
করা না করা একমাত্র তোমর ইচ্ছা বা
অনিচ্ছার অধীন নহে। তোমার পরিবারবর্গের ভরণ পোষণ করিতে তুফি আইনতঃ
বাধ্য। অত এব যদি তুমি সম্বরে তোমার
হীন চরিত্র বন্ধু বান্ধবের কুসংসর্গ পরিত্যাগ করিয়া দ্রী কন্তাসম্বন্ধে স্ক্রব্যবস্থা না
কর, তাহা হইলে আমি অধিক দিন
তোমাকে জামাতা বলিয়া ক্ষমা করিতে
পারিব না।"

পিতৃব্য জানাইয়াছিলেন যে তিনি প্রাচীন হইয়াছেন, চিম্নকাল সংসারে জড়িত থাকিয়া পরকালের পথে কণ্টক রোপন করা তাঁহার অভিপ্রেত নহে। তাঁহার ইচ্ছা আগামী বৈশাখের প্রথমেই তিনি রন্দাবন বাস করেন।

চারিদিক ২ইতে এইরপে বিপন্ন হইয়া সন্ধ্যার অন্ধকারে অমুক্ল চিন্তামগ্রচিত্তে নদীতীরে ভ্রমণ করিতেছিল। তবে কি অনুক্লের অদৃষ্ট বলিয়াই জ্যোতিষও প্রতিক্ল? ফলিত জ্যোতিষও ফলেনা?

সহসা কোণিফালোকিত রক্ষতলে পূর্ব্বদৃষ্ট সন্যাসী-মূর্ত্তি দেখিয়া সে বিস্ময়ে শিহরিয়। উঠিল।

সন্যাসী ধীরে ধীরে অগ্রসর হইয়া বলিলেন "তোমারি নাম অন্তক্ল না ? আমাকে তোমার কোন্ঠি দেখাইয়াছিলে ?" অন্তক্ল সন্ন্যাসীকৈ প্রণাম করিয়া বলিল "আজ্ঞা হাঁ।"

সন্নাসী বলিলেন "এইখানে বস। আমি তোমার জন্ম আবার এখানে আর্সি-য়াছি। আমি তোমার 'রাজযোগে'র, কথা বলিয়াছিলাম না ? আযার গণনায় কিছু ভ্রম হট্যাছিল। বহুদিন ধরিয়া জোতিষ-চর্চা করি নাই। গতবংসর হিমালয়ে বসিয়া ঝুলির মধে৷ কি খুঁজিতে থুঁজিতে তোমার লগকুগুলীটী বাহির হইয়া পড়িল। আর একবার ভাল করিয়া গণনা করিয়া দেখিলাম 'ভাবস্ফুট' সম্বন্ধে হইয়াছে।" সামান্ত একটু ভ্রম নিখাসে কম্পিত বক্ষে অমুকৃল বলিল "কি ত্রম, ঠাকুর ?" সন্ন্যাসী বলিলেন "আর কিছু নয়। তোমার তুলী বৃহস্পতি 'ভাগ্যা-सिन" ना इडेशा "अष्टेमासिन" इडेशाएक। ইহার ফলে তোমার "রাজযোগ'' ভঙ্গ হইয়াছে। কিন্তু রাজযোগ ভগ্ন হইলেও তোমায় কোষ্টিতে অতি প্রবল 'তীর্থমৃত্যু' যোগ ঘটিয়াছে। কোন প্রসিদ্ধ তীর্থে তোমার মৃত্যু অবশ্রস্তাবী। এই পথ দিয়া

ত্রিবেণী ষাইতেছিলান, মনে করিলাম তোমার সংবাদটা দিয়া যাওয়া ভাল।"

শুনিবামাত্র সমস্ত বিশ্বক্রাণ্ড অমুক্লের চক্ষে বিত্যুৎবেগে ঘুরিয়া উঠিল। অমুক্ল ব্যথিত মন্তিস্ক দ্বির করিবার জন্ত মাধার হাত দিয়া বহুক্ষণ শুক্ত হইয়া বিশিয়া রহিল। তব্ও জ্যোতিষশাক্র যে মিধ্যা নয় ইহা বৃশিয়া কতকটা সে সোয়ান্তি অমুভব করিল।

প্রহরাতীত রাত্তে অমুক্ল গৃহে পৌছিয়া শুনিল আদালতের পেয়াদা সন্ধ্যা হইতে তাহার অপেক্ষায় বিদিয়া আছে। তাহাকে দেখিয়াই পেয়াদা তাহার হাতে এক 'নোটিস্' দিল। 'নোটিসে' কেন তাহাকে গ্রেপ্তার করা হইবে না তাহারই কারণ দেখাইবার জন্ত নির্দ্ধিই তারিধের উল্লেখ ছিল।

সমন্তব্যাত্তি অনিদ্রায় কাটাইয়া সকল দিক ভাবিয়া দৈববিড়ম্বিত অন্তক্র সন্ন্যাণী বেশে কানী যাত্রাই এ অবস্থায় একান্ত কর্ত্তব্য বলিয়া স্থির করিল।

পরদিন হইতে আর অমুক্লকে
কল্যাণপুরে দেখা যায় নাই। তাহার অদৃষ্টে
"তীর্থমৃত্যু" ঘটিয়াছিল কি না সে সংবাদ
পাওয়া যায় নাই। তবে তাহার র্দ্ধা পিশি
আক্ষেপ করিতেন—যাত্রায় রাজা সেজেই
তার অমুক্লের রাজ্যোগ খণ্ডে গেল।
আর, যাঁরা তাঁর ছেলেকে সখের রাজা
সাজ্যাইয়াছিল, তারাই যত নস্টের মূল
ভাবিয়া র্দ্ধা কেবলি তাহাদিগকে
অভিসম্পাত করিতেন।

শ্রীযভীক্রমোহন গুপ্ত।

জ্ঞানদাস।

(পূর্ব-প্রকাশিতের পর)

আমরা জ্ঞানদাদের নৌকা-বিহার ও রাসগীশা-সম্বন্ধীয় পদগুলিতে গুঢ় অগুঢ়, এই তুই প্রকার ব্যঙ্গের অনেক প রচয় পাইতে পার। কেবল শব্দ-ব্যঙ্গ নয়, অর্থব্যঙ্গও সে গুলিতে অনেক আছে। কর্ণারবর চড়িয়া তরণীপর আওল রাইক পাশ। চড় সভে পারে উতারব এ ধনি কছু নাহি ভাব তরাস॥ মানস গঙ্গার জল বন করে কল কল ত্বুল ব হয়া যায় ঢেউ। গগনে উঠিল মেঘ প্রনে বা জ্ল বেগ তরণী রাখিতে নারে কেউ॥ দেখ স্থি নগান কাণ্ডারী ভামরায় ক্খন না জানে কাল, বাহিবার সন্ধান का निया हि जू (करन नाय॥ নায়্যার নাহিক ভয়, হাসিয়। কথাটী কয় কুটিশ নয়নে চাহে মোরে। ভয়েতে কাঁপিছে দে এ জালা সহিবে কে কাণ্ডারী ধরিয়া করে কোরে॥ অ কাজে দিবদ গেল নৌক। নাহি পার হৈল পরাণ হৈল পরমাদ। জ্ঞানদাস কহে সখি স্থির হৈয়া থাক দেখি এখনি না ভাবিহ বিষাদ॥ "নৌকা বিহারের ও রাস-লী গর" মধো যে পূঢ় অৰ্থ আছে তাহা সকলেই বুঝিতে পারেন। এখানে তাহার বার্ধারে প্রয়োজন नार्हे. त्कवन त्नोक।-विशादविषयक चात একটী পদ এই খানে উদ্ধৃত করিব। এই

পদে ওধু শব্দের ও অর্থের বাঞ্জনাশক্তিই প্রকাশিত হয় নাই, ছন্দের আত্মপ্রকাশিকা শক্তিও বিশেষরূপে উদান্তত হইয়াছে। একি দায় দেখ দেখ ওগো বড়ি মা। জীরণ শীরণ আয়ুস ভিন অতি পুরাতন না॥ অথির নীর গভীর ধীর অগাধ নাহিক যা। विधिव घटन আসিয়া প্ৰন উপজিল বহু বা॥ পাইয়া আশ্রয় निया अय अय যমুনা কাড়িছে রা। হিলোল কলোল কল কল কল দেখিয়া হালিছে গা॥ হেলিছে হুলিছে তুলিয়া ফেলিছে চল কল স্থাত সা। জানদাদের কেবল ভরুসা ও রাঙ্গা হ্থানি পা॥ এ সকল জ্রীরাধার উক্তি; পবন চঞ্চল, कान यम्नात करन शिताशात कीर्न ठती বেলিতেছে ত্লিতেছে, যমুনা গভীর—অস্থির অগাধ জল অবসর পাইয়া কল্লোল তুলিয়া হিল্লোল স্থান করিয়া খর স্রোতে বহিয়া যাইতেছে; একটা বিপদ-সম্কুল অথচ স্থুন্দর দৃশ্র আমাদের নয়নের কাছে হইতেছে। দৃশ্রটী করুণ, কিন্তু ইহা সৌন্দর্য্য-রসম্বারা অদ্রাক্ষত। তাহার উপর ভক্তির একটা স্থন্দর আবরণে কবি ইহার আমি ভয়ানকত্ব ঢাকিয়া ফেলিয়াছেন।

করিয়া গোপন

বলিয়!ছি যে এ সকল চিত্রে একটা গুঢ় ভাব নিহিত আছে—শ্রীক্লঞের উত্তরে সেই ভাবটা পরিফুট হয়; কবি তাহার মধ্যেও শক-বাঙ্গ ও অর্থব্যঙ্গের অবতারণা করিয়া রহস্ত-জালে আরত করিয়া তাহাকে আরও মনোরম করিয়াছেন। করে তুলি কেলি করি ডুবিল ডুবিল তরী ফের হাল থসি পইল জলে। প্ৰনে পাতিল ঝড় তরঞ্চ হইল বড় বুঝি আৰু কি আছে কপালে॥ একুল ওকূল ছুকুল নিরাকুল তরঙ্গে তরণী স্থির নয়। আমি কি করিব বল উথলে যমুনা জল কাণ্ডার করেতে নহি রয়॥ এত দিন নাহি জানি লোক মুখে নাহি শুনি যুবতীর যৌবন এত ভারি। নিজ অঙ্গ বাণ ছাড় যৌন পাতল কর---তবে জে বাহিয়া যাইতে পারি॥

তাবে জে ব্যাহয়া বাহতে গারে।
নৌকা-বিহারের শেষ পাদ এতংসম্বনীয়
পদাবলীর তাৎপর্য্যার্থ কবি নিজে পরিষ্কার
করিয়া দিয়াছেন ঃ—

ওহে নাবিক কে জানে তোমার মহিমা।
নাম নৌকায় নিরবধি পার কর ভবনদী
তব আগে কি ছার যম্না।
চরণ তরণী যার যে করে তোমারে সার

কিবা তার পারের ভাবনা॥
অতএব শ্রীক্লফের ভক্তির মর্ম্ম গ্রহণ করা
সহজ হইয়া পড়ে। বাসনার বোঝা না
নামাইতে পারিলে জলস্রোতে যে তরণী
ভূবিবে তাহাতে আশ্চর্য্য কি ? তাই শ্রীক্ষ
রাধিকাকে "যৌবন পাতল" করিতে
বলিয়াছেন। যৌবনেই বিষয়্থ-বাসনা, ভোগ-

বাসনা প্রবল হইয়া দাঁড়ায়; তাই বিষয়বাসনা বোঝাইবার জন্ম "যৌবন" শব্দের
ব্যবহার করা হইয়াছে। শব্দের লক্ষণাশ্রিত
ব্যঞ্জনা-শক্তির পরিচয় এই স্থানে ভালরপে
আমরা পাইতেছি। দানলীলায় উপস্থিত
হইয়া আমরা ইহার আরও প্রকৃষ্ট পরিচয়
পাইব। একটা মাত্র উদাহরণ দিলেই
চলিবে।

অমৃশ্য রতন

রেপেছ হিয়ার মাঝে। নিজ ভাল চাহ খদাই দেখাহ ইথে কি আবার লাবে। ঐ চারিট্রী ছত্তের মধ্যে অনেক স্থন্দর ভাব লুকাইত আছে, 'খদাইয়া' দেখিতে পারিলে তাহা শেখিতে পাওয়া যাইবে। সাদাসিকে অর্থটাই দেখা যাউক। অবশ্য সে অর্থ আজকালকার রুচির সম্পূর্ণ অমু-মোদিত হইবে না, না হইলেও কবির বাক্য-রচনা-শক্তির পরিচায়ক বলিয়া আমরা তাহা বিবৃত করিতে কুন্তিত হইলাম না। কেবল বাক্যার্থ ধরিলে এই বুঝিতে হইবে যে দাসী সন্দেহ করিতেছে যে যাত্রীর হৃদয় মধ্যে কোনও ধন গুপ্ত আছে, তাই সে তাহা খুলিয়া দেখিতে চাহে। আজকালকার Octroi officerরা যেমন যাত্রীর সমস্ত বাস্ক পেটরা খুলিয়া দেখিয়া লয়, ইহাও এক রক্ম সেইরূপ দেখিবার দাবী। কিন্তু আমরা বেশ বুঝিতে পারি যে কবির অভিপ্রেত অর্থ অন্ত রকম; তিনি শব্দের ব্যঞ্জনা-শক্তিদারা বুঝাইতে চাহেন যে ক্ষ রাধিকার বদনাবৃত স্তন্যুগল দেখিতে চাহিতেছেন। এই তাগেল সহজ ব্যঞ্জনা;

ষদি কবি জ্ঞানদাস বৈষ্ণবক্ষবি না হইয়া সাধারণ কবি হইতেন, তাহা হইলে ইহার অধিক আমরা আর কিছু দেখিতে বা বৃঝিতে চাহিতাম না। কিন্তু আমরা জানি যে জ্ঞানদাসের গীতি ইতর ইন্দ্রিয়পরায়ণের গীতি নহে, তুদ্ধু কামগাঁথা নহে। যদি তাহা তাবিতাম তাহা হইলে জ্ঞানদাসের পদাবলী লইয়া এতটা বকাবকি করিতাম কি না সন্দেহ। অতএব এই চরণ কয়টীর যথার্থ ব্যাখ্যা করিবার চেষ্টা করিব। আমরা এখন যে অর্থ করিব তাহাও শব্দ প্রয়োগচাতুর্য্যাব্যার অবতারণা অপ্রাসন্ধিক হইণে না।

थागानिगरक এই इरल देवस्ववकवित्र বথার্থ স্বরূপের প্রতি ক্ষণিক দৃষ্টিপাত করিতে হইবে, নচেং এ চরণের অর্থ পরিক্ষুট হইবে না। বৈষ্ণবকবির কাছে শ্রীকৃষ্ণ ও শ্রীরাধা প্রণয়ীপ্রণিয়িণী মাত্র নহেন, তাঁহাদের কাছে 'ক্লস্ত ভগবান্ স্বয়ং' এবং রাধা ভক্তিময়ী— ভগবানের হলাদিনী শক্তি; শ্রীকৃষ্ণ পরমায়া —- এরাধা জীবাত্ম।। এইটুকু মনে রাখিয়া উদ্ত কবিতাংশের ব্যাখ্যায় প্রবত হইলেই ^উহার তাৎপর্য্য **অ**গর ঢাকা থাকিবে না। "দানলীলা" বর্ণনা করিয়াছেন, অর্থাৎ প্রমাত্মা জীবাত্মার কাছে তাঁহার প্রাপ্য দান বুঝিয়া লইতেছেন, ভগবান্ ভক্তের কাছে আত্মসমর্পণরূপ দান গ্রহণ করিতেঁ আসিয়াছেন। তিনি দেখিয়া লইতে ^{চাহেন} যে ভক্ত তাঁহাকে কতদূর পর্যান্ত বিশ্বাস করিতে পারে, কত ধানি আত্ম-^{সমর্পণ} করিতে পারে। ভগবান্ বুঝিতেছেন যে এই জীবাত্মা এই ভক্ত তাঁহারই অবেষণে

ঘরের বাহির হইয়াছে. ইহার ৯দয়ে ভগবংপ্রাপ্তির, ভগবানে আত্মসমর্পণের আত্যান্তক
আগ্রহ বিরাজমান রহিয়াছে; ভত্তিরূপ
মৃক্তা ভাহার হৃদয়ে ঝলকিতেছে, তাই তিনি
বলিতেছেন—

অমূল্য রতন করিয়া গোপন রেখেছ হিয়ার মাঝে।

যথন ভক্ত প্রথম ভক্তির পথে অগ্রাসর হয়, তখন তাহার অনেক বাধাবিপত্তি উপস্থিত হয়; তখদ তাহার মন একদিকে সংসারের টান আর দিকে ভগবানের টান. এই ছই বিপরীতমুখী রতির মধ্যে পড়িয়। সংশ্যে দোলায়মান হয়। সংসার বলে আমাকে ঠেলিয়া কোথায় যাও, আমিই তোমার সব, আবার ভক্তি বলে তুমি এ কি করিতেছ, তুচ্ছ সংসারমোহে পড়িয়া আসল জিনিষ অবহেলা করিতেছে। এইরূপ দিধা-ভাবাপন্ন হইয়া জীবাত্মার হৃদয় সংশ্যাকুল হয়। সে সংসারও ছাড়িতে পারে না, অথচ ভগবান্কে ছাড়িবার প্রবৃত্তি তাহার হয় না। যতক্ষণ এইরূপ অবস্থায় থাকে ততক্ষণ তাহার অনেক লুকোচুরি থাকে,অনেক বিমিশ্র ভাব থাকে, লজ্জা ঘূণা ভয় তাহাকে চঞ্চল করিয়া তোলে! এমন অবস্থায় সংসারাসক্তি আসিয়া তাহাকে চাপিয়া ধরে, 'নঁহু কুলটা হম বর কুলকামিনী নিকটে ইত্যাদি।" মনে হয় যে ভক্তির প্রকোচনা সকল বুঝি খাঁটি নয়, এমন সংসারকে কি চেনা যায় ? ভগবানের বাক্য তখন "ইহ সব কুবচন" বলিয়া উড়াইয়া দিবার ইচ্ছাও না জাগে তাহা নহে। নব অহুরাগ জাগিয়াছে, আমার ভাষা প্রকাশ করিবার ইচ্ছা

হইতেছে না, সংসারাম্বাগরপ বসনে তাহা যেন ঢাকা পড়িয়া গিয়াছে তাই হৃদয়ের যে অমূল্য রছ ভক্তি তাহা হৃদয়ে গুপ্ত ভাবে রহিয়াছে, ভক্ত অমূল্য রতন গোপন করিয়া হিয়ার মাঝে রাধিয়াছে।

কিন্তু দাসী আজে ঝার তাহা গোপন করিয়া রাখিতে দিবেন না।

যং করোষি যদগ্রাসি

যজ্জুহোষি দদাসি যৎ। ষত্তপশুসি কেউন্তেয়

তৎ কুরুষ মদর্পণম। যদি আমাকে পাইতে চাও, তবে আমায় সব অর্পণ কর, ইহাই তাঁহার চিরদিনের প্রতিজ্ঞা। কথায় বলে 'লক্ষা ঘূণা ভয়, তিন থাক্তে নয়।' শ্রীরাধার হৃদয়ে এখনও এই তিনই বিরাজিত রহিয়াছে। তিনি কৃষ্ণ প্রেম চাহেন, কিন্তু সেই প্রেমে এখনও আত্মহারা হইতে পারেন নাই, এখনও প্রতি তাঁহার বিলক্ষণ দৃষ্টি রহিয়াছে ;—ভগবানের গতি তীব্র আকর্ষণ আবার সংগারের প্রতিও অনেক প্রকার আসক্তি বিদ্যমান রহিয়াছে। ভগবদাসক্ত को राक (नारक भागन वान, माःमातिक লোকে "কুল" বলিয়া গ্রহণ করিয়া সেই কুলরকার জন্ম বাস্ত হয়। জীবাত্মার এই মোহ ভাঙ্গে কিলে? ভগবান নিজে বলিয়াছেনঃ—

দৈবী গোষা গুণময়ী মম মায়া ত্রতায়।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে॥
ভক্তবৎসল ভগবান্ ভক্তের মায়াবরণ
ঘুচাইয়া তাহাকে আপনার করিয়া লইতে
প্রস্তা। তবে তাঁহার সেই কুপালাভের

জন্ম ভক্তকেও সম্পূর্ণরূপে আত্মনিবেদন করিতে ১ইবে, কিছু ঢাকিলে চলিবে না, পূর্ণমাত্রায় আত্মপ্রকাশ করিতে হইবে।ভক্ত যদি নিজের ভাল চায়, তবে তাহার হৃদয় কোনও প্রকার আবরণে ঢাকিয়া রাখিলে চলিবে না; যদি সে, হৃদয়ের সমস্ত ভাব, সমস্ত বৃত্তি ভগবচ্চরণে ঢালিয়া দিয়া লজ্জা ভয় ত্যাগ করিয়া ভগবানের শরণাপন্ন হইতে পারে, যদি সেই মহাদানীকে সমস্ত দান করিতে পারে ডবেই তাহায় শ্রেয়ঃ; তাই জীক্ষ ভক্তিরপিণী নিজের রসামাদগ্রাহিণী শক্তির প্রতিমৃতি আনন্দময়ী শ্রীরাধাকে সেই লজা ভয় ত্যাগ করিতে বলিতেছেন, সংসারা**সু**রাগরূপ বদন খসাইয়া তাঁহার হৃদয়ে কি কি মহাভাব আছে তাগাই দেখাইতে বলিয়াছেন-

নিক্ষ ভাল চাহ খসাইয়া দেখাহ
কিন্তু এই যে খসাইয়া দেখান, এ কি
সহজ গা? মানুষ সব করিতে পারে, কিন্তু
সংসারের নিন্দান্ততিকে অবহেলা করিতে
পারে না। তাই মানুষ সর্বাদা আত্মগোপনে তৎপর, যতক্ষণ না ভগবৎকুপায়
ভগবানে সম্পুর্ণরূপ আত্ম নিবেদিত হয়
ততক্ষণ সে কিছুতেই সাংসারিক লজ্জা
ছাড়িতে পারে না। কিন্তু এ লজ্জা না
ছাড়িলেও তো ভগবৎপ্রাপ্তির উপায় নাই;
তাই শ্রীকৃষ্ণের চরম উপদেশ, চরম
প্রারাচনা—

ইথে কি আবার লাজে ?

হয় তো ইহাতেও ফল ফলিতে না পারে;
তাই 'হই বাহু পদারি' ভগবান্ ভাঁহার পথ
আগলাইলেন। যদি এ পথে আদিয়াছ

তবে আমাকে ছাড়াইয়। আর যাইও না,—

ঘাইতে পারিবৈ না, আমার দান আমাকে

দিয়া যাও। কয়ী ছত্রে কবি জ্ঞানদাদ

একটা মহান্ ভাব প্রকাশ করিয়াছেন;

কিন্তু দেই ভাবরূপ অম্লা রত্ন তাঁহার

নাক্যের হৃদয়ের মাঝে গোপন ভাবে বিরাজ

করিতেছে, তাহাকে আমাদের খনাইয়া

দেখিতে হইবে—'ইথে কি আবার লাজে'।

হয় তো অনেকে ইহাকে ভাধ্যাথ্যিক ব্যাখ্যা

মনে করিয়া গায়ে জরের প্রকোপ অমুভব

করিবেন, কেহ বা এই চরণের ভিতর হইতে

এ ব্যাখ্যা আদিতে পারে তাহা ভাবিতেও

পারিবেন না. কেহ চরণটীকে অল্পীল

ভাবিয়া মুখ দিবাইবেন। যে যে ভাবেই

ইহাকে গ্রহণ করুন কেহই কিন্তু অস্বীকার করিতে পারিবেন না যে, এই চরণে কবি বাকোর ব্যঞ্জনা-শক্তির নিপুণ ব্যবহার করিয়াছেন।

আমরা জ্ঞানদাসের শব্দপ্রয়োগ পরিচয়
দিতে গিয়া বৈঞ্বপদাবলীর মূলস্ত্রে
আসিয়া পড়িয়াছি—সময়ে এই স্ত্রের
অক্সরণ করিব; আপাততঃ তাঁহার পদাবলীর সম্বন্ধে অপরাপর কথা বলিয়া কই।
এখনও আমরা জ্ঞানদাসের পদাবলীর ভাব
সম্বন্ধে কোনও কথা বলিবার অবসর পাই
নাই, অতঃপর তাঁহার ভানের পরিচয় গ্রহণ
করিতে প্রবৃত্ত হইব। (ক্রমশ)
শ্রীজিতেশ্দ্রলাল বম্ন।

ফোয়ারা *

(সমালোচনা)

বদবাদী কলেজের প্রদেদর শ্রীগুলিতকুমার বন্দ্যোপাধ্যায় এম, এ, প্রণীত। গ্রন্থকর্ত্তার এই পরিচয়, পুস্তকের কভারেই
পাওয়া যায়! পুস্তকের ভিতরে একস্থানে
কোকিল প্রদঙ্গে গ্রন্থকর্ত্তা নিজের অক্যরূপ
পরিচয় ইন্দিতে দিয়া সংসাহদের পরিচয়
দিয়াছেন। † গ্রন্থকারের বাকী পরিচয় গ্রন্থখানিই দিবে; আর দিবে তাঁহার পরবর্তী
রচনাদুম্হ! আমরা এখন পুস্তকখানির কিছু
পরিচয় দিব।

গ্রন্থকারের মতে তুইটি কারণে সচরাচর

গ্রন্থকারগণ পুস্তক প্রকাশ করেন,—একটি
সুকুমার মতি বালকবালিকাগণের শিক্ষামৌকর্যার্থে দিতীয়টি বন্ধবর্গের সনির্বন্ধ
অফুরোধে।" কথাটা সত্য বটে. এ যেন
কতকটা রন্ধ জননীর নিহান্ত পীড়াপীড়িতে,
তৃতীয় পক্ষে দার পরিগ্রুহ,—অথবা প্রথম ও
দিতীয় পক্ষের ছেলে মেয়েদের মামুষ করার
শোকাভাবে বাধ্য হইয়া বিবাহরূপ গলগ্রহ
করা!

নিবেদনে গ্রন্থকার বলেন এই হুইটির কোন কারণেই তিনি গ্রন্থ প্রকাশ করেন নাই। শুধু তাঁর মনের তৃপ্তির জ্বন্থা আরও একটা কারণ এথানে বলেন নাই, কিন্তু

শ্রীদেবেক্সনাথ ভট্টাচার্য্য কর্তৃক ৬৫ নং কলেজ
 শ্রীট ভট্টাচার্য্য এও দক্ষ হইতে প্রকাশিত।

[†] रकायाता ১৫৯ पृः ১•म लाहेन।

^{*} অন্ততঃ এ পুস্তক।

ইহার কিছু পূর্বেই সঞ্চোচের সহিত নিবেদনের প্রথমেই বলিয়াছেন—'বালুকা কল্পরময় মরুভূমিতে স্থানে স্থানে কোয়ারা আছে, শিক্ষকের শুদ্ধ জীবনেও মাঝে মাঝে ভাবের ফোয়ারা থেলে; এই ফোয়ারায় আধি ব্যাধি শোক তাপ ক্লিষ্ট সংসার-পথিকের একদণ্ডের তরেও কি শ্রান্তি দূর হইবে না ?'

গ্রন্থ সমালোচনায় প্রবৃত্ত হইবার পূর্কেই বলিয়া রাখি °গ্রন্থকারেঁর এই আশায় আশক্ষার কোন কারণ নাই! তার গ্রন্থ-প্রকাশ সাথক হইয়াছে।

কথা উঠিতেছে, শিক্ষকের জাবন কি ওম! যে জীবন শত শত জীবনকে সরস कतिया (नय, তारा कि ७४ ! हिन्तूत जानर्भ वान-विश्वा, यिनि शृद्धत व्यक्षिं जी तिवी, যিনি সংগারে বহু জাবনকে সুখ শান্তিময় করিয়া রাখেন দেই বিধবার পবিত্র জীবন কি শুক ? অন্সের পক্ষে যাহা সরস, নিব্দের পক্ষে তাহা সেরপ না হওয়া কি অসম্ভব ? কিন্তু সে অনেক কথার কথা! ইহা তর্কের বিষয় নহে, অনুভবের। শিক্ষকের জীবন चारतको हिन्तुत पातत वान-विधवात्रे मछ, কিন্তু এ প্রদঙ্গ তুলিয়া, গ্রন্থের সমালোচনারূপ 'টেকনিকালিটি'তে মোকদমা নষ্ট করিলে ত চলিবে না। 'মেরিটে' বিচার করিতে হইবে। সুতরাং এ সকল প্রসঙ্গে আর কাজ নাই।

মরুভূমে ওয়েসিস্ ছুটে, পাষাণে ফোয়ারা ফুটে, এ কথা খুব সত্য। উপস্থিত প্রমাণ ললিত বাবুর এই ফোয়ারা। ফোয়ারায় অধিকাংশই রসের উৎস, তাহার र्यानि भाता। ठिकटे ट्हेश्राह, जात বোড়শ ব্যঞ্জন বড় তৃপ্তিকর। 'রমণীর বোড়শ বৎসর বড় মধুর, আবার যোলকলা ভিন সুধাকরের পূর্ণতা ঘটে না। কিন্তু, হাতের পাঁচ অঙ্গুল সমান হয় না। ফোয়ারার (यानि विकास दिया, मगान वरमव दियाता । তা বলিতে পারি নাঃ বারাণসী-দর্শনে কবিতাটি এ গ্রন্থে দেওয়ার কোন প্রয়োজন ছিল না, বরং না দিলেই ছিল ভাল, ইহাতে রদ নাই, বরং একটু কদ আছে; তবে গ্রন্থকার নিজেই বলিয়াছেন প্রাণীজগতের ন্তায় সাহিত্যজগতে অপত্যম্বেহ অন্ধ। ইহার উপরে আর কথা চলে না। তারপর তীর্থ-দর্শন। লেখাটি বেশ, কিন্তু এ গ্রন্থে উহা তেমন খাপ থায় নাই। আর 'বিরহ' ? বিরহে শেখার নৃতনত্ব আছে, মুন্সিয়ানা আছে, ভাবুকতা আছে, কিন্তু এ গ্রন্থের পক্ষে বড় গুরুপাক। বাসরের মজলিসে "মনে কর শেষের সে দিন ভয়ক্কর," এ সঙ্গীত-रहेरलनहे वा वत वड़ इक्छ-वरतत भरक শোভন হয় না; এ ক্ষেত্রেও বিরহে সেই দোষ ঘটিয়াছে। আর বাকি তেরটি রচনা, সত্যই রসের ফোয়ারা। এই রসের সঙ্গে আবার নানা মূল্যবান উপলখণ্ড আছে। এই সকল রচনায় লেখকের পাণ্ডিত্য, গবেষণা, বহু-দর্শিতা প্রভৃতি বহুগুণের সমাবেশ বেশ স্বচ্ছন্দভাবে মিশিয়া গেছে, অথচ বিভা জাহির করিবার লেশমাত্র চেষ্টা বলিয়া কুত্রাপি মনে হয় না। ললিত বাবু বিভা দেখাইয়াছেন, রত্নও দিয়াছেন, তাঁহার বিদ্যারত উপাধি সার্থক।

এই গ্রন্থের স্থানে হানে যে খুঁত নাই

এমন বলি না, স্থানে স্থানে এক আধটা অসাবধানতা আছৈ, 'প্রবাদের স্থাবে' অত্যাচারের অত্যাচার আছে, তুই একটা কূট নোটেও রসিকতা একটু 'মেঠো' হইয়াছে।
তা এ সকল ক্রটি ধর্তবার মধ্যেই নহে।

ফোরারারচনায় পাণ্ডিত্য আছে, এ কথা বলিয়াছি, কিন্তু পাণ্ডিত্যের চেয়ে সরগতার জন্মই ফোয়ারার আদর বেশী হটবে।

ভূগোলে পড়িয়াছিলাম, পৃথিবীর তিন ভাগ জল, এক ভাগ স্থল; সে বোধ হয় মান্ধাতার আমলের নির্দেশ; সকল দেশের কথা ঠিক বলিতে পারি না কিন্তু এখন वाकानात नम नमी थान वितनत व्यवशा (निश्ल क्लेडेंट (वाका याय. : लात शतियान বাড়িতেছে। পৃথিবীতে রসের ভাগও এইরপে ক্রমেই কমিতেছে। কি এরুতিতে কি মানবছদয়ে দর্বতেই সরস্তা ক্মিয়া কাঠিন্য বৃদ্ধি পাইতেছে। স্বতরাং সাহিত্য-জগতে যে ইহার বৈশক্ষণ্য ঘটিবে ইহা বিচিত্র নহে। অন্ত দেশের সাহিত্যের কথা, জোর করিয়া বলিবার সাধ্য আমার নাই, কিন্তু বঙ্গদাহিত্যে আজকাল হাস্তর্মের, পরিহাসরসিকতার বড়ই অভাব। বাঙ্গালার मौननकू, **माहिरकल विक्रम**वावृद "कमलाकान्छ' যে ভাবে হাসাইয়া গিয়াছেন, সে হাসি আর (कर राभारे (5 भारत ना। करत्रक वरमत প্রে কোন আধুনিক কমলাকান্ত প্রয়াগে দেখা দিয়াছিলেন, কিন্তু প্রয়াগে হিন্দু পূর্বপুরুষের জন্ম যাহা "দান" করিতে যান নবীন কমলাকাম্বও স্বৰ্গীয় কমলাকান্তের বা বন্ধ রস-সাহিত্যের তাহাই "প্রদান"

করিয়াছিলেন মাত্র। রবীক্রনাথ এখন আর রহস্ত আলোচনা করেন না, তিনি এখন ঋষিতে অগ্রসর; অমৃতলালের অমৃতধারাও ক্ষাণ হইয়াছে। ছিজেন্দ্রলাল এখন রস পরিপাক করিয়া "নাটক" জমাইতেছেন— আর ছই একজন ধারা রসের পাক চাপাইয়াছিলেন তাঁরাও রসিয়া গিয়াছেন, তাই আত্ম বঙ্গসাহিত্যের এই রসহীনতার দিনে ললিত বাবুর কোয়ারায় আমরা তৃপ্ত এবং আশাহিত হইন্নীছি।

শেষারায় ষোলটি মূল প্রবন্ধের মধ্যে
১৮টি চুটকি, আর থানিকটা চুটকি সাহিত্য—
সেটাকে আধথানা রচন। বলিলেই চলে—
স্থতরাং মোটের উপর সাড়ে আঠারটি
চুটকি আছে। অক্ষয় বাবুর "সাধারণী"
সাড়ে আঠার ভাজার প্রসঙ্গে বলিয়াছিলেন,
ইহাতে সব আছে, এমন কি আধখানা
লক্ষাও আছে, নাই কেবল একটু জল
অর্থাৎ রস। কিন্তু আমাদের ললিত
বাবুর এই সাড়ে আঠার ভাজায় লক্ষাও
আছে আবার জল বা রস তাও ঢালাও।
যদিসে রস কেহ খুঁজিয়া না পান তবে
বুঝিব তাহার রসাস্বাদনের দিন কাল
গিয়াছে।

আমরা মনে করিয়াছিলাম, গ্রন্থ হইতে
কিছু কিছু উদ্ধৃত করিব, কিন্তু "কূপে পশ্র পয়োনিধাবিব জলং গৃহাতি তুল্যং ঘটং" এ রসের সাগরের পরিচয় ঘটের সাহাযো কি বুঝাইব ?

যিনি এ রসের পরিচয় খোল আনা পাইতে চান, তিনি বারো আনা ধরচ করিয়া পাঠ করুন, হাতে হাতে চারি আনা লাভ পাইবেন। আমরা ফোয়ারার আর বেশী স্থাতি করিতে কিছু সন্থুচিত হইতেছি, কারণ ফোয়ারার ধালটি মূল প্রবন্ধের মধ্যে 'বল্পদর্শনে' চারিটি বাহির হইয়াছিল, স্কুরাং ফোয়ারার স্থাতিতে আমাদের কিছু আয়প্রশংসা আসিয়া পড়ে। শীক্ষণ নাকি বলিয়াছিলেন আয়হত্যা ও আয়প্রশংসা ফুইই সমান। ললিত বাবুর জন্ম আমাদিককে শেষ আয়হত্যা পর্যন্ত করিতে হইল! এমন শ্রার্থভ্যাণ সাহিতাজগতে কি হুলভি নহে?

ফোয়ারার কয়েকটি রচনা বঙ্গসাহিত্যসন্মিলনের অধিবেশনে পঠিত হইয়াছিল,
আমরা ভাগলপুরের গন্মিলনে উপস্থিত
ছিলাম, ললিত বাবুর "বর্ণমালার অভিযোগ" প্রবন্ধ শ্রবণে সভায় কি হাস্থলহরী
উঠিয়াছিল, কি আনন্দের উচ্ছ্বাস খেলিয়াছিল, কি প্রশংসার হাওয়া বহিয়াছিল,
তাহা যিনি সভায় উপস্থিত ছিলেন না,

তাঁহাকে বুঝান শক্ত। ললিত বাবু এক স্থানে বলিয়াছেন যে রহস্ত রচনারপ রঙের সাতা ক্রফ করিয়া বদরঙ্গের টেকা জিতিয়। নিলে হয় না? "উড়ুপেনাম্মি সাগরং" আর কি! –সত্য সত্যইললিত বাবুর অনেক রচনা অনেক টেকাকেও টেকা দিয়া থাকে কোয়ারার যথাযথ সমালোচনা আমরা করিতে পারিলাম না, কারণ আমরা রসিক নহি। ললিতবাবু আমাদিগকে এ গ্রন্থ উপহার দিয়া ভূল কিংয়াছেন, কারণ তিনিত জানেন—

"অরসিকেযু রহস্তনিবেদনম্
শিরসি না লিখ না লিখ না লিখ।"
সমালোচক সম্বন্ধে সে আক্ষেপ করিতে
হইলেও, আমরা আশা করি,—বাঙ্গালার
পাঠক সমাজ সম্বন্ধে এ প্রকার অভিযোগ
করার কোন কারণ গ্রন্থকারের ঘটিবে না?
—কোয়ারার নূতন সংস্করণে আমরা শীঘ্রই
ভাহার যাথার্য্য উপলব্ধি করিতে পারিব।



১ম, ২য়, ৩য়, ৫, ৬, ৭ম, কর্মা আর সি চৌরুরী কর্তৃক বিজয়া প্রেসে, ৪র্থ কর্মা কৃষ্ণচন্দ্র আইচ কর্তৃক কলিকাতা কমার্শিয়াল প্রেসে ও ৮ম ও ৯ম কর্মা এবং কভারিং ২১১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট ব্রাহ্মমিশন প্রেসে, শ্রীঅবিনাশচন্দ্র সরকার স্থারা যুদ্তিত।

বঙ্গদর্শন । চরিত-চিত্র স্বরেজ্রনাথ

আধুনিক রাষ্ট্রীয় কর্মজীবনে হরেক্রনাথের স্থান বাঙ্গালী। কিন্ত তাঁর স্বরেক্তনাথ প্রতিভার প্রেরণা ও স্থদীর্ঘ কর্মজীবনের প্রভাব বাংলার সীমা অতিক্রম করিয়া, সমগ্র ভারতরাষ্ট্রকে অধিকার করিয়া আছে। আধুনিক ভারতের রাষ্ট্রীয় জীবনে আরও শক্তিশালী লোকনায়ক আছেন। ইহাঁদের মধ্যে কেহ কেহ কোনও কোনও বিষয়ে স্থরেক্তনাথের অপেক্ষা শ্রেষ্ঠ, ইহাও অস্বীকার করা সম্ভব নহে। কিন্তু তাঁদের সকলের প্রভাব ও প্রতিষ্ঠাই আপন আপন প্রদেশেতে আবদ্ধ। লালা লাজপত্রায়ের নাম ভারতবিশ্রুত হইলেও, কর্মক্ষেত্র, প্রকৃত পক্ষে. পঞ্চনদের সীমা অতিক্রম করে নাই। পণ্ডিত মদনমোহন মালবাও সেইরূপ কেবল এলাহাবাদ ও আগ্রার যুক্ত-প্রদেশের রাষ্ট্রীয় জীবনেই কতকটা নেতৃত্ব-মর্য্যাদা পাইয়াছেন, ভারতের অন্তান্ত প্রদেশের লোকে অনেকেই তার নাম জানে, কিন্তু কেহই এ পর্যান্ত তাঁর প্রতিভার বা কর্মজীবনের প্রেরণা অমুভব করে নাই। স্যার ফিবোজসাহ মেহেতার আসন্ত্রুবুর্গ যাহাই বলুন না কেন, তাঁর

বাদ্বীয়-নেতৃত্বও বোদাই'এর পার্শী ও গুল-বাটের বেনিয়া সম্প্রদায়েই সাক্ষাৎভাবে স্বীকৃত হয়; বোঘাই প্রদেশের মহারাষ্ট্রীয় সমাজ, কিম্বা বাংলার কি পঞ্জাবের শিক্ষিত সম্প্রদায় এ পর্যান্ত তাঁহার নেতৃত্ব স্বীকার করেন নাই। তবে কন্গ্রেদে বা জাতীয় মহাদ্মিতিতে কিছুদিন পর্যান্ত যে তাঁর একটা অনন্যপ্রতিদ্বনী প্রতাপ প্রতিষ্ঠিত হইয়াছিল, ইহাও অমীকার করা যায় না। আর ইহার হেতুও একরপ চক্ষের উপরেই পড়িয়া আছে। জনাবিধিই কন্থোদ দ্যার ফিরোজশাহ মেহেতা, স্বর্গীয় উমেশচক্র বন্দ্যোপাধ্যায়, প্রীযুক্ত এল্যান্, ও शिष्ठम् अनः मात्र छहेनियाम खरम् छात्रन्, हेहाँ एमत অর্থেই বিশেষভাবে পরিপুষ্ট হইয়া আসিয়াছে। অনেক সময় কন্গ্রেসের অপরাপর নেতৃবর্গ কন্তোদের ব্যয় শংকুলনের জন্য আপনাদের প্রতিশ্রুত চাঁদা যথাসময়ে আদায় করেন नाइ वा कतिरा भारतन नाइ विषया এई **চারিজনকেই বহুদিন পর্যান্ত এই অনাদায়** টাকার দায়ভারও বহন করিতে হয়। এ অবস্থায় যাঁহাদের কার্পণ্যে বা ওদাসীক্তে দ্যার ফিরোজশাহ মেহেতাকে বৎসর বৎসর এত

ঝুঁকি বহন করিতে হইয়াছে, টাকার তাঁহাদের পক্ষে কন্গ্রেসের কাৰ্য্য কলাপে অভিপ্রায়ের প্রত্যক **সাহেবের** মেহে তা প্রতিবাদ বা প্রতিরোধ করা সম্ভব ছিল না। মেংহতা সাহেবের নিকটে কন্গ্রে:সর এই मीर्घकानगांशी व्यम-अन স্মরণ করিয়াই, অপরাপর নেতৃবর্গ কন্গ্রেদের কার্য্য পরি-চালনায় তাঁর অভিমত ও আবদার মানিয়া চলিয়াছেন। কুন্থোপের অভতম বলিয়াই কনগ্রেদ-মগুপে দ্যার ফিরোজশাহ নেছেতার একটা প্রভাপ ও প্রতিপত্তি প্রতি-ষ্ঠিত হয়। নতুবা কন্তোসের বাহিরে, দেখের সাধারণ রাষ্ট্রীয় কর্মাকর্মের উপরে, কিম্বা ভারতের ভিন্ন ভিন্ন প্রদেশের আধুনিক-শিক্ষা-প্রাপ্ত সম্প্রদায়ের চিত্তে, মেহেতার চরিত্রের বা প্রতিভার কোনোই প্রভাব কথনই প্রতিষ্ঠিত श्रेगां इ विवा मत्न श्रुमा। ভाরতব্যীয ব্যবস্থা 1ক সভায়, কোনো কোনো বিষয়ের আলোচনায়, অপরাপর সভ্যগণের তুলনায়, কথনো কথনো, অসাধারণ সাহসিকতার ও বিশেব কুভিত্বের প্রমাণ প্রদান করিয়া, শ্রীযুক্ত গোপালক্ষ গোখেলে ভারতব্যাপী একটা খাতি ও মুগান লাভ করিয়াছেন, সভা। আর এ থাতি ও মর্যাদা তাঁর পাণ্ডিতা ও চরিত্রের উপরেই যে অনেকটা প্রতিষ্ঠিত, ইহাও অতিশয় সত্য। গোখেলে সন্বিধান, ও কোনো কোনো বিদ্যায় স্বল্পবি এর বিশেষজ্ঞতা ও তাঁর আছে। মুরোপীর অর্থনীতি-শাস্ত্রে গোখেলের যে পরিমাণ অধিকার জ্বিয়াছে. ভারতের আর কোনো লোকপ্রসিদ্ধ রাষ্ট্রীয় কর্মনায়কের ভাহা আছে কি না সলেহ। যে প্রণাদী অবলয়নে ইংরেজ রাষ্ট্রনীতিকেরা

বিবিধ রাষ্ট্রীয় বিষয়ের বিচার-আলোচনা করিয়া থাকেন, সেই প্রণালী অবলম্বনে পর্মত-**খণ্ডন ও স্বমত-প্রতিষ্ঠায়** গোখেলে একরূপ সিদ্ধহ'ত। ইংবেজের চিরাত্যত বাদ-বিদ্যায় ইংরাজিতে ইহাকে ডিবেট (Debate) বলে— मां के कार्ब्ज त्नव मठ ं भावनभी ইংলাত্তেও এখন কম ৷ অথচ কখনো কখনো **এই नाउँ कार्ड्ज नटकरें এ विषय प्रतार्थित** व মানিতে হইয়াছে। আর **হার** আপনার বিচারবৃদ্ধি অনুযায়ী স্বদেশের সেবাতে জীবন উৎসর্গ করিয়া, গোখেলে এ পর্যান্ত যে ঐকান্তিকী নিষ্ঠা সহকারে এই সেবাবত উদ্যাপৰ করিতে চেষ্টা করিয়া আদিয়াছেন, ভারতের অন্স কোনো লোকনায়কের মধ্যে সেরপ ঐকাস্তিকী নিষ্ঠাও দেখা যায় নাই। গোখেলের মধ্যে যে সকল গুণের স্মাবেশ হইয়াছে. সে সকল গুণ এদেশের কোনো প্রসিদ্ধ লোকনায়কের মধ্যে সে মাত্রায় দেখা যায় নাই; ইহা সত্য বটে, কিন্তু তবুও গোথেলের বর্ত্তমান ভারতব্যাপী খ্যাতি যেকেবল তাঁরপাণ্ডিত্য ও চরিত্র বলেই অর্জ্জিত হইয়াছে, এমন কথাও বলা যায় না। স্বর্গীয় মহাদেব গোবিন্দ রাণাডে যদি গোথেলেকে হাতে ধরিয়া না তুলিতেন; পুনার দার্বজনীন সভা যদি, রাণাডের অমুরোধে, গোথেলেকে ওয়েল্বী কমিশনের সম্মুখে আপনাদের প্রতিনিধিরূপে প্রেরণ না করিতেন; প্রথম বারে বিলাভ হইতে ফিরিয়া আসিয়া. বিলাতী সংবাদপত্তে, প্লেগ-বিধানের প্রবর্তন সম্বন্ধে পুনার ইংরেজ সৈত্তগণের বিরুদ্ধে যে গুরুতর অভিযোগ আনিয়াছিলেন, গোখেলে যদি জাহাজ-ঘাটেই সর্ব্বোতোভাবে

তার প্রত্যাথ্যান করিয়া বোঘাইএর রাজ-পুরুষদিগের অমুগ্রহভাজন ના ফিরোজশাহ মেহেতার শিষাত্ব ও আফুগতা স্বীকার করিয়া, তাহারই প্রদাদে, যদি তিনি বোষ্ঠাই-ব্যবস্থাপকসভার বে-স্বকারী সভা-গণের প্রতিনিধি হইয়া বড লাটের বাবস্থাপক-সভায় না আসিতেন; সেখানে লাট কৰ্জন স্বভাবসিদ্ধ ঔদার্থা গুণে আপনার গোথেলের বিচারযুক্তির যথাসাধ্য করিতে চেষ্টা করিয়াই, যদি তার মেধার ও পাণ্ডিত্যের সম্বর্দ্ধনা না করিতেন;ভারতের বাষ্টীয় কর্মাক্ষেত্তে তথাকথিত চরমপন্থীদিগের অভ্যাদয় হইলে, মিণ্টো ও মলে প্রভৃতি ভারতশাসন্যস্ত্রের শীর্ষস্থানীয় রাজপুরুষেরা যদি এই নৃতন রাষ্ট্রীয়-শক্তিকে সংযত ও প্রতিহত করিবারজন্ম গোখেলে ও তাঁর দলের লোক-চক্ষে বাডাইয়া লোকনায়কগণকে তুলিতে চেষ্টা না করিতেন;—এই সকল বাহিরের ঘটনাপাত না হইলে, গোপেলে যে লম্ভ আপনার প্রতিভার বা চরিত্রের বলে, ভারতব্যাপী এই খ্যাতি লাভ করিতে পারিতেন, ধীরভাবে সকল বিষয়ের বিশ্লেষণ বিচার করিলে, এই সিদ্ধান্ত করা যায় না। কিন্তু এ সকল যোগাযোগ সত্তেও গোখেলে যে সমগ্র ভারতের আধুনিক-শিক্ষা-প্রাপ্ত সম্প্রদায়ের নেতৃত্ব-মর্য্যাদা লাভ করিতে পারেন নাই, ইহাও স্বীকার করিতেই रहेरत । (कवन এक स्टातन नाथहे अहे (मर्ग, এই কালে, এই অন্যপ্রতিযোগী নেতৃত্বের দাবী করিতে পারেন।

যে সকল বাহিরের ঘটনা ও অবস্থার যোগাযোগে এ দেশের অপরাপর রাষ্ট্রীয় কর্ম- নায়কগণের প্রভাব ও প্রতিপদ্ধি প্রতিষ্ঠিত হইয়াছে, স্বরেন্দ্রনাথের কর্মজীবনের প্রথমা-বস্থায় এবং তাহার পরেও বছদিন পর্যান্ত. তাঁহার ভাগ্যে সে সকল যোগাযোগ ঘটে नाई। রাজপুরুষদিগের আসন্নসংসর্গলাভ এ দেশের রাষ্ট্রীয় কর্মক্ষেত্রে প্রতিষ্ঠালাভের একমাত্র প্রশন্ত পথ। আর এ দেশে ধনবলে পদবলেই রাজপুরুষদিগের এসাদলাভ করিতে পারা যায়। আজ লোকে বলে. স্থরেক্তনাথ লক্ষপতি হইয়াছেন। কিন্তু তাঁর কর্মজীবনের প্রারপ্তসময়ে স্থবেক্তনাথের ধনপরিবাদ ছিল না। গোখেলেকে রাণাডে নিজের হাতে ধবিয়া বাডাইয়া দিয়া-ছিলেন। বাংলার তদানিজন লোকনায়ক-গণের মধ্যে একজনও এরপভাবে স্থরেন্দ্র-নাথকে রাষ্ট্রীয় কর্মক্ষেত্রে প্রতিষ্ঠিত করিবার চেষ্টা করেন নাই। বাংলার ধনী ও পদস্থ লোকেরা আজ স্থরেন্দ্রনাথের সাহায্য ছাড়া কোনো স্বাদেশিক অনুষ্ঠানে ব্রতী হইতে সাহস পান না। কিন্তু ইহাঁদের জোষ্টেরা একদিন রাজদারে-লাঞ্ছিত স্থরেক্তনাগকে অস্পুশ্র মনে করিয়া, তাঁহা হইতে দূরে থাকিতেন। বহুদিন পর্যান্ত রাজপ্রসাদলোলুপ ব্রিটিশ ইণ্ডিয়ান্ এসোসিয়েশনের সভাগণ রাষ্ট্রীয় আন্দোলন-আলোচনায় স্থারেন্দ্রনাথের সঙ্গে এক মঞ্চে উপবেশন করিতেও শক্ষিত হইতেন। আজ ञ्चरतक्तनाथ हैश्टत्रक्रताक्ष्युक्रमित्गत কিয়ৎপরিমাণে সম্বন্ধিত হইতেছেন। কিন্ত একদিন তিনি এই রাজকর্মচারী সম্প্রদায় হইয়া রাজকর্ম নিষ্ট লাঞ্জিত হইয়াছিলেন। আর বহুদিন অপসারিত পর্যান্ত সে লাজুনার কথা এ দেশের ইংরেজ-

রাজপুরুষেরা বিশ্বত হন নাই। প্রত্যুত থতই বাষ্টীয় আন্দোলন-আলোচনায় স্থরেক্রনাথ দেশের জনশক্তিকে প্রবুদ্ধ করিয়া, আপনি সেই শক্তি দাহায্যে শক্তিশালী হইয়া উঠিতেছিলেন, ততই তাঁহারা সেই প্রাচীন লাঞ্ছনার স্থতিকে প্রাণপণে জাগাইয়া রাথিবার জন্ম চেইণ করিয়াছিলেন. ইহাও সকলেই সেই রাজপুরুষেরাই, আজিকার অবস্থাধীনে, আপদ-বিপদে, প্রতিপদেই দেশের প্রজামতের লোডে. **স্থরেন্দ্রনাথের** পোষকতা-লাভের পরামর্শ গ্রহণ করিতেছেন। যে কন্গ্রেসের কাজকর্ম আজ স্থরেন্দ্রনাথকে কিছুতেই চলে না ও চলিতে পারে না; একদিন, কন্থেসের জন্মকালে, তাহার জন্ম-দাতা ও ধাত্রীবর্গ সকলে প্রাণপণে সেই স্করেক্র-নাথকে তাহার বাহিরে রাথিতে চাহিয়াছিলেন, এ কথাও মিথা নয়। স্বর্গীয় উমেশচল বন্দ্যোপাধ্যায় ও স্যার ফিরোজশাহ মেহেতা সুরেন্দ্রনাথকে কন্গ্রেসের কর্মে উভয়েই আমন্ত্রণ করিতে চান নাই। হিউম সাহেবও প্রথমে তাঁহাদের মতেই মত দিয়াছিলেন। হিউম ভারত গবর্ণমেন্টের সেক্রেটারী ছিলেন। ইংরেজ সিভিলিয়ানদের মধ্যে স্পরেক্রনাথের প্রতি যে অশ্রদা বছদিন হইতেই জাগিয়াছিল, হিউমের মনেও যে তাহা ছিল না, এমন নহে। তার উপরে যথন উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও মেহেতা প্রভৃতি কনুগ্রেসী নেতৃবর্গ স্থারেন্দ্র-নাথের সাহায্যগ্রহণে অনিচ্ছা প্রকাশ করিলেন, তথন হিউম যে সেই মতে সায় দিবেন, ইহা আর বিচিত্র কি ? কিন্তু কনুগ্রেসের দ্বিতীয় অধিবেশনের ব্যবস্থা করিবার জন্ম হিউম যথন কলিকাতায় আসিলেন এবং স্থারেন্দ্রনাথকে

ছাড়িয়া বাংলা দেশের লোকমতকে কনগ্রেসে টানিয়া আনা যে একান্তই অস্তুৰ, ইহা দেখিলেন ও বুঝিলেন, তখন ওঁার মত ফিবিয়া গেল এবং বন্দ্যোপাধ্যায় ও মেহেতা প্রভতির আপত্তি অগ্রাহ্ম করিয়া, গুণগ্রাহী হিউম স্বরং স্থরেন্দ্রনাথকে কন্ত্রেদের কর্ম্ম-নেতৃত্বে বরণ করিয়া লইলেন। আজ স্থরেন্দ্রনাথের অনেক সহায়-সম্পদ্লাভহইয়াছে। আজ তিনি দেশের রাজপুরুষ ও রাজারাজড়ার দারা সম্বদ্ধিত ও সন্মানিত হইতেছেন। কিন্তু একদিন তাঁহাকে নিঃসহায় ও নিঃসম্বল অবস্থায়, "শোথের শেয়ালার" মত, দেশের রাষ্ট্রীয় কর্মস্রোতের ঘাটে খাটে ফিরিতে হইয়াছিল। আর আজ আধুনিক ভারতের রাষ্ট্রীয় ইতিহাদে যে অনুমুপ্রতিযোগী প্রতিষ্ঠা লাভ করিয়াছেন. তাহা কোনো প্রকারের অমুকুল ঘটনাপাতের ফল নহে। এ কীৰ্ত্তি জ্বৰ্জনে কেহ তাঁহাকে কোনো প্রকারে সাহায্য করে নাই। ইহা সর্বতোভাবেই তাঁর স্বোপার্জ্জিত। কেবল আপনার প্রতিভা ও পুরুষকারের বলেই স্থরেন্দ্রনাথ এ দেশের বর্ত্তমান রাষ্ট্রীয় কর্ম্ম-জীবনে এই অনন্তপ্রতিযোগী নেতৃত্ব-মর্য্যাদা লাভ করিয়াছেন। এইথানেই তাঁরে বিশেষ্ত্র ও মহত্ব।

ফুরেন্দ্রনাথের চরিত্র

অশেষ প্রকারের প্রতিকূল অবস্থার ভিতর
দিয়া স্থরেক্তনাথের কর্ম্মজীবন গড়িয়া উঠিয়াছে।
আর এই সকল প্রতিকূল অবস্থাকে অতিক্রম
করিয়া তার এই কর্মজীবন যে এমন অভূত
সফলতা লাভ করিয়াছে, ইহাতে স্থরেক্তনাথের
অসাধারণ মানসিক বলেরই প্রমাণ প্রদান

কিন্তু প্রকৃত পক্ষে স্থরেক্তনাথ আমরা সচরাচর পুরুষ নহেন। যাহাকে বীরত্ব বলি, তার অন্তরালে অনেক সময় একটা ফলাফল-বিচার-বিরহিত এক-লুকাইয়া থাকে। এই প্রকারের স্থরেক্রনাথের गरधा নাই: এক গুয়ামো থাকিলে, স্থরেক্রনাথ লাভ যে সফলতা করিয়াছেন, তাহা কখনই পাইতেন না। স্থরেন্দ্রনাথ যে খুব সাহসী পুরুষ, এমনো বলা যার না। যে অসমসাহসিকতা অসাধ্য সাধনের প্রবাস করিয়া, সর্বস্বাস্ত হইয়া, পরিণামে নিঃশেষ নিক্ষলতা মাত্র লাভ করে, স্থরেক্র-নাথের মধ্যে কখনো সেরূপ অসমসাহসিকতা দেখা যায় নাই। কিন্তু অবিচলিত ধৈৰ্য্য যে বীরত্বের লক্ষণ, আর নিন্দা-স্তুতি উভয়কে সমভাবে উপেক্ষা করিয়া আপনার অভীষ্ট-সিদ্ধির পথে চলিবার শক্তির ভিতরে যে সাহসিকতা লুকায়িত থাকে, সে বীরত্ব ও সে माहम ऋतिक्रनाथित मर्या मर्वाहर एनथा গিয়াছে। যে মনের বল থাকিলে লোকে বিরোধী শক্তির আঘাতে বরং ভাঙ্গিয়া যায় কিন্তু কখনোই তাহার নিকটে নত হয় না ;— এই আত্মঘাতী মানসিক বল স্থরেন্দ্রনাথের কথনো ছিল না। কিন্তু যে মনের বল আপনার রুচি ও প্রবৃত্তি, মান ও অপমান, আয়াস ও শ্রম-ক্লেশ, এ সকলকে অগ্রাহ্য করিয়া, সকল অবস্থাতেই, সেই অবস্থার সঙ্গে ঘণাসম্ভব সন্ধি ও সামঞ্জস্য সাধন করিয়া, আপনার লক্ষ্যের অনুসরণ করিতে পারে, স্থয়েক্তনাথের সে মানসিক শক্তি যে পরিমাণে আছে, আমাদের আর কোনো লোকপ্রসিদ্ধ রাষ্ট্রীয়-নায়কের মধ্যে তাহ। নাই। যে নিগৃঢ় কৌশল-সহায়ে

জীব বিবিধ বিরোধী অবস্থা ও ব্যবস্থার মধ্যে পড়িয়াও, প্রাকৃতিক নির্মাচনের নিয়মান্থযায়ী, আত্মরক্ষার ও আত্মচরিতার্থতালাভে দমর্থ হয়, স্থরেক্সনাথ অতি আক্চরিতার্থতালাভে দমর্থ হয়, স্থরেক্সনাথ অতি আক্চর্যার্রপে সে কৌশলটী রে জীব লাভ করিয়াছেন। এই কৌশলটী রে জীব লাভ করিছে পারে, সেই কেবল বিশ্বসাপী নির্মাম জীবন-সংগ্রামে জয়লাভ করিয়া আত্মরক্ষা ও বংশরক্ষা করিতে পারে। এই কুশলতাভ্রেণেই স্থরেক্সনাথ ও জীবন-সংগ্রামের জয়টীকা ললাটে ধারণ করিয়া, ভারতের আধুনিক রাষ্ট্রায় ইতিহাসে আপনার অক্ষয় কীর্ত্তি প্রতিষ্ঠা করিতে পারিয়াছেন।

ফ্রেব্রুনাথের রজ:প্রাধান্য

স্থরেন্দ্রনাথের অন্তঃপ্রকৃতি যে খুব সান্ত্রিক তাহা নয়। নির্মালত্ব, ভাসারত্ব ও অনাময়ত্ব, সকলই लक्ष्म । সত্তের প্রকৃতির লোকের বুদ্ধি অতীন্দ্রিয় বস্তু-ধারণায় তৎপর হয়; চিত্ত বিকারশূক্ত ও কর্ম্ম নিষ্কাম হয়। এ সকলের কোনো লক্ষণই এ চিন্তায় ও চরিত্রে স্থরেক্তনাথের প্রকাশিত হয় নাই। তাঁর স্বদেশের সভাতা ও সাধনা, যুগযুগান্তব্যাপী তপস্থার ফলে, বহুদিন হইতেই সন্বপ্রধান হইয়া আছে, সত্য। কিন্তু স্থরেন্দ্রনাথ যে সময়ে জন্মগ্রহণ করেন, সে কালে কর্ম্মবশে এই সমাজের পুরাভ্যস্ত সাত্ত্বিকতাও ঘোর তামসিকতার দারা আচ্ছন্ন হইয়া পড়িয়াছিল। সর্ব্বতাই যুগসন্ধিকালে এইব্লপ হইয়া থাকে। এইজন্ম যে শিক্ষা ও সাধনায় এই সাত্ত্বিকীভাব ফুটিয়া উঠে, স্থরেন্দ্রনাথ সে শিক্ষা দীক্ষা প্রাপ্ত হন নাই। স্থরেক্রনাথের atলাকালে কলিকাতা ও তন্নিকটবর্ত্তী স্থানের

মধ্যবিত্ত শ্রেণীর বাঙ্গালী ভদ্রলোকদিগের মধ্যে, নতন ইংরাজী শিক্ষার প্রভাবে, স্বদেশের সনাতন ভাব ও আদর্শের প্রতি শ্রদ্ধা-ভক্তি একেবাথেই লোপ পাইতেছিল। সমগ্র দেশই তথন ঘোরতর ভুতামসিকতার দারা আচ্চন হইয়া, নিজেদের প্রাচীন সভ্যতার ও সাধনার প্রাণহীন ও অর্থশন্ত বাহ্যিক ক্রিয়া-কলাপের অমুসরণেই নিযুক্ত ছিল। তার ভিতরকার সতে)র ও মহত্ত্বৈর অনুভূতি, সাধু-সম্যাদিগণের মধ্যে কচিৎ থাকিলেও, সাধারণ গৃহস্থদিগের মধ্যে একেবারে ছিল না বলিলেই হয়। তার উপরে, স্থরেন্দ্রনাথের পিতা, ভাক্তার হুর্লাচরণ বন্দ্যোপাধ্যায়, যুরোপীয় সভাতার ও সাধনার প্রবল রাজসিক আদর্শের দারা একাস্তই অভিভূত ইইয়া পড়িয়াছিলেন। তাঁর সমসাময়িক ইংরেজীশিক্ষিত বাকালী মাত্রেরই স্বল্পবিস্তর এই দশা ঘটিয়াছিল। ছ্র্গাচরণ বন্দ্যোপাধ্যায় স্থরেন্দ্রনাথকে কেবল ইংরেজী শিথাইয়াই ক্ষান্ত হন নাই। ইংরেজের চালচলন অভ্যাস ও ইংরেজের চরিত্র লাভ করিবার জন্ম, তিনি অতি অল্প বয়সেই সুরেন্দ্র-নাথকে ডভ্টন স্কুলে প্রেরণ করেন। এইরূপে স্থরেন্দ্রনাথ একরূপ বাল্যাবধিই কলিকাতার ইংরেজ ও ইউরেশীয় বালকগণের সংসর্গে থাকিয়া স্কুল কালেজের শিক্ষা সমাপ্ত করেন। তার পরে, বিলাতে যাইয়া এই অদ্ভূত প্রশ্নচর্য্য উদ্যাপন করিয়া সিবিলিয়ানী-পদ লইয়া, দেশে ফিরিয়া আসেন। আজিকালি বিলাত ও ভারত যেন এ'ঘর ও'ঘর হইয়া পড়িয়াছে, সত্য। কিন্তু স্থরেক্তনাথ যথন শিক্ষার্থী হইয়া বিলাত গমন করেন, তথন এইরূপ ছিল না। সেকালে বিলাত যাওয়া এত সহজ ছিল না

বলিয়া, বিলাতপ্রত্যাগত হিন্দুদিগের নিজেদের প্রোণে একটা প্রবল অহঙ্কার এবং কোনো কোনো দিক্ দিয়া সমাজেও তাহাঁদের একটা गर्गाना जिल। तम कारलव অনক্যসাধারণ বিলাত-প্রত্যাগত বাঙ্গালী হিন্দুদের তাঁহাদের প্রাচীন পৈতৃক সমাজের কোনো প্রকারের যোগাযোগ প্রায়ই থাকিত না। সমাজও ভাঁহাদিগকে পতিত বলিয়া বাহিরে ফেলিয়া রাখিত। আর জাঁহারা নিজেবাও সাহেব সাজিয়া, সহধর্মিণীকে গাউন পরাইয়া মেম সাঙ্গাইয়া, "নেটিভ্দের" সঙ্গে প্রামুক্তভাবে করিলে কি জানি এই সদ্যালক মেশামেশি সভ্যতার মর্যাদাভ্রষ্ট হইয়া পড়েন, সেই ভয়ে আপনানের সমাজ হইতে যথাসম্ভব দূরে থাকিতে চেষ্টা করিতেন। স্থরেক্তনাথও প্রথম বয়সে আহাই করিয়াছিলেন। আর বিধাতার চক্রান্তে ও তাঁর স্বদেশের স্থক্কতি স্থরেন্দ্রনাথের সিভিলিয়ানী-পদ যদি খসিয়া নাপড়িত, তাহা হইলে আজি পর্যান্তও তিনি এই ভয়াবহ প্রথর্মের বোঝাই বহন করিয়া চলিতেন। ছতএব এই সকল ঘটনাবশে স্থরেন্দ্রনাথের ভাগ্যে যে খদেশের ও স্বজাতির সভ্যতা ও সাধনার নিগৃঢ় প্রকৃতির সাক্ষাৎকার লাভ ঘটে নাই, ইহা কিছু বিচিত্র নহে।

স্বরেক্রনাথের প্রাণের টান্টা পুরাদমেই বদেশাভিমুগী হইকেও তাঁর মত, প্রকৃতি এবং ভিতরকার ভাব ও আদর্শ যে সত্যই বদেশী, এমন বলা যায় না। শুদ্ধ সান্ত্রিকী প্রকৃতিই আমাদের বদেশী চরিত্রের চিরস্তন আদর্শ। যেমন ভিন্ন ভিন্ন লোকে দম্ব, রজঃ, তমঃ এই তিন গুণের কোনও না কোনও একটা গুণ অপর হুই গুণকে অভিতৃত করিয়া, তাহাদের

প্রকৃতিকে বিশেষ ভাবে সাত্ত্বিক, বা রাজসিক, বা তামসিক করিয়া তোলে, সেইরূপ ভিন্ন ভিন্ন জাতির প্রকৃতিতেও গুণ বিশেষের প্রাধান্ত ঘটিয়া থাকে। কোনও জাতি বা এই জন্য তাসসিক, আর কেহ বারাজসিক, আর কেহ বা সাত্ত্বিক প্রকৃতির হয়। কোনও জাতির সভ্যতা ও সাধনা রজঃ-প্রধান, আর কাহারও বা তমোপ্রধান, আর কোনও জাতির সভ্যতা ও স্ধনা বা সত্ত্ব-প্রধান হইয়া থাকে। য়ুরোপের সভাতা ও সাধনা রজঃ-প্রধান। ভারতের সত্ত্ব-প্রধ'ন। য়ুরোপের সভাতা ও সাধনা সাধনাতেও সত্ত্ব রজঃ তমঃ এই তিন গুণেরই প্রকাশ ও প্রতিষ্ঠা আছে। রছঃ-প্রধান বলিয়া মুরোপীয় সাধনায় তামসিকতা নাই, বা সান্ত্ৰিকতা ফুটে নাই, এমন নহে। জীব সাধন-বলে কথনও কথনও এই গুণত্রয়কে অতিক্রম করিয়া যাইতে পারে বটে, কিন্তু এরূপ মুক্তলোক সর্ব্বত্রই অতি বিরল। সাধারণ মানুষের ভিতরে ভিন্ন ভিন্ন মাত্রায় সত্ত্ব, রজঃ, তমঃ সর্বনাই এই গুণত্রয় বিদ্যাদান থাকে। ভিন্ন ভিন্ন জাতির সাধনার এবং সভাতারও সর্ব্বদাই এই তিন গুণ বিদ্যমান আছে। ভারত-বর্ষেও অনেক তামসিক এবং রাজসিক লোক আছেন। ভারতের বহুমুখী সাধনায় রাজসিক এবং তামসিক উভয় প্রকৃতিরই যথাযোগ্য অনু-শীলনেরও ব্যবস্থা আছে। কিন্তু এ সকল সত্ত্বেও ভারতৈর সভাতার ও সাধনার ঝোঁক সাত্ত্বিকতারই দিকে। শুদ্ধ সাত্ত্বিক চরিত্রই আমাদের দেশের আদর্শ চরিত্র। মুরোপীয় সাধনার ঝোঁক রাজ্সিকতারই দিকে। এই জন্ম রাঞ্চদিক চরিত্রই সে দেশের আদর্শ চরিত্র। স্থরেন্দ্রনাথ বাল্যাবধি মুরোপীয় সভ্যতা ও

সাধনার ঐকান্তিক প্রভাবের ভিতরে বাড়িয়া উঠিয়াছেন বলিয়া, এই য়ুরোপীয় আদর্শের রাজসিক চরিত্রই লাভ করিয়াছেন।

আর স্থরেন্দ্রনাথের প্রাকৃতি ও চরিত্র শুদ্ধ দান্ত্রিক নয়, কিন্তু একাস্তই রাজসিক, ইহা কোনোই নিন্দার কথাও নহে। প্রকৃত সাত্তিক প্রকৃতির লোক অতান্ত বিৱল ৷ অত্য দেশের তো কথাই নাই, আমাদিগের এই স্ক্ল-প্রধান সভ্যতা সাধনাতেও বিশ্বদ্ধ সাত্মিক যেখানে সেখানে পাওয়া যায় না। সচরাচর লোকে যাহাকে দান্ত্ৰিকতা বলিয়া মনে করে. অনেক সময় তাহা কেবল ঘোরতর তামসিক-তারই রূপান্তর মাত্র। সত্ত্ব এবং তমঃ উভয়েরই কতকগুলি বাহিরের লক্ষণ এক প্রকারের বলিয়া অতি সহজেই এইরূপ ভ্রম হইয়া থাকে। শান্ত্রিকতার বৃদ্ধিতে অনেক লোকের মধ্যে কখনও কখনও এমন একটা অবস্থা আসিয়া পড়ে, যাহাতে তাঁহাদিগকে সর্ব্বপ্রকারের বাহিবের কর্মচেষ্টা হইতে বিরত করে। এই কর্মচেষ্টাহীনতা তমোগুণেরও লক্ষণ। তবে এই সাত্ত্বিকী নিশ্চেষ্টতার অস্তরালে ভগবনির্ভর আর তামসিকী নিশ্চেষ্টভার অন্তরালে নিদ্রালস্থ প্রভৃতি জড়গুণ বিদ্যমান থাকে। কিন্তু এ হু'য়ের প্রভেদ বুঝিতে না পারিয়া, লোকে অনেক সময় এই নিদ্রালস্য প্রভৃতি জড়পর্ম-সম্ভূত নিশ্চেইতাকেই সাহিকতার লক্ষণ বলিয়া ভ্রম করে। প্রত্যেক যুগদন্ধিকালে পূর্বতন যুগের বিধিব্যবস্থা ও রীতি নীতি যখন লোকের একান্ত অভ্যন্ত হইয়া তমোধর্মা-ক্রান্ত হয়, তথন, সত্ব-প্রধান সমাজেও, এই জাল সাত্মিকতার প্রভাব অত্যন্তই বাড়িয়া

উঠে। এই জাল সাত্মিকতাতেই আমাদের দেশটা এখন ছাইয়া ফেলিয়াছে। এ অবস্থায় লোক-সমাজে পুনরায় সত্য সাত্মিকতার প্রভাব প্রতিষ্ঠিত করিতে হইলে, জনগণের অন্তরম্থিত রজোগুণকেই আগে বাড়াইয়া তোলা আবশুক হয়। স্থরেক্রনাথ আচরণ ও উপদেশের হারা আপনার দীর্ঘ কর্মাজীবনে এই যুগপ্রয়োজন সাধন করিয়াই আধুনিক ভারতবর্ষের ইতিহাসে এরপ অক্ষয় কীর্দ্ধি অর্জ্রন শ্বিতে পারিয়াছেন।

স্থ্যবন্দ্র নাথ যথন বাছীয় কর্ম্মক্রে প্রবেশ করিয়াছিলেন তথন যদি তিনি লোক-চক্ষে কোনো উচ্চ সান্ত্রিকী আদর্শ ধরিতে যাইতেন, তাহা হইলে তাহাতে দেশব্যাপী তামসিকতারই প্রভাব বাড়িয়া যাইত, প্রকৃত সাত্তিকতা লোকচরিত্রে কথনই প্রতিষ্ঠা লাভ করিতে পারিত না। দেশের কলাাণের জন্ম সেময় রজোগুণের প্রেরণারই বিশেষ প্রয়োজন ছিল। আর সমাজপ্রকৃতির এই चल्रः श्रेरमा करनत चल्रुरतार्थ रत्न नभरम नुर्व লোকহিত্ৰতই বিশেষ ভাবে প্রকারের হইম্বাছিল। স্থরেক্সনাথ রজোধর্মাক্র!ম্ভ ধর্ম্মগরক নহেন। স্বদেশের ধর্মজীবনে শক্রিসঞ্চার করিবার জন্ম বিধাতা তাঁহাকে ডাকেন নাই। সামারিক, এবং বিশেষভাবে রাষ্ট্রীয় বিধিবাবস্থার সংস্থার সাধনব্রতেই ভগবান তাঁহাকে বরণ করিয়াছেন। কিন্তু তাঁহার সমসাম্যিক ধর্মসংস্থারকগণও তথন ধর্মজীবনের মধ্যে একটা প্রবল দেশের রাজনিক ভাবই স্থাগাইয়া তুলিবার চেষ্টা করিয়া-ছিলেন। সে সময়ে এইরূপ চেষ্টারই প্রয়োজন এবং তাহাই অত্যন্ত স্বাভাবিক ছিল। অতএব কালধর্মবশেই স্থরেক্সনাথের প্রকৃতি

ও চরিত্র রাজসিক হইয়াছে। এরপ না হইলে ভিনি যে কাজ করিয়াছেন, তাহা কথনই করিতে পারিতেন না। লোভ, প্রবৃত্তি, আরম্ভ, অশম ও স্পৃহা এই সকলই রাজসিকতার প্রধান লক্ষণ। ধনমানাদি লাভ হইতে আরম্ভ করিলে, তাহা উত্তরোত্তর আরও অধিক পরিমাণে লাভ হউক, এই যে অভিলাষ তাহারই নাম লোভ। পরন্রব্যাদিতে যে লাল্যা ভাহাকেও লোভ বলে বটে, কিন্তু সে লোভ নিরতিশয় নিক্লষ্ট বস্তু, অতি নিম অধিকারের ধর্মাও এই লোভকে প্রশ্রেয় দেয় না। এই সোভ রাজসিক বস্তানতে। কিন্ত ধর্মাক্রমোদিত উপায়ে উত্তরোত্তর ধনমানাদি বৃদ্ধি কর্বিবার যে আকাজ্ঞা, তাহাই রজো-গুণের লক্ষণ। নিয়ত কর্ম করিবার যে ইচ্ছা, জাহারই নাম প্রবৃত্তি। কোনো বিষয় বা প্রক্তিষ্ঠানকে গড়িয়া তুলিবার যে উদ্যুম, তাহাই আরম্ভ। ইহা করিয়া, পরে উহা করিব, এইরূপ সংকল্প-বিকল্পাত্মিকা যে বৃদ্ধি, তাহাই অশম। সর্বপ্রকারের সামাত্র বস্ততে যে তৃষ্ণা তাহাই স্পৃহা। এই লোভ, প্রবৃত্তি, আরন্ত, অশম ও স্পৃহা, শাস্ত্রে এই দকলকেই রজোলক্ষণ বলিয়াছেন। স্থরেক্রনাথের মধ্যে এই সকল লক্ষণগুলিই বেশ ফুটিয়া উঠিয়াছে। আর এই দকলের দারাই তাঁর প্রকৃতিব রজোপ্রাধান্ত প্রমাণিত হয়। এই রাজসিকতাই স্বরেক্তনাথের জীবনের ও চরিত্রের একদিকে বলের ও অক্তদিকে তুর্বলতার হেতু হইয়া আছে। তাঁর ভাল ও মল, উৎকর্ষ ও অপকর্ষ, উভায়ই এই রাঞ্চানক প্রকৃতি হইতে উৎপন্ন হইয়াছে।

আপনার কর্মজীবনের প্রারভেই স্থারেন্দ্র-

নাথ যে ঘোর বিপাকে পতিত হন, দেরূপ **ষপাকে প**ড়িয়া অতি অল্প লোকেই আবার মাথা তুলিয়া দাঁড়াইতে পারিত। ধন-মানের আশা করিয়াই সংসারে প্রবেশ করিয়াছিলেন. সহসা ধন-মান-পদ সকল হারাইয়া, নির্তিশয় দারিদ্রের মধ্যে পড়িয়া গেলেন। যাহা কিছু পৈতৃক সম্পত্তি ছিল, তাঁহার পদচ্যতির আদেশের বিৰুদ্ধে বিলাত আপীল ক্রিতে ঘাইয়া, তাহাও এককপ নি:শেষ হইয়া গেল। পৈতক ভদ্রাসনের নিজের অংশটুকু মাত্র অবলম্বন করিয়া, দারিদ্রোর বিভীষিকা মাথায় লইয়া, আবার কলিকাতায় আসিয়া স্থরেন্দ্রনাথ দাঁড়াইলেন। স্থরেন্দ্রনাথ রাজকর্মেই জীবন অতিবাহিত করিবেন ভাবিয়া, তাহারই উপ-যুক্ত শিক্ষা লাভ করিয়াছিলেন; কোনো ব্যবসায়িকবিদ্যালাভ করেন নাই। রাজদ্বারে লাঞ্চিত হইয়া অন্তত্ত তাঁহার বিদ্যার ও যোগাভার উপযুক্ত কর্ম লাভ করাও তথন সম্ভব ছিল না। কিন্তু পদ্যুত এবং একরপ হতসর্বন্ধ হইয়াও স্থরেন্দ্রনাথ কিছুতেই দমিয়া গেলেন না। আপনার পুরুষকারের প্রভাবে সমুদায় প্রতিকৃল অবস্থাকে উপেক্ষা করিয়া নৃতন ক্ষেত্রে নৃতন কর্মজীবন গড়িতে আরম্ভ করিলেন। কিছু দিন পূর্ব্বে যে ব্যক্তি আসিষ্ট্যান্ট ম্যাজিষ্ট্রেট রূপে ইংরেজ রাজপুক্ষ-দিগের সমকক হইয়াছিলেন, তিনিই এখন শীমান্ত বেতনে মেট্ৰেপলিটন কালেজে অধ্যাপকের কর্ম গ্রহণ করিয়া আপনার জীবিকা অর্জন করিতে লাগিলেন। এর্নপ অবস্থায় পড়িলে অনেক লোকই একেবারে ভাঙ্গিয়া চুরিয়া যাইত। পুনরায় আপনাকে প্রতিষ্ঠিত করিবার যে শক্তি ও উদ্যম আবশ্যক,

অনেক লোকেই তাহা আর সংগ্রহ করিতে পারিত না। কিন্তু দমিয়া যাওয়া কাহাকে বলে, স্থরেন্দ্রনাথ ইহা একেবারেই জানেন না। জীবন-সংগ্রামে স্থরেক্রনাথ সময় সময় হটিয়া গিয়াছেন, কিন্তু কথনই পরাভূত হ'ন নাই। ইহা তাঁহার প্রকৃতিগত উচ্চ অঙ্গের রাজসিকতারই ফল। জীবের জীবনী-শক্তি একদিকে ব্যাঘাত পাইলে যেমন আর এক-দিকে আপনাকে গড়ুিয়া তুলিতে চেষ্টা করে, স্থরেন্দ্রনাথের বলবতী কর্মস্পূহাও এই রূপে যথনই একদিকে প্রতিকূল অবস্থার দ্বারা প্রত্যাহত হইয়াছে তথনই অপূর্ব্ব কুশলতা সহকারে, আপনার অস্তঃপ্রকৃতির প্রেরণাতেই যেন, অজ্ঞাতসারে নৃতন পথে যাইয়া আত্ম-চরিতার্থতা লাভের চেষ্টা করিয়াছে। রাজ-কর্মে প্রতিষ্ঠা লাভ করিবার আশায় স্থরেক্স-নাথ প্রথম সংসারে প্রবেশ করিয়াছিলেন। সে আশা যথন অকালে সমূলে উৎপাটিত হইয়া গেল, তখন তিনি স্বদেশের রাষ্ট্রীয় জীবনের বৃহত্তর কর্মক্ষেত্রে প্রতিষ্ঠিত করিতে কৃতসংকল্প হইয়া, সেই দিকে আপনার শরীর মনের সমুদায় শক্তি নিয়োগ করিতে আরম্ভ করিলেন।

হুরেন্দ্রনাথের যোগসিদ্ধি

স্থরেন্দ্রনাথের মধ্যে কথনো ধর্মজীবনের কোনো প্রকারের বাহ্য আড়ম্বর দেখা যায় নাই। তিনি ঈশ্বর মানেন; কিন্তু সার্থক বা নির্থক ঈশ্বর-প্রসঙ্গে কথনো কালাতিপাত করেন বলিয়া শুনা যায় নাই। স্বদেশের বা বিদেশের ধর্মশাস্ত্রের বা তত্ত্ববিদ্যার সঙ্গে তাঁহার যে কোনো প্রকারের সাক্ষাৎ ও ঘনিষ্ঠ পরিচয় ছিল বা আছে, এমনও কোনো

প্রমাণ পাওয়া যায় নাই। কিন্তু পূর্বজন্মের স্কুক্তিবলেই হউক, আর অহেতুকী ভাগবতী-কুপা গুণেই হউক, স্বরেন্দ্রনাথ আপনার কর্ম-'জীবনের ভিতর দিয়াই যে এক প্রকারের যোগসিদ্ধি লাভ করিয়াছেন, ইহাও একেবারে অস্বীকার করা যায় না। স্থরেন্দ্রনাথ রাগছেষ-হেরাগী পুরুষ নহেন। পুত্রদার-গৃহাদিতে তার আসক্তি নাই এবং এ সকলের ইষ্টানিষ্টলা শে তাঁরু চিত্ত বিচলিত হয় না, এমনও নহে। প্রত্যুত তাঁর মত প্রীতিশীল পতি ও সন্তানবৎসল পিতা আমাদের দেশেও সর্বাদ। সর্বাত্ত দেখা যায় না। কিন্তু তাঁহার कर्मजीवरनत आस्त्रारन, निननीमनगठ जन-বিন্দুর স্থায়, এই সকল স্নেহ্মমতার আসক্তি তাঁহার চিত্ত হইতে সর্ব্বদাই অনায়াদে ঝরিয়া প্ৰভিতে দেখিয়াছি। প্ৰথম জীবনে নবীন পুত্রশোক এবং শেষ জীবনে নিদারুণ পত্নী-বিয়োগ, এ সকলের কিছুতেই ক্ষণকালের জন্মও তাঁহার স্বাদেশিক কর্মচেষ্টার কোনোই ব্যাঘাত জন্মাইতে পারে নাই। ভারত-সভার প্রতিষ্ঠা-দিনে স্থরেক্রনাথের পুত্র-বিয়োগ হয় ⁱ বন্ধগণ যথন তাঁহাকে সভাস্থলে আসিবার জন্য ডাকিতে যান, তথন স্থরেন্দ্রনাথ নিদারুণ পুত্র-শোকে অধীর হইয়া, ছিন্নমূল কদলীর স্থায়, ধুলায় লুষ্ঠিত হইতেছিলেন। কিন্তু ভারত-সভার প্রতিষ্ঠার জন্ম সভাস্থলে তাঁহার উপ-স্থিতি একান্ত প্রয়োজন হইয়াছে শুনিয়া, দেই শোকাহত স্থরেন্দ্রনাথ তথনই শোকবেগ সংবরণ করিয়া, চক্ষের জল ও অঙ্গের ধূলি মুছিয়া, উঠিয়া দাঁড়াইলেন । এইরূপ ধৈর্য্য ও সংযম পূৰ্ব্বজন্মলন্ধ যোগশক্তির প্রভাবেই প্রাকৃত বনে সম্ভব হয়। আবার বিগত কংগ্রেসের

প্রাকালে, এই বৃদ্ধ বয়সে, পদ্মীবিয়োগবিধুর স্বরেন্দ্রনাথ এক দিনের জন্মও যে আপনার দৈনন্দিন কর্ম হইতে অবসর গ্রহণ করেন নাই ইহা দেখিয়াও তাঁহাকে মুক্তপুরুষ বলিয়াই এই মুক্তভাব সাধনালব্ধ নহে, মনে হয়। সহজসিদ্ধ । ইহাই তাঁহার জীবনের মূলস্থত্ত। আর সেই কর্মজীবনে তিনি যে অনন্যসাধারণ প্রতিষ্ঠা লাভ করিয়াছেন, এই সহজসিদ্ধ মুক্তভাবই তাহার নিগৃঢ় হেতু। এই মুক্তভাব আছে বলিয়াই, স্থরেক্রনাথ কখনও অতীতের নিক্ষলতার স্মৃতিকে ধরিয়া ভূতলে পড়িয়া থাকেন নাই। ইহার জন্মই তিনি নামা প্রতিকূল অবস্থার মধ্যেও কথনো আত্মহারা হ'ন নাই। আর এই জন্মই সময়ে সময়ে আশেষ প্রকারের নিন্দা ও অপবাদের ভাগী হইয়াও, স্থরেন্দ্রনাথ কথনই আপনার অভীষ্ট কর্ম্মপথ পরিত্যাগ করেন নাই।

স্বেক্তনাথ জনপ্রিয় লোকনায়ক হইয়াও কোনো দিনই লোক-নিন্দার হাত এড়াইতে পারেন নাই। বরং সময়ে সময়ে তিনি এতটাই লোক-নিন্দার ভাগী হইয়াছেন যে, অন্ত লোকে সেই অপবাদ মাথায় লইয়া আবার কথনও লোক-নেতৃত্বের দাবী করিতে সাহস পাইত কি না সন্দেহ। রাজকর্ম হইয়া পড়িলে যে বিদ্যাসাগর তাঁহাকে অযাচিত আশ্রয়দান করিয়াছিলেন, স্থরেশ্রনাথ যখন সেই বিদ্যাসাগরের মেট্রোপলিটন কালেজের প্রতিশ্বন্দী সিটি কালেজে কর্ম গ্রহণ করেন এবং অল্পদিন মধ্যে আপনি সেই মেট্রোপলিটন কালেজের আর একটা প্রবল প্রতিশ্বন্দী, রিপণ কালেজের, প্রতিষ্ঠা করেন

তথন তাঁহার কুয়শে বাংলার শিক্ষিত সমাজ মুখরিত হইয়া উঠিয়াছিল। কিন্তু স্থারেন্দ্রনাথ নীরবে সেই নিন্দাবাদকে উপেক্ষা করিয়া অল্ল-দিন মধ্যেই জনসাধারণের চিত্তে আপনার পূর্বতন প্রভাব পুনঃ প্রতিষ্ঠিত করেন। ইহার কিছু দিন পরে তাঁহার রিপণ কালেজের আইন বিভাগের অবৈধ আচার আচরণ লইয়া, একটা বিষম গোল বাধিয়া **উ**टर्र এবং এই কালেজ একেবারে উঠিয়া যাইবার আশন্ধা পর্যান্ত উপস্থিত হয়। আর যে ভাবে স্থরেন্দ্রনাথ এই আসন্ন হইতে আপনার কালেজটী রক্ষা করেন, তাহা লইয়াও শিক্ষিত বঙ্গসমাজের সর্বত তাঁহার যে কুষশ রটনা হয়, সেরূপ কুষশকে ঠেলিয়া কোন লোকনায়ক স্বাদেশিক কর্ম-ক্ষেত্রে অটল দাঁডাইয়া থাকিতে ভাবে পারিতেন কি না সন্দেহ। আর শোকে मःयम, विभाग देशका, निन्ता-अभवाग উপেক।, প্রতাক্ষ নিফলতার মধ্যেও অসাধারণ কর্মো-তম, এ সকলই স্থারে<u>ন্দ্র</u>নাথের পূর্বজন্মসিদ্ধ যোগশক্তির প্রমাণ প্রদান করে। স্থরেন্দ্র-নাথের জীবনের ক্বতিজের পশ্চাতে এই যোগ-শক্তিকে প্রত্যক্ষ না করিলে তাহার প্রকৃত মর্ম ও মূল্য বোঝা অসম্ভব হইবে। স্বরেক্রনাথের এই সংযম, এই উপেক্ষ। ও এই কর্মোল্সম, এ সকল উচ্চতম রাজ্সিকতারই লক্ষণ। এ সকলে স্থরেন্দ্রনাথের অসাধারণ পুরুষকারেরই প্রমাণ পরিচয় প্রদান করে।

স্ব্রেন্দ্রনাণের কর্মজীবনে পুরুষকার ও দৈব কিন্তু এ সংসারে পুরুষকার যতই কেন প্রবল হউক না, দৈবের সঙ্গে যুক্ত না হইলে, তাহা কথনই সিদ্ধিলাভে সমর্থ হয় না। সর্কা

বিষয়েরই সিদ্ধি দৈব ও পুরুষকারের 😎 যোগাযোগের উপরে একান্তভাবে নির্ভর করে। স্থরেন্দ্রনাথ আপনার কর্মজীবনে যে অসাধারণ প্রতিষ্ঠালাভ করিয়াছেন, তাহা কেবলই তাঁহার অনন্যাধারণ পুরুষকারের ফল পুরুষকার আমাদিগের ভিতরকারই কথা। আমাদের অন্তঃপ্রকৃতিকে অবলম্বন করিয়াই তাহা প্রকাশিত হয়। কিন্তু এই পুরুষকারের দারা আমাদের জীবনের বাহিরের অবস্থা-ও ব্যবস্থার সৃষ্টি বা যোগাযোগ সাধিত হয় না। এ সকল যোগাযোগ দৈবই সংঘটন করিয়া থাকেন। নেপোলিয়ানের অসাধারণ পুরুষকার লোকপ্রসিদ্ধ। কিন্তু ফরাদীবিপ্লবের তরঙ্গমুথে না পড়িলে, আর যে সকল আদর্শের প্রেরণায় এবং যে সকল রাষ্ট্রীয় ও সামাজিক শক্তি-সংঘর্ষে সেই মহাবিপ্লবের স্থচনা र्य, অহুকূলতা না পাইলে, সে অলোকসামান্ত পুরুষকার কথনই ফুরিত হইত না এবং শ্বুরিত হইলেও কথনই আপনার সম্যক্ চরিতার্থতা লাভে সমর্থ হইত না। আর যে সকল ঘটন: সম্পাতে ও যে সকল ব্যবস্থা ও অবস্থার যোগাযোগে নেপোলিয়ানের পুরুষকার ক্রারিত ও কুতার্থ হইয়াছে, তাহা তাঁহার স্কৃত নহে, কিন্তু সম্পূর্ণরূপেই দৈবকৃত। স্থরেন্দ্রনাথের পুরুষকারের আত্মপ্রতিষ্ঠাতেও এই দৈবের কার্য্যই প্রত্যক্ষ রহিয়াছে।

যে সকল বিশেষ অবস্থা ও ব্যবস্থাদির যোগাগোগে স্থরেন্দ্রনাথের প্রতিভা ও পুরুষকার আত্মপ্রকাশের অন্তক্ল এবং সময়ো-চিত অবসর প্রাপ্ত হয়, তাহা দৈবেরই কার্য্য। এরূপক্ষেত্র ও অবসর না পাইলে স্থরেন্দ্রনাথের কর্মজীবন যে অসাধারণ সফলতালাভ

করিয়াছে, তাহা কথনই লাভ করিতে পারিত না। ফলতঃ স্থারেন্দ্রনাথের প্রতিভা অতিশয় অলোকসামান্ত, কিম্বা তাঁহার পাণ্ডিতাের গভীরতা বা প্রদার যে খুবই বেশী. তাহা নহে। তাঁহার অপেক। শ্রেষ্ট মনীয়ী তাঁর পূর্ব্বেও অনেকে এই বাংলাদেশে জন্মিয়া-ছেন; তাঁর জীবনকালেও অনেকে ছিলেন এবং আছেন। কৃষ্ণদাদের মত রাষ্ট্রীয় বৃদ্ধি কিমা রাজেন্দ্রলালের মত পোণ্ডিতা স্থরেন্দ্র-নাথের কখনই ছিল না। এমন কি কোনো কোনো দিক্ দিয়া শিশিরকুমারের প্রতিভাও স্থরেন্দ্রনাথের প্রতিভা অপেক্ষা শ্রেষ্ট ছিল বলিয়াই মনে হয়। অথচ স্থরেক্রনাথ আধুনিক ভারতবর্ষের ইতিহাসে যে অক্ষয় কীর্ত্তি অর্জ্জন করিয়াছেন, ইহাঁদের কেহই সে কীর্ত্তি অর্জ্জন করিতে সক্ষম হন নাই। ইহার প্রধান কারণ এই যে স্থরেন্দ্রনাথের প্রতিভা ও পুরুষ-কারের সঙ্গে দৈবের যে অন্তকূল যোগাযোগ স্থাপিত হইয়াছে, এ দেশের তাঁর সম্পাম্য়িক কিশ্বা অব্যবহিত পূৰ্ব্ববৰ্ত্তী অন্ত কোনো লোক-নায়কগণের ভাগ্যে তাহা ঘটে নাই। ক্লফদাস. রাজেক্রলাল, শিশিরকুমার আপন আপন শক্তি অক্সারে সকলেই স্বদেশের সেবা করিয়া গিয়াছেন। ইহাঁদের সাধনবলে বাংলার আধুনিক রাষ্ট্রীয়জীবন অনেক পরিপুষ্টিলাভ করিয়াছে। কিন্তু সত্য কথা বলিতে গেলে ভারতের ভবিষ্যৎ ইতিহাসে ইহাঁদের কাহারো নাম থাকিবে কি না সন্দেহ। পণ্ডিতসমাজে অসাধারণ প্রতিভাশালী প্রত্নতত্ববিদ্ বলিয়া অনেক দিন রাজেন্দ্রলালের খ্যাতি থাকিবে। বাংলার আধুনিক রাষ্ট্রীয়জীবনের ক্রমবিকাশের ইতি-হাসে কৃষ্ণদাসের এবং শিশিরকুমারের নামও

কতকটা থাকিবারই কথা। উত্তবিংশ শতান্দীর ভারতের দেশীয় সংবাদপত্রের ইতিহাসেও এই তুই বাংলা সংবাদপত্র সম্পাদকের নাম কতকটা थाकिया याहेरत। कांत्रण "हिन्तू-भारिष्टे यहे" "অমৃত-বাজার"কে উপেক্ষা এদেশের আধুনিক সংবাদপত্তের ইতিহাস রচনা করা সম্ভব নহে। কিন্তু আধুনিক ইংরাজী-শিক্ষাপ্রাপ্ত জীবনে ও চরিত্রে স্থরেন্দ্রনাথের প্রতিভা ও পুরুষকার যে শক্তিসঞ্চার করিয়াছে, কৃষ্ণদাস কিম্বা রাজেব্রুলাল কিম্বা শিশিরকুমার তাহা হয় নাই। স্বরেন্দ্রনাথের অসাধারণ বাগ্মিতা-শক্তি ইহার একটা প্রধান কারণ বটে; কিন্তু কেবল এই বাগিতা-প্রভাবেই স্থরেন্দ্রনাথ এই ক্বতিত্ব করিতে পারিতেন না।

সরেন্দ্রনাথের বাগ্মিতা-শক্তি

সত্য বলিতে কি, স্থরেন্দ্রনাথের বাগ্মিতা-শক্তিও যে অত্যন্ত উচ্চ-অঙ্গের এমন কথাও বলা যায় কি না সন্দেহ। স্থরেক্রনাথের ইংরেজী-বক্তার শব্দ-সম্পদ অতি অদ্ভূত, ইহা অম্বীকার করা যায় না। ভারতবর্ষের বক্তাদের ত কথাই নাই, ইংরেজবাগ্মিগণের বক্তৃতাতেও এরপ অসাধারণ শব্দসম্পত্তি অতি অন্নই দৃষ্ট হয়। কিন্তু স্থললিত শব্দ-যোজনায় স্থারেন্দ্রনাথের বাগ্মিতা যে অন্য-দক্ষতালাভ করিয়াছে. গভীরতায় কিম্বা ভাবের মৌলিকতায় অথবা যুক্তিপরস্পরা-প্রয়োগে কোনো সিদ্ধান্ত বিশেষের প্রতিষ্ঠার নিপুণতায় দেরপ শ্রেষ্টব লাভ করে নাই। স্থরেক্তনাথের বাগ্মিতা বহুল ধ্বন্থাত্মক। সঙ্গীতের শক্তিও পরিমাণেই

এইরূপই ধ্বক্তাত্মক। আর সঙ্গীত যেমন দাবাই ধ্যগ্রাত্মক স্বরগ্রামের মানবের চিত্রকে বিবিধভাব।বৈগে উদ্বেলিত করিয়া তলে, স্থরেন্দ্রনাথের বাগিতাও সেইরূপ শক্তিশালী শব্দপ্রবাহের বলেই শ্রোতৃবর্গের চিত্রে তডিৎ-সঞ্চার করিয়া থাকে। সঙ্গীতের স্বব্রাম যতক্ষণ কর্ণপটাহে আহত করিতে থাকে, ততক্ষণই যেমন তার প্রভাব চিত্তকে অভিভূত করিয়া রাথে, কিন্তু সে স্থরলয় প্রবাহ যথন বন্ধ হইয়া যায় তথন তার অশ্রীরী শৃতিমাত্র পড়িয়াথাকে, কিন্তু তার মধ্যে ধরিবার ছু ইবার বড় বেশী কিছুই থাকে না; স্থরেন্দ্র-নাথের বাগিতার শব্দপ্রবাহও সেইরূপ ফলই উৎপাদন করে। যুক্তঞ্চণ কণ্ঠস্বর কানে বাজিতে থাকে, তভক্ষণই তার উন্মাদিনী উদ্দীপনা চিত্তকে করিয়া রাথে, কিন্তু কর্ণের সঙ্গে সেই শব্দ-শ্রোতের যোগ বিচ্ছিন্ন হইবার সঙ্গে দে উদ্দীপনার নেশাও ধীরে ধীরে ছুটিতে আরম্ভ করে এবং কিয়ৎক্ষণ পরে তার শ্বতিমাত্রই জাগিয়া রহে, কিন্তু সে বক্তৃতার চিন্তাযু**ক্তি**র প্রভাব শ্রোত্বর্গের জান চরিত্রকে অধিকার করিতে সমর্থ रुष् ना। অতএব স্থরেক্তনাথ কেবল আপনার অসাধারণ বাগ্মিতাবলেই আধুনিক ভারতবর্ষের ইতিহাসে এই অনগ্য-প্রতিক্ষদী প্রতিষ্ঠা লাভ করিয়াছেন, এরূপ দিদ্ধান্ত করা যায় না।

আর স্থরেক্সনাথের বাগ্মিতার এই অভ্ত শব্দম্পদও প্রকৃতপক্ষে সহজ্ঞদিদ্ধ নর। যে সকল সাহিত্যিকের শব্দসম্পদ সহজ্ঞদিদ্ধ, তাঁহাদের শব্দবিশ্বাসের অন্তরালে সর্বাদাই হয়

ভাবরাজ্যের কিম্বাজ্ঞানরাজ্যের কিম্বা বাহিরের বিষয়জগতের কিম্বা সামাজিক ও ঐতিহাসিক অভিজ্ঞতার একটা অসাধারণ বস্তুতন্ততা বিদ্যা-মান থাকে। এই বস্তুতম্বতা হইতেই সহজ্ঞসিদ্ধ সাহিত্যিকের শব্দশক্তি উৎপন্ন হয় । যে मकल (लथक ७ वक्तांत संसमन्त्रम महज्जितिक, তাঁহাদের রচন। ব। বক্ততার প্রভাব সাময়িক উদ্দীপনাতেই পৰ্য্যবৃদ্ত হয় না; পাঠক ও শ্রোতৃবর্গের জ্ঞানে ও জীবনে সর্ববদাই স্বলবিস্তর স্থায়িত্ব লাভ করিয়া থাকে। ঘাঁহাদের শব্দসম্পদ সহজ্ঞসিদ্ধ নয় কিন্তু কঠোর সাধনালন, তাঁহাদের সাহিত্যচেষ্ট। অনেকসময় বস্তুতন্ত্ৰতাহীন হইয়াএই স্থায়ী ফললাভে অসমৰ্থ হয়। স্থরেক্রনাথের শব্দসম্পদ্ও সাধন-লব্ধ। তাঁহার শ্বতিশক্তি অসাধারণ। এই শ্বতিবলে শ্বসম্পদ্শালী ইংরেজ্-লেপকের গ্রন্থ তাঁহার কণ্ঠন্থ হইয়া আছে। সকল ইংরেজ-লেথকের শব্দসম্পদ আয়ত্ত করিয়াই স্থরেন্দ্রনাথের বক্তৃতা এমন সম্পত্তি-শালী হইয়াছে। আর পরদনপুষ্ট বলিয়াই স্করেক্স-নাথের বাগ্মিতার শব্দশক্তির পশ্চাতে সর্বন। কোনও সজীব বস্বতন্ত্ৰত। বিদামান থাকেনা এবং এই কারণেই তাহার উদ্দীপনাও স্থায়ী হয় না। কিন্তু এ সকল সত্ত্বেও প্রধানতঃ আপনার বাগিতাবলেই স্থরেন্দ্রনাথ আধুনিক ভারতবর্ধের রাষ্ট্রীয় চিন্তায় ও কর্মজীবনে যে স্থায়ী প্রতি-পত্তিলাভ করিয়াছেন, তাঁহার পুরুষকারই ইহার একমাত্র হেতু নহে, ইহার দৈবপ্রভাবও প্রত্যক্ষ হয়।

দেশকালের যথাযোগ্য যোগাযোগ ব্যতীত এ জগতে কি সাংসারিক কি পারমার্থিক কোনো প্রকারের সাধনাতেই লোকে সিদ্ধি

লাভ করিতে পারে না। আর দৈবরূপায় স্থবেদ্রনাথের কর্মজীবনে এই যোগাযোগ ঘটিয়াছিল বলিয়াই তিনি এতটা সফলতা লাভ করিতে পারিয়াছেন। স্থরেন্দ্রনাথ পর্যান্তও তাঁর স্বদেশের প্রাণবন্ধর সংস্পর্শ লাভ করিতে পারিয়াছেন কি না সন্দেহ। তাঁর কর্ম্মজীবনের প্রথমে যে তিনি এই প্রাণ-স্রোতের একাস্ত বাহিরে পড়িয়াছিলেন, ইহা অস্ব'কার করা অসম্ভব। কিন্তু তাঁর সমসাময়িক ইংরেজিশিকিত স্বদেশবাসিগণের এই অবস্থা ছিল। সেকালে ইংরেজিশিক্ষিত বাপালীগণ ইংরেজিতেই কথাবার্ত্তা ও পত্র-ব্যবহার করিতেন, ইংরেজি ধরণেই চিন্তা করিতেন, ইংরেজি সাহিত্যের অলঙ্কারাদি অবলম্বনেই নিজেদের ভাবাঙ্গসাধনের চেষ্টা করিতেন। ইংরেজসমাজের আদর্শে নিজে-দের সমাজকে এবং ইংলণ্ডের রাষ্ট্রতন্ত্রের অনুযায়ী আপনাদের রাষ্ট্রীয় জীবনকে গড়িয়া তুলিবার জন্ম ইহারা সকলেই সম্লবিস্তর লালায়িত ছিলেন। এই অবস্থায় যে স্করেন্দ্র-ইংরেজি-শব্দ-সম্পদ-পুষ্ট, ইংরেজি-অলঙ্কার-ভূষিত, ইংরেজি ভাবে অনুপ্রাণিত, মুরোপীয় ইতিহাসের দৃষ্টাস্তে উদ্দীপিত বাগ্মিতা তাঁহার স্বদেশের ইংরেজিশিকিত সম্প্রদায়ের প্রাণকে মাতাইয়া তুলিয়াছিল, ইহা কিছুই ৰিচিত্ৰ নহে।

ইংরাজি-শিক্ষা, স্বাধীনচিত্তা ও ব্যক্তিত্বাভিদান
ইংরেজিশিক্ষা এদেশের শিক্ষিত সম্প্রাদায়ের প্রাণে একটা প্রবল ব্যক্তিত্বাভিমান
জাগাইতেছিল। অস্টাদশ ও উনবিংশ গৃষ্ট
শতান্দীব মুরোপীয় সাধনা এই ব্যক্তিত্বাভিমানকেই সত্য স্বাধীনতার আদর্শ বলিয়া গ্রহণ

করিয়াছিল, প্রাচীন যুগের যুরোপীয় সাধনায এই ব্যক্তিত্ববোধ—ইংরেজিতে যাহাকে sense of personality বলে—ভাল করিয়া ফুটিয়া উঠে নাই। গ্রীদীয় সাধনা জনসমাজকে অঙ্গীরূপে এবং সেই সমাজান্তর্গত ভিন্ন ভিন্ন ব্যক্তিকে অ**ঙ্গর**পেই দেখিয়াছিল। অঙ্গীকে ছাডিয়া যেমন অঙ্গের কোনই সার্থকতা নাই ও থাকা সম্ভবে না, সেইরূপ সমান্তকে ছাড়িয়াও সমাজান্তর্গত ভিন্ন ভিন্ন ব্যক্তির কোনো স্বতম্ব সার্থকতা যে মাছে বা থাকিতে পারে, গ্রীদীয় সাধনায় এই জ্ঞান পরিস্ফুট হয় নাই। স্থতরাং গ্রীদে যে সকল ব্যক্তি সমাজ জীবনের পঞ্জিপুষ্টিদাধনে একান্ত অসমর্থ হইত, তাগ-দিপের বাঁচিয়া থাকারও কোনো প্রয়োজন ছিল না। সমাজের ঐকান্তিক আমুগত্যই সে দেশে প্রত্যেক ব্যক্তির একমাত্র ধর্ম বলিয়া পরিগণিত হইত। যেমন গ্রীদে সেইরপ প্রাচীন ইছদায়ও কোনো প্রকারের ব্যক্তিজ-বোধ জাগিতে পায় নাই। ইহুদীয় সাধনা জনসমাজের সমষ্টিগত সার্থকতাই উপল্রি করিয়াছিল: ব্যষ্টিভাবে সমাজের অন্তর্গত ভিন্ন ভিন্ন ব্যক্তিরও যে একটা নিজম্ব লক্ষ্য ও সার্থকতা আছে, এই জ্ঞান ইহুদীয় চিস্তাতে ভাগ করিয়া ফুটিয়া উঠে নাই। প্রথম যুগের খুষ্টীয় সাধনা এক দিকে ইহুদীয় এবং অন্তদিকে গ্রীদীয় ও রোমক সাধনার উপরেই প্রতিষ্ঠিত হয়। স্বতরাং রোমক ব্যবহার-তত্ত্বের প্রভাবে এই নৃতন খৃষ্টায় সাধনায় কিয়ৎ-পরিমাণে পাপ-পুণ্যের দণ্ড-পুরস্কারসম্বন্ধে একটা ব্যক্তিত্ব-বোধ জাগিলেও বহুদিন পর্যান্ত প্রকৃত ব্যক্তিত্ব-মর্যাদা প্রতিষ্ঠিত হয় নাই। ইহুদীয় সমাজতন্ত্র এবং গ্রীদীয় ও রোমক রা**ষ্ট্র**তন্ত্রের

স্থানে নৃতন খৃষ্ঠীয় সজ্য প্রতিষ্ঠিত হইয়া খৃষ্ঠীয়ান বাক্তিত্বাভিমানকে জনমণ্ডলীর এগানেও stপিয়া রাখিতে লাগিল। ইহুদায় ও গ্রীসে যানন সমাজান্তৰ্গত ভিন্ন ভিন্ন ব্যক্তিকে একান্ত ভাবেই সমাজশক্তির ও রাষ্ট্রশক্তির অধীন করিয়া রাথিয়াছিল, প্রথম যুগের খৃষ্টীয় সাধনাও সেইরূপই খুষ্টীয়ান জনসাধারণকে একান্তভাবেই ('hurch এর বা খুষ্টায় সভেষর অধীন করিয়া রাখে। প্রভূশক্তির রূপান্তর ও নামান্তর হইল মার, কিন্তু জনমণ্ডলীর ঐকান্তিক পরাধীনতার কোনত পরিবর্ত্তন হইল না। এইরূপে যেমন প্রাচীন গ্রীক ও রোমক তন্ত্রে, সেইরূপ নৃতন গৃষ্টার তম্ব্রেও জনগণের ব্যক্তিত্ব-মর্যাদার প্রতিষ্ঠা হয় নাই। বহু শতাক ব্যাপিয়া এক দিকে পৌরহিত্য-প্রধান রোমক খুষ্টীয় সঙ্ব ও অন্তদিকে স্বেচ্ছাচারী প্রজারঞ্জনবিমুথ খৃষ্টীয়ান ভূপতিবর্গ, উভয়ে মিলিয়া যুরোপীয় জনমণ্ডলীর স্বাবীন চেষ্টাকে <u>এন্তর্বাহ্য</u> সর্ব্বপ্রকারের একান্ত ভাবে অবরুদ্ধ করিয়া, তাহাদের প্রাণ-গত ব্যক্তিত্ব ও মনুষ্যত্বকে নিভান্ত নিজীব করিয়া রাখিয়া**ছিলেন। ধর্ম্মের প্রামাণ্য**-বিচারে স্থাভিমতের এবং রাষ্ট্রীয়-শাসন-ব্যাপারে 'লোকনতের কোনই অধিকার ও মর্যাদা ছিল না। রোমক সজ্যের প্রধান পুরোহিত ব। পোপ একদিক দিয়া লোকের ধর্মজীবনে আপনাকে ঈশ্বরের সাক্ষাৎ প্রতিনিধি বলিয়া প্রতিষ্ঠিত করিয়াছিলেন। অক্তদিকে খৃষ্টীয়ান রাণ্সবর্গও জনগণের সংসারিক কর্মজীবনে এখরিক মর্যাদার দাবী করিয়া তাহাদিগকে নিজেদের পদানত করিয়া রাথিয়াভিলেন। যোড়শ খুষ্টীয় শতাকীতে রোমান ক্যাথালিক ৌরহিত্যের অতিপ্রাক্বত প্রভূষের প্রতিবাদ

করিয়া মার্টিন লুথার খৃষ্টীয় জগতে ধর্ম্মের প্রামাণ্যবিচারে জনগণের স্বাভিমতের প্রাধান প্রতিষ্ঠিত করেন। তথন হইতেই খুষ্টীয় সমাজে স্বাধীন চিস্তার বা Free Thought এর উন্মেষ হইতে আরম্ভ করে। মার্টিন লুথার রোমক অধিপত্তি পোপের অতি প্রাকৃত প্রভুষের দাবীই অগ্রাহ্য করেন; কিন্তু খৃষ্টীয় ধর্মশাস্ত্র বাইবেলের অতিপ্রাক্কত প্রামাণ্য অস্বীকার করেন নাই। বাইবেলের প্রামাণ্য স্বীকার করিয়া তিনি প্রত্যেক সাধক ও যজমানকে, ভগবৎ প্রেরণাধীন হইয়া, আপনাদের ধর্মগ্রন্থের যথায়থ মর্ম-নির্নারণের অধিকার প্রদান করেন। বোমক খুষ্টীরমণ্ডলী মধ্যে অতিপ্রাকৃত শাস্ত্র এবং সেই শাস্ত্রের মর্মনির্দারণের জন্ম অতিপ্রাক্বত শক্তি-সম্পন্ন গুরুরই কেবল প্রতিষ্ঠা ছিল, কিন্তু সাধারণ খৃষ্টীয় সাধক ও সাধনার্থী জনমগুলীর স্ব।ভিমতের কোনোই স্থান ছিল না। মার্টিন লুথার যে সংস্কৃত খৃষ্টধর্মের প্রচার করেন, তাহাতে শাস্ত্র প্রভিমতেরই প্রতিষ্ঠা হয়. किन्तु मम्ख्यकंत (कारमा श्राम इय मार्टे। धर्या-শাস্ত্র মাত্রেই প্রাচীন কালের ধর্মজীবন ও অধ্যাত্মিক অভিজ্ঞতার বিবরণ লিপিবদ্ধ হইয়া আছে। স্বতরাং এই সকল শাস্ত্রের প্রকৃত মর্ম্ম উদ্যাটন করিতে হইলে দীর্ঘকাল-ব্যাপী তপস্থার বলে তাহাব আধ্যাত্মিক অভিজ্ঞতা অর্জ্জন করা আবশ্যক হয়। সর্ব্ধপ্রকারের গভীর আধ্যাত্মিক-অভিজ্ঞতা-বিহীন প্রাকৃত ছনের পক্ষে কেবল ব্যাকরণের বাংপত্তির কিম্বা লৌকিক স্থায়ের যুক্তির বলে অলোকিক আধ্যাত্মিক সম্পদসম্পন্ন ধর্ম-প্রবর্ত্তকগণের উপদেশের প্রকৃত মর্ম্ম উদ্ঘাটন

করা একাস্তই অসম্ভব। সে অভূত চেষ্টা সর্বাদাই বন্ধ্যার পুত্রশোকের ব্যথার ন্থায় কল্পিত ও অলীক হইবেই হইবে। কেবল সন্তানবতী ব্মণীই যেমন আপনার অন্তরের বাংসল্য রসের অভিজ্ঞতার দারা অপরের মাতৃ-ম্নেহের বিবিধ প্রকাশের প্রকৃত মর্ম্ম নির্দ্ধারণ করিতে পারেন; সেইরূপ অন্যাস্থারণ সাধ্মসম্পদ-সম্পন্ন সদ-গুকুগণই নিজেদের গভীর আধ্যাত্মিক অভিজ্ঞ তার দারা পুরাতন শাস্ত্রের প্রক্কতমর্শ্ম উদ্ঘাটন করিতে সমর্থ হন। প্রত্যেক বিদ্যার শাস্ত্রই, বহুকাৰব্যাপীসাধনা দারা যাঁহারা সেই বিদ্যাকে প্রকৃতভাবে অধিগত করিয়াছেন, সেইরূপ অধ্যাপক ও আচার্য্যগণের শিক্ষার সত্যাসত্যের সাক্ষ্য দেয়; আর এই সকল অধ্যাপক এবং আচার্য্যগণও নিজেদের প্রত্যক্ষ অভিজ্ঞতা বলে আপনাদের বিদ্যাসম্বন্ধীয় শাস্ত্রের সত্যা-সতা নিষ্কারণে সমর্থ হন । অতএব ধর্ম-শাস্ত্রের মর্ম্ম উদ্ঘাটনে সদ্গুরুর প্রামাণ্য ও প্রয়োজন নাই, এ কথা বলিলে চলিবে কেন ? অথচ মার্টিন লুথার-প্রবর্ত্তিত Protestant খৃষ্টীয় সাধনা ধর্মসাধনে কেছন শাস্ত্রের ও স্ব।ভি-মতের সেইরূপ সদ্গুরুরও যে একট। সঙ্গত স্থান ও অধিকার আছে, ইহা অস্বীকার করে। ইহার ফলে প্রথমে ধর্মাশাস্তের মর্মানির্দারণে প্রাক্কত জনের অসংস্কৃত বিচারবৃদ্ধি এবং লৌকিক স্থায়ের ইন্দ্রিয়-প্রত্যক্ষ অনুসান ও উপমান এই প্রমাণ্ডয়ই একমাত্র কষ্টিপাথর হইয়া দাঁড়ায় এবং ক্রমে প্রাকৃত বৃদ্ধি বিচারের প্রাবল্য হেতু শাস্ত্রের প্রামাণ্যমর্য্যাদাটুকুও একেবারে নষ্ট হইয়া যায়। এই রূপেই মুরোপে অষ্টাদশ ও উনবিংশ খুষ্ট শতাব্দীর স্বাধী, চন্তার বা Free ন্যায় Thous এবং

যুক্তিবাদের বা Rationalismএর প্রতিষ্ঠা হয়। এই স্বাধীনচিম্ভা ও যুক্তিবাদ প্রবল হইয়াই য়ুরোপীয় লোকচরিত্রে একটা অসংযত ও অসমত ব্যক্তিত্বাভিমান জাগাইয়া তুলে। এই ব্যক্তিত্বাভিমানই ফরাসীবিপ্লবের ভর্ম-মুথে সাম্য-মৈত্রী-স্বাধীনতার নামে আলু-প্রতিষ্ঠার ও আত্মচরিতার্থতালাভের চেষ্ঠা করে। আমার বুদ্ধি যাহা সত্য বলে তাহাই কেবল সত্য, সত্যের আর কোনো বাহিরের প্রামাণ্য নাই, আমার সংজ্ঞান বা Conscience যাহাকেভাল বলে তাহাই ভাল,—ইহার উপরে ভালমন্দের আর কোনো উচ্চতর বিচারক নাই-এই বস্তুকেই অষ্ট্রাদশ ও উনবিংশ গৃষ্ট শতাব্দীর মুরোপীয় সাধন। স্বাধীন চিন্তার আদর্শ বলিয়া গ্রহণ করে। এই স্বাধীন চিষ্কার প্রভাবেই য়ুরোপে স্বাধীনতার নাম একটা অসঙ্গত ও অসংযত ব্যক্তিত্বাভিমান জাগিয়া উঠে, এবং ইহার ফলে ক্রমে সমাজের গ্রন্থি শিথিল, ধর্মের প্রভাব মান এক আধাত্মিক জীৰনের শক্তি ও সতা ক্ষয় পাইতে আরিজ করে।

আধুনিক ভারতে ধর্ম ও সমাজসংস্কার

ইংরেজিশিক্ষার সঙ্গে সঙ্গে আমাদের
নব্যবিক্ষিত সম্প্রদায়ের উপরেও এই মুরোপীয়
খাধীনচিন্তার ও যুক্তিবাদের প্রভাব অত্যন্ত
প্রবল হইয়া উঠে এবং তাঁহাদের প্রাণে
খাধীনতার নামে একটা অসংয়ত ব্যক্তিথাভিমান জাগিয়া আমাদের বর্ত্তমান ধর্ম ও
সমাজসংখ্যারের স্ত্রপাত করে। এই ধর্ম ও
সমাজসংখ্যার-চেষ্টার বছবিধ ভ্রম-ক্রুটী এবং
অসম্পূর্ণভাসত্ত্বও আধুনিক ভারতের ব্যক্তিগত্ত ও সামাজ্যক জীবনগঠনের জন্ম তাংগ

যে একান্তই প্রয়োজন ছিল, কিছুতেই এ কথা অস্বীকার করা যায় না। পূর্ববদংস্কারবর্জিত না হইলে কেহ এ জগতে সভ্যের সাধনা করিতে পারে না। এই সংস্কারবর্জ্জনের নামই চিত্রগুদ্ধি। কি ব্যক্তি কি সমান্ত উভয়েরই আত্মচরিতার্থভাগাভের জন্ম এই চিত্তদ্ধির আবশ্যক হয়। 'নেতি'র ভিতর দিয়াই 'ইতি'তে যাইতে হয়। বাতিরেকী পন্থার পরেই অব্ধী পরার প্রতিষ্ঠা। ইহাই আমাদিগের প্রাচীন বেদান্তের শিক্ষা। ইংরেজ মনীথী কাল হিল, Through Eternal Nay to Eternal Yea, এই সূত্রে আমাদের এই প্রাচীন উপদেশেরই পুনরাবৃত্তি করিয়াছেন। স্মাজের অযৌক্তিক বন্ধন ছেদন করিতে উদ্যত হইয়া, ধশের শাস্ত্রবন্ধ সকল অনুশাসন অগ্রাহ্য করিয়া, কেবল আপনার ব্যক্তিগত বিচারবৃদ্ধি ও সংজ্ঞানের উপবে দাঁড়াইতে যাইয়া, আমাদিগের দেশের আধুনিক শিক্ষা-প্রাপ্ত সম্প্রদায় এই নেতি বা "না"-এর পথ ধরিয়াই, নিজেদের ও সমাজের চিত্তগুদ্ধিসাধনের চেষ্টা করিয়াছিলেন। আধুনিক বাঙালী শিক্ষিত সমাজ যেরূপ আগ্রহ সহকারে যতটা **স্বার্থতা**গে স্বীকার করিয়া এই নূতন ধর্ম ও স্মাজসংস্কারের পথ ধরিষা চলিয়াছিলেন ভারতের আর কোনো প্রদেশের লোকে সেরপ বরেন নাই। আবুর এই শাধনবলেই আধুনিক স্বাধীনতার বাংলা ∢দশে যতটা ফুটিয়া উঠিয়াছে ভারতের আর কোথাও সেরূপ ফুটিয়া উঠে নাই।

বাংলার স্বাধীনতার ও স্বদেশ-চর্যার আদর্শ ফলতঃ যে যাহাই যলুন না কেন বাংলার নিকট হইতেই যে ভারতের অপরাপর প্রদেশ-বাদিগণ বহুল পরিমাণে এই আধুনিক

স্বাধীনতার ও স্বদেশ্চর্য্যার উদ্দীপনা লাভ ক্রিয়াছেন, ইহা অম্বীকার করা যায় না। সমগ্র ভারত যথন নিদ্রিত, কেবল বাংলাই তথন জাগিয়া উঠিয়াছিল। ব্রিটিশ ভারতের অক্ত কোন প্রদেশে যথন ব্যক্তিগত বা রাষ্ট্রীয় স্বাধীনতার আকাজ্জার স্ঞার হয় নাই. ৰাঙালী তখনও এই মৃক্তিমন্ত্ৰসাধনে নিযুক্ত ছিল। আর এই জন্মই বাংলার স্বাধীনতার আদর্শের পূর্ণতা ও সজীবুতা বাঙালীর স্বাদেশিকতার ধর্মগ্রাণতা ও একনিষ্ঠা এবং বাংলার রাষ্ট্র জীবনের শক্তি ও শুদ্ধতা, এ সকল এ পর্যান্ত ভারতের অন্য কোন প্রদেশে (मथा यांग नाहे। অন্যান্ত প্রেদেশের ধর্ম-সংস্কার-চেষ্টা একদিকে নৃতনকেও নিঃসঙ্কোচে আলিখন করিতে সমর্থ হয় নাই অন্তদিকে পুরাতনের সনাতন প্রাণ-বস্তকে অবলম্বন করিরা তাহাকেও স্জীব ও সময়োপ-যোগী করিয়া তুলিতে পারে নাই। নৃতনের কুযুক্তি এবং পুরাতনের কুসংস্কারের মধ্যে একটা থিচুড়ী পাকাইবারই চেষ্টা করিয়াছে। সমাজ-সংস্কারচেষ্টাতেও অক্সান্ত প্রদেশে এইরূপ অসঙ্গতিদোষ দেদীপামান রহিরাছে। সমাজ-সংশ্বার করিতে যাইরা বাংলা আপনার বিচার-বুদ্ধির অনুযায়ী শুদ্ধ শ্রেয়ের পথই ধরিতে চাহিয়াছে, প্রেয়ের পথে চলিবার জন্ম ব্যস্ত হয় নাই, কিন্তু অক্সান্ম প্রদেশের সমাজ সংস্কারের চেষ্টাতে ভায়ের প্রেরণা অপেকা স্থাথের প্রলোভনই বলবত্তর ২ইনা আছে। সত্যের আরুগত্য অপেকা স্থবিধার অধ্যেশই তাহাতে বেশী। অস্থান্ত প্রদেশের রাষ্ট্রীয় চেষ্ট্রার মধ্যেও এখনও পর্য্যন্ত একটা সন্ধীৰ্ণ প্ৰাদেশিকতা বিদ্যমান

রহিয়াছে। কিন্তু বাংলার রাষ্ট্রীয় আদর্শ চির দিনই সমগ্র ভারতের মৌলিক একত্বের উপরে আপনাকে গড়িয়া তুলিতে চেষ্টা করিয়াছে। সেইরপ ভারতের অন্তান্য প্রদেশে প্রক্রত স্বাধীনতার আদর্শও ফুটিয়া উঠে নাই, কেবল বাংলা দেশেই তাহা ফুটিয়াছে। আর অন্তান্য প্রদেশের স্বাদেশিকতাও একদিকে ভারতের **সনাত**ন সভাতা এবং সাধনাব উপরেও প্রতিষ্ঠিত হয় নোই, আর অন্তদিকে আধুনিক জগতের শ্রেষ্টতম মানব-হিতৈয়া ও বিশ্ব-কল্যাণ-কামনার সঙ্গেও যুক্ত হয় নাই । এই সাদেশিকতা কোথাও বা একটা অন্ধ,অয়োক্তিক স্থবির ও গতামুগতিক রক্ষণশীলতার, আর কোগাও বা একটা শ্রেয়-জ্ঞানশূন্ত প্রেয়-সন্ধিৎষ বিজাতীয় পরজাতিবিদেযেরই নাগান্তর ও রূপান্তর মাত্র হইয়া আছে। অনেক স্থলেই এই স্বাদেশিকতার সঙ্গে বিশ্ব-কল্যাণ-কাম্মার ঘ্ণো-পযোগ্য সঙ্গতি প্রতিষ্ঠিত হয় নাই।কেবল বাংলা দেশেই আধুনিক স্বাদেশিকতার বা Nationalismএর সত্য ও পূর্ণ আদর্শ অনেকটা ফুটিয়া উঠিয়াছে । আর ইহার কারণ এই যে ইদানীন্তন কালে বাঙালী শিক্ষিত সমাজ স্বাধীনতার ও স্বাদেশিকতার যে উন্নত শিক্ষা লাভ করিয়াছেন, ভারতের অন্ত কোন প্রদেশ-বাসিগণ এ পর্যাপ্ত সে শিক্ষা লাভ করিবার অবসর পান নাই। বাংলার এই আধুনিক স্বাধীনতার ও স্বাদেশিকতার আদর্শকে দুট।ইয়া তুলিবার জন্ম নানা দিকে নানা লোক নানা চেষ্টা করিয়াছেন সত্য; কিন্তু এই নৃতন সাধনার প্রথম যুগের প্রধান দীক্ষাগুরু ও শিক্ষাগুরু তিনজন,— রামমোহ্ন, কেশবচন্দ্র ও স্থরেক্রনাথ।

পর্যুগের যুগ-আদর্শ ও গাজা রামমোহন

বাংলার এবং বস্তুতঃ সমগ্র ভারতবর্ষেরই, আধুনিক ধর্মজীবন ও কর্মজীবনের প্রথম গুরু রাজা রামমোহন। ইংরেজি শিক্ষায় ইংরেজের শাসনে, যুরোপীয় সভ্যতা ও সাধনার সংস্পর্শে এদেশে যে অভিনৰ আদর্শ ফুটিতে আরম্ভ করে, রামমোহনের অলোকসামান্য প্রতিভাই সম্যক্রপে তাহার সাক্ষাৎকার লাভ করিয়া, মেই আদর্শকে স্বদেশের পুরাতন সভ্যতা ও সাধনার সঙ্গে মিলাইয়া, কিরুপে তাহার পূর্ণতা সাধন করিতে হইবে, ইহা দেখাইয়া গিয়াছে। রাজা রাম্যোহন কিরূপে সমাজজীবনের সকল বিভাগে এই নৃতন যুগধর্মকে প্রতিষ্ঠিত ক্রিতে হইবে, তাহার পথ দেখাইয়া গিয়াছেন। তিনি আপনার জীবনে ও উপদেশাদিতে যে স্কাঙ্গস্থন্দর স্বাদেশিকতার আদর্শকে ফুটাইয়া তুলিবার চেষ্টা করিয়াছিলেন, ধীরে ধীরে, নানা দিক দিয়া, ঋজু কুটিলভাবে, বিগত শত বৎসর ধরিয়া, দেশের শ্রেষ্টজনেরা নিজ নিজ শক্তিসাধ্য অনুসারে সেই আদর্শেরই সাধনা করিয়া আসিয়াছেন। এই শতান্দব্যাপী সাধনার বলে সেই আদর্শ ক্রমে ক্রমে ক্ষ্টতর হইরা উঠিরাছে সতা; কিন্তু এথ নও সম্যক্রপে আয়ত হয় নাই।

কিন্তু রাসমোহন সম্পূর্ণ যোগ-আদর্শ প্রত্যক্ষ এবং প্রকাশিত করিয়াও আপনার কর্মজীবনে বিশেষভাবে তার তত্ত্বাঁঙ্গ বা theoretic sideই ফুটাইয়া তুলিয়াছিলেন। পূর্ব্বতন মুগের সঞ্চিত কর্মক্ষর ও তাহার প্রাণ-হীন সংস্কার ও অর্থহীন কর্মজন্ত্রাল পরিকার করিবার চেষ্টাতেই তাঁহার সমুদায় সনম ও শক্তি নিয়োজিত হয়। রামমোহনের শিক্ষা

সুকল অঙ্গকেই অধিকার স্মাজজীবনের ক্রিয়াছিল সতা। একদিকে যেমন ধর্ম্মের তত্ত্বাঙ্গ ও সাধনাঙ্গ, উভয় অঙ্গকেই তিনি স্থগোভিত ও স্থাংস্কৃত করিয়া, প্রাচীন ঋষিপন্থা অবলম্বনেই তাহাকে সভ্যোপেত ও সময়োপযোগী করিয়া তলিতে চেষ্টা করিয়াছিলেন, সেইরূপ অন্তদিকে স্মাজজীবনেও যে সকল অহিতাচার পুঞ্জীকৃত হট্যা উঠিয়াছিল**,** তাহারও সংস্কারসাধনে সময়োচিত যত্ন করিতে ত্রুটী করেন নাই। আব দেশের রাষ্ট্রীয় জীবনেও যাহাতে প্রজা-সাধারণের স্বত্ত-সাধীনতার সম্প্রদারণ হয়. বাজা রামমোহন সে দিকেও যথ'যোগ্য যত্ন করিয়া**ছিলেন। কিন্ত** তাহার কর্মজীবনের এই ব্যাপকতা ও বহুমুখীনতা সত্ত্বেও রাম-বিশেষভাবে ধর্ম্মসংস্কারক বলিয়াই প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। কোনও একান্ত ধর্মপ্রাণ সমাজে কোনও নৃতন আদর্শের প্রতিষ্ঠা করিতে হইলে. সর্ব্বাদৌ তাহাকে পর্ম্মের ভিতর দিয়াই ফুটাইয়া তুলিতে হয়, নত্বা সে আদর্শ সে সমাজের মর্মকে স্পর্শ করিতে পারে না। এই জন্ম রাজা রাম্মোহন নবযুগের সর্ব্বাঙ্গীন আদর্শের সাক্ষাৎকার লাভ , করিলেও তাঁহার কর্মের ঝোঁক যে ধর্মের সংসারকার্য্যের উপরেই বেশি পড়িয়াছিল, ইহা কিছুই আশ্চর্য্য নহে।

রাজার স্বাধীনতার আদর্শ

বাধীনতাই রাজা রামমোহনের শিক্ষা ও শাননার মূল মস্ত্র ছিল। ধর্মের তত্ত্বাঙ্গে ও শাননাঙ্গে এই ছুই দিকেই রাজা বিশেষভাবে এই স্বাধীনতার আদর্শকে গড়িয়া তুলিতে চেপ্তা করেন। কিন্তু একদিক দিরা অপ্তাদশ শতান্দীর মুরোপীর সাধনার স্বাধীনতার আদর্শের সঙ্গে রাজার আদর্শের যোগ ও মিল থাকিলেও. ইহা সর্বতোভাবেই সেই আদর্শ অপেকা শ্রেষ্ঠতর ও পূর্ণতর ছিল। আর স্বদেশের সনাতন সভ্যতা ও সাধনার সঙ্গে রাজার যে গভীর আধ্যাত্মিক যোগ ছিল, তাহাই তাঁহার স্বাধীনতার আদর্শের এই শ্রেষ্ঠত্বের মূল কারণ। রাজা বৈদান্তিক সাধনের একান্ত পক্ষপাতী ছিলেন। এইজন্ম বৈদান্তিক মক্তির আদর্শের সঙ্গে রাজা রামমোহনের স্বাধীনতার আদর্শের অতি নিগৃঢ় যোগ ছিল। বেদান্ত মার্গ অবলম্বন করিয়া, ইদং প্রত্যয়বাচক সর্কবিধ অনাত্ম-বস্তুর ঐকান্তিক অধীনতা হইতে, অহং প্রত্যর বাচক আত্ম বস্তুকে মুক্ত করাই রাজা রামমোহনের শিক্ষা ও সাধনার মূলমন্ত্র ছিল। তাঁহার ধর্মের শিক্ষা ও সামাজিক শিক্ষা সকলই এই আদর্শের অনুযায়ী ছিল। রাজার বহুমুখী সাধনার প্রত্যেক ও সকল বিভাগের সঙ্গেই একটা অতি গভীর ও ঘনিষ্ঠ মোঞ্চ-সম্পর্ক ছিল। আর এই মোক্ত-সম্বন্ধই রাজার আধুনিক য়ুরোপীয় আদর্শকে সামাজিক ও রাষ্ট্রীয় জীবনের আদর্শ হইতে পৃথক করিয়া রাগিয়াছে। রাজার দেশ-প্রচলিত কর্মাকাণ্ডের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ স্তাঁহার এই বৈদান্তিক আদর্শের উপরেই প্রতিষ্ঠিত হইয়াছিল। কিন্তু বেদান্ত সিদ্ধান্তের একান্ত পক্ষপাতী হইয়াও রাজা সম্পূর্ণরূপে শঙ্কর বেদান্তের মায়াবাদ গ্রহণ করেন নাই। অন্ত-দিকে বৈষ্ণব সিদ্ধান্তের সগুণ ব্রহ্মবাদকেও একাস্তভাবে গ্রহণ করেন নাই। কিন্তু শঙ্কর সিদ্ধান্ত ও রামাত্রজ সিদ্ধান্তের মধ্যে একটা সামঞ্জন্য স্থাপনের চেষ্টা করিয়া, ভারতের প্রাচীন ঋষিপন্থার সঙ্গে আধুনিক যুরোপের

উচ্চতম সামাজিক আদর্শের একটা অপূর্ব্ব সঙ্গতিসাধন করিতে চাহিয়াছিলেন। সমাজের পরবর্ত্তী আচার্য্যগণের ক্যায়, রাম-মোহন কি তত্ত্বিচারে কি ধর্মসাধনে একান্ত-ভাবে শাস্তগুরুর অধিকার ও প্রামাণ্য অগ্রাহ্য करतन नारे। किय९-পরিমাণে মাটিন লুথারের মত রাজা রামমোহনও শান্তনিদ্ধারণে প্রতোক ব্যক্তির নিজের বিচারবুদ্ধি প্রয়োগের অধি-কার প্রতিষ্ঠিত করিয়াছিলেন বটে, কিন্তু পরবর্ত্তী ব্রাক্ষ আচার্যাগ্রালব কায় শাস্ত্রের প্রামাণ্য ও অধিকার একেবারে অস্বীকার করেন নাই। অ'বার অক্সদিকে লুথারের ন্যায় রাজা শাস্ত্রার্থ-নির্দ্ধারণে সদ্গুরুর প্রয়োজন অগ্রাহ্ম করিয়া, কেবলমাত্র স্বান্থভৃতির উপরেই শাস্ত্রোপ-দেশের সভাসভা নির্ণয়ের ভারও অর্পণ করেন নাই। এইজন্মই প্রোটেস্ট্যাণ্ট খৃষ্টীয় দিদ্ধান্তে শাস্ত্র ও স্বান্থভূতির—Scripture এবং Private Judgment এর মধ্যে যে দামঞ্জদ্য প্রতিষ্ঠা হয় নাই, রাজা আপনার সিদ্ধান্তে, শাস্তার্থ বিচারে, সদ্গুরুর যথাযোগ্য স্থান ও অধিকার প্রদান করিয়া, অতি সহজেই সেই সামঞ্জ্য প্রতিষ্ঠা করিতে পারিয়াছেন। আর এই-রূপেই রাজা রামমোহন তত্তবিচারে ও ধর্ম-সাধনে ভারতের প্রাচীন এবং যুরোপের আধুনিক সাধনার উচ্চতম আদর্শের মধ্যে একটা অতি স্থন্দর সঞ্চতি স্থাপন করিয়া-ছिলেন।

রাজার সামাজিক সিদ্ধ

যেমন তত্ত্ববিচারে ও ধর্মসংস্কারে, সেইরূপ আপনার সামাজিক সিদ্ধান্তেও রাজা রাম-মোহন প্রাচীন ভারতেরও আধুনিক যুরোপের সাধনার মধ্যে একটা অতি স্থন্দর সঙ্গতি স্থাপন

করিয়াই আমাদিগের বর্জনান যুগ-আদর্শকে সামাজিক জীবন সম্বন্ধেও একই স্বাদেশিক ও সার্বজনীন করিয়া তুলিবার চেষ্টা সমাজ-জীবনের শৈশবে জগতের সর্বব্রেই সমাজের কর্মা বিভাগ বংশ-মর্যাদার অনুসরণ করিয়া চলে। যে যে বংশে জন্ম গ্রহণ করে, সেই বংশের পুরুষান্ত্রুমিক কম ও অধিকারই সমাজ-জীবনে তার নিজেরও কর্ম্ম ও অধিকার হয়। যথন পিত। বা পিতৃব্য বা তাঁহাদের অভাবে জোষ্ঠ ভ্রাতাই প্রত্যেক শিশুর একমাত্র দীক্ষাগুরুও শিক্ষাগুরু ছিলেন. পরিবারের বাহিরে যথন বাল্যশিক্ষার কোনো বিশেষ ব্যবস্থা প্রতিষ্ঠিত হয় নাই, তথন কোনো ব্যক্তির পক্ষে পৈত্রিক ব্যবসায় পরি-ত্যাগ করিয়া, ব্যবসায়ান্তর গ্রহণে জীবিকা উপার্জন করা একাস্ত অসাধ্য না হইলেও, নিতান্তই ত্রঃসাধ্য ছিল, সন্দেহ নাই। অবস্থায় বাজিবিশেষের কুলধর্মাই সমাজ-দেহে ভাহার বিশেষ স্থান ও কর্মা নির্দ্ধারণ করিত। আর সে সময়ে জনগণের কর্মাও অধিকার-ভেদ জন্মগত হইলেও প্রক্বত পক্ষে গুণ-কর্ম-বিভাগের উপরেই প্রতিষ্ঠিতও ছিল। সমাজ-বিজ্ঞানের এই ঐতিহাসিক তত্ত্বকে লক্ষ্য করিয়াই ভগবান শ্রীক্লম্ব বলিয়াছেন :---

চাতৃৰ্বলাম ময়া স্ষ্টম্ গুণকশ্মবিভাগশঃ।

এই সাধারণ সমাজতত্ত্বর উপরেই হিন্দুর বর্ণ-বিভাগ প্রতিষ্ঠিত। কিন্তু হিন্দুর বর্গ-বিভাগ প্রতিষ্ঠিত। কিন্তু হিন্দুর বাভাবিক কর্ম্মবিভাগের সঙ্গে আশ্রম চতুষ্টরকে মুক্ত করিয়া এই বর্ণভেদের ভিতর দিয়াই যে আভেদ শিক্ষারও ব্যবস্থা করিয়াছিলেন, জগতের আর কোনো জাতি সমাজ-জীবনের শৈশবে ও কৈশোরে সেরপ ব্যবস্থা করিতে পারেন

নাই। স্বতরাং এই আশ্রমধর্মই প্রাচীন হিন্দু সাধনার সমাজতত্ত্বের বিশেষত। কিন্তু কাল-ক্রমে এই বর্ণাশ্রম ধর্মাও যথন সামাজিক উন্নতি ও ব্যক্তিগত স্বাধীনতার সহায় না হইয়া তাহার অন্তরায়ই হইয়া উঠিতে नाशिन, যথন বান্ধণ ব্ৰহ্ম-সভাবস্থলভ সত্তপ্তণ, ক্ষত্রিয় ক্ষত্রপ্রকৃতিস্থলভ রজোগুণ হারাইয়াও কেবল জন্মের দোহাই দিয়াই ব্রাহ্মণত্বের বা ক্ষতিহত্বের অধিকার ও মর্যাদ। দাবী কবিতে লাগিলেন, তথন সমাজের ও ব্যক্তির উভয়ের কল্যাণার্থে প্রাচীন কুলধৰ্মকে অতিক্ৰম করাই আবিশ্বক হইয়া উঠিল। এই জন্মই গীতায় ভগবান প্রথমে বর্ণাশ্রমের সম্পূর্ণ সমর্থন করিয়াও শেষে, গৃহাদপি গৃহাত্ম যে ধর্মতত্ত্ব তাহার অভিব্যক্তি করিয়া বলিলেন :---সর্ব্বধর্মান পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। অহং তাং সর্ব্বপাপেভো নোক্ররিয়ানি মা ৩৮ ॥

অতএব বর্ণাশ্রমপ্রধান হিন্দুর সমাজ-**স**র্ব্ধকর্ম্মন্তাসপূর্ব্ধক, তত্ত্বেও মহাজন-পন্থ৷ অবলম্বন করিয়া, এই বর্ণাশ্রমের অধিকার অতিক্রম করিবারও প্রশস্ত পথ প্রতিষ্ঠিত হইয়াছে। আর ইহাই প্রকৃত পক্ষে হিন্দুর সমাজতত্ত্বেও সমাজনীতির শেষ শিক্ষা ও শ্রেষ্ঠতম সিদ্ধান্ত। রাজা এই সিদ্ধান্তের উপরেই আপনার দাগাজিক সিদ্ধান্তের প্রতিষ্ঠা করিয়া ইহার সঙ্গে আধুনিক য়ুরোপীয় শাণনার শ্রেষ্ঠতম ও উচ্চতম সামাজিক সিদ্ধান্তের সঙ্গতি সাধন করিয়াছিলেন। কর্ম-সাধনই সামাজিক জীবনের উপদ্বীব্যা কর্ম্মের ভিতর দিয়া ব্রহ্মকে লাভ করাই, সমাজ-জীবনের লক্ষ্য। এই লক্ষ্য লাভের জন্ম প্রথমে ঐক।ন্তিক সমাজাত্মগত্য, তৎপরে সমাজের

এই আনুগত্য স্বীকার করিয়াও ভগবানে সমাজবিধি-নির্দিষ্ট সর্ব্বপ্রকারের কর্মার্পণ, তার পরে মহাজনপদ আশ্রয় করিয়া এই সমাজামু-গত্য বৰ্জন ও নিষ্কাম কৰ্মযোগ সাধন,—এই ত্রিপাদেতে হিন্দুর কর্মানিদ্ধান্ত পূর্ণতা প্রাপ্ত হইয়াছে। কিন্তু মধ্য যুগের হিন্দুয়ানী নিষ্কাম কর্ম বলিতে ঐহিক ও পারলৌকিক সর্ববিধ ফলভোগ বাসনা পরিত্যাগ করিয়া, লোক সংগ্রহার্থে বর্ণাশ্রম-বিৃহিত কন্দানুষ্ঠানই বৃঝিয়া আসিয়াছে। এখনও অনেকৈ নিষ্কাম কর্ম বলিতে ইহাই বুঝেন। রামমোহন মধ্যযুগের হিন্দুয়ানীর আশ্রম-বিরহিত স্থতগাং ধর্মহীন বর্ণভেদের উপরে প্রতিষ্ঠিত কর্ম্মজীবনের সংস্কার সাধনার্থে, প্রাচীন ঋষিপন্থা অবলম্বন করিয়াই, লোক-শ্রেরকে একমাত্র প্রকৃত নিদ্ধাম কর্ম্ম বলিয়া ব্যাখ্যা করেন। এইরূপে তিনি প্রাচীন হিন্দু কর্মাতত্ত্বকে একদিকে সত্যোপেত ও বস্তু-তন্ত্র এবং অক্তদিকে সত্যভাবে স্বদেশী ও সার্ব্ব-জনীন করিয়া তুলিবার চেষ্টা করেন। কি তত্ত্বিচারে ও ধর্মসাধনে কিন্তা সামাজিক সিদ্ধান্ত প্রতিষ্ঠায় ও সমাজ সংস্কারে, রামমোহন কোনো বিষয়েই আপনাকে স্বদেশের শাস্ত্র ও সাধনা, সংস্কার ও সিদ্ধান্ত হইতে একান্ত ভাবে বিচ্ছিন্ন করেন নাই।

কিন্তু এই উন্নত, উদার, একই সঙ্গে স্বদেশী
ও সার্ব্রন্ধনীন যুগ-আদর্শ সাধনের যোগাতা
এবং অধিকার তথনো দেশের লোকের জন্মায়
নাই। রাজা আদর্শটীই দেখাইয়া দেন, কিন্তু
সেই আদর্শ যেরূপ ক্ষেত্রে সাধন করিয়া আয়ত্ত
করা সপ্তব, তথনও সে অন্তক্ল ক্ষেত্রের প্রতিষ্ঠা
হয় নাই। আর একদিক দিয়া কেশবচন্দ্র এবং
অন্ত দিকে স্করেনাথ এই অনুক্ল ক্ষেত্র গঠনের
বিশেব সাহায্য করিয়াছেন। (ক্রন্মশ)
শ্রীবিপিনচন্দ্র পাল।

তরুণ-রবি

(পূর্ব্ধপ্রকাশিতের পর)

দার্শনিক শিশুর তুইটী গান ঘুমপাড়ানে।।
(১) 'সাতভাই চম্পার' গান জগদিখ্যাত।
সকল দেশের কাব্য কিংবা পুরাণেই (mythology) ইহার বর্ণনা পাওয়া যায়। তবে,
(২) 'বিষ্টিপড়ে টাপুর টুপুর, নদী এল বাণ,'
এবং 'শিবঠাকুরের বিয়ে', ও 'তিন কন্সের'
কথার তত্ত্ব এখনও অন্তদেশের স্ত্রীমহলে
প্রচারিত হয় নাই।

''ত্রিনাভিচক্রমজরমনর্বং যত্রেসা বিশ্বভূবনাধিতস্থুং' (ঝথেদ—১ম মণ্ডল ১৬৪ স্থক্ত)

কোন্ কালের মহাপ্রলয়ের পর এই বিশ্বভূবনের ত্রিলোকস্বরূপ নাভিচক্রের সহিত
শিবঠাকুর সংযুক্ত হইয়াছিলেন তাহা নির্ণয়
করা হুঃসাধ্য। কিন্তু সেই মৌলিক জন্মবৃত্তান্তের সহিত শিশুর নিগৃঢ় শ্বতির সম্বন্ধ
আছে বলিয়াই সে তাহা শুনিয়া মন্ত্রমূগ্ধবং
ঘুমাইয়া পড়ে।

''কবে বিষ্টি পড়েছিল বাণ এল সে কোথা ? শিবঠাকুরের বিয়ে হল কবেকার সে কথা ; তিন কন্মে বিয়ে করে কি হ'ল তার শেষে ? না জানি কোন নদীর ধারে না জানি কোন দেশে! কে গাহিল গান
বিষ্টি পড়ে টাপুর টুপুর,
নদী এল বাণ !"
এই অতুল গৌরবময় আধ্যাত্মিক জন্মকাহিনী কবি পরে প্রকৃতি ও পুরুষতত্ত্বে
বুঝাইবেন। এখন কেবল শিশু তাহার
কবিতা শুনিয়া বিশ্মিত হউক।

কোন ছেলেরে ঘুমপাড়াতে

বহুপূর্ব্বে বৈদিক ঋষিগণ আদিত্যের সপ্তপুত্রকে দেখিয়াছিলেন,

শ্বতপৃষ্ঠো অস্তত্ত্বাপশ্যং বিশ্পতিং
শপ্ত পুক্ৰং (১ম মণ্ডল—১৬৪ স্থক্ত)
কৰি পূৰ্ব্বেই বলিয়া গিয়াছেন যে তাহার।
মাতার (প্রকৃতির) মনের মধ্যেই ছিল।
'মাতা পিতর মৃত বভাজ ধীত্যগ্রে
মনসা সং হি জন্মে'

(১ মণ্ডল—১৬৪ স্কু, ঝগ্নেদ)
এই যে আদিত্যের রশ্মিকণাস্বরূপ কুমারগণ
তাহাদের সঙ্কল্ল কি ?

'জেনো মা এ স্থথে জৃঃথে আকুল সংসারে, মেটে না সকল তুচ্ছ আশ, তা বলিয়া অভিমানে অনন্ত তাঁহারে কোরো না কো'রো না অবিশ্বাস। আবার,

'তৃষিত কাতর প্রাণী মাগিতেছে জল উদ্ধাধারা করিছে বর্ষণ, শ্রামল আশার ক্ষেত্রে করিয়া নিফল স্বার্থ দিয়ে করিছে কর্ষণ। শুধু এসে একবার দাঁড়াও কাতরে
মেলি ছটি সককণ চোপ,
পড়ুক ছু ফোঁটা অঞ্চ জগতের পরে,
যেন ছটী বাল্মিকীর শ্লোক।
ব্যথিত কক্ষক স্থান তোমার নয়নে
কক্ষণার অমৃত নিঝারে,
তোমারে কাতর হেরি, মানবের মনে
দয়া হবে মানবের পরে।

সহস্রাধিক বংসর পূর্ব্বে করবলার ক্ষেত্রে স্বীর পূত্রকন্তা আত্মীয়স্বজনবেষ্টিত সহম্মদীয় ধর্মের দিত্তীয় ইমাম হুদেনের তৃষ্ণা, শোণিত দিয়াও মিটে নাই। ক্রুশবিদ্ধ ঈশ্বরের সন্তান যীশুর তৃষ্ণা এখন ধর্মজগতের রহস্তময় কথা, চিতোরের জলন্ত চিতায়ও যে তৃষ্ণার সামগ্রস্ত হয় নাই, এই স্বার্থপূর্ণ জগতে দে তৃষ্ণা কে মিটাইবে ?

মাতার করুণা।

তবে মাতা পাষাণী কেন ? চারিদিকে নৃশংসতার হানাহানি কেন ?

'এই কল্লোলের মাঝে নিয়ে এদ কেহ পরিপূর্ণ একটি জীবন।'

এই পরিপূর্ণ জীবন, পরিপূর্ণ সংসার এবং সমাজ অলক্ষ্যে আসিতেছে। শিশু তাহা পরে দেখিবে।

'This fine old world of ours is but a child Yet in the go-cart. Patience! Give it time To learn it limbs: there is a hand that guides

When the war-drum throbs no longer, and the battle flags are furled In the Parliament of men, the Federation of the world, টেনিসনের ইহাই ভবিষ্যদ্বাণী। কিন্তু এ পথে "The little boys will shoot and stab"

এই খুনাখুনি ছাড়া কি সম্পূর্ণ জীবনের অক্স পথ নাই। এ শাক্ত মন্ত্র ছাড়া কি কোন বৈষ্ণবী মন্ত্র নাই ?

ভারতবর্ধ তাহা জানিত এবং সমগ্র জগতের ভারতবর্ধের নিকট তাহা লিগিতে বাকি আছে।

'যেদিকে ফিরারে তুমি ছুথানি নয়ন সে দিক হেরিবে সবে পথ। অন্ধকার নাহি যায় বিবাদ করিলে. মানে না বাছর আক্রমণ। একটি আলোকশিখা সমুখে ধরিলে নীববে কবে সে পলায়ন। অনস্তের মাঝগানে দাঁডাও মা আসি চেয়ে দেখ আকাশের পানে পড়ুক বিমল বিভা, পূর্ণ রূপরাশি স্বৰ্গমুখী কমলনয়ানে !' শিশুর বাসনা করুণা-বিজ্ঞতিত্ত, 'যাতা কবি স্বর্গময়ী করুণাব পথে শিরে ধরি সত্যের আদেশ। যাত্রা করি মানবের হৃদয়ের মাঝে প্রাণে লয়ে প্রেমের আলোক।' এই প্রেমের পথেই কবি আদর্শ শিশুকে অঙ্কে লইয়া অফুরাণ পথে যাইতে চাহেন। সে পথ বসন্তময়, জরাশোক বর্জ্জিত।

"The Lark

Soars up and up shivering for very joy;
Afar the ocean sleeps; white fishing gulls
Flit where the strand is purple with its tribe
Of nested limpets; savage creatures seek
Their loves in wood and plain—and God
renews

His ancient rapture."

-Browining.

করুণাময়ী মা শিশুকে ক্রোড়ে লউন।

যথন মায়াতরবারি লইয়া বিশ্বগৃহ-প্রাঙ্গণে
ভাই ভাই খুনাখুনি করিবে ত্থন মাতার

অঞ্চ দেশিয়া তাহারা ভুলিয়া যাইবে। খুনাখুনির মধ্যে আমরা জ্ঞান এবংবিজ্ঞান, আঝার

এবং জড়ের অমরত্ব দেখিকে চাহি না। মহাভারতের আমল হইতে আমরা ক্লফের জীব।
কৃষ্ণ যত্বংশ প্রভৃতি ধ্বংস করুন। আমরা
বেন অচল আয়তনের মধ্যে থাকি। কবি বেন
সেটা ভূলিয়া না যান।

শ্রীস্থরেক্তনাথ মজুমদার:

দ্বিপ্রহর-বর্ষানিশা

້ ,

দিপ্রহর ; বর্ধানিশা ; অন্ধকার দশ দিশা, তুর্গদারে একা সান্ত্রী মত, জীবনে জাগিয়া অবিরত !

Ş

প্রতি পলে, প্রতি খাসে জীবন গুটায়ে আসে— বৃ্ঝিতেছি অতি পরিষ্কার! উঠি, বসি, চলি বার বার।

O

নিশা না পোহাতে চায়,
জীবন না ছুটী পায়!
দূরে বাজে রাজার তোরণে
ততীয় প্রহর—কতক্ষণে!

٥

একে একে, গণি গণি—

মিলাল ঘটিকা-ধ্বনি

তুলে তুলে সমীরে, তিমিরে,
নদীপারে অরণোর শিরে।

n

দিগুণ নিস্তব্ধ সব ; করিতেছি অমুভব— নিশ্বাস হ'তেছে ক্ষীণতর, বাড়িছে মৃত্যুর পরিসর।

y

কিছুতে কাটে না কাল, রচিতেছি চিন্তাজাল কত কি যে জড়ায়ে—জড়ায়ে, 'গুটী' সম, আপনা হারায়ে।

٩

মাঝে কোথা ভূলে যাই— আকাশের পানে চাই অভ্যাসে জুড়িয়া হুই কর। শৃশু দৃষ্টি—কি শৃশু অস্তর!

Ь

পেচক ডাকিল দূরে, বাহুড় পলাল উড়ে, ফেরুপাল করিল চীৎকার। অচল অটল অন্ধকার।

3

নাহি আশ, নাহি ত্রাস,
. খুলে দেছি বক্ষোবাস,
এস মৃত্যু, নির্মম বিজয়ী!
প্রতীক্ষায় শত মৃত্যু সহি।

শ্ৰীঅক্ষরকুমার বড়াল

প্রিয়ত্ম,

আদ্ধ ছেলেবেলার একটা খেলা মনে পড়িয়াছে। তোমার সঙ্গে কফ্রলিন সে খেলা করিয়াছি। আদ্ধ এস সেই খেলা খেলি, আদ্ধ জুমি আর ইহলোকে নাই—কিন্তু আমি মনে করিব যেন তৃমি বাঁচিয়া আছ, আর আমি তোমাকে প্রতিদিন সন্ধ্যার সময় পত্র লিপিব—মেন তৃমি পড়িবে। কেন জান ?—এ সংসারে আমার ছঃখের কথা বলি—এমন কেহ নাই : তৃমি বাঁচিয়া থাকিতেই বা আমাদের আপনার বলিবার কে ছিল ?

প্রিয়তম, যখন বরের ধারে দাঁড়াইয়া, ক্ফিনের উপর তোমার নাম প্রিলাম, আমি দে ভীষণ স্ত্য ধারণা করিতে পারি নাই! আমার সমস্ত হৃদয় যেন অসা ৷ হইয়া গিয়াছিল—আমি বেন সমস্ত অনুভব-শক্তি হারাইয়াছিলাম--শোক, তুঃখ কিছুই মনে আসিতেছিল ন। পাদরী যথন গন্তীর স্বরে মন্ত্র পড়িতেছিলেন তথন আমি তাঁর হাতের দিকে চাহিয়া ছিলাম এবং এত গ্রমেও যে কেন তিনি গর্ম দ্স্তানা পড়িয়াছেন—তাই ভাবিতে ছিলাম। আমি ভাবিতেছিলাম--তুমি বলিতে যে পাদরী সাহেবের মুখ থানা যেন ছ্যাকড়া গাড়ীর ঘোড়ার মত। তুলনাটা মনে করিয়া হাসি আসিতেছিল। পাশে দেখি তোমার পিদি চোথ রগড়াইয়া রগড়াইয়া অনেক চেষ্টার পর এক ফোঁটা জল বাহির

হঠাৎ মাটি পড়ার শব্দে আমার চমক ভাঙ্গিল—সব কথা মনে পড়িয়া গেল—হা জগদীশর ! তবে ইহা স্বপ্ল নয়—সব সত্য ! অ।িম আর থাকিতে পারিলাম না—তোমার পার্শ্বে ষাইবার জন্ম ছুটিয়া যাইতেছিলাম-আমার হা হ ধরিল। দেখিলাম তোগার ভগিনী ইদা - গে পাশে দাঁড়াইয়া কাঁদিতেছিল। কাঁদিতেছে ! আব আমি, আমি হতভাগিনী —বে তোমাকে জীবনে প্রাণভরিয়া ভাল বাদিয়াছে,-- আমার পোড়া চোখে এক ফোটা জল নাই! আর যারা কাঁদিতেতে তার: কি তোমাকে আমার মত ভাল বাসিত!

কাতরকঠে ইদাকে বলিলাম, "আমাকে ছাড়.—আমি আর দরে দিরিব না - আমি আমার প্রিয়তমকে ছাড়িয়া থাকিতে পারিব না! আজ তিন বৎসর আমাদের বিবাহ হইয়াছে—এক দিনও সে আমাকে ছাড়িয়া থাকে নাই—আজ সে একলা কেমন করিয়া থাকিবে! তাহারই পাশে আমার স্থান।"

করিয়া চারিদিকে দেখিতেছিলেন—কেহ
তাঁর চোথের জল দেখিল কি না। তথন
আমার বেশ একটু আমাদ বোধ
হইতেছিল। আমার মনে হইতেছিল যেন
আমি একটা মজার স্বপ্ন দেখিতেছি বুম
তাঙ্গিলে দেখিব জান্যলা দিয়া রোদ
আদিতেছে তুমি পাশেই শুইয়া আছ—
তোমাকে জাগাইয়া স্বপ্নেক কথা বলিয়া
হ'জনে খুব হাদিব।

ইদা আমাকে জড়াইয়া ধরিয়া টানিয়া লইয়া গেল, বলিল,—''এত অধীর হয়ো না, একটু শাস্ত হও, তুমি সহমরণে যাবে না কি ?''

ঠিক কথা, সহমরণে যাওয়ার প্রথা ত
আমাদের নাই! হৃদয় চূণবিচূণ হউক,
কিন্তু সমাজের বিধি ত টলিবার নয়—দে ত
নির্মান অটল! তারপর কি হইল ঠিক
মনে নাই। সকলে বাড়ী ফিরিয়া খানায়
বিদিল আমাকেও বিশতে হইল; সকলের
সঙ্গে হাসিমুখে কথাও কহিতে হইল—
আহারের ভানও করিতে হইল। জগতের
কাছে ইহারই নাম 'ধৈয়া'—নিমন্তিতদের
থাতির আমার প্রথম কাজ—নববৈধব্যের
হংখ—দে ত পরের কথা! ইহাই
সামাজিকতা! কিন্তু কে যে কি বলিল ভার
আমি যে তার কি উত্তর দিলাম—তাহা
জগদীশ্বরই জানেন, আমার একটুও মনে
নাই!

তারপর আমি পাশ কাটাইয়া তোমার ঘরে গেলাম! দে ঘর তেমনিই অপরিস্কার হইয়া রহিয়াছে! তুমি যেখানে যে জিনিষটা রাখিয়া গিয়াছ, তেমনিটিই রহিয়াছে! দাসী জানিত সে ঘরের কোন জিনিষে হাত দেওয়া আমি পছন্দ করি না—তোমার ঘরটি আমি নিজে গোছাইতাম তুমি হাসিতে। আজো তেমনি সব অগোছানো হইয়া রহিয়াছে। একটা আরাম-কুর্জির উপর তোমার গল্ফ খেলার ছড়িটা, একটা চেয়ারের উপর ফোটোগ্রাফ তোলার যন্ত্রটা, একটার উপর কতকগুলো ছবির কাগজ! আর টেবিলের উপর তোমার গল্ফ খেলার

জামাটা পড়িয়া আছে। আমি জামাটাতে
মুগ লুকাইয়া, সেটাকে বার বার চুম্বন
করিলাম। আমার চোথে কিন্তু জল ছিল
না। কেবল বিধাতাকে মনে মনে
অভিসম্পাত দিলাম—এটা কি পাপ!

এত গেল কালকের কথা। আজ দকালে আমি তোমার কবরের কাছে গিয়াছিলাম। চারিদিক নির্জ্জন নিস্তর-প্রভাতাবোকে হাসিতেছে। ক্ষণেকের জন্স আমি আমার হঃখ ভুলিয়া গেলাম, বিধাতার উপর রাগ করিতে ভুলিয়া গেলাম, অনেকক্ষণ তোমার কবরের কাছে দাড়াইয়া রহিশাম—ভাবিতেছিলাম তুমি আমার আসা জানিতে পারিয়াছ কি না ? হয় ত রাত্রে একশা একলা তোমার খুব কট হইয়াছিল. তাই ভাবিতেছিলাম। এমন নির্কোধ আমি! আমি জানি তোমার নিলাপ আত্মা চিরস্থথের রাজ্যে চলিয়া গিয়াছে। কিন্তু আমি ত কেবল ভোমার আত্মাটিকেই ভাল বাসিতাম না—আমি যে তোমার হাসিছ্টুমিমাথা মুথখানি—তোমার সর্ল-শরীরকে ভাল বাসিতাম। তোমার সেই সুন্দর সহাস্ত মুথখানি মনে করিয়া বিধাতার উপর আক্রোশ ফিরিয়া আসিল। জগতে এত কদাকার, এত পাপী থাকিতে আমার প্রিয়তমের দে দেবছল্লভ সৌন্দ্র্য্য নষ্ট করিবার তাঁর কিসের অধিকার !

আত্মীয়-স্বন্ধনের। মনে করিলেন এ
সময়ে একা থাকা আমার পক্ষে ভাল
নহে—তাই পিসিমা আমার কাছে রহিয়া
গেলেন। আমাকে অক্তমনস্ক রাখিবার জক্ত
তিনি নানান্বই পড়িয়া শুনাইতে

লাগিলেন! তিনি চলিয়া গেলে যে আমি কত সুখী হইতাম – তাগ তিনি বুঝিলেন না।

প্রিয়তম, আজ এখন বিদায়! গামি শুইতে যাইতেছি: কিন্তু বারান্দটো বড় অন্ধকার, আমার ভর করিতেছে ভোমার ত মনে আছে অন্ধকারে আমার বড় ভয়— রাত্রে গোমার আগে শোনার ঘরে যাইতে হইলে আমি নানা ওলর করিরা তোমার জন্ত বিদিয়া থাকিতাম। রাত্রিতে আমার বছ ভয়! কাল রাত্রে আমি একবারও ঘুমাই নাই, সমস্ত রাত ঘড়ি বাজা শুনিয়াছি। এত ছঃবেও আমি জগদীধরকে ডাকিতে পারি নাই—যে এত নিষ্ঠুর, তাকে ডাকিয়া কি হুলবে।

তোমার আদরের হেলেন। (২)

বুধবার

আমার প্রিয়ত্ম.

আজ বৈকালে পাদরা সাহেব আসিয়াছিলেন—প্রায় একঘণ্টা ধরিয়া তোমার
সম্বন্ধে বক্তৃতা দিলেন—বলিলেন তুমি বড়
ভাল লোক ছিলে। আমার একবার মনে
হইল জিজ্ঞাসা করি—"আপনি কেমন
করিয়া জানিলেন ?" কিন্তু কিছু বলিলাম
না—বলিলে অভদ্রতা হইত। তারপর তিনি
আমাকে সান্ত্রনা দিয়া বলিলেন,—
"জগদীখর যাহা করেন ভালর জন্তই।"

"ভালর জন্ম !" এই যে তিনি তোমার মত বলিঠদেহ, কর্মক্ষম ব্যক্তিকে যৌবনের পূর্ণ উল্লয়ের মধ্যে সংসার হইতে কাড়িয়া লইলেন, ইহাছ কি ভাগর জন্ত — আমাকে কি ইছাই বিশ্বাস করিতে হইবে ! আমি আর ধৈর্য্য রক্ষা করিতে পারিলাম না, বলিলাম,—''আমাকে ও সব কথা বলিয়া কোনো ফল নাই। তোমরা যে বল পরমেধর দয়াময়, তাহা মিথ্যা; কেবল মানুষকে ভূলাইবার উপার মাত্র। তিনি দয়ায়য় হইলে আজ আমার প্রিয়তম আমাকে ছাড়িয়া য়াইতেনু না—আমার এমন ঈশ্বরে গার বিশ্বুমাত্র বিশ্বাস নাই।"

দেখিলাম বৃদ্ধ আমার কথায় অত্যস্থ আঘাত পাইলেন—কি করিব, তিনি বিশেষ ছঃখিত হইয়া চলিয়া গেলেন আমিও থাকিতে বলিলাম না। আমার চা'য়ের টেবিলে স্থান না পাওয়ার জন্ত কিম্বা অবিশাসের জন্ত তাঁর বেশী ছঃখ হইল— বুঝিলাম না। না. এ কথা আমার বলা ভাল হইল না, আমি বড় ছয়্ট, আর এমন কথা বলিব না; প্রিয়তম, আমার দোষ লইও না।

পিদিমা আজ দক্ষার সমগ চলিয়া
যাইবেন। আজ তিনি আমার উপর বড়
চটিয়া গিয়াছেন। আহারাদির পর আমি
চুপ করিয়া বসিয়া তোমার কথা ভাবিতেছিলাম, তাঁর ইচ্ছা খামি তাঁর সঙ্গে একটু
তাস্থেলি, আমার কিছু ভাল লাগিতেছিল
না। তিনি একটু কর্কণ স্বরে বলিলেন—
"দেখ, দিন রাত কি ছঃখ পুষে রাখবে ?
মনকে স্থির কর—বাখা আমার স্বর্গে
গিয়াছে—সে এখন স্থেই আছে।" "এখন
কেন, সে ত আমার কাছে, জীবনেও সুখী
ছিল! ভূমি কেমন করিয়া জানিলে যে সে

স্বর্গেই স্থথে আছে! তার কথা, তোমার মুখে আমার ভাল লাগে না। তুমি স্বর্গের কি ধবর রাথ ০"

পিদিমা ত চটিয়া আকুল— একেবারে ঘরে গিয়া বাক্স গোছাইতে বদিলেন।
আমি জানি এতটা রাচ কথা আমার ভাল হয় নাই। কিন্তু পিদিমা যথন চোধতুটো আকাশের দিকে করিয়া মুখটা অন্ধকার করিয়া স্থা দুদ্ধে বক্তা করিতেছিলেন, তখন আমি কোন মতেই ধৈর্য রক্ষা করিতে পারিলাম না। যেন স্বর্গটা তার ইজারা মহল— যেন তিনি সেখানে কটা বাড়ী ভাড়া করিয়া রাখিয়াছেন এবং এই শীতে বেড়াইতে যাইনেন বলিয়া টিকিটও থরিদ করিয়াছেন।

আৰু বাড়ীটা একেবারে নিস্তক।
তুমি যে নাই আমি সে কথা ভলিয়া গিয়াছি,
তোমার আদার আশায় বদিয়া আছি,
যেন এখনি তোমার পায়ের শব্দ গুনিব।
তুমি যথন আদিতে তুম্দাম্ করিয়া দরজাগুলো খুলিয়া, একসঙ্গে তু'তিন দিঁড়ি
লাফাইয়া একেবারে ঝড়ের মত আমার
ঘরে ঢুকিতে। আমি বড় রাগ করিতাম—
তুমি হাসিয়া বলিতে—"রাগ করো না,
লক্ষ্মীটি! আমি সামলাইতে পারি না—
আমি চিরকালই ঝড়ের মত তুরস্তা"

আবার আজে ! আজ ত্মি পাথরের মত স্থির !

হা ঈখর ! এমন করিয়া আর কত দিন বাঁচিব ! প্রিয়তম, আজ আর লিখিতে পারিতেছি না, আমার সর্ব কাঁপিতেছে। তোমারই হেলেন। (o) ,

প্রিয়তম,

আজ তোমার সেই ছোট ডায়েরীখানি
পাড়িতেছিলাম। এই ক্ষুদ্র লাল বইথানি
লইয়। তোমার সঞ্চে কত কাড়াকাড়ি
করিয়াছি, মনে আছে ? তোমার মৃত্যুর—
না না, তুমি চলে যাওয়ার পর এ পর্য্যন্ত এক
দিনও আমি চোথের জল ফেলি নাই, আজ
তোমার ডায়েরী পড়িতে পড়িতে প্রাণ
ভরিয়া কাঁদিয়াছি।

তোমার অস্থথের আগের দিন পর্য্যন্ত তোমার লেখা আছে।

"আজ বৈকালে টেনিস্থেলিলাম। * * সন্ধ্যার হেলেনকে লইয়া থিয়েটারে গিয়াছিলাম, থুব ভাল লাগিল।"

এ কথায় কাঁদিবার কি আছে ?

"মঞ্চলবার ২৬শে—আজ হেলেনের শরীর ভাল নাই, আমিও কোথাও যাই নাই, থেলা বন্ধ। দিনটা বড় খারাপ।"

"বৃধবার ২৭শে—আজ হেলেন ভাল আছে। আজ দিনটা ধুব আনন্দে কাটিয়াছে। সমস্ত দিন বৃষ্টি আমি ছেলে-গুলে:র সঙ্গে লুকোচুরি খেলিলাম।"

* * * * *

ত্রিশবৎসর বয়সেও তোমার ছেলেমান্থ্যী যায় নাই—তুমি বালকের মতই
সরল ছিলে। আমার একটু মাথা ধরিয়াছিল তাই খেলাধ্লা বন্ধ করিয়াছিলে, আমি
ভাল আছি সেই আনন্দে তুমি সহিসের
ছেলেদের সঙ্গে লুকোচুরী খেলিতে গেলে।

আৰু সমস্ত জগৎ আমার কাছে অন্ধকার,

কোন আশা, কোন আলো দেখিতেছি
না। জানি না তোমাকে হারাইয়া এমনি
হঃখের ভিতর কতদিন বাঁচিতে হইবে।
হা ভগবান—আমার কি কোন উপায়
নাই!—না, না ভগবানকে ডাকিব না—
তিনি ত নিষ্ঠর!

হেলেন।

(8)

ভক্রবার

প্রিয়ত্স,

কাল সমস্ত রাত ভেবে ভেবে আমি একটা উপায় স্থির করেছি! আছা, আমার কাঁদার কি দরকার। তুমি চলিয়া গিয়াছ এখন এ জীবন ত আমার — ইহা রাথি না রাখি আমার হাত! বেশ কথা! কথাটা লোকে ভাল বলিবে না, জানি। কিন্তু মনে কর, ডাক্তার আমার ঘুমের জ্বল্য থেষ্টা দিয়েছে— সেইটি যদি একটু বেশী করে খাই—থেয়ে একবারে ঘুমিয়ে পড়ি— তারপর, যখন জাগিব—দেখিব তোমার কাছে পৌছিয়াছি; বেশ মজা হয়! আমি কি বোকা, এ সোজা কথাটা আগে কেন মাধায় আসেনি?

অক মিদেস্ ওয়েলস্ আদিয়াছিল,
সমস্ত ক্ষণ কেবল তোমার গুণগান করিল—
তোমার মত ভদলোক না কি সে কথনও
ক্ষেম্ব নাই! কি মিথাক! তোমার ত মনে
আছে যে একদিন তোমার সঙ্গে দেখা
করিতে আদিয়াছিল, তুমি চাকরকে বলিলে
—"বল গে আমরা তু'লনেই মরিয়া
গিয়াছি।" দরজাটা খোলা ছিল, মিদেস্
ওয়েলস্ স্ব কথা শুনিতে পাইলাছিল।

আর আজ সে আসিয়াছে তোমার স্বথ্যাতি করিতে? সে কথা যাক্।

তোমার দক্ষে আবার দেখা হইবে, এই আনন্দে আমার হৃদয় ভরিয়া উঠিয়াছে।
ক'দিন তোমাকে দেখি নাই, তাই বিসয়া
বিসয়া তোমাকে মনে আনিতেছিলাম।
মনে পড়িতেছিল তুমি যেন টেনিস খেলিয়া
ফিরিতেছ—সাদা ফ্লানেলের পোষাকে
তোমার বলিষ্ট দীর্ঘ দেহ আরো ফুলর
দেখাইতেছে। তুমি যেন নদী হইতে
স্থান করিয়া ফিরিতেছ—স্কাঙ্গ গোয়ালে
জড়ান—মাথার চুলগুলো এলো মেলো—
আজ তোমার সেই 'ভীমকাস্ত'রূপ মনে
পড়িতেছে।

আছো, তুমি কি জানিতে আমি তোমাকে কতটা ভাল বাসি ? না! আমি ত ভোমাকে সব বলিতে পারি নাই। পুরুষ মামুষ যতটুকু ব্ঝিতে পারে, তুমি ততটুকু ব্ঝিতে
— তার বেশী নয়!

তোমার বরে, তোমারই টেবিলে বিষয়া আমি লিখিতেছি। তুমি চিরকালই অগোছালো—টেবিলের চারিদিকে কাগজ পত্র বর ছড়ান, তুমি যে বইখানা পড়িতে-ছিলে, সেখানা তেমনি খোলাই পড়িয়া রহিয়াছে।

কাল তোমার জন্মদিন। আজ ত আমার মরা হবে না। কাল সকালে যে তোমার গোরটি ফুল দিয়ে সাজাইতে হইবে। আমাদের মিলন আর এক দিন পিছাইয়া গেল। এ একদিন—কি করিয়া কাটাইব ? তোমার আদরের

হেলেন।

(a)

শনিবার

প্রিয়ত্ম,

আজ সকালে তোমার কাছে
গিয়াছিলাম। নানা রংয়ের চক্র মলিকায়
তোমার গোর সাজাইয়া আসিয়াছি—
"আমাদের সুখের দিনের জন্মোৎসক অংল করিয়া—আবার প্রিয়তমকে এই কুলগুলি উপথার দিলাম।"

আর কয়েক ঘটা দেরী, তারপর তোমার সঙ্গে দেখা হহবে।

তোমার পড়িবার ঘরে বদিয়া আছি।
গত বৎসর এমনি দিনে তুমি—এই চেয়ার
থানায় বিদিয়াছিলে। সে কি আনন্দের
দিন—থে দিনের কথা মনে পড়িতেছে।
তুমি নিজে চা তৈয়ার করিয়া আমাকে
দিলে এং চা খাইয়া চুরোট ধরাইয়া গল্প
করিতে বিদলে। আজো যেন সে চুরোটের
গন্ধ ঘরটার মধ্যে রহিয়াছে। স্থথের দিনের
ছোটখাট সামাক্ত ঘটনার স্মৃতি হৃংথের দিনে
কেন কষ্টকর—বলিতে পার ৪

যাক্ সে কথা—আর ত ঘণ্ট। কতক আছে!

থাইয়। আত্মহত্যা ক্রিয়াছি, ডাক্তার আসিয়া বলিবে—আমার মাথা থারাপ হইয়াছিল। কিন্তু এ কথায় ত পরমেশ্বকে जुलान गांहरव ना। তবে कि कतिव! ना, আমাকে মরি**েই হইবে—তো**মাকে ছাড়িয়া এ জীব প্রতি মৃহুর্ত্তে বড় কষ্টকর হইয়া উঠিতেছে! প্রিয়তম, ভূমি এ স্ময় যদি একবার এক মৃহুর্ত্তের জন্মও আসিতে! জগদীখন, আমি তোমার অনস্ত দয়া, অপার করণা সকলই বিখাস পাদরী সাহেব যে বলিয়াছিলেন—যে তুমি যাহা কর সবই ভালর জন্য--আমি তা'ও ধ্রুব সত্য বলিয়া মানিয়া লইব—কেবল একবার মাত্র-- এক মিনিটের জন্ম আমার প্রিয়ত্তমকে আমার কাছে আসিতে দাও, আমি শুধু একটা কথা জিজ্ঞাদা করিব — কেবল এই সমস্থার মামাংসা করিয়া লইব ! আমি আর এ প্রার্থনা করিব না, আর কিছু চাহিব না!

প্রিয়তম এক বার এগ! একবার মাত্র!
এ নিরানন্দ গৃহে এ নিজ্জনতা আনার
অস্থ হইয়া উঠিয়াছে, আর ত পারি না।
একবার এদ, প্রিয়তম। হেলেন।
(৬)

রবিবার

প্রিয়ত্ম,

কাল তুমি ধ্বপ্নে আমার কাছে আদিয় -ছিলে। তুমি আমার হাত হুটি ধ্রিয়া, কাণের কাছে মুখ খানিয়া আমাকে বলিলে, — "হেলি, এমন ছেলেগান্থ্যি করণে ত চলবে না। তোমাকে একটু শক্ত হ'তে হ'বে। মনে রেখো—আমরা আবার সুধী হ'ব, আমাদের আবার মিলন হ'বে—হয় ত থুব শীঘ্রই হ'বে।"

শামি যেন ভোমার গলা জড়াইয়া
তোমাকে আদর করিতে গেলাম—এমন
সময় আমার সে স্থের দপ্র নিলাইয়া গেল
—ঘুম ভাঙ্গিয়া গেল! তুমি আমাকে শক্ত
হইতে বলিয়াছ—আমি শক্তই হইব।
ভাগো কাল রাত্রে সে ওয়ৄধটা থাই নাই
—ডা' হ'লে ত তোমার কথার অবাধা
হইতাম। আমি তোমার কথাই শুনিব—
আমি মনকে দৃঢ় করিব। আমি হাসি
মধে তোমার সঙ্গে মিলনের প্রতীক্ষা
করিব। পর্মেধর আমার অপরাধ ক্ষমা
দরিবেন—আর আমি তাঁর নিন্দা করিব না।
ভামি শক্ত হইব—যেন তোমার সঙ্গে দেখা
হইলে তুমি আমার উপর রাগ করিবে না।

আজ কি স্থলর দিন,—সমন্ত পৃথিবী
আজ আলোকে ভরিয়া উঠিয়াছে — আকাশে
মেঘে কি রংয়ের বাহার! এমন দিন
আসিলে তুমি বলিতে — আজ গল্ফ থেলার
দিন—তুমি চিরদিনই এমনি অকবি!

কাল মালী কলের গাছগুলে। দেখিবার জন্ম বলিতেছিল-—আমার উৎসাহ ছিল না। তুমি ডাফোডিল ফুল বড় ভাল বাসিতে—এগার ডাফোডিলে বাগান খালো হইষ্কা উঠিবে। দেখে।, —আমি বাগানটিকে কেমন স্থল্য করিয়া তুলিব।

রবিবার সন্ধ্যা।

প্রিয়তম,

আমি ঠিক কবেছি কাল লগুনে যা'ব।

দিন কতক গিয়া ইদার কাছে কাটাইয়া
আিদি। তুমি ত জান নভেম্বর মাসে
কুয়াসায় আর রৃষ্টিতে এ জায়গাটা কেমন হয়
—প্রাণ যেন হাঁপিয়ে আসে, সারাদিন কালা
পায়। আর কি আমার কাঁদা উচিত—
আমি যে হাসিমুখে থাকিব ভোমার
কাছে স্থাকার করেছি। ইদার সেই বড়
ছেলেটিকে মনে আছে। কেমন কোঁকড়া
কোঁকড়া চুল, বড় বড় হাসিমাথা চোধ
হ'টি। তোমার নামে তার নাম। তার সঙ্গে
থেলা করে আমার দিন বেশ কাটবে—
হয় ত আমি অন্ধরোধ করলে ইদা তাকে
মাঝে মাঝে আমার সঙ্গে এখানে আসতেও
দেবে।

আজ দক্ষার সময় আমি গিজ্জায় গিয়াছিলায—তখন গিজ্জার ভিতরে গান হইতেছিল। আমি শুক হইয়া তোমার গোরের পাশে দাঁড়াইয়াছিলাম—পাহাড়ের উপর নীল আকাশে চাঁদ উঠিতেছিল, স্লিশ্ন গুল্ল চক্রকরণে সব যেন স্পরাজ্ঞার মত দেখাইতেছিল। দুরে হথরণের ঝোপে একটা নাইটিংগেল স্পীত-ল্যাতে আকাশ ভাগাইয়া দিতেছিল। আর আমি তোমার গোরের পাশে দাড়াইয়া কাঁদিতেছিলাম—কিন্তু কাঁদিয়া এমন শান্তি একদিনও পাই নাই।

ভাজ তবে আসি, প্রিয়তম, আবার কাল লণ্ডনে গিয়া ভোমাকে পত্র লিথিব। ভোমার আদরের

(श्रामन ।

বৃদ্ধ ডাক্তার মাথা নাড়িয়া বলিলেন—

''ধ্বীবনের কোনো আশা নাই।" বলিয়া
তিনি রেল-সংঘর্ষে অক্তান্ত আহতদিগকে
দেখিবার জন্ত চলিয়া গেলেন। চার পাঁচ
ঘণ্টা পরে হেলেনের একবার জ্ঞান হইল—ক্ষীণস্বরে জিজ্ঞাসা ক'রল, ''আমি
কোথায় ?'' সুশ্রুষাকারিনী বলিল ''ভয়
নাই, আপনি হাঁসপাতালে—"

''ভয়! আমার মৃত্যুতে কোনো ভয় নাই⊹" মৃত্যুর পূর্ণে হেলেনের আর একবার জান হইয়াছিল—তার মুখে দিব্য আনন্দের জ্যোতি কৃটিয়া উঠিয়াছে। "প্রিয়তম, কে জানিত এত শীঘ্র আমি তোমার কাছে থাইতে পাইব। ভগবান, তোমার বড় দয়া;" বলিয়া হেলেন চক্ষু মুদিল। সব ক্রাইয়া গেল।

শ্রীস্থবোধচন্দ্র মজুমদার।

ভাদ ঐ

টোপর পানায় ভর্ল ডোবা নধর শতায় নয়ান্-জুলী, পূজা-শেষের পুলে পাতায় ঢাক্ল যেন কুণ্ডগুলি। তাজা আতার ক্ষীরের মত পূবে বাতাস লাগ্ছে শীতল, অতল দীঘির নি তল জলে সাঁত্রে বেড়ায় কাংলা-চিতল।

ছাতিম গাছে দোল্না বেঁধে হল্ছে কাদের মেয়েগুলি. কেয়া ফুলের রেণুর সাথে ইল্শে-গুঁড়ির কোলাকুলি; আকাশ-পাড়ার খ্যাম-সায়রে যায় বলাকা জল সহিতে, ঝিলি বাজায় ঝাঝর, উলু দেয় দাদুরী মন মোহিতে!

কল্কে ফুলের কুঞ্জবনে জল্ছে আলো খাস্গেলাসে, অত্র-চিকণ টিক্লি জলের ঝল্মলিয়ে যায় ৰাতাসে; টোকার টোপর মাথায় দিয়ে নিড়েন্ হাতে কে ওই মাঠে ? গুড়-চালেতে মিলিয়ে কারা ছিটায় গায়ে জলের ছাটে ?

নক্লী রাতে চাধার সাথে চধা-ভূঁরের হচ্ছে বিয়ে, হ'ক্তে শুভদৃষ্টি বুঝি মেঘের চাদর আড়াল দিয়ে; ক'নের মুধে মনের সুধে উঠ্ছে ফুটে খ্যামল হাদি, চাধার প্রাণে মধুর ভানে উঠ্ছে বেজে আশার বাঁশী।

বাঁশের বাশী বাজায় কে আজ্ব ? কোন্ সে রাধাল মাঠের বাটে ? অগাধ ঘাসে দাঁড়িয়ে গাভী ঘাসের নধর অন্ন চাটে। আজ দোপাটির বাহার দেখে বিজ্লী হ'ল বেঙা-পিতল, কেয়া ফুলের উড়িয়ে ধ্বজা পূবে বাতাস বইছে শীতল।

শ্রীসত্যেক্রনাথ দত্ত।

জগন্নাথের "নবকলেবর"

এবার জগনাথের নবকলেবর হইবে,
পাণ্ডারা "নবযৌবন" কথাটাও ব্যবহার
করেন। জগনাথের আবার নবকলেবর
ও নবযৌবন –কথাটা আমাদের বিদেশীয়ভাবে অভ্যন্ত কাণে অভ্যন্তই বাজে। যিনি
ত্রিকালাভীত, নিত্যও নিরামঃ, তাঁর আবার
নবকলেবর ও নবযৌবন কি ? একদিন
ভাবিতাম হিন্দু বুঝি ভার কর্ম-কাণ্ডের এ
সকল বালকত কিছুই বোঝে ন)।

কিন্তু লগনাণের যে কোনো ভৌতিক দেহ নাই, স্থতরাং সে দেহের উৎপত্তি লয়াদি যে অসন্তব, এ সকল কথা কোন্ হিন্দু না জানে ? আর এ সকল কথা অমন ভাল করিয়া জানে ও বোকে বলিয়াই হিন্দু নানা ফুর্ত্তির এবং নানা বিগ্রহের পূকা অর্চ্চনা করিয়াও, প্রকৃত পক্ষে কগনই সাকারবাদী বা জড়োপাসক হয় না।

হিন্দ্র দেবতা আর সে দেবতার মৃর্টি
এক নহে। নিংর আত্মবস্তকে হিন্দু অতি
থাচান কাল হইতেই দেহ হইতে পৃথক্
বিলিয়া জানিয়াছিল। আর তার নিজের দেহ
যেমন তার আত্মা নয়, কিন্তু আত্মা হইতে
ভিন্ন, দেহের রোগশোক উৎপত্তি বিনাশ
প্রভৃতিতে সেই আত্মাকে স্পর্শ করে না;
সেইরপ • তার দেবতার যে মূর্ত্তি নিজের
হাতে হিন্দু গড়িয়া তোলে, সে মূর্ত্তি বা
বিগ্রহত যে প্রকৃত দেবতা নয়, এ কথাও
হিন্দু রেশই জানে। আর এ কথা জানে
বিলিয়াই, হিন্দুর ধর্মে মূর্ত্তি-পূজা, কোনও
কোনও সিদ্ধান্তে, নিকুষ্ট বলিয়া পরিগণিত

হইলেও, কখনও পাপ বলিয়া নিষিদ্ধ
হয় নাই। ইহুদীয়, মোহমাদীয় ও খৃষ্টীয়
ধর্মে মূর্ত্তিপূজা মহাপাপ। ইহার কারণ
এই যে অতি প্রাচীনকালে, ইহুদীয়
ও আরব প্রভৃতি জাতির সাধনাতে,
মান্ত্রের আয়া যে তার দেহ হইতে স্বতম্ব
এ জ্ঞান ফুটিয়া উঠে নাই।

হিন্দু চিরদিনই তার আত্মাকে নিত্য ও দেহকে অনিহ্য, অহংবস্তকে অবিনাশী ও (नशानि याव जो अ देमश्य खंक नश्र निशा জানে। স্তরাং দেহের পরিণামে আথার (य (कान প্রকারের পরিবর্ত্তন হয় না, এ বিশ্বাস তার মর্মে মর্মে গাঁথিয়া আছে। তাঁর দেবতা জড় নহেন, অজড়; অনাত্রা নহেন আত্মা। তার নিজের আত্মা যেমন কর্মবশে বিদেহী হইয়াও দেহ ধারণ করে, হিন্দুর দেবতাও সেইরূপ অমূর্ত হইয়াও হিতার্থে, সাধকের সাধনার করিবার জন্ম, মুত্তিতে অধ্যাদিত হইয়া থাকেন। কিন্তু দেবতা নিজে সেই মূর্ত্তি নহেন সুতরাং মৃত্তি জলে ভাদাইয়া, শাশানে ফেলিয়া, আগুণে পোড়াইয়াও, হিন্দু আপনার দেবতাকে নষ্ট করিল, এমন কল্পনা করে না। বরং মোহবশে কখনো কখনো তাঁর নিজদেহে আত্মণোধ জ্ঞান বটে, কিন্তু কদাপি তাঁর দেবতার মূর্ত্তিতে নিষ্ঠাবান হিন্দুর কখনও দেবতা-জ্ঞান अ(मान)।

এই জ্ঞান বা অজ্ঞান কথনো জন্মে না বলিয়াই, জগন্নাথের নবকলেবর বা নব- যৌবনের কাহিনী গুনিয়া, হিন্দু তাহাকে একটা একাস্ত উপহাস্তাম্পদ ব্যাপার বলিয়াও ভাবে না।

জগন্নাথকে দারুব্রন্থও বলে। পুরীতে যে জগন্নাথ-বিগ্রহ আছেন, তাহার উপাদান মৃত্তিকাও নয়, ধাতুও নয়, কিন্তু কাঠ। আর এই মূর্ত্তির অঙ্গপ্রত্যঙ্গাদি গড়াও নয়, খোদাও নয়; কেবল রং করা মাত্র। এই রং ৰতই কেন পাকা হউক না, প্ৰতিদিন তৈল-চন্দ্রাদির দারা অভিষিক্ত হইলে ক্রমে নিস্প্রভ হইয়া যাইবেই যাইবে। জন্য অন্ততঃ বংসরে একবার করিয়া ইংার নৃতন রং করা আবশ্রক হয়। জ্ঞগ-न्नात्थत सानगाजात भरत, तथगाजात भृर्त्व এই নৃতন রং দেওয়া হয়। এই কারণে এই একমাস কাল জগনাথের মূর্ত্তিকে লোক-**ठक्कृत অন্তরালে রাখা হয়। মাসান্তে, রথের** দিনে, আবার নবরঞ্জিত দেবমূর্ত্তিকে রথার্ক্ করাইয়া, তাঁর রথযাত্রা হইয়া থাকে।

কিন্তু কাঠ তো আর চিরদিন থাকে না।
স্থতরাং জগনাথের মূর্ত্তির কেবল রং
বদলাইলেই চলে না,মাঝে মাঝে দারুখানাও
বদলাইয়া নূতন করা আবশুক হয়। এই
দারুবদলান-ব্যাপারকেই জগনাথের নবকলেবর বা নবযৌবন বলে। পূর্ণিমা দিন
জগনাথের স্থানযাত্রা হয়। পরবর্তী আমাবস্থারাত্রে, জগনাথের পুরাতন দেহ "মাশানে"
লইয়া গিয়া ফেলিয়া দেওয়া হয়। মন্দিরপ্রাজণের ভিতরেই একটা স্থান আছে,
যাহাকে জগনাথের শাশান বলে। স্থানযাত্রার
পরবর্তী অমাবস্থা-রাত্রে "বৈতপতি" নামে
এক বিশেষ গোত্রের পাণ্ডা, সপরিবারে

জগরাথের পুরাতন দারুকে নারায়ণ-বিগ্রহ বা শালগ্রামশীলার সঙ্গে এক ছোট রথে **ह** हुए । इंग स्थाप के प्राप्त क পরে সেই শাশানে লইয়া গিয়া দারুখণ্ডকে (फिलिय़। (मय़। (म मिन मक्ता) इहेट मिनत একেবারে বন্ধ থাকে। দৈতপতি পাণ্ডা ও তাঁর পরিবারের লোক ব্যতীত আর কেহ মে রাত্রে মন্দিরে প্রবেশ করিতে বা মন্দিরের ভিতরে থাকিতে পারে না। এইরূপে জগ-রাথের পুরাতন কলেবর শ্মশানে ফেলিয়া দিয়া, নারায়ণকে সেথান হইতে শ্রীমন্দিরে ফিরাইয়া আনিয়া যথাস্থানে রক্ষা করা হয়। এই নারায়ণই নিত্য বস্তু। ইনিই দারুব্রক্ষের আত্মাস্বরপ। দারু কালবশে জীর্ণ হইয়া ষ্থন পরিত্যাগ্যোগ্য হয়, তখন তাহাকে শ্মশানে ফেলিয়া আসাহয়; কিন্তু তার আত্মাস্বরূপ নারায়ণের তো আর বিনাশ নাই। স্থতরাং নারায়ণকে শ্রশান হইতে ফিরাইয়া আনিয়া রাখা হয়। নুতন মৃটি যখন আবার গঠিত হয়। তখন এই নারায়ণই তাহাতে অধিষ্ঠিত হইয়া, তাহাকে আপনার বিগ্রহ করেন। তখন আবার এই সামাগ্র কাঠের বস্তুই দেবতার দেহরূপে অর্চিত চৰ্চ্চিত পূজিত দেবিত হইয়া থাকে। এই রূপেই জগন্নাথের "নবকলেবর" বা "নব-যৌবন" হয়। ভক্তেরা এ ব্যাপারকে লীলা বলেন। তুমি আমি ইহাকে রূপক বলিতে পারি। কিন্তু হিন্দু যে আপনার দেবতার রোগে, মৃত্যুতে ও পুনক্রি বিখাস করে, তার দেবতার যে সত্য সতাই নবযৌবন বা নবকলেবর হয় বলিয়া মনে করে, এমন সিদ্ধান্ত করা যায় না।

ফলতঃ যত হিন্দুদেবতা-বিগ্রহ আছেন, তার মধ্যে মনে হয় জগরাথের এই বিগ্রহের রূপকতা যেন স্ব্রাপেক্ষা অধিক। এক দিক দিয়া দেখিতে গেলে, জ্বনাথের এই বিগ্রহের কোনও বিশিষ্ট রূপ নাই, যাইতে পারে। শিশুরা এমনও বল। যেমন ছুইটা ভিনটা রেখা যেমন তেমন ভাবে এদিক ওদিক টানিয়া বলে, এটা কেমন মাত্রুষ বা কেমন ঘোড়া, বা কেমন হাতী দেখ; জগন্নাথের এই দারুমূর্ত্তি যেন অনেকটা সেই ভাবেই রচিত হইয়াছে। শিশু-হস্তান্ধিত মামুষ বা ঘোটক বা হস্তীর চিত্রের মাত্রুষত্ব বা ঘোটকত্ব বা হস্তিত্ব যেন সে সকল চিত্ৰেতে নাই, আছে কেবল চিত্রকরের নিজের মনে, এ সকল চিত্রের মানুষ্ত্ব প্রভৃতি যেমন একান্তই মানস-বস্তু, কিন্তু সভা সতা ইন্দ্রিপ্রপ্রতাক্ষ নয়; জগরাথ-মূর্ত্তিরও অনেকটা দেইরূপ। পুরীর এই জগরাথবিগ্রহ কত দিনের, কবে ইহার প্রথম প্রতিষ্ঠা বা প্রচার হয়, পণ্ডিতেরা দে কথা বলিতে পারেন। দে প্রত্নতত্ত্বের বিচার এ প্রদক্ষে নিস্প্রয়োজন। তবে ু এ কথা নিঃসঙ্কোচে বলা যাইতে পারে যে यथन পুরী-ভীর্থ প্রথমে স্থাপিত হয়, পুরীর মন্দির সর্ব্ব প্রথমে যখন নিশ্মিত ও এই জগনাথ-বিগ্রহ রচিত হয়, তথন হিন্দুজাতির নিতান্ত , শৈশবাবস্থা নহে। স্থতরাং শৈশবের অনভিজ্ঞতা ও অক্ষমতা হইতে এই জগনাথ-মূর্ত্তির সৃষ্টি হয় নাই। বে মন্দিরে এই মৃর্ত্তির প্রতিষ্ঠা হয়, সেই মন্দিরের স্থাপত্য, ভাস্কর্য্য ও চিত্রাবলীই সেকালের হিন্দু চিত্রকলার অসাধারণ উৎ

কর্ষের প্রকৃষ্ট প্রমাণ; আর যারা অক্সদিক
দিয়া এমন কলাকুশলতাপুর্ণ চিত্রাদি রচনা
করিতে পারিত, তারা যে নিতান্তই অজ্ঞতা
বা অক্ষমতা-হেতু এ অভ্ভুত জগন্নাথ-মূর্ত্তিটী
নির্মাণ করিয়াছিল, ইহা কল্পনা করাও
যায় না। বরং এই মূর্ত্তিটীর প্রতি দৃষ্টিপাত
করা মাত্রই মনে হয় যেন কোনও নিগৃঢ়
উদ্দেশ্য সাধনের জন্মই ইহার কারিকরেরা
এমন ভাবে বোকা সাজিয়া এ অপরূপ
দেবমূর্ব্রিটী গড়িয়াছিলেন।

বস্ততঃ জগনাথকে মূর্ত্ত না অমূর্ত্ত বলিব, অনেক সময় তার এই বিগ্রহ দেখিয়া এই প্রশ্নই মনে জাগে। আমাদের ইংরেজি শিক্ষার অঞ্জনরঞ্জিত চক্ষে যাহা জগলাথ-মৃর্ত্তির দোষ বলিয়া মনে হয়, তাহাই কি তার সর্বাপেক্ষা বেশী গুণের কথাও নয় ? আমরা ইহাকে কিন্তুত-কিমাকার ভাবি। গ্রীদের দেবমূর্ত্তি সকল কেমন কেমন চিত্তাপহারক, কেমন ভাবে আমাদের রঞ্জিনীরতিকে তৃপ্ত করিয়া সে মূর্ত্তি সকল অপূর্ব রসে প্রাণমনকে পূর্ণ করিয়া দেয়! দিনাস বা এপলো, জুনোবা একডাইটিস আমাদের চক্ষে আর দেবতা নন। তথাপি এ সকল প্রাচীন মৃর্ত্তির যতটুকু নির্শ্বসকালতরঙ্গাভিঘাত বহন আমাদের নিকটে আসিয়া পৌছিয়াছে, তাহাতেই কত না দেবভাব আমাদের মধ্যে জাগাইয়া দেয়। মূর্ত্তিপূজা যদি করিতেই হয়, তবে এমনি সব মুর্ত্তিরই পূজা করা যায়, আমরা মুরোপীয়দের সঙ্গে যোগ দিয়া অনেক সময় এরূপই মনে করি। আর এ সকল গ্রীশীয় দেবমূর্ত্তির তুলনায় আমাদের

দেবতা সকল অনেক সময়ই কত অদ্ভুত, কত উদ্ভুট, কত ভয়ানক ও বীভংগ বলিয়া বোধ হয়। আমাদের এই মূর্ত্তিগূজা কতই না গোটেস্ক (grotesque) বলিয়া মনে হয়। স্কুতরাং জগন্নাথের এই ক্যাড়া ও মূলো মূর্ত্তিকে যে আমরা উদ্ভুট ও grotesque বলিয়া ভাবিব ইহা আরু বিচিত্র কি ১

কিন্তু গ্রীশ তার দেববাদ ও মূর্ত্তিপূজার ভিতর দিয়া যে বস্তুর সঞানে গিয়াছিল, হিন্দু যে সে বস্তুর সন্ধান পায় নাই। স্থতরাং তাদের উভয়ের চেষ্টা কখনও এক রকমের হওয়া সম্ভব নহে। গ্রীক **শন্ধানে যাই**য়া তার দেবমূর্ত্তি সকল গড়িয়াছিল। হিন্দু অরূপের সন্ধানে যাইয়া তার দেবতার মূর্ত্তি কল্পনা করিয়।ছিল। ছু'এর মধ্যে এই আকাশপাতাল প্রভেদ ছিল। গ্রীক রূপের উপাসক ছিল। হিন্দু আজনাকাল অরূপেরই সাধনা ক রিয়া व्याभिशाष्ट्र। श्रीक हेल्प्टिश्त मर्याहे य অতীন্দ্রির সঙ্কে ও সন্ধান আছে, তাংগই कृ हो है या जू निवात (हेशे कित्राहि। हिल् অতীন্ত্রির মধ্যেও যে ইন্দ্রিরগুণাভাস আছে, ভাহাই, সাধনসৌকার্য্যার্থে, ইন্দ্রিয়জ রূপরসাদির সঙ্গে কায়ক্লেশে মিশাইবার চেষ্টা করিয়াছে। স্মৃতরাং তার অতীন্দ্রিয় দেবতাকে ইন্দ্রিয়ের সাহায্যে ধ্যান করিতে যাইয়াও, হিন্দু সর্বাদাই সে দেবতার এতী<u>লি</u>য়ত্ব পূৰ্ণমাত্ৰায় বজায় রাথিতে 6েষ্টা করিয়াছে। গ্রীশীয় দেবমূর্ত্তি সকলের ধানে সাধু ও সুধীজনের চিতে যতই উন্নত ও পবিত্র ভাবের উদয় হউক ন। কেন, প্রাক্বজনের প্রাণে তাহাতে ইন্দ্রি-

ভোগলালদার উদ্রেক না হওয়া একরপ অদন্তব ৷ মাইলোর ভিনাদের ভাঙ্গা মৃর্ত্তিটা দেখিয়া 'অসাধারণ আধ্যাত্মিকসম্পদসম্পন পণ্ডিতদের চিত্তবিকার উপস্থিত হউক বা না হউক, সাধারণ লোকের যে তাহা হয়, ইহা অস্বীকার করা যায় না। আর গ্রাশের উত্তরাধিকারীস্থত্তে যাঁরা এই কলাকুশালনতৎপরতা লাভ করিয়া, আধুনিক যুরোপীয় কলাশিল্পের প্রতিষ্ঠা করিয়াছেন, তাঁদের শ্রেষ্ঠতম স্টার মধ্যে যেওলিতে এই ইঞ্রিয়ভোগ-লাল ার উদ্রেক করে, জনসাধারণে সেগুলিকেই সকলের চাইতে বেশি পছন করে, ইহাও কে না ভানে? অন্তদিকে হিন্দুর দেবমুর্ত্তিতে এরূপ কোনও কিছুর আখভাস পাওয়া যায় না। আর এই ইঞ্রিরস্কে করিবার জন্মই শুস যেন, মনে হয়, হিন্দেবমূর্ত্তির মধ্যে অশেষবিধ অপ্রাক্তত্বের সম্বেশ হইয়াছে। আমাদের হুর্গা, কালী, লক্ষা, স্বরস্বতী, প্রভৃতি দেবীমূর্ত্তির দর্শনে ও ধ্যানে কাম-কোধাদি উদ্ভিক্ত না হইয়া, আপনা হইতেই প্রশমিত হইয়া যায়। আর এ সকলের অপ্রাকৃতত্ব বা অতিপ্রাকৃতত্বই ইহাব**়** প্রধান কারণ।

জগনাথমূর্ত্তিতে কালী তুর্গা প্রভৃতি
মূর্ত্তির ক্যায় কোনও প্রকারের অপ্রাক্তত্ব
বা অতিপ্রাক্তত্ব নাই। কিন্তু অন্যদিকে
ইহার মধাে অতীক্রিয়-সক্ষেত্রী যেরপ
ভাবে কুটাইয়৷ তুলিবার চেষ্টা হইয়াছে,
আর কোনও হিন্দুদেবমূর্ত্তিতে সেরপ হয়
নাই। জগনাথমূর্ত্তিকে কতকটা নিরাকার
মূর্ত্তি বলিলেও চলে। আমরা সচরাচর

নিরাকারের যে অর্থ করি. তাহাতে নিরাকারবাদ আবার শৃত্যবাদ মূলে এক হইয়াই যায়। যার আকার নাই, মোটা-মুটি আমর। ভাগকেই নিরাকার বলি। কিন্তু প্রকৃতপক্ষে নিরাকার তাহাই যার কোন বিশেষ আকার নাই। যে বস্ত কোন বিশেষ আকারেতে আবদ্ধ হয় না, হইতেই পারে না, তাহাই সত্যসত্য নিরাকার। আর একই কাগে বহুবিধ আকারে থাকিতে পারে, তাহারই কোনও বিশেষ আকার নাই। আর তাহাই সভা সভা নিরাকার। আকাশ-বস্ত এগ জন্ম নিরাকার। অথ এই আকাশই একই সময়ে ঘটপটাদিতে সাকাররপ ধরিয়াও থাকে। প্রাণ-বস্তু নিরাকার; কারণ সর্ব্বদাই দেহের সঙ্গে যুক্ত থাকিলেও, কোন বিশেষ দৈহিক আকারেতে গাগ আবদ্ধ হয় না। যে প্রাণ বহুদিন পূর্বের একরত্তি অপোগত শৈশুর অঙ্গ-প্রতাঞ্চের ছিল, আজ তাহা পরিণত বয়দের পরিপঞ্চ অস্থ্রপঞ্জর ও লোল পেশিচ্টাদির মধ্যেও সমভাবেই বিভাষান রহিয়াছে। জনেরা বলেন দেহান্তেও এই প্রাণ থাকিবে ও ক্রমে কর্মবশে দেহান্তর গ্রহণ করিয়া আবার শারীর চেষ্টা প্রকাশ করিবে। এই প্রাণ-বস্তর যদি কোনো একটা বিশেষ আক্লার থাকিত, কোনো এক সাকার দেহের সঙ্গে যদি তার এমন ঐকান্তিক যোগ থাকিত যে, সে যোগ নষ্ট হটলে সে প্রাণও নষ্ট হইয়া যাইত, তুবেই কেবল দে প্রাণকে সাকার বলা যাইতে পারিত। কিন্তু বিবিধ আকারেই প্রাণ-বস্তু থাকে ও

থাকিতে পারে বলিয়াই তাহাকে নিরাকার বলি। আর এই অর্থে জগন্নাথ সাকার নহেন, কিন্তু তাঁর যতই মূর্ত্তি প্রতিষ্ঠিত হউক না কেন, তিনি সর্বানা, সর্বোতোভাবেই নিরাকার। কারণ যার কোনো আকার-বিশেষ নাই, যুগপৎ যে বস্তু বহু আকারেতে প্রকাশিত হইতে ও প্রতিষ্ঠিত থাণিতে পারে, সেই প্রকৃত নিরাকার। নতুবা কোনো আকারের ভিতর দিয়া প্রকাশিত হইতে গেলেই যার নিজত্ব ও বস্তুক নই হইয়া যায়, গে বস্তু শৃত্য হইতে পারে, কিন্তু স্তিয়কার নিরাকার গইতে পারে না। কারণ নিরাকারের প্রকৃত অর্থ সর্বাকার।

আর জগন্নাথ-মূর্ত্তির মধ্যে এই দর্কাকারত্ব যতটা পরিমাণে প্রকাশিত ও প্রতিষ্ঠিত করিবার চেষ্টা হইয়াছে, আর কোনও হিন্দু-দেবমূর্ত্তিতে তাহা হয় নাই। ইহাই জগন্নাথের ক্যাড়া-মুলো ছবির ভিতরকার কথা। একদিক দিয়া জগগাথের কোনো রূপ নাই। শিশুরা থেমন বালুকাষ্টি ধরিয়া বলে, এই নেও পোলাও বা পার্ম: যে সাধক জগলাথের মুর্ত্তি গড়িয়াছেন, তিনিও দেইরূপই যেন বলিতেছেন,—এই নেও তোমার ঠাকুর। আজ জগন্নাথকে বৈষ্ণবেরা বিশেষভাবেই দ্যণ করিয়া বসিয়াছেন, কিন্তু জ্পরাথের মূর্ত্তির সঙ্গে বিষ্ণু-মূর্ত্তির কোনই সাদৃশ্য নাই। বিষ্ণু চতুভুজি। জগল্লাথের চার হাত নাই। শ্রীক্ষার এক শ্রেষ্ট্রম, গৃহত্য, দ্বিভূদ মূর্ত্তি আছে বটে; কিন্তু গে দিভুক্ত মূর্ত্তিও ত্রিভগ ও মুরগীধর। জগন্নাথের সঙ্গে তারও কোন মিল নাই। অগচ এই জগন্নাথকে দেভিয়াই গগে গুগে বৈষ্ণবসাধক ও

ক্ষতক্রগণ ক্ষণেশন-স্থপেশতাগ্য সন্তোগ করিয়াছেন। রথের দিনে এই জগন্নাথের মূর্ত্তির অগ্রেই মহাপ্রভুপ্রেমাবেশে নাচিতে নাচিতে গাহিয়াছিলেন—

সেই তো পরাণ নাথ পাইন্থ

থার লাগি মদন দহনে ঝুরি গেন্থ।

আর রথারত জগল্লাথ-মূর্ত্তি দেখিয়া কুরুক্ষেত্রে

অর্জ্জুন-সারথির রূপ মনে করিয়া, এই

মূর্ত্তিতেই সেই রূপ প্রত্যক্ষ করিয়া, আর এক
রসের উচ্ছ্যুদে পুরাতন শ্লোক আরত্তি
করিয়া বলিয়াছিলেন—

যঃ কৌমারহরঃ স এব হি বর স্তা এব চৈত্র স্থাপা

স্তেচোনীলিত মালতী স্থরভয়ঃ প্রোচা কদম্বানিলাং:।

সা চৈবান্মি তথাপি তত্ত্র স্থরতব্যাপার-লীলাবিধৌ

রেবারোধ সিবেতন্বী তরুতলে চেতঃ সমুৎকণ্ঠতে॥

আর বৈষ্ণবেরা জগন্নাথকে বিষ্ণুম্র্ভি বলিয়া
যতই ধক্রন ও প্রচার করুন না কেন,
শৈবেরাও তাঁহাকে নিজেদের ইন্ট্রদেবতা,
লোকনাথ বলিয়াই দেখেন। এই জন্য শ্রীক্ষেত্র বৈষ্ণব, শৈব, দকল সম্প্রদায়েরই পীঠন্থান হইয়া আছে। আধুনিক কালে
যেমন শ্রীগোরাপ মহাপ্রভুর মধ্য ও অন্তা, এই ছই লীলার সাক্ষা নীলাচল, পুরীধানের ধূলিকণা হইতে মন্দিরচ্ড়া পর্যান্ত সকল যেমন চৈতক্তলীলা-মুখরিত হইয়া আছে; পুরাতন কালে সেইরূপ এই নীলাচল শ্রীভগবান শক্ষরাচার্য্যের জীবনের সঙ্গেও জড়িত হইয়াছিল। সাকারবাদী বৈষ্ণব ও শাক্ত, নিরাকারবাদী নানকপথী ও কবীরপন্থী, জ্ঞানপথাবলম্বী বৈদান্তিক ও ভক্তিমার্গচারী বৈষ্ণব, সকলেই এই পুরীধামকে তীর্থহান বলিয়া পূজা করেন। এখানে শক্ষর, নানক, কবীর সকলেরই মর্য্যাদাও বিভ্যমান রহিয়াছে। আর ইহার একটা প্রধান কারণ বোধ হয় জগন্নাথ-মূর্ভির বিশেষত্ব।

এই মুর্তি ঠিক সাকারও নয়, ঠিক নিরাকারও নয়। ইহাতে ইন্দ্রিয় নাই, অথচ ইন্দ্রিয়ের আভাস মাত্র আছে। জগনাথ-মূর্ত্তি দেখিয়া মনে হয় যেন শ্রুতি যাহাকে "অপাণিপাদে যবনোগ্রহিতা"—"সর্ক্ষেয়্র-গুণাভাসং সর্ক্রেয়িয়বিবর্জ্জিতম্." বলিয়া ব্যক্ত করিতে চাহিয়াছেন, সেই শ্রুতিনির্দ্দেশ অমুযায়ীই কোনও ভক্তসাধক এই অস্তুত, উদ্ভট, অস্ফুট মূর্ত্তির ভিতর দিয়া সেই পরমতত্ত্বকেই প্রকাশ করিতে চেষ্টা করিয়াছেন।

জ্ঞানদাস

শ্রীরামক্বঞ্চ পরমহংস প্রায়ই বলিতেন যে
শকুনি আকাশে উঠিলেও তাহার দৃষ্টি থাকে
ভাগাড়ের উপর, তেমনি অনেক সমালোচক
বৈষ্ণব-কবির ভাবের কথা বলিতে গিয়াও

তাহাদের কবিতার কেবল অশ্লীলাংশ— তাঁহাদের মতে যাহা অশ্লীল— সেই সব অংশ বাছিয়া বাহির করিয়া থুব গন্তীর স্বরে মত প্রকাশ করেন যে, এই সকল আদিরসের ছড়াছড়ি আছে বলিয়াই বৈষ্ণব∙কবির প্রভাব বঙ্গদাহিত্যে প্রবল ভাবে এখনও বিদ্যমান রহিয়াছে। এই মতের সমর্থনার্থ বৈষ্ণব-কবির শ্রীক্লঞ্চকে রাধিকাকে তাঁহারা কামাতুর যুবক, কামাতুরা নায়িকা ও স্থীগণকে দুতীতে পরি।ত করিয়াছেন। এই মত কি সতা ? বৈষ্ণব-কবির প্রভাবের কি ইহাই একমাত্র হেতু ?

আমরা জ্ঞানদাসের পদাবলীর যৎকিঞিৎ আলোচনা ম্বারা করিতে চেষ্টা প্রমাণ করিব যে এই অভিমতের ভিতর সারাংশ নিতান্ত অল। অবশা আমরা এ কথা বলিব না যে যাহা দাধারণ লোকচকে অশ্লীল বা আদিরসঘটিত বলিয়া বোধ হয়, এমন थाः विकाद-कवित भागवनी एक অথবা আমাদের আলোচা বৈষ্ণব-কবির পদা-বলীতে নাই, আছে স্থা; কিন্তু বৈঞ্ব-কবির গানের প্রতিষ্ঠা ভাবে, ইন্দ্রিয়পরতায় নহে। এই মীমাংসায় উপনীত হইতে হইলে বিশেষ কোনও পরিশ্রমের প্রয়োজন প্রয়োজন কেবল রসসংগ্রহণেচ্ছু হাদয়ের সহিত বৈষ্ণব-কবির চর্চা। যিনি কেবল তাঁহাদের বিষয় লিখিবার জন্ম বা বলিবার জন্ম তাঁহাদের কবিতা পাঠ করেন, তাঁহার দারা বৈষ্ণব-কবির – বৈষ্ণব-ক্যির বলি কেন, কোনও ক্বির যথার্থ ভাব গ্রহণ করা অসম্ভব। কবির হৃদয় কবির হৃদয় দারা ধরা পড়ে, আর কিছুতেই নহে।

বৈষ্ণব-কবির পদাবলী মুখ্যতঃ ভক্তির গান, প্রেমের গান ; গৌণভাবে তাহারা ভালবাসার গান। অতএব বৈষ্ণব-পদাবলী ভালবাদার দকল লক্ষণাক্রান্ত হইয়াছে তাহাতে বৈচিত্র্যও নাই। এই যে ইন্দ্রিয় দারা প্রিয়সম্ভোগব্যাপার তাহাকে ভাল-রাজ্য হইতে একেবারে তাড়াইয়া দেওয়া যায় কি? তাহ। यकि ना याग्र, তাহা হইলে সত্যতত্ত্বজ্ঞ বৈষ্ণব-কবি यদি তাহার বর্ণনা ক বিয়া থাকেন তাহাতে এমন অন্তায় কিছু হয় নাই যে জন্ম বৈষ্ণব-কবির, মাধা তুলিতে হইবে। জ্ঞানদাস ভালবাসার শাসে সুণণ্ডিত তাই তিনি স্ত্রেরপে কহিয়াছেন— রূপ লাগি আঁখি ঝুরে, গুণে মন ভোর। প্রতি অঙ্গ লাগি কাঁদে প্রতি অঙ্গ মোর॥ হিয়ার পরশ লাগি হিয়া মোর কান্দে. পরাণ পিরীতি লাগি থির নাহি বান্ধে॥

এবং ইহারই রূপান্তর রবি বাবুর

প্রতি অঙ্গ কাঁদে তব প্রতি অঙ্গ তরে। প্রাণের মিলন মাগে দেহের মিলন। তবে প্রভেদ এই যে রবি বাবু শুধু হত্ত লিখিয়াই ক্ষান্ত হ'ইয়াছেন, দৈহিক মিলনের বর্ণনা করিতে পারেন নাই, বৈষ্ণব-কবি তাহা করিয়াছেন। রবি বাবুর সময়ের শিক্ষা ও দীক্ষা অন্তরকমের, বৈষ্ণব-কবির শিক্ষা ও দীক্ষা অক্সরকমের। রবিবাবর সময় ७ বৈষ্ণব-কবির সময়—এই ছই সময়ের মধ্যে বিস্তর পার্থক্য হইয়াছে। সেক্ষপীয়র, কালিদাস, বায়রণ, গেটে যাহ। লিখিতে পারিয়াছেন, এখনকার কোনও য়ুরোপীয় ভারতবর্ষীয় কবি তাহা লিখিতে সাহস করিবেন না, লিখিলেও তাঁহাকে আজকাল বৈষ্ণব-কবির মত সমালোচকের হস্তে লাঞ্চিত হইতে হইত। সময়ের গুণে

মকুষ্যের আশাদ-শক্তির পরিবর্ত্তন হয়, তাই বৈঞ্চব-কবির সময়ে যাহা দোষ বলিয়া গণ্য হইত না এখন তাহা দোষ বলিয়। পরিত্যক্ত হয়। এই জন্ম বৈঞ্চব-কবি দৈহিক সম্ভোগ বিস্তৃতরূপে বর্ণনা করিতে কুন্তিত হন নাই; এখন যদি কেহ তাহা করে তাহা হইলে তাহাকে সে লেখা (পाछादेश किलाउ इंदेर। किन्द रिनरिक মিলনবর্ণনারও একার আছে। বৈষ্ণব-কবির দৈহিক মিলন কামুকের দেহ-সম্ভোগ নহে, ভালবাদার যে স্বাভাবিক পরিণ^{তি}, এ দেহ-সম্ভোগ তাহাই, তুচ্ছ ইন্দ্রিয়-পরিতৃপ্তি মাত্র নহে। সেক্ষপীয়রের ভানস এবং এডোনিলে ভীনসের অথবা বায়রণের ডন জুয়ানের নায়ক-নায়িকাগণের কিষা বিদ্যাস্থন্দরের নায়ক-নায়িকার মত বৈষ্ণব-কবির নায়ক ও নায়িকা কেবল ইদ্রিয় চরিতার্থ করিবার জ্যুই দৈহিক সম্ভোগ নাই। এই সম্ভোগব্যাপার থোঁজেন আक्रकान अज्ञीन मत्न ट्रेलि ७ ट्रा यीकात করিতেই হইবে যে, ইহার সহিত অনেক পরিমাণে হাদয় মিশ্রিত আছে। কারণ আমরা দেখিতে পাই যে এই সম্ভোগস্ত্ত্তে রাধাকুষ্ণের প্রেম পরিপক্তা লাভ করিয়াছে, নষ্ট হইয়া যায় নাই। এই মিলন হইতেই রাধাকুষ্ণের পূর্ণ মিলন সাধিত হইয়াছে—এ মিলনে অণ্যাদ নাই বরং উল্লাস আছে। যাহা কেবলই ইন্দ্রিপরতা, তাহা ক্ষণিক উত্তেজনা মাত্ৰ, সেই উত্তেজনান্তে উপভোক্তৃ-দ্বয়ের হৃদয়ে শান্তি আনয়ন করে, কুটজার সোনাটায় (Kreutzer Sonata) কাউণ্ট টলপ্তম তাহা বুঝাইয়াছেন। কিন্তু বৈশ্বব-

কবির নায়কনায়িকার হৃদয়ে উপভোগ দার। রদের সঞ্চার, ভাবের বিকাশ হইয়াছে— পাসরিতে নারি কালা কাত্রর পিরীতি। সোঙ্রিতে প্রাণ কান্দে করিব কি রীতি॥ হিয়ায় হইতে পিয়া শেকে না শোয়ায়। वृत्क वृत्क भूत्थ भूत्थ तकनो (गांडाम ॥ তমু তরু পর্শ লাগি আভরণ তেজে। **ठ**त्राथ या थक त्राय (पश्चित्राहे लाटक ॥ নিশি অবসান জাগি কাতর হইয়া। দৃতৃ করি বান্ধে মোরে ভুজলতা দিয়া॥ অরুণ উদয় দেখি পড়ি শেম ফাঁলে। মুখে মুখে দিয়া পিয়া কত জানি কান্দে। ঘরে আদিবার কালে পরে প্রেম ফাঁদ। তে ঞি সে এমন দেখি কাঁদে জ্ঞানদাস। যাঁহার হাম্য আছে, ভাবাকুদন্ধানপ্রবৃত্তি ও রস্গ্রাহিত। আছে, তিনি বুঝিয়া দেখুন এই যে সম্ভোগ-রুমোদ্গার তাহা কত উপাদেয়, একবার ভাণিয়া দেখুন যে বৈষ্ণব কবির সম্ভোগ কোন জাতীয়।

তার পর আমাদিগকে দেখিতে হইবে যে জ্ঞানদাসের নায়ক-নায়িকার চিত্তের কোন্
ভাব এই মিলন ঘটাইয়াছে। তাহা কি
কেবলই ক্ষুদ্র ইন্দ্রিয়াকাক্ষা অথবা যথার্গ
ভালবাসা? বৈষ্ণব-কবির অতএব জ্ঞানদাসের
নায়ক নায়িকা রূপ গুণ হুই দেখিয়া ভালবাসার জালে জড়িত। রূপজ প্রণয় যে কেবল
ইন্দ্রিয়ের মোহ তা নয়, ইহা হইলেই অথাণ
প্রেমের উৎপত্তি হইতে পারে। সেক্ষপীয়রের
রোমিও এবং জুলিয়েট,কালিদাসের শকুন্তলা,
গেটের মার্গারেট, ভিক্টর হিউলাের লা
এস্মেরাও, ইহারা সকলেই রূপ দেখিয়া
ভুলিয়াছিল, রূপে ভুলিয়া ভাল বাসিয়াছিল,

ভালবাসিয়া কেহ প্রাণ পর্যান্ত নলি দিয়াছিল. কেহ বা অনন্ত বিশৎসাগরে পতিত হইয়া-ছিল। প্রথম দর্শনে যে প্রেমের উৎপত্তি (म প্রেম অনেক সময়ে দৈবালুশাসন স্বরূপ, ইংরাজী**তে** যাহাকে revelation বলে তাহাই। সেই দর্শনেই যেন জন্মজনান্তরের বিশ্বত ভাবাবগী, চির পুরাতন প্রেয় নৃতন হুইয়া উঠিয়া জীবনের স্রোত ফিরাইয়া দেয়। এক কোন শুভক্ষণে, এক মৃহুর্ত্তে একটী চাহনির ভিতর দিয়া,---আক্রাজ্ঞার পথে ছুইটী প্রাণ এক হইয়া যায়। রাধাকুফের ভালবাসা বৈঞ্চব-কবি এই ভাবে বর্ণনা করিয়াছেন। প্রথমদর্শনেই শ্রীরাধার অন্তরে যে অপূর্ব অনুরাগ জাগিয়াছে, যে আকাজ্জার রাশি পুঞ্জীভূত হইরাছে, যে স্ব-ভূলানো ভাব জাগিয়াছে, যে ভালবাসা—প্রিয়ের তিল মাত্র বিচ্ছেদ সহনাক্ষম ভালবাদা—আপন অধিকার বিস্তার করিয়াছে, দেহের মিলন, প্রাণের মিলন এই উভয় বিধ মিলনের জন্ম যে তীত্র বাসনা উৎপন্ন হইয়াছে, শিল্পকুশন কবি জ্ঞানদাস যেন সে সকল ভাব অহুভব করিয়া, জ্রীরাধার সেই বাসনাক্ষিত দিব্য-মূর্ত্তি প্রত্যক্ষ করিয়াতাহার ছবি তুলিয়াছেন—

সহজে ননীক পুতলি গোরী।
জারল বিরহ আনলে তোরি ॥
বরণ কাঞ্চন এ দশ বাণ।
শুমুমরি সোঙ্রি তোঁহারি নাম ॥
শুনহ মাধব কহকুঁ তোয়।
শমতি না দেই দিন রজনী রোয়॥
অরণ অধর বান্ধলি ফুল।
মুগুর ভৈ গেল ধুতুর ফুল॥
ফুরল কবরী উরহি লোল।

স্থমের উপরে চামর ভোল !
গলায় এ গঙ্গ মোতিম হার।
বসন বহিতে গুরুয়া ভার॥
অঙ্কুর অঙ্কুলি বলয় ভেল।
জ্ঞান কহে হঃখ মদন দেল॥

এমন প্রণয়ে অঙ্গসঙ্গাসক্তি থাকিলেও মনের কার্য্যই বেশী, ভাবের প্রাবল্যই বিশেষ ব্যক্ত। তাই জ্ঞানদাস বলিয়াছেন —

কাশর বদন চমক্লি চাও। ভাবে বেয়াফুল ওর না পাও॥ কপোলে পুলক বেকড় দেখি। প্রেম কলেবর ততহি সবি॥

শীরাধার প্রণয় কেবল ইন্দিয় দারা উপভোগের জন্য লালায়িত নংহ, সর্বস্থ সমর্পণ করিতে উন্নত, ইহা কামপরতন্ত্রার ইন্দ্রিমণালগা নংহ, বিভার চঞ্চল উচ্ছু-ঙালতা ইহার মধ্যে নাই; সংসারে যাহা কিছু লোকে জড়াইয়া ধরিয়া থাকে, বিশেষতঃ স্ত্রী-জাতির পক্ষে যাহা কিছু সংসারের সার শীরাধার প্রণয় এ সকলকেই তুদ্দ করিয়া সেই প্রিয়তমের দিকে ছুটিয়া চলিয়াছে,— এ প্রেম গভীর, স্বার্থহীন আত্মনিবেদন—

ভাষরপ দেখিয়া আকুল ইইয়া

ত্কুল ঠেকিলাম হাতে।

ভূবন ভরিয়া অপ্যশ ঘোষণা

নিছিয়া লইস্ক মাথে॥

সজনি কি আর লোকের জয়।

ও চাঁদ বদনে নয়ান ভূলাল

আর মনে নাহি লয়॥

অপ্যশ ঘোষণা যাক দেশে দেশে

সে মোর চন্দন চুয়া।

ভাষের রাজা পায় এ তমু সঁপেছি
তিল তুলসী দিয়া।
কি মোর সরম ঘর ব্যবহার
তিলেক না সহে গায়।
ভোনদাস কহে এ মু নিছিমু
ভাষের ও রাজাপায়।

যে প্রণয়ে হৃদয়ে এমন ভাবের উৎপন্ন হয়, এমন নিরবচ্ছিন্ন আত্মোৎসর্বের প্রবৃত্তি জনায়, যে ভালবাসায় আপনার ৰলিয়া কিছু রাখিবার ইচ্ছা পর্যান্ত লুপ্ত হয়, সেই প্রণয়ের ভাব কি একজন সামাক্ত দূতর উপলব্ধি করা সন্তব ? যদি তাহা না হয়, তবে যাহার দেই ভাব বুঝিয়া দৌতা কার্যো ত্রতী হইয়াছে, তাগদের **শা**মাক্ত দৃতী বলা চলে না। বৈশ্বব কবির-স্থী ইতর দূতী নহে, তাহারা রাধাপ্রেমে আত্মত্যাগিনী, রাধার সুথে সুখী, হৃঃথে হুঃখী, রাধার স্থথের জন্ম তাহারা দব করিতে পারে, সব ছাড়িতে পারে, সব ভুলিতে পারে তাই শ্রীরাধার হৃদয়ে যখন এমন সর্ব্বগ্রাসী প্রেমের উদয় স্থী বুঝিতে পারিল, যখন সে বুঝিল যে ভালবাসা ভিন্ন রাধার আর কোনও স্থ নাই, তখন সে ক্লের কাছে দৃতীগিরি করিতে চলিল—গাঁহার হৃদ্যে মাধুর্য্যানুভূতি আছে তিনি কবি জ্ঞানদাসের স্থীর এই দৌতোর মর্ম্ম বৃঝিয়া আনন্দিত হইবেন---देवर्घन वत स्वन्हती মন্দির মাঝে

মন্দির মাঝে বৈঠল বর স্থন্দরী
দিনকর তুপর ঠানে।

যব হাম পুছল পিরীতি সম্ভাবণ
প্রেমজলে ভরল নয়ানে॥
মাধব! তুয়া অন্থরাগিণী রাধা।
তুয়া পরসাক্ষ অক সব পুলকিত
না মানয়ে গুরুজন বাধা॥

ভাবে ভরল তমু পুনঃ পুনঃ কম্পিত
পুনঃ পুনঃ খ্যামরি গোরী।
পুন পুছত পুন দিগ নৈহারত
ভূঁয়ে শুতয়ে পুন রেরি॥
ফুরল কবরী উরহি লোটারত
কোরে করত তুয়া ভানে।
ভোনদাস কহে তুহুঁ ভালে সমঝত
কোন করব চিতে আনে॥
ভীরাধার ভাবের কি স্থানর পরিচয় এই

দ্তীর মুখে ব্যক্ত হইয়াছে ! জ্ঞানদাসের কাব্যে সধী কখনও দূতী, কখনও সেবিকা, কখনও বন্ধু, কখনও মন্ত্রী ; — সর্বাদাই ইহারা রাধার মর্ম্মগ্রাহিণী, রাধার ভাবে বিভার, ভাবের ভাবিনী। রাধার হৃদয়ে হত ভাবের উদয় হয় তাহারা স্ব ধ্রিতে পারে, স্ব ক্হিতে পারে।

কত কত ভাব পেখনু হাম তাই।
ধনি ধনি তুহু ধনি রসবতী রাই॥
মিলনের পূর্বে রাধিকার হৃদয়ে কত
অপূর্ব ভাবেরই উদয় হইয়াছে তাহা এই
সধীগাই জানে ও বুবে

হাসি রহল করে বসন ঝাঁপাই।
মধুর সন্তাধণ মধুরিম চাই॥
আন দিনে শ্রবণে না দেই পরথাব।
আজু আপনে ধনি কহিলি স্থাব॥
শুন শুন মাধব উলসিত অঙ্গ।
কমলিনী কয়ল তুয়া পর সঙ্গ॥
শীরাধার মনে এত উল্লাস, এত
আকাক্ষ্যা এত ভাব, কিন্তু তিনি সবই
লুকাইয়া রাখিতে চাহেন, এত যে অন্তরঙ্গ
স্থী তাহাদের অনেক সময় সেই সকল
ভাব অনুক্তবে বৃঝিয়া লইতে হয়, ইকিতে

অন্প্ৰত করিতে হয়। প্রেমতর্জ কবি জ্ঞান্দাস কহিয়াছেন্--

রসের বেভার লুকানা যায়।
তাই সখীদের জানিতে বিলম্ব হয় ন।
যে রাধার হৃদয়ে কোনও এক অভিনব
ভাবের উদয় হইয়াছে; তাহাদের সহ ুভূতি
সম্পন্ন হৃদয় রাধার অন্তরের নূতন ভাব
লুকান থাকিলেও ধরিয়া ফেলে—

কুকান থাকিলেও বার্রা কেলে —
কলে ধনী চমকায় কলে উঠে কাঁপ।
কর পরশিলে নহে এত অঙ্গ তাপ॥
মনের যুকতি কেহ লখিতে না পারে।
মৃগমদ লেপই কাঞ্চন কলেবরে॥
সবে এক দেখিয়া করএ পরতীত।
কালা নাম শুনিয়া চকিত হয় চিত॥
কালা কালা বরণ দেখিয়া ভালবাসে।
জ্ঞানদাসে বলে কালা কামুর ভাবে আছে।
যাহারা এমন মর্ম্মজ্ঞা, এমন অন্তরঙ্গ তাহাদের কাছে মনের ভাব গোপন করিবার
প্রশ্নাস র্থা, তাই রাশার মুখ কুটে, প্রাণের
আবদ্ধ যাতনা আকাজ্ফা নৈরাগ্য সব

আংগে মুঞি জানিলে যাইতাম না কদম্বের তলে।

চিত হরিয়া নিলে ছলিয়া নাগর ছলে॥
রপের পাথারে আঁথি ডুবি সে বহিল।
যৌবনের বনে মন হারাইয়া গেল।
ঘরে যাইতে পথ মোর হইল অফুরাণ।
অন্তরে বিদরে হিয়া কি জানি করে প্রাণ।
চন্দন চাঁদের মাঝে ফুগমদে ধান্দা।
তার মাঝে হিয়ার পুতলি রইল ঝান্ধা।
কটি পীত বসন রসনা তাহে জড়া।
বিধি নিরমিল কুলকলঙ্কের কোড়া ॥

জাতি কুলশীল মোর হেন বুঝি গেল।
ভূবন ভরিয়া মোর ঘোষণা বহিল॥
কুলবতী সতী হইয়া তুকুলে দিফু ছখ।
ভ্তানদাস কহে দঢ় করি থাক বুক॥
যে আপনার জন তাহার কাছে একবার মুখ
খুলিলে সব প্রকাশ হইয়া পড়ে, তাই রাধার
মনের সকল কথা একে একে সখীর কাছে
ব্যক্ত হইয়াছে—

মনের মরম কথা তোমারে কহিয়ে এথা
শুন শুন প্রাণের সই।
স্বপনে দেখিফু যে শ্রামল বরণ দে
তাহা বিফু আর কার নই॥
সমবেদনামরী সখী আর স্থির থাকিতে পারে
না, তাই তাহাকে আমরা দৃতীর কার্য্যে রত
হইতে দেখি।

থেমন নায়িকার ভাব তেমনি নায়কেরও ভাব,—ইহাতেও দৈহিক মিলনের আনন্দ বৰ্জ্জিত হয় নাই, কিন্তু প্রাণও মিশিয়া আছে।

চিত পুতলি সম দেহ।

যরম না বুঝায়ে কেহ॥

পুছিতে কহয়ে আধ ভাখি।

নিঝারে ঝরায়ে হুন আঁখি॥

নায়ক-নায়িকার এমন অবস্থায় শিলন

অবশ্যম্ভাবী তাই কবি জ্ঞানদাস কহিয়াছেন—

জ্ঞান কহয়ে তোহে সার।

জ্ঞান কহয়ে তোহে সার।
করহ গমন উপচার।
এই মিলনে যে রস উঠিয়াছে তাহা বর্ণনা
করিতে করিতে কবি বিহবন হইথাছেন—
যে কয়টা পদ এই উল্লসিত অবস্থায় তিনি
স্থাষ্ট করিয়াছেন সেগুলি কবিছের পরাকাষ্ঠা
বিশ্বনেও অভ্যুক্তি হয় না। যদি স্থান থাকিত

তাহা হইলে সবগুলি তুলিয়া দেখাইতাম; স্থানাভাব সম্বেও কতকগুলি এখানে উদ্ধৃত করিয়া দিল'ম, রসজ্ঞ পাঠক সেগুলির ভাবপ্রবণতা ও প্রণয়ৈকরসতায় মুগ্ধ হইবেন সন্দেহ নাই। শ্রীক্ষের প্রেমোলাস ও একাগ্ৰতা এই পদগুলিতে উজ্জল মূৰ্ব্তি ধারণ করিয়াছে—ইহাদের প্রত্যেক চরণ, প্রত্যেক থাক্য, ভাবের এক একটা প্রস্রবণ ছুটাইয়াছে। শিশুকাল হৈতে, বন্ধুর সহিতে পরাণে পরাণ লেহ। না জানি কি লাগি কো বিহি গড়ল ভিন ভিন করি দেহা॥ সই কিবা সে পিরীতি তার। আলস করিয়া পাসরিতে নারে कि निश स्थित भात ॥ আমার অক্সের বরণ লাগিয়া পীতবাদ পরে শ্যাম। প্রাণের অধিক করের মুরলী লইতে আধার নাম॥ আমার অঙ্গের বরণ সৌরভ यथान (य निक भाग। বাহু পাসরিয়া নাউল হইয়া তথনে সে দিকে ধায়॥ লাখ কামিনী ভাবে রাতিদিনি যে পদ সেবিতে চায়। জ্ঞানদাস কৰে আহীর নাগরী পিরীতে কিনিল তায়॥ প্রিয়ের প্রণয়ে রাধার হাদয়ে কি মধুর গর্বা! প্রিয়ের প্রণয়-কীর্ত্তনে তাঁহার কি আনন্দ, কত উল্লাস্ यव प्रिथा प्रिथि इराज्ञ । इन जांत्र मरन नराज्ञ

नम्रत नम्रत भारत थिए। পিরীতি আরতি দেখি । হেন মনে লয় স্থি আমি তারে চাহিলে সে জীয়ে॥ আহা মরি মরি মুঞি কি করিব আরতি। কি দিয়া হাধিব শ্যাম বন্ধুর পিরীতি॥ রসিক নাগর যে নিতুই হুয়ারে সে বিনা কাজে কত আসে যায়। জ্ঞানদাস তবে কয় তোমার চরিতে যেবা লয় তাহা বা ক হিবা তুমি কায়॥ किन्न देश (करन गर्साथ छात्र नरह, देशांत সহিত প্রিয়তমের মাধুর্য্য ও সৌন্দর্য্য-স্মৃতিও জিত আছে, তাই এ দৌভাগ্যমনে তীরতা না আদিয়া ভাববিহ্ব গতা আদিয়াছে— হাসিয়া হাসিয়া মুখ নির্থিয়া মধুর কথাটী কয়। ছায়ার সহিতে ছায়া মিশাইতে পথের নিকটে রয়॥ আলো সই সে জন মানুষ নয় ৷ ভাহার সঙ্গেতে পিরীতি করয়ে কি জানি কি তার হয়। সহজে রদের আকার সে যে ভাবের অঙ্কুর তায়। বাতাসে বসন উড়িতে আপন অদেতে ঠেকাইয়া যায়॥ চমক চলনি ওগিম দোলনী রুমণী মানস চোর। জ্ঞানদাস কহে সো পিয়া পিরীতি মরমে পশিল তোর॥ ভাবের নেশা--ভালবাসার তন্ময়তা প্রেমাদ্রী-ক্বত "আমিত্বের" তরল ও সরল প্রসার এমন মধুরভাবে আর কোথাও বণিত হইতে দেখিয়াছি কি না জানি না।

যাহা জীরাধার মুখে ব্যক্ত ভাহাই কবি শ্রীকুষ্ণের মুখেও ব্যক্ত করাইয়াছেন— স্থারি আারে কহিছ কি। তোমার পিরীতি ভাবিতে ভাবিতে বিভোর হইয়াছি॥ সদা উচাটন থির নহে মন সোয়াথ নাহিক পাই। मभ मिन গবে গগনে ভুবনে তোমারে দেখিতে পাই॥ বেডাই ভ্ৰমিয়া তোমার লাগিয়া शिति नहीं वरन वरन। খাইতে শুইতে আন নাহি চিতে সদাই জাগয়ে মনে॥ শুন বিনোদিনি প্রেমের কাহিনী পরাণ বৈয়াছে বান্ধা।

একই প্রাণ দেহ ভিন ভিন छान करहर्शन शक्ता॥ এমন "পিরীতিতে" যিনি ডির না হইতে পারেন তাঁহার পক্ষে বৈঞ্ব-কবির পদাবলী শইয়া নাডাচাড়া করা বিভখনা মাত্র। কোন ইন্ডিয়পরতন্ত্রার মুখে কোন ইন্দ্রিয়পরাভূত কামকের মুখে এমন ভাব প্রকাশিত হইতে পরে কি ৪ বৈহ্যব-কবির গান ই ক্রিয় স্থের গান কহে, তাহা আ্রার্রিলোপকারী ভাবোনাদের হৃদয়োথ ধ্বনি -- কোগাও **एक्ष्म, (काथा** ७ विश्वम, (काथा ७ विष्नामग्र. কোথাও আবার আনন্দ-মুখরিত। কুত্রিমতা কোথাও নাই, তাগ নহে, তবে তাহা এত বিরল যে তাহাকে অগ্রাহ্য করিতে পারা যায়। (ক্রমশ)

শ্ৰীজিতেন্দ্ৰলাল বসু।

গ্রন্থাদের **অধি**কার-বিচার *

অনেকের বিশ্বাস, অমুপ্রাস জ্বিনিস্টা নিতান্ত ক্বত্রিম, সর্ব্বসাধারণের সাভাবিক ভাষার সহিত অমুপ্রাসের সম্পর্ক অত্যন্ত অল্প। কিন্তু আরু আমি দেখাইব, শুধু সাধুভাষায় নহে, † সাধারণ কথাবার্ত্তার ভাষায়াও অমুপ্রাসের অমুপাত কম নহে। এক কথায়, অমুপ্রাস ভাষা-শরীরের অচ্ছেত

উত্তর-বন্ধসাহিত্য-সন্মিলনে পঠিত।

 ভ'বাতত্ব হিসাবে, সাধ্ভাবার অপেক্ষা সাধারণ কথাবার্ত্তার ভাবার ব্যবহৃত অন্তপ্রাদের দৃষ্টান্তগুলিই অধিকতর মূল্যবান্।কেননা সেগুলি আদিম ও অক্তাত্তাম। অঙ্গ। ভাষাগঠনে অকুপ্র'দের প্রভাব অত্যন্ত অধিক।

অমুপ্রাসাত্মক শব্দসহন্ধে শ্রীযুক্ত রবীক্রনাথ ঠাকুর মহাশয় 'ধ্বন্তাত্মক' শব্দ,
'বাংলা শব্দহৈত' ও 'ভাষার ইঙ্গিত' এই
প্রবন্ধত্রয়ে প্রসঙ্গক্রমে আলোচনা করিয়াছেন
(তৎপ্রণীত শব্দতব্নামক পুস্তক দেখুন।)
ইহার ভিতরকার কথাটাও তাঁহার স্ক্রম দৃষ্টি
এড়ায় নাই। তিনি বুঝাইয়াছেন—"মিলের
দরকার আছে। মিলটা মনের উপর ঘা
দেয়, তাহাকে বাজাইয়া তোলে—একটা

শব্দের পরে ঠিক তাহার অন্তর্মপ আর একটা শব্দ পড়িলে সচকিত মনোযোগ ঝস্কত হইয়া উঠে, জোড়ামিলের পরম্পর ঘাতপ্রতিঘাতে মনকে সচেষ্ট করিয়া তোলে
—সে স্থরের সাহাযো অনেকথানি আন্দার্জ করিয়া লয়।" (ভাষার ইঞ্জিত)। আমার বক্তব্য বিষয়ের অনেক মশলা তাঁহার স্থচিন্তিত প্রবন্ধ তিন্টি হইতে সংগৃহীত।

া খাঁটি সংস্কৃত কন্ধণ, কিন্ধিণী, কল্লোল, কাক, কুক্ট, কুক্র, কেকা, কোকিল, গদাগ, গর্গর, ঘর্ষর, চর্চেরী (হাততালি!), ছুছুন্দরী, ঝঞ্চা, মর্মার, মুম্মুর, বর্বার, বুল্বুদ, প্রভৃতি শব্দে অমুপ্রাদের ঝন্ধার স্থুম্পন্ত। মন্তবতঃ এগুলি মূলে ধ্বন্থাত্মক শব্দ (onomatopætic); তবে বৈয়াকরণেরা অন্ত উপায়ে পদগুলি সাধিয়া দিবেন কি না জানি না। বাঙ্গালায় প্রাণীর সংজ্ঞা, কুকুর, কুকড়ো, ঘুঘু, ছুঁচো, টাটু, তোতা ঘুরুঘুরে (পোকা), টুনটুনি, বুলব্লি, টিকটিকি, গিরগিটি ও বাদ্যযন্ত্র ভূগভূগি, চড়ক্ডে, প্রভৃতিও সম্ভবতঃ এই গোত্রের।

ইহা ছাড়া আরও অনেকগুলি শব্দ ধ্বস্তাত্মক না হইলেও অমুপ্রাসাত্মক। সুবিধার জন্ম সেগুলিও এই অমুচ্ছেদে দিলাম। যথা –

(৴০) খাঁটি সংস্কৃত—অবহর অব্যব, অহহ, আশীষ, কল্পর, কল্পাল, কণ্টক, কনীনিকা, করকা, করন্ধ, কল্প, কর্কট, কর্কশ, কল্পী, কাকু, কার্ত্তিক, কুছুম, কুহক, কেতকী, গুগ্গুল, তাত, তারতম্য, তিস্তিড়ী, দজ, ননান্দ, পর্ণটী, পল্লল, পিপীতিকী, পিপীলিকা, পিপ্লল, মর্ম্ম, মাম,

যোজন, রবাব, রোরব, ললিত, লাগল, লাগল, লালা, লীলা, লোল, বর্ষাল, বরুল, বড়বা, শশ, শস্ত, শাল্লালী, শিল্পীষ, শিশু, শিংশপা, শীর্ষ, শেষ, শোষ, শ্লেষ শ্লেষা, যশুর, খন্তা, শাশান, সদস্ত, সর্বপ সহসা, সাহস, সামঞ্জত, সীস্ক, স্বসা।

এবং (🗸 🌣) চলিত বাক্লা, বাবা. मामा, काका, नाना, निनि, ननन, (ठाठा, নানা, দৃদ্,) এভৃতি সম্পর্কস্চক শব্দে; কাকাতুরা, কাঁকড়া চামচিকে, ঝিঁঝি. পাপিয়া, বাব্ই, শুশুক, প্রভৃতি জীবজন্তুর সংজ্ঞায়: আম্আদা, কটিকারি কাঁকরোল, কাঁকুড়, কিদ্মিদ, ঘলখদে, চিচিঞে. **েউ**তুল, পেঁপে, মর্ত্তমান, বরবটি, শশা, শুশুনি, শর্ষে, প্রভৃতি উদ্ভিদের সংজ্ঞায়; আনান, ককান, কডকান, কোঁকডান, কোঁচকান, কোঁতকান, খেঁকান, খেঁচকান, गगान, (गङ्गान, (गाँगान, (गाँगान, पनान, **5**151. চেঁচান, ছেঁ1চান. (ছঁচডান ঝাঁজান, টাটান, টুটা, তাতান, তোতলান, থতান, থিতোন, থেঁতলান, দাড়ান, ধাঁদান, नवान, निरकान निर्यान, निर्धान, निःएड्रान. (नहान, त्मरान, भानान, रक्षान, (काँकान, ग्रामान, वानान विल्यान, वूत्यान, রগড়ান, শাণান, শাসান, শিষোন, শোষা, প্রভৃতি ক্রিয়াপদে, এবং আরও বহুতর শদে অনুপ্রাস আছে।

যথা, আড়গোড়া, আলথালা, উনান, একরার, কতক, কয়েক, ককে, কাঁকাল, কাবাব, কাঁহাতক, কুক, কুকি, কুলকুচো, কেলেলারি, কোঁতকা, ধয়েরবাঁ, থামথা, থামথেয়ালি, বিরকিচ, থিটকেল, গুণোগার, त्वारवा, नामरन, नांक, नांक, रनांन, रनांन, (हाँ। नि, अक्षान, अन्दर्भ , अदाव, अक्री, काकिम, काँशाताक, जुजू. (कत्रवात, यक्षांठ, हाहिका, टोहिका, हूँ हैं, टोहा, हाह, हाही, हेगाँ हो, देखि। देँ रहेग, रहाहे, खाखा, रहहेता, তফাত, তরিবত,তাঁত, তুতে, দফারফা, দরদ, नान, नागामा, नानान, निगनाति, (ननात, টোদ, নগুনা, নাস্তানাবৃদ, নেয়ান, পাপস, পাঁপর, পাঁপড়ী, মথমল, মলমল,মলম,মরসুম, यहतम, गांगला, गांगला, गांगला, गांगला, মালুম, মুগলমান, রড়, রগড়, রোকড়, (तावकाती, (ताजगात, वटनावस, वतावत, विवकुल, त्वारम्वरहे, भत्रकताकी, भत्रव्यम, সরকার, সর্বরাহ, স্রেস্, সাল্গা, माममाता, मां जामी, दतकता, दारमदान, হিমসিম। ইহার মধ্যে অনেকগুলি আরব পারদী ২ইতে গৃহীত :

(১ •) ইংরাজী হইতে গৃহীত – কেক, কোক, কোকেন, কোকো. কুইনাইন, টিকিট, ডিসমিস, লগুন, রবার।

২। খাঁটি সংস্কৃত বীপাত্মক শক্ষিতে
অন্প্রাস সপ্রকাশ। যথা অংরহঃ, পুনঃপুনঃ, মৃত্মুত্ঃ, শনৈঃ শনৈঃ, ভূরিভূরি, তরতর, মৃত্ মৃত্, ইত্যাদি। এগুলি বাঙ্গালায়
চলিত আছে। আবার সংস্কৃত বারংবারং,
মন্দং মন্দং, প্রভৃতির অপল্রংশ বারবার,
মন্দমন্দু, ঘনঘন, লাথে লাখে, ঝাঁকে ঝাঁকে,
কালোকালো, শাদা শাদা, ছুই ছুই,
প্রভৃতিও অন্প্রাসের উদাহরণ। প্রপ্রজ,
মরমর, হাজাহাসা, গলাগলা, ধরাধরা
(গন্ধ), বাধবাধ, ছাড্ছাড়, ইত্যাদিও আর
এক শ্রেণীর শন্ধ। বাঙ্গালা—থাকিয়া

থাকিয়া, রহিয়া রহিয়া, পড়িয়া পড়িয়া, প্রভৃতি বোধ হয় সংস্কৃত পীতা পাঁতা, তারং আরং, প্রভৃতির অন্ধরপ। তবে তবে, পথে পথে, জলে জলে, জন্ম জন্ম (সপ্তমী বিভক্তির লোপ), ঝোপে ঝোপে, হাতে হাতে, গায়ে গায়ে, সচ্লে সঙ্গে, আগে আগে, পাশে পাশে, কোলে কোলে, বুকে বুকে, মানুহেৰ মানুহেৰ, প্রভৃতি রকম রকমের বহুতর উদাহরণ শ্রীযুক্ত রণীজনাথ বাবুর বাংলা শক্ষৈত' প্রবন্ধে আছে। এ সকল স্থলেই অনুপ্রাস অধিকার বিস্তার করিয়া বহিয়াছে। সারাৎসার, পরাৎপর, গয়ংগচ্ছ, সর্কেসর্কা, সচরাচর, ইত্যাদিতে অনুপ্রাণের রেশা

০। এক্ষণে অনুপ্রাদাত্মক কয়েক-শ্রেণীর শব্দের কথা বলিব। ইহার মধ্যে অনেকগুলি ধ্বকাত্মক; কতকগুলির এক অংশ অর্থযুক্ত হইলেও অপর অংশ অর্থশূক্ত, কথার মাত্রা হিসাবে ব্যবহৃত।

(/ ॰) একটি শব্দেরই অবিকল

দিকজি । সংস্কৃত মকমক, কলকল ইহার
প্রকৃষ্ট দৃষ্টান্ত । চাকচকাও বোধ হয় এই
শ্রেণীর । বাঙ্গালায় কন্ কন্, কড়্কড়,
কান্ কান্, চক্ চক্, চিক্ চিক্, তাই তাই, ধেই
ধেই টো টো, প্রভৃতি ইহার উদাহরণ ।
রবীক্র বাব্র শব্দত্বে বহুতর দৃষ্টান্ত সঞ্চলিত

হইয়াছে । এখানে আর পুনরান্তির
প্রয়োজন নাই । এগুলি গবই ধ্বয়াত্মক ।

(৵•) এই সকল শব্দের দ্বিতীয়ভাগের শেষে একারযোগে বিশেষণ গঠিত হয়, যথা চট্চটে, তুলতুলে, গুড়গুড়ে ইত্যাদি। এবং আনি যোগ করিয়া বিশেষ্য গঠিত হয় যথা টনটনানি, ফ্রফ্রানি।

্ (১০) ধিরুক্তিকালে ধিরুক্ত অংশের পূর্ব্বে আকার আগম। এই শ্রেণীতে ধ্বন্সাত্মক **ছা**ড়া অক্সরপ শব্দও আছে। সংস্কৃত ভাষায় ফলাফল, যোগাযোগ, মতামত, এই শ্রেণীর বলিয়া মনে হয়। বৈয়াকরণেরা অবশ্র এগুলি নঞ্যোগে সিদ্ধ বলিবেন। 'হলাহল' 'যথাযথ' দেখিতে এইরূপ, তবে অবশ্য অত্য প্রকারে ব্যুৎপর। বাঙ্গালায় খবরাখবর, শরীর অশরীর (গ) এই শ্রেণীর। শকে বহু वह पृष्टीख चाहि। यथा कभाकभ, গ্রাগ্র, স্পাস্প, বেরাবর অবশ্র এ দ্বের নহে)। রবীন্দ্র বাবুর শব্দতত্ত্বে অনেক উদাহরণ আছে: থমথমা, রবরবা, গড়গড়া, চটচটা, ঝনঝনাতে আকার সর্কাশেষে বসিয়াছে। সংস্কৃত হলহলা এই শ্রেণীর নহে কি ?

(।) বিতীয়ার্দ্ধের শেষে ইকার আগম।

যথা, থড়খড়ি, গড়গড়ি (উপাধি), চড়চড়ি,

সড়সড়ি, টকটিকি, ধুকধুকি । জরজারি একটু

নিয়মভঙ্গ করিয়াছে।

(।/॰) প্রথমার্দ্ধের শেষে আকার ও বিতীয়ার্দ্ধের শেষে ইকার আগম। সংস্কৃত ভাষায় এরপ নিয়ম আছে, যথা, দন্তাদন্তি, নখানথি। এইরপ বাঙ্গালায় কাণাকাণি। অনেক স্থনে প্রথমার্দ্ধের আকার পূর্ব্ব হইতেই আছে, যথা ধাকাধান্তি, রশারশি, জানা, হানা প্রভৃতি ক্রিয়া হইতে নিশার জানাজানি, হানাহানি, মারামারি। অনেক স্থলে আকার উচ্চারণে ওকার হইয়া যায় যথা, ছুটোছুটি, উঠোউঠি, হলোহলি। ধুনোখুনি, ম্থোমুধি প্রভৃতি একটু স্বতম্ব রকমের। হুনোছুনি, ঘূঁষোঘুঁষি প্রভৃতির

ওকার পূর্ব্ব হইতেই আছে। এই অন্থচ্ছেদে বণিত শব্দগুলি ধ্বন্তাত্মক নহে। রবীন্দ্র বার্র বহুতর দৃষ্টান্ত আছে, অতএব মিছামিছি বকাবকি করিব না। পূর্বার্দ্দের একার দিতীয়ার্দ্দে ইকারের মত উচ্চারিত হয় যথা টেপাটিপি, মেশামিশি (কথন কখন এরপ উচ্চারণ ঘটে না, যথা ঘেঁ সাংঘেঁদি); এইরপ পূর্বার্দ্দের ওকার দিতীয়ার্দ্দে উকারের মত উচ্চারিত হয়,যথা মোটামুটি, রোধারুধি, খোলাথুলি পোঁটলাপুটিলি, বোঁচকাবুঁচকি রোয়ারুষি

(৯০) দ্বিতীয়ার্দ্ধে স্বরের অক্তরূপে পরিবর্ত্তন। এ শ্রেণীতে ধ্বন্থাত্মক শব্দ আছে। সন্ত (≝শীর শদও আছে। প্রথমার্দ্ধে যে স্বরই থাকুক শা কেন, দিতীয়ার্দ্ধে তাহা আকারে পরিবর্ত্তি হয়, ইহাই সাধারণ নিয়ম। যথা,—টিপিয়া টাপিয়া, ঠিকঠাক, ঝেঁাপ बाँभ, बिष्यां, यूर्यार, त्या या, त्यात्म यात्म, গোছগাছ, গোলগাল, হুকুমহাকাম, (ধ্বসা-ত্মক গুপগাপ), চুপচাপ, ধুমধাম, শুকনা-শাকনা, খোলাখালা, চুণাচাণা, চুণো উচ্চারণ), তল্লীতলা, ইত্যাদি বহু উদাহরণ পাওয়া যায়। স্বরের অক্তরূপ পরিবর্ত্তনও चरहे। यथा कारनारकारना, बारहारबारहा, नैंगरना, नैंगिष्टेयरनाष्ट्रेय, नैंगिष्टेरनाष्ट्री, नगाया-গোমা, ঘাঁটঘোঁট, ঘাঁতঘোঁত, বেরাঘোরা, चा (चा, छाँाक (छाँक, छोग्न (छोग, छोन् (छोन, ঠারেঠোরে. চ্যাবাচোৰ), नागरभाग ফারফোর, ফাঁকেফোঁকে, ভাতেভোতে, ভাবেভোরে, সাফসোফ, (এ গুলিতে ওকার); কাতুকুতু,কারিকুরি (?), গাঁইগুঁই, জারীগুরী, ফারিফ্রি, ঝেড়েঝুড়ে, ডালডুল, তাড়াতুড়ি,

নাত্রসমূত্র, (এগুলিতে উকার)। ডামডিমে ইকার। ভাজাভুজোয় শেষ আকারের উকার উচ্চারণ। মান্থ্য মুনিষে তুইটি স্বরের পরিবর্ত্তন ঘটিয়াছে

(100) দিতীয়ার্দ্ধে ব্যঞ্জনের অসংযুক্ত স্বারের অতা ব্যঞ্জনে পরিবর্তন। এইটা বাঙ্গালা ভাষার একটী বিষম মদ্রাদোষ। সাধারণতঃ ট বা ফ বসাইয়া শ্রের দ্বিক্তি ঘটান হয়; যথা—শালটাল, সাপটাপ, বইটই, শশাফণা, নিষ্ঠাফিষ্ঠা, (প্রকারক ছটফট, ধড়ফড়, হাঁসফাঁস, উত্থ-ফুতুম, হেলাফেলা)। ইহার উদাহরণ দিয়া 'শেষ করিবার যো নাই। কতকগুলি স্থলে মবাব বস্থিয়া শব্দের দ্বিজ্ঞি করা হয়: যথা - কটমট, কচমচ, ডগমগ, থতমত, ছিনিমিনি, তোধামোধা, গ্যাডম্যাড, হাঁউ-মাঁউ (খাঁউ) ইত্যাদি ধ্বন্সাত্মক শব্দ ও (पानारमाना, (भवरमय हं छा। निः, हा कत्वा कत्, এংবেং, আস্তেব্যস্তে অদলবদল. (?)* কাঁচ্ছাবাচ্ছা * কাণ্ডবাণ্ড, খড়েবড়ে, চাটী-বাঁটী, * ভাগবাগ, ভাঁতবাঁত, আঁকোবাঁকা, শোধবোধ, স্থদিবৃদি, (?) ইত্যাদি ও আগড়ুম 'বাগডুম, তড়বড়, দড়বড়, নড়বড়, কলবল, কিলবিল, খিচিবিচি, চুলবুল, চুরবুর, চড়বড়, চিড়বিড়, হিজিবিজি, হিলিবিলি ইত্যাদি প্রকাত্মক শব্দ। ইহারও উদাহরণ দিয়া শেষ করিবার থো নাই। অক্যান্ত ব্যঞ্জনে পরিবর্ত্তনের উদাহরণ দিতেছি।

অ— অঞ্চলঙ্গ (পূর্ববন্ধ), অন্ধিশৃন্ধি, * অলিগলি, * অবরেসবরে। আ-- আইচাই, আঁকুপাঁক, আঁটাসাঁটা, আগেভাগে (?), আটেকাটে (१), আতালি-পাতালি, আলাভোলা, (বা ভূলো), আলু-থালু, আনচান, আশপাশ, * আবোলতাবোল আলেডালে, *।

উ—উनज़्न, উनक्तिःकृनका्ति।, উन्नशून, উन्नशूनः।

এ- এবড়োখেবড়ো।

ও—ওরঘোর। 🗼

থ—থাওয়া দাওয়া (দাবী দাওয়ার দাওয়া নহে—থাবার দাবার ভাহার প্রমাণ)

চ—চটপট, চ্যাভ্যা।

ছ--ছটেপটে, ছাতুনাতু, ছারধার।

জ-জড়গড়, জবুথবু।

ঝ---ঝালাপালা।

ত-তচনচ, তমিগম্বি, তড়িঘড়ি।

ধ—ধানপান (তামূল নছে), ধানাই-পানাই, ধাইপাঁই, ধুকপুক, ধেড়ছেড়।

প—পড়েখড়ে (ধরিয়া ?), পোড়াধোড়া, পাকশাক (শাকার নহে)।

ফ---ফ্টিন্টি, ফাটকিনাটকি।

ভ--ভাবসাব।

म- (माहारनाहा. (माहारमाहा।

य--- गरवश्रव (करन श्रत्वत रिशामिश),

যো সো।

র- রকমগকম, রুপুঝুণু।

<sup>এ সকল স্থলে দ্বিতীয় শক্ষি আসল, প্রথমটি
ভাহার বিকার। অতএব ঠিক এই সূত্র শটে না।</sup>

এ সকল ছলে দ্বিতীয় শব্দটি আদল, প্রথমটি
 তাহার বিকার। অভ্যব ঠিক এই পুত্র খা'ট না

ল—শণ্ডভণ্ড, লুটেপুটে।

ব - বকাঝকা, বদলসদল, বাদসাদ বা ছাদ, বৃদ্ধিস্থ দ্ধি (শুদ্ধি বোধ হয় নহে, 'বৃঝে স্থানে' দেখুন), বেয়েছেয়ে, বেঁটেথেটে। শ স-শিক্টিবিক্টি, শসাকিসা, স্থিতভিত।

হ-হিষণিষি, হরেদরে, হাউচাউ, হাড়গোড়, হাবীজাবী (পূর্ববঙ্গে), হাবা-তাব্বা. হানপান,, হাতেনাতে, হাঁদফাস, হিন্নীদিল্লী, তলস্থুল, গেরফের, হেস্তনেস্ত, হেজিপেজি, হৈটেচ, হৈবৈ, গোমরাচোমরা।

এই স্তের একটা বিশেষ বিধি আছে।
কতকগুলি স্থলে দিতীয়ার্দ্ধের স্বরও বাঞ্জনের
সঙ্গেল সঙ্গে পরিবর্ত্তিত হয়। যথা, অর্ধ বির্ধ
(বর্ধ হইল না), আঁটিয়৾টি, অন্তাকষ্টি,
আঁকজোঁক, আছাড়িপিছাড়ি, উবদোখাবদা,
উবদোপাবদা, আমলাকয়লা, কাটিচিট,
কাপড়চোপড়, কামালে-জোমালে, নিকুলেচুকুলে, কস্টেস্টে, খুটিনাটী, গিল্লীধনী বা
গিল্লীবাল্লী, গিরগিটি, গোলমাল, চাষাভ্বো,
চুরমার, চোটপাট, টেচামেচি, ছেলেপিলে,
ছুতোনাতা, ঝটাপটি, টোটাম্টি, ডাকাবুকো,

ত্তিয়েপাতিয়ে, থরহরি, নিন্দাবান্দা, নেকড়াচোকড়া, পিঠানাটা, পাখীচুগী, ফাঁকিজুঁকি, মাপযোপ, মিলেগুলে বা মিলেগুলে, মিশেগুশে, মেথেচুথে, যোটপাট, যোড়াতাড়া, রাক্ষসথোক্ষস, লুঠপাট, লেখাযোখা, বাসনকোসন, বিয়া (বিয়ে) থাওয়া সাজগোজ, সাণকোপ, সেজেগুজে সোণাদানা, হাবাগোবা, হাবজাগোবজা, হাব্ডুবু, হাডুডুডু, হাড়গোড়, হড়পাড়।

(॥৽) নিয়লিখিত শব্দগুলিতে বীপা ঘটিয়াছে। কিন্তু বড অনিয়ম। কান্নাকাটি कावाकिए, कावकाववाव, कँग कर्षेक्रे, देश त्थला, गतिव अतरवा, गानिगानाक, त्गा গুৰি, ঘুরঘুটি, ঝগড়াঝাঁটি, টইটমুর, টাল-মাটাল, ঠিকঠিকানা, তরীতরকারী,তাকতম্বি, তাৰতোবড়া, তুচ্ছতাচ্ছল্য, ধনধোকডা. ধুমধারাকা, পাখীপাখালী, ফ পিফ স্যি, (ফণিভাষ্য ?), ফাইফরমাশ, ভরাভর্গি, ভূজোভাং, ভূলোভাটকা, **মোটমা**টারি, যোগদাযোগ, রাজারাজড়া, বনিবনাও, সময়শিরে, বুড়োহাবড়া, বরাবডেড. সাহেবস্থবো, হাবরহাটী। (ক্রমশঃ)

শ্রীললিতকুমার বন্দ্যোপাধ্যায়।

থিওসফি ও বৌদ্ধর্ম

মি: সিনেট্ বলেন—"আদি বুদ্ধের অর্থ:—
সেই সর্বাদিম জ্ঞান, অতিপ্রাচীন সংস্কৃত
গ্রন্থাদিতে যে জ্ঞানের উল্লেখ আছে"; স্বর্গীর
বিদ্যানী-বৃদ্ধদিগের অফুরপ মর্ত্তালোকের মানব-

ৰুদ্ধণণ; এই মানব-বৃদ্ধণণ ধ্যানী-বৃদ্ধণণ হইতেই' উদ্ভূত; তাহার পর, স্বর্গীয় বোধিসত্ত্বগণ; জ্ঞানের অভিব্যক্তিম্বরণ— অবলোকিতেশ্বর; পঞ্চধ্যানী-বৃদ্ধের অনুরূপ

পঞ্চ মানব-বুদ্ধ; এই পঞ্চ মানব-বুদ্ধের মধ্যে চতুর্থ বৃদ্ধ শাক্যমূনি; প্রত্যেক মহাপ্রলয়ের পর এক এক বুদ্ধ পৃথিবীতে আগ্রান করেন। ঈশ্বন্ধের সহিত অর্হং-আতার যোগ হয়। এই সমস্ত কথা মিঃ সেনেট বির্গ করিয়াছেন। আমরা দেখিয়াছি, এই সমস্ত মতবাদ, "যোগাচ্য্য" পরিবাক্ত হইয়াছে। সিনেট যে বলিয়াছেন, অতি প্রাচীন সংস্কৃত গ্রন্থাদিতেও উল্লেখ আদিবুদ্ধের আছে. ভ্রুধ তাঁহার সেই উক্তির প্রতিবাদ করিব। Schmedt, Csomado Coros, Burnouf, Wilson, Hodgson & Schlaginweit সকলেই একবাকো এই কথা অস্বীকার করেন। তাঁহাদের মতে এই আদিবুদ্ধ-वान অপেকারত আধুনিক, ইহা আদিম বুদ্ধর্মের অন্তর্গত নহে। আবু, যে ব্রাহ্মণ্য-ধর্গ বৃদ্ধর্মের আরও পূর্ববর্ত্তী, এই মতবাদ ব্রাহ্মণ্যধর্মের অন্তর্গত ত হইতেই পারে না।

প্রথমে আমরা দেখাইব, বৌদ্ধধ্য
হইতে গৃহীত এই মতবাদগুলি, যে দর্শনশাস্ত্র হইরাছে সেই দর্শনশাস্ত্র
অসংযুগের দশম শতাকীতে তিকবংদেশে
আবিভূতি হয়। তাহার পর আমরা
সপ্রমাণ করিতে চেষ্টা করিব যে, এই মতবাদগুলি প্রাচীনকালের যেকোন ধর্মপদ্ধতি
ইইতে গৃহীত হইতে পারে। প্রথমতঃ
সিনেট যে গুপ্ত মতবাদের কথা একটা
বহস্তের আবরণ দিয়া আমাদের নিকট
উপস্থিত করিয়াছেন, উহা অতীব প্রাচীনকালেও সমস্ত প্রাচাখতে বিদ্যমান ছিল।

সভ্যতার পথে যাহারা সর্বাগ্রামী, সেই মিশরবাসীদিগের মধ্যে, দীক্ষিতদিগের यन्तिशानि हिन। ह्यान्डीय, रिन्तू, शातनीक, চীনীয়, ইহুদি—ইহাদের মধ্যেও ছিল। এই সকল জাতির মধ্যে প্রচলিত ভপ্ত মতবাদগুলি মূলতঃ অভিন্ন। Lao-Tsen-র Tao মতবাদ এবং ভারত ও মিশরের বিশ্ব-ব্রহ্ম মতবাদ যে দিদ্ধান্তের উপর প্রতিষ্ঠিত, ইহুদীদিগের "কাবাল"-গ্রন্থয় ঐ একই সিদান্তের উপর প্রতিষ্ঠিত। ' আর, সৃষ্টি-প্রকরণসম্বন্ধে, কি মিশরায়, কি চাল্ডীয়, कि हिन्तू, कि इंद्रिन, कि धीम अंदे मकन জাতির মধ্যে যে সাদৃশ্য দেখা যায়, তাহাতে উহাদের সাধারণ উৎপত্তিই সপ্রমাণ হর। সিনেট নিজেই স্বীকার করিয়াছেন--

"এই গ্রন্থে, অর্ছং বৌদ্ধদিগের যে স্থাটিতত্ত্বের কথা আমরা বির্ত করিয়াছি, উহা
দীক্ষিত ব্রাহ্মণদিগেরই পদ্ধতি। বুদ্ধ
জন্মগ্রহণ করিবার বহুপূর্বে ব্রাহ্মণদিগের
মধ্যে উহা প্রচলিত ছিল।"

জীবপর্য্যায়ের পদ্ধতি, বৌদ্ধদিগের বিভিন্ন স্বর্গ, যাগার অফুরূপ—চিত্তগুদ্ধি ও ধাানসমাধির বিভিন্ন অবস্থা,—এই সমস্ত বৌদ্ধেরা ব্রাহ্মণ্যধর্ম হইতে এহণ করিয়াছে; অবশ্য উহার কিছু কিছু পরিবর্ত্তন ও করিয়াছে।

অতএব, কিসে যে থিয়োসফি বিশেষ-রূপে বৌদ্ধর্মের সহিত সংশ্লিষ্ট তাহা আমি বুঝিতে পারি না।

"বৌদ্ধ গৌতণ এই মতবাদের পূর্ণতা-বিধান কল্লে এতটা করিয়াছেন যে ইহা তাহারই নিজস্ব হইয়া পড়িয়াছে"—এই

বিখাসের উপর ভর করিয়াই তিনি উক্ত প্রকার দাবী করিয়াছেন। কিন্তু আমরা शृद्धि । एक इंग्राहि, थि सामिक के मञ्जान-গুলি আদিম বৌদ্ধর্মের মতবাদ তা ছাড়া আমরা ইহাও দেখাইব যে, শাক্য-মুনির দর্শন-পদ্ধতি থিয়োস্ফির দর্শন পদ্ধতি নহে। ল্যাসেন, বুণু ফ , প্রভৃতি প্রধান প্রধান প্রাচাতত্ববেতারা সম্মাণ করিয়াছেন যে বৌদ্ধব্যের দর্শনপদ্ধতি ক্পিলের সাংখ্য সিদ্ধান্ত হইতে বিধাশলাভ করিয়াছে। এ কথা সকল প্রাচ্যতত্ত্ববেতারাই স্বীকার করিয়া থাকেন। এ সম্বের বুণুফ্ এইরূপ বলেন—"শাক্যমুনি ধর্মজীবনে প্রবেশ করিয়া, নান্তিক সাংখ্যদর্শনের সিদ্ধান্তগুলি হইতে যাত্র। আরম্ভ করিয়াছিলেন। সেই निकाख धान । **এই:-- क्रेय**त्त्र व्यनम् छ। व. মানব-আথা-সমূহের বছর ও নিতার, ত্রিগুণাত্মক প্রকৃতির নিতার। সেই প্রকৃতিও রূপান্তরিত হইয়া থাকে; এবং তাহার কতকগুলি উপাদান আছে; সেই উপাদান-গুলি দিয়া, প্রকৃতি, সংসারচক্রে ভাষ্যান মানবআ্ঝাদিগকে আচ্ছাদিত কবিয়া রাথেন। এই মতবাদ হইতে শাক্যমুনি,— ঈশবের নাস্তিহ, মানব-আত্মার বহুত্ব, (बानिज्यगवान, निर्वान-पुक्ति— এই मयन्त গ্রহণ করেন। এই নির্বাণ-মুক্তির কথা সাধারণতঃ সমস্ত ব্রাহ্মণ্যিক দর্শনেই প্রাপ্ত হওয়া যায়।"

সিনেটের গুহুবৌদ্ধর্মের মধ্যে এই সকল মতবাদই আমরা দেখিতে পাই।

যে কর্মবাদ থিয়োসোফির একটি পধান আলোচ্য বিষয়, উহা কি বৌদ্ধধর্ম, কি ব্রাহ্মণ ধর্ম —উভয়েরই অনুভূতি। থিয়োসফির মতামুসারে, যে সকল উপাদানে মামুষ গঠিত, তন্মধ্যে আমর। প্রথমেই দেখিতে পাই "রূপ"। এই রূপ-শব্দের অর্থ আকার; সমস্ত হিন্দুদর্শনেই ইহার উল্লেখ আছে।

থিয়োস্ফির তৃতীয় তত্ত্ব— "আুট্টাল বিডি'' অর্থাৎ "লিঙ্গণরীর"। কিন্তু এই সংজ্ঞাটি সাংখ্যদর্শনের সংজ্ঞা। কতকগুলি বিশুদ্ধ উপাধি লইয়া এই শ্রীর গঠিত,— ইহাই সাংখ্যদর্শনের "স্ক্রশ্রীর"।

পঞ্চম উপাদান—"মনঃ"। কিন্তু প্রাকৃত পক্ষে মনঃ কি ? না, অন্তঃকরণ। বৌদ্ধ ও প্রাহ্মণ উভয়েরই মতে, ইহা চক্ষু কর্ণান্ধির ক্যায় আর একটি ইন্দ্রিয়।

ষ**ঠ** উপাদান "বৃদ্ধি"। 'ক বৌদ্ধ, কি ব্রাহ্মণ উভয়ের ভাষাতেই ইহার অর্থ—্যে মনোরুত্তির স্বারা মন্ত্র্যা জ্ঞান লাভ করে।

সপ্তম উপাদান—আত্মা। বৌদ্ধদিগের এই আত্মা, এই আমি,—জ্ঞান, ইন্দ্রিয় ও পঞ্চতাদি সংযুক্ত ব্যক্তিগত দেহ নহে।

উপরে যাহা বলা হইল তাহা হইতে প্রতিপন্ন হয়, কত প্রকার বিভিন্ন উপাদান লইয়া থিয়োদফি গঠিত। ইহার আরও অক্যান্ত প্রমাণ দেওয়া যাইতে পারে। থিয়োদকি বৌদ্ধর্মের উপর দাবী কিয়ৎপরিমাণে সপ্রমাণ করিতে পারিলেও বৌদ্ধর্মের প্রবর্ত্তক শাক্যমুনির সহিত কোন প্রকার যোগ নিবদ্ধ করিতে পারিবে না।

পরিশেষে, মিঃ সেনেটের গ্রন্থের কতক-গুলি ভ্রম প্রদর্শন কবিব। এই ভ্রমগুলি উপেক্ষা করা যায় না; কারণ, তিনি "মহা ধীশক্তি সম্পন্ন সর্বাপেক্ষা প্রাথাত সংস্কৃত ব্রাহ্মণ" শঙ্করাচার্য্যকে প্রমাণ মানিয়া এই ভ্রমের অবতারণা করিয়াছেন। শঙ্করাচার্য্যের উল্লেখ করিয়া তিনি বলেন, শঙ্করাচার্য্য বুদ্ধেরই এক অবতার; এবং তাঁহার মতে বুদ্ধের মৃত্যুর ৬০বংসর পরে, শঙ্করাচার্যাঞ্জন্ম গ্রহণ করেন। আরও তিনি এই কথা বলেন—"শঙ্করাচার্য্য—বেদান্ত দর্শনের প্রতিষ্ঠাতা, যদিও তিনি ব্যাদেশর এম্বাদি হইতে ইহার পোষকতা প্রাপ্ত হইয়।-চিলেন: বেদান্তের প্রকৃত অর্থ-জ্ঞানের শঙ্করাচার্যাকে সর্কাপেকা চডান্ত অংশ। প্রাচীন ব্রাহ্মণ্যিক দর্শন বেদান্তের সংস্থাপক বলায়---এমন কি সাংখ্যেরও পূর্ববর্তী বলায় মিঃ সিনেট্ একটা কুঞ্জাটিকার সৃষ্টি করিয়াছেন। স্বয়ং ব্যাস যিনি দ্বিতীয় বেদান্ত-पर्नातत्र मःश्वापक, आहोन (वहास्त्र-पर्ननत्क সমর্থন করাই যাঁহার উদ্দেশ্য ছিল, সেই ব্যাস বৌদ্ধধর্মের বহুপূর্ববর্তী। সেনেট, যে শঙ্করাচার্য্যকে বুদ্ধের অবতার বলিয়াছেন, তাঁহাকেই আবার এমন এক দর্শন-হল্লের প্রধান প্রবর্ত্তক বলিয়াছেন যাহা বেদের উপর প্রতিষ্ঠিত। বস্তুত, কোল্ক্রবের মতে, ব্যাস বা বেদব্যাসের অর্থ "বেদের সঙ্কলনকর্তা।" বেদের উপর প্রতিষ্ঠিত বলিয়। এই দর্শনের "বেদান্ত'' হইয়াছে। পক্ষাত্তরে শাকামুনি, শুধু যে বেদের প্রামাণ অগ্রাহ করিয়াছেন তাহা নহে, তিনি বেদান্ত দর্শনের খেই বিষম শক্ত কপিলের দর্শন হইতে তাঁহার দর্শনতন্ত্র গ্রহণ করিয়াছেন। कथा — শকরাচার্য্য, , বৈদান্তিক শত्यमारात একজন প্রদিদ্ধ দার্শনিক, ব্রহ্ম-স্থারে একজন প্রখাত ভাষাকার। সেহ

ভাষাগ্রন্থে, তিনি বৌদ্ধদিগের মত খণ্ডন করিয়াছেন। ত্রহ্মত্ত্র-- যাহা বৌদ্ধদিগের তাদিম দর্শনগুলির পরবর্তী—সেই ব্রহ্ম-স্ববের উদ্দেশ্য, বিভিন্ন দর্শনগুলি ভ্রান্ত, ইহাই সপ্রমাণ করা। কেন্না, তাঁহার মতে, ঈশ্বর পূর্ণরূপে এক ও মধণ্ড এবং জগৎ বাস্তবস্ত্য নহে। সুত্রাং, ইহা শাক্যসিংহের প্রচারিত মতবাদের সম্পূর্ণ বিপরীত কথা। এই বেদান্তদর্শন যে বৌদ্ধাদগের প্রতিপক্ষ, তাহার প্রমাণ-- গর্ডমান আলেও বৈদান্তিক टिक न नाम क शिक्तु मध्य प्रारं त ব্রান্সণেরা, বিরোধী তাঁহারা বলেন, যে প্রকারেই ভৌতিক পদার্গের যোগাযোগ কর না কেন. তাহা হইতে জ্ঞানবম্ব কখনই উৎপন্ন হইতে পারে না; এবং ভৌতিক পদার্থের দারা মনোরত্তি ও মানসিক ব্যাপারেরও ব্যাপা হইতে পারে না।

অতএব শঙ্করাচাগ্য গে৯দিগের প্রতিপক্ষ; স্থতরাং তিনি বুদ্ধের অবতার হইতে পারেন না।

মিঃ সিনেট ব্রহ্মের যে উংপত্তি দিয়াছেন তাহাতেও বড় একটা কৃতকার্য্য হইতে পারেন নাই। তিনি বলেন, "ব্রহ্ম শব্দ 'র' ধাতু হইতে উৎপন্ন হইয়াছে— যাহার অর্থ, প্রসারিত হওয়া, বর্দ্ধিত হওয়া, ফলপ্রস্থ

পক্ষান্তরে Eichhoff এর ব্যাকরণ অমুসারে ব্রহ্মশন্দ "ব-র-হ" ধাতু হইতে উৎপন্ন হইয়াছে—যাহার অর্থ ধারণ করা। বস্তুত, ব্রহ্ম বিশ্বিধরণ বলিয়া অভিহিত হইয়া থাকেন। এই ব্রহ্ম পরিপূর্ণ, নিজ্প স্ক্রপে পর্ণভাবে অবস্থিত। তিনি সেই

আধ্যাত্মিক রসম্বর্ধ থৈনি পবিত্র বাক্যকে বাক্য ১ইং ১ উদ্ধে উত্তোলন করেন, যিনি বাক্যের অভ্যন্তরে সহ্যরূপে বিরাদ্ধ করেন সেই জন্তই, Oldenburg বলেন, "যিনি পবিত্র বাক্য অবগত হইয়াছেন, তিনিই একটি আশ্রয় লাভ করেন, কেননা ব্রহ্মই সকলের আশ্রয় ও অবলন্দন।"

পরিশেষে মিঃ দেনেটের "একটি শর্জাবাক্য এইথানে উদ্ধৃত করিব—"কোন
প্রামাণিক বৌদ্ধনিপি আমাকে কেহ দেখান
দেখি যাহাতে স্পষ্টরূপে উক্ত হইয়াছে যে—
এই মতবাদটি এইরপ শিক্ষা দেয় যে, কোন
দ্বীববির্ত্তনক্রমে একবার মানব-রাজ্যের
অন্তর্ভুক্ত হইবার পর মাবার কোন সময়ে
পশুরাজ্যে নামিয়া আসিতে পারে। আমি
স্পর্দ্ধা করিয়া বলিতেছি, এরপ বাক্য কথনই
কেহ দেখাইতে পারিবে না।"

আমি মিঃ সেনেটকে এই সম্বন্ধে একটি প্রামাণিক বৌদ্ধ বাক্য প্রদর্শন করিব। ইহা সংস্কৃত "দিব্য-অবদানের" অন্তর্গত "সংঘ-রক্ষিতার" কাহিনী। তিববতীয়দিগের "Dul-va" গ্রাহের মধ্যেও এই কাহিনীটি দেখিতে পাওয়া যায়। স্বতরাং ইহা অতি প্রাচীন বৌদ্ধ শহিত্যের অপ্তভূত। বুর্ণু ফ এইরপ অমুবাদ করিয়াছেন,—"মাননীয়া সংঘরক্ষিতা ভগবান্ বুদ্ধকে সম্বোধন করিয়া এই রূপ বলিলেন—''প্রভো, আমি এই জগতে এমন সকল জীব দেখিয়াছি যাহাদের আকৃতি প্রাচীরের কায়, স্তম্ভের কায়, রক্ষের ভাষ, পুপের ভাষ, ফণের ভাষ, রজ্জুর ভাষ, সমার্জনীর স্থায়, ঘটের স্থায়, উত্থলের স্থায়, তায়: আমি এমন জীবত কটাহের

দেখিয়াছি যাহার দেহ মধ্যস্থলে বিভক্ত হওয়ায়, যাহারা কেবল মাংসপেণীর ভরে. বিচরণ করে। প্রভো, কিরূপ কর্মফলে জীব এইরূপ রূপান্তর প্রাপ্ত ৽য় ৽" ভগবান উত্তর করিলেন—"সংঘ-রক্ষিতা, তুমি প্রাচীরাক্কৃতি যে সকল জীবকে দেখিয়াছ, তাহারা সমুদ্ধ কাগ্রণের শ্রোত্বর্গ। উহারা নিষ্ঠীবনের সংঘারাথের গাচীরকে কলু ষিত হারা করিয়াছিল : এই কৰ্ম্মফলে উহারা প্রাচীরের আকার প্রাপ্ত হইয়াছে। এইরূপ কারণেই, অন্ত শ্রো চাদিগের মধ্যে কেহ বা রক্ষকারে, কেহ বা উত্বথলের আকারে, কেহ বা কটাহ আকারে পরিণত হইয়াছে।" ইহা অ:পকা সুপেট উকি আর কি হইতে পারে १

এইখানে আমি উপসংহার বড় বড় প্রাচ্যতত্ত্ববিদ্দিগের গ্রন্থ হইতে অনেক বাক্য উদ্ধৃত করিয়া, আমি যে বৌদ্ধর্শের ব্যাখ্যা করিয়াছি, উহা প্রধানত বাবহারিক ধর্মনী তির সংহিতামাত্র। সকল জনসমাজের মধ্যে, বিশেষতঃ নিমু-শ্রেণীদিণের মধ্যে, সাধুতা চিত্তগুদ্ধি, মাধুর্য্য মৈনী প্রভৃতির জ্ঞান উন্মেষ করাই ইহার উদেশ্য। এই জন্মই বৌদ্ধর্মের প্রতিষ্ঠাতা বুদ্ধ শাক্ষমূনি, "ধর্মমিত্র" ও "মানব-মিত্র" বলিয়া অভিহিত হইয়া থাকেন। মুক্তির ষ্ক্ত তিনি সকলকেই আহ্বান করিতেছেন। তিনি বলেন, "আমার এই ধর্ম সর্কজনের মুক্তির জ্ঞা" অনেক পণ্ডিত এই বলিয়া বৌদ্ধর্মের প্রতি দোষারোপ করেন যে, (वीक्रधय छानाक्रमीलान्द উচ্ছেদ करत, সভাতার উন্নতি ও বিকাশের পথ রুদ্ধ করে.

এক কথার, মাত্রকে সামাজিক ও রাষ্টিক জডতার দিকে লই**য়া যায়। কিন্তু আমার** বোধ হয়, শাকামুনির প্রকৃত উপদেশের প্রতি লক্ষ্য করিলে, এইরূপ দোষারোপের কোন ভিত্তি থাকে না। জনন্ত উৎসাহ-পূর্ণ করুণ গদর বুদ্ধ, যতটা সম্ভব, মানুষের তুঃখ নির্ত্তি করিতে ইচ্ছুক হইয়াছিলেন। সর্বপ্রথমে তিনি পার্থিন স্থমস্ভোগকে আক্রমণ করিলেন। তিনি দেখাইলেন, এই সকল সুখ অতীব অসার। তাহার পর. যে অহংবৃদ্ধি আমাদিগকে জীবনের প্রতি আসক্ত করে ও আমাদের অন্তরে ভবতৃষ্ণার উদ্ৰেক করে, পেই অহংবৃদ্ধিকে অন্তর হইতে উন্মূলিত করিতে করিলেন। এই উদ্দেশ্য সাধন করিবার জন্ম, তিনি যোনি- ল্মণবাদের আশ্রয় গ্রহণ করিলেন, এবং সকলকে এই আখাস দিলেন যে, যে ব্যক্তি নির্মাণের অমুসরণ করিবে সেই চরম মুক্তি বা মোক্ষলাতে সমর্থ হইবে। এক কথায়, তিনি মন্ত্রের হৃদয় হইতে স্থার অভাব-বোধ হিরোহিত করিয়া. মাতৃষকে পার্থিব সুখ হইতে বিযুক্ত মানসিক সামাজিক করিয়াছেন। ·3 উন্নতির উচ্ছেদ হউক বা যাহাই হউক, তিনি মামুষের পর্ম কল্যাণ সাধন করিয়াছেন। ইহার দারা কি দীনহীন হঃএপীড়িত মানবমগুলীর প্রম শাধিত হয় নাই ? তিনি যথন কারিগর-**मिगरक, अ्मुमिगरक, मौनम**तिम्मिगरक, অপ্শাদিগকে আপনার নিকট আহ্বান করিয়াছিলেন, ধর্মপ্রচারকালে এই সকল নিমুশ্রেণীর লোকদিগের কথাই তাঁহার মনে হইয়াছিল, উচ্চশ্রেণীর কথা তাঁহার মনে হয় নাই। পক্ষান্তরে, আমরা যাহাকে উন্নতি বলি, সভ্যত তাহাতে এবশ্ মান্ত্রের জানসম্পদ বৰ্দ্ধিত হই(ত পারে. কি স্ত ভৌতিক জান, একপ্রকার আধ্যাগ্রিক জ্ঞান নহে। উদ্দাম প্রবৃত্তি-সমূহ দমন করা দূরে থাকুক, তথাকথিত উন্নতি এমন-সব নৃতন অভাবের হৃষ্টি করে, যাহা কখনই পূরণ হইতে পারে ন।। পাশ্চাত্য সভ্যতা गाञ्चरवत वृद्धितृति, गाञ्चरवत क्रमग्र-ভाव, মানুষের অভাবসমূহ পরিপুষ্ট ও পরিবর্দ্ধিত করিয়া, মামুষকে অতি স্কাচেত। করিয়া দিমা, গেই সঙ্গে তাহার হঃখবোধও তীত্র করিয়া তুলে। আমাদের যেরপ ভৌতিক বা বৈষয়িক সভাতা, তাহাতে দারণ জীবন-**मीनशैन म**तिक সংগ্রামের উদ্ভব হয়। ও হুর্বলের প্রতি দারুণ নির্দয় এই যে সভ্যতা, ইহা সামাজিক সংগ্রাম-উৎপাদন-কারীর সহিত মূলধনীয় বিরোধ, পররাজ্যের সহিত যুদ্ধ, প্রদেশাক্রমণপ্রবৃত্তি এই সমস্ত এই সমস্ত আয়াসের উত্তেজন করে। বিনিময়ে মাজুৰ শায় কি ?—তত্টুকু শিক্ষা পায় যাহাতে করিয়া মাকুষ তাহার অবস্থার হীনতামাত্র অমুভব করিতে পারে এবং দেই বিলাসস্থবের আসাদ পায় যাহা তাহাকে কখনই পূর্ণমাত্রায় ভৃপ্তি দিতে পারে না।

গ্রহত কথা বাসনাহীন প্রশান্ত ধ্যানাত্মক বৌদ্ধজীবন-- দেই আলোময়, অত্যুত্তপ্ত পাশ্চাত্য মানব-জীবন অপেক্ষা কি বাঞ্চনীয় নহে, যে জীবন ভৌতিক সভ্যতার ভীষণ আবর্ত্তে পড়িয়া সত্ত বিক্ষুক হইতেছে ? সুধ দিতে না পারুক, অন্ততঃ
কিয়ৎ পরিমাণে হঃপ নির্ত্তি করিতে
পারিলেও, বৌদ্ধর্মকে মানবমগুলীর পরম
হিতকারী সূত্রৎ বলিতে হইবে। এই
মর্ত্তিজীবনের—বিশেষত আমাদের সভাতার
চিরসহচর দারুণ হঃখ-কস্টেব সহিত সংগ্রামে
হতাশ হইয়া সমাজের হতভা । অস্থায়

যে সকল ব্যক্তি আত্মহতার স্বারা মৃত্যুকে
পর্যন্ত বরণ করিতে প্রব্ত হয়; তাহারা
কি পরিশেষে সেই পরম কল্যাণময় বিরামের
আকাজ্জা করিবে না, যে বিরামকে কপিলবস্তর মধুর-প্রকৃতি শাক্যমূনি "নিক্রাণ"আথ্যা প্রদান করিয়াছেন ?

শ্রীজ্যোতিরিন্দ্রনথে ঠাকুর।

আধুনিক শক্ষার আদর্শ ও জবরদন্তির লোকশিকা !

বত প্রকারের সামাজিক সমস্য। আছে, তার মধ্যে লোকশিক্ষার সমস্যাই বোধ হয় সর্বাপেক্ষা জটিল। আধুনিক মনোবিজ্ঞান ও সমাজবিজ্ঞান এই জটিল সমস্থাকে আরও জটিল করিয়া তুশিয়াছে। এই লোকশিক্ষার সমস্থার অসাধারণ গুরুত্ব ও জটিলতা প্রত্যক্ষ করিয়া, একান্ত সরাসরি ভাবে, শুদ্ধ একটা সদিচ্ছার উৎসাহে, ইহার মীমাংসা করিতে সাহস হয় না।

যথাযোগ্য অমুশীলনের দারা মান্ত্রের যাবতীয় স্বাভাবিক শক্তি ও র্জিকে ভাল রূপে ফুটাইয়া তুলিয়া, •তাহাদের সাহায্যে প্রত্যেক ব্যক্তিকে, নিজ নিজ সমাজের বিচিত্র কর্মজীবনের ভিত্র দিয়া, আপনার জীবনের যথাসন্ত্র সার্থকতা লাভে সমর্থ করাই—আধুনিক শিক্ষার আদর্শ। এই শিক্ষার ফুইটী মুখ্য অঙ্গ। এক অঙ্গ মান্ত্র্যের ব্যক্তিগত জীবনকে, ও অপর অঙ্গ তাহার সামাজিক জীবনকে, ও অপর অঙ্গ তাহার সামাজিক জীবনকে অধিকার করিয়া আছে। এই শিক্ষার ব্যক্তিগত অঞ্গ মনো বিজ্ঞানের উপরেই বিশেষ ভাবে প্রতিষ্ঠিত

হইতেছে, আর ইহার সামাজিক অঙ্গ সমাজতক্ষের উপরেই গডিয়া উঠিতেছে।

জগতের প্রাচীন সাধনা সকলে সকল স্থানে শোকশিকার এই ব্যক্তিগত অঙ্গকে লক্ষ্য করিগ্ন দেখে নাই। আজিকালি আমরা ব্যক্তিৰ বলিতে যে বন্ধ বুঝি, ইংরেজীতে যাহাকে Human Personality বলে, প্রাচী সাধনায়, ভারতবর্ষের বাহিরে, তাহার জ্ঞান কোথাও ভাল করিয়া ফুটিয়া উঠে নাই। সুতরাং ভারতবর্ষের বাহিরে, মানবের অন্তঃপ্রকৃতিকে ভাল করিয়া ফুটাইয়া তুলিবার চেষ্টাও কুত্রাপি হয় নাই জগতের প্রাচীন সাধনায় মানবপ্রকৃতির অশেষ জটিশতার জ্ঞানও ভাল করিয়া কোটে নাই। মামুধের প্রকৃতিতে ভাল ও মন্দের মধ্যে যে একটা নিত্যবিরোধ জাগিয়া আছে, তাহার জ্ঞানই প্রাচীন কালের লোকচিত্তকে অনেক স্থলে একাস্ত অভিভৃত করিয়া রাথিয়াছিল। পার এই বিরোধের জ্ঞান এমন একটা প্রবল দৈতভাব জাগাইয়া তুলিয়াছিল যে, ভাহাতে মানবপ্রকৃতির

মৌলিক ও অনতিক্রমনীয় একত্বের জ্ঞানকে ভাল করিয়া ফুটিয়া উঠিবার অবসর দেয় নাই। স্থতরাং সে কালের লোকশিক্ষার আদর্শ অতিপ্রাকৃত শাস্ত্রবিশেষের আদেশের কিছা ব্যক্তিবিশেষের অনুশাদনের উপরেই প্রতিষ্ঠিত হইত। সে আদর্শ সর্বতোভাবে মানুষের নিজের প্রকৃতির উপরে এবং সেই প্রকৃতিকেই আশ্রয় করিয়া গড়িয়া উঠিগার অবসর পায় নাই। সে কালের লোকশিক। বাহির হইতে কি ভাল এবং কি মন্দ তাহার প্রামান্তলক্ষণ সংগ্রহ করিয়া, উপর হইতে গেই বাহিরের আদর্শকে জনগণের উপরে চাপাইবার চেষ্ট। করিত এবং মাতুষের আপাত ভালকে বাড়াইয়া তাহার আপাত মন্দকে নিরস্ত করিবার প্রয়াসেই আপনার সফলতা অন্বেষণ করিত।

এ শিক্ষার প্রকৃত মূল্য ও সত্য সার্থকতা याशरे रुष्ठेक ना (कन, छेरा (य व्यत्कित) সহজ ছিল, এ কথা মানিতেই হইবে। কিন্ত এ কালের মনোবিজ্ঞান মানবপ্রকৃতির অশেষ বৈচিত্রা ও আপাত-বিরোধের মধ্যে যে অনতিক্রমণীয় একত্ব আছে, তাহাকে যতই আয়ত্ব করিবার চেষ্টা করিতেছে, ততই পুরাতন দৈতবোধ নষ্ট হইয়া, আধুনিক শিক্ষার সমস্থাকে ক্রমশঃই অভান্ত জটিল করিয়া তুলিতেছে। মানবপ্রকৃতি স্বরূপতঃ এক, •যদিও অশেষ প্রকারের রূপের ভিতর দিয়া সেই প্রকৃতি আপনাকে প্রকাশিত ও প্রতিষ্ঠিত করিয়া থাকে। ছায়াতণের ক্যায় ভাল ও মন্দ মামুষের মধ্যে মিলিয়া আছে। মামুষের ভালোর মধ্যেই তার মন্দ এবং মন্দের মধ্যে তার ভাল লুকাইয়া আছে।

আত্যন্তিক ভাল বা আত্যন্তিক মন্দ, হুয়ের কিছুই তাহার মধ্যে নাই। স্বতরাং মানব-প্রকৃতির কিছুই একান্ত ভাবে উপেক্ষণীয় ব। পরিত্যপ্র নহে। প্রাচীন কালের শিক্ষা মামুষের প্রকৃতির ভাল ও মন্দের প্রত্যক বিরোধকে জাগাইয়৷ রাখিয়া ও ফুটাইয়া তুলিয়াই আপনার আদর্শলাভে করিত। আধুনিক শিক্ষা এই বিরোধকে বিবর্ত্তনের একটা প্রক্রিয়া মাত্র মনে করে, এবং এই বিরোধের ভিতর দিয়াই মান্ব-প্রকৃতি যে সামঞ্জপ্তের দিকে যাইতেছে, তাহাকেই লক্ষ্য করিয়া চলে। আধুনিক শিক্ষা মন্দের ভিতর বিয়াই ভালকে বাড়াইয়া তুলিয়া এবং ভালোর ভিতর দিয়া মন্দকে শোধিত করিয়া মাতুষের প্রকৃতিকে পূর্ণভাবে ফুটাইয়া তুলিবার চেষ্টা করিতেছে। অনেকগুলি ভিন্ন ভিন্ন যন্ত্রের স্থর মিলাইয়া কলাবিশারদ বাগুকরেরা যেমন একটা অপূর্ব সঙ্গত করিয়া তোলেন, সেইরপ মামুবের ভিন্ন ভিন্ন, এমন কি আপাত-বিরোধী বৃত্তি ও প্রবৃত্তি সকলের যথাযোগ্য অনুশীলন করিয়া, তাহাদের মিলনে একটা অপুন সঙ্গত করাই আধুনিক শিক্ষার শ্রেষ্ঠতম আদর্শ। মানবপ্রকৃতির মধ্যে যাহা কিছু ভাগ মন্দ গেই প্রকৃতিরই অঙ্গাভূত হইয়া আছে. তাহার সকল ওলিকে মিলাইয়াই এ সঙ্গত করিতে হইবে। এ সকলের মধ্যে কোনো বৃত্তিকে ছাড়াইয়া এ মঙ্গত পূর্ণাঙ্গ হইতে পারিবে একটাকে খাটো করিয়া অপর কোনোটাকে বাডাইয়া দিলে এ সঙ্গত নষ্ট হইয়া যাইবে। প্রত্যেক বৃত্তির এক একটা নিজম্ব লক্ষ্য

আছে। ভিন্ন তিক্ল রতির এই নিজম্ব লক্ষাটীকে উপেক্ষা করিলে চলিবে না। প্রতান রতি আপনার নিজম্ব লক্ষারই অনুসরণ করিবে, অথচ তারই ভিতর দিয়া সকলে মিলিয়া সমগ্র প্রকৃতির যে লক্ষ্য, তাহাকেই বাড়াইয়া দিবে। ইহাই গাধুনিক শিক্ষার ব্যক্তিগত এক্ষের উৎক্লপ্ত আদর্শন গার এই আদর্শের প্রতিষ্ঠা করিয়াই এ কালের মনোবিজ্ঞান বর্ত্তমান যুগে লোকশিক্ষার সমস্তাকে এমন বিষম জ্ঞাটিল করিয়া ভূলিয়াছে।

প্রাচীন সাধনা সকলে অনেকস্তলেই মানব-প্রকৃতির এই জটিলতার জ্ঞান ভাল করিয়া ফুটিয়া উঠে নাই। সে সকল সাধনা মাহুষের ভিতরে একটা আত্যন্তিক দ্বন্দ কল্পনা করিয়া, কতকগুণি রন্তিকে ভাল আর কতকগুলিকে মন্দ ভাবিয়া, ভাল বৃত্তিগুলিকে সতেজ ও মন্দ গুলিকে নিস্তেজ করিবার জন্ম, লোক-শিক্ষার নামে মামুষের উপরে অশেষবিধ অস্বাভাবিক শাসনসংযমের বোঝা চাপাইয়া দিয়া তাহাদের অন্তঃপ্রকৃতিকে নিপেষিত করিত। সুভরাং সে কালের লোকশিক্ষাতে মানবপ্রকৃতিকে সাহায্য করার চেষ্টা অপেকা শাসন করার চেষ্টাই বেশী ছিল। ভিতর হইতে, যথাযোগ্য অনুশীলনের দারা, মানবের প্রকৃতিকে ফুটাইল তুলিয়া, সেই প্রকৃতির সম্পূর্ণ চরিতার্থতা সম্পাদনের চেষ্টা অণেকা, সে কালের লোকশিক্ষাতে মাহুষের উপরে কতকগুলি বাহিরের বিধিনিষেধ চাপাইয়া দিয়া সেই প্রকৃতিকে সর্বাদা সন্ধৃচিত করিয়া রাখিবার চেষ্টাই অধিক ছিল। আধুনিক খনোবিজ্ঞান লোকশিক্ষার যে নৃতন আদর্শ কুটাইয়া তুলিতেছে, তাহা এই প্রাচীন

আদর্শের সম্পূর্ণ বিপরীত। এ আদর্শে গোচীন শাসনের স্থলে নৃতন স্বাধীনতা প্রতিষ্ঠিত হইয়াছে। এ আদর্শের প্রেরক ও পরিচালক অপরের আদেশ নহে, কিন্তু নিজের রুচি ও প্রবৃত্তি। এই আদর্শ শিক্ষাকে কঠিন ও ক্লেশকর না করিয়া সর্বতোভাবে সহজ ও স্থকরই করিতে চাহে। এই আদর্শের অমুসংণের জন্ম জনগণকে প্রবৃত্ত করিবার মূল মন্ত্র ভয় নহে কিন্তু লোভ। অতএব আধুনিক আদর্শের লোকশিক্ষা

কোথাও প্রবর্ত্তি করিতে হইলে, স্কলের আগে সে শিকা সম্বন্ধে জনগণের রুচি জনান আবশুক। আর তাহা করিতে গেলেই বর্ণ-জানপ্রচারের জন্ম ব্যস্ত না হইয়া, আগে জনমঞ্জলীর প্রাণে বস্তুজ্ঞানলাভের জন্ম যাতে একটা বলবতী আকাজ্ফার উদয় হয়, তারই ব্যবস্থা করা প্রয়োজন। আমাদের দেশের জনদাধারণের স্বাভাবিকী বুদ্ধিরতি অপরাপর দেশের জনসাধারণের বৃদ্ধিরতির তুলনায় কোন অংশেই হীন নহে। স্থতরাং জ্ঞান-উপার্জ্জনের মূল যন্ত্রটী আমাদিগের জন-সাধারণের মধ্যে সম্পূর্ণরূপেই সক্ষম হইয়া আছে। যে #েত্রে এই যন্ত্র প্রয়োগ করিতে হয়, আমাদিগের যা কিছু অভাব, কেবল তারই। স্কুতরাং বর্তুমান সময়ে আমাদের দেশে এই ক্ষেত্র-প্রতিষ্ঠাই লোকশিকার প্রথম কর্ম। ক চক গুলি পাঠশালা খুলিয়া দেশের সর্বাদারণ শিশুদিগকে সেথানে পাঠাইশেই এই উদ্দেশ্ত সাধিত হইবে না। বরং সাক্ষাওভাবে শিক্ষার্থীদিগের ভাবকদিগের প্রাণে এবং পরোক্ষভাবে শিক্ষার্থীদিগেরও মধ্যে এই জবরদন্তির

ব্যাপারে শিক্ষালাভে অকুরাগ না জন্মাইয়া
বিরাগই উৎপাদন করিবে। অতএব দেশের
জনসাধারণের মধ্যে সংশিক্ষাবিস্তারের পথ
অবাধ ও প্রশস্ত রাখিবার জন্মই এই জবরদন্তির লোকশিক্ষার ব্যবস্থ যাহাতে
প্রতিষ্ঠিত না হয়, সর্বতোভাবে তাহার চেষ্টা
করা কর্তব্য।

আরু জনমণ্ডলীর প্রাণে জ্ঞানপিপাসার উদ্রেক করিতে হইলেই গাহাদের প্রকৃতির অনুসরণ করিয়া তাহার যথাযোগ্য উপায় অবলম্বন করিতে হইবে। কারণ সকল মানুষের প্রকৃতি সমান নয় বলিয়া সকল বিষয়ে সকলের সমান কুতূহলও জামে না। এই জন্ম সকলে সকল বিষয়ের অনুশীলন এবং অধায়ন করিতেও পারে না। কারণেই কেহ বা গণিতের, কেহ বা জড়-বিজ্ঞানের, কেহ বা জীবতত্ত্বের, কেহ বা ইতিহাসের, কেহ বা কাব্যের, কেহ বা সঙ্গীতের, কেহ বা স্থাপত্যের, আর কেহ বা ভান্ধর্য্যের অনুশীলনেই সর্বাপেক্ষা অধিক রদ পাইয়া থাকে এবং যে যে বিষয়ে শর্কাপেকা অধিক রুদ পায়, দে দেই বিষয়ের অধ্যয়ন ও আলোচনাতেই সর্বাপেক্ষা অধিক কৃতিত্বও লাভ করিয়া থাকে। যার যে বিষয়ে স্বাভাবিক অন্ধুরাগ নাই, জোর করিয়া সেই তাহাকে বিষয়ের অধায়নে নিয়েপা করিলে, তাহাতে অযথা শক্তিক্ষয় হয় মাত্র। আধুনিক শিক্ষাবিজ্ঞান এই অযথা শক্তিক্ষয় নিবারণের জন্ত সকল শিক্ষার্থীকে সর্নবিধ শিক্ষিতব্য বিষয়ের অধ্যয়নে নিযুক্ত করে না। কিন্তু জ্ঞানের শ্রেণীবিভাগ করিয়া বিশেষ বিশেষ শিক্ষার্থীকে তাহাদের নিজ

নি জ রুচি, প্রবৃত্তি ও পূর্ববশিক্ষা অফুসারে বিশেষ বিশেষ জ্ঞানালোচনায় প্রবৃত্ত বরিয়া থাকে।

আধনিক শিক্ষাবিজ্ঞান ব্যক্তিগত শিক্ষা সম্বন্ধে যেমন ভিন্ন ভিন্ন শিক্ষার্থীর ক্রচি ও অভ্যাস ও শক্তি অমুযানী তাহার শিক্ষার ব্যবস্থা করিয়া থাকে: সেইরপ জাতীয় শিক্ষা সম্বন্ধেও জাতির প্রকৃতি ও কৃতি, ভিতরকার ও বাহিরের প্রয়োজন আয়োজন তাহাদের পুদাশিকারই অমুদরণ করে। সকল লোকের রুচি ও প্রবৃত্তি শংস্কার ও অভ্যাস যেমন সমান সেইরপ জগতের সকল জাতির রুচি প্রবৃত্তি, সংস্কার এবং অভাগ সমান নয়। ইংশেজের রুচি ও প্রবৃত্তি আমাদের রুচি ও প্রবৃত্তি হইতে ভিন্ন। যে সকল বিষয়ে সচরাচর ইংরেজ জনসাধারণের অসাধারণ কুতুহলের উদ্রেক হইয়া থাকে, দে সকল বিষয়ে অনেক সময়েই আমাদের দেশের লোকের বিন্দু পরিমাণ কুতৃহলও জনে না। যে রস ইংরেজকে মাতাইয়া তোলে, সে রস অনেক সময় হয় ত আমাদিগের জনগণের চিত্তকে স্পর্শ করিতে পারে না। আবার আমরা যে রদে সহজেই মগ হইয়া বাই, ইংরেজ হয় ত সে রসের স্বাদ কিছুই জানে না। স্থতরাং যে উপায়ে ইংরেজসমাঞ লোকশিক্ষা বিধান করা সম্ভব ও সহজ, সেই উপায়ে, সেই সকল বিষয় অবলম্বনে ও সেই রূপ প্রণালীর অনুসরণে, আমাদের দেশে (नाकिंगका विशासित (58) क नमें के कवा की হইতে পারে না।

ইংরেজের আইন সাদালতের উদ্যত-

শাসনদণ্ডের ভয় দেখাইয়া, দেশের সাধারণকে বর্ণজ্ঞ করিয়া যে লোকশিক্ষা বিস্তারের জগ্য অনেকে ব্যস্ত হইয়া পড়িয়াছেন, তাহা যে দেশের গোক-জনমগুলীর প্রকৃতির এবং পুরাগত সাধনার উপরে প্রতিষ্ঠিত **সভ্যতা** ও হইবে, তাহার কোনোই সম্ভাবনা নাই। সরকারী আইনের সাহায্যে যে শিক্ষার ব্যবস্থা প্রতিষ্ঠিত হইবে, তাহা যে ইংরেজ-রাজের আপনার স্বজাতির শিক্ষা ও সাধনা, অভিজ্ঞতা ও অভ্যাস এবং তাঁহাদেরই কচি ও প্রকৃতির স্বল্পবিস্তর অনুসরণ করিবে, ইগা অবশ্রসাবী ও অনিবার্যা:

আর লোকশিক্ষার সঙ্গে সর্ব্বভ্রুই দেশের রাষ্ট্রশক্তির অতি ঘনিষ্ঠ সম্বন্ধ থাকে। এই জন্ম অতি প্রাচীন কাল হইতেই দেশের রাষ্ট্রশক্তি যাঁহাদের হাতে থাকে, তাঁরা সর্ব্বদাই জনমগুলীর শিক্ষার ব্যবস্থাকে সর্ব্বভোভাবে আপনাদিগের করতলগত করিয়া রাখিতে চাহেন। স্কুতরাং ইংরেজ-রাজ আপনার রাজবিধানের তাড়নায় দেশের সর্ব্বসাধারণ শিশুম ওলাকে পাঠশালায় পাঠাইয়া, তাহাদের শিক্ষার ভার আমাদের

হাতে ছাড়িয়া দিয়া নিশ্চিত্ত হইবেন, এমন কল্পনাও করা যায় না ইংরেজ আইন করিয়া যদি এ দেশে কখনো সার্বজনীন লোকশিক্ষার বাবস্থা প্রবর্ত্তিকরেন, তাহা হইলে শিক্ষিতব্য বিষয় নির্দ্ধারণ এবং শিক্ষার थ्येगानी निकांहन, - এই नुष्ठन वावशा प्रयक्त সকল ক গ্রহ-একান্ত ভাবে আপনার হাতেই রাখিবেন। ইহাই তাঁহার পক্ষে স্বাভাবিক ও নীতিদগত। আর তাহাই যদি হয়, তবে আমাদের বর্ত্তমান উচ্চ ইংরেজী শিক্ষার জাতীয় যেমন আমাদের শাস্ত্রের দাহিত্যের, সভ্যতার ও সাধনার, অভ্যাদের ও অভিজ্ঞার দঙ্গে কোনোই ঘনিষ্ঠ সম্পর্ক নাই; সেংরপ এই সার্বজনীন লোকশিক্ষার সঙ্গেও দেশের সত্যিকার প্রাণবস্তুর কোনোই সম্পর্ক থাকিবে না। উচ্চশিক্ষা আমরা যেমন বহুল পরিমাণে সদেশের প্রাণ হইতে স্রিয়া পড়িয়াছি, দেশের স্**র্বা**-এই জবরদস্তির ভাগ্যেও সাধারণের ফলে ক্রমে তাহাই ঘটবে। লেখাপড়ার এই বিপদ নিবারণের ধ্বন্থ এই উংকট সংস্কারচেষ্টার প্রতিরোধ করা আবশ্রক। শ্রীবিপিনচন্দ্র পাল।

মহাভারতের ঐতিহাসিক্তা

মহাভারতীয় ইতিবৃত্তের বিভাগ
মহাভারতের সমাজ কাল্পনিক না
হইলেও তাহাতে ধখন মহাভারত ইতিহাস
না হইয়া ইতিহাসবাদ-পদবাচ্য হয়, তখন
মহাভারতের ইতির্ত্ত সত্য কি না অফুসন্ধেয়।
পাণ্ডবগণের কার্য্যকলাপ-বর্ণনা মহাভারতের

প্রধান উদ্দেশ্য হইলেও ব্যাসদেব চন্দ্রবংশের
আমূল পরিচয় দিয়াছেন। অজ্যোনি হইতে
জনমেজয় পর্যান্ত বর্ণিত হইয়াছে। এই ইতিরন্তকে প্রধানতঃ ছইভাগে বিভক্ত করা
যায়। প্রথম দার্শনিক, দ্বিতীয় লোকিক।
পদ্মযোনি হইতে বুধ পর্যান্ত দার্শনিক।

পুর্রবা হইতে জনমেজয় পর্যান্ত গৌকিক।
লৌকিককে আবার হইভাগ কর। যাইতে
পারে প্রাচীন ও সমসাময়িক। পুরুরবা
হইতে প্রতীপ পর্যান্ত প্রাচীন। শান্তমু
হইতে জনমেজয় পর্যান্ত সমসাময়িক।
প্রাচীনাংশকে আবার লৌকিকালৌকিক ও
৪৯লৌকিক এই ছুই শাখায় বিভাগ করা
যাইতে পারে।

দার্শনিক অ.শ

मार्गिक व्यःग এই 11रक्षत প्रामिक নহে বলিয়া তংসম্বন্ধে আলোচনার আবিশ্রক নাই। কিন্তু ইহা না বলিয়া থাকিতে পারি না যে, উহা উপকথা নহে, উহাতে গভীর স্টতত্ত্ব নিহিত। ব্রন্ধাই দার্শনিকের অহন্ধারতত্ত্ব; সনক, সনাতন, দনৎকুমার প্রভৃতি দেই তত্ত্বের পুত্রীভূত মনস্তত্ত্বের ইড়োপস্জ্রন্জানের ভিন্ন ভিন্ন वृद्धि, मत्रीह्यांनी मत्नत छ्वात्नाशमर्कन-ইচ্ছাণক্তির বিকাশ। কশুপ মনোধর্ম-गः क त्वात श्रीतानक। प्रक स्थितोनन, ব্রদার জ্ঞানেচ্ছোপদর্জন কর্মের ফগ। তাহার পত্নী প্রস্থৃতি ক্রিয়াশক্তি। তাঁহার . পঞ্চাশটা ক্সা সেই ক্রিয়াশক্তির ভিন্ন ভিন্ন প্রস্থানভেদ। চতুর্দিশ ক্রিয়াশক্রির সহিত মিলিত হইয়া কশুপ স্ক্ল সাত্ত্বিক দেব-সর্গ, স্থল্পরাজসিক গন্ধবাদি-দেব্যোনিসর্গ, স্ক্রতামসিক অসুরস্র্র, তুলতামসিক পশু-পক্ষিদর্গ করেন। ব্রহ্মার ইচ্ছাশক্তির বিকাশ অত্রি হইতে ইচ্ছাশক্তির বাসনারপ অংশই চন্দ্র। কামনামগুলই চল্ডের অধিকার। জীব যত দিন কামী, ততদিনই কামনা-মণ্ডলে বুণায়মান। তাই গীতায় বলা

হইয়াছে "তত্র চাজ্রমসং জ্যোতির্যোগী প্রাণ্য নিবর্ত্তে।" সেই চক্রের পুত্র বুধ কামকামীর বুদ্ধি। এদিকে মন্ত্র স্তার মনাধা। তাঁহার কল্যা ইলাই পৃথিবী বা পার্থিবভাব। তিনি যান বুধের সহিত মিলিত তথনই কামকামী মানববংশ পৃথিবীতে প্রবর্ত্তি।

লৌকিকালৌকিক অংশ

পুররণা মর্ত্রাধাণে চত্রবংশের আদি-পুরুষ। অবশ্র মান্ববংশের পূর্নপরিচয় দিতে গেলে এরপ একস্থলে না একস্থলে দাড়াইতেই হইবে বাহার পূর্বে আর যাওয়া চলে না। ধর্মপ্রাণ গাচ্যলেখক দেবতা হইতে সেই আদিপুরুষের জন্ম বলেন। প্রতীচ্যগণ তাঁহাকে ব্যাদ্রাদির হুগ্ধে পাষিত বলেন। চলুবংণীয় নুপগণের পুররবার পূর্বের আর লইয়া যাওয়া যায় না, এইভাবে গ্ৰহণ করিতে চান গ্ৰহণ করুন, আর পুরুরবাকে দেবতার পুত্রই বলুন উভয়ের কোনটীতেই পুরুরবার অভিত্ত লোণ হয় না। তিনি একরপ আদিমমুষ্য, **এত**এ**ব তাঁহাতে অনে**ক অমান্তবভাব আরোপিত হইয়াছে। অপারা উর্বাধী তাঁহার রূপে মুগ্ধ হইয়। তাঁহাকে বরণ করেন এবং সেই অপ্যরার গর্ভে তাঁহার আয়ু, ধীমান, অমাবস্থ, দৃঢ়ায়ু, বলায়ু, ও শতায়ু নামে ষ্টপুত্র জন্মে। এই ব্যাপারের এরপ ব্যাখ্যা করেন যে উর্বদীসদৃশ উৰ্বাণী নায়ী কোন রূপবতী তাঁহার কঠে বর্মাল্য দেন, তাহা হইলে ইতিবৃত্তের অলো-কিকতা যায়। পিতার চরিত্রে অশৌকিকতা থাকিলেও পুত্র আয়ু মান্তব ভিন্ন আর কিছুই নহে। वर्ভानवीत গর্ভে তাঁহার নত্য, বৃদ্ধশর্মা,

রঞ্জি এবং অনেনাঃ নামক চারি পুত্র হয়। नष्य थानन भाराक्रभमानी ताक्रककार्जी। অমানুষিক ব্যাপার ইন্দ্রাদি পরিত্যাগ করিবার পর ঘটায় নহুষের মর-লীলা অসম্ভবপর নহে। অবশ্য নহুষের ভাতা রক্তির চরিত্র পুরাণে যেরপ অক্তিত তাহা অগন্তব। কিন্তু মহাভারতে সেই অলৌকিকতা না থাকায় মহাভারতের ইতিবৃত্ত সে দোষে দৃষিত নহে। নহুষের ষ্টুপুত্ৰ-যতি, য্যাতি, সংযাতি, আ্যাতি, অষতি ও ধ্রুব। যতি ক্ষণিক ভোগ ছাড়িয়া চিরানন্দকর যোগে নিমগ্ন হন। স্কুতরাং যযাতি সিংহাসন পান। তিনি শাসন গুণে প্রজাপুঞ্জকে, यागयळानियाता (न रगनरक, अधायमानियाता ঋষিগণকৈ সম্ভুষ্ট করেন। স্বাগরা ধরণি তাঁগার অধিকারভুক্ত হয়। তাঁগার চুই পত্নী—'গুরুকতা দেবযানি ও অসুররাজ রুষপর্ব্বার কন্তা শর্মিষ্ঠা। দেবযানির গর্ভে যতু ও তুর্বস্থ নামে হুই ও শর্মিষ্ঠার গর্ভে ক্রহ্য, অণু এবং পুরু নামে তাঁহার তিন পুত্র হয়। শুক্রাচার্য্যের শহিত চুক্তি ভঙ্গ করিয়া শর্মিষ্ঠাকে বিবাহ করায় কবি তাঁহাকে অভিসম্পাত করেন যে অচিরে জরাগ্রস্ত হও। ঋষির চরণে পতিত হইলে তিনি রাজাকে ঐ জরা যে কোন পুত্রে করিবার শক্তি দেন। তদমুদারে যযাতি क्रांस क्रांस यह, जूर्तम् फ्रन्ता ७ अमूर्क স্বীয় জরা বিনিময়ে তাহাদের যৌবন দিবার করেন। কিন্তু অবাধ্য অন্বরোধ পুত্রগণ কেহই পিতৃবাক্য রক্ষা করিতে চাহিলেন না। कनिष्ठ পুরু নিজের যৌবন বিনিময়ে পিতার জরা লইয়া আপনাকে ধন্য জ্ঞান করিলেন। পিতা সহস্র বর্ষ পুত্রের (योवन नहें या (ভाগ कत् वः यथन (प्रिंटनन যে ভোগবাসনা কমিল না তখন হঠাৎ তাঁহার নির্কেদ হইল। নির্কেদের সঙ্গে সঙ্গে জ্ঞান জন্মিল। তখন অবাধ্য পুত্রচভূইয়কে নির্বাসিত করিয়া কনিষ্ঠ পুরুকে সিংহাসনে বসাইলেন ও স্বয়ং বাণপ্রস্থাশ্রম অবলম্বন

করিলেন। যথাতির সহস্রবর্তােগ ও জরা সংক্রমণ ইত্যাদি সম্ভব্পর না হইলেও উহার মূলে সত্য থাকা সম্ভব।

লৌকিকালৌকিকাংশের সত্যতাবিচার।

উক্ত অংশের সভাগ নিধাকরণ কর। সহায় হুরহ। পুরুরব' প্রভৃতি এহ প্রাচীন (य (प्रहे प्रयास (क्षा नाहै। নিখিল পৃথিবীর প্রাচীনতম গ্রন্থ ঋথেদেও পুরুরবার উপাখ্যান আছে ৷ ঐ উপাখান গাথাতে চিরর্ফিত হইয়া পরে মহাভারত ও পুরাণে গ্রাথত হয়। ক্রমে উহ। সংস্কৃত নাটকে ও কাব্যে প্রচলিত হইল। শর্মিষ্ঠার উপাখ্যান ল ইয়| বঙ্গকবিও দেখাইয়াছেন। ঋগ্বেদ অভ্ৰান্ত যদিও বিখাস না করেন, উহার উপাখ্যান-গুলি যে সত্যমূলক নহে তাহার কোন প্রমাণ নাই। আবার যদি দেখি সেই প্রবাদ কেবল মুখে না থাকিয়া বহুকাল যাবৎ লিখিত গ্রন্থে পুরুষপরম্পরাক্রমে চলিয়া আদিয়াছে, তখন উহা বিখাদ করিবার দঙ্গত কারণ আছে বলিতে হইবে। এই অংশ যে গাথামূলক তাহা মহাভারত ও পুরাণাদিতে স্পাঠ বুঝা যায়। যথাতির পুত্র সম্বন্ধে নিয়-লিখিত অমুবংশশ্লোক সকলেই ধরিয়াছেন যত্নঞ্চ তুর্বাস্থ কৈব দেবযানী ব্যজায়ত। ক্রন্থাত্ব পুরুঞ্ধ শর্মিষ্ঠা বার্যপার্ববণী॥ যয়াতির নির্কেদসম্বন্ধে

যয়াতির নিকোদেশধন্ধে ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি। ইত্যাদি গাথাও উদ্ধৃত হইয়াছে।

ঐ গাথাগুলি অবিশ্বাস করিবার কোন কারণ নাই। স্থতরাং তংপ্রতিপান্ত বিষয়ও ভিত্তিহান নহে এই পর্যান্ত বলা যাইতে পারে।

গুদ্ধলোকিক অংশ

পুর হইতে প্রতীপ পর্যন্ত নুপতিগণকে শুদ্ধলোকিক কংশভুক্ত করা যাইতে পারে। যত্ন, তুর্কাস্থ, ক্রহ্যু ও অন্তর বংশ পুরাণে বিশদরূপে দেওয়া আছে। মহাভারতে তাহা প্রাদদিক নহে বলিয়া দেওয়া হয় নাই।


পুরুর পূর্ণবংশও মহাভারতে নাই। কেবল যে শাখা হইতে জনমেজয়ের উৎপত্তি সেই শাণ বঙ্গীয়সংস্করণের আদিপর্কের ১ঃ অধাায়ে আহুপূর্বে দেওয়া হইয়াছে। পূর্ন অধ্যায়ে পুরুর প্রথিতবংশধর প্রবীর, মনস্যু, রৌদ্রাশ্ব প্রভৃতির পরিচয় আছে। জনমেজয় তাহাতে তৃপ্ত না হইয়া স্বীয় বংশের আমূল পরিচয় চাহিলেন। তত্তরে বৈশম্পায়ন দক্ষ হইতে আরম্ভ করিয়া পরীক্ষিৎ পর্যান্ত বংশাবলী দিলেন। ঐ অধ্যায় মতেই শুদ্ধলোকিক অংশ দেওয়া গেল। পুরুর কৌশল্যা নামী পত্নীতে জনমেজয় নামে পুত্র জন্মে। জনমেজয় তিন-বার অধ্যেধ যুক্ত ও একবার বিশ্বজিৎ যজের অহুষ্ঠান করেন। মধুবংশীয়া অনন্ত। নায়ী ভার্যাতে তাহার লাচীবান্ নামক পুত্র হয়। প্রাচীবান প্রবল পরাক্রান্ত नत्रপতि ছिলেন। निश्चिल প্রাচীদিক জয় করায় তাঁহার প্রাচীয়ান্ আখ্যা হয়। তিনি যহ্বংশীয়া অশাকীকে বিবাহ করিয়। সংযতি নামে পুত্র লাভ করেন। সংযতি দৃষদ্বৎ রাজার পুত্রী বরাঙ্গীর পাণিগ্রহীতা। তাঁহার পুত্র অহংযাতি ক্নতবার্য্যের ছহিতা ভাত্মতীকে পত্নীত্বে গ্রহণ করিয়া সার্ব্বভৌম নামে পুত্র পান। সার্বভৌম কেকয়বংশীয়া স্নন্দাকে ক্ষাত্রধর্মানুসারে স্বয়স্বর সভা হইতে বলপ্রকাশ পূর্বক হরণ করিয়া বিবাহ करतन। ঐ বিবাহের ফল জয়ৎদেন। তিনি বিদর্ভবংশীয়া সুশ্রবার গর্ভে অবাচীন নামে পুত্ৰ পান। অবাচীনের পত্নীও বিদর্ভবংশায়া। হাহার নাম মর্য্যাদা। তাঁহার গর্ভে অবাচীনের অরিহনামক পুত্র হয়। তিনি অপরাজকতা আঙ্গীকে বিবাহ করিয়া মগভৌমের জন্ম দেন। বিষ্ণুপুরাণে দেখিতে পাই যে অমুবংশীয় বলির ^{থজ}, বঙ্গ, কলিজ, সুক্ষ ও পুণূ নামে পাঁচটীক্ষেত্রজ পুত্র হয়। ঐ পঞ্চ ভাতার অধিকারই অঞ্চ বন্ধ, কলিন্ধ, সুক্ষ ও পাণ্ড্র নামে প্রথিত। রামায়ণে প্রসিদ্ধ

দেশরথের স্থা অঙ্গরাজ রোমপাদ অক্সের পৌত্র, দিবিরথের প্রপৌত্র। মহাভৌম প্রদেনজিতের কন্তা স্বযজ্ঞার পাণিপীড়ন করিয়া তাঁগার গর্ভে অযুতনায়ী নামক পুত্র উংপাদন করেন। অযুত পুরুষমেধ্যজ্ঞ করায় উহার নাম অযুতনায়ী হয়। তিনি পৃথুশবার কলা কামাকে বিবাহ করেন। গর্ভে জাত অযুতণায়ীর পুত্র অক্রোধন কলিঙ্গবংশীয়া করন্তার স্বামী। তাঁহাদের পুএ দেবা তথি বৈদেহী মর্যাদার গর্ভে অরিহ নামক ৢপুত্র পুান। অরিহই পুরাণের রোদ্রাধ। এবং মহাভারতেও রৌদ্রাধ নাম আছে। অগরাজবংশীয়া স্থদেবার গর্ভে অরিহের ধাক্ষনামে পুত্র হয়। থাকই বোধ হয় ৯৪ অধ্যায়ের অনাধৃষ্টি। তিনি তক্ষকত্বহিতা জ্বালার গর্ভে মতিনার নামক পুত্র পান। পুরাণে মতিনারের পরিবর্ত্তে হস্তিনার নাম দেখা যায়। মতিনার স্বরস্বতী-তীরে দ্বাদশবার্ষিক যজ্ঞ করিলে সরস্বতী প্রীত। হইয়া তাঁহাকে পতিতে বরণ করেন, প্রবাদ। দেই পত্নীতে মতিনারের তংস্থ নামে পুত্র জন্ম। মতিনার অখ্যেধ রাজস্য় প্রভৃতি মহাযজ্ঞের অনুষ্ঠান করেন। তংসু ব্যতীত মহান্, অভির্থ ও জ্ছা নামক তাঁহার আরও তিনটা পুত্র ২য়। তংশ্বর পত্নী কলি স্বংশীয়া। কিন্তু তাঁহার নাম নাই। তংস্থ নিখিল বস্থন্ধবা জয় করিয়া সম্রাট্ট হন। তাঁহার পুত্র ঈলিনের পঞ্চ পুত্র — হুম্মন্ত, শূর, ভীম, প্রবন্ধ ও বন্ধু। কালিদাদের কুপায় তুম্মন্ত আমাদের সকলের স্থবিদিত। অপ্রতির্থ স্মাট্ হন। বিশামিত্র-ছুহিতা কথের পালিতা কন্যা শকুন্তলার গর্ভে তাঁহার পুত্র ভরত জন্মে। ভরত হইতে ভরতবংশ। ভরত যেমনি গুদ্ধবার তেমনি দানবীর। সর্বাস্বদক্ষিণযজ্ঞে তিনি তাঁহার সামাজ্য কথমুনিকে দান করেন। ভরতের চারিটী স্ত্রী। তিনটীতে তাঁহার নয়টী পুত্র হয়। ঐ পুত্ৰগণ অপদাৰ্থ ছিল। তিনি সংপুত্রের জন্ম ভরম্বাজের সাহায্যে যজ্ঞ করিলেন।

শেই যজ্ঞ হলে স্থননার গর্ভে ভূমস্থা দেই পুত্ৰই বংশের গৌরব। তিনি দাশাহ্বংশীয়া বিজয়ার পাণিগ্রহণ করেন। বিজয়ার গর্ভে ভূমন্থার স্থহোত্র, স্থহোতা, সুহবিঃ, সুযজুঃ છ নামক পঞ্চ এবং পুষ্করি 🕸 নায়ী পত্নীর গর্ভে ঋচিকনামে এক পুত্র হয়। সুহোত্র স্থাজ্য পান। তিনি ইক্ষাকুবংশের স্বর্ণাকে বিবাহ করেন। স্থ্যবর্ণার গর্ভে তাঁহার হন্তীনামক পুত্র জন্মে: সেই হন্তীই হস্তিনাপুরের স্থাপয়িতা। হস্তী ত্রিগর্ত্রপৌয়া পত্নী যশোধরার গর্ভে বিকুঠনের জন্ম দেন। দাশার্হী স্থদেবার গর্ভে বিকুঠনের অজমীঢ় নামে যে পুত্র হয় , তাহার যশোরাশি সকল পুরাণে গীত। অজমীত হইতে চতুর্ন্মর্ণের প্রবৃত্তি। ধু তরাষ্ট্র প্রভূতিকে আজ্মীত বলিয়া মহাভারতে প্রায়ই সম্বোধন व्यक्रगीएत रेकरक्रा, হইয়াছে। গান্ধারী, বিশালা, ঋক্ষিণী প্রভৃতি অনেক ভার্য্যার অনেক পুত্র হয়। পুরাণে উন্নিথিত আছে যে তাঁহার কেশিনী নামী পত্নীতে যে কগনাথে এক পুত্র হয় তাঁহার বংশণরগণ কারায়ন দ্বিজ হন। অজমীঢ়ের আর এক পত্নীর সন্ততি কতক নীপ ও কতক পৌরব নামে অভিহিত। তাঁহার নাঁলিনী-নামী পত্নীর বংশই পাঞ্চাল আখ্যা পান। ঐ বংশেই সোমকের পৌত্র, পৃষ্তের পুত্র ক্রপদ জন্ম। ধৃমিনী-নামক পত্নীতে অজমী ঢ়ের ঋক্ষ নামে এক পুত্র হয়। যদিও মহাভারতের ৯৫ অধ্যায়ে ঋকের নাম নাই, পূর্ব অধ্যায়ে তাঁহার নাম আছে এবং সংবরণ যে তাঁহার পৌত্র তাহাও ৯৫ অধ্যায়ে ইন্সিতে বলা হইয়াছে। অজমীঢ়ের বংশধর সংবর্ণ এইরূপ বলায় সংবরণ যে পুত্র নহে তাহাও স্পষ্ট বুঝা যায়। স্মৃতরাং উক্ত উভয় व्यशास्त्रत मस्या विस्ताय नाहे। प्रश्वत्र সুর্য্যের তপস্থা করিয়া সুর্যাহহিতা তপতীকে পত্নীত্বে লাভ করেন। স্বাদিপর্কের চৈত্ররথো-পাখ্যানে গন্ধৰ্ক চৈত্ৰরথ অৰ্জুনকে কেন

তাপত্য বলিয়া সংখাধন করিয়াছেন তাহার ব্যাথ্যামুখে তপতী এবং সংবরণের সহিত তাঁহার বিবাহের উপাখ্যান বর্ণিত হইয়াছে। व्यामिशदर्सत २८ व्यशास्य वर्गना व्याष्ट्र स्य সংবরণের রাজ্যকালে অনার্থ্টি হুর্ভিক্ষ ব্যাধি প্রভৃতি দারা প্রজাক্ষয় হইলে পাঞ্চালরাজ দশ অক্ষোহিণী দেন। সহ তাঁহাকে আক্রমণ করেন। তাঁহাতে সংবরণ পরাজিত হইয়া পলায়ন করেন ও সিন্ধুতটস্থপর্বতনিক্ঞে আশ্রর লন। পরে তিনি বশিষ্ঠের কুপায় পৈতৃক সিংহাসন লাভ করিতে সমর্থ হন। তপতীর উপাখ্যানেও বণিষ্ঠ যে সংবরণ কর্ত্তক পৌরহিত্যে নিযুক্ত হন তাহা প্রকাশ। সংবরণের পুত্র কুরু ধর্মাত্ম। তপস্বী। তাঁগারই নামে রাজ্যের নাম কুরুজাঙ্গল হয় তিহার ত্রস্বার কেত্ই ধর্মকেত্র কুরুক্ষেত্ররপে অভিহিত। কি দৈব বিড়ম্বনা! ভবিষ্যতে সেই ধর্মক্ষেত্রই, সেই শান্তিনিকেতনই, ভারতের যুদ্ধকেত্ররূপে পরিণত হয়। হস্তিনাপুরের সিংহাদন জভা সমগ্র ভারতবর্ষের বীর ঐ ক্ষেত্র-শোণিতে প্লাবিত করেন। ঐ ক্ষেত্রেই ভারতের ক্ষত্রিয়বীর্যা নির্বাপিত হয়। পরে আবার ঐ ক্ষেত্রেই পৃথিরাজের সময়ে কাল-চক্রে হিন্দুর গৌরবরবি তুবিয়াছে। ঐ ক্ষেত্রেই পাঠান, মোগল ও মহারাষ্ট্রের গৌরবও অস্তমিত। যাহাই হউক কুরু দাশার্হনন্দিনী শুভাঙ্গীকে বিবাহ করেন ও বিদূর্থ নামে পুত্র পান। পুরাণের মতে তাঁহার সংস্থ বা সুধ্যা, জহ্ও প্রীক্ষিৎ নামে তিন্টী পুত্র হয় এবং বিদূর্থ জহুর পৌত্র বিদূর্থ যত্বংশীয়া স্থপ্রিয়া নাম্মী পত্নীতে অনধের জন্ম দেন। অনধের ঔরদে মগধবংশীয়া অমৃতের গর্ভে-জাত পরীক্ষিং বাছদারংশের সুযশাকে বিবাহ করেন। তাঁহাদের স্কুত কে কয়বংশীয়া কুমারীর ভীমদেন প্রতিশ্রবানামক পুত্র উৎপাদন করেন। প্রতিশ্রবার পুত্র প্রতীপ গিরিনন্দিনী স্থনন্দার গর্ভে দেবাপি, শান্তমু ও বাহলীক নামে তিন পুত্রের জন্ম দেন।

শ্রীহরিচরণ গঙ্গোপাধ্যায় শাস্ত্রী।





ভিক্টর হুগোর কথা

করাসী পরিবদের সহিত ভিক্টর হুগোর প্রথম পরিচয়, অর্থাৎ যশস্বী হইবার ক্রনা, বড়ই কৌতুকাবহ ও চিত্তাকর্ষক। ১৮১৭ সালের পরিষদের পুরস্কার-কাব্যের বিষয় ছিল—"জীবনের সর্ব্বাবন্তায় অধ্যয়নলভা ন্থ।" ভিক্টরের বয়স তথন সবে পনর বংসর ও তখন ভিনি বিষ্যালয়ের ছাত্র। কিন্তু প্রভিভা চিরকালই আত্মপ্রত্যর-সম্পন্ন ও আত্ম-নির্ভর-শীল। ভিক্টর মনে করিলেন, এই প্রতি-যোগিতার একবার চেষ্টা করিয়া দেখিলে হয় না ? বেমন সন্ধর, সঙ্গে সংক্ষেত ভাহার কার্য্যে পরিণতি। তিনি প্রস্তাবিত বিষয়ে তিন শত বিংশতি ছত্ৰ সমন্বিত খণ্ড-কাব্য নিখিয়া প্ৰস্তুত করিলেন।

প্রতিযোগিতার জন্ত কাব্য ত লেখা হইল, কিন্তু এক মহা সকট উপস্থিত। রচনাটি গরিষদের সম্পাদকের হস্তে দিবার উপার কি ? তিন্তর তাঁহার এই সক্ষরের কথা কাহাকেও বলেন নাই—তাঁহার মাতাকেও না, তাঁহার অগ্রক্ষ ইউজিন্কেও না। লর্ড বাইরন লিখিয়াছিন—''একদিন্ প্রাতে শ্যা ত্যাগ করিয়া উঠিয়া অকল্মাৎ দেখিলাম, আমি বশ্বী হইয়া উঠিয়াছি।" ভিক্তর হুগো বোধ হয় কতকটা এইরপ অতর্কিত ভাবে সহসা যশ্বী হইবার

মানস করিয়াছিলেন। তাঁহার অভিপ্রায়
এইরূপ ছিল বে, যদি সফলোজন হই, তাহা
হইলে অকস্থাৎ অপ্রত্যাশিত ভাবে যশসী
হইয়া সকলকে চমকিত করিয়া দিব; আর,
যাহা অধিকতর সম্ভব, যদি বিফলমনোরথ
হই, ভাহা হইলেও এই প্রতিযোগিতার কথা
কেহই জানিবে নাবলিয়া কাহারও কাছে মাথা
টেইট হইবে না।

মাহা হউক, ভিক্টর ভাবিয়া চিস্তিয়া কুল-কিনার। দেখিতে পাইলেন না। ছাত্রাবাদে অবস্থানকারী ছাত্তেরা রবিবারে যাইতে পারিত বটে, কিন্তু পরিবদের সম্পাদকের অফিস্ সে দিন বন্ধ। কবিভা-রচনা সমাপ্ত হইল এক সোমবারে; ভাহার পরবর্ত্তী বুহম্পতিবার প্রতিযোগিভার রচনা গ্রহণের শেষ দিন। অগত্যা তিনি তাঁহার বন্ধু বিস্নারাকে সব কথা খুলিয়া বলিলেন। বিস্কারা প্রথমতঃ যেন আকাশ হইতে পড়িল-পনর বংসরের বালক ফরাসী-পুরস্থার-রচনায় পরিষদের প্রতিযোগিভা করিতে সাহস করে! কি অভাবনীয় কথা! এমন অসম্ভবও কি সম্ভব! তার পর তাহার অভিপ্ৰিয় অভাবনীয় ও নবীন বন্ধর তঃদাহসিক উন্তমে সে মুগ্ধ ও আনন্দে অধীর

ছইল; বলিল—"ইহারই জান্ত তোমার এত ভাবনা ? তুমি নিশ্চিত থাক, সব আমি করিয়া দিব '' ভিক্তর আশ্বন্ত হইলেন।

দৌভাগাক্রমে দেই বৃহস্পতিবার, অর্থাৎ রচনা-গ্রহণের খেষ দিন, ছাত্রদিগের বহি-व्यय्ताव किन । अधिनायक करण विकात हात-দিগকে লইয়া বহিৰ্মত হইলেন ও পরিষং-মন্দিরের অভিমূপে অগ্রসর হইলেন। পরিষং-ভবনের সন্মুখে উপস্থিত হইয়া সহসা পমকিবা দাড়াইলেন-থেন ছারত্ত সিংহের সূর্ত্তি দেখিয়া তিনি বড়ই আরুষ্ট হইয়া-ছেন। ফোরারা হইতে জল-ধারা অতি স্থলর ভাবে উৎসারিত হইতেছিল; ছাত্রগণ মুগ্ধ হইয়া তাহা দেখিতে লাগিল। এই অবস্বে বিশ্বারা ভিক্টরকে লইয়া ছরিত পদে ভিতরে প্রবেশ করিলেন। ছাররক্ষকের ঘরে প্রবেশ করিয়া জিজ্ঞাসা করিলেন, পরিষদের সম্পাদক মহাশবের কক্ষ কোন থানে ? তার পর ছুটিয়া উপরে উঠিলেন। ভিক্তর তথন ভাবিলেন. বিস্বারাকে বিশ্বাস করিয়া সকল কথা বলিয়া বড়ই ভাল কাৰ্য্য হইয়াছে; তিনি নিজে ত এমন ছঃদাহদের কার্য্য কিছুতেই করিয়া উঠিতে পারিতেন না।

বিস্নারা সম্পাদকের ঘরের দরজা ঠেলিয়া প্রথমে প্রবেশ করিলেন; স্পান্দিত হৃদয়ে ভিক্তর তাঁহার অমুসরণ করিলেন। একটি ক্ষুদ্র টেবিলের উপর রাশীক্ষত কাগজ; তাহার সমুখে বসিয়া পণিতকেশ, অতি-গন্তীর ও ভীষণ-মূর্ত্তি এক বৃদ্ধ। কম্পিত হস্তে ভিক্তর তাঁহার কাব্য ও শীলমোহর-স্মাটা চিঠিখানি তাঁহার হাতে কোন প্রকারে দিলেন, কিন্তু ৰাক্যক্র্ত্তি হইল না। বিস্কারা ক্তকটা আত্মন্থ ছিলেন; তিনি অভিতক্ষে আবশ্যকীয় ছই একটা কথা কোন রক্ষে বলিয়া উভয়ে তথা হইতে নিজ্ঞান্ত হইলেন। বাহিরে আদিয়া উভয়েই যেন একটা অসাধ্য সাধন করিয়াছেন মনে করিয়া সানলগর্কের প্রভুল্লভা অক্ষর করিলেন। উভয়েই মনে করিলেন, যদি দৃঢ়ভিত্ত হওয়া যায়, তাহা হইলে বুঝি পূর্কের স্থ্যকে পশ্চিমে উদিত করাও যাইতে পারে।

শুক শিষা উভয়ে তাঁহাদের সার্থক হঃসাহসিকতার জন্ম পরস্পারকে অভিনন্দিত করিতে বেমন সিঁড়ি হইতে নামিয়াছেন, অমনি দেখিলেন, সমুখে ভিক্তরের জ্যেষ্ঠ ভ্রাতা আবেল। আবেল বলিলেন—
দিশ্যেও তামেরা এখানে কি জন্ম গু''

ভিক্তরের মুখ লাল হইয়া উঠিল। বিস্কারাও হাতে নাতে ধরা পড়িয়া অপ্রতিভ হইয়া কিছুই গোপন করিতে পারিলেন না। ব্যাপারটা সমস্তই ভাঙ্গিয়া বলিলেন। ভিক্লার আশহা করিতেছিলেন যে, এই ঔদ্ধতা ও হুঃসাহসিক অপকর্মের জন্ম নিশ্চয়ই ভংসিত হইতে হইবে। কিন্তু সেরূপ কিছুই হইল না। তাঁহার জ্যেষ্ঠ আবেল, পনর বৎসরের বালক नरहन, ছাত্রাবাদে অবস্থানকারী বিস্থালয়ের ছাত্রও নহেন; পরিষদের নামে তাঁহার হণ্-कम्ल इट्रांत नरह। পরিষদের পুরস্কার রচনায় ভিক্টর যে প্রতিযোগিতা করিয়াছে, ইহাতে তিনি দোষাবহ বা **অ**ক্সায় কিছু^ই দেখিতে পাইলেন না—ইহা তাঁহার কাছে খুব্ই স্বাভাবিক বলিয়া প্রতীয়মান হইল। তথাপি ভিক্তর তাঁহাকে সনিক্র অমুরোধ করিলেন, वाभावते। यन अकाभ कवा ना द्वा व्याप्त

বলিলেন—"তুমি নিশ্চিম্ভ থাক। এ কথা আমি ছাদের উপর হইতে উচ্চৈ:ম্বরে ঘোষণা করিব।"

কিরূপ সশঙ্ক উদ্বেগে বিস্তারা ও ভিক্তব পরিষদের অভিমত প্রতীক্ষা করিতে লাগিলেন. তাহা বর্ণনা করা নিম্প্রয়োজন। তথনকার ফরাসী-পরিষদ কবি-যশঃ-প্রার্থীদিগের ভাগ্য-বিধাতা। তাঁহাদের প্রদত্ত প্রশংসা বা নিলা বেদবাক্যের ভাষে অলাভ্য ও সর্বজন গ্রাহ হইয়া পাকে। ভিক্টরের ভাগা ও ভবিষাৎ এই প্রতিযোগিতার ফশাফলের উপর নির্ভর করিতেছিল। কিন্তু প্রতিষোগিতার ফলা-ফলের জন্ত ষতই কেন উদ্বেগ থাকুক না. ভিক্তর তাঁহার থেলা-ধূলা ভূলেন নাই। এক দিন তিনি থেলায় উন্মন্ত, এমন সময় দেখিলেন তাঁহার জ্বোষ্ঠ ভ্রাতা আবেল ছুই জন স্থী সমভিব্যাহারে তাঁহারই দিকে আসিতেছেন। তাঁহাদের গুরুগন্তীর মর্ত্তি দেখিয়া ভিক্তরের মনে কেমন একটা অস্পত্তি সন্দেহ জাগিয়া উঠিল। আবেল ডাকিয়া বলিলেন—"এদিকে এম ত, নির্ব্বোধ !" ভিক্টর ভয়ে ভয়ে, যেন কতকটা অভিভূত ভাবে অগ্ৰসর হইলেন। , আবেল বলিলেন—"তুমি একটি অভূত জীব! তোমার পুরস্কার-রচনার ওরূপ পাগলামি লিখিতে গিয়াছিলে কেন ? তোমার বয়স কত, তাহা কে জানিতে চাহিয়াছিল ? তাহার জ্য কাহার মাধা ব্যথা পড়িয়া পিয়াছিল ? পরিষদ্ মনে করিয়াছেন, তুমি জাঁহাদের সঙ্গে প্রভারণা করিয়াছ। তুমি যদি তোমার ^{বয়দের} উল্লেখ না করিতে, তাহা হইলে ^{প্রসার} ত তোমারই প্রাপ্য হইরাছিল। তুমি একটি আও গৰ্দভ! যাহা হউক, তোমার কাব্যের সদন্মান উল্লেখ হইরাছে।"

এইরপে ভিক্টর হুগো তাঁহার কাব্যোগ্যমের সফলতার সংবাদ প্রথম অবগত হইলেন। আবেলের কথা গুলি তীত্র হুইলেও তাঁহার চোথ মুখ হুর্ষোৎফুল্ল দেখিয়া ভিক্টর ন্দাখন্ত হুইলেন। তবে তাঁহার নিজের অবিবেচনাতেই যে পরিষদের প্রস্থারলাভে বঞ্চিত হুইলেন, এজন্য কিছু কুরু অবশ্রই হুইয়াছিলেন।

ব্যাপারটা এই—ভিক্টর হুগো তাঁহার লিপিয়াছিপৌন—"আমার পুরস্কার-কাব্যে ব্যুদ স্বে প্ররু বৎসর মাত্র।" * তাঁহার কাবা যথন সর্বা সমক্ষে পরিষদের সম্পাদক কর্ত্তক পঠিত হয়, তথন 'ডিডোর' প্রণয়-व्याभारतत वर्गना कुनिया मकरलहे. विरम्य छः মহিলামগুলী, করিয়াছিল। ধন্য 43 পরিষদের মন্তব্যে লিখিত হইয়াছিল--"বচ্ছিতা তাঁচার কাব্যে নিজের বয়:ক্রম পুনুর বংসুর মাত্র বলিয়া উল্লেখ করিয়াছেন যদি সভাই তাঁহার বয়স এত অলই হয়" ইত্যাদি। পরিষদ তাঁহার বয়সে সন্দিহান হইয়া প্রকারান্তরে তাঁহার অসাধারণ কবিপ্রভিভার গৌরব কীর্ত্তনই করিলেন বটে, কিন্তু পুরস্কার তিনি পাইলেন না।

না পান, কিন্তু প্যারিদের সংবাদপত্রমহলে তাঁহার জয় জয়কার পড়িয়া গেন। সে
সময়ে ফরাসীপরিষদ্ কর্তৃক কোন রচনার
সসম্মান উল্লেখ একটা অসামান্ত ও মারণীয়
ঘটনা বলিয়া পরিগণিত হইত—পনর বৎসরের
বালকের রচনার পক্ষে তাহা অচিম্বনীয়
ঘটনা ।

^{* &}quot;De trois lustres a peine ai vu finir le cours."

নিজের বয়:ক্রম সম্বন্ধে তিনি যে উক্তি করিয়াছিলেন, তাহাতে যে পরিষদের সদস্ত-গণ বিখাদ স্থাপন করেন নাই, তজ্জ্ঞ ভিক্টর चारठः हे क्रुक हरेब्राहित्तन। কর্ত্তক তাঁহার রচনার সদ্মান উল্লেখ জন্ত কুভজ্ঞ চাজ্ঞাপক এক পত্র ও তৎসহ তাঁহার জন্মের সন তারিখের নিদর্শনপত্ত পরিষদের मण्यापटकत निक्छे भाष्ठाडेया मिट्यन । পত্রোত্তরে সম্পাদক মহাশয় তাঁহার সহিত (म्था कतिवात क्छ अञ्चलाध कतित्वन। পত্র থানি ভিক্তর তাঁহাদের বিদ্যালয়ের অধ্যক্ষ কর্ডিয়র সাহেবকে দেথাইলেন। তিনি **ভिक्वेत्रक निटब**त्रहे हेष्हाञ्चनादत्र त्य कान দিন ঘাইবার অনুমতি প্রদান করিলেন। তদমুদারে ভিক্টর সম্পাদকের সহিত দেখা করিবার জ্বন্থ একদিন পরিষদমন্দিরে গিয়া উপস্থিত হইলেন। বৃদ্ধ সম্পাদক মহাশয় ইতিপূর্বে ভিক্টরকে পঞ্চদশ বর্ষের বালক বলিয়া বিশ্বাদ করেন নাই:

তিনি তাহার বালকত্বে কিছু অতিরিক্ত মাত্রার বিশাস করিলেন, অর্থাৎ ভিক্তরকে একবার বসিতেও বলিলেন না। তারপর অতি হিতৈষী সুক্ষবিবর মতন তাঁহাকে ব্রাইয়া বলিলেন যে, পরিষদ্ তাঁহার বয়সের বিষয়ে অবিশাস করিয়া প্রকারান্তরে তাঁহার অফুক্স মন্তবাই প্রকাশ করিয়াছেন বে, এত অয় বয়সে পরিষদের প্রস্কার না পাওয়াই তাঁহার পক্ষে ভাল হইয়াছে এবং এত অয় বয়সে পরিষদের প্রস্কার পাইলে তাঁহার মন্তিক্ষ-বিক্তিও প্রম-বিমুণ্তার সন্তাবনা ছিল—ইত্যাদি ইত্যাদি। এই ব্যাপারে ভিক্তরের পক্ষে তুইটি স্ক্ষক

क्लिन। व्यथम, डाहात व्यथानक (एकाहि,

ষিনি কবিতারচনা বিষয়ে ভিক্টরের প্রতিষ্ণী হইবার তুরাশা এতদিন করিয়া আসিতে-हिल्नन, जिनि नित्रख इटेल्न। कत्रात्री-পরিষদের সদস্ভেরা যাহার কবিতার সস্থান উল্লেখ করেন, ভাহার সহিত প্রতিযোগিতা করিতে যাওয়া যে বাতুলতা মাত্র, তাহা তিনি मर्स्य मर्स्य अञ्च कत्रित्तन। स्रेशानन নির্বাপিত হউক বা না হউক, তাহার বিস্তার ক্ষ হইয়া গেল। আর একটা স্থবিধা এই হইল যে, ভিক্টরের পক্ষে ছাত্রাবাস হইতে বাছিরে গমনাগমন বিষয়ে আব কোন প্রকার বিধি-নিষেধ রহিল না—সেটা তাঁহার সম্পূর্ণ हेक्काधीन हहेगा (य विमानत्त्रत्र हाव পক্লিৎ কর্তৃক সম্মানিত, সে বিদ্যালয়ের যে কত গৌরব তাহা অধ্যক্ষ করভিন্নর সাহেব मगर्द्य समग्रमम कतिरनम । जात य हात्वत ফরাদীপরিষদের সম্পাদকের সহিত প্র বাবহার চলে, ভাহার গতিবিধি নিয়ন্ত্রিড করিবার চেষ্টাত হঃসাহসিকতা। অতএব ছাত্রাবাদে থাকিয়াও ভিক্টর এখন সম্পূর্ণ স্বাধীন হইলেন।

পরিষৎসম্পর্কিত এই ব্যাপারের আরও একটু কোতৃহলজনক অমুবৃত্তি আছে। ফরাসীপরিষদের একজন প্রাচীন ও সম্মানিত সদত্ত ও ধর্মোপদের্দ্ধা নৃষ্ক্সতো নিজেও তের বৎসর ব্যবস কোন প্রাদেশিক পরিষদ্ হইতে প্রস্থারলাভ করিয়াছিলেন,ও তথনকার ইউরোপীয় সাহিত্যের সমাট ভল্টেয়ার অয়য়উলেক পত্র লিখিয়া সংবৃদ্ধিত করিয়াছিলেন। সেই পত্রে ভল্টেয়ার লিখিয়াছিলেন—"আমার স্থলাভিষিক্ত হইতে পারে এমন একজনের প্রয়োজন আছে; তুমি আমার স্থান অধিকার

করিতে পারিবে মনে করিয়া আমি প্রীতিলাভ করিতেছি।" * আজি আবার সেই গৌরবং মণ্ডিত অতীতের স্থৃতি জাগিয়া উঠিল। সেই তের বংসরের বালকের কথা ও এই পনর বংসরের বালকের কথা তুলনা করিয়া বিদ্বং-সমাজে জল্লনা হইতে লাগিল যে, কালে ভিক্টর আর একজন নৃষ্-সতো হইয়া উঠিবে।

শুদ্ধ ইহাই নছে। ভল্টেয়ার তাঁহাকে তাঁগার বাল্যরচনার জ্বন্ত যেরপ অভিনান্ত করিয়াছিলেন, আজ নুফ্-সভোও একজন উণীয়মান নবীন কবিকে সেইরূপে অভি-নন্দিত করিবার অবসর পাইয়া আনন্দিত হইলেন ও তাঁহার অভিপ্রায় প্রকাশ করিলেন। ইহা অবগত হইয়া ভিক্টর এক দিন তাঁহার সহিত সাক্ষাৎ করিতে গেলেন। ইহার পর উভয়ের মধ্যে অভিনন্দন-কবিতার বিনিময় হইল। ভিক্টর তাঁহার অভিনন্দন-কবিতায় অনেক মহিমাকীর্ত্তনের পর শেষে লিখিয়াছেন--"হে নৃফ্-সতো, তুমি একদিন ভল্টেয়ারের আশাস্থ হইয়াছিলে: এখন তুমি তাহারই অসীম গৌরবের উত্তরাধিকারী। আজ তুমি দয়া করিয়া আমার নবীন বয়দের আশ্রয় ও অবলম্বন হও।'' প্রত্যুত্তরে অনেক প্রশংসাবাদের পর নৃফ্-সতে৷ লিথিয়াছিলেন - "आमि वृक्ष; अभः नावात्मत्र वात्रा अभः ना-वारमञ्ज अन भन्निर्माश कन्निय ना । व्यक्तिमारन আমার সাধ্যাত্মগারে সহপ্রদেশ দ্বারা তোমাকে সম্বন্ধিত করিব।"

हेशत अनि विवास नृष्-्न छ। এक पिन

ভিক্তेश्रक ভোজনের নিমন্ত্রণ করিলেন। বলা वाष्ट्रमा त्व ८७८कां हित्र रिमानिस्त्रत रगीत्रत्वत সীমা রহিল না। পরিষদের এই বুদ্ধ ও গৌরবাহিত সদস্ত তৎকালে Lesage এর "Gil Blas" নামক প্রসিদ্ধ উপন্যাদের একটি সংস্করণের সম্পাদন কাৰ্য্যে ছিলেন। একটা কথা লইয়া এই সময়ে তিনি কিছু ফাঁপরে পড়িয়াছিলেন। একলন **লেম্**ইট তাঁহাকে এলিয়াছিল যে. লেসেলের ঐ উপভাদথানি আদৌ মৌলিক রচনা নছে: উহা একথানি স্প্যানিশ ভাষায় লিখিত উপন্তাদের অফুকরণ মাত্র। কথাটার সভ্যা-সত্য নির্ণয় না করিলেই নয়; অথচ তিনি নিজে স্থানিশ্ভাষাও জানিতেন না, সেই পুস্তকের ধরাসী অহবাদও ছিল না। স্থতরাং নৃফ্-সতো কিছু বিপন্ন, একটু দিশাহারা, श्हेषा छेठिया जिल्लान ।

ভিক্তর বলিলেন—''আমি ম্প্যানিশ্ভাষা জানি।'' নৃফ্-সতো ফ্টুচিত্তে বলিলেন— "বটে! তুমি যদি একটু ক্ট স্বীকার করিয়া পুস্তক থানি পড়িয়া, জেম্মইটের ক্পাটা সত্য কি না আমাকে বলিতে পার, তাহা ইইলে আমার বড়ই উপকার করা হয়।''

যে বাক্তি ভলটেরারের স্থলাভিষিক্ত, তাঁহার সনির্বন্ধ অমুরোধ যথাযথরপে রক্ষা করিতে তিনি ঐকান্তিক আগ্রহের সহিত নিযুক্ত হুইলেন। পরদিনই তিনি স্পানিশ্ উপন্তাস্থানি সংগ্রহ করিলেন। অতি মনো-যোগের সহিত তাহা পাঠ করিয়া উভন্ন গ্রন্থের একটি বিস্তৃত তুলনা ও সমালোচনা লিখিলেন। তাহাতে প্রমাণিত হুইল যে, এই ছুইখানি উপস্থাসের মধ্যে বিশেষ কোনই

[&]quot;Il faut bien que l' on me succede, Et jeaime en vous mon heritier."

সাদৃশু নাই—লেসেকের উপস্থাস সম্পূর্ণ মৌলিক। বৃদ্ধ অভিরথ বালক ভিক্টরের এই সমালোচনার উৎকর্ষে এভটাই বিমুগ্ধ হইলেন যে, ইহার একটি শব্দও পরিবর্ত্তিত না করিয়া সমগ্র নিবন্ধটি তাঁহার গ্রন্থের অন্তর্ভুক্ত করিলেন ও তাহাতে নিজের নাম আক্ষর করিলেন। পনর বৎসরের বালকের পক্ষে কি অচিন্তনীয় গৌরব! প্রতিভা কোন কালেই অভিজ্ঞতার অপেকা রাথে না।

ভিক্তরের ছাত্রাবস্থার আর একটি অপুর্ব কীর্ত্তির কথা এই স্থলে উল্লেখ করিতে হুইতেছে। তাঁধার জ্বোষ্ঠ আবেলের কয়েকটি বন্ধু সাহিত্যচর্চা করিতেন ইউজিন ও ভিক্তরের সৃহিত ইহাদের পরিচয় হইলে সকলেই অল্লাধিক সাহিত্যানুরাগী ও সাহিত্য-দেবী বলিয়া পরম্পারের ঘনিষ্ঠতা সত্ত্রই বিলক্ষণ বৃদ্ধি প্রাপ্ত হইল। অনতিবিল্যে তাঁহারা সকলে মিলিয়া ক্ষুদ্র একটি সাহিত্য-সভার প্রতিষ্ঠা করিলেন। প্রতি মাসের প্রথম দিনে এই সভার একটি করিয়া অধিবেশন হইত; যৎকিঞ্চিৎ আহারের থাকিত। আহারাস্তে প্রত্যেকেই এক মাসের সাহিতাচেষ্টার কিছু কিছু নমুনা সর্কাসমক্ষে পাঠ করিতেন। একদিন জাঁহাদের মধ্যে এক জন সহসা বলিয়া উঠিলেন—''আমার মনে এक है। मर्नरवत्र छेनत्र श्हेत्रार्छ।"

"**春**?"

"আমরা সকলে মিলিয়া একথানি গ্রন্থ লিখিলে কেমন হয় ?"

''তোমার মংলবটা খুলিয়া বল।"

''মনে কর যেন কতকগুলি সেনানী কোন যুদ্ধের প্রাকালে একত মিলিত হইয়া নিজ নিজ জীবনকাহিনী বির্ত করিতেছে।
সকলেই মরিবার ও মারিবার জন্স সম্পূর্ণ
প্রস্তুত্ত; ইহাতেই উপন্যাসগুলির মধ্যে একটা
একতা থাকিবে। আর প্রত্যেকের কৃতির
পার্থক্য ও শক্তির তারতম্য হেতু উপন্যাসগুলির বৈচিত্র্য সম্পন্ন হইবে। মুদ্রিত পুস্তকে
গ্রন্থকার বলিয়া কাহারও নাম থাকিবে না।
নানাবিধ কৃতি ও শক্তির একত্র সমাবেশ
দেখিয়া পাঠক সাধারণ অবশ্রুই মুগ্ধ হইবে।"

সকলেই বলিয়া উঠিল—''বাহবা! অতি
উত্তম কল্পনা'' প্রস্তাবটা সর্ব্-সন্মতিক্রমে
গৃহীত হইল। প্রত্যেক গল্পের আয়তনও
স্থিরীকৃত হইল; কেননা গ্রন্থ বৃহদায়তন
হইলে মূলাও অধিক করিতে হইবে; কিন্ত
ভাহা বাঞ্জনীয় ও বৃক্তিসিদ্ধ নহে। সভা ভঙ্গ
কালে সকলকে সম্বোধন করিয়া আবেল
বলিলেন— ত হির হইল; এখন
যাহাতে আমরা অনলদ হইয়া কার্যো নিবিপ্ত
হই, ভজ্জ্ল্য উপভাস লিখিয়া সম্পূর্ণ করিবার
একটা সময় নির্দিপ্ত করিয়া দেওয়া আবশ্রুক।
আহ্বন, উপভাস লিখিতে কতটা সময় দেওয়া
যাইবে ভাহা স্থির করা যাউক।''

ভিক্তর বলিলেন—"এক পক।"

আর সকলে হতবৃদ্ধি হইরা পরম্পরের
মুথ চাওয়াচাওয়ী করিতে লাগিল। এক
পক্ষের ভিতর একথানি উপস্তাদ লিখিয়া
শেষ করা—ভিক্টর কি রঙ্গ করিতেছে, না,
পাগল হইরাছে? ভিক্টর তাহাদের মনের
ভাব বৃশ্বিয়া দৃদ্রেরে বলিলেন—''আমি এক
পক্ষের মধ্যেই আমার উপস্তাদ লিখিয়া শেষ
করিব।"

কেহ কেহ বলিল—"অসম্ভব!"

ভিক্টর বলিলেন—"যে বাজি রাধিতে ইচ্ছা কর ভাহাই শ্বীকার করিতেছি।"

"বাজি, সকলকে একদিন খাওয়ান।"
ভিক্তর বলিলেন—"তাই স্বীকার "
পনর দিনের দিন প্রাতে ভিক্তর সকলকে
গংবাদ দিলেন যে, তাঁহার উপস্তাদ সমাপ্ত
হইয়াছে। উপস্তাদের আয়তন লইয়া পাছে
কেহ ছল ধরে, সেই জন্ত তিনি তাঁহার উপক্তাসকে একথানি প্রস্থেরই আয়তন প্রদান
করিয়াছেন। সেইদিনই রাত্তি আটটার
সময় যদি তাঁহারা একটি নির্দিষ্ট গৃহে সমবেত
হইতে পারেন, তাহা হইলে ভিক্তর তাঁহার

সকলেই অতিমাত্র কৌতৃহলপরবশ হইয়া নিন্দিষ্ট সময়ের পূর্ব্বেই নির্দ্দিষ্ট গৃহে গিয়া উপ-স্থিত হইলেন। ভিক্টর তাঁহাদিগকে পড়িয়া

উপশ্রাস সর্বাসমক্ষে পাঠ করিবেন।

শুনাইলেন তাঁহার স্কবিখ্যাত ও দর্বজন দমা-দৃত উপস্থাদ "Bug Jargal"।

मक्नरकरे श्रीकांत्र कतिरु इरेन रय. বাজি তাঁহারা হারিয়াছেন ও ভোজের উত্থোগ করিতে তাঁহারা প্রত্যেকেই বাধ্য প্রথম দিন ভোজ দিলেন ভিক্তরের জোষ্ঠ ভাতা व्यादिन। वाकित हेशहे (भव ट्याक हहेन, কেননা আরু সকলের অর্থাভাব। ভিক্ররের এই উপন্তাদ থানি ছাড়া আর কোন উপন্তাদ লিখিতেও হইল না, "কেননা আর সকলের **শাহিত্যসভার** সময়াভাব। সে ই 季牙 সঙ্গলিত উপস্থাসসংগ্রহ গ্রন্থ আর লোক-লোচনের গোচরীভূত হইল না বটে, কিন্তু ফরাসী সাহিত্য একথানি উপাদের উপস্থাসে ममलकुड रहेल।

শ্রীচন্দ্রশেখর মুখোপাধ্যায়।

অনুপ্রাদের অধিকারবিচার

(૨)

এ পর্যান্ত ধবরাত্মক ও বীপ্সাত্মক শব্দের বিচার করা গেল। এ গুলির হয় ছই অংশেরই অর্থ নাই অর্থবা এক অংশ অপর অংশের (পরিবর্ত্তিত) পুনরাবৃত্তি। এক্ষণে এমন কতকণ্ঠ লি যোড়া-শব্দের দৃষ্টান্ত দিব, যে গুলির প্রত্যেক অংশুরই স্বতন্ত্র সন্তা ও অর্থ আছে। অর্থচ অর্থপাদের অন্তরোধেই সে গুলির উত্তব, এরূপ অনুমান অসমত নহে। এ গুলিকে তিন শ্রেণীতে বিভক্ত করিয়াছি। (১) সমার্থ (২) সমপ্র্যাায় (৩) বিপরীতার্থক বা কার্যান্দারণ-সম্বন্ধবিশিষ্ট। কতকণ্ঠলি উদাহরণ

রবীক্সবাব্র 'ভাষার ইলিড' প্রবন্ধে প্রদল্প-ক্রমে প্রদত্ত হইরাছে। পরিষং-পত্রিকা, দপ্তমভাগ, তৃতীর সংখ্যার (১৩০৭) আমিও বহুসংখ্যক উদাহরণ উদ্বৃত করিয়াছি। এবার-কার ফর্দ্দ ভদ্পেক্ষাও পূর্ণাঙ্গ।

শ্রেণীবিভাগে হয় তো অনেক ক্রটি আছে।
আনেকগুলি শক্ষুণা সমার্থ শ্রেণীতে ধরিব বা
সমপর্য্যায় শ্রেণীতে ধরিব, সে একটা সমস্তা
—কেননা শক্ষ্যের মধ্যে অর্থের প্রভেদ অতি
সামাক্ত। সমপর্য্যায় শ্রেণী ও বিপরীতার্থক
বা কার্য্যকারণ-সম্বন্ধবাচকশ্রেণী লইবাও

গোল আছে। এক হিসাবে ধরিলে 'সাধনা ও সিদ্ধি' সমপর্য্যায়, আবার আর এক হিসাবে ইহাদের মধ্যে কার্য্যকারণসম্বন্ধ। এক হিসাবে ধরিলে 'ইভস্ততঃ' বা 'কুলীন ও কাপ' সম-পর্য্যায়, আবার অন্য হিসাবে বিপরীভার্থ-বোধক। এ সব ক্রাট সর্ব্ব্বি সংশোধন করিয়া উঠিতে পারি নাই।

শব্দযুগাগুলির প্রকৃতি পর্য্যালোচনা করিলে অনেক রহস্ত ধরা পড়ে ৢ উপদর্গ-পরিবর্ত্তন বা প্রভারপরিবর্ত্তন বা নঞ্যোগে অনেক অনুপ্রাসাত্মক শব্দযুগাক নির্মিত হয়—যথা আবর্ত্তন-বিবর্ত্তন, অনুচর-সহচর, আপদ্-বিপদ্ ওতপ্রোত। এই ক্রিয়াকর্ম্ম. প্রকারের উদাহরণ নিঃশেষ করিয়া দেওয়া অসম্ভব। কতকগুলি শব্দুগুগু ছুইটিই সাধুভাষার यथा-- आरमान-आइलान, जन-मानव, ক্রিয়াকাণ্ড; কতকগুলিতে একটি সাধুভাষার শব্দ ও অপরটি সংস্কৃত শব্দের (হয় তো সেই শক্টিরই) অপভ্রংশ, যথা ছন্ন-ছাড়া, বাল-বাচ্ছা, অতিথ-অভ্যাগত, কিছু কিঞ্চিৎ; কতকগুলিতে তুইটিই সংস্কৃত শব্দের অপভ্রংশ, যথা ঝড়ঝাপটা, মাথামুণ্ড, আকুলি বিকুলি, গা গভর; কতকগুলিভে একটি সংস্কৃত শক্ অপরটি মুদল্মানী শব্দ, যথা কাজিয়া কলহ, তত্ত্ব তল্লাস; কতক গুলিতে একটি সংস্কৃত শব্দের অপভ্ৰংশ অপরটি মুসলমানী শব্দ, যথা ধর পাকড়; আবার কতকগুলিতে হুইটিই মুদল-मानी (वा (एनक ?) भक्त, यथा कमिकांत्रणा, কোতজ্মা, মামলামোকদ্দমা।

(১) সমার্থ শব্দযুগ্ম

ব্দপ্রাদের অহুরোধ এত অধিক যে

সমার্থ শক্ষুত্ম ব্যবহার করিয়া পুনক্তি-দোষ (tautology) অঞাহ করা হয়।

অ—অতিথ-অভ্যাগত, অমুচর-সংচর, অমুনয়-বিনয়, অমুরোধ-উপরোধ, অমুখ-বিমুখ, অলঙ্কার-প্রতিকার (?)।

আ— আকুলি বিকুলি, আদর আপ্যায়িত, আদর আবদার, আদর আহ্বান, আপদ্ বিপদ্, আমোদ আহ্বাদ, আমোদ প্রমোদ, আবেদন নিবেদন, আলাপ পরিচয় (মধ্যে প), আশা ভর্মা।

ই—ইশারা ইঙ্গিত।

উ--উদ্যম উৎসাহ।

এ--এলোমেলো (এলান মেলান)।

ক—কটুকাটব্য (?), কথাবার্ত্তা, কথোপ-কথন, করা কর্মা, কাকুতি মিনতি, কাজিয়া কলছ, কাগুকারথানা, কাষকর্মা, কালো কিষ্টি (কৃষ্ণ), কারদাকাত্মন, কিছু কিঞ্চিৎ, কুড়ী কুষ্ঠী (কুষ্ঠ), কৃট কচালে, কুল কিনারা, কৃষ্ণবিষ্ণু, কেউকেটা, কেঁদে ককিয়ে, ক্রিয়া-কর্মা, ক্রিয়াকাগু।

थ—थवत वार्खा, थाजित नामात्रक, थाना-थन्म, थानविन, तथनाध्ना, (त्रवीतः वात्त्र भटक ध्ना धूनि नरह, रमग्रामा) त्थाक्यथवत, तथाना थावता।

গ—গয়না গাঁটি (?), গল গুজব (?), গা গতর (ত্ইই 'গাঅ'শব্দের অপভংশ), গুণ জ্ঞান (?), গেঁড়িগুগলি, গেঁড়ে গর্ত।

च-चत्रनी शृहिनी, चत्र शृहशानी (?), चत्रवाडी।

চ—চড়চাপড়, চাঁচাছোলা, চালচলন, চালাকচভুর, চিঠিচপাটি, চোরছেঁচর।

ছ-ছন্নছাড়া (দ্বিতীয়টি প্রথমটির অপ-

্রংশ) ছলছুতা, চালচামড়া, ছেলে চোকরা।

জ—জন্ত জানোয়ার, জমি জায়গা, জমি জিরেৎ, জাকজমক, জীবজন্ত, জোতজমা, জ্ঞাতগুষ্ঠি (জ্ঞাতিগোগ্রী), জ্ঞাতগোত্তর (জ্ঞাতিগোত্র), জ্ঞান গোচর (१), জ্ঞানা যন্ত্রণা।

ঝ---ঝড়ঝাপটা (তুইই ঝঞ্চার অপভংশ ?) ড---ডলামলা, ডেক্লাডহর

ত—তত্ত্বভাষাস, তর্কবিত্তর্ক, শুর্জন গর্জন, তাড়া হড়া।

न-नत्रनाम, नार्वीनांख्या, नीननित्रज्ञ, नीनङ्थी, नीनशीन, स्पर्थामाक्यार (थ कः)। ध-धत्रशोकफ, धनरनीन्छ (नार्षे)।

न—नाड़ीङ्ँड़ि, जाकारताकां, नहेड्हे,

ज्ञांक्। मृत्का ।

প—পরিষ্কার পরিচ্ছন্ন, পাকাপোক্ত, পাকেপ্রকারে, পাথীপাথালী।

ফ--ফেরফাঁফর, ফোতফেরার।

ভ—ভরপূর, ভয়তীত, ভাইভায়াদ, ভুগ ভ্রান্তি, ভূচপ্রেত, ভ্রমপ্রমাদ।

ম—মাঝে মিশেলে, মাথামুণ্ডু, মান অভি-মান, মানমর্য্যাদা, মানসম্ভ্রম, মামলা মোকদমা, মারামমতা, মিলে মিশে, মৃত্যুদ্দ।

য--- যাগ যজ্ঞ।

র—ুরঙ্গ ভঙ্গ (ভঙ্গ 'ব্যঙ্গ'র অপভংশ ?) ল—লম্ফ ঝন্প, লাঠি.ঠেকা, লালন পালন, লীলা খেলা।

ব—বন বাদাড়, বন্ধু বান্ধব, এর্ধা বাদলা, বল বিক্রম, বল বীর্ঘ্য, বসবাস, বাকী বক্ষো, বাজনা বান্তি, বাদ বিচার, বাদ বিসংবাদ, বাধা বিম্ন, বাধা ছাঁদা, বাল বাজ্ঞা, বিচার বিতর্ক, विख्य विष्ठक्रम, विरामम विज्ञा, विशम ज्यानम, विवाम विमः वाम, विषय मण्लेखि, वृद्ध ममस्, वृष्टि वामना, त्वँटि वर्ष्ड, त्वँटि वस्तूत, वाम विद्यान, बाक्यविद्यान, बाक्यविद्यान, बाक्यविद्यान, बाक्यविद्यान, बाक्यविद्यान

শ—শক্ত সমর্থ, শক্তিশেল, শক্তি সামর্থ্য, শাক সবজী, শালা সম্বন্ধী, শিক্ষা সহবৎ, শ্র বীর, শোর্যা বীর্যা, শ্রান্ত ক্লান্ত।

य-- य छ। ख छ।, याँ छ। गाँछ।।

স—সচরাচর (?), ফতী সাধ্বী, সনাসর্কান,
সন্ধান স্থল্ক, সভা সমিতি, সভ্য ভব্য, সন্ধান
সন্ত্রম, সর্ব্যাকলা (?), সলা পরামর্শ, সাড়াশব্দ,
সাধ আহলাদ, সাজ সজ্জা, সাজ সরপ্রাম,
সাক্ষী সাব্দ, স্থ শান্তি, স্থ সম্পদ, স্থসোভাগ্য, স্থ স্বন্তি, স্থ আচ্ছন্দ্য, স্থে
স্কৃত্তন্দে, সেবা গুলামা, সেবাস্কৃত্ত, (স্কৃত্তা বা গুলামার অপভ্রংশ). সৈ প্রাস্থাতি, স্তব স্থতি,
স্তব স্থোত্তা, স্থ স্থামিত।

হ--হাঁক ডাক, **হাঙ্গামা** হুজ্জুৎ, হাব ভাব।

(২) সমপর্য্যায় শব্দযুগ্ম

সম-প্র্যায় ব্ঝাইতে অস্থাদের শর্ণ গ্রহণ না করিলে রস জ্যাট বাধে না।

অ—অঙ্গ প্রতাঙ্গ, অঙ্গ বঙ্গ কলিঙ্গ, অজর
অমর, অধ্যরন অধ্যাপন, অরব্যঞ্জন, অফুকরণ
ও অফুগরণ, অন্ত (অন্ত ?) দন্ত, অভাব
অভিযোগ, অবৃত নিযুত, অবহেলা অপমান,
অশন বসন, অন্ত শন্ত, অইপ্টে
(ওঠেপ্টে ?)।

আ— আইন আদালত, আইন কামুন, আকার প্রকার, আকাশে বাতাদে, আরুতি প্রকৃতি, আগে ভাগে, আগ্রহ আকাজ্ঞা, আচার বিচার, আচার ব্যবহার, আঁচড় কামড়, অাঁচান ছোঁচান, আত্রেয়ী নৈত্রেয়ী, আদর আহ্বান, আধি বাাধি, আনা নেওয়া, আপিস আদালত, আম কাম, আমীর ওমরা, আয় পর, আবর্ত্তন বিবর্ত্তন, আলা ভোলা, আসন বাসন, আসামোটা, আহার বিহার,

ই—ইট পাটকেন, ইক্স চক্র, ইরাণ তুরাণ।
উ—উকিঝুকি (ঝুঁকিয়া পড়া), উচ্চবাচ্য (१), উড়ে পুড়ে, উৎসাহ উত্তেজনা,
উনিশ বিশ, উপত্যকা অধিত্যকা, উলা মূলা,
উল্ক ভল্লক, উদ্ধশ মুষল, (রঙ্গপুরে উড়্নগান), উড় উড়, ছাড় ছাড়।

ঋ—ঋজি ও বৃদ্ধি (কলবয়), ঋদি সিজি।

এ—একতালা দোতালা, একলা দোকলা, একমনে একধানে, এখন তখন অবস্থা, এলাচ লক।

ও- ওতপ্রোত।

ঔ—ঔদার্যা গান্তীর্ঘা।

ক—কচু বেঁচু, কছ কুমড়ো, কণাদ কপিল, কফ কালী, কড়া ক্রান্তি, কর্ত্তা কর্ম ক্রিয়া, কল কবজা, কল কালি, কল কারথানা, কল কৌশল, কলাকৌশল, কলা মূলা, কর্পূর পূগ, কাকুতি মিনতি, কাকে কোকিলে, কাকে বকে, কাগলে কলমে, কাছা কোঁচা, কাঠ কয়লা, কাঠথড় (লাট), কাণা কুঁলো, কাণা থোঁড়া (লাট), কানাই বলাই, কাপড় চাদর, কামক্রোধ, কামরূপ কামাথ্যা, কামার কুমার, কালিয়া কাবাব, কোপ্তা কোর্ম্মার, কালী কলম মন, কালীঝুলি (ঝুল),কাছ লোপ্তা, কাশ কুশ, কাশী কাঞী, কুকুম কস্তরী, কুচ

কাওয়ান্ধ, কুঁচকি বঠা, কুল বেল, কুল শীল, কুড়িয়ে বাড়িয়ে, কেন কঠ, কেনা কাটা, কেয়ুর কুগুল, কোলালে কুড়ুলে (মেঘ), কোলাকুশী (কোশী), ক্ষীর চিড়ে, ক্ষীর সর।

ধ—ধড় দড়ি, থস্তা কোদাল (লাট), থাই আর শুই, থাজা গজা জেলাপি, থাতা পত্র, থ'তির নাদারত, থাড়া বড়ি থোড়, থানা পিনা, থাল বিল, খুন থারাপি, খুন জথম, থেতাব থেলাত, থেলাধ্লা (দেয়ালা ?), থৈ দৈ, থোরাক পোষাক, খোল করতাল (লাট)।

গ—গড়ন পিঠন, গণ পণ, গণা গাঁথা, গণ্য
মান্ত, গণ্ডে পিডে, গরু গাধা, গরা গলা
গদাধর, গাঁইগোত্তা, গাওনা বাজনা,
গাছ শাছড়া, গাঁজা গুলি, গাড়ু গামছা,
গাল গলা,গুড় চিড়ে,গুড় মুড়ি, গুয়ে গোবরে,
গুরু গন্তীর, গুরু পুরুত, গুলি গোলা,
গো সন্দিভ, গো গ্রয়, গোঁসাই গোবিন্দ, গ্রহ
উপগ্রহ, গ্রাহক অনুগ্রাহক, গ্রীম বর্ষা।

ঘ ঘট পট, ঘটী বাটী, ঘর দোর, ঘর বর, ঘাট মাঠ হাট বাট, ঘাড়ে গর্দানে (লাট), ঘোর ফের, ঘোরা ফেরা।

চ—চর্ক্য চ্ষা, চাঁচা ছোলা (লাট), চাকুরী।
ও কুকুরী, চাঁচী পুঁচী, চাঁপা চন্দন, চাঁল
চিঁড়ে, চাঁল কলা, চাঁল ডাল, চা'ল চুলো,
চা'ল কল, চাষ বাদ, চিঠি চপাটি, চিড়ে
মুড়কি, চুরি চামারি, চুয়া চন্দন, চেষে চিস্তে,
টেচে পুঁচে, চেষ্টা চরিজ্ঞির (চরিত্র ?), চৈতন
চুটিকি, চোথ মুখ, চোধোনো মুখোলো, চোর
ছেঁচড়।

ছ—ছকড়া নকড়া, ছয় নয়, ছলে বলে কৌশলে, ছাঁট কাট, ছাতা ছড়ি, ছাঁদনদড়ী গোদানড়ী, ছিটা ফোঁটা, ছিদ্ধি ভিদ্ধি, ছিয় ভিন্ন, ছিন্ন বিচ্ছিন, ছিনি (এ) ছাঁদ, ছেঁড়া খোড়া (থণ্ডিত), ছেঁড়া ছুটো (१), ছোট খাট. ছোলা কলা।

জ— জগাই মাধাই, জটা জূট, জটিলা কুটিলা, জপ তপ, জমি হুমা, জল করলা, জরনা করনা, জলে জললে, জাগাৎ জীবস্তু, জাত-জন্ম (জাতি), জাতী যুথী, জান ও মান, জানা শুনা, জামু ভামু রুশামু, জামাই বেহাই, জামা জোববা, জামাযোড়া, জীর্ণ শীর্ণ, জীবন যৌবন, জুতা ও গুতা, জুতা ছাতা, জুতা জামা, জুতা মোজা, জেলে মালা (মালো), জৈতী জায়ফল, জব জালা, জববিকাব।

ঝ — ঝড়তি পড়তি, ঝাড়ে গোড়ে (গোড়ায়), ঝালে ঝোলে অম্বলে, ঝোড় জঙ্গল (লাট), ঝোড় ঝাড়, ঝোঁপ ঝাড়।

ট—টীকা টিপ্পনী, টেনে বুনে, টাকা কড়ি।

ড—ডাকাব্কো (?), ডাকিনী যোগিনী, ডাল ঝোল, ডাল ডালনা, ডিখ ডবিখ, ডেরা ডাণ্ডা, ডোম ডোকলা।

ঢ—ঢাকঢোল, ঢিল পাটকেল, ঢোলক তবলা।

• ত—তাউই মাউই, তামাক টিকে, তামা তুলদী, তাল বেতাল, তাল বেল, তালুক মূলুক, তিত (তাক্ত? তিক্ত?) বিরক্ত, তিল তত্ত্ল, তাল পালা শতরঞ্চ, তুরী ভেরী, তুলরাম বেলারাম, তেড়ে ফুঁড়ে, তেল তামাক, তেলি তাম্লি, তেলি মালী, তোড় বোড়, তৈল তক্ষণী, তিল বিশ (বিশ)?

দ—দণ্ড মুঞ্জ, দধি হগ্ধ, দর দস্তর, দল বল, দলিল দস্তাবেজ, দয়া মাগ্না, দয়া দাক্ষিণ্য, দশ পঁটিশ (ধেলা), দশ বিশ, দড়াদড়ি, मात्रा कामान, नाक्षा हाक्षामा, नान धान, नाना भानि, नाटक छाटक, नाम देनव, नाक्षिति कावाविति, नावी नावमा, निभ, दन्न, निझी नाटहात्र, इध पहे, इनी मानी, दनव विज, दनन छ नन, देनका नाना (नानव), दनान इट्डाइन मव, दनेक धान (नाक), इन्द्र दिख, दीन छन्दीन।

ধ--ধড়া চূড়া, ধন ধান্ত, ধন জান যৌবন, ধন মান, ধরা বাধা, ধর্ম করম, ধর্ম কর্ম, ধর মার, ধবলী আমেনী, ধুতী ফোতা, ধূপ দীপ, ধুপ ধূনা, ধূলা বালি, ধোপা নাপিত, ধ্যান জ্ঞান, ধ্যান ধারণা।

ন—নদ নদী, নদী উপনদী, নম্ন ছয়,
নর বানর, নদী নালা, নাক কাণ, নাকানি
চুবানি, নাকে মুথে চোথে (কথা), নাজী
ভূঁজি, নাজী নক্ষত্র, নাতি পুতি, নাল ঝোল,
নাম ও কাম, নাম ধাম, নিভাই নিমাই,
নিভ্য সভ্য, নিজা ভক্রা, নিপট কপট, নিম
নিসিন্দে, মুনে কেনে, মুন নেবু, নেত্র শ্রোত্র।

নিদিন্দে, মুনে ফেনে, মুন নেবু, নেত্র শ্রোত্র।
প—পত্র পল্লব, পত্র পূষ্প, পদ পদার,
পরশু তরশু, পর্যায় পটী, পরিবর্ত্তিত পরিবর্দ্ধিত পরিবর্জ্জিত, পশু পক্ষী, পদার প্রতিপত্তি, পাঁজি পুঁথি, পাইক পেয়াদা, পাণ
স্থপারি (প), পায়েদ পিঠে, পাল পার্ম্বণ,
পাষণ্ড ভণ্ড ত্রিপণ্ড, পাহাড় পর্মত, পিঠে
পূলি, পিতা মাতা (বাঙ্গালায়), পীর পয়গম্বর,
পুঁজি পাটা, পুড়ে ঝুড়ে (ঝুড়িভালা হইয়া),
পূলিশ পাহারা, পূজা পাঠ, পোকা মাকড়,
পূজা পার্ম্বণ, প্রায়শ্চিত্ত পুরশ্চারণ।

ফ — ফৰ ফুল. ফাটা চটা, ফানী পুৰী, ফুটকড়াই মৃড়কি, ফুটো ফাটা, ফুল ফল। ভ—ভক্তি মুক্তি, ডক্ষা ভোৱা, ভৰম পুৰুন, ভর ভাবনা, ভাই ভগিনী ভাই ভারাদ, ভাত তরকারী, ভাতে হাতে, ভাব ভগী, ভাব ভক্তি, ভিটে মাটী, ভূত ভবিষাং।

ম—মका মদিনা, মঠ মন্দির, মজুর মিন্ত্রী,
মণি মাণিকা, মণি মুক্তা, মণ্ডা মিঠাই, মতি
গতি, মণ্ডা মাংস, মদ মাংস্থ্য, মদ মাংস, মণ্ড
মাংস, মন: প্রাণ, মন্ত তন্ত্র, ময়লা মাটি, মল
মৃত্র, মন্দা মাছি, মাছ মাংস, মাঠ গোঠ,
মাঠ ঘাট, মারী মালা, মাজাজা মুধতাব
মুশাফিরধানা, মান মাণুর, মান্ত গণ্য, মা
মাসি, মারা ধরা, মাল মশলা, মাসি পিসি, মুগ
মুক্তরী, মুতি মুসলমান, মুটে মজুর, মুড়ি
মুড়কি, মুণ্ডক মাণ্ড,ক্য, মুণক মন্দিরা,
মেধর মুদ্দফরাস, মেষ বৃষ (রাশি), মোলা
মুয়াজ্জিন।

য— यक तकः, यजन याजन, यम खामाहे, यथा তথা, यञ्च তন্ত্ৰ, या তা, যাত্ৰ মাধু, यान বাহন, योশা মূশা, সুড়ে তেড়ে, যুৎবরাত, যেথা সেথা, যেন তেন প্রকারেণ, যে সে, যোড়া তাড়া, যোগাড় যন্ত্র।

র—রঙ্গ বেরঙ্গ, রদ বদশ, রণে বনে, রয়
বয়, রয় য়য়, রম কষ, রাখা ঢাকা, রাজা
রজী (উজীর ?), রাজা মহারাজা, রায়া
বায়া (বাটনা ?), রামা শ্রামা, রীতি
নীতি, রূপ রুদ, রেখে ঢেকে, রেশ্য পশম।

ল—লতা পাতা, লাগান ভালান, লাঠি গোটা, লুচি কচ্রি, লুচি চিনি, লোক লম্বর, লোহা লক্ড, লাগুনা গঞ্জনা, লাট্ট্র ও লেটি।

ব--বউড়ী বিউড়ী, বন্দুক বাক্লন, বনে বালাড়ে, বৰ্ম চৰ্মা, বল বৃদ্ধি, বসন ভ্ষণ, বাগ্ বিভঞা, বাঘ ভালুক (লাট), বাঙ্গালা বিহার, বাছ গোছ (গোছান), বাছ বিচার, বাত পিত্ত, বাদ বিচার, ুবাদ বিত্তা, বাধা বিল্প, বাঁধা ধরা, বাঁড়ুল্যে মুখুজ্যে চাটুজ্যে, বালক বালিকা, বায়ু বরুণ, বার ব্রত, বিকি কিনি, বিড়ে বারণ, বিছে বুদ্ধি, বিদ্যে সাধ্যি, বিদায় আদায়, বিধি বিষ্ণু শিব, বিন্দু বিদর্গ, বিশ ও ঝিল, বিশ তিশ, বিষয় আশয়, বুদ্ধি বিবেচনা, বেইমান বেত্তমিল, বেয়ে ছেয়ে, বোল চাল, ব্যয় ভূষণ (ব্যসন ?), ব্যবসায় বাণিল্যা, ব্যাকরণ অভিধান, ব্রহ্মা বিষ্ণু শিব, ব্রাহ্মণ বৈষ্ণ্য।

শ— শঁকুনি গৃধিনী, শত সহস্র, শয়নে স্থপনে, শরৎ শীত, শরম ভরম, শাক স্থক্ত, শাঁথা শাড়ী, শাদা দিধে, শান্ত দান্ত, শান্ত সংযত, শান্তি সন্তায়ন, শালী শালাজ, শিক্ষা দীক্ষা, শিষ্য দেবক, শুক সনক, শুক শারী, শুচি শুদ্ধ, শুদ্ধ বুদ্ধ, শেল শূল শরাসন, শোরা বসা, পৌচ আচমন, শাশানে মশানে, আদ্ধ শান্তি, আদ্ধ সপিতীকরণ, শ্রীদাম স্থদাম, শাস কাস, শগুর ভাস্তর।

স—সই স্থপারিশ, সং চিং, সত্য ত্রেতা,
সত্যং শিবং স্থলরং, সময় স্থবোগ, সময় ও
স্থবিধা, সরিং সাগর ভূধর, সদি কাসি, সহায়
সম্পদ, সহায় সম্পত্তি, সহায় সামর্থ্য, সহি
মোহর, সাক্ষোপাঙ্গ, সাড়া শব্দ, সাত সতের,
সাধ সেমস্তন, সাধু সজ্জন, সাধু সন্ত্যাসী,
সাবান সোডা, সিপাই শান্ত্রী, স্থধ সৌভাগ্যা,
স্থবোগ স্থবিধা, স্থশীল ও স্থবোধ, প্রত্ প্রতা,
সোণা দানা, প্রতি হিতি সংহার, সৈক্ত সামন্ত,
স্থির ধীর গ্রন্তীর, স্পৃষ্টি, স্থতি স্থতি,
স্থান দান, স্বাহা স্থধা স্থল কলেজ (ল)।

হ—হরিৎ পীত লোহিত, হ'মে ব'মে, হর্তা কর্তা বিধাতা, হব্য কব্য, হরে দরে (?) হড় গুড়, হাওলাত বরাত, হালামা হজুং, হাট ঘাট বাট মাঠ, হাড় চামড়া, হাড়ি ডোম, হাড়ি কুড়ী (কুঙী), ইাড়ি বেড়ী, হাঁড়ি দরা, হাড়ি হেঁশেল, হাড়ে নাড়ে, হাতে হেতেরে, হায়রাণ পেরশান, হারাণে পরাণে, হাসি খুসি, হাসি ভামাসা, হা হুতাশ (হতোহিমি), হিসেব কিতেব, হীরা জহরৎ, হুকা কলিকা, হাই পুই, হেন তেন, হেনা তেনা, হেমন্ত বসন্ত, হেলা ফেলা, হেলে ছলে, হোড়া পোড়া, হোনেন হাসান, হেলে ঘাক ম'জে যা'ক।

(৩) বিপরীতার্থক শব্দযুগ্ম

বৈপরীত্য, (antithesis) ও কার্য্য-কারণ-দম্বন ব্ঝাইতে অফুপ্রাদের আশ্রন্থ না লইলে ভাব ও ভাষা ঘোরালো হয় না।

অ—অজলে অন্তলে, অনলে অনিলে সলিলে, অনুক্ল প্রতিক্ল, অনুকরণ না হন্করণ, অনুরাগ বিরাপ, অনুলোম প্রতিলোম, অনুলোম বিলোম, অনুবাদ না হন্বাদ, অর্থী প্রতাথী, অবস্থা ও বাবস্থা।

আ—আগাগোড়া, আদান প্রদান, আনা গোনা (আসা যাওয়া অর্থ নহে কি ?), আপন পর, আমাও ঝামা,আম ব্যয়,আলোকে আগাগেরে, আবালর্দ্ধবনিতা, আবির্ভাব তিরোভাব, আশা আশঙ্কা, আসমান জ্মীন (স্বর্গ মন্তা?), আসল ও নকল, আগও হয় অও হয়।

ই—ইতন্তঃ, ইতোভ্রপ্তত্যেনষ্ট:।

উ—উচ্চ নীচ, উচ্চাবচ, উৎকর্ষ অপৃকর্ষ, উৎকৃষ্ট নিকৃষ্ট, উত্তম মধ্যম অধ্যম, উত্তরাপথ দিক্ষণাপথ, উত্থান পতন, উন্নতি অবনতি, উপায় অপায়, উল্টো পান্টা।

উ—উक् व्यथः।

এ—(হয়) এদ্পার (না হয়) ওদ্পার।
ও—ওস্তাদ ও সাক্রেদ, ওলে ঝোলে
(থেও না)।

ক—কড়ি ও কোমল, কথা বনাম কায, কোচ ও কাঞ্চন, কাৰ্য্য কারণ, কালা ধলা, কুলীন ও কাপ, কোরাণ পুরাণ, ক্রন্ন বিক্রন্ম, কোমল ও কঠোর।

থ---খাত্ত থাদক।

গ- গভাষাত, গদ্য পুদা, গমুনাগমন, গৰু ও জৰু, গুণনীয়ক ও গুণিতক।

च- चর বা'র, (না) ঘরকা (না) ঘাটকা, ঘরে বাইরে, ঘোড়া ডিক্লে ঘাস, ঘোড়া ডেজার একদর, ঘুঁৰ বা ঘুঁষি।

চ—চক্ষোর ও চাতক, চড়াই উতরাই, চাঁদ ও চকোর, চোরে কামারে।

ছ---ছারা ও কারা (কার)।

জ-জল স্থল, জয় পরাজয়, জীব ও জড়, জীব ও শিব, জীবে শিবে, জীবাঝা পরমাঝা, জীবন মরণ, জীবিত মৃত, জেলেও হেলে, জোঠ কনিষ্ঠ।

ট—টানা পড়েন।

ঠ। ঠাকুর কুকুর, ঠেকে শেখা আর দেখে শেখা।

ত—তাত (তাপ ?) ও বাত, তিলে তাল, তুষ্টি ও কৃষ্টি, তেলে জলে, ত্যাগী ও ভোগী, তীর তুক্ক, তালে আর ঘোলে।

म—मानव मानव, (मुख्या व्याख्या, तमना शाखना, तमव देमछा, मिरल निरल, तमन विरमम।

ধ-ধলা ও কালা।

ন—নরম গরম, নর নারী, নিগ্রহ অমুগ্রহ, নিন্দা ও বন্দনা,নিখাস ও প্রখাস, নেড়া নেড়ী, নৃতন পুরাতন। প—পতক ও মাতক, পত্নী ও পেত্নী, পাপ তাপ (কার্য্যকারণ), পাপ পুণ্য, পাপ ও প্রায়শ্চিত্ত, পিতাপুত্র, পেঁরাক পরজার, পীযুষ ও বিষ, পূর্ব্ব পশ্চিম, পুরুষ ও প্রকৃতি, পুলক ও আতক, পূর্বাপর, পেটে পিঠে, প্রকৃতি ও বিকৃতি, প্রকৃতি ও প্রতায়, প্রজা ও জমীদার, প্রবীণ ও নবীন, প্রবৃত্তি ও নিবৃত্তি, প্রাচীন ও নবীন, প্রাচী ও প্রতীচী, পাতাচাপা কপাল আর পাথরচাপা কপাল।

ভ—ভক্ত[®] ও ছাক্তি, ভক্ত ও ভণ্ড, ভন্ন ও ভক্তি, ভন্ন ও ভন্নদা, ভাব ও ভাষা, ভিতর বাহিন, ভূত ভবিষাৎ, ভূলোক গ্রাণোক।

ম—মরণকাঠী জীয়নকাঠী, মর্দা ও মাদী, মাগী মিচ্সে, মান অপমান, মায়ে ছায়ে, মায়ে পোয়ে, মিছা সাঁচা, মুড়ি মিছরি, মেয়ে মর্দ্দ, মেষ ও মহিষ।

য—বাতান্নাত, যুক্ত ও মুক্ত, যোগ বিন্নোগ, বোগী ও ভোগী।

র-রক্ষক ভক্ষক, রসাক্ষা (ক্ষার),

রাং রূপা, রাজা প্রজা, রাম রহিম, রাম রাবণ।

ল—লাভ লোকসান (নোস্থান), লাল কালা. লেনা দেনা।

ব—বর বধু, বাবে গরুতে, বাবে ছাগে, বাঘে বকরীতে, বাদী প্রতিবাদী, বাপে বেটায়, বাবে বলদে, বাহাল বরতরফ, বিধি নিষেধ, বিপদ্ সম্পাদ, বাস্ত সমস্ত।

শ—শস্ত্র ও শাস্ত্র, শিক্ষা ও পরীক্ষা, শিরা ও স্থারি, শিব-সতী, শিশির ও সম্জ, শৃহ্য ও পূর্ণ, শৃদ্র ভন্ত, শ্রেরঃ ও প্রেঃ, শ্রেরঃ ও হেয়।

স—সংসার ও সন্নাস, সকাল বিকাল, সদর অক্ষর, সত্য মিথাা, সরেশ নিরেশ, সাঁঝ সকাল, সাবিত্রী সত্যবান্, সাস্ত অনস্ত, সাম্নে পিছকে, সাধনা ও সিদ্ধি, স্থথ তৃংথ, স্থয়ো তৃষ্যো, স্থর নর, স্থক হইতে শেষ, স্থল ও স্কা।

হ- -হন্ ভাফু, হরণ পূরণ, হর্ষ বিষাদ, হ'ল আর গেল, হরিঘার আর গঙ্গাদাগর। (ক্রমশ)

শ্রীললিতকুমার বন্দ্যোপাধ্যায়।

বয়কট ও হিন্দু-জাতিভেদ

(দামাজিক প্রবন্ধ)

চিন্তাশীল ব্যক্তিমাত্তেই এ কথা স্বীকার করেন যে, কোনো না কোনো আকারে পৃথিবীর সমস্ত সভ্য দেশেই জাতিভেদপ্রথা প্রচলিত আছে। সভ্যতার সঙ্গে সঙ্গেই এই প্রথার স্থাষ্ট হয় এবং বিভিন্ন দেশের সভ্যতার প্রকারভেদে ইহা বিভিন্ন প্রকারের

আকার ধারণ করে। শুধু পশু পক্ষী কীট পতঙ্গ প্রভৃতি ইতর প্রাণীর স্ব-শ্রেণীর মধ্যে জাতিজ্ঞেদ দেখা যার না, অথবা আমাদের চক্ষে ধরা পড়ে না। নিমশ্রেণীর অসভ্য লোকদিগের মধ্যেও জাতিভেদের প্রভাব দেখিতে পাওয়া যার। তবে হিন্দুজাতির মধ্যে জাতিভেদ যে আকার ধারণ করিয়াছে,
পৃথিবীর আর কোনো জাতির মধ্যেই সেরূপ
আকার প্রাপ্ত হয় নাই; ইহার নাম প্রশান্ত দোষজ্ঞনিত জাতিভেদ। ভিন্ন জাতির কিয়া
ভিন্ন সম্প্রণায়ের লোকের স্পৃষ্ট অন্ন থাইলে
জাতি যাইবে, এমন কি, জল থাইলেও জাতি
যাইবে, জাতিভেদের এরূপ বন্ধন পৃথিবীতে
আর কোণাও নাই। আমাদের বিদেশীয়
বন্ধুগণ এবং পাশ্চাত্য-ভাবাপন্ন খদেশীয় সমাজহিতৈধিগণ মনে করেন, ইহা একাস্তই সাম্যহৈতিধিগণ মনে করেন, ইহা একাস্তই সাম্যমিত্রীর বিরোধী এবং অসভ্যতার পরিচান্তক।
এটা হিন্দুর উপরে একটা ভীষণ মভিযোগ,—
যাহা কোণাও নাই, তাহা তোমার মধ্যে কেন
থাকিবে ?

উত্তর এই যে, ইহা অসভ্যতার লক্ষণ নহে;
কেননা, পৃথিবীর কোনো দেশের কোনো
অসভ্য জাতির মধ্যেই এরপ স্পর্শদোষঞ্জনিত
জাতিভেদ-প্রথা প্রচলিত নাই। যদি ইহা
অসভ্যতার লক্ষণ হইত, তবে কোনো না
কোনো অসভ্যজাতির মধ্যে ইহার নিদর্শন
পাওয়া যাইত। আর এরপ প্রথা অক্সত্র
প্রচলিত নাই বলিয়াই যে এই প্রথাটা জ্বক্স,
ইহাও যুক্তিমুক্ত কথা নহে। তবে সামামৈত্রীর নাম যে উল্লেখ করা হইয়াছে, তাহার
উত্তর দিত্তেছি।

প্রত্যেক সমাজেই সমাজশাসনের জন্য একটা ''বয়কট-প্রথা'' প্রচ্নিত থাকা আবশ্রক। প্রথাটার এ দেশী নাম এক-দ্ব'রে করা। কিন্তু আজকাল বয়কট শন্দটা,আমাদের দেশের লোকের এতই হৃদ্যগ্রাহী হইয়াছে বে, প্রয়োজনীয় স্থলে উহাকে পরিত্যাগ করা বায়না। এই স্বদেশী আন্দোলনে সকলের

मृत्थेहे "वन्नक हे कत्, वन्नक हे कत्र" এहे अस ক্রমার্য্যে করেক বৎসর উচ্চারিত হইয়াছে। যাঁহারা জাতিভেদের নিন্দা করেন, একঘ'রে করাকে খুণিত আচরণ মনে করেন, তাঁহারাও বিদেশী দ্ৰব্যের ক্রেডা-বিক্রেডাকে বয়কট করিতে বালবুদ্ধযুবক এবং মহিলা ও বালিকা সকলকে মাতৃভূমির নামে, ঈখরের নামে, আরাধ্য দেবভার নামে শপথ করাইয়াছেন। বলা বাইলা যে, গভর্মেণ্ট আইন করিয়া বাধা না দিলে এখনও সেই প্রতিজ্ঞার স্রোভ ধরবেগে প্রবাহিত থাকিত। এ कथा नक रलहे त्विशाहन (य, नमाक-দ্রোহীকে শাসন করিতে হইলে বয়কটের একান্ত প্রয়োজন।

এ দেশের বয়কট কি আকার ধারণ করিয়াছিল, তাহা সকলেই জানেন। অমুক ব্যবসায়ী বিলাতী কাপড়ের চালান আনিয়া-ছিল, তাই তাহাকে বন্ধকট করা হইল অর্থাৎ ভাহার গুরু পুরোহিত, ধোপা নাপিত বন্ধ করা হইল, তাহার স্পৃষ্ট অরজন পরিতাক হইল, সমাজে সে এক ঘ'রে হইল। একণে বিবেচনা করিয়া দেখিতে হইবে যে, যে শক্তি মুহুর্ত্তের মধ্যে একজন ধনী বা সম্রাস্ত ব্যক্তিকে অনাথ ও অপমানিত করিতে পারে, এই শক্তির মূল কোথার ? মূল ঐ অরকলে, मृन ঐ স্পর্শ-দোষের মধ্যে নিহিত রহিয়াছে। অপরাধী ব্যক্তির অরজন পরিত্যক্ত হইল, ষে তাহার অমুজল গ্রহণ করিবে, তাহারও व्यवस्था व्यवस्था हहेता ; स्वताः अतः शन, পুরোহিত গেল, চাকর গেল, চাকরাণী গেল, সে একটা হোটেল ঘরে ঢ্কিয়া ভাত পাইতে भारत ना ; दकनना, तम चरत छुकित्म चरत्रत অন্নৰণ নষ্ট হইবে। কি বিষম বন্ধন! কি ভীষণ শান্তি!

আৰকাল সমাজ-শৃঙ্খলা না থাকায় এবং দেশে হিন্দু ভিন্ন অপরাপর জাতির ২সতি ও আধিপত্য হওয়ায়, লোকের সমাজ-ভন্ন কমিয়া গিয়াছে। এখন কোন ধনী লোককে বয়কট कत्रा वर्ष्ट्रे कठिन कार्या ; : (कनना, तम खक्र-পুরোহিতের কাঙ্গাল নহে, সামাজিক অমু-ষ্ঠানের ধার থারে না, পূজা-পার্বণ আদাদিকে আপদ জ্ঞান করে, তাহার মিলিবার মিশিবার জক্ত তাহারই ভায় উচ্চ্ছাল-সভাব বন্ধুজনের অভাব নাই এবং আহারের জন্ম গ্রাণ্ড হোটেল কি গ্রেট্ ইষ্টরণের দার খোলা আছে। আর যদি ঘরে রালা বালা করিতে হয় তাহার জ্ঞ হিন্দু পাচক ধি হিন্দু চাকরের দরকার नाहे; जोहे आभारतत श्रामनी आत्नागरनत व्यक्ति-वाशादि त्राक्शानी याशका कृष महत्, সহর অপেকা মফ:বল এবং পশ্চিম বঙ্গ অপেকা পূर्ववन ममिक अन्नगुक रहेन्नाह, व्यर्श (यथारन (यथारन नमास्त्रत रहन (यमन पृष्, **দেইখানে দেই**খানে বয়কট ততটা কুতকাৰ্য্যতা লাভ করিয়াছে।

একণে এই প্রশ্ন উঠিতে পারে যে, পৃথিবীর যে সকল দেশে হিন্দ্-জাতিভেদের ন্তায় জাতি-ভেন্ধ-প্রথা নাই, অর্থাৎ যে সকল দেশে স্পৃষ্ট জন্মজল পরিত্যাগ করা সামাজিক শাসনের অঙ্গ নছে, সে সকল দেশে কি "বয়কট" হয় না ? "বয়কট" শন্দের উৎপত্তি ইউরোপেই হইয়াছে। এ কথার উত্তর এই যে, সে সকল দেশের বয়কটের প্রণালী শ্বতন্ত্র, আমাদের দেশে বেখানে "কদলে প্রারীকাক্ষা," সেদেশে সেথানে "প্রহারেণ ধনঞ্জাঃ।" আসল কথা এই

(य, दम दमराभ यनि कारू! दक् अ वसक है कदा हम এবং যদি কোন বাক্তি সেই বয়কট-ব্যক্তির সাহায্য করে, অথবা কোনরূপে তাহার প্রতি কিঞ্চিন্মাত্র সহামুভূতি দেখায়, তবে বয়কটকারী জনমণ্ডলী সেই ব্যক্তির বাড়ী বর বেরাও করিবে, ভাহার ঘরে আগুন দিবে এবং তাহাকে হস্তগত করিতে পারিলে হয় প্রাণে মারিবে, নতুবা তাহাকে বিক্নতাঙ্গ করিবে। আমেরিকার খেতাঙ্গণ যথন ইংলভের "চা" বয়কট করিয়াছিল, তথন বয়কটকারিগণ তূলায় আলকাতরা মাথাইয়া সঙ্গে রাখিত এবং বয়কটের বিরুদ্ধবাদী কোনো ব্যক্তিকে রাস্তায দেখিতে পাইলে, ভাহার চোকে মুখে আচম্বিতে সেই আলকাতরা-মাথা তুলা চাপিয়া লাগাইয়া দিত: সে দব দেশে বয়কটের সময় অভাক্ত যে সকল ঘটনা ঘটিয়াছে. সে সকলের তুলনায় এই প্রথাটিকে বিশেষ শিষ্টতা ও সভাতাব্যঞ্জকই বলিতে হইবে।

আমি পাশ্চাত্য বয়কট প্রথার সমালোচনা করিতে চাহি না। আমি শুধু বলিতে চাই বে, আমাদের দেশে ও পাশ্চাত্যমণ্ডলে বয়কটের যে বিভিন্ন মূর্ত্তি প্রকাশিত হইয়াছে, এই উভয়ের মধ্যে আমাদের জ্বন্তু কোন্টা বাঞ্কনীয় ? পাশ্চাত্য বয়কটপ্রণালীতে বয়কটপাজ বিপক্ষের নিকট হইতে কোনো সাহায্য পায় না; কিন্তু আমাদের দেশে যাহাকে একঘ'রে করা হয়, কেছ তাহার্র বাড়াতে আহার করে না বটে, কিন্তু সে বাজি বিপন কি বৃভূকু হইয়া আসিলে, সকলেই তাহাকে বিজ্ঞান করে । এদেশের একান্ত অন্নজল প্রদান করে । এদেশের একান্ত করের শাসনও দয়াকে কথনই অভিক্রম করে নাই। কিন্তু পাশ্চাভ্য সমাজ

সংস্থানে স্থপণালীক্রমে একছ'রে করার উপায়
না থাকায় সে দেশের বয়কট প্রথা একান্ত
বাহুবলের উপর প্রতিষ্ঠিত; স্কুতরাং উহা
ভীষণ সংহারক মৃত্তি ধারণ করিয়া ধর্ম ও
রাজ-বিধি উভয়কেই লভ্যন করে। ইহা
পাশ্চাতা মণ্ডলে নিতা-নৈমিত্তিক ঘটনা।

আমাদের দেশের প্রাচীন গ্রাম্য পঞ্চায়েৎপ্রথাকে আজকাল অনেক চিস্তাশীল ইংরাজও
প্রশংসা করিয়া থাকেন। যথন এদেশের
গ্রাম্য পঞ্চায়েৎপ্রথা বর্তমান ছিল, তথন
সামাজিক শাসনই সেই প্রথার মূল শক্তি
ছিল এবং সেই শক্তির মূল-মন্ত্র ছিল সামাজিক
বয়কট অর্থাৎ অপরাধী ব্যক্তির পৃষ্ঠ অল্পজল
পরিত্যাগ করা। যদি বল যে জরিমানা করার
প্রথাও প্রচলিও ছিল, একটু ভাবিয়া
দেখিলেই বুঝা যাইবে যে সামাজিক শাসনের
ভয়েই লোকেরা জরিমানা দিত, নতুবা
দিবে কেন প

আমি এই প্রবন্ধে এই মাত্র দেখাইতেছি বে, সমাজ-শাগনের এক্ত যদি বয়কট প্রথার আবশুক থাকে (বাঁহারা উহা অস্বীকার করেন তাঁহাদিগকে কিছু বলিবার নাই) তবে হিন্দুবয়কট-প্রথা অর্থাৎ অপরাধী ব্যক্তির পৃষ্ট অন্নত্নল পরিত্যাগ করাই সর্ব্বোৎকৃষ্ট প্রথা। পৃথিবীর অন্যান্ত দেশের প্রচলিত প্রথা অপেক্ষা উহা শিষ্ট ও নিরীহ অথচ সর্ব্বাপেক্ষা অধিক শক্তি-সম্পন্ন। যদি কেহ এতদপেক্ষা উৎকৃষ্টতর প্রথার আবিদ্ধার করিতে পারেন, আমরা অবশ্রুই, মাথা পাতিরা তাঁহার কথা গ্রহণ করিব। *

শ্রীমনোরঞ্জন গুহ ঠাকুরতা।

* নুনাধিক ২০ বংসর পূর্বের বরিশালের পৃষ্টান
মিশনের অন্তর্গত বাগধা ও আব্দের প্রামের আলোক ও
কালীচরণ নামক ব্যক্তিছর ত্রাহ্মধর্ম গ্রহণ করিলে
খৃষ্টানগণ তাহাদিগকে একঘ'রে করিল, কেবল যে
তাহাদের অন্তর্জন পরিত্যাগ করিল এক্লপ নহে,তাহাদের
ক্ষেত্রের ধান কাটিল না, তাহাদের জীর্ণঘর মেরামত
করিল না, এই প্রবন্ধ লেখক কোন একজন স্থানিদ্ধ ইংরাজপত্নীকে এ কথা জানাইলে তিনি উত্তর করিলেদ যে এক্লপ শাসন-প্রণালী অবলম্বন না করিলে তাঁহারা
ভাহাদের মণ্ডলীর শৃঙ্বলা রক্ষা করিতে পারিবেন না।
লেখক।

জ্ঞানদাস

বৈষ্ণব-কবির মিলন-গীতিও কেবল ইব্রিমের চর্চোমাত্র নহে, এ সকল গানেও ভাব-বাছলা বিশেষক্রপে দৃষ্ঠ, হইয়'ছে।

না পুছ না পুছ সথি পিয়ার পিরীতি। পরাণ নিছনি দিলে না হয় উচতি॥ হিয়ার উপর হইতে শেকে না শোরায়। বুকে বুকে মুখে মুখে রজনী গোঙায়॥ নিজার আলসে যদি পাশ মোড়া দিয়ে।
কি ভেল কি ভেল বলি চমকি উঠরে॥

হিরার হিরার এক বয়ানে বয়ান।

নাসিকা নাসিকার এক নয়ানে নয়ান॥

ইথে যদি মৃঞি তেজিরে দীর্ঘ নিখাসে।

আকুল হইয়া পিয়া উঠয়ে তয়াসে॥

এমতি বঞ্চিয়ে নিশি হঁহে এক মেলি।

জ্ঞানদাস কহে ঐছে নিতি নিতি কেলি॥

ख्यानपारमञ রাধা-চরিত্র আলোচনা कतिरनहे छन्त्रकम इहेरव (य. छानमारम বিদ্যাপতি ও চ**্ডীদাদে**র সমন্বয় হইয়াছে। विषापिणित दाधिका त्रिका, हक्षना, मत्रना, ফ্টিত-মাত্র-যৌবনা, প্রণয়র দ-মুগ্ধা, দৈহি ক-স্থথ-প্রিয়া নায়িকা-চ গ্রীদাসের রাধিকা যৌগনে ষোগিনী, মনোময়ী, দেহবৃদ্ধিহীনা। বিদ্যাপতির রাধিকার মন সুকাইয়া কাজ করে, দেহবৃত্তি च थकां : ह शीनांत्र त्राधिकात त्र व्याह. তাহা বুঝিবার যো নাই, মন ও ভাব স্বতঃ-বিকশিত। বিদ্যাপতির এরাধা লালসামরী, চঞ্জীদাসের রাধিকা পাগলিনী। বিদ্যাপতির ও চণ্ডীদাসের রাধিকা-চরিত্রের বিভিন্নতা এই কুদ্র লেখক অপর এক প্রবন্ধে সবিস্তারে বুঝাইবার প্রয়াস করিয়াছে।* এই কার্বে বিদ্যাপতির রাধিকার মিলনে আনন্দ, বিক্রেদে মিলন-আর চঞ্জীদাদের বাধিকার সজোগে विष्क्रम. विष्कृतम रेम्छ । खानमारमत त्राधिका ভাবমরী, পূর্বরাগে অনেক পরিমাণে চণ্ডী-দাদের রাধিকার মত বেদনাময়ী, কিন্তু নেহ-বুদ্ধিহীনা নহে; এইজন্ত সম্ভোগে আনন্দম্যী **७ ভাবমন্ত্রী, বৈচিত্র্যামুসদ্ধানমন্ত্রী।** মিলনেই কবি রাদণীলা দোললীলা, ঝুলন প্রভৃতি नानाविध ऋन्तत्र हिळ श्रप्तर्भन क्रिवार्ह्सन। জ্ঞানদাসের শ্রীরাধা কিন্তু বিদ্যাপতির রাধার মত তীব্রলালসাময়ী নহেন, তাই বিরহে তাঁহার বিদ্যাপতির রাধিকার তুল্য একাগ্রতা নাই। বিদ্যাপত্তির রাধিকা বিরহে অমুক্ষণ মাধব মাধব চিম্বা করিতে করিতে "ভেল মাধাই''; চিস্তার এমন প্রথরতা জ্ঞানদাসে বা চণ্ডীদাসে দেখিতে পাই না।

কিন্তু এমন মধুর মিলনে বিরহ কেন গ ইহার গোজাত্মজি উত্তর-পুরুষের অনেক কাজ, শুধু প্রেম লইয়া বাসিয়া থাকিলে, ভাহার চলে না, কাজেই বিচেছদ অবশ্রস্তাবী। এমন উত্তরে কিন্তু বৈঞ্ব-কবির বিরহ বুঝা যাইবে না; এইথানে আবার তাঁহাদের পূর্বকথিত মূল হুত্রের মনুসরণ করিতে হইবে 🔻 আমরা বলিয়াতি যে, বৈষ্ণব-কবির গানে একটা গুঢ়ভাব নিহিত আছে এবং অল্ল পরিমাণে তাহা বুঝাইবারও চেষ্টা করিয়াছি। জ্ঞানদাদ নৌকাবিহারের পদে তাহা কতক পরিষ্কার করিয়াই বলিয়াছেন। আমর। যথন বুঝিব বে, বৈষ্ণ 1-কবির গান পরমাত্ম। ও জীবাত্মার মিলন-সঙ্গীত, ভগবান ও ভক্তের প্রেমলীলা वर्गन, उथन এই বিরহ বোঝা সহজ হইবে শ্রীমন্তাগবত কহিয়াছেন যে, ভগবংপ্রেম-लाट्ड (शाशीमिटशत्र अन्दत्र, वित्मष्ठः द्य গোপী-প্রধানার কথা ভাগবতে আছে, এবং যিনি শ্রীরাধা ভিন্ন আর কেহই নহেন, তাঁহার হাদয়ে গর্কের উদয় হইয়াছিল। দেখিয়াছি যে,জ্ঞানদালের জীরাধাও প্রিয়তমের প্রেমলাভে একটু গর্মশালিনী, একটু আমিঘ-ময়ী হইয়াছেন--

আমার অঙ্গের বরণ লাগিয়।
পীতবাস পরে খ্রাম।
পোণের অধিক করের মুরলী
লইতে আমারি নাম॥

কিন্তু জ্ঞানদানের শ্রীরাধার আসঙ্গলিপ্সা ছিল বলিয়া বিরহে তাঁহার জ্বনের চণ্ডীদানের শ্রীরাধা অপেক্ষা বেদনার প্রাথর্য্য আছে। এইরপে জ্ঞানদানে বিদ্যাপতি ও চণ্ডীনানের ক্পঞ্চিং সামঞ্জন্ম হইয়াছে।

[•] উष्पापन--- ज्ञांवन, ১७১৮।

বরণ সৌরভ আমার অঙ্গের यथान य नित्क यात्र। বাউল হইয়া বাহু পাসরিয়া ज्थान तमित्व धारा॥ ইহাতে বেশ একটু ''আমার আমার'' ভাব আছে। ''আমি যে রুফকে একেবারে বাঁধিয়া দেলিয়াছি" এই রকম ভাব ইহাতে দেখিতে পাওয়া যায়। আবার— পিরীতি মারতি দেখি, হেন মনে লয় স্থি আমি তারে চাহিলে দে জীয়ে। বেশ প্রেম-দর্পের পরিচয় দিতেছে। এ দর্প মিষ্টতা-विक्किं नार ; कि ख पर्श (यमनहें इंडेक, লৌকিক ভাল নয়: কবিও গাহিয়াছেন —

প্ৰেম সক্ত ফুতে বাঁধাবাঁধি

বাতাদের ভো ভর মবে না। তাই প্রীরাধার এই ভালবাসার দর্পে—এই দৌভাগ্যমদে বিষময় ফল উৎপল্ল হইলাছে। শ্রীরাধার হৃদয়ে প্রেম পরিপূর্ণমাত্রায় ছিল বলিয়া তিনি আবার প্রিয়তমকে ফিরাইয়া পাইয়াছিলেন; কিন্তু দে বড় কঙের, অনেক [•]সাধনার পরে। এমন সাধনা ভিন্ন, সম্পূর্ণ-রূপে আমিত্ব-বর্জিত না হইতে পারিলে, (पर, मन, खान, मःमात स्थ, (नाकनिना, লজা, ঘুণা, ভয়—এ সকল একেবারে ত্যাগ করিয়া [°]পূর্ণমান্তায় তদেকচিত্ত না **হই**তে পারিলে, ভগবান্কে পাওয়া যায় না-ভগবান্কে বাঁধা যায় না : ভাই প্রীরাণার এই বিরহ-পরীক্ষা; ভাগবত বলিয়াছেন যে, যথন ভগবান গোপীদিগের চিত্তে এই দর্প দেখিলেন, তথন তিনি সেই গর্ম শাস্ত করিবার জন্ম এবং ভাহাদিগকে রূপা করিবার জন্ম—

''প্রশমার প্রসাদার" অন্তর্হিত হইলেন। এ বিরহ ভক্তের প্রতি ভগবানের অমুগ্রহ-সঞ্জাত। এই বিরহ হইতেই এীরাধার প্রীক্ষ্ণ-চরুণে দর্বসার্পণ। এই দর্বস্থার্পণ-প্রবৃত্তি তাঁহার হানয়ে প্রেমোৎপত্তির সঙ্গে সঙ্গেই আসিয়াছিল. কিন্তু কাৰ্য্যতঃ ভাহা হয় নাই, অনেক বাধা-বিপত্তি, অনেক আততায়ী ভাব তাহা **इटेट** (नम्र नाहे: এই বির্হেন পরে তাহা কার্যো পরিণত হইতে পারিয়াছিল। মিলনে চপলতা আছে, মান আছে, অজিমান আছে: এতডিয় মিলনে ঐহিকতার প্রতি দৃষ্টিও আছে; এমন একটা ভাব আছে যে, ক্লফ ব্যতিংকেও আমার এমন আরও অনেক জিনিধ মাছে, যাহা রাখা প্রয়োজন; এ কথাও তথন মনে আসে যে, কৃষ্ণ ও সংদার ছই রাখিতে হইবে। কিন্তু বিরহাত্তে আর শ্রীরাধার কিছুই নাই—কেবল শ্রীকৃষ্ণ ভিন্ন আর কিছুই নাই। ভাই ভাগবত বলিয়াছেন-

প্রশমায় প্রদাদায় তব্বৈবাস্তর্ধীয়ত।

ভক্ত বৈষ্ণব-কবি এইজন্ত বিরহ্চিত্র আঁকিতে বড় উৎসাহী ও বড় নিপুণ। লৌকিক কবির কাছে যাহা কলামাত্র, বৈষ্ণব-কবির কাছে তাহা সাধনায় উন্নীত হইন্নাছে— অঞ্-জল-প্রক হইন্না চিত্রগুলিও পবিত্র হইন্নাছে।

মুড়াব মাথার কেশ, ধরিব যোগিনী বেশ
ধনি সেই পিয়া নাহি আইল।

এ হেন যৌবন পরশ রভন
কাচের সমান ভেল॥
গেরুরা বসন অক্তে পরিব
শ্রের কুণ্ডল পরি।

যোগনীর বেশে যাব সেই দেশে যেথানে নিঠুর হরি॥ প্রতি ঘরে ঘরে মথুরা নগরে খুঁ জিব যোগিনী হঞা। যদি কারু ঘরে মিলে গুণনিধি वास्तिव वनन मित्रं॥ আনিব বাদ্ধিয়া আপন বন্ধা কেবা রাশিবারে পারে। যদি বাথে কেউ তাজিব এ জীউ নারী বধ দিব তারে॥ পুন ভাবি মনে বান্ধিব কেমনে সে খাম বন্ধা হাতে! বান্ধিয়া কেমনে ধরিব পরাণে তাই ভাবিতেছি চিত্তে॥ জ্ঞানদাদে কহে বিনয় বচনে ७न वितामिनि त्राधा। মধুরা নগরে থেতে মানা করি দারণ কুলের বাধা॥

শুধু ভগবান্ নয়, আজ কবিও একটু পরীকা করিবার ইচ্ছা রাথেন। কিন্ত গ্রীরাধার এখন আর কোনও বিষয়েট অন্তরাগ নাই, মুথে হাদি নাই, দেহে বেশবিক্তাদ নাই, কোনও স্থথে আকাজ্ঞা নাই—

পিয়া পরদেশে বেশ গেল দ্র।
হাস রভন সবহুঁ ভেল চুর॥
মৃগমদ চলন লেপন বিধ।
মল প্রন জন্ম আনল শিধ॥

প্রীরাধার এখনকার অবস্থা বৈঞ্চব-কবি জ্ঞানদাদের প্রতাক্ষীকৃত স্বরূপ; এমন সাত্তিক অবস্থা মধাপ্রভুর জীবনে অহরতঃ দেখা দিত-কামু কামু করি ক্ষিতিভলে মুরুছলি স্থীগণ বিশ্বণ বিষাদ॥ এক সধী ত্রিতহিঁ কোরে আগোরল
কহতহিঁ আগোরত কাল।
শুনইতে এছন বচন রসায়ন
পাওল জীবন দান॥
চেতন পাই হেরই পুন দশদিশ,
অতি উৎক্টিত হোই।
কাঁহা মরু প্রাণনাথ কহি ফুকারায়
অবহুঁ না আওল সোই॥
বৌয়ত হসত খসত মণি বোজত
পস্থিঁ নয়ন পদারি।
সহই না পারি জ্ঞান পুন তৈথনে
মথুরা নগর সিধারি॥

কবি জ্ঞানদাস বিরহের বড় মনোরম্ চিত্র আঁকিয়াছেন; কারণ, তিনি বিভাপতির শিষা। বিভাপতির বিরহ্চিত্রের মধ্যে যে উপাদান আছে, জ্ঞানদাদের চিত্রেও দেই বর্তমান। চণ্ডীদাদের শ্রীরাধার বিরহের সম্ভাবনা নাই; কারণ, তিনি দেহের ছারা প্রিয়োপভোগের ধার ধারেন না, ভাবরসে বিভোর হইয়া আছেন। ভান-দাসের রাধা যেমন ভাবে বিভোর, তেমনি অঙ্গ-সঙ্গ-রসাম্বাদিনী, তাই তাঁহার বিরহে মর্মান্তিক ক্রন্দন ফুটিয়াছে; আবার ইহা হইতেই তাঁহার দেহবৃদ্ধি লুপ্ত হইরা চিত্ত পরিশুদ্ধ হইরাছে, হানরে প্রিয়তমের প্রতি নির্বিকল্পচিত্তে সর্বস্থার্পণের প্রবৃত্তি প্রবল হুইয়া উঠিয়াছে। তাই বিরহের মিলনে অমৃত উঠিয়াছে। আর তাঁহার ঘর নাই, সংসার নাই---

শুন শুন ওহে পরাণ পিয়া। চির দিন পরে পাইয়াছি লাগ অমার নাদিব ছাড়িয়া॥

তোমায় আমায় একই পরাণ ভালে দে জানিয়ে আমি। হিয়ার হৈতে বাহির হইয়া কিরপে আছিলা তুমি॥ যে ছিল আমার মর্মের ছথ সকল করিমু ভোগ। আর না করিব আঁথির আড রহিব একই যোগ। থাইতে শুইতে ভিলেক পদকে আবার না যাইব ঘর। কলঙ্কিনী করি থেয়াতি হৈয়াছে আর কি কাহাকে ডর॥ এতহঁ কহিতে বিভোর হইয়া পড়িল শ্যামের কোরে। জ্ঞানদাস কহে রুসিক নাগ্র ভাগিল নয়ান লোৱে ॥ শ্রীলাধা এখন বুঝিয়াছেন যে তাঁহার নিজ্প কিছুই নাই; তাঁহার গর্ম এখন নিজেকে লইয়া নয়, সে গর্কে আর অংমিকা নাই। তাই যিনি বলিয়াছিলেন-আমার অঙ্গের বরণ লাগিয়া পীতবাস পরে শ্যাম। প্রাণের অধিক করের মূরলী লইতে আমারে নাম। তিনি এখন বলিতেছেন— বঁধু তোহারি গরবে গরবিণী আমি রপদী ভোহারি রুপ। হেন মনে^{*}লয় চরণ যুগ**ল** नमा ध'रत्र त्रांशि वृत्क॥ এই যে বঁধুর গর্কে গর্ক, বঁধুর রূপে রাধিবার প্রবৃত্তি—ইহাই আত্মসমর্পণ;

আধথানা নহে, সম্পূর্ণ আত্মসমর্পণ। এই গর্মের, এই কাপাক্সভৃতিতে, এই আকাজ্জার আধ্যাত্মিক উন্নতির চূড়ান্ত দেখা যাইতেছে; কারণ, ইহা কোনও ইন্দ্রিময় জীবের ফ্রেদময় গর্ম্ম নহে, জালামন্ত্রী আত্মতৃপ্তির আকাজ্জা নহে; ইহা ষেমন প্রেমিকার সর্বস্থার্পণ, তেমনি আর এক দিকে ভক্তের আত্মনিবেদন। ভক্তের, ভগবান ভিন্ন আর কেহই নাই; তাহার কাছে প্রাণ ভগবানের তুলনায় অকিঞ্জিৎকর--

অতের আছ্যে অনেক জনা
আমার কেবল তুমি।
পরাণ হইতে শত শত শত গুণে
প্রিয়খন বলি মানি॥
নয়নের অঞ্জন অক্সের ভূষণ
তুমি হে কালিয়া চাঁদা।
জ্ঞানদাসে কহে ভোমারি পিরীতি
অস্তরে সস্তরে বাদ্ধা॥

এই আয়-বিলোপন কত স্থানর !
ধরিয়া লইলাম, জ্ঞানদাদের কোনও
আধ্যাত্মিক ভিত্তি নাই; তাহা হইলেও
কি এই অত্যন্ত আয়ত্যাগ, এই নিনির্জ্
আয়সমর্পণ, এই একান্ত নির্ভরশীলতা,
গভীর প্রেমের পরিচায়ক নহে?—ভাবের
বিকাশ করিতে সক্ষম নহে? এ আয়ুত্যাগে চুক্তি নাই, দেনা-পাওনার হিসাব
নাই, লাভালাভের খতেন নাই, এ ত্যাগ
যথার্থই মর্ক্ষ-ত্যাগ; জ্ঞাতিত্যাগ, কুলত্যাগ,
এমন কি, ধর্ম পর্যান্ত ত্যাগ। ভোমার
জ্লারটই ভালবাসার থাতিরে প্রাণ পর্যান্ত
ত্যাগ করিয়াছিল সত্য, কিন্ত চুক্তি
ছাজিতে পারে নাই; প্রথমেই সে

চুক্তি করিয়া লইয়াছিল—তাহার লৌকিক ধর্ম বজায় রাখিয়াছিল। সংগারের যাহা কিছু ভাল-নামধাম, কুল্শীল, ধর্মাধর্ম--সব বিস্জুল দিয়া যে প্রেমে আত্মহারা সমাজে পতিত হইতে ভাগকে ₹₹. इंडेक, लांक कुलिंग वित्रा शालि मिक, সেই যথাৰ্থ ভাল বাসিয়াছে, সেই ষথার্থ প্রেমিকা। এমনি সর্বানী প্রেম श्वपदम् ना आंशिल छशवान्तक दीधा याम्र না। তাই বৈঞ্বশাস্ত্রে পরকীয়া নায়িকার এত কদর; তাই মহাপ্রভু সনাতনকে পাঠাইয়াছিলেন যে, পরবাদনিনী নারী যেমন সকল সময়েই সংসারের কার্য্য করিতে করিতেও, প্রেমিকের রসায়ন উপভোগ করে, ভঞ্জের ভগবান সম্বন্ধে ঠিক সেই রক্ষ ভাব হওয়া চাই। ঢল ঢল, **অমু**রাগে বিহ্বল হইয়া ভগবান কে ভালবাস; সংসার কি বলে, তাহার দিকে কান দিও না: সংগারে কত কি হারাইলে, তাহা দেখিতে যাইও না; ভুধু ভালবাদ, কেবল ভাবরদে সেই ভাবের ভাবুককে ধরিয়া রাখ, যে তাঁহাকে এমন করিয়া ভালবাদে, যে জ্ঞানদাদের রাধিকার মত তাঁহাকে সর্বময়, সর্বাধিষ্ঠিত ভাবিয়া বলিতে পারে—প্রাণ ভরিয়া বলিতে পারে— আমার কিছুই নাই, সবই ভোমার, আমি গুধু ভোষায় ভালবাদিতে জানি, যে বলিতে পারে—

বঁধুহে আর কি ছাড়িয়া দিব।

এ বুক চিরিয়া বেখানে পরাণ

সেধানে তোমারে থোব॥

ও চাঁদ বদন সদা নির্ধিব

স্থা না চাহিব আর।

তোমা হেন নিধি মিলাওল বিধি
পুরিল মনের দাধ ॥
প্রেল ডোর দিয়া রাখিব বান্ধিয়া
ছ্থানি চরণারবিন্দ।
কেবা নিতে পারে কাহার শক্তি
পাঁজরে কাটিয়া দিঁধ॥
ধে বলিতে পারে—

ভহে নাথ কি দিব ভোমারে।

কি দিব কি দিব করি মনে করি আমি।

যে ধন ভোমারে দিব সেই ধন তুমি॥

তুমি যে আমার নাথ আমি যে ভোমার।

ভোমার ভোমাকে দিব কি যাবে আমার॥

যতে বাসনা মোর তুমি ভার নিধি।

ভোমা হেন প্রাণনাথ মোরে দিল বিধি॥

ধন জন দেহ গেহ দকলি ভোমার।

যে ভালবাসা দিতে জানে,—নিরাবিল,
নিরবচ্ছিল্ল ঐর্ধ্য জ্ঞান-রহিত ভালবাসা দিতে

জানে, তাংার প্রতি ভগবানের উত্তর জ্ঞানদারের কথার এই—

ত্রা অনুরাগে হাম নিমগন হইলাম।
তুরা অনুরাগে হাম গোলক ছাড়িগাম॥
তুরা অনুরাগে হাম কাননে ধাই।
তুরা অনুরাগে হাম ধবলী চরাই॥

ভূষা অন্ত্রাগে হাম ভূষামন্ত্র দেখি।
ভূষা অন্ত্রাগে মোর বাঁ চা হইল আঁথি।
নায়ক ও নায়িকার এই প্রকার আত্মসমর্পণে জ্ঞানদাদের কাধোর পরিস্মাণ্ডি
হইয়াছে— এই স্বার্থহীন প্রেম কি ইন্তিরচপলতার পরিচন্ন দেয় ? না, আমরা ইহার
ভিত্তরে ভক্তের ঐকান্তিক আত্মসমর্পণের এবং
অমানী ও মানদ এবং ভ্ণের চেয়েও নীচু

ফ্লমের মধুর স্বার্থহীনতার স্থ-বাতাস অমুভব করিয়া আমাদের সংসার-ক্রিষ্ট, আত্মন্থারেষী রিপুবনীভূত অন্ধ হৃদয়কে একটু উন্নত, একটু আনন্দময়, একটু নিঃস্বার্থ ও আমিত্ব-বর্জিত করিতে পারি। "এই গীতি-কবিতাগুলি আমরা ইংলভের ও আমেরিকার সাহিত্য-প্রদানীতে লইয়া দেখাইতে পারি—আত্মনার রাজ্যের অধিবাসির্দ্দকে আত্মনিক্রার কথা শুনাইয়া মুগ্ধ করিতে পারি।"*

''বৈষ্ণবের গান স্বাধীনতার গান। তাহা জাতি মানে না, কুল মানে না। অপচ এই উচ্ছুজানতা সৌন্দর্য্য-বর্দ্ধনে নিয়মিত। তাহা মন্দ্র ইল্রিয়ের উদ্ভাস্ত উন্মন্ততা মাত্র নহে।''! অতএব যদি বৈষ্ণব-কবির চিত্রিত প্রেমকে গাধাসিদ্ধ প্রেম বলিয়াও ধরা যায়, তাহা হহলেও স্বাকার করিতে হইবে যে, প্রেমের এমন মধুর, এমন গভার মৃত্তি, এমন হর্দ্দমনীয় বেগ আমরা আর কোথাও চিত্রিত দেখিয়াছি কি না সন্দেই। "বৈষ্ণব-কবির সেই স্বাধীন প্রেমের গভার ত্রিবার আবেগকে সৌন্দর্য্যাক্তের, অধ্যাত্মলোকে বহুমান করিয়া ভাহাকে অনেক পরিমাণে সংসার-পথ হুইত্তে মানস্পথে বিক্ষিপ্ত করিয়া দিয়াছেন।" :

বৈষ্ণব-কবির প্রভাবের ইহাই মূল কারণ

এবং এইজন্মই বলিয়াছি যে, সংসার-বিক্ষিপ্ত

ধণরে বৈষ্ণব-কবির সরল সভেজ আত্মতাগান

মন্ত্রী পেমনীতি এক অনিক্রিনীয় ভাবের স্থলন

করিয়া যেন জীবনীশক্তি কিরাইয়া দেয়,

তাপদগ্ধ শ্রান্ত ও ক্লান্ত চিত্তে শান্তি স্থার প্রস্তুবন খুলিয়া দেয়।

জ্ঞানদাদের প্রেমসঙ্গীতের সমালোচনা সমাপ্ত হট্ল। কিন্তু জ্ঞানদাসে এইখানেই এতদরিকও কিছু আছে, যাহা দারা বিদ্যাপতি ও চণ্ডীদাস ও জ্ঞানদাসের সমসাময়িক কবি शांविन्त-नारमञ्ज शमावनीटक याहा नाहे जांश আমরা জ্ঞানদাসে দেখিতে পাই। প্রেম-পদাবলীর ভিতর তাঁহার নৃতন্ত্বংশীশিকা; কিন্তু ইহার আভাস তিনি চণ্ডীদাসে পাইয়া-ছিলেন। স্থারসের চিত্রাবলী তাঁহার নিজন্ম। হৈতন্ত্র-পূর্ববর্ত্তী বৈষ্ণব-কবিগণ মধুর রস ভিন্ন অগ্রদের সাধনা করেন নাই। মহাপ্রভ প্রথমে সকল রসের সাধনার আদর্শ বৈষ্ণব-গণের সন্মুথে উপস্থিত করেন। সেই স্থাশিকার करल देवस्थव-कविश्व मथा-वारमनामि ब्राम्ब মাধুর্যাও অমুভব করিয়া ভত্তৎ রস ব্ঝাইবার চেষ্টা করিয়াছেন। মধুর রস সকল রসের শ্রেষ্ঠ ; কারণ, ইহাতে অক্সান্ত সকল রসের অন্তিত্ব আছে এবং ইহাতে ধেমন আত্মসমর্পণের ভাব আছে, তেমন আর কোনও রুসে থাকিতে পারে না, বাৎদল্যেও নয়। তাই বৈঞ্ব-ক্বি মধুর রদের সাধনায় উৎসাহী ও কৃতী। কিন্ত তাট বলিয়া জ্ঞানদাদের স্থার্দের চিত্রাবলী निजाल व्यवस्थात वल नहर। देशांपत्र রসবত্তা স্বত:ফুর্ক, নির্মণ ও হৃদয়গ্রাহী। স্থার কাছে স্থার আবদার, স্থার উপর স্থার জ্বোর বড় উপাদেয় ভাবে এই পদ-গুলিতে প্রকাশিত হইয়াছে। বুলাবনের (शाशानगरनद मथा निवादिन मथा; हेरांख এখৰ্য্য জ্ঞান-জ্বনিত সংখাচ নাই, খোসামূদি নাই, কেবল আছে প্রাণঢালা ভালবাসা।

^{*} দীনেশ বাবু--বঙ্গভাষা ও সাহিত্য।

[†] রবিবাব্—গ্রাম্য সাহিত্য।

[া] বিবাবু—গ্রাম্য সাহিত্য।

এইজন্ত বৃন্দাবনবাদীদের ক্ষেত্ত রভিকে বৈষ্ণব-শাস্ত্রে "কেবলা রভি'' বলে। এই গোপ-বালকদের স্থানরে এমন ভাব পাই যে, আমরা একজন মহামহিমানিত বাজির সহিত দ্বাস্ত্রে আবদ্ধ, অভএন আমরা খুন মন্ত লোক; ভাহারা জানে, গোপাল তাহাদের সাথী, ভাহাদের স্বধা; এতদ্বাভিরিক্ত আর তাহারা কিছু জানে না, জানিতে চাহে না। তাই ইহাদের ক্ত জোর—

গোপাল যাবে কি না যাবে আজি গোঠে।

এক বোল বলিলে আমরা চলিয়া যাই

গোধন চলিয়া গোল মাঠে॥

কিন্তু ইহাদের প্রাণে ক্ষেহ অগাধ; ইহারা
রাগ করিয়া চলিয়া যাইবার ভয় দেখায়, কিন্তু
পারে না। কানাই না হইলে, তাহারা খেলিয়া
অংথ পায় না, প্রাণে আনন্দ পায় না—

একেলা মন্দির মাঝে, আছ তুমি কোন কাজে

এ তোমার কোন্ ঠাকুরাণ।

যদি বা এভিয়া যাই অস্তরেতে বাথা পাই

না জানি কি গুণ জান সদাই অস্তরে টান
তিল আধ না দেখিলে মরি।

এমন স্থা পাইয়া গোপালেরও আনন্দের সীমা
থাকে না; তাহাদের সহিত মিশিয়া, তাহাদের
মত হইয়া, তাহাদের স্থারসাঝান পরিত্প্ত
করিয়া, গোপালের স্থার স্থার উছ্লিয়া উঠে।

গিরিধর লাল গিরিপর থেলল
তক্ত হেলয়া পদ পক্ষল দোলনীয়া।

ষাইতে কেমনে প্রাণ ধরি।

অভি বল স্থবল মহাবল বাণক কান্ধে ছান্দ করে ভাঙ দোহনিয়া॥ গিরিবর নিকট খোনত খানস্কার

রবর । নক্ত বেশভ ভামরণ ঘূর্ণিত নয়ন বিশাল। নৌতুন তৃণ 'হেরিয়া ষমুনা তট
চঞ্চল ধার গোপাল॥

সথাগণ দক্ষে রঞ্জে নন্দনন্দন
উপনীত ষমুনাতীর।
পাঁচনি বেত্র বাম কক্ষে দাবই
অঞ্জলি ভরি পিয়ে নীর॥
গোপালের এই বালক স্থাগণ একান্ত তদ্গতপ্রাণ; ইংারা তাহার কোনও কট্ট সহিতে পারে
না, অল্প মাত্র অদর্শনে আকুল হইয়া উঠে;
গোপাল তাহাদের কোমল হাদ্যের একমাত্র
সম্বল, একমাত্র ভালবাসার অবলম্বন।
হিশ্লায় কণ্টক দাগ, বশ্বানে বন্ধন লাগ

মলিন হইরাছে মুখশশী।
আমা সভা তেরাগিরা কোন্বনে ছিলা গিরা
তোমা ভিন্ন দব শৃত্য বাদি॥
নবঘনশ্রাম তফু ঝামব হইরাছে জরু
পাষাণ বেজেছে রাজা পার।
বনে মাদিবার কালে হাতে হাতে সঁপে দিলে
ঘরকে গোলে কি বলিব মার॥
বেশবাব বলিয়া বনে আইলাম তোমার সনে

বিসিয়া তরুর ছায়।
বনে বনে উচাটিয়া তোর লাগি না পাইয়া
আমা দভা প্রাণ ফাটি যায়॥
জ্ঞানদাস কহে বাণী শুন ভাই নীলমণি
এ কোন চরিত ভোর বল।

আমাদের ফেলে বনে ু যাও তুমি অন্ত স্থানে তুমি মোদের এক যে সম্বল ॥
বিশল উজ্জল সোলবোঁ , গোপবালকগণের
হানর পরিপূর্ণ , ইহাদের স্থো খাদ নাই, ইহা
বাঁটি সোনা। ''এই কি করিলাম, ব্রি
বাড়াবাড়ি হইল'' এমন ভাব ইহাদের মনে
আসে না ; ইহারা থালি ভালবাসিতে জানে,

ভালবাসা দিতে জানে, আর কিছুই জানে না। মহাপুরুষ অর্জ্জনও ক্লফকে স্থা বলিয়া অপরাধ চ্ট্যাছে বলিয়া নিজ অপরাধ ক্ষালনের প্রয়াস করিয়াছিলেন, কিন্ত এই গোপশিশুরা অবিমিশ্র স্থার্সে অনুপ্রাণিত হইয়া রুঞ্জের ঐর্থ্যের প্রতি ভ্রাক্ষেপও করে নাই। ইহাকেই বলে ''কেবলা রতি" এবং তাহা বুলাবনেট সম্ভব হইয়াছিল। যশোদার বাৎদল্যেও এইরূপ নির্মাণ ও পবিত্র স্লেহের পরিচয় পাওয়া যায়; ভাহার ভিতরও কোনও প্রকার সঙ্কোচের বাধা-বিল্ল নাই। যশোমতী গোপালকে কেবল স্নেহ দিতে চান--দেই স্লেহরদে তাঁহার গোপালকে আপ্ল করিয়াই তিনি তৃপ্ত। ইহাতে কেবল বাংদল্য-রভি। এইরূপ অবিমিশ্র ভালবাদা ভগবানকে উল্লসিত করিতে পারে, বৈঞ্ব-কবি জানদাস তাহাই বুঝাইয়াছেন। তিনি আনন্দময় ভক্তিময় হাদয়ের মধুর আবেগে এই সকল বিভিন্ন রুসের চিত্তা আঁকিয়া ভক্তের ফাদয়ে

আনন্দ ও আশার স্থার করিয়াছেন--বঙ্গ-সাহিত্যকেত্রকে ভাবোর্বর করিয়া---বহুফল-भानौ कतिया, आमानिशतक वित्रक्रक्क छानात्न বন্ধ করিয়াছেন। জ্ঞানদাদের পদাবলী ভাব-সর্বাস্থ ভাবের সার মাত্র নহে; ইহারা প্রেম-পুণকিতচিত্ত **ভক্তের ভগবংপদে স**চনদন-তুলদীস্থরণ, অশ্রুসিক্ত-নির্মাণ্য-স্থরণ, স্নিগ্ধ ও কোমল, সরল ও পবিত্র। বিনি যে ভাবেই ইহাদের গ্রহণ করুন, ইহারা কাহাকেও বঞ্চিত করিবে না; ভক্ত ইহাদিগের কাছ হইতে ভক্তি ভিক্ষা লটবেন, রসিক ইহাদিগকে রসের আকর বলিয়া গ্রহণ করিবেন, ভাবক ইহা-দিগকে ভাবপরিপোষক বলিয়া গ্রহণ করিবেন। कलड: क्लाननारमत भनावली निर्द्धाय ना হইলেও, বহুগুণসম্পন্ন; সে বিষয়ে নিতাস্ত পরীবাদপ্রিয় সমালোচক ভিন্ন আরু সকলেই স্বীকার করিবেন ভাহাতে সন্দেহ মাত্র নাই। শ্ৰীজিতেন্দ্ৰলাল বস্থু।

মহাভারতের ঐতিহাসিকতা

লৌকিক অংশ গাথামূলক

এক্ষণে বিচার্য্য যে, উক্ত বংশাবলী প্রামাণিক কি না। ইহাতে কোন অলোকিকতা নাই।
ইহাও যে গাধামূলক এবং কবির স্বকণোল-করিত নচ্ছ, তাহা ৯৫ অধ্যায় পাঠ করিলেই ব্যা যায়। তংস্কর ও ছন্মস্তের ও শান্তরর উপাধানে প্রাচীন গাধা উক্ত হইয়াছে। ভংস্কর উপাধানে প্রেচীন গাধা উক্ত হইয়াছে। ভংস্কর উপাধ্যানে যে অলোকিক 'ব্যাপার অর্থাৎ সরস্বতীর তংস্ককে পজিত্বে বরণ, তাহা বিশাস না করিলেও, এইরূপ ভাবে তাহার ব্যাধ্যা করিতে পারা যায় যে, সরস্বতী তারে ব্যাধ্যা করিতে পারা যায় যে, সরস্বতীর বরে

সরস্থ তীর অংশভূতা সরস্থতী নায়ী কোন পত্নী
লাভ করেন। মহাভারতে ত্মস্তোপাথানে
ছব্রিসা নাই। ঠাহার অভিস্পাত্রশতঃ
ত্মস্তের স্থতিলোপ ও অসুরীয়ক দর্শনে পুনংস্থতির কথাও নাই। ইন্দ্রের সাহায্য জন্ত ত্মস্তের স্থর্গে গমনও মহাভারতে বর্ণিত হয়
নাই। কালিদাস ঐ সমস্ত অলোকিকতা কতক প্রপুরাণ ও কতক স্বীয় করনা হইতে পাইয়াছেন। মহাভারতে অলোকিকতার মধ্যে এই মাত্র আছে বে, বখন ত্মস্ত শক্তলাকে পরিনীতা জানিয়াও,লোকলজ্জার ভয়ে স্বীকার করেন নাই, তখন দৈববানী হয় — ''মাতা ভন্না পিতু: পুত্রো যেন জাত স এব সং।
ভরম পুত্রং হল্পস্ত ! মাবমং ছা শকুন্তলাম ॥
বেতোধাঃ পুত্র উনন্ধতি নরদেব যমক্ষরাং।
ভঞ্জান্ত ধাতা গর্ভক্ত সভ্যমান্তঃ শকুন্তলা ॥
মাতা ভন্তা বা চর্মপুটক স্বরূপ। পুত্র
পিতারই সম্পত্তি। যাহার ঔরসে বার জন্ম,
সেই তাহার। হে হল্পন্ত ! পুত্রকে ভরণ
কর, শকুন্তঃ।কে অবমাননা করিও না। হে
নরদেব ! রেতসোৎপদ্ম পুত্র যমগৃহ হইতে
(পিতৃগণকে) উদ্ধার করে, তুমিই এই
গর্ডের ধাতা। শকুন্তলা সভাই বলিরাছেন।

ঐ দৈববাণীর পর হয়ন্ত সভাদদ্বণকে বলিলেন হো, দেবগণ যাহা বলিলেন, আপনারা গুনিলেন ত ? শকুন্তলা যথার্থই আমার পত্নী, ভরত আমার বীজোৎপর। এক্ষণে আপনারা অনুমোদন করিলে, আমি শকুন্তলাকে লইতে পারি। তাঁহারা একবাক্যে অনুমোদন করায় হয়ন্ত পত্নী ও পুত্রকে গ্রহণ করিলেন। এই আধানে হয়ন্ত রামচন্দ্রের ভায় যে প্রজাবন্ধক, তাহা ব্রায়। যদি আকাশবাণীতে বিশাদ না থাকে, তাহা হইলে রাজা যে প্রজাবনের অনুমোদন লইরা গোপনে বিবাহিতা পত্নীকে গ্রহণ করেন, ইহাই দৈববাণীর ব্যাথ্যা করিতে পারেন। স্বতরাং অলোকিকতা প্রযুক্ত ঐ বংশাবলী অবিশাদ-যোগ্য হইতে পারে না।

ये यः गावली श्रीक्ष कि ना ?

কিন্তু ঐ বংশাবলী গ্রহণে ছইটী আপত্তি হইতে পারে। একটা এই যে, ঐ বংশাবলী মহাজারতের বঙ্গীর সংস্করণগুলিতেই দেখা যার, কিন্তু দাক্ষিণাত্য পুতিকাবলখনে কৃত নির্ণদ্ধ-সাগর প্রেসের সংস্করণে নাই। বজীয় সংস্করণ ভলির ৯৫ অধ্যায়ই বোষাই এর সংস্করণে

নাই। স্থতরাং উহ। তীক্ষবৃদ্ধি কোন বলীয়
মহারণের স্থচতুর রচনা ও পরে প্রক্রিপ্ত, ইহা
বোধ হয় কোন মহাত্মা বলিবেন। তহতুরে
বক্তব্য এই যে, বোদ্বাই সংস্করণের পাঠ
সমীচিন নহে। জনমেজয় ত্মীয় বংশের আমৃদ
পরিচয় বৈশম্পায়নকে জিজ্ঞাসা করেন, তাহা
ঐ সংস্করণেই প্রকাশ। য্যাতির উপাখ্যান
সমাপ্ত হইলে উক্ত পুস্তকে জনমেলয়ের মুখে
এই ছই শ্লোক দেওয়া আছে—

পুত্রং ষষাতেঃ প্রক্রাহি পুরুং ধর্মজ্তাং বরম্।
আরপুর্বেলে যে চাতে পুরোর্বংশবিবর্দ্ধনাঃ ॥
বিস্তরেল পুনর্জ হি দৌলস্তের্জনমেজয়াং।
কংবভূব যথা রাজ্য ভরতো দ্বিজসন্তম ॥
যক্ষাতির পুত্র ধার্মিকগণের অগ্রগণা পূরুর
বিষয় ও অপর যে সকল পুরুর বংশধর জ্মেন,
তাঁহাদের বিষয় বিশদরূপে বলুন। আরও
হে বিজ্বর! হল্মস্ত হইতে রাজা ভর্ত যেরূপে
জ্মাণাভ করেন, তাহাও সবিস্তর বলুন।

এই প্রশের উত্তরে পূরু হইতে জনমের পর্যান্ত অথও বংশধারাই দেওয়া উচিত। কিন্ত বোদাই সংস্করণে যে বংশাবলী আছে, তাহা থণ্ডিত। উহাতে কেবল প্রানিদ্ধ পুরুষ-গণেরই উল্লেখ হইয়াছে। স্থতরাং বলায় সংস্করণে যে অত্যে ৯৪ অধ্যায়ে প্রথিত বংশধর-গণের উল্লেখ করিয়া, ৯৫ অধ্যায়ে অথও বংশাবলী দেএয়া হইয়াছে, তাহা ম্কুর্ক।

শহাভারতের সহিত পুরাণের বিসন্থাদ ও দামঞ্জ সহাভারতের আদিপর্বের ৯৫ অধ্যারের বংশাবলী স্বীকারে বিভীয় আপত্তি এই হইতে পারে বে, ঐ সন্থক্ষে মহাভারতের সহিত পুরাণের বিসন্থাদ দৃষ্ট হয়। সেই বিস্থাদ দেখাইবার জন্ম উভন্ন বংশাবলীই দেওয়া গেল।

(of all All)	17(10)11(10)1
_{মহা} ভারতের বংশাবলী।	বিঞ্পুরাণের বংশবলী।
১। প্রা	ু ১। পুরু
२। जनम्बर	२। कन्द्रमञ्जू
ত। প্ৰাচিখান	৩। প্রাচিয়ান্
৪ : সংখাতি	৪। প্রবীর
ে। অহংযাতি	৫। মনস্য
৬। দাৰ্কভৌ ম	७। व्य छरान
१। ङाइटमन	৭। ইংহ্যম
৮। অবাচীন	৮। বছপ্ৰ
৯। অরিহ	२। সংযাতি
১ । মহাভৌম	১•। অহংগতি
১১। অধুতনারী	১১। রৌডাখ
১২। অক্রোধন	>२ । अःक न्
১০। দেবাতিথি	১০। রুভিনার
১৪ । अ बिह	১৪। তংশ্ব
20 羽野	১৫। ञे केन
১৬। মতিনার	১७। इञ्च ४
১৭। তংশ্ব	১৭ : ভরত
১৮। ঈ िन	>৮। वि डथ
১৯। হৃত্ম ক্ত	১৯। ভবনাকু
२∙ । ভ র্ভ	२ ॰ । বূ হৎক্ষেত্র
२ ১। ভূম নু ।	২১। হুহোত্র
২২। হুহোত্র	२२ । इछी
२०। इखी	২০। অভ্নীচ
২৪। বিকুঠন	28 物虾
२ ० । अस्त्रका शीष्	२०। मः १४त्र
२७ । सक	२७। क्रू
२१। मः तत्र १	२१। अङ्
२ ⊬। क् <i>व</i>	२৮। २२३०
२२। तिन् त्रथ	২৯। বিদূরণ
७ । अन्य	৩ । সাক(ভীম
ু । পরীকিং	०)। अवस्यम
৩২। ভীমদেন	७२ । च्यात्रायी
৩০। প্রতিশ্রাঃ	৩০। অধ্তায়্
જાા લાકૌ প	৩৪। অক্রোধন
৩৫। শাস্তসূ	৩৫। দেবাভিপি
	৩৬ ঝক্ষ
	৽। ভীমসেন
	७५। पिकीপ
	୍ଧ। ଅଞ୍ଚିମ
	৪০। শাস্তমু

বিষ্ণুপ্রাণের উপরোক্ত বংশাবলী সকল প্রাণেরই সক্ষত। প্রভেদ এই পর্যান্ত দেখা যায় যে, কচিৎ কোন কোন পুরুষ মন্বদ্ধে এক নামের পরিবর্ত্তে অন্য নাম আছে। যথা আরাবীর পরিবর্ত্তে আরাধি—

পুরাণের বংশাবলী-মতে পুরু হইতে কুরু পর্যাপ্ত ২৬ পুরুষ, কিন্তু মহাভারতের বংশাবলী মতে ২৮ পুরুষ। পুরাণ-মতে কুরু হইতে শাস্তমু পর্যাস্ত ১৫ পুরুষ, মহা-ভারত মতে ৮ পুরুষ। স্থভরাং কুরুর অধস্তন পুরুষে যতদূর উভায়ের মধ্যে অনুক্র, ততদূর উর্জ্বতন পুরুষে নাই। এই অংশেই উভয়ের মধ্যে নিশ্চয় একটীতে ভ্রম আছে, বলিতে হইবে। মহাভারতে কে কোন্ বংশীয়াকে বিবাহ করিয়া কি পুত্র উৎপাদন করেন, ইহা বিশদ-ভাবে লিখিত আছে। পুরাণে তাহা নাই। মুতরাং পুরাণেই লিপিকর-প্রমাদ থাকা সম্ভব। পুরাণের অংশে যে লিপিকর-প্রমাদ আছে, তাহা পুরাণ হইতে দেখা যায়। পুরাণ-মতে জ্বাদন্ধ কুকর পুত্র স্থায় বা স্থাবরার বংশে এবং যুধিষ্ঠির কুরুর পুত্র জহ্নুর বংশে জাত। জরাদন্ধ ও যুধিষ্ঠির যে সম্সামন্ধিক, ভাহা পুরাণ এবং মহাভারত উভয়েই স্বীকার করেন। উভয়ের মতেই জরাসদ্ধ ভীম কর্ত্ত হত হন এবং অরাসরপুত্র সহদেব ভারতথ্নে পাওবপকে ধুদ্ধ করেন ও নিহত হন। ত্রহ্মাণ্ড পুরাণের অমুষক্ষ পাদে স্পষ্ট লিখিত হইয়াছে।

''সংগ্রামে ভারতে ভস্মিন্ সহদেবো

নিপাতিত: ॥''

সেই ভারত-সংগ্রামে (জারাদির্নি) সহদেব নিহত হন। পুরাণে জরাসদ্ধকে কুরু হইতে অষ্টম পুক্ষ বলা হইয়াছে। যথা—কুরুর পুত্র স্থায়ুক বা স্থাবা, তৎপুত্র স্লেছাত্র, তৎপুত্র

চাবন, তৎপুত্ৰ ক্বতক, তৎপুত্ৰ উপবিচৰ বস্থ. তৎপুত্র বৃহদ্রথ ও তৎপুত্র জরাসদ্ধ। এক্ষণে বিচার করুন যে, কুরু হইতে জরাস্থা যদি অষ্টম পুরুষ হন, তাহা হইলে তাঁহার সম-সামন্ত্রিক বৃধিষ্ঠির কুরু হইতে অপ্তাদশ পুরুষ হইতে পাবেন কি না। সাত পুরুষের মধ্যে জ্যেষ্ঠের ধারা হইতে কনিষ্ঠের ধারা কথনই এত বৃদ্ধি পাইতে পারে না যে ১০ পুরুষের পার্থকা হইয়া প্রেড্র মহাভারতের বংশাবলী-মতে কুরু হইতে যুধিষ্ঠির একাদশ পুরুষ। জ্যেষ্ঠ ভাতার অধন্তন অষ্টম পুরুষ কনিষ্ঠ ভাতার একাদশ পুরুষের সমসাময়িক হইতে পারে। ত্মতরাং কুরুর অধন্তন বংশ সম্বন্ধে পুরাণের পরিচয়ে যে ভ্রান্তি আছে, ইহা পুরাণমতেই স্থির। অন্ত দিক হইতেও দেখিতে গেলে, এই সিদ্ধার অনিবার্য। উপরিচরবন্ধর রেত ভক্ষণে মংকাগর্ভে সভাবতীর জনা। দেই সভাবতীর কানীন পুত্র বেদবাাস। ঐ সত্যবতী পরে শাস্তম্ম বুদ্ধাবস্থার ভার্য্যা হন। চিত্রাঙ্গদ ও বিচিত্রবীর্য্য তাঁহার পুত্র। ম্বতরাং উপরিচর শাস্তমুর পিতা প্রতীপের সমসাম্বিক হন। মহাভারতের বংশাবলী স্বীকার করিলে ভাহাই ঘটে; কারণ, কুরু হইতে প্রতীপ সপ্তম পুরুষ এবং পুরাণ-মতে কুরু হইতে উপরিচরবন্ধ ষষ্ঠ পুরুষ। স্থতরাং পুরাণে যে কুরু ছইতে শাস্তমু পর্যান্ত পঞ্চদশ পুরুষ ধরা ইইয়াছে, তন্মধ্যে সপ্ত পুরুষ निम्ठब्रहे व्यक्षिक ध्रता हहेबाटहा প্রণিধান করিয়া দেখিলে বুঝা যায় যে, সার্ক-ভৌম হইতে ঋক পর্যান্ত সপ্ত পুরুষ লিপি-করের দোধে কুরুর অধস্তন হইয়া পড়িয়াছেন। ঐ সপ্ত পুরুষই কুরুর উর্দ্ধতন হইবেন। কিন্তু

কুক হইতে মতিনার প্র্যান্ত উহাদের স্থান নাই, কারণ, ঐ অংশে মহাভারতে 🖁 পুরাণে কেবল বৃহৎক্ষেত্র ও বিভথ এই চুই পুরুষ ভিন্ন কোনও বিসম্বাদ নাই। অতএব निःमत्मरक वना **घा**देख भारत (व, मिछ-नारत्रत शृत्र्त थे मश्र श्रूक्ष वाहरवन। ভারতে তাই দেখা যায় যে, অহংযাতির পুর সার্বভৌম ও পৌত্র জয়সেন। প্রাণের সার্বভৌম ও অয়দেনকে পুরাণের অহংযাতির পরবর্তী বলা যুক্তিযুক্ত। পুরাণের অবুতায়ু, অক্রোধন ও দেবাতিথি যে মহা-ভারতের অযুতনায়ী, অক্রোধন ও দেবাতিগি এ বিষয়ে সংশয় থাকিতে পারে না। পুরাণের বংশাবলীতে উঁহাদের স্থান জয়সেনের প্রই হওয়াউচিত। পুরাণের আরাবী বা আরাধি মহাভারতে অক্রোধদেনের পৌত্র অরিহ বলিয়া বোধ হয়। স্কু ভরাং পুরাণের ৩৬ নং ঋক যদি অবাচীন বা মহাভৌমের মধ্যে কেঃ হন, তাহা হইলে সংযাতি হইতে দেবাতিণি পর্যান্ত মহাভারতের ও পুরাণের বংশাবলী মিল পুরাণের রস্তিনারই মহাভারতের মতিনার, এ বিষয় সন্দেহ নাই। রস্তিনারের পিতা ঋক্ষেয়ুই যে মতিনারের পিতা ঋক, ইহাও ঠিক। থকেয়ুর পিতা রৌদ্রাখই মহাভারতের মতিনারের পিতামহ অরিহ। ১৪ अक्षारत दत्रोजात्यत नाम चारह, এই व्यक्षारत्रहे ঐ ব্জিরই অপর নাম অরিছ দেওয়া হইয়াছে। পুর্বাকালে এক নৃপতির হই তিনটা ক্রিয়া নাম পুরাণ ও তাম্রশাসনাদি হইতে দেখিতে পাওয়া যায়। একলে দেখুন বে, সংঘাতি হইতে শা**ন্ত** পর্যান্ত মহাভারতে ৰাকি বহিল অৰাচীন, মহাভৌম, বিকুৰ্গন,

অন্ধা ও পরীক্ষিৎ পাঁচজন: পুরাণেও বাকি বুছিল পাঁচজন বিভগ, বুহৎক্ষেত্ৰ, জহনু. সুর্থ ও ঋক। মোট সংঘাতি হইতে শাস্তমু পর্যান্ত মহাভারতে ৩১ পুরুষ, পুরাণেও ৩১ পুরুষ। স্তরাং পুরাণের অবশিষ্ট ৫ জনকে মহা-ভারতের অবশিষ্ঠ ৫ জন স্বীকার করিতেই হটবে। ভাহা হটলে সংযাতি হইতে শাস্তম্ প্রাপ্ত কোন বিসম্বাদ্ট বৃত্তিল না। সংযাতির উর্দ্ধতন পুরুষে যে পুরাণের সহিত নিরোধ, ভাষাও লিপিকর প্রমাদ-ঘটিত বটে। পুক. জনমেজয় ও প্রাচীয়ান মহাভারতে এবং পুরাণে আছে। পুরাণে প্রবীন, মনস্থা, অভয়দ, সুতাম ও বহুগব এই ৫ পুরুষ অধিক আছে, মহাভারতের আদিপর্কের ১৫ অধ্যায়ের বংশাবলীতে তাঁহাদের নাম নাই। কিন্তু পূর্ব-অধ্যা**ন্নে মহাভা**রতে প্রবীর, মনস্থা, ও তৎপুত্র অরগভামু প্রভৃতির উল্লেখ আছে। স্বহায়ের উল্লেখ শাস্তিপর্কে পাওয়া যায়। স্থতরাং ৯৫ অধ্যায়ে লিপিকরের প্রমাদবশতই উহাদের সম্বন্ধে যে পাঁচটা বাক্য ছিল, তাহা পড়িয়া গিয়াছে বলিতে হইবে। এই দিদ্ধান্ত যে সঙ্গত, তাহার নিদর্শন মহাভারতের ১৫ অধ্যারেই আছে। ঐ অধ্যারে লিখিত আছে যে, অহংযাতি কৃতবীর্য্যের কন্তা ভারমতীকে বিবাহ করেন। পুরাণে দেখিতে পাই. কৃতবীৰ্যা যতু হঠতে খাদশ পুক্ষ; যথা---)। यठ्, २ । সহস্রজিৎ ৩ । শত জিৎ, ৪। হৈহয়, ৫। ধর্মনেত্র, ৬। কুন্তি, ৭। সাহঞ্জি, ৮। महिचान, २। छत्रत्थना, ३०। इन्म, ১১। धनक ७ ১२। कुछ वीर्या। পুরাণের এই বংশাবলী মহাভারতে ধারাবাহিক না থাকিলেও, रिश्यगर्भात উল্লেখ আছে। कुछवीया य

হৈহদের বংশধর, তাহা বহু স্থলে বলা হইরাছে।
মাহিমতী যে কার্ত্তবীর্যার্চ্জুনের রাজধানী,
তাহাও দেখা যায়। ঐ মাহিমতী যে মহিমান্
নূপের নামে ইহাও বুঝা যায়। স্থভরাং
প্রাণে ক্রভবীর্যোর বংশাবলী মহাভারতের
স্বীক্রত বলিতে পারা যায়। মহাভারতের ৯৫
অধ্যাদের বংশাবলী-মতে অহংযাতি যত্র ভ্রাতা
পুক্র হইতে পঞ্চম পুক্রষ হন। তিনি কখন বহুর
ঘাদশ অধন্তন পুক্রষের ক্রাক্রন বিবাহ করিতে
পারেন না। প্রবীর, মনস্মা প্রভৃতি পঞ্চম
পুক্র অহংযাতির উর্জ্বতন হইলে, অহংযাতি
পুক্র দশম পুক্রষ হন এবং যত্র ঘাদশ অধন্তন
পুক্রের ক্রার স্বামী হইতে পারেন। স্থভরাং
মহাভারতে ও পুরাণে বিরোধ—বিরোধাভাস
মাত্র, যথার্থ বিরোধ নহে।

মহাভারভের বংশাবলীর প্রামাণিকতা

মহাভারতের বংশাবলী যে প্রামাণিক, ভাহা চালুক্যবংশোদ্ভ রাজরাজা পরনামা ঐবিষ্ণু-বধন মহীপভির দানপত্র ও উক্ত রাজরাজের অর্জ চালুকাবীর চোড় মহীপতির দানপত্র প্রভৃতি তামশাসন হইতে প্রকাশ পায়। প্রথম দানপত্ত Indian Antiquaryর ১৪ ভাগে ৫০—৫৫ পৃষ্ঠায় আছে, রাজরাজ ৯৪৪ শকে সিংহাসনে অধিরঢ় হন ও ভরহাঞ গোত্রসম্ভূত চীড়মার্ঘ্যকে চক্তগ্রহণে ঐদানপত্র ছারা কোর্মেল্লি নামক গ্রাম দান করেন। দ্বিতীয় দানপত্ত খানি South Indian Inscriptionএর ১ম ভাগে ৫৩—৫৭ পৃষ্ঠার মুদ্রিত। এথানির কাল ১০০১ শক। ঐ ছইথানিতে চালুকাবংশ চন্দ্র হইতে উৎপন্ন বলা আছে এবং ব্ৰহ্মা হইতে শান্তকু পৰ্য্যস্ত নিম্লিখিত বংশাবলী দেওয়া হইয়াছে-

দেবকি 34 ঋভুক **অ**ত্তি সোম 474 মতিবর বুধ কা গায়ন পুরব্ববা নীল আয় নত্য <u>চম্ম</u>ন্ত **ষ্**যাতি ভাইভ প্রক ভূমস্যু **र**ङौ सनरमक्र প্রাচীন বিরোচন অভ্নীচ সৈগুধাতি **হয়পতি** সংবরণ সার্বভোম 🛂 भन्ना জনমেজম পরীকিৎ মহাভোম ভীমদেন ঐশানক প্রদীপন <u>ক্রোধানন</u> শান্তম

এই বংশাবনী বে মহাভারতের বংশাবন অবলম্বনে নিথিত, তহিষয়ে কোন সংশ্ হইতে পারে না। প্রাচীনই প্রাচিয়ান,

रेमस्यां जिहे मश्यां जि, इस्र निहे व्यवस्या जि, সার্কভৌমস্থত অনমেজয়ই জয়দেন। তাম-भागरन बन्नरमरनत श्रद व्यवाहीन ও व्यविष् এই ছই পুরুষ ছাড়িয়া মহাভৌমের নাম **(मञ्जा रहेबाएक) जैनानकरे (य मयुजनाबी) (** प्रविक्टे (प्रविधि) अञ्चल है अतिह, प्रकि-वत्रहे मिलनात, कालायनहे झेलिन, हेश ম্পষ্ট ৰুঝা থায়। ভূমহ্যুর পর হৃছোত্রকে ছাড়িয়া তাম্রশাসনে হস্তীর নাম উল্লেখ করিয়া বিকুপ্তনের নামান্তর বিরোচন ছইয়াছে। পরে তামশাসন-লেখক কুরুও विनृद्धारक हाड़िया स्थवात नाम निमाट्न। এইক্সপ মধ্যে মধ্যে যে ছই এক পুরুষ ছাড়িয়া দেওয়া হইয়াছে, ভাহা জানাইবার জন্ত লেখক দানপত্রয়ে অমুকের পুত্র অমুক না বলিয়া অমুকের পর অমুক বলিয়াছেন। দান-পত্রের বংশাবলী হইতে ইহা মুক্তকঠে বলা যায় যে, মহাভারতের বংশাবলী আধুনিক কোন বঙ্গীয় পণ্ডিত আমাদিগের চক্ষে ধূলি निवात अन्न श्रीकिश करत्रन नाहे; **উ**हा महस्र वरमञ्ज शृद्धि पाकिगाट्या हत्यवश्म विषया থ্যাত **ठानूकारः नीयगरनंत्र** मरधा ছিল। এ কারণ এই পণ্যন্ত বলা ষাইতে [°] পারে যে, গাথা ও লেখো রক্ষিত প্রাচীন লোকিকাংশের ইতিবৃত্ত অবিশ্বাস করা (क्यमः) ত:গাহ্দমাত্র।

শ্রীহরিচরণ গঙ্গোপাধ্যায় শান্তা।

সালিশ-নিপ্পত্তি

প্রন মুখ্যের থিড়কীরাস্তার ধার এবং মধু
মোড়লের পুকুরের পাড়, এই দো-সীমানার
উপর একটা আমগাছ লইয়া আজ পাঁচ
বংসর ধরিয়া বিবাদ চলিতেছে। লোকে
বলে, গাছটার মূল্যের বিশ গুণেরও অধিক
টাকা এ বিবাদে বায় হইয়া গিয়াছে।

ষে বারে প্রথম এ গাছে আম পাকিল-পবন মুখুয়ো তার ক্লষাণ লইয়া আম পাড়িতে গেল। গোটাকতক আম পাড়ার পর মধু মোড়ল খবর পাইয়া লাঠি হাতে ছুটিয়া আসিল এবং অভিধানবহিভূতি ভাষায় ব্রাহ্মণের কুষাণকে নামাইয়া দিল। ব্রাহ্মণ তথন অনভোপার হইয়া তাহাকে ভীষণ অভি-সম্পাত দিতে আরম্ভ করিল এবং উপবীত ছিঁড়িবার ভয় দেখাইতে লাগিল। কিন্তু অভিশাপের মাত্রা যথন ক্রমশঃ চড়িতে ণাগিল, মধু মোড়ল তথন ব্ৰহ্মশাপের জ্ঞ কিছুমাত্র উদ্বিগ্ন না হইয়া তাহার স্থ্নীর্ঘ रः भम् ७ जान्मानिङ कतिया यांश वनिन, তাহাতে ব্রাহ্মণতনয় সেধানে আর **অ**ধিক্ষ**ণ** থাকা সদ্যুক্তি মনে করিল না। মুক্তকচ্ছ পবন মুখুষ্যে পবনবেগে একেবারে अमी-দারের কাছারীতে গোমস্তার নিকট উপস্থিত **३**हेन ।

গোমন্ত। হলধর রার ওরফে হলা নাপিত তথন তামাক টানিতে টানিতে জমা-ওরাশীল-বাকীর কাগজ লিখিতেছিল; এবং মধ্যে মধ্যে অক্সমনস্ক হইরা উপরি-পাওনার উপার ভাবিতেছিল। এমন সময় পবন মুখ্বোকে এ ভাবে দৌড়াইয়া আদিতে দেখিয়া ভবিষ্যৎ আমের গন্ধ পাইয়া দে পুশক্তি হইয়া উঠিল, এবং সমন্ত্রেম উঠিনা দাঁড়াইয়া—"দাদাঠাকুর, পোনাম হই" বলিয়া আভূমিপ্রণত হইল।

পেরাম হহ' বালয়া আভ্যেপ্রণত হইল।
হলা নাপিত অনেক মেন্টি মারিয়া তবে
চিকিৎসক হইয়াছে। যেদিন পাঠশাল।
ছাড়িয়া জমীদারের পকে মিথ্যা সাক্ষ্য দিয়া
প্রস্থারত্বরপ সে জমাসেরেস্তার মোহরের
পদ পাইল, সেইদিন হইতে তাহার কপাল
ফিরিয়াছে। ক্রমে জাতিত্বলত চতুরতার
গুণে সে আজ তিনখানা গাঁয়ের গোমস্তা—
কেহ কেহ তাহাকে নায়ের ম'শায়' বলিয়া
থাকে। হলা নাপিত আজ হলধর রায় এবং
সে দেশের সমস্ত মামলা-মোকর্দমার পরামর্শদাতা এবং তহিরকারক।

পবন মুপুষ্যে বছক্ষণে খাদক্ষ্ট শান্ত
করিয়া যথন সমস্ত বিবরণ প্রকাশ করিল,
তখন হলধর বলিল—"তার আর ভর কি,
দাদাঠাকুর ? আমি এখনি এর ব্যবস্থা
কর্চি। দশ টাকা ধরচ হবে, তা ব'লে ভ'
কেউ আর নিজের হক্ ছেড়ে দের না!
দেখে নেবো কেমন বেটা চাবা!" ভার পর
নানাবিধ শলা-পরামর্শ করিয়া কভকটা শান্ত
হইয়া ব্রাহ্মণ গৃহে ফিরিল।

সন্ধার পর মধু মোড়লও গোমন্তা মহাশরের সঙ্গে সাক্ষাৎ করিরা যথোপযুক্ত উপদেশ পাইল। পর্দিন পবন মুথ্যে মহকুমার গিরা, জোর করিরা ফল কাড়িরা লওরা
ও মারপিটের ভর দেখান ইত্যাদি অকুহাতে

ফোজদারি কোর্টে দরখান্ত পেশ করিল। মধু মোড়লের পক্ষ হইতেও একজন মোক্তার ফল চুরির জন্ত পবন মুখ্যের নামে নালিশ দারের করিল। গোমন্তা হলধর রারও সেদিন 'দৈবক্রমে' মহকুমার উপস্থিত—তার না কি মুন্সেফকোর্টে কি একটা কাজ ছিল।

অমলি করিয়া মোকর্দমা বাধিল। পবন
মুখ্যো একে বৃদ্ধি, ভার কালা; কাজেই একটু
জেলী। তার উপর একটা চাষা তাকে
অমনতর অপমান করিয়াছে; এর প্রতীকার
না করিতে পারিলে দে আর গ্রামে বাদ
করিবে কোন্ মুথে । মধু মোড়ল চাষার
গোঁয়ার, তার উপর হ'পয়সার সংখান আছে;
— দে কি একটা মোকর্দমা লড়িতে ভয় পায় !
গংকাপরি কৌরকার-নন্দন উভয়েরই হিতাকাজ্জী পরামর্শদাতা। এহেন মণিকাঞ্চনসংযোগে উভয় পক্ষের কৌজদারী মোকর্দমা
বেশ জেদের সক্ষেই চলিতে লাগিল।

ভেপ্টবাব্ উভরপক্ষের মোক্তারের স্থানীর্ঘ বক্তৃতা শুনিয়াও কিছুমাত্র বিচলিত হইলেন না; এবং কেহই যাহাতে শান্তিভঙ্গ করিতে না পারে, দেজত উভরপক্ষকে, মুচ-লেকার আবদ্ধ করিয়া দেওয়ানী আদালতে আপন আপন স্বস্থ সাবাত্ত করিবার আদেশ দিলেন। এদিকে দারোগার উপর হুকুম হুইল—বে পর্যান্ত না দেওয়ানী আদালতে স্বস্থের মোকর্দমার নিম্পত্তি হয়, ততদিন দারোগা গাছের ক্ষল পাড়াইয়া নিক্ষের হেফা-জাতে রাথে।

সে আৰু পাঁচ বছরের কথা। কিন্তু কোন পক্ষই এ পর্যান্ত দেওয়ানীতে অত্তের মোকর্দমা কৃষ্ণু করে নাই; কেননা, যে নালিশ করিবে,

প্রমাণের ভার তার উপর। এদিকে দারোগা বাবু আদালভের হকুম মত চৌকিদার দিয়া আম পাডাইয়া বিশেষ হেফাজাতে রাখিলেন — সেবারকার মত বিবাদ মিটিল। বংসর আবার আম পাকিবার পূর্বে উভয় পক্ষের দরধান্ত পড়িল। আবার পূর্বের মতই হুকুম হইল। এমনি করিয়া প্রতি বৎসরই মোকর্দমা দায়ের হইবামাত্র শান্তি-ভঙ্গভয়ে দারোগা বাবু গাছের আমগুলি পাড়াইয়া লইতেন—কেননা, স্বস্থ সাব্যস্ত না হওয়া পৰ্য্যস্ত কাহাকেও তাহা দেওয়া ষায় না। আর তিনি গভর্ণমেণ্টের নিমক-হালাল কর্মচারী হইয়া কেমন করিয়া শান্তি-ভঙ্গের প্রশ্রম দিবেন ? ফলগুলি কাজেই তাঁহাকেই বাধা হইয়া সাম্শাইতে হইও। আম-পাড়া হইয়া গেলে উভয় পক্ষ শাস্তভাব ধারণ করিত: এবং বৎসরাজ্যে আবার যথা-সময়ে বর্ণারীতি বিবাদ স্থক হইত। এমনি করিয়া পাঁচ বৎসর কাটিল। বিবাদীদের স্বত্ত স্থিত হউক বানা হউক ক্রমে এ গাছের আমের উপর দারোগা বাবুর 'দখলীম্বড্' পাকা হইবার উপক্রম হইল।

শেষে বৃদ্ধ ত্রাহ্মণ ধৈর্য হারাইয়া
দেওয়ানীতে নালিশ করিতে ক্রত্তদক্ষর হইল।
গোমন্তার পরামর্শে দারোগা বাবুর নিঃস্বার্থ
উপদেশ সব ভাসিয়া গেল। মুখ্যো এবার
কাহারও কথা না শুনিয়া মুক্সেফী আদালভের
আশ্রম কইল। এবার পাকা রক্ষের
মোকর্দমা চলিবার স্ত্রপাত হইল।

বিবাদের হেতু ও বিবরণ শুনিরা মুক্ষেক বাবু সালিশ-নিম্পত্তির উপদেশ দিলেন। কিন্তু প্রথমে উভয় পৃক্ষকে রাজী করা শক্ত হইল। অবশেষে মুক্সেক্ষ বাবুর তাড়নায়
এবং প্রতিবেশিগণের পরামর্শে উভয়ে তাহাতে
স্বীকৃত হইল এবং আদালতের নির্বাচনে
এক জন কমিশন নিযুক্ত হইলেন।
হুকুম হইল—তিনি সরেজমিনে তদস্ত করিয়া
রিপোর্ট দিবেন, উভয় পক্ষ তাঁহার ফিস্ ও
পাথেয়াদি বহন করিবে।

এই হুকুমের সপ্তাহ পরে একদিন পল্লী-বাদী বালক-বালিকা এবং বধূর্নের স্বিশেষ কৌতৃহল উৎপাদন করিয়া উকীল বাবুর পান্ধী গ্রামের মধ্যে প্রবেশ করিল। নিরপেক উकीन वावूत्र विवामीत्मत्र काहात्र शहर थाका সম্বন্ধে বিশেষ আপত্তি; কিন্তু তিনি ব্ৰাহ্মণ. এবং গ্রামে এক পবন মুখুয়ো ভিন্ন আর বান্ধণ নাই,--- সগত্যা তিনি সকলের বিশেষ অনুরোধেই মুখুযো মহাশয়ের গুহে থাকাই দেখিতে দেখিতে প্রন স্থির করিলেন। মৃথুষ্যের চণ্ডীমণ্ডপ লোকে ভরিয়া গেল এবং গ্রামবাসীরা সবিস্থয়ে উকীল বাবুর চোগা চাপকান ও স্বর্ণচেনশোভিত বর্বপু এবং চশমাবিমণ্ডিত গ্রভীর মুখমণ্ডল নির্নিমেষ-নয়নে দৈখিতে লাগিল।

এদিকে মধু মণ্ডল ছুটিয়া গোমন্তা মহাশয়ের গৃহে উপস্থিত। উকীল বাবু পবন মুখুযোর গৃহে অধিষ্ঠান করায়, তাহার সব আশী ভরুষা উড়িয়া গিয়াছে; তাই সে হলধরের নিকট কিংকর্ত্ব্য স্থির করিতে আদিয়াছে। 'হলধর গন্তীরভাবে বলিল—'এখন কিছু বলা যায় না। আমি বৈকালে দেখা কর্ব; তার পর অবস্থা ব্রিয়া ব্যবস্থা।'' মধু মণ্ডল চিন্তিত হইয়া গৃহে ফিরিল।

পরদিন প্রাতে উকীল বাবু মহাধুমধামে মাত বৰ বদিগকে গ্রামের একর ক্ৰ বিষা তাহাদের সমকে সরেজমিনে তদন্ত আরম্ভ করিলেন। রশি ধরিয়া নানাদিক হইতে মাপ হইতে লাগিল: উকীল বাবুর বিভাবদি এবং সর্বোপরি তাঁরে নিরপেক্ষতা দেখিয়া লোকে বিশ্বিত হইয়া গেল। কিন্তু সেদিন কিছুই স্থির হইল না। কেননা, একবার মাপিয়া লাইন ফেলিতে গিয়া আম গাছটা এবং মুখুযোর বাড়ীর আধঝানা মধু মণ্ডলের পুকুরের সামিল হইল; দ্বিতীয় বাবে দেটা এবং তৎসঙ্গে আরও হু পাঁচটা গাছ, যাহা মধু চিরকাল নির্বিবাদে ভোগ করিতেছে. टम खनां अ भवन मूथ्र्यात समीत मर्था भिंच। কাজেই সেদিনকার মত কাজ বন্ধ রহিল।

মধ্যস্থের অটল নিরপেক্ষ ভাব দেখিয়া
গ্রামবাদীরা যেমন মুগ্ধ ও বিস্মিত হইল,
বিবাদীরা তেম্নি শক্ষিত হইয়া উঠিল।
গোমস্তা হলধরের পরামর্শে দেই রাজে
আহারাদির পর পবন মুখুযো মরিয়া হইয়া
উকীল বাবুর নিকট একটা নীতিবিগর্ফিত
প্রস্তাব করিয়া বিদিল। ফলে বাবুর মেজাজ
গরম হইয়া উঠিল; তিনি ভদ্রভাষায় ব্রাহ্মণকে
বিশেষ ভর্মনা করিলেন। বিপরীত ফলের
ভরে ব্রাহ্মণ ম্রিয়মাণ হইয়া পড়িল।

বিভীর দিন আবার মাপ আরম্ভ হইল।
সেদিনও কি একটা গোল বাধিরা গেল—
কিছুই স্থির হইল না। সন্ধ্যার সময় উকীল
বাব্র প্রিয় ভ্তা ফকির চাঁদ আসিয়া থবর
দিল—উকীল বাব্র বিবাহের দক্ষণ ১০০২
টাকা মূলাের অঙ্গুরীরটি আমতলার হারাইয়া
গিয়াছে। দেখিতে দেখিতে ২০।২৫ জন

লোক বিড়কীর রাজা হইতে পুক্রের পাড় সর্ব্ব থুঁজিতে লাগিয়া গেল। কিছ কোনোখানে সে হারানিধির দর্শন পাওয়া গেল না। সকলে পরিশ্রান্ত হটয়া ফিরিয়া আসিল এবং নানাপ্রকারে আন্তরিক তংথ ও সমবেদনা প্রকাশ করিতে লাগিল।

মধু মণ্ডলও এই আক্সিক ঘটনায় চিস্তিত হইল <u>১ ক্রিল</u>•সে চিম্তা অন্ত প্রকারের। কই, কাল বা আৰু প্ৰাতে সে ত উকীৰ বাবুর হাতে এই বহুমূল্য আংটিটি দেখে নাই। সে তথন ভাহার সচিব প্রবর হলধরকে **এই স্লেহের কথা জানাইল।** হলধর, ভাবিল,—কথাটা ত ঠিক। সঙ্গে সঙ্গে তার উর্বর মন্তিকে একটা অভিনব প্লানের উদয় হইল। প্রাভেই হলধর নিজের "বুদ্ধি" ও মধুমণ্ডলের "কড়ি" লইয়া কলিকাতা রওনা इहेग्रा (श्रम । (प्रथात ना कि शहरकार्षे জমীদার বাবদের একটা মোকর্দমার ভবির আবশুক। রওনা হইবার পুর্বে হলধর ক্ষিশন বাবুর খ্রীচরণক্ষণ হইতে বিদায় লওয়ার উপলক্ষে তাঁর শ্রীকরপল্লব পর্যাবেক্ষণ করিতে ভুলিল না।

পরদিন সন্ধার সময় মধু মণ্ডলের রাথান পুকুরের 'গাবায়' উকীল বাবুর আংটিটি কুড়াইয়া পাইল এবং মধুমণ্ডল আসিয়া উকীল বাবুকে তাহা সমর্পন করিল। উকীল বাবু তাহাকে বিশেষ ধন্তবাদ দিয়া হারালো আংটি হাতে পরিলেন।

তারপর সালিশের রিপোর্টে এবং মুন্সেফ বাবুর বিচারে আম গাছটি মধু মণ্ডলের সম্পত্তি বলিয়া সাবাস্ত হইল। এতদিনের বিবাদের এইবার নিষ্পত্তি হইল দেখিয়া গ্রামের লোক সকলেই ऋथी बहेल। মোডলদের দাওয়ায় এবং বারোয়ারীতলায় "কমিশ্ন" বাবুর কথা लहेश्रा श्रीप्रहे আন্দোলন হইত, এবং গ্রামবৃদ্ধগণ তাঁহার নিংপেক্ষতার তারিফ করিয়া মন্তবা প্রকাশ করিত-"এমন না হ'লে আর জজে সালিণি কর্ত্তে পাঠার।" মধু মোড্ল কিন্তু এ আলোচনায় যোগ দিত না: সে গন্তীরভাবে ভাষাক টানিতে টানিতে ভাবিত—'একটা আম গাছের অভে পাঁচ কুড়ি টাকা !'

শ্রীস্থবোধচন্দ্র মজুমদার।

বঙ্কিমচন্দ্ৰ

বিজ্ঞ্মচন্দ্র সম্বন্ধে আমার প্রথম প্রবন্ধে (দাহিত্য, কার্তিক, ১০১৮) বলিয়াছিলাম, "বিজ্ঞ্ম বাবুর সম্বন্ধে কোন কথা বলিতে বাওয়া এখন এক-রূপ ঝকমারি হইয়া উঠিয়াছে", সে ঝকমারি ত আছেই, তাহার উপর আমি এইবার ঝক্মারির মাস্থল দিতে বলিলাম।

পূর্ব প্রবংদ এইটুকু দেখাইবার চেষ্টা

করিয়াছি, 'ফিনি এক সময়ে বাঙ্গালাগতের সামেন দা সমাট হন, তিনি আঠার বংসর বয়দ পর্যন্ত দেই ঐর্থানয় গত্তের আলোচনা করেন নাই, প্রত্যুত একান্ত অবহেলা করিয়াছিলেন। * * * বাঙ্গালা সাহিত্য বলিতে তথন সাধারণে বাঙ্গালা কবিতাই ব্রিত। সেনাহিত্যে তাঁহার অবহেলা ত ছিলই মা,

গুলের শিষ্যত্ব স্বীকারেই দে কথার যথেষ্ট পরিচয় পাওয়া গিয়াছে। সংস্কৃত সাহিত্যও তিনি তথন কিছু কিছু পাঠ করিয়াছিলেন। আর ইংরাজি কবিতা, সেকাপিয়র হইতে বায়রণ, তিনি বিশেষ করিয়া অমুশীলন করেন। পূর্বেই বলিয়াছি, স্বভাবের দৌল্ব্যা দেখিতে অভান্ত হইয়া তিনি কবিতার দৌল্ব্যা উপ-ভোগ করিবার শক্তি লাভ করেন। যাতা গান কীর্ত্তনের কথা এখন বলিব না।"

সেবার বলি নাই, এবার বলিব-বিল্লম-চলের পিতা যাদবচল চটোপাধাায় মহাশয় একজন মহাপুরুষ ছিলেন। এমন 'রাশভারি' লোক আমমি অলই দেখিয়াছি। দিন, তাঁহাকে একটি প্রণাম করা পর্যায় আমার তাঁহার সভিত আলাপের সীমা, তবে আলাপের দিন একাদণী হইলেই বছ গোলে পড়িতাম। দেইদিন, অতি যত্নে, অতি আদরে, আমার উপর পুত্রাধিক স্নেহে, ডিনি কাছে বসিয়া আমাকে 'জল' থাওয়াইতেন। 'এট খাও,' 'ওটি খাও' করিতেন, ফল-সন্দেশের স্থাততা বর্ণন করিতেন। নিজে রস-গ্রাহী লোক ছিলেন, অন্তকে রসগ্রহণের পদ্ধতি-প্রকরণ দেখাইয়া দিতে আনন্দ বোধ করিতেন। একদিন ঐরূপ একাদশীকে সামি রদগোলা লইতে ইতন্তত করিতেছিলাম, তিনি হাস্ত করিয়া বলিলেন, ''এ কি তোমার ও পারের ফিরিঞ্চি-মূলুকের রদগোলা পেয়েছ, যে, স্থজীর বাঁথন দিবে ? -- এ পারে সে দকল হবার যো নাই, তুমি স্বছন্দে থাইতে পার।" এই যে 'রাশভারি' লোকের রহত্যে রদায়াদ —সেটি বড় অপুর্বে পদার্থ। চট্টোপাধ্যায় মহা-শয়ের রস-পরিগ্রহ না কি সকল বিষয়েই সমান

ছিল। কেবল থাইতে খাওয়াইতে নয়। তিনি
সঙ্গীত-সাহিত্যের রস বিশেষ উপভোগ
করিতে পারিতেন, এবং স্বয়ং বিপুল অর্থ
ব্যয় করিয়া নিজ ভবনে সঙ্গীতাদির আয়োজন
করিয়া আপামর সাধারণকে রস উপভোগের
হুচার স্থবিধা দান করিতেন। অতি বালককাল হুইতেই বিজম বাবু উৎক্রন্ত যাত্রা গান,
কবি, কীর্ত্তন, কথকতার রস উপভোগ
করিবার বিশেষ স্থবিধা শির্মী

আমাদের ওপারের রায় বাহাতরদের বাড়ী ছিল যাত্রা-গান-মহোৎসবের মিলন-মন্দির। এতদঞ্লের একরূপ টাউন হল্। পালিপার্ব্বণ ত ফাঁক যাবেই না, অন্ত সময়েও উৎসব আছে। হুর্গোৎসবে, ক্লফুনগর মূর্ণির উংক্ট কুন্তকার শশী পাল ঠাকুর গড়িবে, উৎकृष्टे हिज्कत हुँ हुड़ात मरहण ও वीतहाँ। न সূত্রধর চিত্র করিবে। প্রতিমা সর্বাঙ্গ-মুন্দর হঠবে। জগমোহন স্বর্ণকারের চণ্ডীর গানে উচ্চ কর্পে মামারবের মোহিনী শক্তি। অথবা নীলকমলের প্রসিদ্ধ রামায়ণ গান। যাত্রা অঙ্গে বদন অধিকারীর তুকো বা গোবিন্দ অধিকারীর 'কালীয়দমন' গান। দাশরণী রাষের কথার ছটা-ঘটা 🛊 সঙ্গে সংক তিনকজির স্থারে তালে মাধামাথি গান; ফরাদভাঙ্গার জগৎননমোহিনীর চপ্; বর্জ-मात्नत्र महत्रतो ও याद्रमणित कीर्खन ; मधु-কানের গান: এইরূপ ছোট বড় মাঝারি

^{*} দাশর্থি স্বন্ধে ব্রিম্ম বাবু আমার একদিন কথার কথার বলিরাছিলেন ;—"The fellow was master of the colloquial Bengalee."

কভরূপ গান প্রায়ই হইত। এই ধরণীর কথকতা ক্রমাগত তিন মাস চলিয়াছে। এ সকলের আর কভ পরিচর দিব ? বহিম বাব্র গ্রন্থসমূহ-মধ্যে কীর্ত্তনের ও সহজ গানের সামান্ত পরিচয় পাওয়া যার, কিন্তু তাঁহার সংগ্রহ ছিল বিস্তর, তিনি আমাদিগকে দিয়া গিয়াছেন, তাহার কুদ্র অংশ মাত্র।

বিশ্বমচন্দ্রের শিক্ষার আর একরপ উপকরণ, তাঁহাদের ভবনে প্রতিষ্ঠিত রাধাবল হজী
ও তাঁহার নিজ্য সেবা। এই বিগ্রহের প্রতিষ্ঠা
সম্বন্ধে একটি গল্প আছে। 'বন্ধিম জীবনী' •
হইতে দেই গল্লটি উদ্ভুত করিয়া দিতেছি।
"১৭৪৮ খুইান্ধে একদা অপরাত্রে জনৈক
জ্যাজুট্থারী সন্ন্যাসী সশিষ্য কাঁটালপাড়ার
আসিয়া উপনীত হইলেন। অতিথিশালা
নাই, সন্ন্যাসী বাধা হইয়া 'অর্জুনা'র ভটে
বটজাল্লাতলে বিশ্রামার্থ উপবেশন করিলেন।
তাঁহার কাঁধে একটি দীর্ঘ বিলম্বিত কুলি।
কুলির ভিতর "রাধাবল্লভ্জীউ" ছিলেন।
সন্ন্যাসী কুলিটি নামাইয়া তক্বছায়ায় উপবেশন
করিলেন।

বিশ্রামান্তে যথন সন্ন্যাসী ঝুলিটি তুলিতে গেলেন, তথন ভাহা আর তুলিতে পারিলেন না। ক্ষুদ্র বিপ্রাহ তুলিতে সন্ন্যাসীর সামর্থ্যে কুলাইল না। সন্ন্যাসী ব্ঝিলেন, ঠাকুরের সে স্থানে থাকিতে ইচ্ছা হইন্নাছে। তিনি তথন (সেই গ্রামের সক্ষতিপন্ন ব্যক্তি) রঘ্-দেব ঘোলাকে ঠাকুর-সেবার ভার গ্রহণ করিতে অমুরোধ করিলেন। রঘুদেব তলুহুর্তে স্বীকার পাইলেন। সন্ন্যাসী অর্জ্নার

সন্নিকটে একস্থানে একথানি ক্ষুদ্র চালা তুলিয়া ঠ'কুরকে প্রতিষ্ঠিত করিয়া স্থানান্তরে চলিয়া গেলেন।

মাদ পরে সন্মাদী क्राक **ফি**রিয়া আ'সয়া এক দানপত্র রঘুদেবকে প্রদান করিলেন। দানপত্ৰ মহারাজ क्रस्थ हुन কর্ত্তক রাধাবল্লভজীউ বরাবর निशिक। দানের সম্পত্তি সামাগ্র কয়েক বিঘা ভূমি মাত্র। বর্ত্তমান চটোপাধাায়-বাটী, রাধা-বল্লভ-মন্দির প্রভৃতি এই দানপ্রাপ্ত ভূমির উপৰ দংখায়মান।" • • • তাহাৰ কয়েক বংসর পরে ১৬৭৫ শকে রঘুদেব কর্তৃক মন্দির নিশ্বিত হইয়াছিল। মন্দিরগাতো লিখিত ছিল:--

ৰাণ সপ্ত কলা নাকে রঘুদেবেন মন্দিরম্। রঘুদেবের দৌহিত্র রামহরি চট্টোপাধাার মাতামহের বিষয় পাইয়া কাঁটালপাড়ায় বাস করেন। রামহরি বঞ্চিমচন্দের প্রপিতামহ:

বৃদ্ধিন ক্রের বাল্যাবস্থায় এই বিগ্রহের এবং অতিথি-অভ্যাগত-দেবার স্থানর বন্দোবন্ত ছিল, এখনও অনেকটা আছে। সেই স্থানর বিগ্রহ ও তাঁহার ঐকান্তিক সেবা সন্দর্শনে অভ্যন্ত বৃদ্ধিনন্ত্র বয়সকালে ক্রম্ভুক্তি-প্রায়ণ হইয়াছিলেন।

কেবল ক্ষডভক্তি নহে। শ্রীক্ষের ঈশরতে বিশাস তিনি আপনার গ্রন্থমধা লিখিয়া গিয়াছেন, সে ত সকলেই জানেন;—
আমি বলিতেছি—এই প্রতিষ্ঠিত বিগ্রহের অলৌকিকতে তিনি সম্পূর্ণ বিশাসী ছিলেন।
এই সম্বন্ধে আমি তাঁহাকে ধীরে ধীরে একটু
জেরার ভাবে বিজ্ঞাসা করিয়াছিলাম—তিনি
প্রথমে প্রফুল অন্তঃকরণে সহাস্তবদনে,

^{*} স্বর্গীর বন্ধিমচন্দ্র চট্টোপাধ্যারের জীবন-চরিত--শ্বীশচান্দ্র চট্টোপাধ্যার সঙ্ক লিত।

বলিতে থাকেন "তোমাদের চুঁচুড়ার একটি স্বর্থ-বিণিক-মহিলা, বিশ ত্রিশ জন স্ত্রীলোকের সঙ্গে এ পারে আমাদের এই ঠাকুর দেখিতে আদেন।" বলিতে বলিতে তাঁহার চোথে জল আসিল, বলিতে লাগিলেন "কিন্তু সকলেই ঠাকুর দেখিল, তিনি দেখিতে পাইলেন না; আমরা বাড়ীতে ছিলাম, সকলেই তাঁহার কাছে গেলাম, সমস্ত লোক জন সরাইয়া দিয়া, তাঁহার ভাল করিয়া দেখিবার স্থবিধা করাইয়া দিলাম, অভাগিনী কিছুতেই ঠাকুরকে দেখিতে পাইল না, উচিচঃশ্বরে কাঁদিতে লাগিলে"—বিজম বাব্ও কাঁদিতে লাগিলেন, আর বলা হইল না। তাঁহার বিগ্রাহ-ভক্তি দেখিয়া আমিও অভিভূত হইলাম।

বালক-কাল হইতেই বিষ্ণমবাবু ভক্তি-চর্চার অভ্যন্ত হন। ক্লফচরিত্রে সেই ভক্তির পরিচয় দিয়াছেন। আমাদের হিন্দু মতে মাহুষে মাহুষে তারতম্য হয়—ত্রিবিধ কারণে;—(১) সংস্কারে, (২) শিক্ষার, (৩) সাধনার।

এই সংশ্বার অর্থাৎ পূর্ব্বজনার্জ্জিত কর্ম্বের
প্রভাব য়ুরোপ আমেরিকা বুঝেন না,
কাজেই মানেন না। এটি তাঁহাদের
আংশিক বর্ব্বরভার পূর্ণ পরিচয়। আমাদের
দেশেও বে কোন কোন নব্য সম্প্রদায় এই
সংশ্বার স্বীকার করেন না, সেটা কেবল
অফুকরণের বিষময় ফল মাত্র। এই বে ছই
সহোদরের মধ্যে বৃদ্ধি-বিবেচনার বিষম বৈষময়
দেখা যায়, ইছার কি কোন কারণ নাই
ং
বিশ্বিব্বমো ওরূপ বৈষময় ঘটে,—
ভাই বা কেমন করিয়া বলি
সর্ব্ব শিক্ষার

অগ্রে বালক বৃদ্ধিন, এক দিনেই পঞ্চাশত বর্ণ লিখিতে বা পড়িতে পারেন, এটা কি কেবল genius কথা দারাই বুঝা যাইবে ? না জিনিয়স্ শব্দের প্রকৃত অর্থ বোধ করিয়া বুঝিডে হইবে? Genius সেই জন গ ধাতু. আর পূর্বজনজাত সংস্থারও সেই 'জন' ধাত। পূर्वज्ञत्यत कथा गृत्तारभत भिकानाजी श्रीम्-ভূমিতে স্বীকৃত ছিল, খুই-ক্লিইৰ দোহাই দিয়া পরিতাক্ত হইয়াছে। আমাদের দেশের ঐটি স্নাত্ন বিখাস, আমরা বিলাতের অক অমুকরণ করিতে পিয়া সেই বিশ্বাস চাপিয়া রাখিব কেন? বঙ্কিমচন্ত্রের genius বা প্রতিভা ত ছিলই. শিক্ষাও বিশেষভাবে रहेशाहिल। এक निका अकुछित्र निक्छे, উহার কথা পূর্ব্ব প্রবন্ধে বলিয়াছি—"ভিনি স্বভাবের সৌন্দর্য্যের সঙ্গে স্থ্য সংস্থাপন করিয়াছিলেন " আর একরূপ সমাজের বা মানবের নিকট হইতে; তাঁহার সংস্কৃত ইংরাজি ও বাঙ্গালা কবিতা শিক্ষার কথা পূর্বে বলিয়াছি, এখন যাত্রা-গান-কীর্ত্তনাদি শুনিবার জাঁহার যে অত্যধিক স্থবিধা হইয়া-ছিল, সেই কথাই বলিলাম। বঙ্কিম বাবুর পিতার এই সকল বিষয়ে রসজ্ঞতা প্রচুর পরিমাণে ছিল, আর রদ উপভোগের জ্ঞ প্রভৃত ব্যয় করিতেন, আপনার বাসভবনে প্রায়ই সঙ্গীতোৎদব হুইত, তাঁহার পরিবারের সকলেই সেই অপূর্ব রন উপভোগ করিতে পারিতেন। এটি বছ অল্পভাগ্যের কথা নহে।

"রসভোগ, স্থসংযোগ হয় কি সকল কপালে? দরিদ্রের কি স্থর্ণ মিলে, রোদন করিলে

निकृत्ल ?"

কি বিপরীত ব্যবস্থা দেখুন, আসাদের রবীক্রনাথের কপালে। **ভিনি** নিজেই তাঁহার ছর্দশা বর্ণন করিয়াছেন। তাঁহার "ভৃত্য রাজক তন্ত্র', আর অন্ধকুপের মাসত্তভাই—সেই শ্রীমন্দির "বাহির বাড়ীতে দক্ষিণপ্র চাকরদের মহলে, দেওিলার কোণের ঘর।" এখনও পড়িতে গেলে.— যতই বাঁচাইয়া লেখা হোক না কেন-পড়িতে গেলে চোথে জল আদে। রবিবার নিজেই নিজ বালাশিকার পরিচয় অতি কাহিনী করিয়া লিখিতেছেন এবং তিনি স্পষ্ট করিয়া না লিখিলেও, আমি তাঁহার মুথে, শুনিয়া জানি,—যাত্রা, কবি, কীর্ত্তন, পাঁচালি, কোনরপ দেশীয় সঙ্গীত শুনিবার স্থবিধা বাল্যে কৈশোরে তিনি কিছুই পান নাই। তিনি যেদিন আমাকে এই কথা বংলন. দেই দিন আমি **তাঁহাকে অভা**গাবান ৰলিয়া মনে করি; আর সেইজান্ত বিভিন বাবুকে মহাভাগ্যবান বলিতেভি। নিল ভবনে ভক্তির উপকরণের কথা এই মাত্র বলিলাম।

তাহার পর সাধনার কথা—দেই কাল হিলের Indefatigable exertion in pursuit of an object. কোন বিষয়ে সিদ্ধি লাভের জন্ত অক্লাস্ত যত্ন ও পরিশ্রম।

ষে দেশের অতি নিরক্ষর বর্মর পর্যাস্ত, পলীবাদের অতি দীনা রমণী পর্যাস্ত, গ্রুবভণীরথের সাধনার কথা জানে ও বিখাদ করে, সে দেশে সাধনার কথা বলিতে যাওরা বিজ্পনা বটে; কিন্তু সে সাধনা আমরা ভূলিতে বিসরাছি, আমরা মনে করিতেছি, একটি সভা করিরা, বেজুতা করিয়া, গোটা

কদ্মেক প্রস্তাব উত্থাপন ও সমর্থন করাইর।
লইতে পারিলেই, সাধনার পিণ্ডাস্ত পিণ্ড শেষ
ছইল । হায় ভগবান্। শ্রুব-ভগীরণের দেশে
এ কি বিভয়না।

किन्छ विक्रमवावृत्र माधना-मनश्राल्य সাধনা। — 'মল্লের সাধন কিম্বা শরীর পাতন'। সাহিত্য সাধনায়—তাঁহার একটু বিরতি বা ক্লান্তি ছিল না: আহার-নিদ্রার সময়-জ্ঞান नारे, পারিপাট্য বোধ नारे, ছুটি লইয়াছেন. আবে দিবাবাত্তি সাহিত্য-সাধনায় নিম্থ আছেন। নিজের লেখা নিজে নষ্ট করিতে প্রাণ ধরিয়া মাতুষে যে সেরপ পারে, বঙ্কি-বাবুর সাধনা দেখিবার পূর্বে আমার জ্ঞানট ছিল না। বিষর্কের এবং আনন্দ-মঠের স্তিকা-সমাচার আমি কিছু কিছু জানি। বিষ-বুক্ষ বহরমপুরে হয়। প্রথম নাম হইয়াছিল, 'छ इरवर है (माध' नाशास्त्र अ मारवास विश्व একটা নোকদামা হাইকোটে পর্যান্ত হইয়া ছিল: আমার দাকাতে সেই খণ্ড খণ্ডীকৃত হইয়া অতলে গিয়াছে। সমগ্র উভয়ের গোষ পাল্টাইরা লেখা হট্যাছে 'বিষরক্ষ'। সমীচীন পাঠক বৃঝিতে পারিবেন, উভয়েরই দোষ সাবাস্ত হইলে--স্থামুখীর নিতাপ্তই ছুর্দশা হইত। এখন যে ভাল হইয়াছে, তা^{হার} मत्मर नारे: किन्द जांशांत्र माधनात कथी ভাবিলে এখনও সম্ভত হইতে হঁয়। ^{সেই} সাধনাই একরপ প্রতিভা—"এই প্রতিভাতেই বৃদ্ধিম বাবু আমাদের মেধ্যে মহিমাবিত হইঃ(ছেন।" আর 'আন-দ-মঠ' নির্মাণে সাধনাট বা কত ৷ এই সময় আমার নিজের নির্ব্দ্বিভার পরিচয় দিয়া, এক টু গল বলি— যখন আনন্দমঠ স্থতিকাগারে, তখন কেলু^{ন্ধ}

নুখোপাধ্যার এথানকার আর একজন ডেপুটি ছিলেন, বিশ্বিমবাবু ত একজন ছিলেন; উভ্রের পাশাপাশি বাদা। সন্ধার পর তিনি আদেন, আমিও যাই। তিনি প্ররজ্ঞ, বড় টেবল হারমোনিয়ম্ লইয়াতিনি বিন্দে মাতরম্ণ গানে মলারের স্থর বদান। বিশ্বিম বার্কে প্রের থাতিরে ধংসামাল্ত আদল বদল করিতে হয়। একদিন ক্ষেত্রবাবু আদেন নাই, বিশ্বিম বারু আনন্দ-মঠের শেষে যুদ্ধের ভাগ তাঁহার হাতের লেখা থাতার আমাকে পজ্তি দিলেন। আমি দেখিলাম, অজয় নদের উভয় পার্যে খান, আমি 'সন্তান' শক্ষ ব্যিতে না পারিয়া 'সন্তাল' পজ্তিভিলাম—মনে মনে।

থানিক পরে জিজ্ঞাসা করিশাম, "এবার কি Santal Insurrection theme হইল না কি"। তিনি বলিলেন, "না Sanyasi Insurrection. "আমি বলিলাম এই বে, আপনি লিথিয়াছেন অজয়ের ধারে আর বার বার বলিতেছেন, সম্ভাল, সম্ভালগণ"। তিনি তথন ধো হো করিয়া হাসিয়া বলিলেন "একটা তোমার অনিচ্ছাম্মত ভূল—সম্ভাল নয়, 'সম্ভান', আর একটা আমার নিজের ইচ্ছাক্ত ভূল—অজয় নদ ও বীরভূমি।" তথন গো হো করিয়া ছইজনে হাসিতে লাগিলাম। পাঠক, পুথী বেড়ে যায়, আজি হাসিতেই থাকুক না কেন গু

শ্রীঅক্ষয়চন্দ্র সরকার।

হিন্দুধর্মের বহুমুখীনতা

নাথ্যের অন্তঃপ্রকৃতির উপরে ধর্ম-বস্তকে প্রতিষ্ঠিত করিয়া, হিন্দু আপনার ধর্মকে ফুগপং সর্ক্ষেনীন, বিচিত্রতাপূর্ণ ও বহুমুখ করিয়াছে। মানবপ্রকৃতির সর্ক্ষিনীনতা, বিচিত্রতা এবং বহুমুখীনতা হইতেই হিন্দুধর্মের এ সকল লক্ষণ ফুটিয়া উঠিয়াছে।

মাহ্যু বেমন, তার ধর্মত যে দেইরপই ইইবে,—এই সামান্ত কথাটা, জগতের অন্তান্ত ধর্ম ভাল করিয়া ধরিতে পারে নাই। তাহারই জন্ত সে সকল ধর্মে, হিন্দু যাহাকে অধিকারিভেদ বলে, দে বস্তর প্রতিষ্ঠা হয় নাই। হিন্দু জানে, ধর্মবস্তুটিকে মাহুষের ভিতর ইইতেই ফুটাইয়া তুলিতে হয়, বাহির হইতে ও উপর হইতে তাহার উপর এ বস্তুটিকে

চাণাইতে পেল ইংার সতা ও শক্তি উভন্নই
নষ্ট হইরা যায়। তথন সে ধর্ম পোষাকী বস্ত
হইরা উঠে; আটপৌরে হইতে পারে না।
আর হিন্দু তাহার ধর্মকে বাহির হইতে
কাহারও উপরে না চাপাইরা, ভিতর হইতে
ফুটাইতে গিরাছে বলিয়া, তাহাকে এমন
সর্বতামুথ করা আবশ্রক হইয়াছে।

কারণ মাফুষের প্রকৃতিও অত্যন্ত জটিল এবং সর্বতোম্থ। ভাল মন্দ কত কি যে এই প্রকৃতির মধ্যে, তাহার অঙ্গীভূত হইরা আছে, বলা যার না। এই প্রকৃতি একদিকে জড়ের উপরে প্রতিষ্ঠিত, জড়ের সঙ্গে অশেষবিধ সন্ধরে আবদ্ধ, জড়াজগতের নির্মাধীন হইরা আছে। জড়ের উপরে জীব। অসমসর

কোষের ভিতরে প্রাণময় কোষের প্রতিষ্ঠা। মানুষের প্রকৃতি এই প্রাণময় কোষের ভিতরেও আপনাকে আবদ্ধ করিয়া রাথিয়াছে। স্বতরাং প্রাণ-ধর্মণ তাহাতে আছে। প্রাণিকগতের নিয়মগুলি এই প্রাকৃতিকে দথল করিয়া त्रहिशारह। आशंत्र, निजा, रेमथुनानि शानि মাত্রেরইধর্ম ; স্কুতরাং মানব প্রকৃতিরও সাধারণ ধর্ম। প্রাণময় কোন্ডের ভিতরে মনোময় কোষ। এই মনের দারাই মামুষ বাহিরের জড়জগতের ও অপর প্রাণিমঞ্জীর সঙ্গে তাহার প্রতিদিন যে সকল সম্বন্ধ গড়িয়া উঠিতেছে, সে সকল সম্বন্ধের জ্ঞানলাভ করিয়া, ইহা চাই, ইহা চাই ना--रेश कतिव, देश कतिव ना ;-- এरे সকল সংকল্পবিকল্পের হারা তাড়িত হইয়া সংসারচক্রে নিয়ত ঘুরিতেছে। যেমন তার জড়দেহ, যেমন তার প্রাণ, তেমনি এই দংকরবিকলাতাক যে মন, তাহাও মানুষের প্রকৃতিরই অন্তর্গত। এ সকলকে লইয়াই মাকুষ মাকুষ হইয়াছে। প্রাণবস্থ যে জড়ের উপরে, তাহা সত্য; মন আবার প্রাণেরও উপরে, ইহাও সত্য। কিন্তু জড়ে প্রাণের অধীনতা ও প্রাণের অপেকা, এবং প্রাণেও মনের অধীনতা ও মনের অপেকা সত্তেও,— মাত্র প্রাক্ত অবস্থায় জড়েরও অধীন, প্রাণেরও অধীন, মনেরও অধীন হইয়া বাস করে। এ সকলের কোনোটিকেই সে একাস্কভাবে উপেক্ষা করিয়া চলিতে পারে না। এই মনের উপরে তার বিজ্ঞান বা বৃদ্ধি। মন ভেদের প্রতিষ্ঠা করে, বিজ্ঞান বা বৃদ্ধি ভেদের মধ্যেই অভেদকে প্রভাক করিয়া থাকে। মন সন্দেহাত্মক, বিজ্ঞান নিশ্চয়াত্মক। মন নিয়ভই **८७८मत ऋष्टि** कतिराउद्हे । विष्ठान जात्र श्रम्हार

পশ্চাৎ ফিরিয়া এই ভেদকে নষ্ট করিয়া এক **ত্ব প্রতিষ্ঠিত করিতেছে।** কেবলই যদি ভেদের প্রতিষ্ঠা হয়, তাহাতে মানব বৃদ্ধি স্থিতিলাভ করিতে পারে না। নিরুর্চিন্র অভেদই यि कित्न बना धक कुछिया বসিয়া থাকে, ভাছাতে মানুষের বিষয়জ্ঞান ও আগ্রজান ত্ইয়ের কিছুই জনিতে পারে ना। ভেদাভেদের উপবেই মানুষের প্রকৃতি প্রতিষ্ঠিত। এই অশেষ ও অচিন্তা ভেদাভেদকে আশ্রয় করিয়াই এই মানবপ্রকৃতি আয়ুচরিতার্থতা লাভ করিভেছে। কিন্তু এথানেই মানবপ্রকৃতির জটিলতার ও বিচিত্রতার শেষ নাই। যেমন অরময় কোষের ভিতরে প্রাণময় কোষ্ যেমন এই প্রাণময় কোষের ভিতরে মনোময় কোৰ, যেমন এই মনোময়কোষের ভিতরে বজ্ঞানসম্বকোষ, দেইরূপ এই বিজ্ঞানময় কোষের ভিতরে আনন্দময় কোষ আছে। এই কোষপঞ্চক লইয়াই মানব প্রকৃতি গঠিত হইয়াছে। জড়ও প্রাণ পরস্পর বিরুদ্ধান বলম্বী। জড বলিতেই আমরা অপ্রাণী বুঝি। প্রাণী বলিতেই অকড় বুঝি। স্থট শীবেতে এই হুই পরস্পর বিরোধী ধণ্মই দশ্মিলিত হইয়া, তার জীবত্বের প্রতিষ্ঠা করিয়াছে। মানব-প্রকৃতির মধ্যে তাহার জড়ভাগ, অর্থাৎ এই দেহপ্রপঞ্চ, প্রাণাণেকী रहेग्रा शांदक। त्महेक्क्रभ मानदवत्र প्रा^{नवस्} তাহার মনের অপেকা করিয়া থাকে। মন विकारनत, विकान यानत्मत्र, अर्थका त्रार्थ। এই সকলের সহজ অঙ্গাঞ্চী। মাতুষ यङ ^{জণ} মাতুষ আছে, এই দেহের সঙ্গে ^{ষ্ঠ্যাণ} তাহার সমন্ধ থাকে, ততক্ষণ তাহাকে ^{এই}

কোষপঞ্চকের জাটিল নও অপরিহার্য্য সম্বন্ধের মধ্যে বাদ করিতেই হয়। বছতপশ্রাবলে, দির অবস্থার. যোগিজনেরা এ সম্বন্ধদকলকে অতিক্রম করিতে পারেন বটে, কিন্তু তথন তাঁহারা, আমরা যাহাকে ধর্ম বলি ও গাহাকে অধর্ম বলি, তত্ত্ত্যেরই অতীত হইয়া যান। দেহে আবন্ধ থাকিয়াও তথন তাঁহারা বিদেহী। ক্রিপ্তণাত্মিকা প্রকৃতির সঙ্গে বৃক্ত থাকিয়াও তথন তাঁহারা নিস্ত্রেণ্ডণা হইয়া বাদ করেন। এই দকল দির মহাজনকে লক্ষ্য করিয়াই, গীতায় ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জ্রনকে উপদেশ করিয়াছেন—

"ত্রৈগুণ্য বিষয়াঃ বেদা নিষ্ট্রেগুণ্যো ভবার্জ্জুন !''

"গুণত্রয়কে আশার করিয়াই বেদ দকলের
প্রকাশ ও গুভিষ্ঠা হইয়াছে; হে অর্জ্জন!
তুমি এই ত্রিগুণের অতীত হইতে চেষ্টা কর।"
হিন্দুর ধর্মাধর্ম-বিচার এই ত্রিগুণাঙীত
রাজ্যের কথা নহে; তাহার অনেক নিচের
কথা। হিন্দু বলেন যে দে অবস্থায় ধর্মও
থাকে না, অধর্মও থাকে না; কর্মও থাকে না,
পাপও ধাকে না।

বে মানব-প্রকৃতির উপরে হিন্দু ধর্মবস্তকে প্রতিষ্ঠিত করিয়াছেন, তাহা এই সাধারণ, এই প্রাকৃত, এই অসিদ্ধ, এই জড়-অঞ্চড়ধর্ম-সমরিত, এই কোষপঞ্চকে আবদ্ধ মানব-প্রকৃতি। এই প্রকৃতির মধ্যে পশুভ আছে, মাহ্মবও আছে, দেবতাও আছেন। স্কৃতরাং হিন্দুর ধর্ম মাহ্মষের অস্তনিহিত জড়ত্ব ও পশুত্ব, সহ্যাত্ব ও দেবত্ব, সকল অঙ্গকে আশ্রম করিয়া, সকল চেষ্টাকে সকল করিয়া, সকল প্রবৃত্তির তৃপ্তিদান করিয়া, আপনার সার্থকতালাভের প্রয়াস পাইয়াছে। ইহাই হিন্দুর ধর্ম্বের অভূত বিচিত্রতার ও অপূর্ব বহুমুখীনতার মূল কারণ।

জগতের আর ষত ধর্ম আচে, সকলেই মানবপ্রকৃতির মধ্যে ভাল ও মন্দের একটা আতান্তিক ভেদের প্রতিষ্ঠা করিয়াছে। কেবল হিন্দুর খর্মেই তাহা করে নাই। অপর সকল ধর্মো মাহুষের কতকগুলি বুঁতি 🕏 প্রবৃত্তিকে মন্ধ ও কতক্ঞালিকে ভাল বলিয়া গ্রহণ করিয়াছে। আর মন্দ বুত্তি ও প্রবৃত্তিগুলিকে নিৰ্ম্মভাবে নিপীডিত করিয়া, তদ্বিপরীত ভাল প্রবৃত্তি ও বৃত্তিগুলিকেই ফুটাইয়া তুলিতে চেষ্টা করিয়াছে। হিন্দুর ধর্ম্মে মামুষের প্রকৃতির মধ্যে এরূপ একটা আত্যক্তিক ভাগ-বাটোয়ারা করিবার নিক্তর প্রশ্নাস হয় নাই। ছায়াতপের মধ্যে বেমন কোনও ঐকান্তিক বিংচ্ছদ ঘটান অসাধ্য, দেইরূপ মানবপ্রাকৃতির ভিতরে যা'কে আমরা মনদ বলি ও যা'কে ভাল বলি, ভা'র মধ্যেও কোনও প্রকারের আত্যস্তিক ব্যবধানের প্রতিষ্ঠা করা যায় না ;— হিন্দ চিরদিনই এই কথা বলিয়াছেন। মানবের মধ্যে একটা মানবীয় দিক্ ও একটা ঐশব্লিক দিক আছে। একদিকে মাতুষ জীব--সর্কবিধ জীবধর্ম্মের অধীন; অগুদিকে দে শিব—নিত্য-গুদ্ধমুক্তস্থভাবসম্পন্ন ;-- হিন্দু অতি প্রাচীন कारमहे हेश वृतिशाहिरमन। छाहे हिन्तूत শ্রুতি মানবপ্রকৃতির মধ্যে এই জীব-শিবের মিলনকে ছায়াতপের ভাষ বর্ণনা করিয়াছেন।

''ছায়াতপো ব্ৰহ্মবিদো বদস্তি।''

স্থতরাং হিন্দু মানব-প্রকৃতির দক্ষ দিক্কে ধরিয়াই, ধর্মবস্তকে গড়িয়া তুলিতে চেষ্টা করিয়াছেন, ধর্মকর্মে বা ধর্মদাধনে এই প্রকৃতির কোনও অঙ্গকে উপেক্ষা করিতে বা চাপিয়া রাখিতে চান নাই।

মাকুষের জড়দেহ আছে। মরণ পর্যান্ত এই জড়দেহের সঙ্গে তার অতিশয় ঘনিষ্ঠ যোগ থাকে। এই দেহকে আশ্রম করিয়া তার বৃদ্ধি, বৃদ্ধিকে আশ্রম করিয়া তার বৃদ্ধি, বৃদ্ধিকে আশ্রম করিয়া তার বৃদ্ধি, বৃদ্ধিকে আশ্রম করিয়া, দেহী অবহায়, মারুষ যাহাকে আশ্রম করিয়া তোলা ধর্মের চরম লক্ষ্য হইলেও, এই শরীর বা জড়দেহ হইতে আরম্ভ করিয়াই সেই ধর্মকে গড়িয়া তুলিতে হয়। ইহা বৃনিয়া শুনিয়াই হিন্দু বলেন,—"শরীরমান্যং থলু ধর্ম্মাধনম্।" তাহারই জন্ম হিন্দুর ধর্ম সামান্ত শারীর চেষ্টার প্রতি একটাই দৃষ্টি রাখিয়া চলে।

মামুষের শরীরের সঙ্গে তার মনের সম্বন্ধ কতটা যে গভীর ও ঘনিষ্ঠ, অতি প্রাচীনকাল হইতেই হিন্দু ইহা বুঝিয়াছিলেন। মাহুষের প্রবৃত্তি সকল যে কভটা পরিমাণে ভাহার শরীরের স্বায়্মগুলীর অধীন, আধুনিক যুরোপীয় ও আমেরিকান মনগুত্বিদ পণ্ডিতেরাও ইহা একটু একটু ব্ঝিতে আরম্ভ করিয়াছেন। কিন্তু হিন্দু বহুকাল পূর্বেই এই সভ্যের সন্ধান পাইয়াছিলেন। এইজ্বল এই সাযুমগুলীকে অবলম্বন করিয়াই হিন্দু মানবচরিত্র গড়িয়া जुलिवात रुष्टी कतिशास्त्र। हिन्दू खारनन रय, 'ভাল হও' বলিলেই লোকে ভাল হয় না। পরের উপদেশ শুনিয়া বা দৃষ্টাস্ত দেখিয়া ভাল हरेल हेच्हा कतिरमहे त्कर ভाग हरेल भारत না। মনে মনে সাময়িক ভাবের প্রেরণায় যভই সাধু সংকল্প সে করুক না কেন,---

তার শরার অর্থাৎ সায়ুমগুলী যদি সে সংকল্প. রক্ষার অমুকুল অৰ্ছা লাভ না করে,—কেবল মনের জোরে সে সংকল্প রক্ষা করা কথনও সম্ভব বা সাধ্যপর হয় না। ফলতঃ আমরা মনের জোর বলি-টংরেজিক ষাহাতে inhibitive power of the will বলে.—ভাহাও সর্কথাই স্বায়ুমগুলীর স্বস্ত ও সবল অবস্থার উপরে সম্পূর্ণরূপে নির্ভর করিয়া থাকে। উন্মানবোগ্রাস লোকের মনের জোর একেবারেই নাই। যথন যে ভার মনে জাগে, তাহাতেই তাহাদিগকে কেপাইয়া তুলে। সে উত্তেজনাকে রোধ করিবার শক্তি তাহাদের থাকে না। ইহার কারণ, ভাহাদের মায়মণ্ডলীর অপ্রাকৃতিস্ব, অস্কুস্ক, আতান্তিক উত্তেজিত অবস্থা। দেইরূপ যাহাদের কু প্রবৃত্বি অভ্যন্ত প্রবল, আজনাকাল যাহারা চৌর্যা, পাক্ষা, নরহত্যা প্রভৃতি সমাজদ্রোহিতাচংগে প্রবৃত্ত হয়, আধুনিক যুরোপীয় মনস্তত্ত্বিদরণ যাহাদিগকে instinctive criminals বলেন. তাঁহাদের এই অদম্য কুকর্মাসক্তিও বিকৃত সায়মগুলীরই ফল। কামক্রোধাদি রিপুরই মূল আমাদের শরীরের স্বায়ুমগুলীর উত্তেজিত ও অপ্রকৃতিত্ব অবস্থা। এ স্ক্র কথা অল্লে অল্লে, আধুনিক যুরোপীয় মনগুর্বিদ্ পণ্ডিতগণের গবেষণায় ও সিদ্ধান্তে ফুটিগা উঠিতেছে। হিন্দু সাধকেরা বহুকাল হইতেই এ সকল কৃথাজানেন। মুত্রাং তাঁহার প্রথমাবধিই মামুষকে ধার্মিক যাইয়া, সর্বানৌ তাহার শরীরকে শো^{ধন} করিতে চাহিয়াছেন।

হিন্দুর ধর্ম্মের স্নানানি নিত্যকর্মে^{র ও} ব্রতোপবাসাদি নৈমিত্তিক কর্ম্মের ^{ব্যবস্থা} এই দেহশুদ্ধির জন্তই বিহিত ইইয়াছে। এই উদ্দেশ্যেই পানাহার সম্বন্ধে হিলুর ধর্ম অশেষ প্রকাবের আচার-বিচারের প্রতিষ্ঠা করিয়াছে। আর এইজাতী, উচ্চাঙ্গের ধর্মাদাধনায়, আদন-বাবস্থা হইয়াছে। পাণায়ামাদিব ও সকলের সঙ্গে অতী ক্রিয় সিদ্ধির কথা নানা-ভাবে, লোকসংগ্ৰহার্থে, যুক্ত হইলেও, এ দমস্তই প্রক্বতপক্ষে ভূতশুদ্ধির উপায় মাত্র। শরীরের সায়ুদকলকে সিগ্ধ ও স্থত রাখিবার জ্যু, স্নায়বীয় উত্তেজনা-নিবন্ধন যাহাতে অযথা চিত্তচাঞ্চল্য উপস্থিত না হয়, ভাহার ব্যবস্থা করিবার জন্ম, এ সকল স্থান, ব্রত, প্রাণায়ামাদির বিধান উপবাদ, আদন, প্রবর্ত্তি হটয়াছে। প্রকৃত পক্ষে এ সকলের মধ্যে অতি প্রাকৃত বা স্পার্গাচারেল্ (supernatural) কিছুই নাই।

কিল্প এ সকল যমনিয়মাদির প্রতিষ্ঠা করিতে ঘাইয়া হিন্দুর ধর্ম মাত্রুষের শারীর প্রকৃতির চরিতার্থতা সাধনেরই চেষ্টা করিয়া-ছেন, ভাছাকে পাড়ন করিতে কথনও চাহেন নাই। কোনও কোনও সম্প্রদায়ের মধ্যে ুকুছে, সাধন প্রচলিত আছে সত্য, কিন্তু এ সকল সাধন প্রকৃত পক্ষে উচ্চাঙ্গের হিন্দু সাধন বলিয়া কথনই পরিগণিত হয় নাই। অধিকাংশ স্থলেই ঐশ্বর্যালাভের জন্ম এ সকুল সাধন অবলম্বিত হইয়া থাকে। গীতায় ভগবান্ শ্ৰীক্ষণ কঠোর ভাষায় এই স্থিনের নিন্দা করিয়াছেন। প্রকারের এই সকল রুচ্ছ্সাধনকে আসুরী र्वा ।

অশাস্ত্রবিহিতং ঘোরং তপ্যস্তে যে তপো জনা: দন্তাহকারসংযুক্তা: কামরাগ্রলাবিতা:॥ কর্ণয়ন্তঃ শরীরস্থ ভূতগ্রামমচেত্র:। মাকৈবান্তঃশরীরস্থ তান্ বিদ্যান্তরনিশ্চয়ান ॥ "যাহারা দন্তাহন্ধার্যুক্ত ও কামরাগ্রণা-ষিত হইয়া অশাস্ত্ৰিহিত পীড়াজনক তপস্থা করে এবং তাহাতে দেহস্থিত ভূতসকলকে বুথা ব্রতোপবাদাদির দ্বারা ক্লিষ্ট করে, এবং শরীরভান্তবস্থ আত্মারূপী আমাকেও পীড়ন করে, ভাহাদিগকে অস্তর বলিয়া নি চয় জানিবে।" প্রাকৃত ধর্মের পথ এ নহে। हिन्दूत खट्डाभवामानि भंतीबटक इर्वन उ হুস্থ করিবার জ্বন্য বিহিত হয় নাই, শব্দ ও স্বস্থ করিবার ও রাখিবার জ্বন্তই বিহিত হইয়াছে। স্বাস্থ্য, দীর্ঘায়ু ও শক্তিলাভেই জীবের শরীরের সার্থকতালাভ হয়। আর হিন্দুর ধর্মের শারীরিক সাধনের উদ্দেশ্রও व्यायुः मञ्जवनारतां गा विधान कता ।

ভার এ বিষয়েও হিন্দুর ধর্ম কাহারও উপরে কোনও প্রকারের অযথা জোরজবর-দস্তি করিতে চায় না। সকল মাহুষের শারীর প্রকৃতি একরূপ নহে। স্বতরাং শারীর ধর্ম্মও সকলের সমান হইতে পারে না। হিন্দুর ধর্ম মামুষের স্বভাবকে বি**ষ**য়েও অভিক্রম করিয়া চলিতে চাহে না। গতিক পথ ধরিয়া কোনও কোনও হিন্দু সকল লোকের উপরেই একই প্রকারের ব্রতোপবাসাদি চাপাইতে চেষ্টা করিলেও. হিন্দুর ধর্মের সনাতন আদর্শে বা উপদেশে এরপ জোরজবরদন্তি কদাপি সমর্থিত হয় না। ফলতঃ জগতের আব কোনও ধর্ম সমর্থ ও অসমর্থের মধ্যে যমনিয়মাদির এমন পার্থক্য করেন কি না, জানি না। সমর্থ-জনের পক্ষে একরূপ বিধান, আবে অসমর্থের

পক্ষে অন্তর্রূপ বিধান,—খৃষ্টীর বা মোহত্মদীর
ধর্মে আছে বলিয়া শুনি নাই। যাহা এক
জন খৃষ্টীয়ানের পক্ষে ধর্মে ও বিহিত, অপর
খৃষ্টীয়ানের পক্ষেও তাহাই ধর্মে ও বিহিত।
সবলের জন্ম এক নিয়ম, হুর্বলের জন্ম অপর

নিয়ম,—দেধানে এমন রাবস্থা নাই। হিন্দুর ধর্মে এ বাবস্থা আছে। আর ভারই জ্ঞ হিন্দুর ধর্ম এমন বিচিত্র ও বহুমুখীন ইইরাছে।

শ্রীবিপিনচন্দ্র পাল।

বিলাতের কথা

()

থাওয়া দাওয়া

দেশে থাকিতে সাহেবী থানার প্রতি বেশ
একটা লোভ ছিল। তথন জানিতাম না
যে, আমরা এদেশে যাকে সাহেবী থানা
ৰলি, তা বাস্তবিক সাহেবী থানা নয়।
কারী ভাতের তো কথাই নাই, চপ্ কাট্লেটের থবরও বিলাতের ইংরেজেরা কিছুই
রাথেন না। নাম ছটা ইংরেজি বটে এবং
ইংরেজও এক রক্ষের চপ্ কাট্লেট্ থাইয়া
থাকেন; কিন্তু আমরা এদেশে চপ্ বা
কাট্লেট্ বলিতে যে উপাদেয় বস্তু ব্রি,
ইংরেজের চপ্ কাট্লেটের সঙ্গে তার নামগত
সাদ্শ্র গালিতে, বস্তুগত বা স্থাদগত কোনও
স্থানুর সাদ্শ্র আছে বলিয়া বোধ হয় না।

ইংরেজের প্রধান থাত মাংস, আর তার
মধ্যে আবার গোমাংসই প্রশস্ত। ইংরেজের
প্রিরতম থাত "রোষ্ট বীফ্" (Roast
Beaf)। একটা বড় মাংসের টুক্রাকে
তল্প্রের ভিতরে রাথিয়া সেই উত্তাপে
কতকটা ঝলসাইলে বীফ্ রোষ্ট হয়। যে
মাংসথণ্ডের উপরের ভাগটা কতকটা পুড়িয়।
যার, কিন্তু ভিতর হইতে কাটিলেই পাতলা

রক্ত বাহির হয়, ইংরেজের ক্রচিতে তাহাই অতি হথাত বস্তু। এই মাংদের slice প্রেটে করিয়া যথন থাইতে দেয়, তথন তাহা রক্তের ঝোলের মধ্যে ভাসিতে থাকে; আর ভাহাই একটুকু রাই বা mustard এবং লবণ সংযোগে ইংরেজেরা অতি ভৃপ্তির সহিত ভোগন করেন। ইংরেঞ্কের পাক-**अनानौ** (मिथिएन मर्खनाई मानत्वत्र चापि অবস্থার কথা মনে পড়িয়াছে। এক সময় মানুষ আম-মাংস্ই ভোজন ক্রিড। যথন ক্রমে আগুন জ্বালিবার সঙ্কেত আবিষ্ণুত হইল, তথন মাত্রষ বনে পশু শিকার করিয়া দেইখানেই ভাহাকে পোড়াইয়া থাইত। ইংরেজ বনে যাইয়া পশু শিকার করে না, কসাইখানাতে বধ করে, আর ঘরে আনিয়া তন্ত্রের ভিতরে দেই মাংসকে পৌড়াইয়া ভক্ষণ করে। রন্ধনব্যাপারে ইংরেন্ডের সভ্যতা এতটুকুই অগুগদর হইয়াছে।

বিলাতে স্থপক থান্তও পাওয়া যায়; কিন্তু সে সকল থাতোর রন্ধন-প্রণালীর আবিদ্ধার ইংরেজ করেন নাই। বিলাতের ভাল ভাল থাতা-মাংণই হউক, আর মাছই ১উক বা মিষ্টিই হউক, হয় ফরাণীদের না হয় ইতালীর আবিষ্কৃত প্রণালী অফুদারে বালা হয়: ইংরেজের ভাল ভাল থালের নামই তার প্রমাণ। ফল :: ইংরেজী থানায় ভোকা-দিগের সম্মুখে খাছের যে তালিকা দেওয়া হয়, তাহা প্রায়ই ফরাসী ভাষায় শিখিত হয়। এ সকল তালিকাকে মেনু (menu) বলে। এ সকল তালিকায় প্রায়ই স্থপের (soup) পরিবর্তে পটাজ (potage), রোষ্ট ফাউলের পরিবর্ণ্ডে পৌলে রোটী (poulet Roti). कन वा fruit@a পবিবর্জে ফ্রোমাজ (fromage)- এই সকল ফরাসী শব্দ ব্যবস্থাত হয়। লওনের বড় বড় হোটেলে খাইতে গিয়া এই ভক্ত আমার মত লোকে অনেক সময় অভিশয় বিপল্ল হইয়াপড়েন। কোনটা যে গরুর, আর কোনটা যে ভেড়ার মাংস, ইহা বুঝিবার জ্বন্ত হোটেলের থান-মুখাপেকী হইতে সামার হয় ৷ আর এই हेश्टवट**कव** বন্ধন-বিজ্ঞানের সকল रेतरमिक পরিভাষাই, ইংরেজের রন্ধন-বিগ্রা যে একাস্তই পরের নিকট ধার করা বস্তু, ইহা এমাণ করে। ইংরেজ অনেক বিস্তা শিপিয়া-ছেন বটে, কিন্তু এখনও যে মাহুষের মত য়াঁধিতে শিথেন নাই. বিলাতে ঘাইয়া দিন গুই তিন বাদ করিলেই, এই জ্ঞানটা লাভ করা যায়।

ফরাসীস্ ও ইতালীয়ের রন্ধন-প্রণালী, ইংরেজের রন্ধন-প্রণালী অপেক্ষা অশেষ গুণে শ্রেষ্ঠ হইলেও, তাঁহাদের থাতাও আমাদের নিকট তত মুধ্রোচক হয় না। আমরা বে প্রিমাণে নানাপ্রকারের ঝালম্প্লা

বাবহার করিয়া থাকি, যুরোপের কোন জাতি তাহা কবেন না। ঝালেব মধ্যে তাঁহাবা কেবল গোলমরিচের শুঁডাই ব্যবহার করে. আর তাহাও রালায় অতি অল্লই ব্যবহার. হয়, থাইবার সময় প্রত্যেক আপনার রুচিমত নিজ নিজ থান্তের সঙ্গে তাহা মিশাইয়া লন। দশ পনেরো বৎসর পূর্বে বিলাতে লাল লম্বার ব্যবহার একরূপ ছিল না বলিলেই চলে। পাল কাল গোল মরিচের গুঁডার সঙ্গে সঙ্গে লঙ্কার গুঁডাও ञ्चरनक ममग्र टिविटन माखारना थारक। পূর্বে ইংরেজ এক সিরকা (vinegar) এবং ওয়ারষ্টারসায়ার সৃস্ (worcestershire sauce) ভিন্ন অন্ত কোন মুখরোচক অম ব্যবহার করিতেন না। আজ কাল অনেক নৃতন নৃতন অস বাবহৃত হয়। কিন্তু এ সকল সত্ত্বেও এখনও ইংরেজ জনমণ্ডলী সিদ্ধ-পোড়ারই বেশী ভক্ত। আবা ফরাসীর বা ইতালীয়ের রানাতেও আমাদের রানার স্বাদ বা গ্ৰুপাওয়া যায় না।

শুর্থম প্রথম বিলাতে যাইয়া ইংরেজের থানা থাইতে বড়ই অস্থ্রবিধা হয়। একে তো রায়ার শ্রী এইরূপ, তাহার উপরে থাজের পরিমাণও কোথাও প্রচুর পাওয়া যায় না। বছ দিন হইল, একজন হিন্দু-মহিলা স্থামীর সঙ্গে বিলাত গিয়াছিলেন। দেশে ফিরিয়া আসিয়! তিনি আমাকে একদিন বলিয়াছিলেন যে, ইংরেজের বাড়ী হইতে নিমন্ত্রপ থাইয়া আসিয়া মাঝে মাঝে তাঁর কায়া পাইত। আমরা নিরামিষাশী জাত, ভাতই থাই আর কটীই থাই, পরিমাণে বেশী না থাইলে আমাদের শক্তিও থাকে না, উদর-

পূর্ত্তিও হয় না। ইংরেজ মাংসাণী জাত, আর **जाकादात्रा वर्णन (य. य পরিমাণ নিরামিষ** আহার করিলে শরীরের শক্তি ও স্বাস্থ্য রক্ষা হয়, তাহা অপেকা অনেক সল-পরিমাণ মাংস খাইলেও চলে। মু ভরাং আমরা যে পরিমাণ খাদ্য ভক্ষণ করি, ইংরেজের সে পরিমাণ থাদ্যের প্রয়োজন হয় না। এইজ্বন্তই ইংরেজের কাছে আহার করিতে যাইনা প্রথম প্ৰথম কিছুভেই আমাদের ভৃপ্তি বোধ হয় না। কিন্তু ইংরেজ আমাদের তুলনায় পরিমাণে কম খাইলেও বারে বেশী খায়। গরীর লোকেরা সচরাচর দিনে তিনবার খায়: মধ্যবিত্ত লোকেরা চারবার, আর বড়লোকেরা ছয়বার থাইয়া থাকে। আর কে কোন্ সময়ে আহার করে, ইহা দারা তাহার সামাজিক পদমর্যাদারও পরিচয় পাওয়া যায়। শ্রম-জীবীদিগকে ছয়টা কি দাতটার সময় খাইয়া আপন আপন কর্মস্থলে যাইয়া উপস্থিত হইতে হয়; স্কুতরাং অতি প্রত্যুষেই তাহা-দিগকে breakfast বা প্রাতরাশ সমাপন করিতে হয়। মধাবিত্ত লোকেরা সচরাচর বেলা নয়টার সময় আপন আপন কর্মগুলে গমন করেন; ইগদিগকে সাড়ে সাভটা হইতে দাড়ে আটটার মধ্যে প্রাত:কালের আহার শেষ করিতে হয়। বড় লোকেরা मिक धरनत्र द्वाताई जीविका निर्साह कतिया প্রতিদিন থাটিয়া তাঁহাদিগকে থাকেন উদরান্নের সংস্থান করিতে হয় না। স্নতরাং তাঁহারা অচ্ছন্দে ন'টা কি দশটায় এমন কি এগারোটা পর্যান্তও প্রাতঃকালের আহারের সময় নির্দারণ করিতে পারেন। ইঁহারা

অনেক বেলা পর্যাক্ত ঘুমাইয়া পাকেন।
শ্যাতাগ করিবার পূর্কেই ইঁহাদিগকে
একটু আধটু কিছু ধাইতে হয়। অভি
প্রত্যুষে শ্যাপাধেই ভৃত্য আসিয়া ইঁহাদিগের জন্ম এক পেয়ালা কাফি বা চা এবং
কিছু বিষ্কুট রাখিয়া যায়।

প্রাতরাশ বা Breakfast

স্চরাচর বিশেষতঃ মধ্যবিত্ত শ্রেণীর ইংরেজেরা প্রাক্তঃকালে প্রায়ই লঘুভোজন করিয়া থাকেন। কেহ কেহ ছটী আধ সিদ্ধ ডিম, থান ছই toast, পেয়ালা ছই চা কিয়া কোকো দিয়াই প্রাতঃকালের ভোজন শেষ করেন। কেহ বা ডিমের সঙ্গে অতি পাতলা শ্রুকরমাংস ভাজা থাইয়া থাকেন, কেহ বা মাছ ভাজা থান। গরীব লোকেরাই কেবল প্রাতঃকালে মাংস থায়। কেহ কেহ প্রাতঃকালে কানে প্রকারের আমির ব্যবহার করেন না। পারিজ (porridge), টোঠ (toast) এবং কলা কমলালের কিয়া অন্ত কোন স্থাক ফল বা ফলের মোরবরা থাইয়া থাকেন।

नाक वा हिकिन

তথানকার ইংরেজেরা যাহাকে টিফিন বলেন, বিলাতে তাহাকেই লাঞ্চ বলে। ইহাই ইংরেজের মধ্যাহ্লাহার। গরীব লোকেদের মধ্যাহ্লারকে ডিনার্গ্রের বলে। শ্রমজীবিগণ সচরাচর ১২টা হইতে ১২॥° টার মধ্যে মধ্যাহ্লাহার করিতে বসেন। মাংস্থার মিটি এই তই পদেই তাঁহাদের মধ্যাহ্লা আহার শেষ হয়। গরুর রোষ্ট এবং তার সঙ্গে কিছু আলু ও সব্জী সিদ্ধ, ইহাই গরীব লোকের প্রধান ধাদ্য। তার সজে একপদ মিষ্টি বা পুডিং (pudding) হইলে তাহা-দের মধ্যাকাহার শেষ হয়। মধ্যবিত্ত ইংরেজ ৰূপ (soup), রোষ্ট (roast) বা কাট্-লেট এবং পুডিং বা 'মিষ্টান্ন' এই দিয়াই ম্ব্যাহ্রাহার করিয়া থাকেন। ইহারা এই মধ্যান্থাহারকে ডিনার (dinner) না বলিয়া লাঞ (lunch) বলেন। লাঞ্চের পরে কেছ কেছ এক থেয়ালা কাফি পান করেন। আর কি ছোট কি বড়, সকলেই মিষ্টি খাবার প্রে, মুথ বদলাইবার জক্তই বোধ হয়, কটী ও পনির **থাইয়া থাকেন। ব**ডলোকদের লাঞ্চ একটু সমারোহের ব্যাপার। তাহাতে প্রথমে মুধরোচক ঝাল ও অম ধাইয়া ভোজন আরম্ভ করিতে হয়। কাঁচা মূলো জারক জলপাই, টিনের সার্ভিন (sardines) মাছ, সিরকায় ভিজান বীটপালং সিদ্ধ আর কোনো কোনো কাঁচামাছের আচার,-এ গুলিই যুবোপীয়দিগের অতিশয় মুথবোচক বস্ত। ইংরেজের আহার্য্যের তালিকায় বা এश्रिक Hors menu**ැ**ড বলে। বড লোকের লাঞ্চে ইহাই প্রথম পদ। তার পর হৃপ্। এই হৃপ্ অশেষবিধ হইয়াথাকে। কতকগুলি স্প্ পাত্লা ও পরিষার জলের মত হয়। ইংরেজিতে এগুলিকে clear soup বলে। আর কতক-

খন হয়, তাহাকে thick soup কছে।
প্রায় সকল স্পেই মাংসের কাথ বাবহৃত
হয়। তবে নিতান্ত নিরামিষাশীদের জ্ঞ একেবারে নিরামিষ স্পেরও বাবস্থা হইতে পারে, এবং হইয়াও থাকে। গুদ্ধ মাংসের স্পের মধ্যে ox-tail বা ষাঁড়ের লেজের স্পেই প্রশস্ত। Turtle soup স্বাধা

কাঠুয়ার স্পই দর্কাপেক। মহার্ঘ। বিলাতে কচ্ছপ বা কাঠ্য়া জনায় না। হইতে জীবস্ত কাঠ্যার আমদানি হয়; তাহাও খুব বেশী পরিমাণে আংদে না। তারই জন্ম দেশে কাঠ্যার দাম এত বেশী। শীতকালে পূর্ব্বক্ষে বিস্তর কাঠ্য়া পাওয়া যায়। এপ্রালকে বিলাত পাঠান যায় কি না চেটা করিয়া দেখিলে মন্দ হয় না। মধাবিত্ত লোকেরা এই turtle soup ুখাইতে পান না। ঘন ফুপে হয় বিলাতী বেগুন বা tomato কিম্বা মটর শুটী কিম্বা অন্ত কোন ফল বাসব্জী ব্যবস্ত হয়। এ সকলের মধ্যে মটরভাটী এবং বিলাতী বেগুনের স্প্ই সর্কাপেকা স্থাত वफ्रलाकरम्त्र लारक স্পের পরে মাছ, মাছের পরে এক পদ কি তুই পদ মাংস, মাংদের পরে মিষ্টি, তার পর বিষ্কুট, মাথম ও পনির এবং দর্কশেষে স্থাক ফল দেওয়া হয়। এইরূপে লাঞ্চ বা মধ্যাক্সাহার কতকটা গুরুতর হইয়া উঠে।

Afternoon tea বা বৈকালিক চা।

বিকাল বেলা চা থাওয়ার পদ্ধতি পূর্বের্ছল না। কিছুদিন হইতে ইহা অত্যন্ত চলিত হইয়াছে। মধ্যবিত্ত ও বড় লোকেরাই বিকাল বেলা চা, কেক্, বিষ্কৃট্, কেহ কেহ বা টোষ্ট খাইয়া থাকেন। গরীব লোকেরা ছপুর বেলা ডিনার করে, আর দিনান্তে কাজ কর্ম হইতে ফিরিয়া গিয়া, সাঁজের বেলা চা খায়। সাড়ে চারটা কি পাঁচটার সময় চা খাইবার অবসর এবং পয়সাও তাহাদের জোটে না। মধ্যবিত্ত লোকদিগের মধ্যেও ধন ও সামাজিক পদম্য্যাদার হিসাবে ছোট বড় ভেদ আছে। মধ্যবিত্ত

শ্রেণীর মধ্যে যাঁরা একটু ছোট, তাঁরা
মধ্যাহ্নকালেই লাঞ্চ না করিয়া একেবারে
ডিনার করেন, আর কাজকর্ম হইতে ফিরিয়া
গিয়া আ তা কি ভটার সময় একটু ভারী
গোছের চা খাইয়া থাকেন। ইহাকে
ইংরেজেরা high tea, আর কেহ কেহ
বা meat teaও বলিয়া থাকেন। ইহারা
চায়ের সঙ্গে মাছ বা মাংস নানা প্রকারের
মিষ্টি এবং ফুল প্রাইয়া থাকেন। গরীব
লোকেরা চায়ের সঙ্গে ঠাওা মাংস বা cold
meat থাইয়া থাকে।

ডিনার-Dinner

ইংরেজ-সমাজে কে কোন সময়ে ডিনার থায়, তাহার দ্বারা তাহার সামাজিক পদ-মর্যাদা নির্দ্ধারণ করা যাইতে পারে। গরীব अभनीवीता इभूत (वना ডিনার ধায়। নীচুদরের মধ্যবিত্ত ইংরেজ একটা হইতে দেডটার মধ্যে ডিনার খাইয়া থাকেন। তাঁর চাইতে বড় যাঁৱা, তাঁৱা সন্ধ্যা ৬টা হইতে ৭টার মধ্যে ডিনার করেন। আর রাত্রি ৮টাই সমাজে শীর্ষপ্রানীয় অভিজ্ঞাতশ্রেণীর ডিনারের সময়। বড় লোকদের ডিনার অতি সমারোহের ব্যাপার ডিনারের সময় সাহেব ও মেম সকলকে বিশেষ পোষাক পরিতে হয়। ইংরেঞ্জিতে ইহাকে evening dress সাহেবদের বলে ৷

evening dress সৰ্ব্যাই কাল হওয়া চাই এবং কামিজের বুক ভাল রকমে ইস্ত্রী করা ও খোলা থাকা আবশ্রক। Evening dress-এর সঙ্গে বুট চলে না, কাল রঙের বাণিস করা court shoe পরিতে হয়। মেনেদের evening dressএ বাহু, গ্ৰীবা ও কণ্ঠের নিম্নদেশ অনাবৃত থাকে। যশ্মিন দেশে यनाठातः। ইহাই ८म (परभव नियम। (यमन সাজ্যজ্জার পারিপাটা সেইরূপ ডিনাবে আহারেরও পারিপাট্য বেশী। Hors D'vour ছাড়া, হুণ, মাছ, গোমেষা-দির তুই ভিন পদ, হাঁস, মুরগী, পারা-বত বা অন্ত কোন পাখীর মাংসের হুই এক পদ, মিষ্টি, বিষ্ণুট, মাধন ও পনির এবং সর্বশেষে স্থপক ফলের वावञ्चा थाएक। সকলেই যে সকল পদ আহার করেন. ভাহা নহে, কিন্তু নানা লোকের কচি অমুষ্ট্রী নানাপ্র গরের ব্যবস্থা করা আব্রগ্র হয়। আহারান্তে সকলে drawing rooms গিয়া বসিলে সেখানে গ্রম কাফি ও বিষ্কুটের ব্যবস্থা হয়। ইংরেজের বিশেষতঃ বড়লোকদিগের মধ্যে ডিনার একটা শুভি বুহৎ সামাজিক ব্যাপার ভার আদ্ব-कामना विख्यत । वड़ चरत्रत्र गृहिनीनिगरक এর জন্ম অনেক মাথা ঘামাইতে হয়।

বিলাত-ফেরত।

চরিত-চিত্র

হুরেন্দ্রনাথ

(२)

কেশবচক্ৰ

রাজা যে উন্নত ও উদার ভূমিতে যাইয়া _{লাডাইয়া} এই অভিনৰ যুগ আদ**র্শ প্রত্য**ক ও প্রতিষ্ঠা করিয়াছিলেন, সমাজের চিন্তা ও ভাবকে সেই ভূমিতে লইয়া যাইতে হুইলে, সর্বাদৌ তাহার সর্ববিধ সংস্থাৰ নষ্ট করা আবশ্যক ছিল। প্রত্যেক গঠন কাৰ্য্যের পূর্ব্বেই কতকটা ভাঙ্গা আবশ্রক হয়। রাজাও যে কিছু ভাঙ্গেন নাই এমন নহে। কিন্তু তিনি ভাঙ্গার দঙ্গে দঙ্গেই আবার গড়িয়া তুলিবারও চেষ্ট করিয়াছিলেন। প্রত্যেক যুগ-সন্ধি কালে নৃতনকে গড়িয়া তুলিবার জন্য প্রচলিত ও পুরাতনের বিক্তম সংগ্রাম ঘোষণা করা আবশ্যক হয়। কিন্তু যুগপ্রবর্ত্তক মহাপুরুষেরা কেবল এই সংগ্রাম ঘোষণা করিয়াই ক্ষান্ত হ'ন না। কোথায়, কিব্নপে এই সংগ্রামের শাস্তি হইবে, কোন হত্ত ধরিয়া পুরাতনের ও নৃতনের মধ্যে শাম**ঞ্চ**য় ও স**ঙ্গ**তি সাধন করিতে হইবে. ভাহাদের সমাক্ দৃষ্টি হইাও প্রতাক্ষ করিয়। থাকে। স্বতরাং তাঁহারা পুরাতনের অপূর্ণতাকে পরিপূর্ণ করিয়াই, নৃতনকেও আপনার শফলতার দিকে প্রেরণ করেন। এবং নৃতনের অভিষেক দিয়াই পুরাতনকেও সার্থক করিয়া তুলেন। কিন্তু যাঁহারা এই সকল মহাপুরুষের অন্ধ্রতী হইয়া সমাজ-ক্ষেত্রকে তাঁহাদের প্রকাশিত যুগ-আদর্শের প্রতিষ্ঠার ^{উপযোগী} করিয়া গড়িয়া তুলিতে ব্রতী হ'ন, কোথাও তাঁহাদের এই মহাজন-প্রতিভার্মলভ সমাক দর্শন থাকে না। থাকিলে তাঁহারা যে বিশেষ কার্য্যে ব্রতী হ'ন, সেই কার্ষ্যের সফলতারই ব্যাঘাত জন্মাইয়। দেয়। ফলত: প্রাক্তজনের মধ্যে সম্যক্ দর্শন সচরাচর গতি-বেগকে একান্তভাবে সংস্কার-কার্য্যের কমাইয়া দিয়া তাহাদিগের কর্মোদ্যমকে वहन পরিমাণে নষ্ট করিয়া ফেলে। এই জন্মই সংস্কারকের পক্ষে কর্মোৎসাহের যতট। প্রয়োজন সমাক্ দৃষ্টির ততটা প্রয়োজন একদেশদর্শিতা বেগবতী সংস্কার-চেষ্টার জক্ম একাস্তই আবশ্যক। অভএব রাজা যে সমুন্নত যুগ-আদর্শ প্রকাশিত করেন, সেই আদর্শের যথাযোগ্য প্রতিষ্ঠার উপযোগী করিয়া সমাজক্ষেত্রকে তুলিবার জন্ম কেশবচন্দ্রের প্রথম বয়দের একদেশদর্শিনী সংস্থার-চেষ্টারই প্রয়োজন ছিল। পরবর্তীকালে. রাজার শিক্ষার অনুসরণ করিয়া, ক্রমে ক্রমে আমাদের স্বদেশী-সমাজে প্রাচীন ভারতের ও আধুনিক যুরোপের শ্রেষ্ঠতম আদর্শের মধ্যে যে উদার ও উন্নত সামঞ্জস্য প্রতিষ্ঠিত হইবেই হইবে, তাহারই প্রয়োজনে, কেশব-চক্রের দৈবীপ্রতিভা, তাঁর প্রথম বয়সে, यह विख्र वे এক দেশ দশী धर्म ও সমাজ-সংস্থার-कार्या बजी श्रहेशाहिल। कि वाकि, कि সমাজ, সকলেরই সত্যলাভের জন্ম প্রথমে সর্ববিধ পূর্ববসংস্কার-বর্জ্জিত হওয়া প্রয়োজন। শান্ত্রের প্রমাণ্য, সদ্গুরুর মর্য্যাদা, সমাজ-বিধানের ধর্মপ্রাণতা, এ সকলকে স্বল্পবিস্তর

অম্বীকার না করিলে, মানদক্ষেত্র কদাপি সম্পূর্ণ সংস্কার-বর্জিত ও নির্মাল হইতে পারে না। এই সর্ববগ্রাদী সন্দেহ ও অসত্যবোধ হইতেই ক্রমে খাটি ও সরল বিশ্বাস এবং সত্য আস্তিকবৃদ্ধির সঞ্চার হয়। "নেতি" "নেতি" বলিয়াই "ইতিতে" পৌছিতে হয়। বিশ্বন্ধাওকে "নেতি" "নেতি" বলিয়া একে-বারে পরমতত্ত্ব বা ব্রহ্মতত্ত্বপুত্ত করিয়াই, পরে ব্রহ্মের সঙ্গে ব্রহ্মাণ্ডের একজ করিয়া, দর্বং খন্নেদং ব্রহ্গ,—এই মহাসত্যে উপনীত হইতে হয় কেশবচন্দ্রের সমাজ ধর্ম্ম সংস্কার-চেষ্ট্র বাজার আদর্শের অন্তুসরণ করিতে যাইয়া, প্রথমে "নেতি"র পথ ধরিয়াই চলিয়াছিল। এ পথ সংগ্রামের পথ, সন্ধির পথ নহে। এ পথ শক্তির পথ, সংঘমের পথ নহে। ইহা আত্মপ্রতিষ্ঠার পথ, আত্মবিলোপের পথ নহে। এ পথ ইংরেজিতে যাহাকে Independence বা অন্ধীন্তা বলে তারই পথ; সত্য-স্বাধীনতার পথ নহে। এপথে যাইয়া একপ্রকারের ফ্রিডমে (Freedom) পৌছান যায়, কিন্তু উপনিয়দ যাহাকে স্বারাজ্য বলিয়াছেন, সে বস্থ লাভ হয় ন। এ পুগ Rightsএর পথ, স্বত্বের পথ; Reconciliation এর পথ বা সামঞ্জন্য ও শান্তির পথ নহে। কেশবচন্দ্র প্রথম বয়দে, ধর্ম ও স্মাজসংস্থার-ব্রতে বতী হইয়া. এই স্ববের পথ ধরিয়াই চলিয়াছিলেন। প্রাচীন অধিকারের বিরুদ্ধে ব্যক্তিগত বিচার-ষত্ব প্রতিষ্ঠা; গুরুর প্রাচীন বিবেচনার অধিকারের বিরুদ্ধে অসংস্কৃত ও অসিদ্ধ স্বাভিমতের স্বত্ব-প্রতিষ্ঠা; সমাজের বিধি-

নিষেধাদির বিরুদ্ধে ব্যক্তিগত রুচি প্রবৃত্তির স্বত্দ প্রতিষ্ঠা ;—ইহাই কেশবচন্দ্রে প্রথম জীবনের কর্মচেষ্টার মূল স্থত্র ছিল। ধর্মের ও নীতির আবরণের দারা স্থস্ছিত্ত হইলেও কেশবচন্দ্রের প্রথম জীবনের সমাজ ও ধর্ম-সংস্কার-প্রয়াস সর্বব বিষয়ে ব্যক্তিগত Rights বা জাগাইয়া তুলিতে চেষ্টা করিয়াছিল। আর কেশৰচন্দ্ৰ ধৰ্মসাধনে ও সমাজশাসনে যে ব্যক্তিগত অনধীনতার আদর্শকে জাগাইয়া নবাশিক্ষিত সম্প্রদায়ের তুলিয়া দেশের মণ্যে একটা নৃতন শক্তির সঞ্চার করেন্ স্থরেক্সনাথ দেই আদর্শকেই রাষ্ট্রীয় জীবনে প্রতিষ্ঠিত করিতে ধাইয়া আপনার অন্স ঐতিহাসিক কীরি প্রতিযোগী ভাৰ্ত্তন করিয়াছেন।

আধুনিক যুগে কেশবচন্দ্রের পূর্ব্বেই আমাদের দেশে এই ধর্ম ও সমাজ-সংস্থারের স্ত্রপাত হইয়াছিল। একদিকে মহর্ষি দেবেন্দ্রনাপ ধর্মসংস্থারে, অক্তদিকে ডেভিড হেয়ার এবং ডি, রোজেরিওর শিষ্যগণ সমাজ-সংস্থারে অষ্টাদশ-খৃষ্ট-শতান্দীর ব্যক্তিত্বাভিমানী অন-ধীনতার বা Independenceএর আদুর্শকে ফুটাইয়া তুলিতে চেষ্টা করেন। কেশবচন্দ্রের বিশেষৰ এই যে তিনি একদিকে আপনার কর্মজীবনে এই চুই সংস্কার-স্রোতকে একী-ভূত করিয়া, জীবনের সকল বিভাগে এই অন্ধীনতার আদর্শকে গড়িয়া তুলিতে চেষ্টা করেন এবং অন্য দিকে এতাবংকাল প্র্যান্ত কাৰ্য্যতঃ, যে ধম ও সমাজ-সংস্কার-চে^{ষ্টা} ভিন্ন ভিন্ন ব্যক্তির নিক্ষ নিক্ষ জীবনের বিচ্ছিন কর্ম্মোদ্যমের ভিতর দিয়াই প্রকাশিত হ^{ইতে-}

চিল, কেশবচন্দ্র সেই, সকল বিচ্ছিন্ন শক্তি-কেব্ৰুকে একত্ৰিত করিয়া, দলবন্ধ হইয়া, এই দংশারকার্যো প্রবৃত্ত হ'ন। মহর্ষি প্রাচীন শাপু ও গুরুর প্রভুত্বই কেবল অম্বীকার করেন, কিন্তু প্রত্যেক ধর্মার্থীকে আপনার স্থাভিমত কিম্বা সংজ্ঞানের (Conscience) উপরে একান্তভাবে প্রতিষ্ঠিত করিবার জন্ম কোনও চেষ্টা করেন নাই। কলিকাতা ব্রাহ্মসমাজ শান্ত্-গুরু বর্জন করিয়া, উপাসকগণের ধর্ম-জীবন ও কর্ম-জীবন পরিচালনায় শাস্ত্র-গুরুর প্রাচীন অধিকার মহর্ষির উপরেই অর্পণ করেন। প্রত্যেক সাধনাথীকে আপন আপন খাভিমত ও সংজ্ঞানের উপরে প্রতিষ্ঠিত করিয়াই কেশবচন্দ্র প্রথম জীবনে ব্রাহ্মসমাজে এক প্রকারের সাধারণতন্ত্র গড়িয়া তুলিতে ধর্ম সাধনে ব্যক্তিবিশেষের প্রবত্ত হ'ন। অসমত প্রভুত্বের প্রতিবাদ করিয়াই কেশব-<u>১ঞের ভারতব্যীয় ব্রাহ্মসমাজের প্রতিষ্ঠা</u> ২ন। আর ধর্ম ও সমাজ-সংস্কারে কেশবচন্দ্র মে কাজ করেন, আমাদের আধুনিক রাষ্ট্রীয় দীবনে স্থারেন্দ্রনাথও ঠিক সেই কাজটীই ক্রিয়াছেন।

শ থবেন্দ্রনাথের পুন্ধে আধুনিক রাষ্ট্রীয় জীবন

স্থবেন্দ্রনাথের কর্মজীবনের স্ট্রনার বহুদিন
পূল্য হইতেই এ দেশের ইংরেজিশিক্ষিত
সম্প্রদায়ের মধ্যে অল্পে অল্পে যে রাষ্ট্রীয় আদর্শ
ও আকাজ্ঞী জাগিয়া উঠিতেছিল, তাহাকে
ফুরিসস্ত করিয়াই স্থবেন্দ্রনাথ আমাদের রাষ্ট্রীয়
কর্মান্দেরে আদিয়া দণ্ডায়মান হ'ন। ব্রিটিশ
শাসনের প্রথমাবধিই বাংলার এবং বিশেষতঃ
কলিকাতার সমাজের সম্ভ্রান্ত লোকেরা
বিশ্বরুক্তারী ইংরেজ প্রবাদীদিগের সঙ্গে

মিলিত হইয়া, সময়ে সময়ে, বিশেষ বিশেষ রাষ্ট্রীয় বিধি-ব্যবস্থা সম্বন্ধে আপনাপন মতামত ব্যক্ত করিয়া তাহার পরিবর্ত্তন বা সংশোধনের চেষ্টা করিতেন। সময় সময় বাজপুরুষগণ নিজেরাই উপযাচক হইয়া বিশেষ বিশেষ ইহাদিগের অভিপ্রায় শাসনব্যবস্থা সম্বন্ধে জানিতে চাহিতেন। বোধ হয় পূর্বেই কলিকাতার জন্মের ব্রিটাশ ইণ্ডিয়ান এসোসিয়েশনের প্রতিষ্ঠ। হয়। প্রসন্ধর্মার ঠাকুর, জয়কুষ্ণ মুখোপাধ্যায়, রমানাথ ঠাকুর, দিগম্বর মিত্র, কালীপ্রসর দিংহ, রাজেক্রলাল মিত্র, কৃষ্ণদাস পাল, দে'কালের বাংলার মনিষীবর্গ সকলেই, ব্রিটিশ ইণ্ডিয়ান্ এদোদিয়েশন্-ভুক্ত ছিলেন। দে-কালে ইহারাই আপনাদের বিচার-বৃদ্ধির অনুযায়ী রাষ্ট্রীয় বিধি-ব্যবস্থাদির আলোচনা করিতেন এবং সময়ে সময়ে দেশের অভাব-অভিযোগের কথা রাজপুরুষদিগের গোচরে প্রেরণ করিতেন। রাজপুরুষেরাও ইহাঁ-দিগকেই জনমণ্ডলীর স্বাভাবিক অধিনায়ক বা Natural Leaders বলিয়া গ্রহণ করিয়া ইহা-দিগের মতামতের প্রতি যথাযোগ্য মর্যাদা প্রদর্শন করিতেন। ব্রিটশ-ইণ্ডিয়ান সভা সর্বাদা জমীদারদেরই সভা ছিল। বাংলার, বিশেষতঃ কলিকাতার ও তন্নিকটবত্তী স্থানের জমীদারগণের স্বত্তমার্থরক্ষার জন্মই এই সভার জন্ম হয়। ইহার সভ্য এবং অধিনায়ক সকলেই জমীদার-শ্রেণীভুক্ত ছিলেন। রুষ্ণ-माप्त भान अभीमात ছिल्न ना वर्छ, किन्छ জমীদারি স্বত্তসার্থের পরিপোষক এবং জমী-দার-সমাজের মুখপাত্ররূপেই তিনি দেশের তদানীন্তন রাষ্ট্রীয় জীবনে প্রতিষ্ঠা লাভ

করেন। ব্রিটশ-ইণ্ডিয়ান্ সভা জমীদারদিগের হইলেও 'প্রয়োজনমত আপনাদের বিচার-বৃদ্ধি অমুযায়ী দেশের সাধারণ প্রজা-বর্গের রাষ্ট্রীয় স্বত্ত-স্বার্থসংরক্ষণে উদাসীন ছিলেন না। কিন্তু তাঁহাদের বিচার-আলোচনায় জনসাধারণের তো কথাই নাই, শিক্ষিত ভদ্র সম্প্রদায়ের পক্ষেও সাকাৎভাবে যোগ দান করিবার অধিকার ও অবসর ছিল না। ব্রিটশ-ই্তিয়ান্ সভার নেতৃবর্গ জ্মী-দারী স্বত্ব-স্বার্থের সঙ্গে মিলাইয়া যতটা সম্ভব দেশের সাধারণ লোকের স্বত্ত-স্বার্থ রক্ষা করিবার চেষ্টা করিতেন। কিন্তু জনসাধারণের সঙ্গে এক যোগে কোনো রাষ্ট্রীয় কর্ম্ম শাধনের প্রবৃত্তি ও প্রয়াস তাঁহাদের ছিল না। স্থতরাং দেশের রাষ্ট্রশক্তিকে জাগাইয়া, সংহত লোকমতের ছুর্জন্ম শক্তি প্রয়োগে, রাজপুরুষদিগের স্বেচ্ছাচারকে নিয়ন্ত্রিত করিবার জন্ম এ পর্যান্ত কোনো চেষ্টাই হয় নাই। অথচ দেশের শিক্ষিত ও শিক্ষার্থী সম্প্রদায়ের প্রাণে একট। বলবতী আত্মপ্রতিষ্ঠার আকাজ্জ। জাগিয়া উঠিতেছিল।

আধুনিক খদেশাভিমান ও খাদেশিকতা

ফলতঃ যে ইংরেজি শিক্ষার আমাদিগের শিক্ষিত সম্প্রদায়ের একটা অসংযত ও অসমত ব্যক্তিয়াভিমান জাগিয়া প্রাচীন সমাজের শাসন ও পুরাগত ধর্ম্মের বিশ্বাসকে ভাঙ্গিয়া ভাহাদিগকে धर्माटलारी ও সমালজোহী করিয়া তুলে, তাহাতেই আবার তাঁহাদিগের প্রাণে এক স্বদেশাভিমানেরও সঞ্চার হয় ৷ ন্তন আমাদের সে'কালের ধর্ম ও সমাদ্ধ-সংস্থার-বহুলপরিমাণে মুরোপীয় (हड़े।

অম্পরণ করিয়াই চলিয়াছিল সত্য। ইহা সত্ত্বেও যে এই সকল সংস্কার-চেষ্টার অন্তরালে একটা প্রবল স্বদেশাভিমান 🤉 জাগিয়া উঠিতেছিল ইহাও অস্বীকার করা যুরোপীয় সমাজের যায় না। আমাদের নিজেদের সমাজ-জীবন অতিশয় হীন, এবং যুরোপের যুক্তিবাদের তৌলদণ্ডে আমা-দিগের ধর্মবিশ্বাস ও ধর্ম্মসাধনা অত্যন্ত ভার ও কুসংস্কারপূর্ণ বলিয়াই বোধ আর এই হীনতাবোধ সর্বাদাই আমাদিগের ম্বদেশাভিমানে অতান্ত আঘাত এই বেদনার উত্তেজনাতেই, আমরা তখন এতটা দিক্বিদিক্ জ্ঞানশূতা হইয়া আমাদের ধর্মের ও সমাজের সংস্থারসাধনে নিযুক্ত হইয়াছিলাম। আমাদের এই সংস্কার-চেষ্টা যদি সর্বতোভাবে খৃষ্টীয়ানী পন্থ৷ অন্সুসরণ করিয়া চলিতে পারিক্রিতাহা হইলে সেই क्रिष्टोत करन आमामिरगर्ते ... (कारना প্রকারের সত্য স্বাদেশিকতা ফুটিয়া উঠিতে কিন্ত যে ব্যক্তিস্বাভিয়ান পারিত ना। যুক্তিবাদ বা Individualism এবং Rationalism, আমাদিগকে নিজেদের সমাজের ও ধর্মের অফুশাসনকে অগ্রাহ্য করিকে করে, তাহারই প্রণোদিত আমাদিগের পক্ষে খৃষ্ট-ধর্ম্মে বিশ্বাদ স্থাপন এবং যুরোপীয় সমাজবিধানের বছাতা গ্ৰহণও একাস্তই অসাধ্য করিয়া তুলে। •স্বদেশের বেদপুরাণাদিকে মছ্য্যপ্রতিভা-রচিত এবং সাণারণ মানব-বৃদ্ধি-সহ্জ লম-কল্পনা-প্রস্ত বলিয়া, প্রামাণ্য-মর্যাদা নষ্ট করিয়া, খৃষ্টীয়ানের वाहरवनरक नेम्द्रश्राणि ও अञास विवा গ্রহণ করিবার আর কোনো পথ রহিল না

শ্রীক্ষণের অবতার**ত্ উ**ড়াইয়া দিয়া, যী**ত ২টের অবতারত্বে বিশ্বাস করা** _{হইল।} অথচ এইরূপ অবস্থাতেও গৃষ্টীয়ান ধর্ম-প্রচারকেরা হিন্দু-ধর্মের উপরে আত্যন্তিক ধর্ম্মের শ্রেষ্ঠত্বের নিজেদের দাবী সপ্রমাণ করিতে যাইয়া মত-বিশ্বাস. ধর্মের সাধনার হীনতা প্রমাণ করিতে इहेरनन, তथन ठाँहारनत धहे अयथ। निन्ना-বাদের ফলেই,—যে স্বদেশের ধর্মকে এককালে আমরা হীন বলিয়া বর্জন করিয়াছিলাম, তাহার**ই সম্বন্ধে** ক্রমে আমাদিগের প্রাণে একটা প্রেবল শ্রেষ্ট্রতাভিয়ান জাগিয়া উঠিল। মান্ত্র এ জগতে নিজের প্রাণের মধ্যে যে ভাব লইয়া অপর মান্তবের নিকটে যায়, তাহার প্রাণেও অলক্ষিতে সেই ভাবেরই সঞ্চার করে। প্রেম এই জন্ম দ্বণা দ্বণাকেই বাড়াইয়া দেয়। একের অহঙ্কার-অভিমান, অপরের অহঙ্কার-করিয়াই অভিযানে আঘাত তাহাকে জাগাইয়া তুলে। মানব-প্রকৃতির এই নিয়ম-বশে গৃষ্টীয়ান ধর্ম-প্রচারকদিগের অসঙ্গত এশাভিমান আমাদিগের অন্তরে ধর্মসম্বন্ধেও একটা প্রবল শ্রেষ্টস্বাভিমান জাগাইয়া দিল। যাঁহার। একদা প্রচলিত ধর্মের সংস্কারকার্য্যে ব্রতী হইয়া স্বদেশকাসিগণের নিকটে নিয়তই ণর্শের ভ্রমপ্রমাদের ব্যাখ্যা করিতেছিলেন, এখন তাঁহারাই আবার জগতের অপরাপর ধর্মের সঙ্গে তুলনা করিয়া আপনাদের প্রাচীন ধর্মের শ্রেষ্টত্ব প্রতিপাদনে যত্নবান হইলেন। রামমোহন রায়, মহর্ষি এইরূপে রাজা

দেবেন্দ্রনাথ ঠাকুর, মাহাত্মা রাজনারায়ণ বস্তু, ইহার৷ সকলেই একদিকে যেমন প্রচলিত ক্রিয়াবছল হিন্দুধর্মের সংস্থারের চেষ্টা করেন সেইরূপ অক্সদিকে, বিদেশীয় প্রতিবাদিগণের সমক্ষে এই ধর্মেরই সনাতন-তত্ত্ব ও চিরম্ভন আদর্শের অন্যুদাধারণ শ্রেষ্ঠত্বও প্রতিপন্ন করেন। আপনাদিগের পুরাতন এইভাবে আমাদিগের যে শ্ৰেষ্টত্বাভিমান মধ্যে ক্রমে জাগিয়া উঠে তাহারই উপরে দর্বপ্রথমে আমাদের আধুনিক স্বাদেশিকতার বা Natonalismএর মূল ভিত্তি স্থাপিত হয়। বহুবিধ মানসিক, সামাজিক, এবং রাষ্ট্রীয় শক্তির সাহাযো নবোদিত স্বাদেশিকতা উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত হয়। যে ইংরেজি শিক্ষার অমুপ্রাণনে এই নৃতন সাদেশিকতার উৎপত্তি হয়, সেই শিক্ষারই বিস্তারের সঙ্গে সঙ্গে, একদিকে দেশের নবশিক্ষিত সম্প্রদায়ের এবং অক্তদিকে ইংবেজ রাজপুরুষ ও ব্যবসায়িগণের মধ্যে নানাবিষয়ে একটা প্রবল প্রতিযোগিতা জিমতে আরম্ভ করে। এই প্রতিযোগিতা নিবন্ধন একদিকে এক অভিনব স্বদেশ-প্রীতি এবং অন্তদিকে একটা বিজাতীয় পরজাতি-বিদেষও জাগিয়া উঠে। তদানীন্তন বাংলা - সাহিত্যের ভিতর দিয়া এই নৃতন স্বজাতি-বাংসল্য ও পরজাতি-বিদেষ তুই-ই মুখরিত **इ**हेग्रा **উ**ट्छि । এই সময়েই "বঙ্গদর্শনের" প্রতিষ্ঠা করেন। নব্যশিকিত বাঙালী সমাজে বঙ্গদর্শন স্বদেশের প্রাচীন গৌরব-স্তি জাগাইয়া, এই নবজাত স্বদেশ-প্রীতিকে বাড়াইয়া তুলিতে আরম্ভ করে। ट्याठक, नवीनठक, शांविन्यठक, तक्रनान, সত্যেন্দ্রনাথ, জ্যোতিরিক্র, মনোমোহন.

প্রভৃতির কবিপ্রতিভা, নানা দিকে ও নানা ভাবে এই স্বদেশাভিমানকে ফুটাইয়া তুলে। হেমচন্দ্রের 'ভারতসঙ্গীত''; স্তোক্ত-নাথের "গাও ভারতের জয়, হোক ভারতের জয়, কি ভয় কি ভয় গণও ভারতের জয়"; গোবিন্দচন্দ্রের "কতকাল পরে, বল ভারতরে" এবং প্রাচীন স্মৃতিবাহিনী ''যমুনা লহরী": মনোমোহনের "দিনের দিন সবে দীন":—এই সমুয়েই এই সকল জাতীয় সঙ্গীত প্রচারিত হয়। দীনবন্ধর "নীলদর্পণ" ইহার পূর্ব্বেই রচিত হইয়াছিল। জ্ঞানেন্দ্রনাথের ''শর্থ-সরোজিনী" ও ''স্থরেন্দ্র-বিনোদিনী" নীলদর্পণের মর্ম্মঘাতিনী উদ্দীপনাতে নৃতন ইন্ধন সংযোগ করিয়া দেয়। নবপ্রতিষ্ঠিত বঙ্গ-রঙ্গমঞ্চ পুনঃ পুনঃ এই সকল নাটকের অভিনয় করিয়া ইহাদিগের শিক্ষাও উদ্দী-পনাকে জনসাধারণের মধ্যে ছড়াইয়া দেয়। এই সময়েই নবীনচন্দ্রের "পলাশীর যুদ্ধ" প্রকাশিত হইয়া দেশের নবজাত স্বদেশ-প্রীতিকে আধুনিক রাষ্ট্রীয় ইতিহাসের সঙ্গে যুক্ত করিয়া দেয়। "ভারত মাতা" প্রভৃতি নৃতন গীতি-নাট্য এই অভিনব স্বদেশ-প্রীতিকে এক নৃতন দেবভক্তির আকারে ফুটাইয়া তুলিতে চেষ্টা করে। এই স্বজাতি-প্রেম ও স্বদেশ-ভক্তির স্থরধুনী-স্রোত যথন শিক্ষিত বঙ্গদমাজের প্রাণকে স্পর্শ করিয়া তাহাদের মধ্যে এক নৃতন চেতনার সঞ্চার করিতে আরম্ভ করে, তথন এই স্বাদেশিকতার তরঙ্গ-মুখে, এই নৃতন দেশচ্ব্যার পুরোহিতরূপে, স্ব্রেক্তনাথ স্বদেশে রাষ্ট্রীয় কর্মক্ষেত্রে আসিয়া দুওায়মান হ'ন। আর দৈবরূপায় দেশ-কাল-পাত্তের এরপ শুভ-যোগাযোগ ঘটিয়াছিল

বলিয়াই, তাঁহার কর্মজীবন এমন অনন্ত-সাধারণ সফলতা লাভ করিয়াছে।

স্বেন্দ্রনাথের স্বাদেশিকতার শিক্ষা

কোনো দেশে যথনি কোনো নৃতন ভাব ও আদর্শ ফুটিতে আরম্ভ করে, তথন সর্ব্বাদৌ তাহা উদারমতি, বিষয়বুদ্ধিবিহীন, উদ্যমশীল যুবকমণ্ডলীর চিত্তকেই আকর্ষণ করিয়া থাকে। আমাদিগের দেশের এই নবজাত স্বদেশ-প্রেমও সর্ব্ব প্রথমে শিক্ষার্থী যুবক-গণের চিত্তকে অধিকার করে এবং তাহাদের যৌবনস্বভাবস্থলভ কল্পনা ও ভাবুকতাকে আশ্রয় করিয়াই বাড়িয়া উঠে। আর এই জন্ম এই অভিনব স্বাদেশিকতা প্রথমেই কোনে৷ প্রকারের বস্তুতন্ত্রতাও লাভ করিতে পারে নাই। বঙ্কিমচন্দ্র ও তাহার সহযোগী সাহিত্যিকগণ বঙ্গদর্শনের সাহায্যে দেশের শিক্ষিত সমাজের মধ্যে স্বজাতির প্রাচীন গৌরবশ্বতি জাগাইয়া কিয়ৎপরিসাণে তাঁহাদের ন্তন স্বাদেশিকতাকে একটা ঐতিহাসিক ভিত্তির উপরে গড়িয়া তুলিবার চেষ্টা করেন, সত্য। কিন্তু বঙ্গদর্শন প্রাচীন ভারতের শিল্প ও সাহিত্যের এবং সাধারণ সভ্যতার ও দাধনার লুপ্ত-গৌরবের উদ্ধারে যে 'পরিমাণে মনোনিবেশ করিয়াছিল, তাহার পূর্বতন রাষ্ট্রীয় জীবনের আলোচনায় সে পরিমাণে মনোনিবেশ করে নাই। বিশেষতঃ আশা ও দেশের আধুনিক রাষ্টীয় বিচার-আলোচনা আকাজ্যার প্রকাশ্রভাবে বঙ্গদর্শনে স্থান প্রাপ্ত হয় নাই। "কম্লাকান্তের দপ্তরে" লেখকের অসাধারণ শ্লেষালম্বারে আচ্ছাদিত হইয়া, ভারতের অনেক রাষ্ট্রীয় চিস্তা ও আদর্শেরই গভীর আলোচনা রহিয়াছে, সভা; কিন্তু অতি অল্প লোকেই দৈ সময়ে "কমলাকান্তের" সুম্ধুর বিজ্ঞপাত্মক স্থর্রসিকতার নিগৃঢ মর্শ্ম-উদযাটনে সমর্থ হইয়াছিলেন। নবা-শিক্ষাভিমানী লোকেও কেবল **তাঁ**হার অপূর্ব্ব দাহিত্যরদটুকুই আম্বাদন করিতেন, লেখকের অদ্বৃত কোতৃককুশলতা অসাধারণ শব্দসম্পদ দেখিয়াই মুগ্ধ হইতেন, किन्न ध मकल इलाकलात अन्नताल (य গভীর সমাজতত্ত্ব রাষ্ট্রতত্ত্ব লুকাইয়াছিল, তাহার সন্ধানলাভ করেন নাই। এই সকল কারণে, বঙ্গদর্শন নানাদিক আসাদিগের নবজাত স্বাদেশিক তাকে পুরিপুষ্ট করিয়াও, বিশেঘভাবে বস্বতন্ত্র করিয়া তুলিতে পারে নাই। স্থরেন্দ্র-নাথই প্রথমে এই স্বাদোশিকতার মধ্যে এক অভিনর এবং উন্নাদিনী ঐতিহাসিকী উদ্দীপনার সঞ্চার করেন।

চল্লিশ বৎসর পূর্ব্বে আমাদিগের মধ্যে স্বদেশের ইতিহাসের জ্ঞান ছিল না বিনিলেও, অত্যুক্তি হয় না। ইংরেজি বিজ্ঞানয়ে কিয়ৎ পরিমাণে ভারতবর্ষের ইতিহাস পড়া ইইত বটে, কিন্তু সে সকল ইতিহাস ইংরেজেরই রচিত ছিল। সেকালে যুরোপেও ইতিহাস বলিতে লোকে কেবল কতক গুলি রাজার নাম এবং তাঁহাদের যুদ্ধবিগ্রহাদির বিবরণই বুঝিত। ইতিহাস যে সমাজ-বিজ্ঞানের অঙ্গ, ঐতিহাসিক ঘটনার অন্তরালে যে মানব-প্রকৃতির আশা ও আকাজ্ঞা এবং তাহার আত্মচরিতার্থতা-লাভের প্রয়াস ও প্রতিষ্ঠা বিজ্ঞান থাকে, এক যুগের ইতিহাস গে পরবর্তী যুগের জনমগুলীর কর্মজীবনের

উদীপনার ও শিক্ষার মূল স্ত্রগুলি আপনার পশ্চাতে তাহাদিগের জন্য রাথিয়৷ যায়, এ সকল কথা সে কালের যুরোপীয় ঐতি-হাদিকেরাও ভাল করিয়া ধরেন নাই। ঐতি-হাদিক আলোচনার এই পদ্ধতি তগনো ভাল করিয়া প্রতিষ্ঠিত হয় নাই। স্বতরাং আমর। চল্লিশ বংসর পূর্কের স্থলকালেজে যে স্কল ইতিহাদ পাঠ করিতাম, তাহার ভিতরে কোনো উন্নত আদর্শ কিম্বা কর্ম্মের উদ্দীপনা আছে, ইহা অহুভব করিতে পারি নাই। আর এই কারণেই যদিও ভারতবর্ষের ও ইংলণ্ডের —আর বিশ্ববিত্যালয়ে প্রবেশ করিয়া প্রাচীন গ্রীদ, রোম ও মধাযুগের যুরোপথণ্ডের—ইতি-হাসও পাঠ করিতাম, কিন্তু এ সকল আমা-দিগের প্রাণে কোনো প্রকারের সজীব সদেশ-প্রেমের কিম্বা উদার মানব-প্রেমের সঞ্চার করিতে পারিত না। স্থরেন্দ্রনাথ স্বদেশের রাষ্ট্রীয় কর্মান্টেতে প্রবেশ করিয়াই সর্ব্বপ্রথমে আমাদের নব্যশিক্ষিত সম্প্রদায়ের সমক্ষে প্রত্যেক জাতির ইতিহাসই যে সেই জাতির সদেশভক্তির আলম্বন ও প্রতিষ্ঠা এই সত্য প্রচার করিলেন।

স্থবেক্তনাথ দিতীয় বার বিলাত হইতে
কিরিয়া আসিয়াই ৮ আনন্দমোহন বস্থ
মহাশয়ের একযোগে দর্ব্ধপ্রথমে কলিকাতা
বিশ্ববিচ্চালনের শিক্ষাণী যুবকর্দ্দকে লইয়া এক
ছাত্র-সভার প্রতিষ্ঠা করেন। এই ছাত্র-সভাই
তাঁহার স্বাদেশিক কর্ম্মের প্রথম ওপ্রধান কেন্দ্র
হইয়া উঠে। যে অলোকসামান্ত বাগ্মিতা-শক্তির
প্রভাব ক্রমে সমগ্র ভারতের ন্যাশিক্ষিত
সম্প্রদায়ের চিত্তকে অধিকার করিয়া তাঁহার
অনন্তপ্রতিযোগী ঐতিহাদিক প্রতিপত্তির

প্রতিষ্ঠা করিয়াছে, কলিকাতার এই ছাত্র-সভাতেই তাহা সর্বপ্রথমে ফুরিত হয়। এই ছাত্রসভায় স্থরেক্সনাথ "শিখ-শক্তির অভ্যাদয়"--The rise of Shikh Power,—সম্বন্ধে যে অগ্নি-ময়ী বক্তৃতা প্রদান করেন, তাহার শ্বৃতি,— সেই বক্ততা যাহার৷ ওনিয়াছিলেন—তাহা-**मिरा** किं इटेंरिक कथनटे नुश्व इटेंरिक শিথধর্শের উৎপত্তি, শিথ থালসার প্রতিষ্ঠা, প্রথমে মোগল এবং পরে ব্রিটিশ প্রভূশক্তির সঙ্গে, শিথ গালসার যুদ্ধ-বিগ্রহের কথা, সেকালের স্থলপাঠ্য ভারত ইতিহাসের भरभा छ ছिल । ऋरदक्तमाथ এই বক্তৃতায় যে সকল ঘটনার উল্লেখ করেন, তাহা যে একে-বারে অজ্ঞাত ছিল এমন নহে। কিন্তু সেই দকল পূর্ব্বপরিচিত ঘটনার অন্তরালে স্বরাষ্ট্র-প্রীতির যে শক্তিশালিনী উদ্দীপনা বিছমান ছিল, স্থরেক্সনাথের তডিতসঞ্চারিণী বাগ্মী-প্রতিভাই সর্বাপ্রথমে আমাদের নিকট তাহা ফুটাইয়া তুলে। সেই হইতেই এদেশের নব্য-শিক্ষিত সম্প্রদায়ের মানসচক্ষে আধুনিক ভারতবর্ষের ইতিহাদের এক অভিনব মর্ম ও উন্নাদিনী উদ্দীপনা প্রকাশিত হইতে আরম্ভ করে। ছত্রপতি মহারাজা শিবাজি আধুনিক ভারতক্ষেত্রে যে এক বিশাল হিন্দুরাষ্ট্র- ' প্রতিষ্ঠার চেষ্টা করেন, তাহার মর্য্যাদাজ্ঞান তথনো আমাদের জন্মায় নাই। স্বতরাং সে সময়ে মহারাষ্ট্র ইতিহাসের উদ্দীপনা আমা-দিগের নবজাগ্রত স্বাদেশিকতাকে স্পর্শ করে নাই। আমাদের এই নৃতন স্বাদেশিকত। তথন একটা কল্পিত বিশ্বন্দনীনতার ভাব অবলম্বন করিয়া ফুটিয়া উঠিয়াছিল। একটা বদেশাভিমান মাত্র আমাদের চিত্তকে তথন

অধিকার করিয়াছিল। হিন্দু বলিয়া কোনো গৌরবাভিমান তথনো আমাদের মধ্যে জনায নাই । হিন্দুধর্মের প্রচলিত প্রাণহীন কর্ম-কাণ্ডে আমাদের পুরুষাত্মগত বিশ্বাস একে-গিয়াছিল। জাতিভেদ-ভাসিয়া প্রপীড়িত হিন্দুসমান্তের প্রতিও গভীর অশ্রদ্ধা জিময়াছিল। এই সকল কারণে ছত্রপতি মহারাজা শিবাজি ভারতে যে মহা হিন্দুরাষ্ট্র-প্রতিষ্ঠার চেষ্টা করেন, তাহার প্রকৃত মর্ম ও উন্নত মর্য্যাদা উপলব্ধি করিবার অধিকার আমাদের ছিল ন।। অন্ত পক্ষে বাবা নানক প্রবর্ত্তিভ ধর্ম্মে একদিকে যেমন কোনে। প্রকারের কর্মবাহুল্য ছিল না, অন্য দিকে সেইরূপ গুরুগোবিন্দ-প্রতিষ্ঠিত সমাজতন্ত্রে জাতিকৰ্ণগত কোনো বৈষমাও ছিল না শিথ থালসা বছল পরিমাণে পিউরিট্যান (Puritan) সাধারণ্-তম্মের Commonwealth অকুরূপ ছিল। এই জন্মই আমাদের ইংরাজি শিক্ষা মুরোপীয় সাধনায় অভিভূত চিত্তকে শিথ ইতি হাদের উদ্দীপনাতে এমন প্রবলভাবে অধিকার করিতে পারিয়াছিল। টডের রাজস্থান ইহার অনেক পূর্ব্বেই রচিত হইয়াছিল বটে এবং. রঙ্গলালের পদ্মিনীর উপাথ্যানের ভিতর দিয়া রাজপুত-সমাজের অলৌকিক স্বদেশচর্গার উদ্দীপনা বাংলা সাহিত্যেও প্রবেশ করিয়াছিল, শত্য: কিন্তু পদ্মিনীর উপাখ্যান যে একান্তই "পৌরাণিকী" কাহিনীর উপরে প্রতিষ্ঠিত নং. এই জান তথনে। খুব পরিপুষ্ট হয় নাই। স্থরেন্দ্রনাথের মুখে শিখ ইতিহাদের ব্যাখ্যা শুনিয়া আমাদের নবাশিক্ষিত সম্প্রদায়ের চক্ষু রাজপুতনার কীর্ত্তিকাহিনীর উপরেও

_{ণিয়া} পড়িল। এইরূপে স্থরেন্দ্রনাথই সর্ব্ব প্রণামে আমাদের নিকটে ভারতের আধুনিক ইতিহাসে এক নৃতন প্রাণতার প্রতিষ্ঠা করেন।

যেমন ভারতের ইতিহাস পড়িয়াও আমরা এতাবং কাল পর্যাম্ভ তাহা হইতে প্রকৃত পক্ষে কোনো প্রকারের সত্য স্বাদেশিকতার উদ্দীপনা সংগ্রহ করিতে পারি নাই, সেইরূপ য়রোপীয় ইতিহাস পড়িয়াও তাহার ভিতরে যে রাষ্ট্রীয় স্বাধীনতার প্রেরণা আছে, তাহা ও ভাল কবিয়া ধরিতে পারি নাই। স্থরেক্সনাথের বাগী-প্রতিভাই আমাদের সমক্ষে আধুনিক রাষ্ট্রীয় স্বাধীনতার মুরোপীয় ইতিহাসের আদর্শকেও উজ্জল করিয়া ধরে। ম্যাট্সিনির দৈবী প্রতিভা, গ্যারীবল্ডীর স্বদেশ-উদ্ধার-কল্লে এ**ড**ুত কৰ্মচেষ্টা, যুন-ইতালী (Young Italy) সম্প্রদায়ের এবং নব্য আয়র্লণ্ডের (New Ireland) আয়োৎসর্গপূর্ণ দেশচর্য্যা, এ সকলের ক্যা স্তরেন্দ্রনাথই দর্ব্ব প্রথমে এদেশে প্রচার করেন এবং তাঁহার এই সকল ঐতিহাসিক শিক্ষাকে আশ্রয় করিয়া পূর্বের আমাদের যে গদেশাভিমান বছল পরিমাণে কবি-কল্পনা ও পৌরাণিকী কাহিনী অবলম্বন করিয়াই ফুটিয়া উঠিতেছিল, তাহাই এখন স্বদেশের এবং বিদেশের ইতিহাসের দৃষ্টাস্ক ও শিক্ষার ছারা ষম্বর্গাণিত হুইয়া, কিয়ৎ পরিমাণে সত্যোপেত ও বস্থতম হইয়া উঠিল।

হবেজনাধের রাষ্ট্রীয় কর্ম-জীবনের ব্যাপকতা .

এইরূপে স্থরেজ্রনাথ যে স্থদেশ-প্রীতিকে

গাশ্রা করিয়া আপনার রাষ্ট্রীয় কর্মভীবনের প্রতিষ্ঠা করেন, প্রথমাবধি সমগ্র
ভারতবর্ধই তাহার উপজীব্য ছিল। বাঙালীর

প্রকৃতির ইতিহাদের এবং বাংলার হইতেই বিশেষত্ব আমাদিগের श्रामन-এই অপূর্ব উদারতার উৎপত্তি প্রীতির হইয়াছে এই আধুনিক স্বাদেশিকতা এ পর্যান্ত বাংলা, মহারাষ্ট্র ও পাঞ্জাব, এই তিন প্রদেশেই বিশেষভাবে ফুটিয়া উঠিয়াছে। কিন্তু বাংলার স্বাদেশিকতার আদর্শ যতটা উদার ও উন্নত,মহারাষ্ট্রের কিম্বা পাঞ্চাবের স্বাদেশিকতার আদর্শ ততটা উদার ও উন্নত নহে । ইংরেজ এদেশে না আসিলে ভারতরাষ্টে মারাঠা ও শিখ, ইহারাই সম্ভবতঃ মোগলের উত্তরাদিকারী হইয়া দেশের শাসন-শক্তিকে অধিকার কবিয়া বদিতেন। ব্রিটিশ-প্রভূশক্তির তাঁহাদের সে আশা নির্মাল হইলেও তাহার শ্বতি শিথ বা মারাঠার চিত্ত হুইতে একেবারে লুপ্ত হয় নাই। আর এই কারণে পাঞ্চাবের কিমা মহারাষ্ট্রে স্বাদেশিকতার মধো একটা প্রাদেশিক পক্ষপাতিত্ব লুকাইয়া আছে। বাংলায় সেরপ কোনো ঐতিহাসিক স্মৃতি নাই বলিয়াই, বাঙালীর স্বাদেশিকতার কোনো প্রাদেশিক আশ্রয়ও নাই। অন্তদিকে বাঙালীর প্রকৃতিও শিথ বা মারাঠার প্রকৃতির মত নহে। শিণ খাল্যা ভারতমাতার বাহুতেই বল সঞ্চার করিয়াছে, কিন্তু বিশেষ ভাবে তাঁহার বাণী-শক্তি অধিকার করিতে পারে নাই। অগুদিকে মারাঠা ও বাঙালী ইহাদের বৃদ্ধি-বল ভারতের অপরাপর জাতির বৃদ্ধি-বল হইতে শ্রেষ্ঠ হইলেও বাঙালীর বৃদ্ধিতে ও মারাঠার বৃদ্ধিতে প্রভেমও বিস্তর। মারাঠার বুদ্ধি কার্যাকরী, ইংরাজিতে ইহাকে practical ৰলে। বাঙালীর বৃদ্ধি ভাবময়ী, ইংরাজিতে ইহাকে idealistio কার্য্যকরী বৃদ্ধি ফলসন্ধিৎসু; स्थि। बना

কর্মাকর্মের আদর ফল লক্ষ্য করিয়। চলে। ভাবন্যী বৃদ্ধি সভাসন্ধিৎস্থ; কর্মাকর্মের প্রভাক ফলাফলকে অগ্রাহ্য করিয়া ভাবরাজ্যে ও তত্ত্বাঙ্গে তাঁহার কি পরিণাম ঘটিবে, তাহাই **टक**वन (मरथ। कार्याकवी वृक्ति ज्ञानर्गरक উপেক্ষা করিয়া বাস্তবকে ধরিতে চাহে: ভাবময়ী বুদ্ধি বাস্তঃকে উপেক্ষা করিয়া আদর্শেতেই আহাসমর্পণ করে। দেশচ্ঘায় কার্য্যকরী বৃদ্ধির প্রেরণা প্রাদেশিকতাকে বাডাইয়া তোলে এবং স্বদেশ-ভক্তিকে সম্বীৰ্ণ ও সাম্প্রদায়িক করিয়া ফেলে। ভাবময়ী বৃদ্ধি দেশচর্য্যা ও দেশভক্তিকে সর্ব্ব প্রকারের প্রাদেশিকতা ও সাম্প্রদায়িকতা হইতে যথা-**সম্ভব মুক্ত করিয়া উদার ও সার্ব্বজ্ঞনীন করিতে** চাহে। রাষ্ট্রীয় জীবনে কার্য্যকরী বৃদ্ধি আসন্ধ-ফলসন্ধিংস্থ politicianএর বা রাজনীতিকের স্ষষ্টি করে। আর ভাবমগ্রী বৃদ্ধি দরদর্শী ও সম্যক্দশী নীতিজ্ঞ বা Statesman এরই স্বষ্টি করিয়া থাকে। মহারাষ্ট্রের ও বাংলার কর্ম-জীবনের তুলনায় এই ছুই জাতীয় মানববৃদ্ধির ভেদাভেদের বিলক্ষণ পরিচয় পাওয়া যায়।

আর বাঙালীর প্রকৃতির গুণে এবং আধুনিক বাংশার ইতিহাসের কোনো বিশেষ রাষ্ট্রীয় গৌরবম্বতির অভাবে, আমা-দিগের বর্ত্তমান স্বাদেশিকতা যেমন সমগ্র ক্রিয়া ফুটিয়া ভারতবর্গকে আশ্রয় উঠিয়াছে, সেইরূপ বাঙালী কর্মনায়ক রাষ্ট্রীয় কর্মজীবনও **স্থরেন্দ্র**নাথের ভারতরাষ্ট্রকে কক্ষা করিয়াই গড়িতে আরম্ভ করে। স্থরেন্দ্রনাথের পূর্দ্বে ভারতের ভিন্ন ভিন্ন প্রদেশের রাষ্ট্রীয় কর্মচেষ্টা প্রাদেশিক শাসনের ভালমন লইয়াই বিব্রত একং

প্রাদেশিক জীবনের সন্ধীর্ণ সীমার মধ্যেই আবদ্ধ ছিল। কবি-কল্পনাতে এবং সংবাদ-পত্রেই কেবল ভারতের রাষ্ট্রীয় একত্ব বোদের কতক্টা প্রমাণ পাওয়া যাইত, নতুবা এক প্রদেশের স্থথ-তুঃথ অক্ত প্রদেশের চিত্রে বিক্ষম করিত কি না সন্দেহ। কলিকাতার ব্রিটিশ-ইণ্ডিয়ান-শভা, পুনার সার্ব্বজনিক সভা ও মালাজের মহাজন-সভা, এ সকলট প্রাদেশিক প্রতিষ্ঠান ছিল। স্থারেশ্রনাথের প্রেরণায় ও উছোগে যে ভারতসভার বা Indian Associationএর জন্ম হয়, তাহাই দর্ব্ব প্রথমে এই প্রাদেশিকতাকে অতিক্রম করিয়া, সমগ্র ভারতের রাষ্ট্রীয় কর্ম ও চিস্তাকে এক স্থক্তে গাঁথিয়া তুলিতে চেষ্টা করে। সম্প্র ভারতবর্ষকে এক বিশাল কর্মজালে আবদ্ধ করিবার আকাজ্ঞা লইয়াই ভারত-সভার জন্ম হয় এবং অল্প দিন মধ্যেই উত্তর ভারতের বড় বড় সহরে শাখা সভা সকল গঠিত হইতে আরম্ভ করে। এইরূপে প্রয়াগে, কাণপুরে, মীরাটে ও লাহোরে শাখা-ভারত্ত্বভার প্রতিষ্ঠা হয় ৷ কংগ্রেস সমগ্র ভারতবর্ষের রাষ্ট্রীয় শক্তিকে সংহত করিবার জন্ত যে চেষ্টা করিতেছে, চৌত্রিশ বংসর পূর্ব্বে স্থবেন্দ্রনাথের প্রতিষ্ঠিত ভারত-মভাই প্রকৃত পক্ষে শর্ম প্রথমে সেই চেষ্টার স্বত্রপাত যে স্বদেশাভিমানকে আধ্বয় করিয়া ভারত-সভা দেশের রাষ্ট্রশক্তিকে বাড়াইয়া ও গ^{ড়িয়া} তুলিতেছিল, কংগ্রেদের জন্ম নিবন্ধন ^{যুদি} তাহা একান্ত বহিষ্ ধীন হইয়া না পড়িত, তাহা হইলে আমাদের বাষ্ট্রীয় জীবনে ভা^ত প্রজাশক্তি কৃত্টা পরিমাণে যে সংহত ^ধ

সূপ্রতিষ্ঠিত হইতে পাবিত ইহা এখন _{কল্লনা} করাও স্লকটিন।

ফলতঃ কংগ্রেদের জন্মের পূর্দ ইইডেই মুরেন্দ্রনাথ প্রকৃতি ভারতসভার কর্মনাংকগণ একটা বিরাট জাতীয়-সমিতি গঠন করিবার চেটা করেন। এই আদর্শের অসুসরণেই নানা স্থানে শাখা ভারত-দভার প্রতিষ্ঠা _{হয়।} আর কংগ্রেদের জন্মের সঙ্গে চতুর রাষ্ট্র ডিক লাট ডফ্রিণেরও যে কত হটা मध्य हिन, हेश এখন সকলেই জানেন। ক্সরেক্রনাথ দেশে যে বিপুণ প্রজাশক্তি জাগাইয়া তুলিতেছিলেন, ভাগার লক্ষা করিয়াই (য কংগ্রেসের क्य इम्र नारे, এ क्था वला कि कठिन। বোমাইয়ে গোপনে গোপনে যথন কংগ্রেসের প্রথম অধিবেশনের আয়োজন হইভেছিল, দে সময়ে মুবেন্দ্রনাথ ও আনন্দর্যোগন ভারতসভার ভত্তাবধানে কলিকাতায় একটা জাতীয় সন্মিলনের বাবন্তা করেন এবং কংগ্রে-দের অধিবেশনের সমকালেই ক্লিকাতার আলবার্ট হলে জাতীয়-সমিতির বা National Conferenceএর অধিবেশন হয়। স্থরেন্দ্রনাথ কংগ্রেসের সংবাদ রাখিতেন কি না, জানি না। কিম্ব এই কনফারেকো দেশের নানাস্থান হইতে যে সকল লোক সমবেত হইয়াছিলেন, তাঁৱা যে কংগ্রেসের কথা কিছুই ভনেন নাই. ^{ইহা দ্বানি। ই হারা সকলেই এই National} Conferenceকে ভারতের রাষ্ট্রীর একভার ভবিষাং • প্রজাশক্তির আধার বলিয়া বরণ করিয়াছিলেন। আর কংগ্রেদ ^{ষ্দি} সংসা এই স্থানটী পূর্ণ করিতে অগ্রসর ^{मे। इहेड}, डांश **इहेरन आफ छ**रतस्य मार्थत

এই National Conference আমাদিনোর জীবনের ্শ্রেষ্ঠ চম বাষীয় শকি-কেন্দ্র হইয়া উঠিত সন্মেত নাই। কংগ্ৰেগ্ৰে প্রতিষ্ঠাতা ভারত-গ্রণ্মেটের অবসরপ্রাপ্ত সেক্রেটারী এলান ও হিউম। প্রান ইহার পৃষ্ঠশোষক কলিকাতার প্রবীণতম ব্দ্যোপাধ্যায়, উগেশচৰ वाधिष्ठाव বোষাই এর প্রধানতম কৌন্সিলী ফিরোজসা মেহেতা, মাদ্রাজের প্রসিদ্ধ উকীর স্ববন্ধণা আয়ার। কংগ্রেদ এই রূপে প্রথম হইভেই অসাধারণ পদ-বল ও ধনবলের উপরেই প্রতিষ্ঠা লাভ করে। স্বরেন্দ্রনাথের কর্ম-চেষ্টার অন্তর্যাল তথন এ ছু'য়ের কিছুই ছিল ा। **ङ्र**ाताः कःत्यम (य द्वरवस्रात्यद প্রতিষ্ঠিত National Conference কৈ সহজেই আত্মদাং করিয়া ফেলিল, ইংা কিছুই আশ্চর্য। নতে । আর इंशाउ अकृत প্ৰেক আমাদের রাষ্ট্রীয় জীবনের ক্ষতি হইয়াছে, না লাভ হইয়াছে বলা কঠিন নহে। কংগ্রেদ যতটা রাভারাতি বাড়িয়া উঠিয়াছিল, স্বেজনাথের কন্ফারেন্সের পক্ষে সম্ব : হইও না। -- অভাদিকে স্তুরেন্দ্রনাথের এই কর্ম-চেষ্টা যদি কংগ্রেসের ঘার এইরপে ব্যাহত না হইত, ভাগা হইলে দেশে আজ যে প্রভৃত শক্তিশালী রাষ্ট্রীয় জীবন ও লোক্ষত গড়িয়া উঠিত, কংগ্ৰেদ ভাষা যে কেবল গড়িয়া তুলিতে পারে নাই তাহা নহে, কিন্তু সাক্ষাং ভাবে ভাহার ব্যাঘাত্র জনাইয়াছে। कर्द्धाम (प्रदेशक কল্যাণ সাধন করিয়াছে সভা, কিন্তু সুরেক্রনাথ ভারতের জেলায় জেলায় লোকমত মঞ্চাঠনের জ্ঞাতে যে দকল রাষ্ট্রীয় দ্রভাব প্রতিষ্ঠা বর্জায়া-

ছিলেন ও করিতেছিলেন সে গুলির শক্তিহরণ করিয়া কংগ্রেদ দেশের প্রক্রত রাষ্ট্রীয় জীবনকে যে গুর্মল করিয়াছে ইহাও অস্বীকার করা সম্ভব নহে। কংগ্রেসের প্রধান কীর্ত্তি ছটা ---এক লাট ক্রেমের ১৮৯১ সালের ইণ্ডিয়া কাউজিলস আরিট, আর অন্য লাট মলেরি আধুনিক কাউসিল্সংস্থার : কিন্তু কেশের ভেলায় জেলায় যে সকল রারীয় সভা গড়িয়া উঠিতেছিল, ভাহাকে নষ্ট করিয়া দেশের কংগ্রেম দেশের যে ক্ষতি করিয়াছে এ সকলের কিছতেই দেই ক্ষতি পুরণ করিতে সমর্থ হয় নাই ও হইবে না। ফলতঃ কংগ্রেদের প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে আমাদের আধুনিক রাষ্ট্রী য় স্বরেন্দ্রনাথের অনন্যপ্রতিযোগী কৰ্মচেষ্টায় অধিনায়কত্ব লাভের পথ একেবারে বন্ধ ইইয়া যায়। তখন হইতে স্থ্রেন্দ্রনাথ কিয়ৎ পরিমাণে কংগ্রেসের অর্থশালী নেতৃবর্গের মুখাপেকী হইয়া, আপনি প্রথমে যে পথে চলিয়া দেশের প্ৰজাশক্তিকে জাগাইয়া তুলিতেছিলেন, দে পথ অনেকটা পরিত্যাগ করিয়া, বছল পরিমাণে আপনার ক্রাজীবনের সম্পূর্ণ সফলভারও ব্যাঘাত উৎপাদন করেন।

কিন্তু ইহাতে যে নেশের কোনো সাংখাতিক কি হ ইয়াছে, এমনও বলিতে পারি না। হুরেন্দ্রনাথের প্রথম জীবনের কর্মাচেষ্টা সময়ো-প্রোগী হইয়াছিল মাত্র, কিন্তু সম্পূর্ণরূপে তাঁহার স্বদেশের প্রাচীন সভ্যভার ও সাধনার কিন্তা তাঁহার স্বদেশী লোকপ্রকৃতির অনুযায়ী হয় নাই। সমাজ্বসংস্কারে কেশবচন্ত্র যেমন প্রথম জীবনে বহুল পরিমাণে বিদেশীয় স্মান্থের অনুন্রণ করিয়া সমাজের মধ্যে একটা প্রেচ্ড বিবোধই জালাইয়া তুলিয়াছিলেন, কিন্তু

কোথায় যে সেই বিরোধের সঙ্গতি ও মীমাংসা ছইবে, ভাগার নিগুড় সন্ধান ও সঞ্চেত ধরিতে পারেন নাই; স্বেক্তনাথও সেইরূপ ইংস্তের महोर छत অমুদারণ ক্রিয়া শাস্নসংখ্র ক্রিতে যাইয়া, শাসক ও শাসিতের মধ্যে বিরোধই জাগাইয়া তুলেন, কিন্তু কোন প্রে যাইছা শাদিতেরা যে প্রস্কৃত পক্ষে আয়. চারতাথিতা লাভ করিতে সমর্থ ইইবে আর কোন স্থা ধরিয়াই বা এ দেশের শাসক ? শাসিতের মধ্যে যে বিরোধ জাগিয়াছে, ভাগর চুড়ান্ত নিপ্লন্তি হইতে পারে, এ পর্য্যন্ত স্থরেন্দ্র নাথ সে সন্ধান এবং সাক্ষত প্রাপ্ত হন নাই। **अ**(तक्तमाथ हेश्टराज्य निक्षे हेहेरा है। है। নীতির যাবতীয় শিক্ষালাভ করিয়াছেন, আর ইংলজের ইতিহাসে যে পথে স্বেচ্ছ:চারী রাঞ্ শক্তিকে সংযত করিয়া ক্রমে প্রজাশ্তি স্প্রতিটিত হইয়া বর্তমান প্রজাতরশাসন প্রণালীকে গড়িয়া তুলিয়াছে, সেই প্র স্থরেন্দ্রনাথের স্থপরিচিত। স্থারেন্দ্রনাথের অলোক্সামাত মেধা আছে, কিন্তু চিন্তাৰ মৌলিকতা নাই। যেত্ৰী যেখন আছে ব হইয়াছে, ডিনি ভাহাকে সেইরূপ ভারেই ধরিতে পারেন, কিন্তু যে মানসিক শক্তি চারি দিকের বিষয় ও বন্ধর পর্যাবেক্ষণ ছারা কোনো নুতন তত্ত্বে আবিষ্কার করিতে পারে, সে^{ন্তি} স্থরেক্সনাথের নাই। স্বভংগ হানপের রাট্টি জীবনের সংস্কার ও বিকাশ সাধ্যে এতী ইইছা স্থরেন্দ্রমাথ ইংরেজ-রাষ্ট্রনীতির চিরা^{ভার} व्यात्रस्य करत्ने। চলিত্তে ণ্থ ধরিয়াই নিজেদের সভ্যতা, সাধনা ও প্রঞ্তির অসু^{য়াইী} নৃত্তন পথের প্রতিষ্ঠা করিতে পারেন ^{নাই।} ইং<u>রে</u>জের ভাষা যে ভার স্বদেশের ^{রোকে}

বুঝিতে পারে না, ই-নেজের ভাব যে তারা ধবিতে পারে না, ইংরেজের পথ যে তাদের একেবারেই অপরিচিত, ইংরেঞ্বের প্রাকৃতি যে তাহাদের একতি হইতে একাস্তই ভিন্ন, এ সকল কথা স্বেক্তনাথ এখনও ভাল করিয়া ব্রেন কি না সন্দেহ। আর স্বদেশের সভ্যতার ও সাধনার, খদেশের লোকপ্রকৃতি ও সমাজপ্রঞ্চতির সঙ্গে হ্রবেক্সনাথের চিস্তার এবং আদর্শের কোন জীবস্ত যোগ স্থাপিত হয় নাই বলিয়া তাঁছার দীর্ঘজীবনব্যাপী রাষ্ট্রীয় कर्त्यामाम रकवनमाज अक्षे अमस्त्र, अनिर्दिष्टे, **अवन त्राष्ट्रीय अ**ভाববোধকেই **ভাগাই**য়াছে: কিন্ত এখনোও দেখের বাছীর জীবনের কোনো অপকেই গড়িয়া তুলিতে পারে নাই। এইক্লপ অভাববোধ হইতে উন্মাদিনী বিপ্লবশক্তির **ত্ত হিতে পারে, কিন্ত কথনই দ্রদশিনী** রাষ্ট্রীতির প্রতিষ্ঠা সম্ভব হয় না।

क्लाङ: इटलक्टनांथ (व नथ धवित्रा तितन्त्र রাষ্ট্রীয় জীবন গড়িয়া তুলিতে চাহিয়াছিলেন, তাংার সঙ্গে এদেখের কি হিন্দু কি মুসলমান কোনো সম্প্রদায়েরই প্রাণগত যোগ প্রতিষ্ঠিত হওয়া অসম্ভব। এদেশের হিন্দু ও মুদলমান · ছ**ই জাতিরই ধর্মভাব অত্যন্ত প্রবল।** ধর্মই ভারা বোঝে, ধর্ম্বের নামেই ভারা মাতে, ' ধর্মের সঙ্গে যার যোগ নাই, এমন কোনো কিছু ভাহাদের প্রাণকে ম্পর্শ করিতে পারে না। ইহাই এদেশের বিশেষত্ব। অথচ মুরেন্দ্রনাথ এবং তাঁহার সমসাম্যকি বাষ্ট্রীয় কর্মনায়ক্পণ সকলেই অন্নতির রাষ্ট্রায় জীবনে জনশক্তিকে প্রতিষ্ঠিত ক্রিবার জন্ম সচেট্ট হুইয়াও ক্থনই এই স্ব্ৰন্থনিক বিষয়ের প্ৰতি লক্ষা কৰিবা

नाई। डीशांपत রাষ্ট্রায় আদর্শ এবং রাষ্টানীতি আজি পর্যান্ত মোক্ষদম্পর্ক-বিহীন হইয়া পড়িয়াছে। স্বতরাং তাঁহাদের সর্বপ্রকারের রাষ্ট্রীয় আন্দোলন ও আলোচনা (मर्भत मृष्टिरम्य নব্য শিক্ষিতসম্প্রদারের উপবেই যাহা কিছু আধিপত্য বিস্তার ক্রিতে পারিয়াছে, ক্রিড এ পর্যায় জন-মণ্ডলীর চিত্তকে ম্পর্শ করিতেও সক্ষম হয় নাই। কিন্তু যাঁহারা ক্রমে ক্রমে নৃতন প্র ধরিয়া, নৃতন মন্ত্র সাধন করিয়া, দেশের জন-মণ্ডলীর চিত্তে এক নবশক্তির করিতে আরম্ভ করিবাছেন, তাঁহারা সকলেই সাক্ষাংভাবে বা প্রোক্ষভাবে ম্বাদেশিক উদ্দীপনার জন্ম স্থরেন্দ্রনাথের প্রথম জীবনের শিক্ষা-দীক্ষার নিকট চিরঋণী রহিয়াছেন। আজ দেশে যে নৃতন আদর্শ ফুটিয়া উঠিতেছে ও জনগণের চিত্তে যে নৃতন শক্তির সঞ্চার হইতেছে তাহা কোনো কোনো দিকে স্থারেন্দ্রনাথের আদর্শের এবং কর্মচেষ্টার বিরোধী হইলেও যে স্বরেক্তনাথের শিক্ষা-দীক্ষার শ্রেষ্ঠতম ফল, ইহা অঙ্গীকার করা यांग ना। ऋत्वन्दनात्थन व्यत्मदश्चकात्वव ক্রটী দুর্বলভা সত্ত্বেও ভিনি যে কাঞ্চী ক্রিয়াছেন ভাগা না ক্রিলে আমাদের বৰ্ত্তমান জাতীয় জীৰন যে ভাবে গড়িয়া উঠিতেছে, কখনই সে ভাবে গড়িয়া উঠিতে পারিত না। তিনি এই ফাতীয় জীবনের গঠনে যে কাজ্টী করিয়াছেন, সে কাল অপর কেহ করেন নাই, এবং করিতে পারি-তেনও না। আর এইজগুই আধুনিক ভারতের ভাতীয় জীবনের ইতিহাসে স্থরেজনাথের ৰ্ভি এমন অকম প্রতিষ্ঠালাভ করিয়াছে। টীবিপিনচক্র পাল।

বাঙ্লা-লেখার রীতি

বর্ত্তমান বাঙ্লা ভাষার দিকে লক্ষ্য করিলে সহজেই দেখিতে পাওয়া যাইবে খে, বছ লেখাতেই অনেকস্থলে শব্দম্হের পরস্পর সক্ষরক্ষা নাই, বা থাকিলেও যথোচিত চিহ্নদারা তাহা স্টিত হয় না। বলিবার সময় ভাষায় যে কোট লক্ষিত হয় না, লিথিবার সময় ভাহা স্পষ্ট প্রতীত হয়।

অনেকে লিখিয়া থাকেন 'প্রাক্বতিক বিজ্ঞান চর্চচা', কিন্তু ইহা ঠিক নহে। 'প্রাক্বতিক' পদের সহিত 'বিজ্ঞান' পদের, এবং ইহার সহিত 'চর্চচা' পদের সম্বন্ধ; অতএব সংযুক্ত করিয়া লিখিতে হইবে 'প্রাক্বতিকবিজ্ঞানচর্চচা।'

লিখিত হইয়া থাকে 'অফুরপ ফললাভাশা', এথানে 'অফুরপ' পদের 'ফললাভাশা' পদের সহিত্ত সম্বন্ধ নহে, 'ফল' পদের সহিত্ত সম্বন্ধ। অতএব লেখা উচিত 'অফুরপ-ফললাভাশা' অথবা 'অফুরপফললাভাশা'।

সমন্ত পদ অতিদীর্ঘ হইয়া উঠিলে পদগুলিকে হাইফেন ও কমার যোগে পৃথক্ পৃথক্ করিয়া লিখিলে পাঠের কোন অস্ক্রিধা হইবার সম্ভাবনা নাই। যেমন, 'প্রবাদ-, কাহিনী-ও জনশ্রুতি-সমূহ।' এখানে 'সমূহ' পদের 'প্রবাদ', 'কাহিনী' ও 'জন্মুশুতি' এই তিনটি পদেরই সম্বন্ধ, এবং তাহা প্র্কোক্তরূপে স্পাইভাবে স্থচিত হয়।

লেখা হয় 'ধাতু ও প্রস্তরময়ী মূর্জি।' এখানে 'ধাতু' ও 'প্রস্তর' উভয়েরই সহিত ময়ট্প্রভায়ের সমন্ধ। অতএব তাহার শ্বচনার জন্ম হাইফেন দিখা লিণিতে হইবে 'ধাতৃ- ও প্রস্তর-ময়ী মৃর্টি।' এইরূপ 'ধাতৃ- ও প্রস্তর-মৃতি। 'ধাতৃ ও প্রস্তরমৃতি নহে'; 'শ্বাপত্য- ও ভাশ্বর্যা-বিদ্যা', 'শ্বাপত্য ও ভাশ্বর্যাবিদ্যা' নহে; 'শ্বক্- ও সাম-বেদ', 'শ্বক্ ও সামবেদ নহে; 'জাতি- ও ধর্মা-নির্বিশেষে', 'জাতি ও ধর্মানির্বিশেষে' নহে; 'যুক্তি-ও তর্ক-বলে', 'যুক্তি ও তর্কবলে' নহে। 'সং-, চিং-ও আনন্দ-শ্বরূপ,' 'সং, চিং ও আনন্দশ্বরূপ' নহে; 'হিন্দু,- বৌদ্ধ- ও জৈনধর্মাবলম্বী' 'হিন্দু, বৌদ্ধ ও জৈনধর্মাবলম্বী' নহে; 'নিন্দা- বা প্রশংসা-মাত্র', নিন্দা বা প্রশংসামাত্র' নহে; ইত্যাদি।

আবার 'ঐ সমন্ত যুক্তিতর্কপ্রদর্শন'
না লিথিয়া 'ঐ সমন্ত যুক্তিতর্ক-প্রদর্শন'
লেপা সঙ্গত, ইহাতে 'সমন্ত' পদের সহিত
'যুক্তিতর্ক' পদের সম্বন্ধ স্চিত করিতে পারা
যায়।

'তিনি যে শিক্ষার পক্ষপাতী তাহা কল্যাণকর নহে' এই ব্যাক্যটিকে অসন্দিধ-করিবার জন্ম বক্তার বিবক্ষা-অন্ত্র্যারে ছুই প্রকারে লিখিতে পারা যায়—'তিনি থে, শিক্ষার পক্ষপাতী ইত্যাদি;' অথবা তিনি যে-শিক্ষার পক্ষপাতী ইত্যাদি'; এইরূপ 'তখন যে-কোন ব্যক্তি', অথবা 'তখন যে, কোন ব্যক্তি'; 'কল্য যে-কেহ আসিবে', অথবা 'কল্য যে, কেহ আসিবে'; ইত্যাদি।

'এই পুশুকথানি তাঁহার জ্বনৈক শিষ্য প্রণীভ' অথকা 'এই.....শিষ্যপ্রণীত লেখ ঠিক নহে, নেথা উচিত 'এই…শিষ্য প্রণীত', তাহা হইলেই 'শিষ্য' পদের ক্সায় 'জনৈক' পদেরও 'প্রণীত' পদের সহিত সম্বন্ধ স্থাচিত হইতে পারে।

'সতা সতাই', 'প্রধান প্রধান' ইভাাদি পদগুলিকে সংযুক্ত করিয়া অথবা স্থানবিশেষে গ্ৰাইফেন দিয়া লেখা উচিত। 'দ্ভাস্তাই', 'প্ৰধানপ্ৰধান', অথবা স্ভা-স্তাই, প্রধান-প্রধান; 'এক-এক', 'আর-আর', 'অন্ত-জন্তু'; ইত্যাদি"। 'মুসলমান অধিকার প্রবর্তনের পর' না লিখিয়া 'মুসলমান-অধিকার-পুর্বর্তনের পর' লেখা সমত। 'ঘার্বতী অভিমুখে' না লিখিয়া 'ছারবতী-অভিমুখে' লেখা উচিত। 'যে যে রাজ্যে রেশম, পশম, কার্পাদাদিজাত বন্ধ্র' স্থলে 'যে যে রাজ্যে 'রেশম-পশম-কার্পাদাদি-জাত' অথবা 'ষে যে রাজ্যে রেশম-, পশম- ও কার্পাদাদিজাত' লেখা দঙ্গত। 'এই কর্মা বহুল আয়াসসাধা' না লিথিয়া ্ৰেই কৰ্ম বহুল-আয়াদ-দাধ্য লেখা উচিত। এইরপ 'উচ্চু ঋলতা- ও যথেচ্ছাচারপ্রভৃতি-নিবারণ', 'উচ্ছু খানতা ও যথেচ্ছাচার প্রভৃতি নিবারণ নহে', 'শারীরিকস্থপশাভই পুরুষার্থ', 'শারীরিক স্থগলাভই পুরুষার্থ' নহে।

'বা তা', 'যে দে', 'কোন না কোন'

ইত্যাদি বাক্যপণ্ডকে হাইফেন দিয়া যোগ করিয়া, লিশিলেই ভাল হয় : যথা, 'যা-তা' 'যে-সে', 'কোন-না-কোন'।

ইহা ছাড়া মুদ্রিত পুস্তকসমূহে
মুদ্রণসম্বন্ধে সামান্ত-সামান্ত এত ক্রটি পরিলক্ষিত হয় যে, সাধারণ পাঠকও একট্
অন্তধাবন করিলে বৃঝিতে পারেন। কিন্তু
কোনো সমালোচকও ইহার সংশোধনের দিকে
সাহিত্যিকগণের দৃষ্টি আকর্ষণ করেন না।
যে সকল সম্পাদক নিজ নিজ মাসিকপত্রকে
সর্ব্বেন না, তৃঃথের বিষয়, তাঁহারাও এ সম্বন্ধে
কোনোরপ মনোযোগ করেন নাই।

শুরুত্ব প্রভৃতি স্ট্রনার জক্ত ইংরাজীন্তে ইটালিক অক্ষর ব্যবহৃত হয়। দেবনাপর তদস্পরণে স্বভন্ত অক্ষর করিয়া লইয়াছে। বাংলা এ বিষয়ে এখনো পশ্চাংপদ। আমি এ অভাব অস্কুভ্ব করিয়া দেই-দেই শব্দের অক্ষরগুলিকে ফাঁক-ফাঁক করিয়া লিখিবার প্রস্তাব করি। যেমন বৈ দাস্তি ক। রোমান অক্ষরে মুদ্রিত বহু পালিগ্রন্থে পাশ্চাভ্য পণ্ডিতগণকে এই নিয়ম অন্থ্যরণ করিতে দেখা যায়।

শীবিধুশেশর ভট্টাচার্য্য।

শ্ৰী শ্ৰীজগন্নাথ

মণ্দির

দুর হ'তে শীমন্দির করি দুর্শন প্রেম পুলকিত হিয়া শাতি সমা উপলিয়া জনা জনাস্তর যেন হইল স্বরণ। এই সে শ্রীক্ষেত্রবাম আশৈশব যার নাম ভনিয়াছি, সেই যার অপুর্কা কাহিনী অঙ্কিত মন্দির অক্তে বরণে বিচিত্র ভক্তে কঠিন প্রস্তারে চারু মুরতি মোহিনী ! ঘণা লজ্জা কুলমান নাহি হেথা ব্যবধান ভগবংপ্রেমার্ণবে সব একাকার. পতিতপাবন হরি জগন্নাথ রূপ ধরি षपूर्व नतीती श्रञ्ज, अनग्र ठाँठात অধম জীবের তরে मना উथिलग्रा भएफ ৰাহহীন আলিঙ্গনে বাঁধিছে স্বায়,

শোকার্ত্তের শোক দুর পতিতের মৃক্তি পুর এ মহা নির্বাণ তীর্থে কামনা বিলয়। জাতিভেদ হেথা নাই চণ্ডাল ব্রাহ্মণে তাই মহাপ্রদাদের অন্ন অমৃত সমান, একত্র বসিয়া পায় ভৰতি পুলক কায় বিশ্বপ্রেমে আত্মহার। সর্ব্ব সমজ্ঞান। দীনবন্ধ নাম তব করিয়া শ্রবণ শোক তাপে পরিপ্রান্ত গৃহহীন পথভান্ত নির্বাণ ভীর্থের যাত্রী ভোমার সদন আসিয়াছি, ভনিলাম, ইই লোকে মোক্ধাম তীর্থ এই, শোকবহ্নি করিতে নির্বাণ পারো তুমি প্রেমদানে, সর্ব্বাহঃখ পরিত্রাণে লোকান্তরে মুক্তি চির করিতে বিধান

बिश्रमनगरी (परी।

১ম হইতে ৬ ফু ফর্ম। জ্রীষোগেশচক্র অধিকারী কর্তৃক মেটকাফ প্রেদে, এবং ৭ম ও ৮ম ফর্মা ২০নং পাটুয়াটোলা লেন বিজয়া প্রেদে, আর, সি, টুচ্মুরী কর্তৃক মৃদ্রিত।

বঙ্গদশ্ন



প্রেমিক রবি



প্রেমের যে দর্শন-শান্ত নাই, এ কথা অনুমোদনীয় নহে। কিন্তু ইহার দর্শন কাব্যের মধ্যেই রহিয়া গিয়াছে। অবেষণ করিয়া লইতে হয়, টানিয়া বাহির করিতে হয়। প্রথম যগের, কবিগণ প্রেমের কোন বিশদ বাাথা করিতে চেষ্টা করেন নাই। মধ্য যগের কবিবর্গ মন্তবাবর্গের মধ্যেই প্রেম-সঞ্চারের পথ আবিষ্কার করিয়াছিলেন। ক্রমে প্রাণিবর্গ এমন কি উদ্ভিদ্-বর্গের সহিত প্রেম-সংস্থাপন আরম্ভ হইলে পর, প্রেমের সম্মান বৰ্দ্ধিত হইয়াছিল। এখন সমধিক রূপে সমগ্র বিশ্বই প্রেমের ক্ষেত্র। সেই ক্ষেত্রকে পাশ্চাত্য কবিগণ nature বলিয়া অভিহিত করিয়া থাকেন; আমরা ভাষাকে 'প্রকৃতি' বলিয়া থাকি। ঈশ্বর কে ? প্রকৃতির সহিত তাঁহার সম্বন্ধ কি 🤈 প্রকৃতির মধ্যে তাঁহার তত্ত্ব এবং আভাদ কি পাওয়া যায়?—এ দকল क्था शृद्ध मार्निकिशालितहे थाना हिन, क्राय हेश अविशल्य थाना হইতে লাগিল। त्मोन्मर्रात मर्या, इत्नत मर्या, शारनत मर्या, এমন কি রাহ্মীতি ও সমাজনীতির মধ্যেও এই নিগৃঢ় তত্ত্ব আন্দোলিত হইতেছে। প্রকৃতি ও পুরুষের সম্বন্ধ কি ? প্রেম কি সেই সম্ম ় এটা কি চিরস্তন সম্বর ় ইহার

কত প্রকার ভাব, এবং ভাবের রূপান্তর দেখিতে পাই ? ইহার উদ্দেশ্য কি এবং দার্থকতা কি ? এই হুদ্মনীয় প্রবৃত্তি দং কি অসং ?

প্রকৃতি ও ঈশ্বরের কথা রবীক্রনাথের কাব্যে পরিপূর্ণ। প্রকৃতির কবিগণের মধ্যে রবীক্রনাথের স্থান কোন্ থানে, তাহা জানিবার কৌতৃহল সকলেরই উদ্দীপ্ত হইবার সম্ভাবনা।

'প্রকৃতি' একটা কিন্তুত-কিমাকার পদার্থ।
দর্শন-শাস্ত্র, বিজ্ঞান, কাব্য, ধর্মশাস্ত্র সকলেরই
নিকট 'প্রকৃতি'র একটা না একটা অর্থ
আছে। কিন্তু 'পুকৃষ' শন্ধটি 'কিন্তুত' না
হউক, 'কিমাকার' কথা, কারণ অন্তান্ত দেশে
এ কথা ব্যাকরণ ছাড়া অন্ত কোন গ্রন্থে পাওয়া
যায় না। ভারতব্যীয় ধর্মশাস্ত্রেই ইহার
ব্যবহার প্রথম ও শেষ। আমাদিগের শাস্তে
'প্রক্ষে'র পরিবর্ত্তে আত্মা বলিলেও চলিবে
না, 'ঈশ্বর' বলিলেও চলিবে না।

দর্শন ও ধর্মশাস্তাদি দোহন করিয়া
'মানবতত্ত্ব' নামক একথানি গ্রন্থে কোন
খ্যান্তনামা পরিব্রাক্তক 'প্রকৃতি' শব্দের অর্থের
একটা ভালিকা দিয়াছেন। নিম্নে ভাহা
উদ্ধৃত করিলাম।

- (১) মায়া ও প্রকৃতি একই,—মায়াং তু প্রকৃতিং বিদ্যাৎ—শ্বেতাশ্বতরোপনিষং।
- (২) গুণত্তরের সাম্যাবস্থার নাম
 প্রকৃতি। ইহা ছট ভাগে বিভক্ত। মায়া
 ও অবিদ্যা। গুদ্ধসম্প্রধানা প্রকৃতি (পরা
 প্রকৃতি—গীতা) 'মায়া' এবং মলিনস্থা
 প্রকৃতি (মন, ইন্দ্রিয়াদি—অপরা প্রকৃতি—
 গীতা) অবিদ্যা। মায়া ষাহার অধীনা, এবং
 বিনি মায়াতে অধিষ্ঠিত,দেই পর্মপ্রুষ ঈশ্বর।
 (পঞ্চদী)
- (৩) আবাওপ্রেক্তির সম্বন্ধ, যেমন স্পন্দন ও প্রন।

(কৃর্মপুরাণ)

(৪) প্রকৃতি ও পুরুষের সংযোগে বিশ্ব-জ্বগং। মহদাদি সপ্ততত্ত্ব বিষ্ণুর একদেশ-বত্তী, এই জন্ম 'কর্মিগর্ডা' নামধেয়া।

(ঋথেদ-সংহিতা ২।২১।৬৪)

(৫) কিন্তু 'আর্দ্ধগর্ভা' প্রকৃতিতে অধি-ষ্ঠিত হইয়াও যিনি মুক্ত, তিনিই সভ্য, পূর্ণ অমুতময় পুক্ষ।

(বৃহদারণ্যক উপনিষৎ)

- (৬) প্র+ক্ + জিলন্ প্রতায় করিয়া প্রকৃতি। প্রকৃষ্ট প্রকারে কর্ম্মনস্পাদনের ভাব। (নিক্জ)
- (१) প্র+য়+ক্তিচ্প্রতায়, অর্থাৎ
 যাহা প্রকৃষ্ট প্রকারে কার্য্য সম্পাদন করে।
 (তত্তকৌমুনী)
- (৮) প্রকৃতি, শক্তি, অহ্বা, প্রধান, অব্যক্ত, মায়া, অবিদ্যা সকলেই 'প্রকৃতি'র পর্যায়। (বাচম্পতি মিশ্র—বৈদিক অর্থ)
 - (৯) প্রকৃতি উপাদান-কারণ, পঞ্চমী। (পাণিনি—১।৪।৩০)

(> •) পরমেশ্বরের অদৃষ্টরূপা সহকারি-শক্তি মায়াই প্রকৃতি, অবিদ্যা প্রভৃতি।

(উদয়নাচার্য্যের ন্যায়-কুস্থমাঞ্জলি)

(১১) বিষয় এবং তদ্গ্রহণকারী ইন্দ্রিয়-বর্গের মধ্যে স্ত্রীপুক্ষের ভেদ নাই, ক্রণন্তন্দী কবিগণ তাহা বুঝিতে পারেন।

(ঋথেদ-দংহিতা---২।৩।১৭।১)

(১২) শিবাই এক অদ্বিতীয়া 'শক্তি', শক্তিমান্ হইতে শক্তির ভেদ নাই। (কৃশ্বপুরাণ)

(১০) প্রকৃতি সর্বব্যাপী। জগৎ প্রকৃতি হইতেই নিজ্ঞান্ত হইয়া পুনরায় তাহাতেই নীন হয়। (পাতঞ্জল মহাভাষা)

(১৪) 'সর্বেপাদানম'। (সাংখ্য)

এই শক্ষার্থের মধ্যে প্রেনের স্থান কোথায়, ভাষা প্রেনিকগণই বু'ঝতে পারিবেন।
শ্রীমন্তাগণতে ভগবান্ বলিয়াছেন, 'প্রকৃতি'
'পুক্ষ' ও 'কাল' আমারই ত্রিমূর্ত্তি।' বিজ্ঞান
ভিক্ষু কণাদকে অবলম্বন করিয়া পরমাণুর
মধ্যে প্রকৃতিকে দেখিতেছেন। পাশ্চাত্য
বিজ্ঞান ইহার পরিপোষক। কিন্তু মোট
কথা প্রকৃতি অজ্ঞেয়। এহেন অজ্ঞেয় এবং
অর্থহীন পদার্থের দহিত প্রেমের দম্বন্ধ স্থাপন্য
করা কিন্তুপ গুরুতর এবং ভন্নস্কর ব্যাপার,
তাহা বলা বাছল্য। কিন্তু কবিগণ তাহা
করিতে ছাড়েন নাই। রবীক্রনাথ তাহার
দেরা।

তিনটী অবস্থার কথা গুনা যায়। জাগ্রত, স্বর্ধ্তি এবং স্বপ্ন। প্রেম কোন্ অবস্থা, তাহা বলা সহজ নহে; কেবল কবি জানেন। অত এব আমাদিগের মত সাধারণ লোকের মাথায় 'প্রকৃতি', এবং 'প্রকৃতি'র প্রেম

কিংবা তদ্বিমিনী কঁবিতা কিংবা সংহিতাদর্শনাদির অর্থ প্রবেশ করা কিরূপ কইসাধা,
তাহা বলিতে হইবে কি ?

কিন্তু 'বিশ্বপ্রকৃতি', 'প্রমাত্মা', 'জীবাত্ম' প্রভতি কথার এত বিস্তার হইয়া পড়িয়াছে যে, তাহার ইতিহাসের দিকে দৃষ্টিপাত করিতে সত:ই ইচ্ছা হয়। গ্রীক দার্শনিক প্লেটো দক্ষপ্রথমে প্রতীচা জগতে ইহা প্রচার করেন। বুদ্ধদেবের জন্মের শতাধিক বৎসর পরে গ্রীদ্দেশে প্রেটোর জন্ম হয়। ভারত-বর্ষীয় দ**র্শনশাস্ত্র তথন পুরাতন হই**য়া সিয়াছে। পূর্বে গ্রীদদেশীয় দার্শনিকগণ প্লেটোর প্রকৃতির সহিত জীবাত্মা ও পর্মাত্মার কোন বিশেষ সম্বন্ধ স্থাপন করিতে যত্নবান হয়েন নাই। প্লেটোর মতে Psyche (জীবাত্মা) বিধাত্মা (world soul) এবং বিশ্বপ্রকৃতির (Nature) মিলনের ফল। উভয়ের থাত-প্রতিঘাতে জীবাত্মার উর্দ্ধে (মুক্ত ও আনন্দ-ময় অবস্থা) এবং রসাতলে (বদ্ধ এবং নিরা-নক্ষয় অবস্থা) ক্রমার্যে গ্রি হয়। কামনা-বৰ্জিত হইয়া দৌন্দর্য্যের উপভোগ ধর্ম-স্থীবনের (spiritual life) উপযোগী। ইহাই ^{উপাদনার মূল। লক্ষ্য প্রমায়া।}

প্লেটো কিছুই নৃতন কহেন নাই উপনিবলোক্ত বৃক্ষস্থিত ছুইটি পক্ষীর কথা দর্শনের
ভাষে প্রকটিত করিয়াছিলেন মাত্র। কিন্তু
ইহা দ্রপ্তীয় যে, স্থ্য ও প্রেম এবং ভজ্জনিত
আনন্দের আভাস প্রতীচা দর্শনশাস্তে আমরা
প্রেটোর নিকট প্রথমে প্রাপ্ত হই। প্রেটোর
প্রেম দার্শনিক প্রেম, তাঁহার republic
ঠিক সাধারণতন্ত্র নহে। প্রেমের রাজা এবং
স্ক্রেদ্নী দার্শনিক কর্মবারগণ সেই রাজোর

নেতা। এমন কি, দঙ্গীত, চিত্র ও কাব্যেও জ্ঞান ও ভক্তি ছাড়া অত কিছুর লেশ থাকিবে না। ভারতবর্ষেরও তাহাই আদর্শ ছিল।

তাহার পর সহস্রাধিক বৎদরের মধ্যে আমরা কোন দেশে প্রকৃতি-পুরুষের সম্বন্ধ-জনিত পর্ম আননের কথা দর্শনশালে কিংবা কাব্যে দেখিতে পাই না। এই ভমিশ্রা-পূৰ্ণ মহাযুগ নৃতন জাতি-সংগঠনে কাটিয়া গিয়াছিল। খৃঃ পৃঃ १০০ বৎসর কালে গ্রীস দার্শনিক এপিকুর্দ আনন্দের চর্ম উপভোগ সম্বন্ধে একথানি অপূর্ব্ব সংহিতার স্মষ্ট করিয়া দর্শনশান্ত্রের উর্দ্ধগতি নিবৃত্তি করিয়া দিয়া-किरनन। (मर्डे উপভোগের ইতিহাস মহম্মদীয় ধর্মাবলম্বী রাজ্ব অবর্গের মধ্যে সম্প্রিক ভাবে প্রতিভাত হুইয়াছিল। কামিনী কাঞ্চন-ইন্দ্রিরে উপভোগই তথন ণাভ এবং Psyche এর আদর্শস্থা। রণ মদিরা, প্রেম-মদিরা, এবং 'দিরাজী', কর্মা, ভক্তি ও জ্ঞানের ভাষ্ঠিক প্রভিবিদ্ধ। তদানীস্তন সাহিতা. কাব্য এবং ইতিহাস তাহাতেই পরিপূর্ণ। ভারতবর্ষে তন্ত্রের এবং ভাগবত ধর্ম্মের ব্যভি-চারও দেই পথের দৃশ্র।

এই বীভংস দৃশ্যের মধ্যে পরাপ্রকৃতি (Holy Spirit) লুপু এবং গুপু হইয়া প্রতীচা জগতে যে অভিনব ধর্মের সৃষ্টি করিয়াছিলেন, ভাহার ফলে ম্পিনোঞ্জা, কাতি, ফিক্তে এবং সেলিং। যীভগুই সেই ধর্মের প্রবর্তক। কিন্তু পূর্ব্বে বলিয়াছি, সে ধর্মের প্রথম উন্মেয়ের কালে প্রকৃতি প্রচ্ছেমভাবে অন্তর্নালে স্থিত। ঈশ্বর এবং মানব, পাপ এবং প্রণ্য, ধর্ম এবং অধ্রম, কর্ম এবং অক্রম

সকলেই পৌকষেয়। প্রকৃতি জড়মাত্র। পুরাতন রোমান কাথলিক ও যেঞ্ইটগণের মধ্যে পরিচিছ্নভাবে রহিয়া গেল। নৃতন প্রোটেষ্টান্ট্ ধর্ম কর্মজগত লইয়া ব্যস্ত হইল। সেটা নৈতিক প্রগৎ (moral world)। বিজ্ঞান জড়-প্রকৃতি লইয়া ব্যস্ত হইল। কর্মক্ষেত্রই সকলের রম্বস্থল। ডেকার্টে, হিউম্ প্রভৃতি ভায়দর্শনের দিকে অগ্রসর হইলেন। আমি কেণু আমার ভাব কিণ জড়-প্রকৃতি মিথ্যা কি সভাপ ভাববাদিগণ ও জডবাদিগণের মধ্যে মহা সংগ্রাম বাধিল। কর্মকেত্রই প্রেমের ক্ষেত্র, কর্মাবীরই প্রেমের বীর, মানবসমাজই তাহার উৎকর্ষগুল। ইউরোপের Feudalism এবং রাজস্থানের Feudalism একই ঠাটে সংগঠিত। কিন্ত রাজস্থান ও কালিনাস, রামাত্রজ ও কবীর, পরাপ্রকৃতি বিশ্বত হন নাই। Round Table এবং দেক্ষপীয়র, Neoplatonists এবং নব্যযুগের দর্শন, প্রকৃতি হইতে বহুদুরে। বিজ্ঞান তাহার অমুসন্ধানে তৎপর হইল। ফিক্তে এবং দেশিং দর্শনশাস্ত্রে ভাহার পুন-বিহারে প্রবৃত্ত হইলেন। Transcendentalism এর এই প্রথম স্থ্রপাত।

ম্পিনোজা দেখাইয়াছিলেন, ঈশ্বই
প্রাকৃতির কর্মের নেতা এবং সমগ্র বিশ্বপ্রকৃতি
তাঁহার ক্ষেত্র। কেবল মানবসমাজই যে
তাঁহার রক্ষল এবং ধর্মন্থল, তাহা নহে।
অত এব প্রাকৃতিক নিয়মাবলী পালন করা
আমাদিগের শ্বভঃই কর্ত্তর। কিন্তু
প্রাকৃতিক নিয়মাবলী ও ধর্মের পার্থক্য
কি ? এই সহাছন্দস্কুল বিশ্বের মধ্যে ধর্মের
পত্য এবং অক্ষ্র পথ কোধায়? ফিল্ডে

বলিলেন, প্রাকৃতির অবগুঠন তুলিয়া দেখ—

"Quite clear the veil is
raised from thee and lo!

Tis Self: let die, then,
this destructible:
And henceforth God will
live in all thy strife.

Consider what survives
this strife below;

Then will the veil,
as veil be visible.

And all revealed thou'lt
see celestial life."

-- Fichte's Sonnets.

দেশিং তাহার বিচারে প্রার্ভ হইলেন। এবং দৃগ্য, পুরুষ এবং দ্রপ্ত প্রকৃতির একতা-স্থাপন্ট transcen-সম্পূর্ণভাবে dental philosophyর উদ্দেশ্য। একটি conscious subjective, অকটি conscious objective. হৈতক্সময় এবং চৈত্রসম্মী। বস্ততঃ উভয়ই এক. ব্যবহারিক ভাবে পৃথক। কিন্তু এই পার্থক্য স্মীকরণ হইলে আর থাকে না। ভাব দারা (मह मभौकत्व इम्रा कीवाञ्चात भएका मिहे ভাব প্রতিবিধিত হয়। মানবদমাজে তাহা উৎকর্ষ লাভ করে। জীবাত্মা উভর পক্ষের উক্ল। প্রকৃতির তরফে কছে 'আমি ও তুমি এক', পুরুষের তরফেও কহে 'আমি ও তুমি এক'। এই জয় Schwegler ক্রিয়াছেন—"God, whom Fichte con-

ceived only as an object of moral

belief, has become for Schelling a direct object of æsthetic institution."

জ্ঞানমার্গে. এবং অবৈতবাদে আমরা esthetic institution দেখিতে পাই না। এই স্থানর মৃথতী, বাহু. কেশ, দমুসকলিই আমার। 'আমার' ৭ এ গুলিকে 'আমি' বল নাকেন ? বলিবার যোনাই। আমি স্বতন্ত্র। ঐ যন্ত্রণায় এঞ্জিকে এডাইয়া মক্র হইতে চাই, কিন্তু পারি কৈ ? মায়ার মত ইহার। সঙ্গে লাগিয়া থাকে। বেদান্ত বলেন 'উপায় নাই, কিন্তু উগারা অদং'। দৈত্বাদী কহেন "বা: তবে কাবা থাকে কোথায়?" এই মুখনী অন্ত একটি মুখ দেখিয়া তাহাতে ঢালিয়া দিয়াছি. এই বাহু দারা ভাহার কার্যা দাধিয়াছি, এই কেশ দারা দেই চরণ মুছাইয়াছি, এবং এই দস্ত দারা আনকে হাদিয়াছি। জড় হইলে কি হয়. ইগ্রা সঙ্কেত মাত্র, ছবি মাত্র। সমগ্র বিশ্ব ণে একেরই ছবি, তাহা জানিবার যো কি? অবৈত জ্ঞানের মধ্যে বৈতভক্তির সঞ্চারণা করাই transcendental কাবোর লকা। হেগেল বলেন—"Nature is a Baochantic God, uncontrolled by, and unconscious of himself." কিন্তু ইহা সম্পূৰ্ণ সনুষ্যত্ব নহে। ভাবের সমাবেশের মধ্যে আয়জ্ঞান ও আত্মচৈত্র না থাকিলে তাহা কেবল প্রতিবিশ্বের মত হইয়া প্রভ, অভএব कानी खक्क मण्युर्ग प्रकृषा। ,কবিবর Wordsworth ag মধ্যেও trance 43 আত্মজান কথনও বিচলিত ত্য নাই। আত্মহারা কবি ও আত্মজ্ঞানরহিত কবির কাব্য, স্বপ্ন-মাধুর্য্য-পরিপূর্ণ হইলেও নিরুষ্ট।

ভাই হেগেলের নিকট "Poetry forms the transition of art into religion. In art the idea was present for perception, in religion it is present for conception. All religions seek unity of the Divine and Human."

কেবল কভগুলি প্রাকৃতিক দৃশ্য দেখিয়া বাছা বাছা কথায় একটা স্বপ্নজড়িত ভাবের স্ষ্টি করিয়া, অর্থহীন কতকগুলি অস্ত্যের অবভারণা করা কবিশ্ব নছে। কবির বাস্তবিক অনুভূতি চাই। প্রাণের কথা এবং সতা কথা ভিন্ন কাব্যের মহিমা থাকে না। मुद्रली ७ मृत्य. 'এই তোমার বীণা, গান গাহিতে পার ত গাও।' যদি স্বর্গীয় প্রতিভা তোমার থাকে, তোমার গানে সকলেই আকৃষ্ট হইবে। 'এই তোমার প্রকৃতি, যদি ঈশ্বরকে ভাহার মধ্যে দেখাইতে পার ভ **८**मथा ७, न८६९ अ. ७ ८०। न या क्र की हिन्द ना।' (रु मानवमञ्जान। (रु माधक कवि! তোমার সম্মুথে এই মহাকর্ত্তব্যতা পড়িয়া আছে। ঈশ্ব সামী, প্রকৃতি সতী। মানব তাহার সম্ভান এবং ধর্মপ্রচারক। (महे धर्म्मत्र भाषा। विस्त्रत जनन, धात्रन, शानन कक्न्पा-अपूथ। এই विवाहे नावीष (feminism) প্রকৃতির এক অংশে প্রতি-ভাত। বিখের উৎকর্ষ সংহার-প্রমুখ, ক্রম-বিকাশ বিধানের অন্তর্গত, দেখানে পুরুষের ন্থির অচল হাদয় প্রতিভাত। হন্দ হানাহানি দেখিয়াভয় পাইও না। করুণা এবং নৃশংসভার সামপ্রস্থা জ্ঞান ও ভক্তির মধ্যস্থলে। উপাধি ভঙ্গ না করিয়া যদি অল আয়াদে সত্যের আভাগ পাইয়া মানব কামনা ও কামনা-

শুনিত তৃ:থ হইতে নিস্তার পায়, তবে কুরু-ক্ষেত্রের দরকার কি ? যদি প্রতাপ ভাক্তার এক কোঁটা হোমিওপ্যাথিক দিয়া আরোগ্য করিতে পারে, তবে অস্ত্র শস্ত্র লইয়া সর্কাধিকারীকে ভাকিয়া বিভয়না কেন ?

একটু ভাবিয়া দেখিলেই ব্ঝিতে পারিবেন যে, কাব্যজগতে transcendentalismতর দিকে ঘেঁসিলে বিলক্ষণ বিপদে পড়িতে
হয়। ঈশবের স্বরূপত্ব চতুর্দ্দিকে প্রমাণিত
করিতে হইবে। এক দিকে জড়প্রকৃতি ও
বিজ্ঞান, অন্ত দিকে মায়াবাদ ও দর্শন, মধো
মানবপ্রকৃতির লৌকিক এবং অলৌকিক
সংমিশ্রণ।এই বিচিত্র ক্ষেত্রে স্বগ্নময় হা-ছহাশ
এবং উন্মন্ত বাক্যলহরীর প্রলাপ ছাড়িয়া দিলে
কতদূর কার্যাকরী হইবে, তাহা বিবেচনা করা
উচিত। স্তরাং Mathew Arnold তাঁহার
Essays on Criticism নামক গ্রন্থে transcendental schoolএর উপর কশাঘাত

করিয়াছেন। সেক্ষপিয়র ও স্পেন্সর, গেটে ও হেনের সহিত তুলনায় বাইরণ, শেলি ও কীট্ন বহু অংশে নিক্ষ । 'They do not belong to that which is the main current of literature of modern epochs, they do not apply modern ideas to life."

কিন্তু এই modern ideas ও তদার্
ধিন্নক যন্ত্রণাময় উত্তাল তরঙ্গরাশি ভারতক্ষেত্রে
আদিয়া কিরুপ দাঁড়াইয়াছে ও দাঁড়াইবে, ও
ভবিষাতে কিরুপ একটা অভিনব জ্ঞাতির
স্পৃষ্টি করিবে, এবং সনাতন ধর্মের পূর্বকর্মণ
প্রণালী অবলম্বন করিতে জগৎ বাধা হইবে
কিনা, সে প্রশ্নের এখনও ভাল করিয়া
মীমাংসাহয় নাই। আমরা দেখিতে চেঁয়া
করিব, রবীক্রনাথ সেই পথে কতদ্র কৃতকার্মা
এবং সক্রতকার্মা চইয়াছেন।

শ্রীস্থরেন্দ্রনাথ সজ্মদার

অনুপ্রাদের অধিকার-বিচার

এই পর্ব্যস্ত লিখিয়া রাখিয়া সেদিনকার
মত তাঁতবাঁত তুলিয়াছি। গভীর রাজিতে
তব্রাবশে অমুপ্রাস আমার স্করে ভর করিয়া
বলিলেন —যদি আমার অধিকার বিচার
করাই তোমার অভিপ্রেত হয়, তবে মিছামিছি কবীক্র রবীক্রনাথের চচিচত-চর্ব্বণ করিয়া
আসর সরগরম করিতেছ কেন ? আমি
কত স্থানে কত ভাবে বিরাক্ত করিতেছি.

বলিয়া ষাই, লিখিয়া লও। এক রাত্রির প্রপ্রবৃত্তাস্ত প্রচার করিয়া দেখ, ধৃদু ইহা নাটক-নভেল-প্রিপ্লাবিত বঙ্গভূমিতে আদর পায়, ভবে আরও সহস্র রঞ্জনীর বৃত্তাস্ত বিবৃত করিও।

>। রাশি রাশি হন্দ্দমানের দৃষ্টান্ত দিরাছ। কিন্তু অক্তান্য সমাদও আমার অধিকারের অন্তভুকি। - সাধুভাষার যে সব্প্রয়োগ চলিত ভাষায় অত্যন্ত প্রচলিত, কেবল সেইগুলিই উল্লেখ কবিতেছি। যথা—

অকিঞিৎকর, অগ্রগণ্য, মঙ্গভঙ্গী, অনন্ত, जन्तर्गा. अमाधामाधन, आमाधामा के, जे बत, टेव्हा, একবাক্যে, একাকার, ক্সাকর্ত্তা, কষ্টকল্পনা, কায়কেশে, কাশীবাদ, কুরুক্ষেত্র, কুবের-ভাণ্ডার, কুশাদন, কৃষ্ণকালী, গতানুগতিক. গলগণ্ড, গলগ্ৰহ, চর্ম্মচকু: চিরবোগী, ছন্দো-বদ্ধ, জড়ভরত, জরাজীর্ণ, জ্ঞানগোচর, তিল-তর্পণ, তিলোত্তমা, ত্রিপত্র, দগ্ধানোষ, দেব-माक, टेमववानी, **धर्यकर्य, धर्याध्वको, नत्रक**कु छ, নামগান, নববিধান, নষ্টকোষ্ঠা, পক্ষপাত, প্রপ্রত্যাশী, পাতালপুরী, পিশাচসিদ্ধ. গুল্পপাত্র, পূর্বপাত্র, পূর্ব্বপুরুষ, পৌষণার্ব্বণ, প্রসাপতি, প্রভুত্তক, প্রসববেদনা, প্রাতঃ-প্রণাম, প্রাণপণে, প্রাণপ্রতিষ্ঠা, প্রাণাস্ত-পরিচ্ছেদ, ফণিমনসা, ভুক্তভোগী, ভূভারত, জভঙ্গী, মধ্যমান, মলমাদ, মহামায়া, মানমণ্ড, মানমন্দির, মুগুমালা, রাজ্যোটক, রামনাম, বামরাজ্য, রীতিমত, লোকলজ্জা, লঙ্কাকাণ্ড, বকধার্মিক, বহির্বাস, বাক্যবাগীশ, বাক্যব্যয়, वीधकरवाना, वाधावाधकछा, बाद्रवाना, विध-बकाछ, विषय्वकि, वृक्षात्व, वृक्षावन, विष-नोका, (वनवामि, देवस्थव, वन्मना, वाष्ट्रवातीम, বৃদ্ধবৈষ্ঠ, ব্ৰাহ্মণভোক্ষন, শ্বশিবা, শ্বসাধনা, শ্বাসনা," শশ্বান্ত, শিথিপাথা (পক্ষ), ষোড়শোপচার, সৎসঙ্গ, সরোবর, সর্বাশরীর, माश्रतमञ्जय, माधामाधना, मिश्हामन, खुशामन, य्थरनन, ख्थब्ब्स, स्मतानामी, व्यर्गस्थ, व्यवः-শিদ্ধ, হরগৌরী, হরিহর।

চলিত ভাষারও সমাস আছে। যথা—

আটপিঠে, আনমনা, উপরপড়া, এক-কাট্টা, একরোকা, কপিকল, করিৎকর্মা, ক্ষাইকানী. কড়িকোটা, কাঁচকড়া. काँठकना, कार्ठकश्रना (कार्ठित कश्रना), कार्ठकद्रण, कार्ठर्ठाकद्रा, कार्ठकाठा (द्रोज). কাঠাকালি, কাণকাটা, কাণাকড়ি, কারিকর কালীতলা, (কারুকর). কোলকোজা. খাই-খর্চা, গণ্ডগোল, গরুচ্রি, গাছগরু, গাঁটকাটা, গালগল্প, গোইগাঁ (গণ্ডগ্রাম), গোবরগাদা. চডকপাক वा हबकीशांक. চাণাচ্র, চালচিত্তির, চাৎপাত, চুলচেরা, हाथहाँहा. होहित. इतिकृते, চেলে-(थला. (इंटनरवला, इांगलहांना, अंग९रगाड़ा, জলজ্যান্ত, তাল্ফোঁপোল, তেলকল, তেল-গোল, দিনতপুর, দরদালান, ধানভানা (কল), नकनन्त्रिम,निचित्त, नोनशाना, तोकाकानि, প্রারপার, প্রপুকুর, প্রশ্পাথর, পাছা-পেডে. পাড়াপড়শী, পাততাড়ী, পারৎ-পকে. পাণিপাঁড়ে, পাতাচাপা, পাধর-চাপা, পানাপুকুর, পালিশপাতা, পাশবালিশ, পিছপাও, পিছুপানে, পিঁজরাপোল, পিট্টান, পুকুরপাড়, পুণাপুকুর, পুতুলপুঞা, ফুলদোল, (काठीकाठी, जुरन(जानान, ट्रांखराजी, ভাগ্রবাভাই, মন্ধামারা, মদমাতালে, মধুমাঝা, মনমরা, মনমন্তান, মনমাতান, মড়িপোড়া, মহামুন্ধিল, মাধনমাটী, মাছিমারা (কেরাণী), माउँकार्श, माथावाथा, [मार्कामाता], माममाहिमा, মেড়াপোড়া, মৌমাছি, রাজ্বরাণী (রাজারাণী वन्द्रमभारम, ब्राजवानी वधी उरभूक्य), नाननीन, লোকনকুতা, লোণাপানি, বছরবিউনী, वाकामावाहाजूत, वामूनवाड़ी, वाक्तत्रात्वाखाह, वाञ्चवन्ति. वांभवन, वांभवांका, विष्मवांकी, বিশ্ববাঙ্গালা, বিষবজি, বীরবৌলি, বেগুনবীচি, বেণাবন, ব্রগ্নবুলি, সমবস্থসী, সাঁজপুজনী, স্ষ্টিছাড়া (ছিষ্টিছাড়া উচ্চারণ), স্বত্থদাব্যস্থ, হোডাপোড়া।

২। সমাস না করিয়া বিশেষ্য-বিশেষণ একত্র করিতে আমার ক্বতিত্ব কম নহে। কেবল চলিত কথারই উদাহরণ দেখ:—

অষ্ট অঙ্গ (অষ্ট অঙ্গে অভরণ= আভরণ). অৰ্দ্ধ অঙ্গ (পত্নী), অবাক কাণ্ড, আট ঘাট (বাঁধা), আঙ্গুল আবডাল, উড়ে ম্যাড়া, উপরি পাওনা, উল্টা উৎপত্তি, এঁড়ে গরু, একগলা গঙ্গাজল, এক গা গয়না, কটাস কামড়, কড়া কথা, কাঁচা কায, কাচা কাপড়, কাটা কাপড়, কাটা কাণ, कांठा टेक, कैं।ध-कांठा काश्रज, काश्रना कांठ, काँठा कना, कांना कड़ि, [कांता কোট], কালো কোর্ন্তা, কায়েত ধৃর্ত্ত, কুড়ে গরু, কোদালে ক, খোদ থবর, গরম মুড়ি, গড়ো গোয়ালা, গর্ক থর্কা, গিরি গোবর্দ্ধন, গোলগাল গড়ন, গোল লঠন, গোল আলু, গৌয়ার গোবিন্দ, ঘরপোডা গরু, ঘোষাল त्रमान, ठर्छाम हाथक, हाति हकूः, टहाँटहाँ চুমুক, চৌদ্দ চুপড়ি (কথা), ছেলে ভুলোন ছড়া, ছোট ছেলে, জোনাকী পোকা, টোপাঁ পানা, ডেকো ডাঁটা, তেমাথা পথ, দক্ষিণ इश्रांत, मण मिक, श्र'मख, श्र'मिन, श्र'मण मिन, হটা হুথান, হুধে দাঁত, হুণো দর, দেশী भाषी, धरनरवहा (वर्ष, [नम्बद्री तनाह], ना প'ড়ে পণ্ডিত, নাপিত ধূর্ত্ত, পটোলচেরা চোৰ, পাকা কলা, পড়া পাখী, পাঁচ পীর, পার্মনাথ পাহাড়, পাতাচাপা কপাল, পাথর-ঢাপা কপাল, পুরাণ পাপী, পুরুষ মাত্রুষ,

পূবে বাতাস, পেট মোটা, পৈত্রিক প্রাণ্ পোষা পুত্র, ফুলাল তেল, ভায়রা ভাই, ভিজে ভাত, ভিজে জাব, মড়িপোড়া মিন্সে মরা মাত্রুষ, মাথন মাটা, মাগুর মাছ, মাথিনী মাসী, মাদী মা, মাড়োয়ারী মহাজন, মিছে কায়, মিছে মায়া, মিথ্যা কথা, মিরগেল মাছ মুখুটী কুটিল, মুচে মিগ, মুড়া মাখন, মেয়ে মাত্রষ, মোটা মাহিয়ানা, মৌরলা মাছ, রাই রাজা, রাথাল রাজা, রাধুনী বামুন, রাম রাজা, রাজা রামকৃষ্ণ, রাণী ভবানী, রাণী রাসমণি, শ্বানাক, ল্বা লেজ, ল্ডাইয়ে (मड़ा, नान कानी, नान (हनी, नाना वावू, বকনা বাছুর, বড় বাড়ী (পাইথানা), বড়বাব, বড় বেগতিক, বড়াই বুড়ী, বত্রিশ বাঁধন, वाहें न वाकात, वांका वांका वृत्ति, वाकाती वार्, वाद्य काष, वाद्य क्या, वाद्य क्रिनिय, वाद्य वकूनि, वाँधा वृत्ति,वाँक्टत वृक्षि, वावा विश्वनाथ, বাবা বৈদ্যনাথ, বাহাজুরে বুড়ো, বিধাতা विश्व, विषेटल वाश्रन, विटल्भी वंधू, वौटि विष्, বুড়ো বর, বুড়ো বাঁদর, বুড়ো হাড়, বেউড় वाँम, (वर्ण (वो,(दाका वाम्ना,देवभाशी वाष्ट्रा, শিকলিকাটা টিয়া, শিকারী কুকুর, শীতলা য়ষ্ঠী, শুক্ষ কাৰ্ছ, শুশুনী শাক, শুদ্ধ বা সিদ শ্রোতিয়, শ্রীগুরু গোপেশ্বর, শ্রীমন্ত সদাগর, (यान म (शांशी), (यान कना, मक हिए, দাত দমুদ্র, দাপের পাঁচ পা, দাফাই দাকী, স্থতিকা ষষ্ঠা, স্নিগ্ধ সরবৎ, স্বদেশী শিল্প।

৩ করণ কারকে ও অধিকরণেও আমার অধিকার আছে। আমারই জন্ম অমৃতে অক্রচি, আনন্দে গলাদ, আহলাদে আটথানা, আহলাদে আত্মহারা, কপালে করাঘাত, কমলে কন্টক, কুস্থমে কীট, গোড়ায় গলদ, পদকে প্রলয়. বিষে বিষক্ষ, মুশ্লে মধু হাদে হলাহল, ভক্তিতে মুক্তি, শুক্তিতে মুক্তা, শিয়রে শমন, শোকে দাস্থনা, সাধে বাদ, সাধনায় শিদ্ধি, গোণায় সোহাগা, হরিষে বিষাদ, হিতে বিপরীত, হেলায় হারান, বিনাশকালে বিপরীতবৃদ্ধিঃ, বিবাহে চ ব্যক্তিক্রমঃ। আমারই কর্ত্তে নাপিতে নক্লেন নথ কাটে, কাঁচিতে চল ছাঁটে, ও ক্রে মাথা মুড়ায়। আমার প্রসাদাৎ—লোকে চোথে দেখে, কাণে শোনে, মুকে সোঁকে, মুথে গায়।

আবার দেখ, আমারই প্রদাদে উড়িয়ায় উভাপট, গুঙ্গরাটে গরবা, গোডে গাজন, ঢাকে কাঠি, চৈত্রে চড়ক, জৈছে জামাইষষ্ঠী s বুগল, **ফা**জ্ঞানে ফাণ্ডনকোণা ব্ৰহ ও ভূটকড়াই মুড় কি. রমজানে রোজা। আমারই কুপায় শীতকালে শাঁথ আলু, মুথে মেছেতা, भारत हुन (वा (भाका) [वा भिभावरमन्हे], পণে পাথর, ধুলায় ধুদর, কড়ায় কড়া, কাহনে কাণা, ধনস্থানে শনি, বৃদ্ধিতে বৃহস্পতি, ভাড়ে মা ভবানী। গলায় গাঁণা, গোগাদে গেলা, ঘোড়ায় চড়া (চাপায় আমি চাপা পড়ি, ঘরে রাখা, জলে ফেলা, জেলে যাওয়া, নাকে কারা, পায়ে পড়া, প্রেমে পড়া, ফাঁদে ফেলা, মরমে মরা, সরমে মরা, বুকে বাজা, व्यक् वना, आभावह रवांशारवार्श घरते। मार्क মারা যাইতে, বংশে বাতি দিতে, কুলে কালী ^{দিতে}, বুকে বাঁশ দিতে, গলায় গামছা দিতে, শৈতে দড়ি দিতে—হাতে দড়িতে কাবার্য ^{নাই}, হাতে সূতাতে আছে—বুকে বদে' ^{দাড়ি} উপড়াইতে, চারি চক্ষে চাহিতে, ছাতুর ^{ইাড়ীতে} বাড়ি মারিতে, হাটে হাঁড়ী ভাঙ্গিতে, ভূজুরে হাজির হইতে, আমি মুর্তিমান। আমিই

রোগে রোজা ভাকার বন্দোবস্ত করিয়াছি. ভতের ভয়ে রামনামের ব্যবস্থা করিয়াছি. সশরীরে বর্গবাসের স্থবিধা দেখাইয়াছি, বর্গে শচী ও সুধা রাখিয়াছি, অনুরায় অপুরার আমদানি করিয়াছি, গায়ে একগা গয়না গড়াইয়া দিয়াছি, কেরাণীর কাণে কলম. চ্যাংরার চোথে চশমা, কুলকামিনীর কাঁকে কলসী, নাকে নথ নোলক, পরণে পাছাপেড়ে শাড়ী পাকাপাড়, সঁীথায় সিন্দুর পরাইয়াছি, তুরোরাণীর (ইটে কাঁটা দিয়াছি, এম স্থ কমলেকামিনী দেখাইয়াছি। **সদাগর**কে मानारन वा देकनारम निव, देवकूर्छ विकृ-দে ভো আমারই লীলা। আমিই আমহাই খ্রীটে আমহাউদ রাথাইয়াছি, বোলপুরে বন্ধবিতালয় বসাইয়াছি, এবং সিমলায় শৈলা-বাদ স্থাপন করিয়াছি।

৪। সম্বন্ধ-স্থাপনেও আমার সম্বন্ধ আছে। আফগানিস্থানের আমীর, ধেলাতের থাঁ, পারস্থের সা, ময়রভঞ্জের মহারাজ, শৃঙ্গেরীমঠের শ্রীমৎ শঙ্করাচার্যা, ব্রহ্মার বেটা বিষ্ণু, বিশ্ব-কর্মার বেটা বিয়াল্লিশ-কর্মা---সকলেই আমার তাঁবেদার। জয়সিংহের জয়পুর, মানসিংহের মানমন্দির, জাপানের জিউজিৎস্থ, দিল্লীর দরবার, দিল্লীকা লাড্ডা, [লাটের লেভি], চৈতককা চবুতারা, গাজীপুরের গোলাপ-জল, স্থেতবের চিনি, প্রধাণের পায়োনিয়ার. কোটালীপাড়ার ক্টশাসন, তপনদীঘির তাম-শাসন, ইত্যাদি সর্বঘটে আমি। কুলি, কলিকালের ছেলে, কালীঘাটের काञ्जाली, अञ्चात वत, भिरवत वत्र, विरम्न বরু বরের বাপ, আদালতের আমলা, मानहानित वा माननारभंत्र मामला, वााति-

ষ্টারের বাবু, হরির খুড়া, বরের ঘরের মাদী ক'নের ঘরের পিসী, বাখের ঘরে ঘোগের বাসা, পাজীর গান, মেড়ার লড়াই, বুলবুলির লড়াই, কাঙ্গালের কর্কট রাশ, বড়দিনের वक्क, विद्युष्टवादेवक वांत्रस्वनां, भनित (भव, চতৃৰ্দশীর চৌদশাক, ভক্তের ছবিষ্যের মালসা, শিবরাত্রির সলিতা, পাপের প্রায়শ্চিত্ত, স্বই আমার জন্ত। পৌরাঙ্গের রাঙ্গা পায়ে আমি, এচরণের ছুঁচোতেও আমি, মণের মুল্লুকে, কাতলা ফেলার দেশে, হাবডার হাটে. স্বর্গের সিঁড়িতে, আমার বাতায়াত আছে। আমারই জন্ত শালগ্রামের শোয়া বদা সমান, আইনের আমলে পড়ে আমারট ফেবে। চটীর ফটফট, বটের টক্কর, জুতার গুঁতা, ব্রাহ্মণবটুর টিকি, চোথের চাহনি. চোথের দেখা, জিভের জল, নাকের নিখাস, প্রাণের টান, পেছন-কার পা. প্রস্রাবের পীড়া, সবই আমার যোগাযোগে।

আবার দেখ, আউড়ের আট, আকলের আঠা, আমের আচার, আমের আঁচার, আমের আঁচার, উড়িকিধানের মুড়কি, কথার কথা, কলার কাঁদি, কলের জল, কলসীর কানা, কলুর বলদ, কাঁকড়ার দাড়া, কাজীর বিটার, কাটারির কোপ, কাঁঠালের কোষ, কাপড়ের পাড়, কাথের কথা, কুলের কথা, কুলের কলর, কোকিলের কুছ, থাটের খুরো, খুদীর সপ্তদা, থোদার খাদী, গরুর গাড়ী, গাছের আগা, গাছের গোড়া,[গিল্টির গরনা], গোলার তলা, গোদাপের গা, ঘুমের ঘোর, ঘোড়ার জাদ, ঘোড়ার ডিম্, চটির পাটি, চুলের কলপ, চেলির প্রেট্ন, জুতার ফিতা,

ছোলার ছাতু, জাহাজের জেটি 🥫 कांगिरवां है]. स्वांत्रारत्त्र खन. डाँछी, छाकात भीथा, इष्टरनाटकत्र मिष्टकथा इट्टेंब्र नमन, दननांत्र नांग्र, द्यांभांत्र भारे. নপুংসকের নৃত্য, নাটুয়ার নাচ, পটুয়ার পট, পাগলের श्रमाপ, পাটের গাঁট, পানি-ফলের পালো, পাণের দোনা, পাপিয়ার পিউপিউ, পালাবার পথ, পিতলের পিলমুজ পুঁঠিমাছের প্রাণ. পুষ্করিণীর পদ্ধোদার পূজার বাজার, পেটের পীড়া, পেটের পুত্ প্রাণপিঞ্জরের পাথী, ফণীর মণি, ভাটার টান, ভূতের ভয়, ভেকের মকমক, মতির মালা, মনের ময়লা, মনের মাত্রষ, মনের মিল, মরার মত, মাটির মামুষ, মাথার মণি, মাপার মাণিক, মাপার মুকুট, মাছের মুড়ো, মিছবির ছবি, মুক্তার মালা, রামানন্দের রাদ, রাণী রাদমণির রূপার রথ, লাখ কথার এক কথা, বধরার বন্দোবস্ত, বনের বাঘ, বনের বানর, বাঘের বাচ্ছা, বাপ্কা বেটা, বাপের বাড়ী, বামুনবাড়ীর, বেড়াল, বালির বাঁধ, বিকারের ঘোর, বুকের বল (ভাত পাপরটা), বেদবাদের বিশ্রাম, বাধার বাণী, শক্রর শেষ, (শুভস্থ শীঘুং), বাঁড়ের গোবর ষাঁড়ের শক্র, সোণার খনি, সোণার ^{বেণে,} সামগ্রী, হাতীর হাওদা, সর্বট সোণার আমি।

৫ । কর্ত্তা বা কর্ম ও ক্রিয়া। অথবা সমা পিকা ও অসমাপিক। ক্রিয়া একতা করিয়া
 বৈ সব চলিত শব্দসভ্য (phrase) আছে, •

^{*} কতকণ্ডলি বিশেষ্য বা বিশেষ্ণভাবে সমাস্বৰ্ছ ছইয়া ব্যবহৃত হয়। যথা—কচুকাটা করা, কঠিলটা বৌজ, চাৰচাওয়া ছেলে, কাৰ্কাটা রাজা, মাজি^{ছারা}

_{সেথানেও} **আমার •ম**বাধ অধিকার।

(স্বর)—আলো জালো, আঙ্কুল ফুলা (ফুলিয়া কলাগাছ), আপত্তি ভোলা, এগিয়ে এস, ওং পাত।

ক—কথা কহা, *কচুকাটা করা, কড়া নাড়া, কড়া পড়া, কলম্ব কেনা, কাচ করা, কাটুনা কাটা, * কাঠ কাটা, কাণ কাটা, কাণ কাটা, কাণ ড়াটা, কাণড় কোচান, কাণড় ছোড়া, কাপড় ঝাড়া, কাপড় কেনা, কামাই করা, কামান ডাকা, কায় কর্ম্ম করা, * কারচুপি করা, কাল কাটান, কিয়া করা, কুমারী করা, কুটা (কোটা) কাটা, কুস্তি করা।

খ-- খড়ি ওড়া বা পড়া, খাতির রাখা, খানা থাওয়া, খাপ থাওয়া, থাবি খাওয়া, খানী পোষা, খিল লাগা, খুঁটে খাওয়া, খেটে খাওয়া।

গ—গরু চরান, গহনা গড়ান, গান গাওয়া, গুণ সাওয়া, গুণ টানা, গুণ মানা।

চ—চকমকি ঠুকি, চড় মারা, চাঁদ চাওয়া, চাপা পড়া, চাল চিন্তির করা, চা'ল চিবান, চাবুক চালান, চিন্তির (চিন্ত) চটা, চিমটি কাটা, চুল চেরা, চুল ছাটা, চুকট টানা, চুণ চাওয়া, [চেক কাটা], চোধ চাওয়া। ছ – ছাঁলা বাঁধা, ছাল ছাড়ান, ছাল ছেঁড়া, ছিকে ছেঁড়া, ছিটে টানা, ছুঁচ-বেচা (কামার-বাড়ী), ছেলে ছোঁচান, ছেলে লেথান।

জ—জলগণা, জাল তোলা, জাল কেলা, ভাত যাওয়া।

ঝ—ঝাল ঝাড়া, ঝালা ঝাড়া, ঝাঁপাই ঝোড়া, ঝুলি ঝাড়া।

ট—টিকি কাটা, [টিকিট কাটা], টিপনি কাটা, টেনে আনে, টেনে বোনা, টোল ফেলা।

ठे—८र्रेटक (भर्थ, ८र्रेटन ८क्टन।

ড—ডा'न গना, ডুবে যাবে।

ত— তিল বা চেলা ফেলা।

ত—তহবিল তছরূপ করা, তান-তোবড়া তোলা, তোপ পড়া।

म—नम (न अश्रा, म त (न अश्रा, म ज़ा (क्ष्ण), म ज़ा (क्ष्ण), म ज़ा (क्ष्ण), म ज़ा (क्षण), मांश (क्षण), क्षणा, क्षण

ধ—ধরা পড়া, ধান ভানা, ধান শুকান, ধামা ধরা, ধার করা, ধৈষ্য ধরা।

ন—নথ কাটা, নথ নাড়া, নশু টানা, নশু নেওয়া, নশু লোসা, নাম কেনা, তুদি নামা, ফান্ধ নাড়া।

প—পগার পার হওয়া, পঞাশ পেরোন, পটোল ভোলা, পটোল পোড়ান, প'ড়ে পাওয়া, পাক পড়া, পাক পাড়া, পাকা কলা পাওয়া,পাথী পড়ান, পাটিয়ে পড়া, পাট কাটা, পাঁঠা কাটা, পাত পাড়া, পাতা পাতা, পা

কেরা**নি, মনমরা, টোলফেলা, নাড়ীছেঁড়া, ধামাধরা,** মজামারা লোক, হাতভোলা থাওরা, হাড়যোড়া (গাছ)।

^{*} এণ্ডলি ইংরাজী Cognative accusative এর মত বছে জি ?

পড়া, পার পাওয়া, [পাশ পাওয়া], পা পিছলিয়া পড়া, পালাবার পথ পাওয়া, পিচুটি পড়া, পিণ্ডি পাওয়া বা পাকান, পিতি পড়া, পুথি পড়া, পুয পড়া, পোকা পাড়ান, পোটা পড়া, পেঁচোয় পাওয়া, পেছিয়ে পড়া।

ফ—ফল ফলা, ফাঁদে পা পড়া, ফুটকড়াই ফোটা, ফুঁ ফুটান, ফুট ফাটা, ফুল ফোটা।

ভ—ভর ভাঙ্গা, ভূণ ভাঙ্গা, ভূত ভাগান, ভূর ভাঙ্গা, ভূরভূরি ভাঙ্গা, ভেরেণ্ডা ভাঙ্গা, ভেড়া চরান, ভেলকী লাগা, [ভোট ভাঙ্গান, ভোট ভিক্ষা করা]

ম—মজা মারা, মটকা মারা, মন কেমন করা, মন মজান, মন মাতান, ময়দা মাথা বা মদটান, মাছ মারা, মাছি মারা, মাথা মুড়ান, মাথা ব্যথা করা, মাছ বাছা, মারুষ মারা, মুথ দেখা, মুখ দেখান, মুখ রাথা, মুগুর মারা, মুলুক মারা, মুড়ো মারা, মেড়া পোড়ান।

র—রা কাড়া।

न-(नाक नागान।

ব—বগল বাজান, বাজনা বাজা, বাজে বকা, বাজার জাঁকান, বাজার যাওয়া, বাটনা বাটা, বাজী বহিয়া, বাদ দাধা, বাঁশী বাজান, বাসা বদ্লান,বাসা বাঁধা, বুক বাঁধা (আশায়), বুক ঠোকা, বেরিয়ে পড়া, বেয়াকুব বানান, বোকা বানান, বোকা বানান, বোকা বানান, বোকা বানান, বোকা বানান,

শ—শরীর সারা,শব্দ শোনা,শাক সিজন। স—সং সাজা, সরা সাজান, স'রে পড়া, সবুর সহা।

হ—হাওরা থাওরা, হাত তোলা, হাত পাতা, হাড় গুড়া করা, হাড় যোড়া, ইাড়ী চড়ান।

৬। উপদর্গ উপপদ প্রভৃতি যোগেও

আমার দর্শন পাইবে। যথা, আলুলায়িত, উৎথাত, উৎপাত, উদ্ভিদ, উপপদ, কন্মকার, কারুকর (কারিকর), কুন্তকার, কোলাহল, তিনিত, দায়াদ, দোহদ, নগণ্য, নির্ণর, নিনিমেষ, নিমন্ত্রণ (নেমস্তর্ম), নির্ম্প (নিবিদ্ধে, পরিপক্ষ, পরিপাক, পারিপাট্য, পারিপাথিক, প্রতিপক্ষ, প্রতীক্ত, মহার্ঘ, মৃষ্টিমেয়, মমল, বলীবর্দ্দ, বিবস্তর, বিবাদ, বিবাহ, বিবিধ, বিবেচনা, ব্যতিব্যস্ত, সংশন্ম, সংসার সমস্তা, সমাদ, সরস, সন্দেশ, মুত্ত্ব, সুষ্মা, সৌদাদৃশ্ত।

৭। প্রকৃতি-প্রত্যয়যোগেও অনেক হলে
আমি মৃত্তিমান্ হইয়া উঠি। যথা (সংস্কৃত)—
অতীত, একক, একাকী, কণিকা, কথকতা,
কনক, কপদ্দক, কলিকা, কারক, ক্ষক,
কুৎসিত, কুলীরক, কুল্লাটিকা, তত্ত্ব, তাকিক,
তাড়িত, নন্দন, নয়ন, নবীন, নৃতন, পতিত,
মজ্জমান, মনন, মহিমা, মাননীয়, মাতামহ,
মৃত্তিমান্, গ্রিয়মাণ, রণন, লৌকিক, বাদ্ধক,
সরন্ধতী, প্রোত্সতী।

চলিত কথা—গররাজি, গরহাজির, গুরুগিরি, গোমন্তাগিরি, দিগদারি, দেনদার, দোকানদার, দৌড়দার, পাগলপাড়া, মাত-লামো, মালামো, মুথোমো, বিবাগী, বে-আকুব, বে-আদব, বেকবুল, বেবন্দোবস্ত, বেবাক।

আমারই থাতিরে নানা প্রভার ও বিভক্তি-গোগে ধাতু অভান্ত হয়। ষ্থা—গঙ্গা, চঞ্গা, জর্জির, জাজ্জলামান, দোহলামান, দেনীপামান, মীমাংগা, মুম্যু, যুযুৎস্থ, রোক্তি-মান, গাল্পা, লেলিহান, শুগ্রা, স্রীস্পা।

৮। প্রসঙ্গক্রমে বলিয়া রাখি, ব্যাকরণ বিভীষিকা-কাঞ্জি যে ব্যাকরণ বিরোধ ও বর্ণ- বিভাবে ব্যতিক্রম বা বাণান-বিজ্ঞাট্ বর্ণনা করিয়া ময়মনসিংহ হইতে কলিকাতা পর্যান্ত (তুইটি স্থানই আমার এলাকায়) হুলস্থুল লাগাইয়াছিলেন, সে ক্ষেত্রেও আমার ওঘটন-ঘটন-পটীয়দী প্রতিভার প্রভাব পরিদৃষ্ট হয়। আমারই মায়ায় অলীক-সাদৃশ্য-বশতঃ নানান্ বিজ্ঞাট্ ঘটে।

- (/০) নিরাকার সাকার হয়, সাকার নিরাকার হয়। যথা ছায়া-কায়া, কলা-ছলা, কলা-মূলা, লতা-পাতা, রাজারাণী ও রাজা-প্রজা (বাঙ্গালার হন্দ্র সমালে)। দয়া-ময়া (মায়া)।
- (৵৽) বিদর্গ-বিদর্জন ঘটে। যথা—প্রাণ— মন, যক্ষ—রক্ষ, হেয়—শ্রেয়, আয়—পয় (পয়স্পু)

- (১০) স্বরদামা ঘটে। যথা—ধূলা (ধূলে) থেলা বা থেলাধূলা, নিলি (নিলা) দিন, নিলিদিনি, নিলির শিশির, মুগ-মুস্রী (মস্রী), হন্মান্-জান্থবান (কান্থবান্), ঘোষ বোস (বন্ধ)।
- (।•) ব্যঞ্জনসামা ঘটে। যথা—(সাধারণ উচ্চারণ) (শক্ষী) নক্ষী-নারা(য়)ণ, লাভ-লোকসান (নোন্ধান), ছিরি (副)-ছাঁদ, ছিষ্টি (ফ্টি) ছাড়া।
- (।৴•) অক্ষরের লোপাপত্তি ঘটে। যথা— রাম —শাম (খ্যাম)।

বিভীষিকার বিকট বদন-ব্যাদানে নিদ্রা-ভক্ত হইল।

> (সমাপ্ত) শ্রীললিতকুমার বন্দ্যোপাধ্যায়।

পূর্ণ কাম


তোমারে বেদেছি ভাল পেয়েছি জীবনে,
মার প্রেমপঞ্চতপ তুই দেবতার
'প্রসাদ প্রদত্ত বর তুমি বে আমার,
সর্বার্থসাধিকা সিদ্ধি ত্রত-উদ্যাপনে।
ভূজ্জে লেখা মন্ত্রপূত কবচের সম
বক্ষে থাকি ভরাতীত করেছ আমারে
নিষিল 'প্রশ্ব্য সার রম্ব শ্রেষ্ঠতম

হে মোর কৌস্কভমনি, একাবলী হারে
কঠে মোর আছ বাঁধা। কিম্বা, স্কৃচিরা,
তুমি মোর বনমালা আমি বনমালী,
তুমি দে বৈকুঠপুরী তুমিই ইন্দিরা
প্রেমপদ্মদদ্মলক্ষী। একি গৃহস্থালী
প্রণয়বিভৃতিলিপ্ত ভিথারীরে লয়ে
পাতিলে কল্যাণী মোর অলপুর্ণা হয়ে।
শ্রীস্থারেশ্বর শর্মা।


মহাভারতের ঐতিহাসিকতা


সমসামরিক অংশ।


শান্তম হইতে জনমেরর পর্যান্ত নৃপতিগণ এই অংশভুক্ত, কারণ ঐ কর পুরুষ ব্যাদের সম-কালীন বলিয়া মহাভারতে প্রদিদ্ধ। এই অংশ লইরা পুরাণ ও মহাভারতে কোন বিস্থাদ নাই। একই বংশ, একই ইতিবৃত্ত পুরাণে ও মহাভারতে বর্ণিত। নিয়ে উভন্ন বংশাবনী উদ্ধৃত হইল—



পুরাণের বংশ







উপৰোক্ত বংশাবলী হইতে দেখিতে পাওয়া যায় বে, পুরাণে যুধিষ্ঠিরের যৌধেয়ী নামে বিতীয়া পত্নী থাকে ও তাঁহার পুত্র দেবক। এইরূপ ভীমের, কালী নামে তৃতীয়া পত্নীর সর্ব্বের নামে এক পুত্র হয়। নকুলের বিতীয়া পত্নী করেণুমতী নিরমিত্র নামক পুত্রের জননী ও সহদেবের বিজয়া নামে বিতীয়া পত্নী প্রহাত্তের মাতা। মহাজারতে উঁহাদের ঐ ঐ পত্নী ও ঐ ঐ পুত্রের নাম নাই। এতিন্তির পুরাণের ও মহাজারতের ইতিবৃত্ত সমান। স্মৃতরাং বিসম্বাদক্ষনিত কোন সংশ্রে কোন অবকাশ নাই। কিন্তু অনেকে বিলিবেন যে.—

সমসামরিক অংশ প্রত্যরের তুইটা প্রতিবল্প আছে। প্রথম প্রতিবন্ধক—অনৌকিকতা, দ্বিতীয় — প্রমাণাভাব। তাঁহারা বলিতে পারেন যে. শাস্তমুর গঙ্গাকে বিবাহ ও সেই পত্নীর একে একে সদ্যোজাত সাত্টী পুত্ৰকে গলাজলে নিমজ্জন, ভীগ্নের অজ্ঞাত বাল্যজীবন, সতা-বতীর মংশ্রগর্ভে জন্ম ও যোজনগরাত্বলাভ, চিত্রাঙ্গদের গন্ধর্ক সহ বর্ষশ্বেরব্যাপী যুদ্ধ, পাণ্ডর मृगक्रिभी मृनिवध ও मृनिभाष्ट्र क्रीवच्छाश्चि, কুন্তী ও মাদ্রীর দেবসংসর্গে গর্ভ, দ্রোণের দ্রোণ হইতে বিনা মাতৃশোণিতে জন্ম, রূপ ও क्रभीत जैक्रभ बाविवीर्या मंत्रवरन क्या, राख्यति হইতে ধৃষ্টগ্রায় ও যাজ্ঞদেনীর উত্থান, শিখ্তীর পুংস্বপ্রাপ্তি, অগ্নির নিকট অর্জ্জনের গাণ্ডীবাদি লাভ, অর্জ্জ্নের পশুপতি-প্রীণন ও দেবলোকে গমন প্রভৃতি অলোকিক ঘটনা ঘদি বিশাস করা যায়, তাহা হইলে বিশ্বাদের সীমা থাকে না। স্থতরাং শাস্তম্ব প্রভৃতির চরিত্রে কভদূর অণৌকিকতা মহাভারতে বর্ণিত ও তাহা

কতদ্র বিশাদযোগ্য, কাহার পর্যালোচনঃ আবশুক।

শান্তব্চরিত অলৌকিক নহে

ব্যাসদেব শান্তমুর সমসাময়িক হইলেও শাস্তমুকে যে তিনি দেখেন নাই, তাহা মহা-ভারতেই প্রকাশ। এমন কি. চিত্রাঙ্গদ ও বিচিত্ৰবীৰ্যাকেও তিনি দেখেন নাই। বিচিত্ৰ-বীর্যোর মৃত্যুর পর সভাবতী যথন ভীন্মকে বিবাহ করিতে অমুরোধ করিলেও ভীম নিজ প্রতিজ্ঞাভঙ্গ কবিলেন না এবং অন্যোপ্যয সভাবতী অম্বিক। না দেখিয়া যথন অম্বালিকার গর্ভে বিচিত্রবীর্যোর ক্ষেত্রজ পুত্র উৎপাদনের জন্ম ব্যাসকে আহ্বান করিলেন. তথনই কৌরবরঙ্গমঞে ব্যাদের আবির্ভাব। স্থুতরাং কেদব্যাস শাস্তমু ও বিচিত্রবীর্য্যের চরিত্র পরের মূথে ভনিয়া লিখিয়াছেন। শান্তবুচরিত্র যে গাথামূলে লিখিত, তাহা वामिनदर्व ३० व्यक्षात्य व्यक्षेटे वना इटेग्राट्ड-

প্রতীপ: থলু শৈব্যামুপ্রেমে স্থনন্দাং
নাম। তন্তাং প্রাক্রংপাদ্যামাদ দেবাপিং,
শাস্তম্যুং, বাহলীকং চেতি। দেবাপিঃ থলু বাল
এবার্বাং বিবেশ। শাস্তমুস্ত মহীপালো
বভূব। অন্তামুবংশশোকো ভবতি—
যং যং করাভ্যাং স্পৃশতি জীর্ণং দ মুধ্মশ্লুতে।
প্নযুবা চ ভবতি তন্মান্তং শাস্তম্থ বিহুঃ॥

ইতি তম্ম **শাস্তমুত্ব**ম্।

সম্বাদ—-প্তীপ শিবির কন্তা সুনন্দাকে বিবাহ করিয়া ভাঁহাতে দেবাপি, শাস্তম ও বাহলীক নামে তিনটা পুত্র উৎপাদন করেন। দেবাপি বাল্যকালে অরণ্যে প্রবেশ করেন। শাস্তম মহীপাল হন। এই স্থলে এই অমুবংশ-শোক আছে—

"ধে ষে জীর্ণবাজিকে তিনি ম্পর্শ করিতেন সেই সেই বাক্তি স্থা হইত ও পুনরায় যুবা হইত।" এজন্ম তাঁহাকে শান্তনু বলিয়া লোকে জানিত। ইহা তাঁহার শান্তনুধ্বের কারণ।

ইহা হইতে স্প্রকাশ যে, ব্যাদদেন গাথা-বলম্বনে শাস্ত্রম্ব চরিত্র লথেন। শান্তর-কর-স্পর্শে যৌবনলাভ, যিশুকর-স্পর্শে ব্যাধির উপ-শমাদির স্থায়। উহা বিখাস করুন, আর উপ-হাস করুন, সেই দোষ-তাপ ব্যাসদেব লইতে অনিচ্চুক বলিয়াই বোধ হয় এ প্রকাদ উদ্ধৃত করিয়াছেন। শাস্তমুর রাজ্যপালন, সতাবভীর সহিত পরিণয় এবং স্তাবভীর গর্ভে পুত্র-সম্পূর্ণ মাতুষিক ব্যাপার। দ্বয়ে পোদন গঙ্গার সহিত তাঁহার বিবাহ অণৌকিক বলিয়া সাধারণের প্রতীতি আছে। কিন্তু তাহাও নিপুণ ভাবে দেখিলে অলৌকিক মহাভারতে न्द्र । শান্তরর মর্তাধামে এইরূপ দেওয়া হইয়াছে। আগমন-কথা একদা রাজ্যবিগণের সহিত স্থরগণ ব্রহ্মলোকে গিয়াছিলেন তিন্নধ্যে রাজ্ববি ইক্ষাকুবংশীয় মহাভিষ ছিলেন। তৎকালে গঙ্গা তথায় মারুতহিলোলে তাঁহার ব্যন আদেন। ঁবিচলিত হইলে দেবগণ অধোবদন হইলেন। কিন্ত মহাভিষ সেই দৃশ্য সকাম-নয়নে দেখিলেন। পিতামহ মহাভিষের ভোগ-বাদনা বুঝিতে পারিয়া ভোগের জন্ম তাঁহাকে মৰ্ত্ত্যধানে যাইতে আদেশ করিলেন। মহাভিষ তথন পৃথিবীতে কাহার পুত্রত্ব খীকার করা উচিত বিচার করিয়া ধার্মিক ক্ষত্রকুণাবতংস ভূরিতেজা: প্রতীপকেই পিতৃত্বে বরণ করিলেন। এই সময় প্রতীপও পুতার্থী হইয়া কঠোর তপস্থা করিতে-

ছিলেন। মহাভিষ তাঁহার পুত্র শান্তমু নামে অবতীর্ণ ইইলেন। শান্তমুর এই পূর্বাজন্ম কণা বিখাদ করুন হার নাই করুন, তিনি প্রতীপের পত্র—ইহা বিশ্বাস করিতে কোন বাধা নাই। গঙ্গাও মহাভিষের আইতি সকামা হন এবং ঐ সময়েই বন্থগণকেও ধরণীতে জন্মগ্রহণ করিতে আসিতে হইবে বলিয়া বশিষ্ঠ অভিশাপ দেন। তাঁহারা আসিয়া গলাকে অনুরোধ করেন যে,তাঁহার পুত্ররূপে জ্নিবেন ও জন্মাত্র তিনি গঙ্গাঞ্জলে তাঁহ দিগকে একে একে ডুবাইয়া শীঘ্ৰ তাঁহাদিগকে ধরাধাম ত্টতে বিদায় দিবেন। পরে শান্তন রাজপদে প্রতিষ্ঠিত হইয়া একদিন গঙ্গাতীয়ে মুগয়া নিমিত্ত পর্যাটন করিতেছেন, এমন সময় একটা অনবদ্যান্ত্ৰী স্থদতী প্ৰমা স্থন্দৰী স্ত্ৰীকে দেখিতে পাইলেন। রাজা অমনি স্মরশরে বিদ্ধ হইয়া তাঁহার ভব্দনা করিলেন। সেই ললনা বলিলেন যে, আমি ধাহা করিব, তাহাতে ধনি আপনি কথন প্রতিবাদ না করেন এবং আমার ইচ্ছার প্রতিরোধ করিলেই আমি আপনাকে ছাড়িয়া ঘাইব এই নিয়ম যদি यौकात करतन, जारा इटेरल जामि जाननात পত্নী হইতে পারি। রাজা তথন রূপে মুগ্ন। তাহাতেই স্বীকার। উভয়ের বিবাহ হইল। মহাভারতে আদিপর্বে ৯৮ অধ্যায়ে ম্পট্টই লেখা আছে যে, মাতুষীরূপে আবিভূতিা গলার সহিত শান্তমুর বিবাহ হয়। দিবারপাহি সাদেবী গঙ্গা ত্রিপথগামিনী। মানুষং বিগ্রহং কুতা প্রীমন্তং বরবর্ণিনী॥ ভাগোগনভকামতা ভার্যা চোপনভাভৰং। শাস্তনোনু পি সিংহত দেবরাজসমহাতেঃ॥ অফুবাদ---সেই ত্রিপথগা গলাদেবা সাত্রব শরীর গ্রহণ করিয়া দিব্যরূপসম্পন্ন ইইয়া শ্রীমান্সৌভাগ্যবান্ইক্সভুল্য নৃপসিংহ শাস্তন্তর পুলীহন।

ইহা হইতে স্পষ্ট বুঝা যায় যে, শান্তরুর বিবাহ মাতৃষীর দহিত হয় এবং দেই ম;নুষী অলেকিকরপশালিনী। শাস্তমুও গলা বলিয়া কানিতেন না। গদার অংশে জন্ম ব্ৰিয়া ভিনি গঙ্গা নাম লইয়াছিলেন। শান্তমু তাঁহার রূপে মুগ্ধ হইয়া তাঁহার চিস্তামুরঞ্জনে সভত ব্যাপৃত রহিলেন। তিনিও সেবাশুক্রাষা করিতে পতির সাধ্যাসসারে ক্রমে শান্তরুর ওরদে লাগিলেন। ক্ৰমে তাঁহার আটটী পুত্র হইল। জন্মিবার পর একে একে সাভটীকে ভিনি গঙ্গাজলে নিমজ্জিত করিয়া মারেন। এইরূপ মাতার পুরনাশ ভীষণ হইলেও অসম্ভবপর নছে। সেই ভীষণ দৃখ্যে রাজা বিস্মিত, চকিত; কিন্তু কিছুই বলিতে পারেন না। অষ্টম পুত্রকেও মাতা নষ্ট যান। পিতা আর থাকিতে করিতে পারিলেন না। প্রতিবাদ করিলেন। তথন সেই মানুষী বস্থগণের শাপ ও জন্ম ও গঙ্গার সহিত তাঁহাদের চুক্তির উল্লেখ করিয়া অন্তর্হিত হুইলেন। অন্তৰ্ধ নিকালে তিনি বলেন যে,— তশাভজননীহেতে ম মুষ্ডমুপাগতা। জনম্বিতা বস্নটো জিতা লোকাত্মাক্ষা:।।

অমুবাদ—সেই কারণ তাঁহাদের অর্থাৎ বহুগণের জননী হইবার জন্মই আমি মানুষ বিগ্রহ ধারণ করি। অন্ত বহুগণের জন্ম দিয়া আদনিও অক্ষয় লোক জয় করিয়াছেন। ইহাতে স্পষ্ট প্রকাশ যে, গঙ্গানদীর অধিষ্ঠাতীর সঞ্চিত শান্তমুর বিবাহ নহে, গঙ্গাদেবী মামুষী হইয়া শান্তমুর পত্নী হন। অন্তর্ধানকাণে তিনি অষ্টম পুত্র দেণবত্তের যে পরিচয় দেন,তাহাতে আর কোন দলেহ থাকিতে পারে না যে,— দেবত্ত মানুষীর পুত্র, গঙ্গার প্রসাদে জাত, গঙ্গানদীর পুত্র নহে। দেই পরিচয় এই— মংপ্রস্তং বিজানীহি গঙ্গাদ ওমিমং স্তম্। এই পুত্রকে গঙ্গাপ্রদাদে আমার প্রস্তুত্বিলয়া জানিবেন।

মানুষী গঙ্গার অ**ন্তর্ধ**নিও অসম্ভবপর নহে।

দেবব্রতচরিত অলৌকিক নছে

দেবপ্রতের জন্ম অমাফুষিক নহে দেখান হইয়াছে। শৈশবে মাতৃ কর্তৃক তাঁহার পরিপোষণত অলোকিক নহে। পরে মাতৃ কর্তৃক শাস্তম্বর সহিত পরিচয়ও সঙ্গত। তাঁহার বাল্যচরিত্র মহনীয় ও অত্যুদার, কিন্তু অলোকিক নহে। তাঁহার সর্বাশান্ত্রবিশারদ্ব, পিতৃত্বথের জন্তু কাঁত্রবলি, আকুমার ব্রহ্মচর্য্য প্রভৃতি অদ্তুত হইলেও অমাফুষিক নহে। ধুতরাষ্ট্র, পাওু ও পাওবগণের কাঁলেও তাঁহার জীবনীতে কোন অলোকিকতা নাই।

সত্যবভী

সভাবতীর জন্ম জ্বলোকিক হইলেও, কর্মা অলোকিক নছে। পরাশরের সহিত ক্যাবস্থার বিবাহ ও ব্যাসের জন্ম অসম্ভব নহে। শান্তমু যেরপ কামী, তাহাতে সভ্যবতীর প্রায় বরংস্থা ক্যাকে বিবাহও সম্ভবপর। যদি মৎসগর্ভে তাঁহার জন্ম বিশাস না হয়, তবে তাহার এইরপ ব্যাখ্যা করিতে পারেন যে—রাজরাজেশ্বর ক্ষত্রিয়কুলশিরোমণি শান্তমু বৃদ্ধবন্ধসে রূপের মোহে কামোপহতচেতন হইয়া যথন উপযুক্ত পুত্র শেবপ্রতকে বলি দিয়া

দাসরাজার পালিত কেন্সাকে বিবাহ করিলেন,
তথন রাজপক হইতে সেই কন্যার ক্ষত্রিয়বীর্ণ্যে অলৌকিক জন্মপ্রবাদ রটিত হইল।
সেই প্রবাদ মিথা। হইলেই যে সভাবতী
কবির কল্পনা হইবেন ভাগা বলা অযৌক্তিক।
চিত্রাঙ্গদ ও বিচিত্রবীর্থা

পিতার মৃত্যুকালে চিত্রাঙ্গর প্রাপ্তবয়স্ক ब्रहेश किरमा 6 का अप निःशास्त विश्वा-ছিলেন মাত্র, কারণ রাজাপ্রাপ্তির অব্যবহিত পরেই তাঁহাকে বর্ষতায়পী যুদ্ধ ব্যাপুত হইতে হয়। সেই যুদ্ধেই কুরুক্ষেত্রে তাঁহার অঞ্চত-দারাবস্তায় প্রাণাস্ত হয়। ঐ বিগ্রহ গন্ধর্ববাজ চিত্রাঙ্গদের সহিত হয় বলিয়া অনেকে উহা विधान कविरवन न। शक्तविश्वक नाधाद्यकः (मनस्यानिनित्भव तुवा: य मजा। किन्छ शकर्व নামে এক জাতিও ভগন কুরুজাঙ্গলের নিকট হিমালয়ের পাতাজপ্রদেশে গঙ্গাতীরে বাস করিত, ইহা মগাভারতের ১৭২ স্থাায়ে চিত্র-র থাপাথানের প্রারস্তেই বুবিতে পারা যায়। পাঞ্বরণ ক্রেইপদীয় ভ্রম্বর-কথা শুনিয়া যথন একচক্রা হইতে উত্তরাভিমুথে পাঞ্চালগণের রাজধানীর উদ্দেশে চলিলেন, অল্ল সময় পরেই ভাঁহারা সন্ধ্যাকালে গঙ্গাতটে উপস্থিত। তথন গন্ধরাজ চিত্ররথ গঙ্গায় কেলি করিতে-ছিলেন ও পাণ্ডবগণকে আক্রমণ করেন। যুদ্ধের পুর্বের চিত্ররণ এইরূপ আব্যাপরিচয় (मन।

অন্তারপর্ণং গন্ধর্বং বিত্ত মাং স্ববলালয়ম্।
আহং হি মানী চের্মুন্চ কুবেরতা প্রিয়ঃ দখা॥
আন্তারপর্ণমিত্যের খ্যাতং চেদং বনং মম।
অন্ত গল্পাং চরন্ কামাংশিচত্রং যত্র রমামাহম্॥
ইহা হইতে স্পষ্ট বুঝা যায় যে, অন্তারপর্ণ

নামক এক বন অনুগান্ধনেশে একচক্রার
সন্নিকট ছিল এবং তাহাই গদ্ধর্বরাজ মানী বা
ক্রমু বা চিত্ররথের ক্রীড়াভূমি। এজন্ত বোধ
হয় যে, চিত্রাজনকে কুকুরাজ্যের প্রতিদ্বন্দী
উপরোক্ত মনুষ্যজাতিবিশেষ গদ্ধর্বগণই
আক্রমণ করেন।

চিত্রাপ্রদের চরিত্রে যদি কোন অলৌকিকভার বিভিত্তবীর্ঘা-চবিত্তে থাকে অলোকিকভার গন্ধও নাই। ভ্রাভার মৃত্যু-তিনি অপ্রাপ্তবয়স্ত। কালেও তাঁহাকে রাজ্যে অভিষক্ত করিয়া বিমাতা সভাৰতীর মতে রাজ্যশাসন ভাতা যৌবনে আরুড় লাগিলেন। পরে চ্লে, ভীম নিথিল ক্ষত্রিয় সমাজকে পরা**জি** চ করিয়া, কাশীরাজের ভিন ক্লাকে তাঁহাগ জন্ত স্বধংবর সভা হুইতে হরণ করিয়। আনেন। জোষ্ঠা অস্বা শাবরাজকে মনে মনে পতিত্বে বরণ করিয়াছেন প্রকাশ করিলে ভীম তাঁহাকে শাল্বাজের নিকট পাঠাইয়া দেন। অম্বিকা ও অমালিকার সহিত বিচিত্র-বীর্য্যের বিবাহ হইল। রাজা পত্নীগণের मश्कि मरस्रार्श मश्च वरमत काठीहरणन। অতিরিক্ত ভোগে যক্ষা আসিয়া জুটিশ এবং 'তিনি অপুত্রক অবস্থায় কাশকবলে হইলেন। যে আশায় সত্যবতীর পিতা ভীত্মের প্রাণ্য সিংহাসন কৌশলে কাডিয়া লন, এক্ষণে দেই আশালতা বিধির নিৰ্ববেদ্ধ ছিল হইল। সভাবতী দেখিলেন, স্বামীর বংশ লুপ্ত হয়। তথন তিনি ভীমকে রাজ্য লইতে ও বিবাহ করিতে অমুরোধ করিলেন। ভীম্মদেবের চরিত্র এতই উদার যে, কি সামান্ত হস্তিনাপুরের দিংহাসন, সমগ্র জগতের

প্রভূত্বের জন্তও তিনি কথনই প্রতিজ্ঞাভঙ্গ করিতে পারিতেন না। তিনি বিমাতাকে বিনীভভাবে জানাইলেন যে, তিনি যে কৌমার-ব্রত গ্রহণ করিয়াছেন, তাহা জীবনের সহিত উদ্যাপন করিবেন, পিতৃরাজ্যও লইবেন না, বিবাহও করিবেন না। সতাবভী চিস্তাকুলা হুইয়া তথ্ন স্বামীর বংশরকার জন্ম বিচিত্র-বীৰ্য্যের ক্ষেত্রে ভীম্মকে পুত্র উৎপাদন করিতে বলিলেন। কিন্তু ভাষাতে কৌমারব্রত ভঙ্গ হয় বলিয়া ভীন্ম তাহা করিতে চাহিলেন না। তথন সভাবতী নিৰুপায় হইয়া স্বীয় কানীন পুত্র বেদব্যাসকে শ্বরণ করিলেন—ভাবিলেন, ষে বেদব্যাসও তাঁহার সম্বন্ধে ত বিচিত্রবীর্যোর ভ্রাতা বটে, ভ্রাতার হারা ক্ষেত্রজপুরোৎ-পাদন শাস্ত্রসম্মত এবং কালোচিত প্রথার विस्ताधी न्या वागिरास्य कुक्वरः वक्रा করিতে সন্মত হইয়া অম্বিকা ও অমালিকাতে যথাক্রমে ধৃতরাষ্ট্র ও পাওর জন্ম দিলেন।

ধৃতরাষ্ট্র ও পাড়

धुडताष्ट्रे जनाक विनया ताका পाইলেন इरेलन। निष পাঞ্ রাজা जुजवान पिश्विकत्र कतित्रा मञाहे इहेरनन। কথনও বা হস্তিনাপুরে রাজকার্য্যে ব্যাপুত থাকিয়া, কখনও বা পরিজন-পরিবৃত হইয়া হিমালয়ে মৃগয়াম্বথে তিনি দিনযাপন করিতে শাগিলেন। এপর্যান্ত কোন অলৌকিকতা নাই। হুর্ভাগ্যবশতঃ একদিন মুগয়ায় একটি দঙ্গমরভ মুগকে বিদ্ধ করিলেন। সেই মুগশাবক মর্মাহত হইয়া মহুষার্বরে আর্ত্তনাদ করিয়া আত্মপরিচয় দিলেন যে, তিনি ব্রাহ্মণ, মুগবেশে পত্নীকে মুগী সাঞ্চাইরা বিহারপ্রথে রত ছিলেন। এই রন্ধে তাঁহাকে হত্যা করার পাণ্ডুর দোষ

হইয়াছে, অতএব তিনি রাজাকে অভিসম্পাত করিলেন যে, যেমন নূপতি তাঁহাকে রতিকালে অপূর্ণকামাবস্থায় হত্যা করিলেন তেমনি কামের উদ্রেক হইলেই অপূর্ণকাম হট্যা নুপতিকে ইহধাম পরিত্যাগ করিতে হইবে।

পাণ্ডুর প্রতি শাপ

এই শাপেই বিষম গোলঘোগ। পা॰চাতা শিক্ষায় শিক্ষিত মহাত্মভৱগণ বলিবেন, ইহাও কি সম্ভব, যে মাতুষ মুগের আকার ধরিতে পারে এবং মামুষের কথায় লোকের ভোগশক্তি যায়। মাকুষের মুগবেশধারণ সম্বন্ধে আমরা विलिख भारत त्य, युशेषकात्म यथन कूकृतिभित्र বেশ মাতুৰ আজও সভা পভীচালগতে ধরিতেছে, তথন দকাম প্রাচ্য মুনির মুগবেশ ধরা এবং দূর হইতে রাজার তাঁগাকে মৃগ ভ্রম হওয়া সম্ভবপর বটে। শাপের শক্তি সম্বাহ্ম আমাদের বক্তব্য এই যে, যদি কথনও অদৃষ্টে সিদ্ধ মহাপুরুষের সাক্ষাংকার ঘটিয়া থাকে তবে

ঝ্যাণাং পুনরাদ্যানাং বাচ্মর্থোহমুধারতি ইহার অর্থ হৃদয়ক্ষম হইতে পারে। আর সাধারণতঃ দেখিতে গেলে জীবমাতেরই মনস্তাপ দিলে মনস্তাপ পাইতে হয়। মনের সহিউ শরীরের এরূপ সম্বন্ধ যে মনস্তাপে শ্রীর পর্যাপ্ত নষ্ট হইতে পারে, ইন্দ্রিয়বিশেষের শক্তিহাদ হওয়াত দামাভা। ঐ ব্রহ্মহত্যার কথা ভাবিতে ভাবিতে ঘনবিষাদ-শেব পাণ্ডুর স্ত্রদ্যাকাশ ঘেরিয়া ফেলিল। ভিনি সংসারে বীতম্পৃহ হইয়া রাজাভরণ উন্মোচন পুর্বাঞ্ রাজপরিজনবর্গকে বিদায় দিলেন। তাঁহারা অশ্রপূর্ণ নয়নে হস্তিনাপুরে চলিয়া গেলেন। কুন্তী ও মাদ্রী তাঁহাকে কিছুতেই ছাড়িলেন

না। অগত্যা পাণ্ডুও তাঁহাদিগকে লইয়া
চিমালয় উত্তীর্ণ হিইয়া শতশৃঙ্গপর্কতে মুনিবৃত্তি
অবলম্বন করিলেন। বোর তপদ্যায় তাপদপ্রও তাঁহার নিকট পরাভূত। অনক তাঁহার
নিকট পরাজিত। কিন্তু বংশলোপ-চিন্তা
ভাহাকে জর্জিরিত করিল। তথন কুন্তী
ভাহাকে জানাইলেন যে, কন্তাকালে একাদা

মুনির দেবা ও গুলাবা করার ঋষি প্রসন্ন হইরা তাঁহাকে এমন এক মন্ত্র দিরাছেন যে তাহার প্রভাবে যে কোন দেবতাকে তিনি আহ্বান করিবেন, দেই দেবতাই তাঁহাকে পুত্র দিবেন। পাণ্ডু আনন্দিত হইরা ধর্ম, বায়, ও ইক্রকে আহ্বান করিতে বলিলেন। শাস্ত্রী শ্রীহরিচরণ গঙ্গোপাধ্যায়।

নগেন্দ্ৰনাথ

(বিষর্ক)

বিষরকে সর্গের চারিটি ছবি, চারিটিই রর প্রভা-মঞ্জিত। অামরা রমণীরত্বতেরের মুলাবধারণে প্রয়াস পাইয়াছি; এখন পুরুষ-র্ব্রের সৌন্ধ্যাবলোকন করিয়া এ আনেখা-দৰ্শন শেষ করিব। নগেক্তচিত্র লিখনে আবার কবির দেই প্রথা--- প্রদল্পক্ষে অক্সের গারা শে চিত্রের আভাস প্রদান করিয়াছেন। কুন্দনন্দিনীর প্রথম স্বপ্নে, ভাহার মাতা জ্যেতিমুগ্নীরূপে অঙ্গুলিসক্ষেত দ্বারা গগনো-দেখাইলেন, কুন্দ তৎসঙ্কেতামুসারে দেখিল "নীলগগনপটে এক দেবনিন্তি পুরুষ-ষ্টি অন্ধিত হইয়াছে। তাঁহার উন্নত, প্রশস্ত, প্রশাস্ত ললাট ; সরল সকরুণ কটাক্ষ ; তাঁহার মরালবৎ দীর্ঘ ঈষৎ বঙ্কিম গ্রীবা এবং অন্যান্য মহাপুরুষণক্ষণ দেখিয়া কাহারও বিশ্বাদ হুইতে পারে না যে, ইং। হইতে আশক্ষা সম্ভবে।" কি কৌশলময় ভূলিকা-সংযোগ। এক রেখা-পাতে একটি সম্গ্র চিত্রের বহিরহণ পূর্ণতা-প্রাপ্ত! অথচ কবি যেন এ স্থলে সে চিত্রের প্রতিফলনে চেষ্টিত নছেন।

প্রথম দর্শনেই নগেন্দ্রনাথ ও কুন্দ্রন্দিনীর হৃদয়ে পরস্পারের আক্রতিগত মাধুর্যা বা বিশেষত্ব অন্তিত ১ইয়াছিল। কিন্তু এই আকর্ষণ প্রথমেই কাহার হৃদয়ে প্রণয়ানুরাগে পরিণত হয় নাই। কুন্দের অপাথিব দেহ-লাবণো নগেকের চিত্ত বিমোহিত হইয়া थाकिरमञ्ज, कुन्न नर्शरक्तंत्र श्रमस्य प्रभीनभार्वे প্রণয়পাত্রীরূপে স্থানাধিকার করিতে পারে নাই কেন, তাহা আমরা ব্যাখ্যা করিবার চেষ্টা করিয়াছি। স্থামুখীর পূর্ণাধিকার অত্যের জন্ম স্থানাবশিষ্ট রাথিয়াছিল না। কুলাও उथन वालिकामाळ, नरशक्तनारथत्र स्मोन्नर्ग-প্রভাব অন্তরে অমুভূতি করিয়া থাকিলেও, সে ভারার বভাব-সার্ল্যে ভারার হৃদয়ভাবের প্রকৃতি অবধারণ করে নাই। পরে যৌবনের পূর্ণ দৌন্দর্য্যের নিত্য দারিধ্যে পূর্বাহভূতি পুষ্টিলাভ করিয়া যেমন একের হান্যে রূপে:-নাদ আনিয়া উপস্থিত করিল, অন্তও সেইরূপ বৌবনের সভেজ হৃদয়বৃত্তির পরিপোষণোমুখী ছইরা পূর্বাত্মরাগে সজীবতা লাভ করিল।

কাব্যে রপোনাদ সচরাচর আক্ষিক ব্যাপার-ক্লণে বর্ণিত হইয়া থাকে,--মোহের কার্য্য, চিত্তের বিহ্বণতা, দৈবঘটিত, বা মালুষের আয়ুশাসনশক্তির অভীত কুন্দ-নগেন্দ্রের অমুরাগ আকস্মিক ভাবে মূলস্থাপন করিয়া থাকিলেও, তাহার পুষ্টি কতক পরিমাণে ক্রমিক, কিন্তু ক্রমিক হইয়াও তাহা উদ্ভাস্ত ভাব ধারণ করিয়াছে এবং আক্সিক রূপো-নাদের সহিত তাহার কোনরূপ প্রভেদ নাই। নগেল্রকে কবি উন্মাদ করিয়াই চিত্রিত ক্রিয়াছেন, তাঁহার রূপোনাদের সহিত তাঁহার নিরস্তর সংগ্রামজনৈত চিত্ত-বিকল্ডা তাঁহার চরিতে মভাপানাদি নানারূপ উচ্ছালভা আনিয়া ফেলিয়াছে। এ উচ্চু ঋণতা তাঁচার আত্মদমনচেষ্টার পরাভব জন্ম আপনার প্রতি বির্ভিত্র ফল, আত্মানাদর হুইতে উদ্ভঙ তাঁহার চিত্তের মহত্তেরই পরিচায়ক, প্রবৃত্তির দোষবিজ্ঞাপক নছে। কাব্যে রূপোনাদ মিলন বা পরিণয়ে পরিণত হইয়া পাত্রদ্বরের চরিত্র-মহত্তে তাঁহাদের প্রতি আরুষ্ট্রনয় পাঠকগণকে আনন্দ প্রদান করে: অথবা কাবা বিয়োগান্ত হইলে, নায়ক-নায়িকার ভাগা-হীনভায় ক্রন্দন করিয়া ভাহাতেও পাঠক এক-রূপ আনলামুভব করেন। বৃষ্কিমচক্র এখানে বিবাহিত পুরুষের হৃদয়ে স্ত্রী বর্ত্তমানে, অন্যের প্রতি আদক্তি সৃষ্টি করিয়া এক সমস্রা উপ-স্থিত করিয়াছেন। কলুষিত চরিত্রের চিত্র অকিড করিয়া তৎপ্রতি পাঠকের ঘুণার উদ্রেক করিয়া দেওয়া এ স্থলে তাঁহার উদ্দেশ্র নহে, প্রত্যুত এ চিত্র-সংস্ঠ সকলকেই তিনি পাঠকের প্রীতির, শ্রন্ধাভক্তির পাত্র করিয়া আঁকিয়াছেন, সেই প্রীতি ও শ্রদ্ধাভক্তি অকুপ্র

রাথিয়াই তাঁহাকে এ সম্পার স্মাধান করিতে হইয়াছে। নগেন্দের তাঁহার হত্তে মিলনে পরিণতি লাভ করিয়াচে किस दम मिनन विद्यारगत श्रेकी द्याकन এবং মিলন ও বিয়োগ উভয়ই কবির মহং এবং विविध উদ্দেশ্য সাধনের উপায়রপে ব্যবজ্ঞ হইয়াছে। স্থবর্ণ দগ্ধ হইলে তাহার স্কুণ অধিকতর প্রকাশ পান্ন, নগেক্ত-স্র্যামুখীর দাম্পত্য প্রণয় পূর্ণতর করিয়া দেখাইবার জনাট कि कवि कुन्तनिम्नी क नागल नाथि महिल মিলিত করিয়াছেন ফলে তাহা হইয়া থাকিলেও, তাহাই কবির মূল উদ্দেশ্য বলিয়া व्वित्न, नरशक प्राप्ति मशक विषव्रक কোন অৰ্থ থাকে না। কবির অভিপ্রায় ভিন্ন এবং মহত্র এবং আধুনিক সময়েব মার্ভিজ্ঞ উন্নত নৈতিক ধারণার উপযোগী। শকুস্তলার রূপদর্শনে হুম্মন্তের চিত্তবিকারস্থল, ত্মস্তের চ্রিত্রি শুদ্ধতারক্ষার জন্য শকুত্বলার कवि शासर्व विवाहरे यत्थेष्ठ मत्न कविद्राट्मा বিষরক্ষের কবিও নগেল্র-কুন্দুধন্দিনীর সম্বন্ধের বিশ্বদ্ধভারকার্থ বিধবা-বিবাহ-বিধির শর্ণ লইয়াছেন। কিন্তু তিনি, তাঁহার অভিমত উচ্চ নীতি ভাহাতেই রক্ষিত হইল, মনে কংখন নাই। তিনি লৌকিক ব্যবহারের বিশুদ্ধতা রক্ষা করিতে প্রয়াদ পাইয়াছেন মাত্র, সামাজিক শিক্ষার জন্য যে কাব্য লিখিত,তাহা সামাজিক হিসাবে নায়ক-নায়িকার অপবিত্র সংযোগ দ্বারা কলুষিত হইতে দেন নাই, এই মাত্র। তিনি যে নীতি শিক্ষা দিবার জন্য এ সংঘটন করিয়াছেন, ভাহা লোকিক নীতির অনেক উচ্চে সংস্থাপিত। তিনি নগেব্রুকে মছৎ এবং কুন্দকে পবিত্র করিয়া

স্টু করিয়াছেন, তিনি তাঁহাদের প্রেমামু-রাগে দোষারোপ করেন নাই; ঘটনাক্রমে অবস্থাগতিকে, মাতুষের যাথা হইয়া থাকে. ভাচাই তাঁহাদের ঘটিয়াছিল : তাঁহারা মানুষ. মুমুষাপ্রভাবের অতীত হইতে পারেন নাই: লার হৃদয়বৃত্তির স্বাভাবিক প্রদারণ তাঁহা-দিগকে না দেখাইলেও, তাঁহাদের সভাব-সৌন্দর্যা রক্ষিত হইত না। কিন্তু তিনি ব্লিতেছেন, "নগেন্ত, তোমার ন্যায় মহা-পুরুষও, ভোমার ন্যায় স্থশিক্ষিত ব্যক্তিও খদি সাধারণ মামুষের মত অবস্থাপ্রভাবে পরাভত হইল, তবে তোমার বিশেষ্ড, ভোমার শিক্ষার গৌরব রহিল কোথায় ? মানুষ মাত্রেই সভাবতঃ তুর্বল হইলেও, শিকা ও অভ্যাস দ্বারা মানুষ সংঘ্মী হইতে সুমুর্থ হয়। তোমা হইতে আশা করিয়াছিলাম. বিশেষতঃ তোমার য**থন সু**র্যামুখী <mark>ঘরে</mark> ছিল, তথন ভোমার পক্ষে ইহা সম্ভবপর মনে করিয়াছিলাম বে, তুমি চিত্তসংযমে অদাধারণ শক্তি প্রদর্শন করিবে। তাহা তুমি পারিলে না. তাহাতেই তোমার পক্ষে বিষরুক্ষের **প্রন হইল। তোমার অ**দৃত্তি ষে ম্যামান্য একরপ লোকাতীত, অভিপবিত্র, মতিবিশুদ্ধ, অতিরমণীয় হলভ দাম্পতামুখ ষ্ট্রাছিল, ভাহা তুমি অবিচিহ্ন রাখিতে পারিলে না। কেবল ইহাই ভোমার ক্ষতি नरह, जूमि (দवज। इहेबात खाना इहेबाउ, শান্ত্রের নিম্নতলে রহিয়া গেলে, তাহাই আমার ছাখ।" – "আর ভূমি কুন্দনন্দিনী, ভূমি স্বর্গীয়, ^{পবিত্র} বিশুদ্ধ স্থাষ্ট, তুমি তোমার সেই স্বর্গীয় প্রকৃতির অনুসরণ করিয়া, অক্টের অমঙ্গল ^{সম্ভাবনাস্থলে}, অভ্যের স্থাবের বিল্পরিহার জন্ম,

তোমার আত্মত্যাগের, আত্মনিগ্রহের প্রকৃতি অকুণ্ণ রাথিতে পারিলে না, জ্যোভিবায় লোকের অধিবাসী হইয়াও তোমার মানব-জন্মে তোমার মানবীত্বের প্রমাণ প্রদান করিলে।" এই অত্যাচ্চ স্বৰ্ণায় তুলাদণ্ডে माशिलाहे (क रता कून्स-नरशत्नुत अवार বুঝতে পারা যায়; এবং কবি তাঁহার শিক্ষা মান্তবের পক্ষে অধিকতর ফলপ্রদ করিবার জন্ম ইহাদিগকে এই অভাব দিয়া স্থান করিয়াছেন: মামুষকে বলিতেছেন, "শিক্ষা ও অভ্যাস দারা এই অভাব পুরণ করিয়া দেবস্ব লাভের চেষ্টা কর", অনুকরণীয়ের অনুকরণে কেবল সম্ভষ্ট না হইয়া, অনুকরণীয়কে অভিক্রম করিতে উৎসাহিত করিতেছেন, এবং অশেষ-গুণসম্পন্ন হইয়াও সর্ব্যত্র, সর্ব্যাবস্থায় উচ্চ নীতি সংরক্ষণে অসমর্থ হইলে যে বিষময় ফলের উৎপত্তি হয়, কুল-নগেক্সের জীবনে তাহা প্রতিফলিত করিয়া, সে উৎসাহের ঘটনাগত সমর্থন সংযোজিত করিয়াছেন। উচ্চ নীতিরক্ষণে অসমর্থতার জন্ম কুন্দ-নগেন্দ্রের প্রায়শ্চিত্ত কবি কম করিয়া আঁকেন নাই। कुन कौराम । यात्रभत्रमाहे मत्नाकः । एका করিয়াছিল, পরে জীবন দিয়া প্রায়শ্চিত শেষ করিয়াছিল। নগেজনাথই কি কম কষ্ট পাইয়া-ছেন ? প্রবৃত্তির সহিত সংগ্রামেও তাঁহাকে ক্ষতবিক্ষত হইতে হইয়াছে। তৎপরে সক্ত স্থথের সামগ্রী, সকল আরামের উপকরণ পরিত্যাগ করিয়া অশেষ ক্রেশপরম্পরায় জীবন শেষ করিয়া, সূর্য্যমুখীর প্রতি তাঁহার অন্তায়া-চরণের প্রায়শ্চিত্ত করিতে উন্নত হইয়াছিলেন, এবং কতক পরিমাণে কষ্টভোগও করিয়া-ছিলেন। তবে তাঁহার পাপ তত অধিক

নহে, অল্ল প্রায়শ্চিতের পরেই পুন: পূর্বা-ধিকার প্রাপ্ত হইয়া স্বথে জীবনাতিপাত করিয়াছেন। স্থাধে বলিণ কি ? যদি বলি, তবে কবির উচ্চ নীতির লাঘৰ করা হইবে। কুলনলিনীর মৃত্যুর কথা শ্বরণ করিয়া কি নগেন্দ্রনাথকে চিরজীবন অমুতাপ করিতে হয় নাই ? কুন্দনন্দিনীর রূপমোহে এক বার ভ্রমে পড়িয়াছিলেন, আবার যে কুন্দের প্রতি ভিনি অবিচার করিয়াছিলেন, তাহার জন্ম তাঁহার অমুতাপ না হইয়া ণাকিলে, তাঁগার চরিত্রের মহত্ত্ব থাকে কোণায়? নৈতিক বিচাতির ইহাই এক অবশ্রস্তাবী ফল, তদ্বারা যে তু:খ-যন্ত্রণা, যে সমগ্রার অবস্থা আনিয়া ফেলা হয়, তাহার এককালীন নিরাকরণ আর সম্ভবে না। পূর্ণ শরীরে যে আত্মকত ক্ষত, তাহা একেবাবে মিলায় না ৷ তাই, শিক্ষা দারা, অভ্যাদ দারা, চরিত্র-ভিত্তি এরূপ দৃঢ় করা কর্ত্তব্য যে,কখনও এরূপ সমস্তাগ্ন পড়িতে না হয়। নগেক্র-চরিত্রের প্রধান শিক্ষাই এই, এবং এ অতি উচ্চ শিক্ষা।

নগেন্দ্রনাথকে কবি ভার্য্যাবৎসল করিয়া আঁকিয়াছেন। স্থামুখীর জন্ম তাঁহার আারামুশোচনা, আক্ষেপ ও তঃখভোগ, এবং তাঁহার ভার্য্যাবিনোদন-প্রণালীর আলোচনা করিলে, তাঁহার কুন্দে আসক্তি সত্ত্বেও, তাঁহার চরিত্রের এই অংশ ব্রিতে বিলম্ব হয় না। এরপ ভার্য্যাপ্রেমস্থলেও যে রূপমোহ এরপ অনর্থ ঘটাইতে পারে, ইহা কেবল মামুষের ভাগ্য।
মামুষ যে শাপভ্রম্ভ জীব, মামুষের স্থপের যে অসংখ্য বিল্প, ইহা তাহাই প্রমাণ করে।
অবধা মামুষের স্থক্ষ্যেবের মূলে এ সকল না থাকিলে, মামুষের ব্য কুছেলিকাপূর্ণ জীবন,

ভাহা ওরপ হইত না। শিকা নৈতিক শক্তির প্রতার্কন করিয়া মানুষের স্থা যে পরি_{মানে} আপনার চরিত্রের উপর নির্ভর করে, সে পরিমাণে স্থথের স্থায়িত সংস্থাপন করিতে পারে, এবং সে অবস্থার উচ্চতা বিনেচনা করিলে তাহা বঞ্নীয়ও বটে; কিন্তু ভাঙ্গা-গভার হঃথ-চুর্বলতার মধ্যেও একরূপ রুমণীয়তা আছে, তাহার ক্ষতি স্বীকার করিয়া লইতে হয়। ভাঙ্গা-গড়া, ছ:খ-ছর্ব্বলতা কি শিক্ষার জক্তও প্রয়োজন নহে ? কবি বলিতেছেন, অন্ত:করণের পক্ষে হঃখভোগই প্রধান শিকা। তঃখ নিজের কর্মফল এবং সে কর্ম চ'রত্রের হৰ্ষণতা হেতু। নৈতিক হৰ্ষণতা যে সুখ ভাঙ্গে, দে সুখ পুনর্গঠিত হইলে, তু:খভোগ দাবা অন্ত:করণের শিক্ষা জন্ত নৈতিক বলের পুনরাধান হইয়া সেই নৃতন স্থের বা পৃন্ধ স্থার নবগঠিত অবস্থার স্থায়িত্ব জনাম! অভাবজনিত হঃখও আছে, যাহা আত্মকার্যোর ফগ নহে। অভাবে লোভের কারণ উপস্থিত হইলে, লোভের বস্ত পরিহারের চেষ্টা এবং **ट्रिशंक्रिक मान्यिक अन्यारम हिन्न** भारति ক্ষমতা জন্ম। এরূপে যাহার চিত্তসংযমের ক্ষমতাজনো নাই, নৈতিক বিচুাতি তাঁহায় প**ক্ষে সম্ভবপর, আবার সে** বিচ্যুতি হেতু ^{হুঃখ} ভোগ, ছঃখভোগ হইতে শিক্ষা, শিক্ষা হ^{ইতে} সর্বাতোভাগে নৈতিক শক্তির আধান। কিছুরই পরিহার সম্ভবপর নহে, চক্রের আবি ভাষ নিষোচ্চাবস্থাপ্রাপ্তমাত্র, ভবে একে**র নিমুগমন অন্ত**কে দ<mark>ঁতক</mark> করিয়। তাঁ^{হার} সুথের স্থায়িত্ব ঘটাইতে পারে। সম্বন্ধ দৃষ্টান্তগত व मकनरे कीवरन নগেন্দ্রের অভাব 🛚 চিত্তসংধ্যের इडेम्राइ । ভবে

পূর্ণতাকে নষ্ট করে, তাহারও তিনি জ্বলন্ত দৃষ্টান্ত। কবি তাঁহার সম্বন্ধে যাহা বলিয়াছেন. তাহা উদ্ধৃত করিয়৷ আমরা তাঁহার চরিত্রা-লোচনা শেষ করিলাম।—"—অন্তঃকরণের পক্ষে হঃখভোগই প্রধান শিক্ষা।

"নগেন্দ্রের এ শিক্ষা কথনও হয় নাই। জগদীখার তাঁহাকে সকল স্থথের অধিপতি করিয়া পৃথিবীতে পাঠাইয়াছিলেন। কান্ত-क्रभ, व्यक्र विश्वर्षा, नौरत्रांग भंतीत, मर्ख-वाि नी विषा. सभीन हित्रज. (सहमग्री माध्वो हो. এ সকল একজনের ভাগো প্রায় ঘটে না। নগেক্ষের এ সকলই প্রায় ঘটিয়া-ছিল। প্রধান পক্ষে নগেন্দ্র নিজ চরিত্র-গুণেই চিরকাল সুখী; তিনি সত্যবাদী অথচ প্রিয়ংবদ; পরোপকারী অথচ স্থায়নিষ্ঠ : দাতা অৰচ মিতবায়ী; স্বেহশীল অথচ কর্ত্তব্য স্থিরসঙ্কল। পিতা মাতা বর্তমান থাকিতে তাঁহাদিগের নিছান্ত ভক্ত এবং প্রিয়-কারী ছিলেন: ভার্যার প্রতি নিতান্ত অনুরক্ত ছিলেন; বন্ধুর হিতকারী; ভৃত্যের প্রতি রুপাবান; অনুগতের প্রতিপাদক; শত্রুর প্রতি বিবাদশূর । তিনি পরামর্শে বিজ্ঞা, কার্য্যে সরল; আলাপে নম্র; রহন্তে বার্মার । এরপ চরিত্রের প্রকারই অবিচিন্ন স্থপ; — নগেন্দ্রের আশৈশব তাহাই ঘটিয়াছিল। তাহার দেশে সম্মান, বিদেশে যশঃ; অমুগত ভ্তা; প্রজাগণের সন্নিধানে ভক্তি; স্থান্ম্পীর নিকট অবিচলিত, অপরিমিত— অকল্যিত স্বেহরাশি। যদি তাঁহার কণালে এত স্থপ না ঘটিত, তবে তিনি কখনও এত হুংপী হইতেন না।

ছংখী না হইলে লোভে পড়িতে হয় না।

যাহার বাহাতে অভাব, তাহার তাহাতেই
লোভ। কুলনন্দিনীকে লুরুলোচনে দেখিবার
পূর্বেনগেল কখনও লোভে পড়েন নাই,
কেননা, কখনও কিছুরই অভাব জানিতে
পারেন নাই। স্থতরাং লোভ সংবরণ করিবার
জন্য যে মানসিক অভ্যাস বা শিক্ষা আবশ্রক,
তাহা তাঁহার হয় নাই। এইলন্যই তিনি
চিত্তসংঘমে প্রবৃত্ত হইয়াও সক্ষম হইলেন না।
অবিচ্ছিল স্থথ হংথের মূল; পূর্বেগামী ছংথ
ব্যতীত হালী স্থথ লয়ে না।'

শ্ৰীলোকনাথ চক্ৰবৰ্তী।

বিলাতের কথা

(9)

থান্তাথান্ত

বিলাতের লোকে কি 'থার, আর সে দেশে কি কি থাত দ্রব্য পাওরা বার, 'অনেকে এই কথা জিজ্ঞাসা করিয়া থাকেন। এ দেশের সাহেবেরা যা থান, বিলাতি ইংরেজেরা ভাহাই থাইয়া থাকেন। জামাদের থাতাথাতের সঙ্গে একটা ধর্মের সম্বদ্ধ আছে,
খৃষ্ঠীরান্ ধর্মে সেরপ কোনও থাতাথাত বিচার
নাই। স্বভরাং মাসুষের ভক্ষ্য যা কিছু
বিনাতে পাওয়া যায়, সাহেবেয়া সে সবই
অছ্নেদ "সাবাড়" করিয়া থাকেন। আর

আমরা, আমাদের সংকার সংস্কারবশতঃ ধে সকল বস্তকে মাহুষের থাতা বলিরা করনাও করিতে পারি না, এমনও কোনও কোনও দ্ব্য ইংরেজ অতি আগ্রছ সহকারে থাইরা থাকেন, এ কথাটাও অস্বীকার করিতে পারি না। দেকথা পরে বলিব।

মাছ-মাংস

युरताशीरम् अधान थाना माःन-व কথাটা পূর্বেই বলিয়াছি। আমাদের ষেমন ভাত, ইংরেজ প্রভৃতি যুরোপীয় জাতির লোকের সেইরূপ মাংসই প্রধান খাদা। ইহাই ভাচাদের জীবনধারণের প্রধান অবলম্বন। আরু মাংসের মধ্যে গোমাংসই প্রধান। ভবে মেৰের মাংস্ভ প্রচুর পরিমাণে পাওয়া যায়। চাগমাংসের সন্ধান সে দেশে কথনও পাই নাই। মৃগমাংস কথনও কথনও বাজারে উঠে। এ ছাড়া হাঁদ, পাষরা, মুরগী প্রভৃতি গ্ৰুপালিত পাখী এবং কেলেণ্ট্ৰ, বালিহাঁদ, পারট্র প্রভৃতি বনচর পাধীও সর্বদাই মিলে। পাথীর মাংদের দাম বেশী। আর আমাদের পকে বিলাতী পাধীর মাংস থাওয়া সময়ে সময়ে অত্যন্ত কটকর হইয়া छेर्छ ।

ইহার কারণ এই যে, নিতান্ত পলীপ্রামেনা গেলে, সে দেশে টাট্কা পাথীর মাংস পাওয়া যার না। পাথীগুলোকে মারিয়া, ছাল ছাড়াইয়া, নাড়ীভূঁড়ি বাহির করিয়া, প্রথমে কিছুদিন গুদামশ্বাত করিয়া রাথা হয়, এরপ শুনিরাছি। ভার পর যথন এগুলি সহরে আনে, তথনও মাংস্বিক্রেতার দোকানের জানালার কত দিন যে ঝুলিয়া থাকে, তাও ঠিক করা স্কালা সহজ হয় না। শীত প্রধান দেশে কোনও বস্তুই সহজে পচিয়া উঠে না। স্থতরাং এগুলো অনেকদিন এই ভাবে থাকিলেও, একেবারে অথাদ্য হইয়া যায় না। কিন্তু কেমন একটা ভেপ্ষো গন্ধ জন্মিয়া থাকে অনেক মদ্লাতেও এই গন্ধটাকে ঢাকা কঠিন হইয়া পড়ে। এইজন্ত অন্ততঃ আমাদের বর্জর রসনায় বিলাভী পাথীর মাংস সহজে রোচে না।

কিন্তু কেবল পাখীর মাংস কেন, বিলাতে প্রায় কোনও মাংসই টাট্কা পাওয়া যায় না। তবে পাথীর মাংসে যে গন্ধটা পাইয়াছি, অভ মাংদে দে গদ্ধ পাওয়া যায় না। কিছ মাংস সবই সেথানে বাসি। ইংরেজ হতই কেন আপনার স্বাধীনতার ম্পদ্ধী করুন না. ফলত: তার মত এমন পরমুখাপেকী লোক জগতে অতি বিরশ। প্রতিদিনের আহারের क्छ देश्रतक विर्माणन मुक्षारिकी इहेश থাকিতে হয়। যে মাংস না হইলে ইংরেজের बिन हटन ना, दम माश्म खर्मानी, फ्रामीम, হল্যাণ্ড্, মার্কিণ প্রভৃতি স্থান হইতে বিশাতে আমদানী হয়। বিলাতে গো-মেষাদি যে একেবারে নাই, তাহা নয়। কিন্তু স্বদেশী গরু, শুকর, মেষ প্রভৃতি পশুর দাম সেথানে 'বিদেশী পশুর দাম অপেকা বেশী। স্থতরাং গরিব লোকের তো কথাই নাই, অনেক মধ্যবিত্ত লোকেও দিশি গো-শুকরাদির মাংস मर्काना थाहेटल भान ना। त्नरमत्र व्यथिएराम ट्याटक है जामनानी मारम शहिशा जीवनशांत्र করেন ৷ আর আমদানী মাংলের चार्छिनिया इटेटि य माश्म यात्र, जाहारे लाटक (वभी शहन करवन। विरम्धक ना হইলে সকল সময়ে বিলাভী গো-মেষাদির

মাংসের তুলনার অট্রেলিয়ার আমদানী মাংসের পার্থক্য বোঝা কঠিন হইয়া পড়ে।

বিলাতি মাছ।

বিলাতে নানা প্রকারের মাছও পাওয়া যায়। ভবে এগুলির অধিকাংশই সমুদ্রে জনার। মিঠা জ্বের মাছও আছে বটে, কিন্ত দে মাছের সঙ্গে আমাদের দেশের মিঠা কোনই সাদৃগ্ৰ नाई। মাছের আমাদের রুই কাত্লা, কই মাগুর, শোল বোয়াল, এ সকল মাছের মত কোনও মাছই বিলাতে পাওয়া যায় না ৷ বিলাতের মিঠা মধ্যে স্থামনই প্রধান। মাচ্চের আমাদের দেশে এমন কোনও মাছ নাই, যার তুলনায় স্থামনের কোনও জ্ঞান বাঙালী পাঠককে দিতে পারি। স্থামনের ছোট ছোট আঁদ আছে. এ আঁদ কতকটা আমাদের কুচিবাটার আঁগের মত, আকারও দেইরূপ, রংও তাহারই মতন। কুর্চিবাটা छाला यिन स्वाद এक है लक्षा धरालद इहेल, अ তার মাথাটা যদি কতকটা ইলিশ মাছের মাধার মতন হইত, তবে হয় ত হঠাৎ একটা মাঝারি রকমের আন্ত স্থামন দেখিয়া কুর্জিবাটা বলিয়া ভ্রম হইতে পারিত। কিন্তু আমরা যাকে কুর্চিবাটা বলিয়া জানি, তাহা দেখিয়া স্থামনের রূপ মনে আনিতে হইলে. অনেকুটা কষ্টকল্পনা করিতে হয়। ভাষনের বাহিরের রূপের সঙ্গে আমাদের দেশের কোনও মাছের যেমন সাদৃভা নাই, তার ভিতরকার রংএর সঙ্গেও দেইরূপ আমাদের কোনও মাছের মিল আছে বলিয়া জানি না। স্থামনের ভিতরের রং লাল। ইংরেজি ভাষায় এইজন্ত এক জাতীয় লাল রংকে ভাষন পিক্

(Salmon Pink) বলে। বিশাতে এই
মাছের আদর বড় বেশী। তার দামও তার
জন্য থুবই বেশী। এ মাছ সর্বনা মিলে
না। বোধ হয় মে হইতে জুলাই কি
আগেষ্ঠ পর্যান্তই এ মাছটা পাওয়া বায়।
ইংরেজ বড়লোকেরা এই ভামন্ সিদ্ধ করিয়া
কাঁটা শশার সঙ্গে থাইতে বড়ই ভালবাসেন।
ভামনের দাম অভাভ মাছের চাইতে টের
বেশী। এক পাউও বা আধ সের ভামনের
জন্ত দেড় হইতে তিন টাকা পর্যান্ত দিতে
হয়।

বিলাভের মংস্থামাজে আভিজাতা-মর্যাদার বোধ হয় স্থামনের পরেই টার্টের (Turbot) স্থান হইয়া থাকে। সুস্থাত্তা হিদাবে টাব'ট ভামনের চাইতে শ্রেষ্ঠ ৰই निक्रष्टे नग्र। अष्टः আমাদের টার্ণ ট্র স্থামনের চাইতে বেশী উপাদেয় বলিয়াই লাগে। আমার মনে হয় যে, টাব ট্ আমাদের শিণিদ্ধ লাতীয় মাছ। চলিত: কথায় এই শিলিককে শিলৈন বা শিলোন বলে। টার্ব ট স্থামনের অপেকা অনেক বছ হয়। টার্টের দামও প্রায় স্থামনেরই মত; তবে ভামন্ সারা বছর মিলে না, টার্ব টু প্রায় সর্ববদাই পাওয়া যায়। টাবটের विनाजी मार्डित मर्पा हानिवरहेत सान। টাবটের ভাষ হালিবট্ও পুব বড় হয়। হালিবট দেখিতে কতকটা আমাণের চিতল মাছের মত। কিন্তু চিতলের আঁসে আছে, গালিবটের আঁাস নাই। আর চিতলের মত হালিবটের এমন ঘন ছোট ছোট কাঁটাও নাই। টাৰ টুঙ হালিবট ছই পুৰ তেলাল সাতেবেরা এ সকল মাছ।

কেবল সিদ্ধ করিয়াই থান। আমাদের মত কাঁচা লক্ষা ও শর্থে দিয়া এ স্কলের "তেল (साल" कतिरल, ष्यिक्तिम जेशालय शहेया थारक। छामन, छाव है, शांतिवहे, अ नकन মহার্থ মাছ। গরিব লোকেরা,এমন কি মধাবিত্ত লোকেরাও এ মাছ প্রায়ই প্রাইতে পান না। বিশেষতঃ বিলাতে মাছটা প্রায়ই একটা সৌথিন খাল্ডের মধ্যে পরিগণিত হয়। লাঞ্চে বা ডিনারেই এ সকল ভাল মাছ ব্যবহৃত হয়। গরিব লোকেরা এ সকল আহারে মাছ ব্যব-হার করেন না। তাঁরা যা' কিছু মাছ থান, সে কেবল প্রান্তরাশের বা ত্রেক্ফাষ্টের সময়। আর সে সময়ে কেহই এ সকল ভাল মাছ খান না। গরিব ও মধ্যবিত্ত লোকে ক্ড (Cod) মাছটাই স্চরাচর থাইয়া থাকেন। এই কড় মাছ সমুদ্রে জন্ম। ইহারই যকুৎ হইতে কড্লিভার অয়েল (Codliver Oil) প্রস্তুত হয়। কড্লিভার অয়েলের গ प्राप्त कित्रा, हिर्टा व्यान करे कर মাচটাকেও একরূপ অথাত বলিয়াই ভাবিয়া থাকেন। কিন্তু মাছের তেলে যে গন্ধ পাওয়া গায়, টাটুকা মাছে কোথাও দে গন্ধ তো থাকে না। আমাদের এমন স্থবাহ যে ইলিশ মাছ, তার তেলের গন্ধ কি অকারজনক আমরা তো জানি। কিন্তু তাই বলিয়া ইলিখ মাছ ভো আর মন্দ নয়। সেইরপ কড্ মাছের ম্রুতের তেলের হর্গন্ধ দিয়া মাছ বেচারীর বিচার করিলে চলিবে কেন ? ফণত: কড্মাছটা বেশ মিষ্টি। টাব্ট্বা হালিবটের মত অমন তেলাল নয় বটে; কিন্ত কতকটা আমাদের ভেট কি মাছের মত স্বাচ। কড্মাছ আকারে ভেট্কির মতন

नव, वतर कलको। आभारतत कहे मारहत्वे মতন। কিন্তু তার ভিতরটা ভেট্কিরই মত। ভেট্কি মাছ রালা করিলে যেমন পরতে পরতে আলাদা হইয়া যায় কড্মাছও দেইরূপ হয়। কডের দামও খুব বেশী নয়। এক পাউণ্ডের দাম সাডে চার আনা হইতে ছয় আনা পর্যান্ত হইয়া থাকে। কথনও কখনও আট আনা পর্যায়ত হয়। মধাবিত ইংরেজেরা এই কড় মাছটাই বেশী থাইয়া থাকেন। মাংদের ষেমন কাট-লেট্হয়, এই কড্ মাছেরও সেইরূপ কাট-লেট রালাছইয়াপাকে। কডেরই মত আব এক লাতীয় মাছ পাওয়া যায়, তাহাকে ইংরেজেরা হেক (Hake) বলেন। এ মাছও সমুদ্রে জনায়। এ মাছটা কডের চাইতে নরম। এ মাছের দামও প্রায় কডেরই মতন। আমাদের আইড় মাছের মত বিলাতে এক জাতীয় মাচ পাওয়া যায়, ইংরেজিতে তাহাকে হ্যাডক (Hadock বলে। আইড় মাছে যেমন আঁস থাকে না. হাডিকেও দেইরপ আঁাস নাই. তবে আইড় মাছ যভটা বড় হয় হাডক তত বড় হয় না। কড্, হেক, হাডক এ সকল মাছ^হ সাধারণ লোকে বেশী থাইয়া থাকেন। পুরী প্রভৃতি স্থানে এক প্রকারের পায়রা চাঁদা মিলে, এ দেশের ইংরেজি বুলিতে এগুলিকে পমফ্রেড (Pomfred) বলে। পমফ্রেড় কথাটা বিলাতে গুনি নাই। এই পাররা চাঁদা মাছকে ইংরেজিতে আমার (वाध ' इम्र क्षेट्रेम (Plaice) वरन। এই মাছটা ইংরেজের খুব প্রির। এই জাতীর এক শ্রেণীর টাদা মাছ আছে,

তাহাকে নোল (Sole) हेर्द्र व्हेंब (अहम अरमा काम ; भाम अरमा बरमन । সাদা; হু'এর মধ্যে বেশ কম এই। নতুবা চুটাই পায়রা চাঁদা জাতীয়। এই হুই জাতীয় মাছ বড় মিষ্টি। সাহেবেরা প্রায়ই মাঝ-ধানের কাটাটা ফেলিয়া দিয়া, এ মাছের পোরের ভাজা খাইয়া থাকেন। এইরূপ কাটা-ছাড়ান মাছকে ইংরেকিতে ফিলেটেড্ (Filleted) বলে। ফিলেটেড প্লেইস্ ও দোল ভালা সকল থাবার যায়গায়ই প্রায় পাওয়া যায়। দামও বড বেশী নয়। সচরাচর একটা প্লেইসের দাম বাব আনা কি এক টাকা। সোলের দাম আর একটু বেশী। দোল সামা আব প্লেইস কাল-তারই **অ**ক দামের এই বেশ কম হয় কি না, জানি না। স্বর্ণপক্ষপাতিত্বের কথা মনে **डेश्ट**बट**क** द করিয়া এরূপ দিদ্ধান্ত করা অসম্বত হউক বা না হউক, অসম্ভব নহে। তবে সোল প্লেইস খেতেও যে একটু বেশী ভাল, এ কথাও অস্বীকার"করিতে পারি না।

আমাদের ইলিশ মাছের মত কোনও মাছ
বিলাতে কথনও দেখি নাই। আমেরিকার
এক প্রকারের ইলিশ মাছ পাওয়া ধার।
নিউইয়র্কে সে মাছ থাইয়াছি। মার্কিনীয়েরা
তাহাকে শ্রাড (Shad) বলেন। বিলাতে
ইলিশ মাছ না মিলিলেও, স্বাদে না হউক,
অন্ততঃ কাঁটার বাহুলো ও আহারাস্তে বে
চকার:উঠে, তাহার গদ্মে, ইলিশ মাছকে মনে
করাইয়া দেয়, এমন একটা মাছ আছে।
ইংরেজিতে ইহাকে হেরিং বলে। হেরিংগুলো দেখ্তে কতকটা আমাদের বাটা
মাছেরই মতন, তবে বাটা মাছের চাইতে

কতকটা বড় হয়। হোরং থাইতে বড় মিটি। কিন্তু অত্যন্ত বেশী কাঁটা আছে বলিয়া ছুরি কাঁটা দিয়া এ মাছটা খাওয়া কেবল যে সহজ নয়, তাহা নহে, একেবারে নিরাপদও হয় ত নয়। তাই বলিয়া নিতাস্ত গরিব লোক ছাড়া আর কেউ প্রায় এ মাছটা ধান না। ইহার দামও সন্তা। সচরাচর এক আনায় একটা বেশ বড় হেরিং পাওয়া যায়। কথনও আধ আনায়ও পাওয়া যায়। আমাদের দেশের চুন মাছের মতন কোনও মাছ বিলাতে দেখি নাই। কেবল হয়াইট বেইট (White bait) নামে এক জাতীয় ছোট মাছ আছে. যাহাকে চুন পুটীর শ্রেণীভুক্ত করা নিতাস্ত অসঙ্গত হইবে না। এ মাছটা কভকটা আমাদের মউরলা (পূর্ব্ববঙ্গে ইহাকে মকা বলে) মাছেরই মতন। সাহেবি সমাজে এ মাছটা একটা সৌধীন খাল্পের মধ্যে পরিগণিত হয়। ভাসস্ত তেলে, অর্থাৎ শুকরবসাতে,— ভাজিয়া, একটু লেবুর রস, নূন ও লছার শুঁড়ো মিশাইয়া, ব্রাউন্ ব্রেড বা চুকলের কটী দিয়া, ইংরেজেরা এ মাছটা থাইয়া थाटकन। एशाहे । तहे दिव नाम एशाहे हिः-এর কথা মনে পড়িল। হুয়াইটিং (Whiting) কতকটা আমাদের বে'লে মাছের মত। আকারে ও স্বাদে উভয় দিক দিয়াই বে'লে মাছের সঙ্গে এর কতকটা সাদৃশ্র আছে।

কিন্ত জলচরের মধ্যে ইংরেজেরা কেবল মাছটাই যে ধাইরা থাকেন, তাহা মনে করিবেন না। সমুদ্রের জীবস্ত বিজ্পুক ইংরেজের অতি প্রির থান্ত। ইংরেজিতে এগুলিকে ওয়েপ্টার (Oyster) বলে। সকল যুরোপীদ্বেরাই এই জীব্দীর অত্যন্ত ভক্ত। জীবস্ত বিত্বক গুলোকে খোলা ভাঙ্গিয়া, সেই খোলার উপরেই প্লেটে সাজাইয়া দেওয়া হয়। আর कि ছোট कि वड़, मकरनई এই नड़ल कीरवत উপরে একটু মুন ও এক ফোঁটা লেবুর রস ফেলিয়া ভাতাকে সশরীরে উদরত্ব করিয়া थाक्त। এগুলিকে চিবাইয়া কি গিলিয়া কি চুষিয়া থাইতে হয়,—এ সম্বন্ধে সভাতার রীভিটা যে কি, তাহা আমি এখনও জানি নাই। গলদা চিংড়ী এবং কাঁকড়াও বিলাভে প্রচর পাওয়া যার। কুচো চিংড়ীও মিলে। কুচো চিংড়ীকে ইংরেজীতে শ্রিম্পদ্(Shrimps) वत्त । शलना हिः शि ७ कें कि शा ममू एक है धर्म হয়। আব ধরা মাত্রই, শুনিয়াছি, ফুটস্ত এগুলিকে মারিয়া ফেলা ফেলিয়া करन তার পর এই সিদ্ধ মাছই বাজারে हम्र ।

বিক্রী হইয়া থাকে"। কুচো চিংড়ী গুলোকে শুকাইয়া বাজারে পাঠান হয়। গলদা চিংড়ী গুকাকড়ার দামও থুব বেশী। দেড় টাকার কমে একটা মাঝারি রকমের চিংড়ী পাওয়া যায় না। কাঁকড়ারও দাম প্রায় চিংড়ীরই মতন। স্যালাড (Salad) বলিয়া নানাবিধ কাঁচা শাক সব্লিও ভরি-তরকারির যে এক অপূর্ক মিশ্রণ মুরোপীয়েরা ভক্ষণ করিয়া থাকেন, চিংড়ী মাছটা তারই সঙ্গে বেশী ব্যবহৃত হয়। ইতালীয় বা ফরাসীস্ প্রণালীতে এই চিংড়ীর স্যালাড বা সল্লাদ প্রস্তুত হইলে তাহা অতিশয় উপাদেয় হয়;—আদেশিকতার থাতিরে এ সত্য কথাটা অস্বীকার করিতে পারি না।

বিলাত ফেরত।

বঙ্গদাহিত্যে সুধীন্দ্রনাথ

শতান্দীর বৰ্ত্তমান সভাতালোকে শিক্ষাফলে আমরা এইটুকু ব্ঝিতে পারিয়াছি (य. मकन विषश्रे क्रमविवर्छनभीन अवः এই বিবর্ত্তনের সঙ্গে সংক্রট সর্ব্যবিষয়ে উন্নতির লকণ প্রকাশমান। কিন্তু এই ক্রমবিবর্ত্তন সময়-সাপেক। সেদিন বেয়ার্গন (Bergson) সাধারণ লোককে বুঝাইতে চেষ্টা করিয়াছেন যে, বাহ্ডগতের সহিত অন্তর্জগতের সংগ্র-স্থাপন কেবল পণিতশাস্তাফমোদিত বাঁধা নিয়মে হয় না; যথন প্রত্যেক মনন নানা ভঙ্গিমায় কালের বাহ্য জগতের স্তরে স্তরে প্রবেশ লাভ করে, তথনই বাহিরের সহিত অন্তরের সম্বন্ধ পরিক্ট হইয়া উঠে। সাহিত্য, দদীত, চিত্ৰকলা প্ৰভৃতি সকলেরই বিশেষদ্ব

আছে; তাহার৷ বিশেষ বিশেষ ভাবে অন্তর-বাহিরের সম্বন্ধ স্থাপন করে। নানান দেশের নানান ভাষা ষেমন সেই সেই দেশ-কালোপযোগী, তেমনি নানান্ স্থর ও নানান্ সাহিত্যে কালবিশেষে বিশেষভাবে উপযোগী। ইংরাজী সাহিতোর অবস্থার যে স্কর যে ভঙ্গী ঠিক সমরোপ্যোগী হইয়াছিল, এখন সমাজ ও চিন্তার বিকাশের সঙ্গে সঙ্গে তৎসমুদায় দেশকালপাতভেদে প্রিবর্ত্তিত হইয়াছে। সমস্ত সামাজিক অবস্থা কেমন করিয়া ধীরে ধীরে বিকাশপ্রাপ্ত হইতেছে, তাহা লক্ষ্য করিলেই, কলাবিত্তার সমাক্ রসবোধ উপভোগ-ক্মতা কেমনভাবে ক্রমে ক্রমে পরিবর্ত্তিত হইতেছে,

ভাগ বেশ বুঝা যায়। আজকালকার _{ইউবো}পীয় সমালোচকগণ দেখাইতেছেন. জ্নাদ্ধ যেমন হঠাৎ দৃষ্টিলাভ করিয়া সকল বস্ত্র ঠিক দৃষ্টিমানের মত দেখিতে পায় না, সেইরূপ যাহারা অসমভা বা অর্দ্ধিনভা তাহারা উচ্চাঙ্গ শাহিত্যের প্রকৃত রসাম্বাদনে ৰভাৰত:ই ৰঞ্চিত। সভাজগতের ইতিহাসে গ্রহিত্যের আদর বা অনাদর কেমন সাময়িক মনোবৃত্তিবিকাশের উপর নির্ভর করে, ভাহা ণেশুই (Legouis) তাঁহার ফরাদী কাব্যগ্রন্থ विश्लिया सन्तवकार प्रभावेषा हिन । नश्चमन শতালীর ইংরাজেরা তাঁহাদের সমসাময়িক ফরাদী ক্বিতা কিরূপ ভাবে ব্ঝিতেন, তাহা ডিকুইন্সির প্রবন্ধপাঠে জানা যায়। উনবিংশ শতাব্দীর ইংরাজ সেই ফরাসী কবিতাকে আবার অন্ত চক্ষে দেখিতেছেন। ডিকুইন্সির মধ্যযুগের ফরাদী কাছে ক্বিতা ক্বিতা-নামের্ট যোগ্য नरह. মাাথু স্বার্ণল্ড কিন্তু দেই কবিতাকে অস্ত চক্ষে দেখিতে আরম্ভ করিয়াছিলেন অজিকাল ইংরাজের কাছে ফরাসী কবিতার দ্দাদর দিন দিন বৃদ্ধি পাইতেছে। ইহার कांत्रक आत कि हुई नरह, - रक्तन এहे रह, मत्नावृद्धि-विकारमञ्ज मरत्र मरत्र त्रमरवाधमक्ति-^{উপভোগক্ষমতাও} বাড়িতেছে। আমাদের ণেশে এথনও **ইউ**রোপীয়দের মত সাহিত্য চিন্দ সঙ্গীতের যথার্থ রসবোধশক্তি বড় একটা দেখা যায় না; ভাহার প্রমাণ এই যে, যাহা সাহিত্য-নামের উপযুক্ত, ভাহাই শ্মালোচকগণ প্রায়ই অপকৃষ্ট বলিয়া মনে ^{করেন।} সমালোচকেরা বেশীর ভাগই. ^{প্র}ফত সমালোচনা কি, তাহা বুঝেন না।

লেথক অন্তর-বাহিরের চিরম্ভন সভ্য ভাব-সৌন্দর্যা কিরুপে প্রকটিত করিয়াছেন এবং কভদুর কুতকার্যা হইয়াছেন, যদি নিরপেক্ষভাবে তাহাই সমালোচক যথার্থ এই পদের উপযুক্ত; নতুবা এটা ভাল এটা মন্দ-এই বুলিলেই সমালোচনা হয় না। সাহিত্য কলাবিদাার একটি অঙ্গ মাত্র. कनाविमात्र श्राचादित्यात्र एव कात्रण स्त्र. সাহিতোর ও ঠিক সেই কারণেই হইয়া থাকে। (Pater) তাঁহার রচনাতে দেখাইয়াছেন, মধ্যধুগের 'পুনজ'মে'র সহিত সাহিত্য ও কলাবিদ্যার আভাস্তরীণ যোগ না পাকিলে ছইম্বের কেহই সার্থকনাম হইত না। আজ আর সেদিন নাই যে. সমালোচক সমালোচনা করেন বলিয়াই তাঁহার মত শিরোধার্যা করিয়া লইতে হইবে। এমন এক সময় ছিল বটে, যথন অমুপযুক্ত সমালোচকদিগের হাতে লেথকদিগকে বড়ই বিড়ম্বিত হইতে হইত। এখন য়াথিনিয়মের (Atheneum) মৃত সমালোচককেও मावधात कथा विलाख इम्र ; (कनना, সমালোচককে দেখাইতে হইবে যে, তিনি উপযুক্ত পাত্ৰ, তাঁহার কথা কহিবার মথেষ্ট অধিকার আছে।

অক্ষম সমালোচনার দৃষ্টান্তব্দরপ গত
মাসের প্রবাসী"তে শ্রদ্ধাম্পদ শ্রীযুক্ত স্থানিশ্র-;
নাথ ঠাকুর রচিত প্রসঙ্গের যে সমালোচনা
বাহির হইরাছে, তাহার উল্লেখ করা বাইতে
পারে। সমালোচকের মতে প্রসঙ্গ প্রকাশে
বঙ্গসাহিত্যের বিশেষ কিছুই লাভ হয় নাই।
পক্ষান্তরে আলোচ্য গ্রন্থানি যদি কেই

আন্যোপাস্ত মনোথোগের সহিত পাঠ করেন, তাহা হইলে, তিনি গ্রন্থকারের গভীর জ্ঞান, ভাষা ও ভাবের অপূর্ক সৌন্দর্যো মৃশ্ধ না হইয়া থাকিতে পারিবেন না। কিন্তু সমালোচক এ কেত্রে অন্ধিকারচর্চা করিয়াছেন বলিয়াই 'প্রসঙ্গের রসপ্রহণে তিনি সম্পূর্ণরূপে বঞ্চিত হইয়াছেন।

আজকালকার অনেক মাসিক পত্রিকাতেই এইরূপ অনধিকারচর্চা দেখিতে পাওয়া
যায়। 'বঙ্গদর্শনে'র বেত্রাঘাত বন্ধ হইবার
পর হইতেই বিপরীত সমালোচনার সংখ্যা
বাড়িয়া উঠিতেছে। প্রকৃত সদ্প্রন্থের প্রতি
অনাদর ও কটুক্তি এবং অনেক কদর্য্য
প্রস্থেরও ভূরসী প্রশংসাই অক্ষম সমালোচক

মহাশরগণের নিত্য **অপকর্ম** হইর।
দাঁড়াইরাছে। প্রবাদীতে 'প্রদদ্ধের সমালোচকও হুর্ভাগ্যবশতঃ এই শ্রেণীর অন্তর্গত।

যাহা স্থান এবং সভ্য, যাহা মানবের চিরস্তন সম্পত্তি, যাহার অধ্যরনে আমাদের অস্তঃকরণ নির্মাণতর আনন্দে উদ্ধূদ্ধ হইয়া উঠে, এইরপ প্রদঙ্গই আলোচ্য গ্রন্থে সর্ব সংযত ভাষার, স্থীজ্ববাব্র মধুর লেখনীমুখে ফুটিয়া উঠিয়াছে। বারাস্তরে স্থীজ্ববাব্র রচনাসৌন্দর্য সম্বন্ধে কয়েকটি কথা বলিবার ইছে। বহিল।

শ্ৰীসতীশচন্দ্ৰ বাগচি, বি, এ (ক্যাণ্টাৰ্), এল, এল, ডি ডোব্লিন)

চরিত-চিত্র।

পণ্ডিত শিবনাথ শাস্ত্রী

હ

বাক্ষসমাজ

আধুনিক ভারতবর্ষের শিক্ষা ও সাধনা ব্রাহ্মসমাজের নিকটে অশেষপ্রকারে ঋণী। আমরা এ ঋণ অস্বীকার করিলেও, ইতিহাস কথনও তাহা ভূলিয়া থাকিবে না।

আমরা আজ যাহাকে ব্রাহ্মধর্ম বলিয়া জানি, দেশের লোকে তাহা এপর্যান্ত গ্রহণ করে নাই; কথনও বে করিবে, ইহা কল্পনা করাও অসম্ভব। কিন্তু এই ধর্মের হাওয়াটা দেশের সকল সম্প্রদায়ের উপরেই স্বরবিস্তর পড়িয়াছে এবং ইহার সাধারণ ভাবগুলি । অনেকেই অজ্ঞাতদারে আত্মদাৎ করিয়াছেন ও করিতেছেন, এ কথাই কি অঙ্গীকার করা সম্ভব ? বাক্ষদমান্ত পর্যান্ত যে তবং সিদ্ধান্তের উপরে আপনার ধর্মবিশাসকে গড়িয়া তুলিতে চেষ্টা করিয়াছেন, সে নিদ্ধান্ত দেশের ধর্মচিস্তায় এখনও কোনও স্থান পায় নাই; কখনও যে পাইবে, তারও কোনও স্ভাবনা নাই। এ দেশে এবং অগ্

দেশে এক সময়ে যাঁরী এই যুক্তিবাদী দিদ্ধান্ত অবলম্বন করিয়াছিলেন, তাঁহারাই ক্রমে সে দিদ্ধান্তের অপূর্ণতা ও অসক্ষতি দেখিয়া, ভারাকে বর্জ্জন করিতে**ছেন।** কিন্তু এই দিদ্ধান্তের প্রতিষ্ঠা করিতে ঘাইয়া ব্রাহ্মদমাঞ বে যুক্তিমার্গ আশ্রম করেন, ভাহার প্রভাবে দেশের প্রাচীন ও প্রচলিত ধর্মবিশাস ও ধর্মদাধন যে বছল পরিমাণে যুক্তিপ্রতিষ্ঠ ও অর্থসম্পন্ন হইয়া উঠিয়াছে, ইহাও সত্য। বাক্ষসমাজ যে আদর্শে ও যে ভাবে আমাদের প্রাচীন সমাজের সংস্থারসাধনে প্রবৃত্ত হন, দেশের লোকে সর্বতোভাবে তাহা অঙ্গীকার করা দুরে থাকুক, বরং প্রত্যক্ষভাবে তাহাকে প্রত্যাধ্যানই করিয়াছেন। কিন্ত বাহ্ম-সমাজের সমাজ-সংস্থারচেপ্লার প্ৰোক্ষ প্রভাবেই যে আজ ভারতের, বিশেষতঃ বাংগা **(मर्भन्न, श्क्लूममाञ्च नाना मिरक छेमात्र छ** ্উন্নতিমুৰী হইয়া উঠিতেছে, ইহাই বা শ্বীকার করা যায় কি ?

আর ব্রাহ্মসমাজ আমাদের বর্ত্তমান
সমাজবিবর্ত্তনে একটা শ্নাতাকে পূর্ণ
করিয়াই, আপাতত: এরূপ নিক্ষণতা লাভ
করিয়াও কলত: দেশের ধর্মকর্মের উপরে
এতটা প্রভাব বিস্তার করিতে পারিয়াছেন।
ব্রাহ্মধর্ম বতই কেন বিদেশীয় ভাবাপয় হউক
না, ইহা বৈ ভারতবর্ষের বিশাল হিন্দুসমাজের উপরে উড়িয়া আসিয়া ভূড়িয়া বসে
নাই, কিছ তাহার বর্ত্তমান সামাজিক
বিবর্ত্তনের ধারাটীকে আগ্রয় করিয়া ভিতর
ইইতেই ফুটিয়া উঠিয়াছে, ইহা মানিতেই
ইইবে।

সমাজ-বিবর্ত্তনের ক্রম

এই দামাজিক বিবৰ্ত্তনের গতিটা দোজা নয়, কিন্তু বাঁকা। সে বাঁকাও একটু অন্তুত রক্ষের। ইংরেজিতে ইহাকে স্পাইর্যাল (spiral) বলে। আমাদের ভাষায় ইহার কোনও প্রতিশব্দ আছে বলিয়া মনে পড়ে না। কোনও গোকা খুঁটর গারে গোড়া হইতে আগা পর্যান্ত, থানিকটা করিয়া ব্যবধান রাখিয়া, যদি একখানা কাপড় বা একটা রজ্জু জড়াইয়া দেওয়া হয়, তবে এই কাপড়ের বা রজ্জ্র পতি যেরূপ হইবে, সমাজ-বিবর্ত্তনের গতিও দেইত্রপ। এইরূপ বক্রগতিকেই ইংরেজিতে স্পাইর্যাল-গতি বলে। এ গতি একটানা কেবল উপরের দিকে চলে না। একটু উপয়ে উঠিয়া আবার একটু নীচে নামিয়া আইদে। কিন্তু এইরূপে নিয়াভি-मुथी इहेबाछ, आरंग युक्ता नीति हिन, कमानि তভটা নীচে আর যায় না। বরং নীচে नामित्व याहेबा अ नर्सनाहे आत्रा यखढा छ त्क ছিল, প্রত্যেক স্থানেই তার চাইতে উপরে থাকে। আর এরই জ্বল্ল মোটের উপরে এই গতি দর্বলাই উর্দ্ধুখী হইয়া পরিণামে চরম উন্নতি লাভ করে। সমাঞ্চবিবর্ত্তনের ধারাও ঠিক এইরূপ।

সমাজ এই বক্রগতিতে চলিয়া, এক একবার নামিয়া আসিয়া আবার উপরে উঠিতে ভিনটা অবস্থার ভিতর দিয়া যায়। আধুনিক সমাজতত্ত্বিদ্ পণ্ডিতেরা ইহার প্রথম অবস্থাকে ইংরেজিতে homogeneityর বা নির্ক্ষিণেয-একাকারত্বের অবস্থা বলেন। ভিতীয় অবস্থাকে differentiationএর বা বিশিষ্ট বছ্ডের ও পার্থক্যের অবস্থা বলেন। তৃতীয় অবস্থাকে integration এর বা মিলনের, সামঞ্জন্তের, একছের অবস্থা বলিরা থাকেন। এই কথা তিনটা জীবজগতের বিবর্ত্তনের ইতিহাস হইতেই মূলে গৃহীত ইয়াছে। সামাজিক বিবর্ত্তনে এই অবস্থা-গুলির অক্তরূপ নাম হওয়াই বাঞ্চনীয়। আমাদের শান্ত্রীয় পরিভাষা ব্যবহার করিলে, বিবর্ত্তনের প্রথম পাদ বা প্রথম অবস্থাকে তামসিক, মধ্যমপাদ বা মধ্যের অবস্থাকে রাজসিক এবং শেষের পাদকে বা অবস্থাকে সান্ধিক বলাই সক্ষত হইবে। আমাদের পৌরাণিকী কাহিনীর স্পৃষ্টিপ্রকরণে এই বিবর্ত্তন-ক্রমটীই ব্যক্ত হইরাছে।

সৃষ্টির আদি অবস্থা নির্বিশেষ-একা-কারত্বেরই অবস্থা। ইংরেজিতে ইহাকে স্বচ্ছনেই homogeneityর অবস্থা বলা পৌরাণিকী যাইতে পারে। আমাদের काहिनी निथिल विरयंत्र वीक्क्क्रिशी, अश्कीकृत्र-পঞ্চমহাভূতাত্মক অভ্নধ্যে ব্রহ্মাণ্ডের বিবর্তন-শক্তিকে প্রতিষ্ঠিত করিয়াছেন। অণ্ড-বস্তর লকণ নির্বিশেষত্ব ও একাকারত। কারণারি-মধ্যে, এই অপঞ্চীকৃত পঞ্চমহাভূতাত্মক অণ্ডের ভিতরে, স্ষ্টির পুর্বে, হিরণাগর্ভ বা মহাবিষ্ণু ষোগনিদ্রাভিত্ত হইয়া থাকেন। দর্শন এই তত্তকেই অব্যক্ত বা প্রকৃতি বলিয়া-ছেন। এই ভবে সব, রজঃ, তমঃ এই গুণত্রম সাম্যাবস্থাম বিরাজ করে। ত্রিগুণের এই সাম্যাবস্থাই বিশ্ববিবর্তনে, স্টিপ্রকরণে, homogeneity ? এই অবস্থা। ভাঙ্গিবা মাত্ৰই মহাবিষ্ণুর যোগনিদ্রাও ভালিয়া যায় এবং নির্বিশেষ-একাকারত্ব **ब्हेरफ क्रां**स, ब्र**ब**: शांधानारक्ष्र, निवास छ বহু-মাকারসম্পন বিশাল ও বিচিত্র ব্রহ্মাণ্ডের প্রকাশ স্থারম্ভ হয়। ইহাই differentia. tion এর বা ভেদ-প্রতিষ্ঠার অবস্থা। ভেদ. মাত্রেই বিরোধাত্মক, আর বিরোধমাত্তেট উপায়পর্যায়ভুক্ত; ভাহার নিজস্ব কোনও লক্ষ্য বা উদ্দেশ্য নাই। বিরোধ আপনাকে বিনাশ করিয়াই আপনার সার্থকতা লাভ করে। স্বতরাং এই বিরোধের বা differentiation এর অবস্থা কদাপি স্থায়ী হইতে পারে না। ভেদের ভিতর দিয়া আভেদের প্রতিষ্ঠা হইণেই ভবে সে ভেদ আপনার সার্থকতা লাভ করে। এইজন্ত differentiation এব integration **इ**टेर्न्ड ब्रहेरव । এই integration একত্বের, অভেদের, কিম্বা অচিস্ত্যভেদাভেদাত্মক মহানৃ একের প্রতিষ্ঠা করে; এবং এই একত্বে বা integrationa বিবর্ত্তন-প্রণালী পূৰ্বা र्ग। Homogeneity, differentiation, integration — বিবর্ত্তনক্রিয়ার এই তিন পাদের প্রথম পাদে তমোগুণের, দ্বিতীয় পাদে রজোগুণের, তৃতীয় পাদে সত্ত্তণের প্রাধান্য হইয়া থাকে।

এই ত্রিপাদকে আশ্রয় করিয়াই জনসমাধ্র নিয়ত বিবর্ত্তিত হইতেছে। কিন্তু সমাধ্র-বিবর্ত্তনের এই ত্রিপাদচক্র যে সমাজ-জীবনের আদি হইতে শেষ শর্যান্ত, কেবল এক্রার মাত্র ঘুরিয়া আইদে, তাহা নয়। সমাজবিবর্ত্তনের গতি কথনও কোথাও থামিয়া যায় না। সমাজ নিয়ভই বিবর্ত্তিত হইতেছে। স্ক্রয়াঃ এই ত্রিপাদচক্রও নিয়ত ঘুরিতেছে। তমঃ রজঃ যত্ত এই তিনগুণ, প্রত্যেক সমাজের জীবনে, একের পর অনেয়, বারসার প্রবল

চ্ট্রা, এই ত্রিপাদ চক্রের গতিবেগ রক্ষা করিতেছে। যুগে যুগে একবার করিয়া এই ল্লান্তমকে আশ্রম করিয়া এই ত্রিপাদচক্র ঘরিয়া আদিতেছে। প্রত্যেক যুগের আদিতে সমাজ ঘোরতর তামসিকতার দ্বারা আচ্চন্ন শ্রেষ্ঠতম পড়ে। পূর্বতন যুগের হইয়া দাল্বিকতা, কালবশে, শাস্ত্রে ও সংস্থারে, আচারে ও অফুটানে আবদ্ধ হইয়া ক্রমে গভারুগতিকভা প্রাপ্ত হয় । সমাজের ধর্মকর্ম मकनहे ज्थन প্রতিষ্ঠানবদ্ধ হইয়া প্রাণহীন ও অর্থশূন্য হইয়া পড়ে। সমাজ তথন জড়ত্ব প্রাপ্ত হইয়া, জডগতিমাত্র লাভ এই জডত্ব-তমেরই ধর্ম। এ অবস্থা তামনিক homogeneityরই অবস্থা। আবার সমাজমধ্যে রজোগুণ জাগিয়া উঠিতে আরম্ভ করে। এই রঞ্জ: প্রাবল্য নিবন্ধন অসাড সমাজদেহে ভেদবিরোধের সৃষ্টি হইয়া. নৃতন শক্তির সঞ্চার হয়। ইহাই রাজসিক defferentiation এর অবস্থা। भव्छन প্রবল হইয়া এই ভেদবিরোধের উপশম ও ["]শাস্তি হইতে আরম্ভ করে। অভিন ব সমাজ তথন **সামঞ্জ**ন্মের সঙ্গতির সাহায়ে পুর্বতন যুগের শ্রেষ্ঠতম আদর্শ ও অবস্থাকে ছাড়াইয়া আরো উপরে উঠিয়া যায়। এইরূপে বক্রভাবে, স্পাইর্যান (spiral) গতিতে সমাজ ক্রমে উন্নতির অভিমুখে অগ্রসর হয়।

> আধুনিক ভারতের সামাজিক বিবর্তনে ভাক্ষদমাজের স্থান

বর্ত্তমান ধুগের প্রারম্ভে, সমগ্র ভারত-সমাজ অগাধ অবসাদে নিমগ্র ছিল। ধর্ম প্রাণহীন, অমুষ্ঠান অর্থহীন, প্রকৃতিপুঞ্জ জ্ঞান-

হীন, সমাজ আত্মতিতক্সহীন হইয়া প্রিয়াছিল। ঘোরতর তামদিকতা শ্রেষ্ঠতম সান্ত্রিকতার ভাণ করিয়া, ভীতিকে শম, নিব্বীর্যাতাকে দম, :নিজালগুসম্ভুত নিশ্চেষ্টভাকে নির্ভর বলিয়া আলিক্স করিতেছিল। সমাজের এই হোৱতর ভামসি কভাচ্চর व्यवस्था देश्यास्त्र भागन, श्रुष्टीयात्मव धर्म, যুরোপের সাধনা এক অভিনব আদর্শের প্রেরণা লইয়া আমাদের মধ্যে আসিয়া উপ-স্থিত হয়। এই নৃতন শক্তি-সংঘ**র্ষ** এই তামসিকতা অল্লে অল্লে নষ্ট হইয়া অভিনব রাজ্ঞদিকতা জাগিয়া উঠিতে আরম্ভ করে। এই বিচিত্র যুগদ**দি**কালে ব্রাহ্মদমাজের জন্ম হয়। যুরোপীয় সাধনার এই প্রবল রাজসিকভাকে আশ্রম করিয়াই বাক্ষদমাল. কর্মে, দর্ববিষয়ে খনেশী সমাজ বে ঘোরতর তামসিকতার ঘারা আছের হইয়া পড়িয়াছিল. প্রতিবাদী ধর্মের প্রবল আঘাতে তাহাকে ভাঙ্গিতে আরম্ভ করিয়া, আধুনিক ভারতের বিবর্ত্তনগতিকে homogeneity বা thesis এর অবস্থা হইতে differentiation বা antethesis এর অবস্থায় লইয়া যান। আর তিন জন প্রতিভাশালী পুরুষকে আশ্রয় করিয়া ব্রাহ্ম-সমাজ আধুনিক ভারতবর্ষের ধর্ম ও কর্মকে ঘোরতর তামসিকতা হইতে মুক্ত করিয়া, তাহার মধ্যে অভিনব রাজ্সিকভার সঞ্চার করিয়াছেন। প্রথম - মহর্ষি দেবেক্রনাথ ঠাকুর ; দিতীয়—ত্রন্ধানন্দ কেশবচন্দ্র সেন ; তৃতীয়—পণ্ডিত শিবনাথ শাস্ত্রী।

রাজবি রামমোহন ও মহবি দেবেক্রনাথ রাজা রামমোহন রামকেই লোকে ব্রাহ্ম-সমাজের প্রতিষ্ঠাতা বলিয়া গ্রহণ করে সতা;

কিন্তু তিনি বে ভাবে ব্ৰাহ্মসমান্তকে গড়িয়া তুলিতে চাহিয়াছিলেন, আর ব্রাহ্মসমাজে তাঁর পরবর্ত্তী নেতৃবর্গ বেভাবে ইহাকে গড়িয়া তুলিয়াছেন, তাহার মধ্যে আকাশ পাতাল প্রভেদ দাঁডাইয়া গিয়াছে। রাজা একান্ত-ভাবে শাল্পপ্রামাণা বর্জন করেন নাই। महर्षि (मरवस्त्रनाथ (वमरक , श्रामानामर्गामाज्ञेष्ट করিয়া শুদ্ধ ব্যক্তিগত বিচারবৃদ্ধির উপরেই <u>একান্তিকভাবে</u> সভ্যাসভ্য ও ধর্মাধর্ম-মীমাংসার ভার অর্পণ করেন। রাজা ধর্ম-माधरन (य श्वकृत्र अ এक है। विरमय श्वान चाहि, ইহা কথনও অন্বীকার করেন নাই। মহর্ষি দেবেজনাথ যেমন শান্ত সেইক্লপ গুরুকেও বৰ্জন করিয়া, প্রভাক্ষ আত্মশক্তিও অপ্রভাক বন্ধকপার উপরেই সাধনে যথাযোগ্য দিদ্ধি-লাভের সম্ভাবনাকে প্রতিষ্ঠিত করেন। রাজা কি ভত্তালে, কি সাধনালে, ধর্মের কোনও व्यक्तिः व्यक्तिमञ्ज मनाचन माधनात मरक আপনার ধর্মসংস্থারের প্রাণগত যোগ নষ্ট করেন নাই। মহর্ষি এক প্রকারের স্বাদেশিকতার रहेब्राउ, একান্ত অমুরাগী প্রকৃতপক্ষে এই যোগ বক্ষা করেন নাই এবং করিতে চেষ্টাও করেন নাই। রাজা বেদান্তের উপরেই আপনার তত্ত্বিদ্ধান্তের প্রতিষ্ঠা করেন। মহর্ষি প্রাকৃতপক্ষে অষ্টাদশপুষ্টশতাকীর মুরোপীয় যুক্তিবাদের উপরেট তাঁহার বাদ্ধধর্মকে গড়িয়া তুলেন। রাজা বেদাস্ত-প্রতিপাগ্য ধর্মকেই ,ব্রাহ্মধর্ম বলিয়া প্রচার মহর্ষি তাঁহার আপনার আত্মপ্রত্যয়-বা-সামু-ভূতি-প্ৰতিপান্ত ধৰ্মকেই ব্ৰাহ্মধৰ্ম বলিয়া প্রতিষ্ঠিত করেন। রাজা বৈদান্তিক হইলেও তাঁর পূর্বজন কোনও বৈদাস্থিক সিদ্ধান্তকেই

একান্তভাবে সভ্য বলিয়া গ্রহণ করেন নাই। কিন্তু শান্তাবলম্বনে বে সকল যুক্তি প্রমাণাদিকে আশ্রয় করিয়া, পূর্বতেন ঋষি ও মনীষিগণ আপন আপন সিদ্ধান্তের প্রতিষ্ঠা করিয়া, ছিলেন, রাজা রামমোহন সেই প্রাচীন গ্রায়-প্রার অনুসরণ করিয়াই, আধুনিক সময়ের উপযোগী এক সমীচিন বেদাস্ত্রসিদ্ধান্তের প্রতিষ্ঠা করিতে চেষ্টা করেন। ইহাতে সদেশের ধর্মের ধারাবাহিকতা অকুণ্ণ থাকিয়া যায়, অথচ পুরাতনের উপরেই, পুরাতনের সঙ্গে যুক্ত হইয়া, পুরাতনের শিক্ষা ও সাধনাকে সম্পূর্ণরূপে আয়ত্ত করিয়াই--দেশ-কালের উপযোগী নৃতন সিদ্ধান্তেরও প্রতিষ্ঠা হয়। ম**হর্ষি**ও পুরাতনকে কতকটা রক্ষা করিতে চাহিয়াছেন বটে, কিন্তু সে কেবল তাঁর অভিজাভ প্রকৃতির বলবতী রক্ষণশীলভার অনুরোধে। তিনি যে সিদ্ধান্তের প্রতিষ্ঠা করেন, ভাহার সঙ্গে তাঁর এই চেষ্টার কোনই অপরিহার্যা সম্বন্ধ ছিল না। মছবির ব্রাক্ষ-ধর্মগ্রন্থে কেবল উপনিষদের উপদেশই উদ্ভ ও ব্যাখাত হইয়াছে সভ্য; কিন্তু এ স্কল উদ্বৃত উপদেশের প্রামাণ্যমর্যাদা শ্রুতি-প্রতিষ্ঠিত নহে, মহর্ষির আপনার স্বামুভূতি-প্রতিষ্ঠিত মাত্র। উপনিষদের ধে সকল শ্রুতি মহর্ষির নিকটে সভ্য বলিয়া বোধ হইয়াছে. তিনি সেপ্তলিকেই বাছিয়া বাছিয়া আপনার বান্ধ্বর্যন্থে নিবদ্ধ করেন ;—খ্ষিরা কি সভ্য বলিয়া দেখিয়াছিলেন বা জানিয়াছিলেন, তাহার সন্ধান তিনি করেন নাই। কোনও শ্রুতির বা উত্তরার্দ্ধ, কোনওটার বা অপরার্দ্ধ, যার যতটুকু তাঁর নিজের মনোমত পাইয়াছেন, তাহাই কাটিয়া ছাঁটিয়া আপনার ব্রাহ্মধর্ম-

এছে গাঁথিয়া দিয়াছেন। অতএব মহর্বির্ বাক্ষধর্মগ্রন্থে বিস্তর শ্রুতি উদ্ধৃত হইলেও, ু গ্রন্থ তাঁর নিজের। ইহার মতামত তাঁর, পারীন ঋষিদিগের নহে। সংস্কৃত শ্লোক **देखांव ना করিয়া কেবল বাংলা ভাষায় এ** দকল মভামত লিপিবদ্ধ করিলেও, ভার যত-টুকু মর্য্যাদা থাকিত, উপনিষদের বুক্নী দেওয়াতে ইহা তদণেক্ষা বেশী মৰ্য্যাদা লাভ করে নাই। যুরোপীর যুক্তিবাদিগণের অগ্ত-ভম উপদেষ্টা মন্কিওর ডি কন্ওয়ের (Moncure D. Conway) সংক্লিভ শাস্ত্ৰ-সংগ্রহের বা Sacred Anthologyর যে পরিমাণ ও যে জাতীয় শাস্ত্রপ্রামাণ্য শাসমর্যাদা থাকা সম্ভব, মহর্ষির সংকলিত রাহ্মধর্মগ্রন্থের সে পরিমাণ্ড সেই জাতীয় শাস্ত্রপ্রামাণ্য এবং শাস্ত্রমর্ব্যাদাই আছে বা ণাকিতে পারে। তার বেশী নাই।

কিন্ত রাজা রামমোহন যে সমীচিন মীমাংসার সাহায্যে সনেশের প্রাতন সাধনার উপরেই নৃতন যুগের নৃতন সাধনাকে গড়িয়া তুলিতে চাহিরাছিলেন, সে মীমাংসা-প্রতিষ্ঠার অফু-কুল কাল তথনও উপস্থিত হয় নাই। লোকেয় মন তথনও তাহা গ্রহণ করিবার জ্য প্রস্তুত হয় নাই। ফলতঃ যে বিবেক জাগ্রত হইলে লোকের মনে প্রাতন ও প্রচলিতের প্রাণহীনতার জ্ঞান জ্মিয়া থাকে, এদেশে ,তথনও সে বিবেক জ্ঞাগে নাই। শাস্ত্র, সন্দেহ, বিচার, সমর্ম্ব, সক্ষতি—ইহাই মীমাংসার ক্রম। যতক্ষণ না শাস্ত্রে সন্দেহ জ্বনে, ততক্ষণ বিচারের অবসর ও মীমাংসার প্রয়োজনই উপস্থিত হয় না। রামমোহনের অবদাকসামান্ত প্রতিভা প্রাচীন ও প্রচলিতের

অসারতা ও ভ্রান্তি দেখিয়া ভাহার প্রতি সন্দিহান হইয়াছিল। তাই সেই সন্দেহ হইতে বিচার, সেই বিচারের ফলে তিনি নৃতন মীমাংসায উপনীত তন। কিন্তু দেখেব লোকের মনে তথনও এরূপ গভীর সন্দেহের উদয় হয় নাই; তাঁহাদের বিবেকও জাগে নাই। প্রাচীনকে লইয়াই তাঁরা তথনও সম্ভষ্ট ছিলেন। শাস্ত্র ও স্বাভিমতের মধ্যে তথনও কোনও প্রবল বিরোধ উৎপন্ন হয় নাই। দেশের লোকে শাস্ত্র কি, তাহা জানি-তেন না। জানিবার প্রয়োজন-বোধ পর্যান্ত তাঁহাদের জন্মায় নাহ। স্বতরাং রাজা যে মীমাংসার প্রতিষ্ঠা করিতে চেষ্টা করেন. তাহা বুঝিবার ও ধরিবার বাসনা এবং শক্তি ত্ৰ'শ্বেরই তথন একান্ত অভাব ছিল।

बाकाब मगरब रव मत्निह खार्श नाहे. মহবির সময়ে ভাহা জাগিয়া উঠিয়াছিল। জীবদশায় অষ্টাদশখুষ্টশতাকীর যুরোপীয় যুক্তিবাদ এদেশের শিক্ষিত সম্প্র-দায়ের চিত্তকে অভিভূত করিতে আরম্ভ করে নাই। প্রাচীন ও প্রচলিতের প্রতি রাজ্ঞার মনে যে সন্দেহের উদয় হইয়াচিল. তাহা মোহমুদীয় যুক্তিবাদেরই ফল, খুষ্টীয় হক্তিবাদের ফল নহে। ফরাসী বিপ্লবের চিন্তানায়কগণের সঙ্গে রাজার ওখনও কোনই পরিচয় হয় নাই। পাটনায় যাইয়া, পারসী ও আরবী পড়িয়া, মোহমদীয় তল্তের মোতা-काला मध्यनारमत युक्तिवातमत **निका**नीका লাভ করিয়াই, রাজা সর্ব্বপ্রথমে পৌরাণিক হিন্দুধর্ম্মের তথাকথিত পৌত্তলিকভার প্রতি-বাদ করিতে প্রবৃত্ত হন। কিন্তু মহর্ষি যে এই পৌত্তলিকতার বিক্লমে দণ্ডায়মান হন. তাহা ইংরেজি শিক্ষারই ফল। তাঁহার সময়ে মুরোপীর যুক্তিবাদের প্রভাবেই, আমাদের নব্য-শিক্ষিত সম্প্রদায়ের মধ্যেও দেশের প্রচলিত বিখাস ও সংস্কারাদি সম্বন্ধে প্রবল সন্দেহের উদয় হইয়াছিল।

শার যে বিচার বা criticismকে অব-লম্বন করিয়া দেখের ইংরেজি-শিক্ষিত সম্প্র-দায়ের প্রাণে এই সন্দেহের উৎপত্তি হয়, সেই বিচার বা criticismকে আশ্রয় করিয়াই মহযির ধর্মমীমাংসার এবং তম্ব-সিদ্ধান্তেরও প্রতিষ্ঠা হয়। এই বিচার বা criticism এর অষ্টাদশ-ও-উনবিংশ-খুষ্ট-শতাকীর মুরোপীয় যুক্তিবাদেরও প্রতিষ্ঠা হইয়াছিল। এই যুক্তিবাদ আগমের বা আপ্রবাক্যের প্রামাণ্য স্বীকার করে না। এই যুক্তিবাদের বিচার-পদ্ধতি প্রাক্তত বৃদ্ধির আশ্রমে, লৌকিক স্থাম্বের বা formal logic এর উপরেই প্রতিষ্ঠিত হয়। স্থতরাং এই মুরোপীয় যুক্তিবাদের প্রভাবে, আমাদের তদানীস্তন ইংরেজি-শিক্ষিত সম্প্র-দায়ের বিচার বা criticism's শাস্ত্রাপ্রয় বর্জন এবং সদগুরুর শিক্ষা ও সাহায়কে উপেকা করিয়া, লৌকিক গ্রায়ের প্রত্যক্ষ ও অমু-মানাদি প্রমাণকেই অবলম্বন করিয়া চলিতে আরম্ভ করে। এই বিচার একাস্তই প্রতাক্ষ-বাদী। আর প্রত্যক্ষ বলিতে ইহা কেবল-মাত্র ইন্দ্রিয়-প্রভাক্ষই বুঝিয়া থাকে। এই যুক্তিবাদের বা Rationalism এর দক্ষে জড়-বাদের বা Materialismএর সম্বন্ধ অতিশয় चित्र । এই बन्न युद्धारि युवन हे (युवान युक्तिवान ध्ववन हहेना छैठिनाएह, उथनहे সেখানে তার সঙ্গে সঙ্গে, এই জড়বাদ বা Materialism'ও প্রবৃশ হইয়াছে। য়ুরোপীয়

যুক্তিবাদ ও জড়বাদ উভয়ই "নাগুদন্তীতি-वानी।" এই युक्तिवाधनत উপরে ধর্মবস্তকে প্রতিষ্ঠিত করিতে ইইলে, মানুষের প্রতাক চক্ষু কর্ণাদির স্থায়, অপ্রত্যক্ষ অর্থচ বৃদ্ধিগমা একটা অতীক্রিয় বৃত্তির অন্তিম মানিয়া লইতে অষ্টাদশ ও উনবিংশ খুই শতানীর যুরোপীয় আন্তিক-মতাবলম্বী ধর্মসংস্কারকেরা তাহাই করিয়াছেন। তাঁরা মানুষের মধ্যে ধর্মবৃদ্ধি বা religious sense ব্লিয়া একটা অতীক্রিম বৃত্তির প্রতিষ্ঠা করিয়া, তাহারই উপরে ধর্মের প্রামাণ্যকে গডিয়া তুলিতে চেষ্টা করেন। এই ধর্ম্মবদ্ধি বা religious sense সভা অসভা স্কল मायायक्रे माथा चाहि। देश नार्वकनीन क সার্বভৌমিক। স্কুতরাং কোনও বাহ্ন কারণের বা অবস্থার যোগাযোগে ইহার উৎপত্তি হয় না বলিয়া, এই ধর্ম্মবৃদ্ধিটা দত্ত। আর ইহার একটা স্বতঃপ্রামাণ্যও আছে। এই ভাবেই যুরোপীয় যুক্তিবাদ ধর্মকে বাঁচাইয়া রাখিতে চেষ্টা করিয়াছে। মহর্ষিও ব্রাহ্মধর্মকে রক্ষা করিতে যাইয়া কতকটা এই পথ ধরিয়াই চলিয়াছিলেন। য়ুরোপীয় যুক্তিবাদী আন্তিক-সম্প্রদার যাহাকে ধর্মবৃদ্ধি বা religious sense বলিয়াছেন, মহর্ষি আপনার ধর্মমীমাংদায় তাহাকেই আত্মপ্রতায় নামে প্রতিষ্ঠিত করেন। এই আত্মপ্রত্যন্ন বস্তুতঃ আমাদের স্বামুভূতিরই নামান্তর মাত্র। শান্তাক্ত বেদান্ত যাহাকে আত্মপ্রভার বলিয়াছেন, মহর্ষির আত্মপ্রভার ঠিক দেই বস্তু নয়। অন্ততঃ তাঁহার প্রথম জীবনের শর্মনীমাংগা যাহাকে আত্মপ্রতায় বলিয়া ধরিয়াছিল, তাহা যে বেদাভোক্ত আত্মপ্রতায়, এমন সিদ্ধার

করা যায় না। আর শাস্ত্রগুরু বর্জন করিয়া
তক্ষ যুক্তিমার্গ অবলম্বন করিলে এই তথাক্থিত আত্মপ্রতায় বা বায়ুক্তিই সত্যের
ও প্রামাণ্যের একমাত্র আশ্রয় হইয়া দাঁড়ায়।
মংবিও এই স্থায়ুক্তিকে অবলম্বন করিয়াই,
ব্রাহ্মধ্যুকে পুনরায় জাগাইয়া তুলেন।

এদেশে তথন এরপভাবে লোকের স্বায়-ভৃতিকে জাগাইয়া তোলা অত্যস্ত আবিশ্রক ছিল। কেবল শাস্তাবলম্বনে ধর্মসাধন করিবে না, শাস্ত্রযুক্তি মিলাইয়া ধর্ম প্রতিষ্ঠা করিবে,— লোকে এই প্রাচীন ও সমীচিন উপদেশ তথন একেবারেই ভুলিয়া গিয়াছিল। শাস্ত্রজানও একরপ লোপ পাইয়াছিল। তাহা না হইলে মহর্ষি ষেভাবে চারিজন ব্রাহ্মণকে কাণীতে বেদ পডিবার জন্স পাঠাইয়া, তাঁহাদের সাক্ষ্যে বেদের প্রামাণ্য-মর্য্যাদা নষ্ট করেন, তাহা আদৌ সম্ভব হইত না। ইহারা কেবল ব্যাকরণের সাহায্যে বেদার্থ নির্ণয় করিতে গিয়াছিলেন, প্রাচীন মীমাংসার পথ অব-লম্বন করেন নাই। রাজা এই মীমাংসার পথ ধরিয়া শাস্তার্থ নির্দ্ধারণ করিতে চেষ্টা कतिशाहित्नन वित्रा, महर्षित छात्र उाँशांक ভ্রান্ত বলিয়া প্রাচীন শ্রুতিপ্রামাণ্য পরিত্যাগ করিতে:হয় নাই। প্রাকৃত জনে যে চক্ষে বেদকে দেখে, লোকসংগ্রহার্থে পণ্ডিভেরাও যে ভাবে বেদের অতিপ্রাক্ত মর্য্যাদা প্রতিষ্ঠার চেষ্টা করেন,—ভারতের প্রাচীন মীমাংসকগণ সেত্রপ করেন নাই। রাজা এ সকল কথা জানিতেন। স্থুতরাং তাঁহাকে মহর্ষির ন্যায় শাস্ত্রপ্রমাণ্য বর্জন করিতে হয় নাই। কিন্তু তথনও এ সকল প্রাচীন সিদ্ধান্তের প্নকদারের ও পুনঃ প্রতিষ্ঠার সময় হয় নাই।

দেশের লোক তথনও এ সমীচিন সিদ্ধান্ত গ্রহণ করিবার অধিকারী হয় নাই। সে সময়ে এ সকল সিদ্ধান্তের কথা বলিলেও, লোকে ভাল করিয়া তাথা বুঝিত না, অপচ না ব্ৰিয়াও তাহারই মধ্যে নিজেদের নিশ্চেষ্টতা ও তামদিকতার সমর্থন করিবার যুক্ত্যাভাস পাইয়া,সেই নিজীব, অবস্থাতেই পড়িয়া থাকিত। তথনকার প্রধান কর্ম ছিল, সত্য প্রতিষ্ঠা করা নয়, কিন্তু সংস্থার নাশ করা। সাধুমীমাংসা সম্গ্রশী। আর সম্গ্রশন মাতেই নিমাধিকারী লোকের পক্ষে কর্ম চেষ্টার আত্ম প্রতিষ্ঠার একান্ত অস্তরায় ছইয়া থাকে। যে 'পোঁ' এর ভিতর দিয়া রজোগুণ বর্দ্ধিত হইয়া প্রবল ত্যোগুণকে অভিভূত করিয়া থাকে, অসময়ে সম্যগ্রুষ্ট লাভ করিলে সে 'গোঁ' জনাইতে পারে না; স্থতরাং তামদিকতাও নষ্ট হয় না। স্বাধুনিক ভারতের নৃতন সাধনার প্রয়োজনেই রাজার **ज्य-मिकार्य रा मगाग्**नर्गत्नत প्रतिहत्र शहे. মহর্ষির প্রথম জীবনের ধর্মমীমাংদার সে সমাগ্রুষ্টি ফুটিয়া উঠে নাই; উঠিলে তাঁহার দারা বিধাতা যে কাজ করাইয়াছেন, ভাহার গুরুতর ব্যাঘাত উৎপন্ন হইত।

(मरवस्त्रमाथ ७ (कनवहस्त्र

রাজা রামমোহন প্রচলিত ক্রিয়াকাণ্ডের প্রতিবাদ করিয়াও, প্রক্বতপক্ষে একটা নৃতন ধর্ম্মের বা সম্প্রদায়ের প্রতিষ্ঠা করিতে ধান নাই। মহর্ষি দেবেক্সনাথই "ব্রহ্মসভার" ভজন-সাধনকে একটা স্বতন্ত্র ধর্ম্মরূপে গড়িতে আরম্ভ করেন। কিন্তু দেবেক্সনাথের কলিকাতা ব্রাহ্মসমাজে এই নৃতন ধর্ম্মের স্বাতন্ত্রা ও সাম্প্রদায়িক লক্ষণ যতটা পরিষ্কুট হয় নাই, কেশবচজের ভারতবর্ষীয় বাহ্ম সমাজে তদপেক্ষা অনেক বেণী স্কৃটিয়া উঠে।

দেবেক্সৰাথ শাস্ত্ৰঞ্জ বৰ্জন করিয়া. কেবলমাত্র স্বান্নভৃতিকে আশ্রয় করিয়াই আপনার ধর্মসিদ্ধান্ত ও ধর্মসাধনের প্রতিষ্ঠা করেন বটে, কিন্তু এই স্বামুভ্তিপ্রভিষ্ঠিত ধর্মকেই তিনি উপনিষদের শ্রুতির আশ্রয়ে স্থাপন করিতে যাইয়া, এক প্রকারের শাস্ত্র-এইজন্য ভাঁর প্রামাণ্ড প্রদান করেন। ব্ৰাহ্মধৰ্ম্মবস্তুটী যে একাস্তুই অভিনৰ স্বরচিত, ইহার যে, কোনই প্রাচীন ভিত্তি वा श्रीमानामधाना नाहे, लाटक हेहा महत्व ধরিতে পারে নাই। সে সময়ে দেশে শাস্তজান একরপ লোপ পাইয়াছিল। সাধারণ লোকের তো কথাই নাই, দেশের ব্রাহ্মণ-পণ্ডিতেরাও বেদবেদাস্তাদির কোনওই ধার ধারিতেন না। স্থতরাং আপনার ব্যক্তিগত বিচারবৃদ্ধিসভূত সিদ্ধান্তকে মহর্ষি যে অন্তত শ্রুতিমর্য্যাদা প্রদান করিতে চেষ্টা করেন, তাহার কৃত্তিমতা ও অশাস্ত্রীয়তা, দেশের লোকে একেবারেই বুঝিতে ও ধরিতে পারেন নাই। ফলত: প্রচলিত কর্মকাঞ্চ পরিচার করিয়াই, দেবেজনাথ সমাজচ্যত হইয়া-ছিলেন; নতুবা তাঁর বান্ধর্ম একান্তই অশাস্ত্রীয় ও অপ্রামাণ্য বলিয়া তাঁহার উপরে কোনওই নির্যাতন হয় নাই। বরঞ্চ তাঁর সিদ্ধান্ত ও সাধনকে উচ্চতর অধিকারের हिन्द्रभय विवत्नारे व्यानात्क मान कतिराजन।

প্রক্ষতপক্ষে ব্যক্তিত্বাভিমানী য়ুরোপীর বুক্তিবাদের উপরেই দেবেক্সনাথ তাঁর ব্রাদ্ধ-ধর্মকে প্রতিষ্ঠিত করেন। কিন্তু তাঁর সাধনা ও চরিত্রগুণে, তাঁর উপদিই ব্রাশ্ব-

ধর্মে এই ব্যক্তিষাভিশানী যুক্তিবাদের প্রভাব ভাল করিয়া ফুটিয়া উঠে নাই। দেবেন্দ্র-নাথের প্রকৃতির মধ্যেই একটা অতি প্রার্গ প্রভুরাভিমান বিদামান ছিল। তিনি বে সমাজে, যে পরিবারে, যেরূপ বিভবগৌংবের মধ্যে জন্ম গ্রহণ করেন ও যে সৌভাগের অঙ্কে লালিত পালিত হ'ন, তাহাতে এরপ প্রবল প্রভূত্বাভিমান যে তাঁর মধ্যে জনিবে. ইহা কিছুই বিচিত্র নছে। তার পর তিনি ষে ভাবে ব্রাহ্মসমাজে প্রবেশ করিয়া, তার मू मूर्य, तमरह नवकीवरनत मकात करतन धवः এক দিকে আপনার সাধনের ও অভাদিকে আপনার অর্থের দারা ধেরূপে ইহাকে লোক-সমাজে পুন: প্রতিষ্ঠিত করেন, তাহাতে এই বান্সসময়জ যে তাঁর একটা একতন্ত্রপ্রভূষের প্রতিষ্ঠা হইয়াছিল, ইহাও কিছুই আশ্চর্যা নছে। আর এই কারণে মহর্ষি আদিবান্ধ-সমাজে যে ধর্ম্মের ও সাধনের প্রতিষ্ঠা করিতে প্রবৃত্ত হন, তাহা যে একান্তই শাস্ত্রগুরুবর্জিত, এ ভাবট। বছদিন পর্য্যস্ত ধরা পড়ে নাই। প্রাচীন শাস্ত্র পরিত্যাগ করিয়া দেবেন্দ্রনাথ সঙ্গলিত "বান্ধর্ম''গ্রন্থক্রেই আপনার প্রামাণ্য শাস্ত্রের আসনে প্রতিষ্ঠিত করেন। প্রাচীন গুরু-আমুগত্য বর্জন করিয়া, দেবেল্র-नार्थत्र बाक्ष भिग्रमञ्ज्ञी, डाँशांटक हे नुउन গুরুরপে বরণ করেন। "সুতরাং প্রকৃত পক্ষে শাস্ত্রগুক্তবর্জিত, শুদ্ধ স্বামুভূতি-প্রভিষ্ঠিত হইয়াও, দেবেন্দ্রনাথের ব্রাহ্মধ^{র্ম্ম} বাহতঃ ও লোকতঃ গুরু ও শাস্ত্র উভগ্নেই প্রতিষ্ঠা হয়। আর এই জন্ত অদেশের ধর্মের সঙ্গে সাধন ও সংস্কারাদি বিষয়ে ইহার বিভর পাৰ্থক্য দাঁড়াইলেও, ভাবগত কোনও প্ৰবন

বিরোধ উৎপন্ন হয় নাই। কলিকাতা ব্রাহ্ম-সমাজ সর্বাদা আপেনার তত্ত্বসিদ্ধান্ত ও ধর্ম-সাধনকে উচ্চতর ও বিশুদ্ধান্ত্র বিলয়াই প্রচার করিয়াছেন। দেশের লোকেও ভাহাদের এই দাবীর একান্ত প্রতিবাদ কবেন নাই।

কিন্ত এইরপে কলিকাতা ব্রাহ্মদমাজ যে পথ ধরিয়া আপনাদের ধর্মাগাধনে গুরু ও শাস্ত্রের প্রতিষ্ঠা করিতে গেলেন, সে পথে, এদেশে, কথনও এ বস্তু মিলে নাই। আমাদের সাধনার শাস্ত্রগুরু-আনুগত্যের একটা নিগুড় মহর্বি আচে. দেবেক্সনাথের দক্ষেত কলিকাতা ব্ৰাহ্মসমাজ সে সঙ্গেতটী লাভ করেল নাই। গুরু স্বয়ং গুরু-আমুগতা খীকার ও শাস্ত্র আপনি পুরাতন শাস্ত্রে আবদ্ধ আধাত্মিক অভিজ্ঞতার আশ্রয় গ্রহণ করিয়াই আপনাদিগকে প্রতিষ্ঠিত করেন। আমাদের গুরু ও শাস্ত্র কিম্বা গুরুপদেশ, হু'এর কেহই । মং-বৃত ও স্বপ্রতিষ্ঠ নহেন। পুর্বভন গুরুপরম্পরা ও সনাতন শাস্ত্রধারার সঙ্গে ইহাদের একটা গভীর ও অঙ্গাঙ্গী যোগ দর্বদাই রক্ষিত হয়। মংর্ঘির প্রাক্ষামাজে এ যোগ থাকে নাই। আর এইরূপ স্বয়ং-রত শুরুর বা মনগড়া শাস্ত্রের মর্যাদা কদাপি কোথাও স্থায়িত্ব লাভ করিতে পারে না। (यथात्नहे এक्रभ खक्र-माद्युत एष्टि वहेब्राट्ड, দেই খাঁনেই ক্রমে বিদ্রোহীদলের উৎপত্তি रहेगा, मल्यानीयरक गंडधा विष्ठित कतियारह ! রোমক-খুষ্টীর 'সজ্বের প্রামাণ্য একদিকে প্রাতন শাস্ত্রধারার ও অন্তদিকে প্রাগত শুরুপারম্পর্যোদ্ধ উপরে প্রভিষ্ঠিত বলিয়া, সেখানে ধর্মত লট্মা দলাদলির প্রকোপও

অত্যন্ত কম। প্রোটেষ্ট্রাণ্ট্র্যুষ্টার সভেয শাস্ত্র আছে, কিন্তু গুৰুপরম্পরার ব্যাখ্যাকে অবলম্বন করিয়া শাস্ত্রধারার স্পৃষ্টি হয় নাই; এখানে প্রত্যেকে আপনার বিচার ও বৃদ্ধি, খুদি ও থেয়াল মত শাস্ত্রের ব্যাখ্যা করিছে পারেন। चछ निरक (आ छिंहानि शृष्टी श्रम छ नौ মধ্যে গুরুপরম্পরারও প্রতিষ্ঠা হয় নাই। আর এই হুই কারণে প্রোটেষ্ট্যান্ট সভ্য এই পাঁচশত বংসরের মধ্যে অসংখ্য বিরোধী দলে বিভক্ত হইয়াছে, আর প্রতিদিনই নৃতন न्जन প্রতিবাদী সম্প্রদায়ের সৃষ্টি হইয়া. ইহাকে আরো চিন্ন বিভিন্ন ক বিষা তুলিতেছে। আমাদের ব্রাহ্মনমাঞ্চেও, মূলতঃ এই একই কারণে, মৃষ্টিমেয় লোকের মধ্যেই, পঞ্চাশৎ বৎদর যাইতে না যাইতে তিনটা मरलात रुष्टि हरेग्रारह।

মংষি দেবেক্দনাথ যে পথ ধরিয়া প্রাচীন শাস্ত্রগুরু বর্জন করিয়া, আপনার ব্রাহ্মসমাজে নুতন গুরু ও শাম্বের প্রতিষ্ঠা করিতে গেলেন, সেপথে এ বস্তু পাওয়া যায় না। তিনি আপনার বিচারবৃদ্ধি বা তথাকথিত আত্ম-প্রভাষকে যভটা প্রামাণ্য-মর্যাাদা প্রদান করিতে লাগিলেন, অপর ত্রাহ্মদিগের বিচার-বৃদ্ধির প্রতি দেইক্লপ মর্যাদা প্রদর্শন করিতে পারিলেন না। পারিলে, তাঁর নিজের গুরু-পদ-গৌরব ও তাঁর সঙ্গণিত 'ব্রাহ্মধর্মগ্রাছের" শাস্ত্রপ্রামাণ্য, তিনি ছ'এর কিছুরই দাবী করিতে পারিতেন না। কিন্তু মহষি যে ব্যক্তি-ত্বাভিমানী যুক্তিবাদের (Individualistic Rationalism) উপরে আপনার বান্ধ-ধর্মকে প্রভিষ্ঠিত করেন, তার অপরিহার্য্য প্রিণামকে অকুতোভয়ে গ্রহণ

পারেন নাই বলিয়াই, কলিকাতা ব্রাহ্মসমাঞ তিনি আপনার অসমত একতম্বপ্রভূপ রকা করিতে যাইয়া আপনার শিষ্যগণের মধ্যে একটা প্রবল প্রতিবাদ জাগাইয়া তুলিলেন। যে বাকিতাভিমানী সংজ্ঞান বা Conscienceকে আশ্রয় করিয়া, দেবেক্সনাথ প্রাচীন ও পুরাগত শাস্তগুরু বর্জন করিলেন. সেই ব্যক্তিমানী সংজ্ঞানের ম্যাদা রকা করিবার জন্মই, কেশবচন্দ্র প্রভৃতি ব্রান্ধ-সমালের যুবকদল, তাঁহার একতন্ত্র আধি-পত্যের বিরুদ্ধে দণ্ডায়মান হইয়া, ব্রাহ্মসমাজে এক নৃতন বিজোহীদলের স্ষ্টি করেন। এ ৰুগতে প্ৰত্যেক বস্তু তার অমুরূপ বস্তুকেই উৎপাদন করিয়া থাকে। অদেশের শাস্তপ্তকর বিরুদ্ধে দেবেন্দ্রনাথের দ্রোহিতা, আপনার কর্মবশেই, তাঁহার নিজের সমাজে, আপনার শিষাগণের ভিতরে, এই নৃতন দ্রোহীদলের ু সৃষ্টি করিল। এই নুতন ব্রাহ্মদমাজ, কেশব-চক্রের নেতৃত্বাধীনে, এমন পথ ধরিয়া চলিতে শাগিল, যাহাতে স্বদেশের শাস্ত্র ও সাধনার मरक (मरवस्ताच (य विद्राध जागारेशाहित्नन. সেই বিরোধই আরো বেশী বিশদ ও তীত্র रहेशा छेत्रिन।

মহর্ষি এবং কেশবচন্দ্র উভয়েই যুরোণীর
যুক্তিবাদের দ্বারা অভ্যন্ত অভিভূত হইয়াছেলেন। উভয়েই প্রকৃতপক্ষে সারসংগ্রহবাদী ছিলেন। এই শ্রেণীর দার্শনিকদিগকে ইংরেজিতে Eclectic বলে। কিন্ত
মহর্ষির যুক্তিবাদ যতটা সংযত ও সারসংগ্রহবাদ যে পরিমাণ স্বাদেশিক ছিল, কেশবচল্লের
যুক্তিবাদ ততটা সংযত ও তাঁর সারসংগ্রহবাদ
বা Eclecticism সে পরিমাণ স্বাদেশিক

রহে ন।ই। মংর্ষি আপেনার বিচারবৃদ্ধিকে সভার একমাত্র ও অন্যপ্রতিযোগী প্রামাল: ক্লপে প্রতিষ্ঠিত করিয়া, সেই বিচারবৃদ্ধির সাহাযো স্বদেশের প্রাচীন শ্রুতি হইতে আপনার মনোমত দিদ্ধান্ত ও উপদেশাদি উদ্ধার করিয়া, তাহাকেই ব্রাহ্মধর্ম্মের শাস্ত বলিয়া প্রচার করেন। কেশবচন্দ্র এই পথে যাইয়াই, জগতের সমুদায় ধর্মসাহিত্য হইতে সার সংগ্রহ করিয়া, এই শ্লোকসংগ্রহকেই ব্রাহ্মধর্মের উদার ঐতিহাসিক ভিত্তিরূপে প্রতিষ্ঠিত করেন। যুরোপীয় যুক্তিবাদের মধ্যে একটা উদার বিশ্বজনীন ভাব আছে। মহর্ষির ব্রাহ্মসিদ্ধান্তে বা ব্রহ্মসাধনে এই বিশ্বজনীৰতা রক্ষিত হয় নাই। কেশবচন্দ্রের দিদ্ধান্তে ও সাধনায় ইহা খুবই ফুটিয়া উঠে। এইজ্বত বুক্তিবাদের নিক্তিতে ওজন করিলে, কেশবচন্দ্রের ভারতব্যীয় ব্রাহ্মসমাজের মত. निकाल, नाधनानि, नकलहे महर्षित मठ, সিদ্ধান্ত ও সাধন অপেকা শ্রেষ্ঠতর হইয়া উঠে। কলিকাতা ব্রাহ্মদমাজে মহর্ষির একতন্ত্রপ্রভূত্বের প্রতিবাদ করিতে ঘাইয়াই ভারতবর্ষীয় ব্রাশ্ব-সমাজের জন্ম হয়। এইজনা এই নৃতন সমাজকে প্রথমে গণতন্ত্রতার আদর্শে গড়িয়া তুলিবার কতকটা চেষ্টাও হইয়াছিল। ইহার ফলে মহর্ষির সমাজে ব্রাহ্মদাধারণের ব্যক্তিখা ভিমানী 'সহজবুদ্ধি'র বা Intuitionএম যভটা প্রভাব ফুটিয়া উঠিবার অবসঁর পায় নাই, কেশবচক্রের ভারতব্যীয় ত্রাক্ষদমান্তে, প্রথম প্রথম ভাহা ভদপেক্ষা অনেক বেশি পরিকৃট হইয়া উঠে। মহর্ষির উপদেশে ও সাধনে একটা हिन्दुভাব সর্বাদাই জাগিয়া ছিল। এই কারণে কলিকাতা ভ্রাহ্মসমাঞ্রের

ব্রাহ্মগণমধ্যে একটা বিনয়, একটা শ্রহা ও এक्টा मःयरभत्र अञाव अमर्त्वनारे पृष्टे रहे । এই নিনয়, শ্রদ্ধা ও সংষম হিন্দুর প্রাকৃতি-গত বস্তা কিন্তু প্রোটেষ্ট্রাণ্ট্রখুষ্টার দাধনা বা Conscienceক ব্যক্তিগত সংজ্ঞান বাডাইতে যাইয়া, ধর্ম্মের এই বস্তু গুলিকে অনেকটা নষ্ট করিয়া ফেলিয়াছে। কেশবচক্র প্রথম যৌবনে এই খুষ্ঠীয় ভাবের দারা অত্যস্ত অভিভূত হইয়া পড়িয়াছিলেন। তাঁর শিক্ষাণীকাতে ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজেও বা**ক্রিগত** সংজ্ঞান at Conscience as ভাবটা নির্তিশয় প্রবল হইয়া. বিনয়, সংঘম ও শ্রদ্ধা বস্তুকে এক প্রাকার নষ্ট করিয়া ফেলে। এই বাকিড়াভিমানী সংজ্ঞানের প্রাধান্ত আধুনিক যুরোপীয় যুক্তি-বাদী ধর্মসকলের প্রধান লক্ষণ। लक्ष्मा कांग्र हरेगा, बामाराव बाक्षममार्छ छ, কেশবচন্দ্রের নেতৃত্বাধীনে যুক্তিবাদী ধর্ম্মর यक्रभी यं हो। कृषिया छेट्ठ, महर्षित्र संशीत, তার কলিকাতা বাহ্মদমাজে, ততটা ফুটিয়া উঠিতে পারে নাই। কেশবচন্দ্রের শিষাগণ জী নের সকল বিভাগে, তত্ত্বসিদ্ধান্তে, ধর্ম-'সাধনে, পারিবারিক ও সামাজিক জীবনে, সর্বত্র, এই ব্যক্তিম্বাভিমানী সংজ্ঞানের ' অনমপ্রতিযোগী প্রাধান্ত প্রতিফলিত করিতে गारेमा, आधुनिक ভারত-मुभाख मश्रीं (मरवक्त-নাথ ধর্মীমাংদায় ও ধর্মদাধনে যে রাজদিক ভাব জাগাইয়াছিলেন, তাহাকে আরো প্রবল করিয়া তুলিতে লাগিলেন। (मरवक्तनाथ आभारतत वर्त्वमान मामाजिक विवर्त्तर त्य antithesis এর প্রতিষ্ঠা করেন, কেশবচন্দ্র তাহাকেই আরো বিশদ ও তীত্র করিয়া তুলিলেন।

দেবেলুনাথ, কেশবচন্দ্র ও শিবনাথ

কলিকাতা ব্ৰাহ্মসমাজে মহর্ষি দেবেক্স-নাথের যে স্থান ছিল: তার পরে, ভারত-ব্যীয় ব্ৰাহ্মগমাজে কেশবচন্দ্ৰ যে স্থান অধিকার করেন: তৎপরবর্তী সাধারণ ব্রাহ্মসমাজে পণ্ডিত শিবনাণ শান্ত্ৰী দেই স্থানই প্ৰাপ্ত হ'ন। ইঁহারা তিন জনেই, একের পর অন্তে, ব্রাহ্ম-স্থাজ্বে ধর্ম ও কর্মকে এবং ব্রাহ্মসমাজের विद्या (बायत हेशतकि शिकाशाश्र সম্প্রদায়ের চিন্তা ও ভারকে শ্বর বিষ্ণব ফুটাইয়া তুলিয়াছেন। কেশবচন্দ্রের অলোকিক বাগ্মিপ্রতিভা-গুণে তাঁহার প্রথম জীবনের উদার শিক্ষা-দীক্ষার ভিতর দিয়াই, ব্রাক্ষ-সমাজের এ ভার দেশের শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে বিশেষভাবে ছড়।ইয়া পড়ে। আধুনিক ভারতবর্ষের জ্ঞান ও কর্ম্বের বিকাশ সাধনে কেশবচন্দ্র যে পরিমাণে সাহায্য করিয়াছেন. দেবেলুনাথ বা শিবনাথ ই হাদের কেচ্ছ সে পরিমাণে সাহায্য করেন নাই। কিন্ত ইহা সত্তেও ব্রাহ্মসমাজের ইতিহাসে যেমন মহর্ষির এবং কেশবচন্দ্রের, সেইরূপ পণ্ডিত শিবনাথ শাস্ত্রীর নামও স্মর্ণীয় হইয়া থাকিবে। শিব-নাথ শাস্ত্রী কিছুতেই মহর্ষির সাধননিষ্ঠা এবং কেশবচন্দ্রের দৈবীপ্রতিভার দাবী করিতে পারেন না. সতা। কিন্তু অনা দিকে যে সকল বাহিরের অবস্থার ও ঘটনার শুভ্যোগাযোগ বাতীত কি মৃহ্ধি কি কেশবচল্ৰ ই হাদের কেংই ব্রাহ্মদমাঞ্চে এবং ব্রাহ্মদমাঞ্চের ভিতর निया यरमर्भत वृङ्ख्य कर्मभीवरन । धर्मभीवरन কথনই কোনও প্রভাব এবং প্রতিপত্তি লাভ করিতে পারিতেন না, শিবনাথ শাস্ত্রীর জীবনে দে সকল যোগাযোগ ও ঘটে নাই।

(मरवक्षनाथ श्रिक्म दात्रकानारथत श्रृ । পিতৃবিয়োগের পরে কিছুকাল দেবেক্সনাথ অপেকারত দারিদ্যের ভিতরে পডিয়াছিলেন সভা; কিন্তু তাঁহার সংযম ও স্ততাগুণে কালক্রমে পৈতৃক জ্বিদারী ঋণ্মুক্ত হইলে পুনরায় কলিকাতার ধনিসমাজের ষ্মগ্রনীদলভুক্ত হইয়া উঠেন এবং তথন হইতে তাঁহার অর্থেই ব্রাহ্মদমাজের যাবতীয় বায় নির্বাহ হইতে আরম্ভ করে। তত্তবোধিনী পত্তিকাই সে সময়ে গ্রাহ্মসমাজের একমাত্র ছিল। ভত্তবোধিনী পত্তি কার ম**খ**পত্ৰ সাহাযোই ব্রাহ্মদমাজের তদানীস্তন মত ও আদর্শ এদেশের শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে প্রচারিত হয়। বাংলা সাহিত্যের এবং আধুনিক বাঙালী সমাজের সাধনার ইতিহাসে তত্তবোধিনী অক্ষয়কীর্ত্তি অর্জ্জন করিয়াছেন। এই তত্ত্বে।ধিনী মহর্ষির অর্থেই স্থাপিত ও পরিপুষ্ট হয়। তত্ত্বোধিনীর সম্পাদক ও সহকারী সম্পাদকগণ, বাক্ষদমাজের উপাচার্য্য ও কর্মচারিগণ সকলেই তথন মহর্ষির অর্থামু-কুলো ব্রাহ্মণমাজের বেডনভোগী বা বুত্তি-ভোণী হইয়াছিলেন। এই ধনবল আর থাকিলে. শুদ্ধ আপনার চরিত্রের বা সাধনার বলে সে সময়ে মহর্ষি কলিকাতা ' ব্ৰাহ্মদমাঞ্জকে এভটা বাড়াইয়া ত্লিভে পারিতেন না। আর বান্সসমাজে কালক্রমে মহর্ষির যে একতন্ত্রপ্রভুত্বের প্রতিষ্ঠা হয়, তাঁহার অর্থবলই ইহারও একটা প্রধান কারণ हिन मत्मह नाहै।

কেশবচক্র মহর্ষির মত ধনী ছিলেন না বটে; কিন্তু রামকমল সেনের পৌক্র বলিয়া কলিকাতা-সমাজে তাঁছারও একটা বিশেষ

আভিগাতাম্বাদা ছিল। ফলত: সামাঞ্জিক হিসাবে, কলুটোলার সেনেরা, বৈভ হইয়াও জোড়াসাঁকোর ঠাকুরদিগের অপেকা কোন অংশে হীন ছিলেন না। অন্ত দিকে ব্ৰাদ্ধ-সমাজে প্রবেশ করিতে না করিতেই, কেশব-চালৰ দৈবীশক্তিশালিনী বাগ্যীপ্ৰতিভা দেশের উর্দ্ধান ইংরাজ রাজপুরুষদিগের শুভদৃষ্টি লাভ करत । এখন रामन, मिकारम । एमहितापहे. ইংরেজ রাজপুরুষগণ গাঁহাদিগকে বাডাইয়া তলিতেন, স্বদেশী সমাজেও, আপনা হইতেই, তাঁগদেব প্রভাব বাডিয়া যাইত। এই সকল বাতীত বাহ্য ৰোগাযোগ কেশবচন্দ্রের অলোকসামার প্রতিভাও এত সহজে ও এত অল্লকাল মধ্যে দেশের শিক্ষিত সমাজে এমন অন্যা-প্রতিঘন্দী প্রতিপত্তি লাভ করিতে পাবিতনা।

পণ্ডিক শিবনাথ শাস্ত্রীর কেবল যে মহর্ষির
সাধননিষ্ঠা বা কেশবচক্রের দৈবী প্রতিভাই
নাই তাহা নহে। যে সকল বাহুঘটনা ও
অবস্থার যোগাযোগের সাহাযোদ মহর্ষি এবং
কেশবচক্র আপনাদিগের কর্মাজীবনকে গড়িয়া
ভূলেন, শিবনাথ শাস্ত্রীর ভাগ্যে সেইরূপ
কোনো যোগাযোগও ঘটে নাই। শিবনাথ
দরিজের সন্তান। একরূপ পরায়ে প্রতিপালিত হইয়াই বিশ্ববিদ্যালয়ের শিক্ষালাভ
করেন। মহর্ষির ধন, কেশবচক্রের বংশমর্যাদা
—এ সকলের কিছুই তাঁর ছিল না। আর
এ সকল ছিল না বলিয়াই ব্রাহ্মসমাজের
বিকাশ সাধনে মহর্ষি এবং কেশবচক্র যে
কাক্ষটী করিছে পারেন নাই, শিবনাথ শাস্তা
ভাহা করিয়াছেন।

हेश्टब्रिक निका, हेश्टब्रक्कंत्र भागन, आधूनिक

সাধনার প্রেরণা,--এ সকলে গ্রিলিয়া আমাদের নব্যশিক্ষিত সম্প্রদায়ের পাণে যে অভিনৰ অনধীনতা বা Independence এর ভাব জাগাইয়া তুলে, তাহার ক্রমবিকাশের ইতিহাস আর ব্রাহ্মসমাজের বিগত পঞাশ বৎদরের ইতিহাদ ছই এক এই অভিনব অনধীনতার আদর্শ রাহ্মসমাজকে যভটা অধিকার করে, দেশের গুপুর কোন সম্প্রাণায়কে তত্তী অধিকার কারতে পারে নাই। অপরে আংশিকভাবে এই আদর্শের অমুদরণ করিয়াছেন। কেবল ব্রাহ্মসমাজই ইহাকেই সম্পূর্ণভাবে জীবনের দকল বিভাগে গড়িয়া তুলিতে গিয়াছে। আর ব্রহ্মসমাজও যে প্রথমাবধিই এই আদর্শকে একাম্ভভাবে আশ্রয় করিয়াছিল. এমনও নতে। মহযি ইহাকে যতটা অবলম্বন করেন, কেশবচন্দ্র তদপেক্ষা বেশী করিয়া-ছিলেন। আর ভারতব্যীয় ব্রাহ্মদ্যাজে এই মনধীনতার আদর্শ যতটা ফুটিয়া উঠে, শাণারণ-ব্রাহ্মদমানে তদপেক্ষা অধিক ফুটিয়া উঠিয়াছে। এই অন্দীনতা-মন্ত্রের সাধক এবং এই অনধীনতা-ধর্ম্মের--বা 'Religion of "Freedom এর পুরোহিতরূপেই, বান্ধ-গমাজের ভিতর দিয়া, এ দেশের আধুনিক धर्मा की वर्त । अथरम महर्वित्र, ীর পরে কেশবচল্লের এবং সর্বশেষে পণ্ডিত শিবনাথ শীস্ত্রীর শিক্ষার ও চরিত্রের যাহা কিছুপ্ৰভাব প্ৰভিষ্ঠিত হইয়াছে।

মংধি দেবেজ্রনাথ কলিক তা এ ক্সাসমাজে প্রধানতঃ তত্ত্বমীমাংসায় ও ধর্মসাধনেই এই মন্দীনতার আদর্শকে প্রতিষ্ঠিত করিতে (চিটা করেন। ভারতবর্ষীয় বাক্সসমাজে

কেশবচন্দ্র ইহাকে আরও একটু বিস্তৃত্তর ক্ষেত্র,—পারিবারিক ও সামাজিক জীবনে,
প্রতিষ্ঠিত করেন। কিন্তু দেশের আধুনিক
শিক্ষাপ্রাপ্ত সম্পান্তর প্রাণে এই অনধীনতাপ্রবৃত্তি ক্রমে যতটা বলবতী ও বহুমুখী ইইরা
উঠে, কেশবচন্দ্র বেশিদিন তাহার সঙ্গে
আপনার আধ্যায়িক জীবনের যেগে রক্ষা
করিতে পারেন নাই এবং তাহারই জন্তু দেশের
নবশিক্ষিত সম্পাদ্রের উপরে তাঁহার পূর্বপ্রভাব ক্রমশং নন্ত ইইতে আরম্ভ করে। এরপ
অবস্থায়ই বস্তুতঃ সাধারণ ব্রাহ্মসমাজের জন্ম
হর এবং পণ্ডিত শিবনাথ শাস্ত্রী এই অনধীনতা আদর্শের সাধক ও প্রচারকর্মে নৃত্তন
সমাজের নেতৃত্বপদে প্রতিষ্ঠিত হ'ন।

মহর্ষির প্রকৃতিগত রক্ষণশীলতাই তাঁহাকে সর্বান্তঃকরণে এই নুতন অনধীনভার আদর্শের অনুসরণ করিতে দেয় নাই। মহর্ষির এই রক্ষণশীলতার অন্তরালে, তাঁহার অজ্ঞাত-সারে, একটা সমাজাত্মগত্যের ভাব বিভাষান ছিল। আপনার তত্ত্বিদ্ধান্তে মহর্ষি কতকটা যুরোপীয় আদর্শের যুক্তিবাদী ছিলেন, হয় ত এমনও বলা যাইতে পারে। কিন্তু সাধারণ সামাজিক ব্যাপারে মহর্ষি সর্বলাই স্বলেশের সমাজের সঙ্গে যথাসম্ভব যোগ রাখিয়া চলিতে চাহিয়াছিলেন। এইজান্ত মহর্ষি অনেক সময় মধ্যাদা হানির ভয়েই অনেক অযৌক্তিক সমাজবিধানও মানিয়া চলিতেন। মহর্ষির এই রক্ষণশীলতা কিয়ৎপরিমাণে তাঁহার আভি-জাত্যের আর কিয়ৎপরিমাণে তাঁহার প্রকৃতি-গত স্থাদেশিকতার ফল ছিল।

কেশবচন্দ্রের রক্ষণশীণভার মূলে হিন্দুর সমাজান্তগত্য নহে, কিন্তু খুষ্ঠীর Non-

conformist Conscience এর নৈতিক প্ৰভাৰই বিশ্বমান छिन। এই Nonconformist Conscience একটা অন্তুত বস্তু। আপনার ব্যক্তিগত বত্বস্বর্থের প্রতিষ্ঠার ইহা সর্বাদাই অত্যাদার হইয়া উঠে। অপরের ব্যক্তিগত শ্বত্ত্বার্থের সঙ্গে বিরোধ উপস্থিত হইলে. এই বস্তাই অত্যন্ত সন্ধীৰ্ণ ও অনুদার হইয়া পডে। ইহা ধর্মের ও সভোর দোহাই দিয়া একদিকে আপনাকে অপরের আমুগত্য হইতে মুক্ত করিতে চাহে। অন্তদি:ক আপনার মতামতকে অপরের উপরে চাপাইয়া তাহাদের মুক্তিবিধানের জ্বন্তই ভাহাদের ব্যক্তিগত স্বাধীনভাকে হরণও করে। এই জ্ঞ্য এই Non-conformist Conscience युगन डिनात ७ तकन्मील इत्र । ८कम्बहरकुत রক্ষণশীলতা এই ধাতেরই ছিল। মুহর্ষি এবং **८क्**मवहन्त উভয়েই অষ্টাদশ-ও·উনবিংশ-পৃষ্ট শতাকীর যুরোপীয় যুক্তিবাদের প্রভাবে ধর্ম্ম-সংস্থারকার্যো ত্রভী হন। কিল্ল মহর্ষির ভিতরকার ভাব ও আদর্শ সর্বদাই হিন্দু কেশবচন্দ্রের ভিতরকার ভাব. हिन। বিশেষতঃ প্রথমজীবনে, বহুল পরিমাণে পিউ-রিট্যান খৃষ্টারান (Puritran Christian) আদর্শের দারা অভিভৃত হইয়াছিল। ভারত-ব্ৰীয় ব্ৰাহ্মসমাজকেও তিনি এইভাবেই গডিয়া তুলিতে চেষ্টা ক্রিয়াছিলেন।

পণ্ডিত শিবনাথ শান্ত্রীর মধ্যে এক সময়ে মহর্ষির হিন্দুভাবাপর কিংবা কেশবচন্দ্রের পিউরিট্যানভাবাপর রক্ষণশীলতা একে-বারেই ছিল না বলিলেও চলে। খৃষ্ঠীর জগতে পিউরিট্যান্গণ সংসারের সর্কবিধ সম্বন্ধ একটা তীত্র পবিত্রভার আদর্শের

অমুসর্প করেন। কেশবচন্দ্রও বৌবনাব্রিট এই আদর্শের অনুসরণ করিয়া চলিয়াছিলেন। আমাদের প্রাচীন ধর্মে ও সাধনায় বাহাতে শুদ্ধতা বলে, এই খুষ্টীগানী পবিত্ৰতা ঠিক সে বস্তু নয়। আমাদের দেহগুদ্ধি বা ভক্ত শুদ্ধি এবং চিত্তশুদ্ধির কথা সাধুনিক খুগ্রী স্ধিনায় পাওয়া যায় না। কেশ্বচন্দ্র নে প্রতিষ্ঠিত করিবার জন্ম বার পবিত্রন্তা ছিলেন, তাহা ইংরেজি পিটরিটি, সংস্কৃত ৩০ দল ভানতে। এই পিউরিটি রক্ষা করিবার আতান্তিক আগ্রহ হইতেই কেশবচলের রক্ষণশীলভার উৎপত্তি হয়। পণ্ডিত শিবনাগ শাস্ত্ৰীৰ জীবনে ও চরিত্রে অতি কঠোৱ সংযদের পরিচয় পাওয়া গিয়াছে সত্য, কিয় তাঁর অন্ত:প্রকৃতির মধ্যে মহর্ষির স্বাভাবিক সমাজান্তগত্য কিংবা কেশবচক্রের পিউরিটি প্রবণ্ডা কথনই ছিল না।

দেবেক্তনাথ ও কেশবচন্দ্র উভয়ের মধোই

একটা অতি প্রবল প্রকৃতিগত আন্তিকা-বৃদ্ধি
ছিল। আর নিজেদের প্রকৃতির এই আভান্তরীণ
ধর্ম-প্রবণতার বা বিশাদ-প্রবণতার গুণেই
মুরোপীয় যুক্তিবাদ আশ্রম করিয়াও ইহারা
দংশয়বাদী হইয়া উঠেন নাই। ইহাদিগৈর
অটল ঈশ্বর-বিশ্বাদ আপন আপন প্রকৃতির
অন্তঃস্থল হইতেই ফুটিয়া উঠিয়াছিল, যুক্তিতর্কের দ্বারা স্থাপিত হয় নাই। ফলতঃ এই
প্রকৃতিগত ঈশ্বর-বিশ্বাদকেই মইদি আল্বপ্রতায় বলিয়াছেন। আপনার ধর্মসিদ্ধাস্থে
কেশবচন্দ্র এই প্রকৃতিগত আন্তিক্তা-বৃদ্ধিকেই
অন্তায় বলিয়াছেন। আপনার ধর্মসিদ্ধাস্থে
কেশবচন্দ্র এই প্রকৃতিগত আন্তিক্তা-বৃদ্ধিকেই
অন্তাদশ-ও-উনবিংশ-খৃষ্ট-শতাক্ষীর থুষ্টায়ান
দর্শনের পরিভাষায় ইনটুইসন্ (intution)
নামে প্রতিষ্ঠিত করিয়াছেন। মহর্ষির আল্ব-

প্রত্যয়ই কেশবচন্তের এপ্রথম জীবনের ধর্মনিদান্তের ইন্ট্রসন্। আর এ ছ'ই মূলতঃ ও বস্তুতঃ তাঁথাদের নিজেদের প্রকৃতিগত বালায়াত্মিকা আভিক্য-বৃদ্ধির নামান্তর মাত্র। এই প্রকৃতিগত আভিক্য-বৃদ্ধি ছিল বলিয়াই মহর্ষি এবং কেশবচন্ত্র আত্মনাদিগের এমন অটল ধর্ম্ম-বিখাসকে গড়িয়া তুলিতে পারিয়াছিলেন

কিন্তু সংশয়-প্রবণ যুরোপীর যুক্তিবাদের পভাবে যে সকল লোক ব্ৰহ্মনমাজে আদিয়া পড়েন, ভাঁহাদের অনেকেরই এই পূর্ব্ব-ভনাৰ্জিত সাধনসম্পদ ছিল না। বিজয়ক্ষ এবং অঘোরনাথ প্রভৃতি ছই চারিজন ধর্মপ্রাণ গাধুপুরুষ ভিন্ন ত্রাহ্মসমাজের প্রচারক এবং উপাসকগণের মধ্যে প্রায় কাহারই প্রক্তির ভিতরে মহযির বা কেশবচন্দ্রের হ্যায় কোনও বণবতী আন্তিক্য-বৃদ্ধি ছিল না। স্নতরাং ইংারা অতর্ক-প্রতিষ্ঠ পর্মতত্ত্বকে লৌকিক ভর্কযুক্তির উপরেই গড়িয়া তুলিবার চেষ্টায় নিযুক্ত হন। ইহাদের প্রায় কেশবচন্তের বাগ্মীপ্রভিভায় আরুষ্ট হইয়া আর্থানমাজের আর্থর গ্রহণ করেন। এই मक्न युक्तिवानी बाद्मशलात्र मर्था रक्ट रक्ट অংশাক্সামান্ত মনিধীত্বের (কশবচন্দ্রের প্রভাবে অভিভূত হইয়া তাঁহার প্রতি অক্যন্ত ভক্তিমান ইইয়া উঠেন এবং তাঁহাকেই একমাত্র প্রত্যক্ষ গুরুদ্ধপে বরণ করিয়া একাস্কভাবে তাঁহার আমুগত্য গ্রহণ করেন। ষ্তি-সংশয়বাদ সর্বব্রই এই ভাবে স্থানেক ^{সময়} অতি-বিশ্বাদে ঘাইয়া পড়ে। এই অতি-मः भवारमत्रहे हेश्दा नाम Scepticism

এবং ইংরেজিভে যাহাকে Credulity বলে বাংলায় তাহাকেই অতি-বিশ্বাস বলা ঘাইতে পারে। কোনও প্রকারের অতীলিয় ও অপ্রত্যক্ষতত্ত্ব মাহারা কোন মতেই বিশাস স্থাপন করিতে পারেন না, তাঁখারাই Sceptic অতি-সংশয়বাদী। আর এই অতি-সংশয়বাদের ভাড়নাতেই এই সকল লোকে অনেক সময় এমন সকল বিষয়েও আগ্রহা-তিশয় সহকারে বিশাস স্থাপন করেন, ঘাহা কথনও কোন যুক্তিতর্কের দারা প্রতিষ্ঠিত হয় নাও হইতে পারে না। মানবপ্রকৃতির অভুত জটিলতা নিবন্ধন অনেক সময় এইরূপে অতি-সংশয়বাদ বা Scepticism হইতেই অতি-বিশ্বাদের বা credulityর উৎপত্তি হয়। কেশবচক্রের অনুচরগণের মধ্যে মূলে বাঁহারা व्यक्ति-मः भन्नवामी कित्नन कांशातित्रहे अकमन কেশবচন্দ্রের দৈবী প্রতিভার দারা মুগ্ধ হইয়া অতি-বিশাসভরে তাঁহাকে ঈশর-প্রেরিভ মহাপুরুষ ক্সপে বরণ করেন এবং তাঁহার ঐকাস্তিক আমুগত্য অবলম্বন করিয়া তাঁহার মত ও উপদেশানুসারে আপনাদিগের ধর্ম। জীবন ও কৰ্ম্ম-জীবনকে গড়িয়া তুলিতে আর একদল লোক এই চেষ্টা করেন। এই অন্তি-বিশ্বাদকে বৰ্জন এবং কেশব চক্রের মহাপুরুষত্বের দাবীকে উপেক্ষা করিয়া, আপনাদিগের স্বান্তভূতিকে আশ্রয় করিয়া শুদ্ধ ভর্ক-যুক্তির সাহায্যে পরমতত্ত্বকে ও ধর্ম-সাধনাকে নিজ নিজ জীবনে প্রতিষ্ঠিত করিবার চেষ্টায় নিযুক্ত হন। এইরূপে ভারত-বর্ষীয় ব্রাহ্মদমাজের প্রতিষ্ঠার অর্লদিন পর হইতেই ভাহার ভিডরে ছইটি পরস্পরবিরোধী ভাব ও আদর্শ ফুটিয়া উঠিতে আরম্ভ করে।

প্রথমে মহর্ষি এবং তারপরে কেশবচন্দ্রও আপনার প্রথম যৌবনে ব্রাহ্মধর্মও ব্রাহ্ম-সমাজকে যে পথে পরিচালিত করেন, ভাহাতে এরপ বিরোধ একরপ অনিবার্যা হট্যা উঠে। মহযির সময় হুইতে ব্রাক্ষণমাঞ্জ অষ্টাদশ ও উনবিংশ খুষ্ট শতাকীর যুরোপীয় যুক্তিবাদের উপরেই গড়িয়া উঠে। আর বস্তুতঃ দেই खब्दे क्रियान क्रिक्ट किंग्या क्रियान क्र প্রতিষ্ঠা করিতে হয়। কারণ এই যুক্তিবাদ ৰা Rationalism, প্ৰাকৃত বৃদ্ধির প্ৰেরণায়, লৌকিক ন্যায়ের প্রভাক্ষ ও অনুমান এই প্রমাণদ্বহকে আশ্রহ করিয়া যে পর্মত্তের প্রতিষ্ঠা করে, তাহাকে স্বচ্ছলে ইংরাজিতে Deism বলা যাইতে পারে, কিন্তু প্রকৃতপক্ষে Theism ৰলাযায় কিনাসন্দেহ। Deism আর Theism এ পার্থক্য এই যে, একেতে ঈশ্বৰভন্তকে বিশ্ব-শক্তি বা বিশ্ববিধানরূপে এবং অপরে শক্তিমান পরমপুরুষ বা বিশ্ববিধাতা রূপে প্রতিষ্ঠিত করে। শিবনাথ বাবর কথার, Deism এর ঈশ্বর শক্তি, Theism এর ঈশ্বর ব্যক্তি। আর প্রকৃতপক্ষে যুরোপীয় যুক্তিবাদ ঈশ্বরকে শক্তিরূপেই প্রতিষ্ঠিত করে, ব্যক্তি বা বিধাতার্রপে প্রতি-ষ্ঠিত করিতে পারে না। মহর্ষির ঈশ্বর কেবল শক্তি মাত্র ছিলেন না, সভা। কিন্তু মহর্ষির ঈশ্বরামুভূতি প্রকৃতপক্ষে তাঁর ব্রহ্ম-তত্ত্বের উপরে গড়িয়া উঠে নাই। ইহা তাঁর ভাবাঙ্গ-সাধনেরই ফল। এই ভাবাঙ্গদাধনে মহর্ষি হাফেজ প্রভৃতি মোহমানীয় ভক্তগণেরই পন্থা অবলম্বন করিয়াছিলেন, লৌকিক ন্যায়-ও যুরোপীয়-যুক্তিবাদ-প্রতিষ্ঠিত মামুলী বান্ধ-ধর্মের পছার অমুসরণ করেন নাই। এই গভীর ভাবাঙ্গদাধনের শগুণেই মহর্ষির ব্রান্ধ ধর্ম Deism হয় নাই, কিন্তু অতি উচ্চদৱেন Theism রূপেই তাঁর জীবনে ও চবিত্র ফুটিয়া উঠিয়াছিল। কেশবচলের ঈশর্র শক্তিমাত্র ছিলেন না। কারণ কেশবচন্দ্রের প্রথর সংজ্ঞানের বা conscience এর প্রেরণায় প্রথম হইতেই তাঁর ঈশ্বরতত্ত্বে একটা উজ্জন বাজিতের প্রতিষ্ঠা হয়। মহর্ষি ভারাত্র সাধনের ভিতর দিয়া, মোহম্মণীয় ভক্তগণের দৃষ্টাস্ত ও অভিজ্ঞতার দাহায্যে, তাঁহার নিজের **ঈশ্বতত্ত্বে প্রতি**ঠা জীবনেৰ প্রভাক কেশবচন্দ্র প্রথম যৌবনে, তাঁর করেন। গভীর পাপ-বোধের বা Ethical Consciousness এর ভিতর দিয়া, খুষ্টীয়ান সাধক-গণের দৃষ্টান্তে, ও শিক্ষায় আপনার প্রতাক ঈশ্বতত্ত্বে প্রতিষ্ঠা করেন। বান্ধদমাজে ইহারা উভয়েই যে তত্ত্ব-সিদ্ধান্ত প্রতিষ্ঠিত করেন, তাহার উপরে Deism এরই প্রতিগ্র হয়: Theism এর প্রতিষ্ঠা হয় না। কিঙ্ক এ সত্ত্বের মহর্ষির এবং কেশবচলের নিজেদের প্রত্যক্ষ ঈশ্বরভত্ত্ব যে Theism হইয়া উঠে, ইহাঁদের প্রকৃতির ও সাধনার বিশেষভাই ইহার প্রধান ও একমাত্র কারণ।

ফলতঃ শুদ্ধ যুক্তিবাদের উপরে কোনও
প্রকারের গভীর ধর্মতত্ত্ব ও ধর্মসাধনকে
গড়িয়া তুলা যে অসন্তব, মহর্ষি এবং কেশনচক্র উভরেই ইহা ক্রমে অমুভব করিয়াছিলেন। এইজন্ত ইহারা জীবনের শেষ
পর্যান্ত এই যুক্তিবাদকে ধরিয়া থাকিতে
পারেন নাই। ঈশ্বরাম্প্রাণিত হইয়া সাধক
অমুকৃল অবস্থাধীনে সত্যের সাক্ষাৎকার লাভ
করিয়া থাকেন এবং ধর্মবন্ত প্রক্রতপ্রেক

মান্ত্রের প্রাক্ত-বিচার বৃদ্ধির উপরে প্রতিষ্ঠিত হয় না, কিন্ধ এই সকল ঈশ্বরান্ত্রপ্রাণিত সংধু মহাজনের সাক্ষ্যের উপরেই প্রতিষ্ঠালাভ করিয়া থাকে,—মংর্ষি ও কেশবচক্র উভরেই জীবনের শেষভাগে এই মত প্রচার করেন। কিন্তু যে ঈশ্বরান্ত্রপ্রাণনের উপরে মহর্ষি এবং কেশবচক্র ছলনেই পরে আপনাদিগের উপদিষ্ট আক্ষান্ত্রের প্রামাণ্যমর্য্যাদা স্থাপন করিতে চেষ্টা করেন, তাঁহাদের ধর্মসিদ্ধান্তের মৃণগত ব্রক্রিবাদ, ও ব্যক্তিছাভিমান কিছতেই সেইবান্ত্রপাণনের মতকে সমর্থন করে না।

ফনত: যে আধুনিক সুরোপীয় যুক্তিবাদের উপরে ব্রাহ্মদাধারণের তত্ত্বিদ্ধান্তের প্রতিষ্ঠা হইয়াছে, তাহাতে কোনও প্রকারের অন্ত-সাধারণত্বের বা অপ্রাক্তত্বের দাবী কথনই গ্রাহ্ম হয় না। এই যুক্তিবাদ ধর্মসাধনে শিক্ষকের প্রয়োজনীয়তা স্থীকার করে; কিন্তু সদ্গুরুর প্রতিষ্ঠা সহ্য করিতে পারে না। मभाजगर्ठत ७ ताडीम्रजीवतन जंदे युक्तिवान কেবল গণতন্ত্রগাঁবস্থাকেই একমাত্র যুক্তিসঙ্গত ও ধর্মদক্ষত বলিয়া ব্যবস্থা গ্রহণ করে; কিন্তু সমাজ-পতি বা রাজা বা রাষ্ট্রনায়কের আধিপত্তা গ্রাহ্ম করে না। ফরাদীবিপ্লবের गागरेमजी साधी मठात सामर्ग এक यक्ति वारमत উপরেই প্রতিষ্ঠিত। কেশবচন্দ্রের ধর্মদিদ্ধান্ত প্রথমে এই যুক্তবাদকেই আশ্রম করিয়া প্রতিষ্ঠিত হয়, সভা; কিন্তু ইহা সবেও তাঁর ধর্মপ্রবণ বৃদ্ধি প্রথমাবধিই এই দাম্য-মৈত্রীয়াধীনভার আদশকে স্বর-বিশ্বর ভীতির চক্ষেই দেখিতে আরম্ভ করে। এই সাম্য-দৈত্রীস্বাধীনতার নামে মুরোপের ইতিহাসে ^{বে} পাশবলীলার অভিনয় হইয়াছে, ভাহা

স্বরণ করিয়া, যাহাতে এই আদর্শ ব্রাক্ষসমাজে একান্ত প্রতিষ্ঠাণাভ না করে, কেশবচন্দ্র সর্বনাই প্রাণপণে তার চেষ্টা করিয়াছিলেন।

উনবিংশ খৃষ্ট শতাকীর প্রণমার্ক অতীত হইতে না হইতেই যুরোপীয় মনীষিগণের মধ্যেও কেছ কেছ ফরাসী বিপ্রবের সামাজিক দি**দান্তের অন্**পতি ও অপুর্ণতা প্রত্যক করিতে আরম্ভ করেন। ফরাদীবিপ্লব শামোর আদর্শ প্রতিষ্ঠিত করিতে গিয়াছিল. তাহাতে সমাজে ব্যক্তিগত স্বত্তমার্থের একটা তীব্ৰ প্ৰতিশ্বন্দিতাই স্বাগাইয়া তুলে, কিছ এ সকলের চিরন্তন বিরোধ নিশাতির কোনও উপায় উদ্ভাবন করিতে পারে নাই। ফরাসী-বিপ্লব স্বাধীনভার নামে একটা ঐকাজিক অনধীনভার ভাবকে জাগাইয়া জনসমাজকে বিশৃত্বল ও বিচ্ছিন্নই করিতে থাকে, কিন্তু প্রত্যেক ব্যক্তির সঙ্গে তার সমাজের ও সেই সমাজান্তর্গত অপরাপর ব্যক্তির যে নিগুঢ় অঙ্গান্ধী যোগ রহিয়াছে, ভাহাকে ফুটাইয়া তুলিয়া সমাজের ঘননিবিষ্টতা সাধনের কোনও পম্বার প্রতিষ্ঠা করিতে পারে নাই। আধুনিক যুগে প্রাচীনকে ভাঙ্গাই ফরাণীবিপ্লবের विधिनिर्फिष्ठे कर्य हिन, এই विश्वव (महे কর্মই সাধন করিয়া যায়; কিন্তু নবযুগের নব আদর্শের উপযোগী করিয়া জনসমাজকে নুতন প্রেমের ও বিশ্বস্থীনতার উপরে গড়িয়া ভোলা ভার কাজও ছিল না, সে কাল ফরাসী-বিপ্লব করিতেও পারে নাই। ফরাসী-বিপ্লবের নিকটে আধুনিক সভাতা ও সাধনা যে অশেধনীয় अपकारन आवक, छाहा मुख्यकर्छ স্বীকার করিয়াও, এইজন্ম ইতালীয় মূনীবী माजिनौ (३५०६) फ्रांमीविश्वत्त व्यक्ति নায়কগণের সামা-দৈত্রী-স্বাধীনতার সিদ্ধান্তকে যথাযোগভোৱে সংংশাধন করিয়া বিশুদ্ধতর আত্তিকাবৃদ্ধি-প্রভিষ্টিত হিউম্যানি-দীর (Humanity) উপরে, স্বদেশ্বর্থা বা Nationalismক গডিয়া তুলিতে চেষ্টা করেন। এই উন্নত আদর্শের উপরেই ম্যাজিনী মাতৃভূমির উদ্ধারকল্পে যুন ইতালীয় সমাজের বা Young Italy Association এর প্রতিষ্ঠা করেন। ইহার किइकान भारत देशाय मनीयी कार्गाहेन (Carlyle) Hero Worship নামক প্রবাদ এক নৃতন মহাপুরুষবাদের প্রতিষ্ঠা করিয়া ফরাদীবিপ্লবের সামাবাদের মূল ভিত্তিকে একেবারে ভাঙ্গিয়া দিতে চেষ্টা করেন।

বাল্পদমালকে এই বিপ্লবান্ধক যুক্তিবাদ ও সাম্যবাদের প্রভাব হলতে রক্ষা করিবার কেশবচন্দ্র আগ্রহাতিশয় সহকারে কাল হিলের মহাপুরুষবাদের আশ্রম গ্রহণ करतन। किन्न कार्लाहरणत महाशुक्रववारण छ প্রকৃত পক্ষে ধর্মের প্রামাণা প্রতিষ্ঠিত इम्र ना (पश्चिमा, जिनि देशांत्र माल देखगीम সাধনার ঈশারতান্ত্রের বা Theocracyর মতকে যুক্ত করিয়া দিয়া, এক নৃতন প্রেরিত-মহা-পুক্ষবাদের প্রতিষ্ঠার প্রবৃত্ত হ'ন। ভারত-বর্ষীর ব্রাহ্মসমাজের জন্মের কিছুকাল পরেই কেশবচন্দ্র মহাপুরুষ বা Great Men সম্বন্ধে এक सूतीर्ष रकुछ। श्रान करतन। এই বক্তৃতাতেই তিনি সর্বপ্রথমে এই নৃত্য দিদান্ত অভিবাক্ত করেন। এই খানেই, প্রকৃতপকে, ব্রাহ্মদমান্তের ক্লতবিভ যুক্তিবাদী যুবকদলের সঙ্গে কেশবচন্দ্রের ও তাঁর অমুগত প্রচারক-গণের বিরোধ আরম্ভ হয়।

শিবনাথের চরিত্র

এই বিরোধের স্ত্রপাত অবধিই শিবনাথ কেশবচন্দ্রের প্রতিপূক্ষীর দলের মুখপাত্র ও অগ্রণী হইরা উঠিতে আরম্ভ করেন। বিশ্ববিভালয়ের শিক্ষা শেষ না করিয়া, শিক্ষার্থী অবস্থাতেই, তিনি ব্রাহ্মদমালে প্রবেশ করেন। কিন্তু তাঁর সমসাময়িক ক্বতবিভ যুবকগণ বেরূপভাবে কেশবচন্দ্রের অলোকিক প্রতিভার মুগ্ধ হইরা আত্যন্তিক প্রকাশহকারে

বেরপভাবে কেশবচন্দ্রের অনৌকিক প্রতিভার মগ্ধ হুইয়া আত্যন্তিক শ্ৰন্ধাংহকারে তাঁহার শিকা দীকা গ্রহণ করিতেছিলেন. শিবনাথ সেরপভাবে ব্রাহ্মণমাজে আসিয়া-हिटनन कि ना, मटलह। कनछः योवनाविधरे শিবনাথের মধ্যে এই আত্যক্তিক শ্রনার ভাব অভান্তই আল हिन । শিবনাথের পিতা ব্ৰাহ্মণ-পণ্ডিত হইয়াও, অতিশয় বৃদ্ধিমান লোক ছিলেন। আবে ভীকুবুদ্ধির গভীর শ্রমার যোগ এ জগতে বিরল। বিশেষতঃ যেখানে এই তীক্ষবুদ্ধির সঙ্গে স্থরসিকভাও বিভাষান থাকে, সেথানে শ্রদ্ধা ফুটিয়া উঠিবার অবসর মাত্রই প্রায় পায় তার পিতৃচরিতে, সেইরূপ না। যেমন শিবনাথের নিজের প্রক্লভিতেও একদিকে প্রথর ধীশক্তি ও অন্তদিকে উচ্চুসিত রসিকতা এই তুইই পাওয়া যায়। স্থতরাং প্রথম যৌবনে তার বিচারশক্তি ও বিজ্ঞপ-প্রবৃত্তি বতটা ফুটিয়াছিল, শ্রদ্ধাশীলতা যে ততটা ফুটিয়া উঠে নাই, ইং। কিছুই বিচিত্র নহে। তাঁর त्म कारलं अवसामि हेशबहे माका मान करते। সোম্প্রকাশ-সম্পাদক স্বর্গীয় ভারকানাপ বিষ্ঠাভূষণ মহাশন্ন শিবনাথের মাতৃল ছিলেন। এই সূত্রে ছাত্রাবস্থা হইতেই সোমপ্রকাশের সঙ্গে তাঁরও কতকটা সম্বন্ধ গড়িয়া উঠে।

জার সে সমরে সোমপ্সকাশে শিবনাথের বে সকল রচনা প্রকাশিত হয়, ভাহার মধ্যে তার এই যুক্তিপ্রবণভার ও নিজ্ঞপাদক্তির বিলক্ষণ পরিচয় পাপ্তয়া যায়। বিজ্ঞাচক্তের "বঙ্গদর্শনে"—

"হইতাম বদি আমি বমুনার জল, হে প্রাণবল্লভ,"

প্রকাশিত হইলে, দোমপ্রকাশে শিবনাথ তাঁহার অনুকরণে যে বিজ্ঞাপাত্মক কবিতা শেখেন, তাহাতেই তাহার উজ্জ্ব প্রতিভাও অসাধারণ বিজেপাস্কির প্রমাণ পাওয়া গিয়াছিল এবং বক্ষিমচক্র, হেমচক্র প্রভৃতি সাহিত্যর্থিগণও তাহা পড়িয়া একে-বারে মুগ্ধ হইয়াছিলেন । ফলতঃ ভাঁর আপনার স্বরূপে শিবনাথ তত্ত্তানীও নহেন, ভগবদ্-च्छ । नहन, हिन्डानीन मार्ननिक । नहन, মুমুক্ সাধক ও নহেন, কিন্তু অসাধারণ শ্রমান্ত্রশালী সাহিত্যিক ও স্থার্থিক কবি। এক সময়ে শব্দথোজনার কুশ্লভায় শিবনাথ বার্শালী সাহিত্যিকদিগের ষতি উচ্চ স্থান অধিকার করিয়াছিলেন। कान कर्मन किया विठात कतिल, এ বিষয়ে তাঁর সমকক আর কেই ছিলেন কি না, সন্দেহ। প্রথমে শক্তিশালী লেখক ও স্থাসিক কবিরপেই বাঙ্গালা সাহিত্যে ও ৰাঙ্গালী সমাজে শিবনাথের প্রভাব ও প্রতি-পত্তি হয়। এমন কি, পরে বান্ধনমাজের নেতৃপদ পাইয়া অদেশের ধর্মচিস্তায় ও কর্ম-শীবনে তিনি যাঁ কিছু প্রতিষ্ঠালাভ করিয়া-ছেন, আপনার স্বাভাবিকী সাহিত্যশক্তি ও কবিপ্রভিভার সেবায় একাস্তভাবে আত্মোৎ-गर्ग कतिरत, वालनात बाधुनिक गाहिरछात

ও সমাজ্ঞীবনের ইতিহাসে তদপেক্ষা অনেক উচ্চতর স্থান পাইতেন, সন্দেহ নাই। আর ব্রাক্ষসমাজেও তিনি বে প্রতিষ্ঠা লাভ করিয়া-ছেন, তাহাও প্রক্কতপক্ষে তাঁর বাগ্মিতাশক্তি ও সাহিত্য-সম্পদের উপরেই গড়িয়া উঠিয়াছে, কোনও প্রকারের অনক্সসাধারণ সাধন-সম্পত্তির উপরে প্রতিষ্ঠিত হয় নাই।

আর ইহার প্রধান কারণ এই ধে, কুচ-বিহার বিবাহোপলকে ঘাহারা কেশবচন্ত্রের व्यक्षित्नकृष প্রভ্যাধ্যান করিয়া ত্রাহ্মসমাঞ শাবার একটা নুতন দল গড়িয়া তুলিতে প্রবৃত্ত হ'ন, তাঁহাদের অনেকে তথনও পর্যান্ত জ্ঞাতদারে বা অজ্ঞাতদারে যুরোপীয় যুক্তি-वारमत উপরেই বিশেষভাবে আপনাদিগের নুতন ধর্মজীবনের প্রতিষ্ঠা করিয়াছিলেন। বিজয়ক্ষণ্ড এই দলের সঙ্গে (য:গদান করেন সতা; কিন্তু একদিকে কেশ্বচন্দ্রের আপনার শিকার দকে তাঁহার এই কার্য্যের একান্ত অসমতি এবং অনাদিকে এই বিবাহ ব্রাহ্মসমাজের অপর (क्नेविट्स्युत शक्तमप्रश्रानेत क्रेक Cu मक्न উপায় অবলম্বন করেন, তাহার অন্তর্নিহিত ওকাশতী-বৃদ্ধি-স্থশভ সভাগোপনের 'অস্ত্য-প্রতিষ্ঠার চেষ্টা, এই ছই মিলিয়া বিজয়ক্ষের ঐকান্তিক সত্যনিষ্ঠা ও ধর্মনিষ্ঠাতে গুরুতর আখাত করিয়াছিল বলিয়াই, তিনি কেশবচন্দ্রকে পরিত্যাগ করেন। আর ব্রাহ্ম-সমাজের ধর্মনিষ্ঠ, ভক্তিমান ও রক্ষণশীল সভ্য-मिगटक बाकुष्टे कविवात हमा नुजन मनाटबन विक्रमुक्खट क আচার্য্যপদে প্রভিষ্ঠাতাগণ বরণ করেন, নতুবা প্রকৃতপক্ষে তিনি কথনই र्देशिक्षात्र धर्म् कोवरनत्र वा कर्मा कोवरनत्र व्यक्षि

নেতৃত্বলাভ করেন নাই। क्षण्डं: নুত্তন সমাজের কর্তৃপক্ষেরা বিজয়ক্তঞ্চের ভক্তথশের मार्गारा जाभनामिश्व विद्यारिम्हन अिक्री ও প্রতিপত্তি বৃদ্ধি করিতে যতটা উৎস্থক ছিলেন তাঁহার সাধু চরিত্তের এবং অলোকসামান্য আধ্যাত্মিক সম্পদের আশ্রয়ে নিজেদের ধর্ম-জীবনকে গড়িয়া তুলিবার জন্য ওতটা উৎস্ক ছিলেন না। এই কারণেই বিজয়ক্ষের সাধু চরিত্তের প্রভাব সাধারণ বাহ্মসমাজে বদ্ধমূল হটবার অবসর পায় নাই এবং তাহারই জন্ম সমাজের নেতৃবর্গ কিছুদিন পরে অতাস্ত সরাসরিভাবে বিজয়ক্তফের সঙ্গে নিজেদের সমাজের সর্ববিশ্বকারের যোগ ছেদন করিতে পারিয়াছিলেন। আর সাধারণ ত্রাহ্মণমাজে মুরোপীয় যুক্তিবাদের প্রভাব অত্যম্ভ প্রবল ছিল বলিয়াই বিশেষ সাধনসম্পদের অধি-काती ना श्हेमा अ (करन आपनात विलाव्धि বাগ্মিতাগুণে শিবনাথ শাস্ত্রী তাহার অধিনায়কত লাভ করেন।

যুরোপীর যুক্তিবাদের প্রভাবে ত্রান্ধসমাজে যোগ দিয়াও অনেকে ক্রমে এই
যুক্তিবাদের অপূর্ণতা :ও অসঙ্গতি উপলন্ধি
করিয়া, আপনাদিগের তত্ত্বিদ্ধান্তে ও ধর্ম্মসাধনে এই যুক্তিবাদকে স্বল্প-বিত্তর অতিক্রম
করিয়া গিয়াছেন। কেশবচক্র আপনিও
তাথা করেন। তাঁহার অন্তগত শিবামগুলীও
এই যুক্তিমার্গ বর্জন করিয়া এক প্রকারের
ভক্তিমার্গ অবলম্বন করিয়া এক প্রকারের
ভক্তিমার্গ অবলম্বন করিয়া এক প্রকারের
ভক্তিমার্গ অবলম্বন করিয়া এক স্বার্কারের
ভক্তিমার্গ অবলম্বন করিয়া আক্রসমাজে প্রবেশ
করিয়াছিলেন, আজও পর্যান্ত তাহার কোন
পরিবর্জন বা সংশোধন করিয়াছেন বিলয়া

বোধ হয় না। ইহার, প্রধান কারণ এই যে, তাঁহার কন্তঃ প্রকৃতির মধ্যেই এমন একটা যুক্তিপ্ৰবণতা আছে, যাহাকে যতই ছাড়াইতে ইচ্ছাক্রন না কেন্ এ প্র্যান্ত কিছতেই ছাড়াইয়া উঠিতে পারেন নাই। এই যুক্তি প্রবণতা মূলতঃ ইংরেজিতে যাহাকে Scepticism বা व्याजिमत्मश्वाम वतन ভাহারই রূপান্তর মাতা। আর শিবনাথ वाव्य वक्ष्णा ७ छे भरमभामिट छ नर्समा है यन এই বস্তুটী লুকাইয়া থাকে। তিনি অনেক মুমুমু আজি কাবিবোধী সিদ্ধান্ত সকল থ∖গুন করিবার চেষ্ট। করেন, আর তথন প্রথমে যথাত্ৰীতি সে সকল সিদ্ধান্তের ব্যাখ্যাও করিয়া থাচকন। কিন্তু তাঁর এই সকল হক্ততায় ও উপদেশে এ স**কল** বিরোধী নিদ্ধান্তের কাথা যতটা বিশদ ও যুক্তি প্রতিষ্ঠ হয়, তিনি যে ভাবে এ সকলের থণ্ডন করিতে প্রয়াস পান, তাহা সেরপ বিশদ এবং সদ্যুক্তি দারা সমর্থিত হইয়া উঠে না। এই কারণে তার ধর্মোপদেশে যুক্তিবাদী শ্রোতা বা পাঠকের প্রাণে ধর্মের মূল ভিভিঞ্জিলিকে (य পরিমাণে ভাঙ্গিয়া চুরিয়া দেয়, সে পরি-মাণে আবার কিছুতেই ভাহাকে নৃতন করিয়াঁ গড়িয়া তুলিতে পারে না। স্থার এই সাংবাতিক অপূর্ণতা স**বেও তাঁর বক্তৃতা** ও উপদেশাদিতে যে কতকটা ধর্ম্মের প্রোরণা জাপাইয়া তুলে, ইংা তাঁর অদাধারণ বাঁগিডো मक्ति এवः मात्रामग्री कविकत्रनात्रहे कन ।

্কিন্ত ইংাতে শিবনাথ 'বাবুর কোনই গৌরবের হানি হয় না। তত্ত্বসিদ্ধান্ত প্রতিষ্ঠা কিন্তা ভক্তিণস্থা প্রদর্শন করিবার জন্ত বিধাতা পুরুষ তাঁহার স্পষ্টি করেন নাই; করিলে

ঠার মন্ত: প্রকৃতি অন্ত শাঁচেই গঠিত হইত। ধর্মজীবনের কতকগুলি পূর্বার্ত্ত माधन बार्ष्ट। चात्र मर्क्स এवः ८व भवहरक्षत পুণ্ম জীবনের সংস্কার-চেষ্টা কতকটা সস্কৃতিত इहेश कांत्रिल. भिवनाथ वाव्हे **এই** সকল পূর্ববৃত্ত সাধনে ব্রাহ্মদমাজের এবং কিয়ৎ-পরিমাণে দেশের সাধারণ শিক্ষিত ও শিকার্থী य्वकनत्वत अक रहेशा, जाशानत धर्मकीवन ও কর্মজীবনকে ফুটাইয়া তুলিবার ষ্থেষ্ট দাহায় করিয়াছেন। সর্বপ্রকারের সংস্থার বর্জন করিয়া, চিত্তশুদ্ধি লাভ করিলে. দেই শুদ্ধচিত্তেই কেবল পর্মতত্ত্বে দার্থক অমুণীলন সম্ভব হয়। প্রথমে সন্দেহ, পরে বিচারযুক্তি, তার পরে, সর্বশেষে, এই বিচার-শক্তির ফলে সভাপ্রতিষ্ঠা হইলে, সন্দেহের একান্ত নির্দন হইয়া, প্রকৃত শ্রদ্ধা বু অান্তিক:বৃদ্ধির সঞ্চার, — এই ভাবেই প্রাকৃত धर्मकीवरनत श्रुक्तवुद्ध माधन ममाश्र इहेग्रा

थारक। এই अक्षारे, এक्का, धर्मकीवरनव প্রথম সোপান ও মূল ভিত্তি। আর এ কালের অনেক বালালী ও ভারতবালী শিবনাথ বাবুর শিক্ষাদীক্ষার প্রেরণায় निरक्षा ব্যক্তিগত ও সামাজিক জীবনের সর্ববিধ পুর্বসংস্কারবর্জিত হইয়া, সন্দের, বিচার, প্রভৃত্তির সাহায়ে ক্রমে গভীর আন্তিক্য-বুদ্ধি লাভ করিয়াছেন। অনেকে তাঁব নায়কত্বে "না''এর পথ বাহিয়া গিয়া, পরে "হাঁ''এর রাজ্যে যাইয়া পৌছিয়াছেন ইহারা ব্রাহ্মদমাজে থাকিয়া বা ভাহার বাহিরে যাইয়া, নিজ নিজ সাধনণজির ছারা যে দিকে ও যে পরিমাণে দেশের ধর্মজীবন ও কর্মজীবনকে ফুটাইয়া তুলিয়াছেন বা তুলিতে-ছেন, ভার জন্ম এদেশের বর্তমান সাধনা কিয়ৎপরিমাণে শিবনাথ বাবুর নিকটে ঋণী র্গিয়াছে, সন্দেহ নাই। (ক্রমণঃ)

এীবিপিন চক্র পাল।

বেহার-চিত্র *

রায় সাহেব (বেহারের মহাজন)

^{১২৮}৭ সালে রাজপুতানার মাড়বারে ভীষণ ছ**ভিক্ষ দেখা দিল। গোধ্**ম ও ডগুলাভাবে লোকে "ব**জর।"** "জোয়ারি'' এবং শাক-পাক থাইয়া কোন-প্রকারে প্রাণ

 এই প্রাায়ের তিনটি চিত্র ইভিপুর্বে "রাজ অসান", "আংস্নার" ও "হজুর" নালে বলদর্শনে অকালিত হইরাছিল। ধারণ করিভেছিন, কিন্তু জ্বনেধ্য ভীষণ জ্বকটে লোকের প্রাণ ওঠ।গত হইয়া উঠিল।

বণিক গুরম্ব রার পথে পথে সামান্ত সামান্ত জিনিসপত্র বিক্রম করিয়া কোন প্রকারে জীবনযাতা নির্বাহ করিত। এই হুর্ভিক্ষ ও জনকটে তাহার দরিয়ের সংদার অচল হইরা উঠিল। শুরমুথের ত্রী এবং বৃদ্ধা জননী সপ্তাহকাল ভীষণ অরক্ট ও জলকট সন্থ করিয়া অকালে প্রাণত্যাগ করিলেন। শুরমুথ দেখিল, দেশে থাকিলে আর প্রাণরকা হয় না। তথন সে বন্ধুবান্ধবের নিকট ভিক্ষা করিয়া বংকিঞ্চিৎ অর্থসংগ্রহ করিয়া, ছইথানি বস্ত্র, একটা লোটা, এক কম্বল এবং এক "থারিয়া" লইয়া স্থদেশের নিকট চিরবিদার গ্রহণ করিল। ছই মাস ভিক্ষা করিয়া, পদত্রকো চলিয়া, অবশেষে শুরমুথ একদিন সন্ধ্যাকালে, ছিরবস্ত্রে, নগ্রপদে, অন্থিয়ার দেহে পাটনায় আসিয়া পৌছিল।

শুরমুথের এক দ্রসম্পর্কীয় কুটুম্ব বাবসায় উপলক্ষে বছদিন হইতে পাটনায় বাস করিতেছিলেন। শুরমুথ সন্ধান করিয়া তাঁচার বাসায় গিয়া উঠিল।

গুরম্থের কুটুষ তনম্বথ রায় একজন সন্ত্রাস্ত মহাজন। গুরম্থের গুর্ভাগ্যের কথা গুনিয়া তাহার প্রতি কুপাপরবশ হইয়া তিনি তাহাকে আশ্রেদান করিতে স্বীকৃত হইলেন।

তনস্থের মহাজনীর সঙ্গে সঙ্গে বস্ত্রের ব্যবসার ছিল। প্রথম প্রথম তনস্থ শুরম্পকে বস্ত্রবিভাগেই নিযুক্ত করিলেন। স্থির হইল যে, শুরম্থ বস্ত্র লইরা গ্রামে গ্রামে বিক্রম্ব করিরা বেড়াইবে, এবং তাহা হইতে যে লাভ হইবে, তাহার চতুর্থাংশ পারিশ্রমিক পাইবে। শুরম্থ সানন্দে এই প্রস্তাবে সম্মত হইল। শুরম্থের মুথ বড় মিট ছিল। তাহারই শুণে অর্নিনের মধ্যেই সে সরল পরীবাসিগণের মধ্যে বেশ প্রার ক্রমাইরা লইল। ম্বাাচ্ছে শুক্তার বস্ত্রের সোট পৃঠে বহিন্না ধর্মাক্তকলেবর তেরমুখ গ্রামের আধ্ধ্ তলে দেখা দিলেই, বালিকা, বুজা, যুবহী দেখিতে দেখিতে তাহাকে দিরিয়া ফেলিত। গুরমুখ প্রতিজ্ঞা করিয়াছিল, যভদিন না দে একহাজার টাকা সঞ্চয় করিতে পারিবে, ততদিন সে নিজের জন্ত প্রভাহ কোনমতেই চারি প্রসার অধিক বায় করিবে না।

স্কুতরাং প্রথম হইতেই শ্বন্ধ লভাংশ হইতেও গুরুমুথের কিছু কিছু সঞ্চয় হইতে লাগিল। সে টাকা সে তনস্থথের দোকানেই জমা রাথিয়া স্কুদে খাটাইতে লাগিল।

এইরপে ধীরে ধীরে গুরমুথের ভাগ্যপ্থ পরিস্কৃত ≢ইতে লাগিল।

গুরসুথের বৃদ্ধিমন্তা ও কার্যাদক্ষতা দেখিয়া তনস্থ কিছুকাল পরেই গুরসুথকে দোকানের কাজে নিবৃক্ত করিলেন। গুরসুথের পরিশ্রমেও দক্ষতায় দিন দিন তনস্থেপর দোকানের শীর্ দ্ধি হইতে লাগিল। তনস্থ পরম প্রীত হইয়া দোকানের সমস্ত আয় ব্যয় ও হিলাবের ভার গুরসুথের উপর সমর্পণ করিলেন। গুরসুথ অবহিত্তিত্তে কর্ত্ব্যপালন করিতে লাগিল।

এইরূপে পাঁচ বংসর কাটিয়া গেল।

পাঁচ বংসর পরে সহসা এক দিন বিস্চিক।
রোগে তনমুথের মৃত্যু হইল। তনসুথের
মৃত্যুর পর তাঁহার অপ্রাপ্তবন্ধক পুত্রের।
দোকানের ভার লইতে আদিল। হিদাব
নিকাশ গৃহীত হইল। শুরুমুথ সমস্ত থাতাপত্র তাহাদের উত্তমক্পে বুঝাইয়া দিল।

হিদাবে দেখা গেল তনশ্বথের দোকানে গুরমুখের ২৫,০০০ টাকা জ্বমা আছে! দেখিয়া পুত্রেরা কিছু বিশ্বিত হইল আট টাকা বেতন এবং এক পাই মাত্র লভ্যাংশের অধিকারী গুরুমুখ পাঁচ বংসরের মধ্যে কিরুপে এত টাকা জমাইল, ভাহা তাহারা কিছুতেই ভাবিয়া পাইল না। কিন্তু থাতাপত্র সমস্তই গুরুমুখের হাতে, কিছুই বলিবার উপায় ছিল না।

পুত্রদের অবিখাদের ভাব দেখিয়া গুরুমুখ
নিতান্ত অসম্ভট হইল। বলিল, "আমি এত
দিন 'জান' দিয়া দোকানের উন্নতি করিরাছি। এক্ষণে যদি আপনাদের আমার প্রতি
সন্দেহ হইয়া থাকে, তাহা হইলে আমার
আর এস্থানে না থাকাই ভাল। আমার
টাকা আমার দিয়া দিন্, আমি অন্তত্ত চলিয়া
যাই।"

তনস্থের পুত্রগণের দোকানের কার্য্যে তাদৃশ অভিজ্ঞতা ছিল না। স্থতরাং তাহারা কালকর্ম ব্ঝিয়া লইবার অভিপ্রায়ে আরও দিনকতক গুরুম্থকে দোকানে থাকিতে বলিল।

কিন্তু "ইমানদার" গুরম্থ তাহার "ইমানে" আঘাত লাগায় নিতাস্ত উত্তেজিত ইইয়াছিল। সে কিছুতেই আর থাকিতে বীকৃত হইল না। সপ্তাহের মধ্যে সে সমস্ত টাকা উঠাইয়া লইয়া ৺তনস্থল রায়ের দোকানের পার্শেই নিজের পৃথক্ এক দোকান খ্লিল।

ર

ভনম্বথের প্তাগণের অনভিজ্ঞতার মুযোগ পাইরা চতুর প্ররুধ অল্লিনের মধ্যেই ক্রুনে জমে ভনমুথের সমস্ত গ্রাহক "ভালাইরা" গইল। দিন দিন যে অমুপাতে ভনমুথের দোকানের অবনতি হইতে লাগিল, ঠিক সেই

অমুপাতে ভাগার দোকানের উন্নতি হইতে লাগিল। প্রথমটা গুরমুখ তনস্থের অফু-क्रबर्ग क्रिवन कांशर्क्त (नाकानहे चुनिहा-हिन। कि अञ्चलित मार्था है तम तिथिन যে, সহবে বস্তবিক্রম করিয়া অধিক লাভ করা পলীগ্রামে নির্বোধ পলীবাদীকে ঠকাইয়া সময়ে সময়ে টাকায় টাকা লাভ করাও নিভান্ত কঠিন নহে, কিন্তু সহরে টাকার চারি আনা লাভ করাও অসম্ভব। কারণ সহরে দোকান অনেক এবং "গাহ্কি"রা পাঁচ দোকান না দেখিয়া "সওদা" করিতে অনিচ্ছক। স্তরাং গুরুম্থ কেবল বল্প-ব্যবসায়ে সম্ভষ্ট থাকিতে পারিল না। সে বন্ত্র-বিভাগের সঙ্গে মহাজনী বিভাগ খুলিল। এ বিভাগেও তাহার ষথেষ্ট গ্রাহক জুটিতে नाशिन।

শুরমুথের স্থান অতি অল। শতকরা
মাসিক ছই টাকা মাত্র। তাহার উপরা
তাহার কথা অতি মিট। কোন সমরেই
তাহার মুথে বিরক্তিনাই, কার্য্যে আলক্ত নাই
লেথক উপস্থিত নাই বলিয়া "হাতচিঠা"
লেথা হইল না, তাহাতেও গুরমুথের আগতি
নাই। সরল গুরমুখ কেবল সাদা কারজে
"অসুঠের ছাপ" লইয়াই টাকা দিতে প্রস্তত।
কেহ সন্ধ্যার সময়ে টাকা পরিশোধ করিতে
আসিলে "হাতচিঠা" খুঁলিয়া বাহির করিবার
জন্ত বিলম্ব না করিয়া, গুরমুখ হিসাব না
দেখিয়া, কেবল গ্রাহকের কথার উপর বিখাস
করিয়াই, থাতার "বেবাক্ ওস্থল" লিখিয়া
টাকা লইতে সন্মত! এরপ উদার মহাজনের
গ্রাহক না জুটিবে কেন ?

দেখিতে দেখিতে গুরুমুখের দোকামের

খ্যাতি চারিদিকে বিস্তৃত হইয়া পড়িল। এক বৎসরের মধ্যেই তনস্থব রাল্নের পুত্রগণকে দোকানে ''লালবাতি জালিতে'' হইল।

ইগর সঙ্গে সঙ্গে গুরুম্থ "রেভিনিউ সেলে" বিষয় থরিদ করিতে লাগিল। থিড়-কিতে দেশ করার দোকান, বসাইল (কু-লোকে বলিড, রাত্রে চোরেদের নিকট হইতে চোরাই মাল লইয়া গালাইয়া কেলিবার জন্ম এ দোকানের প্রতিষ্ঠা!)। স্থবিধা মত কিছু কিছু ভমি বন্দোবত্ত লইয়া চাষ আবাদ করিতে লাগিল। বিলাতী চিনি ধরিদ করিয়া তাহাতে গুড় ও ধ্লি মিশাইয়া দেশী চিনি প্রত্ত করিবার এবং 'দেহাত'' হইতে বিশুদ্ধ স্থত কনিয়া তাহার সঙ্গে চর্ব্বি মিশাইয়া তাহার পরিমাণ বৃদ্ধি করিবার কারখানা খুলিল।—বাণিজ্যলক্ষী শতমুথে গুরুম্থের ধনভাণ্ডার পূর্ণ করিয়া তুলিতে লাগিলেন।

দশ বংসরের মধ্যে গুরম্থ তুই লক্ষ
মুদ্রার অধিকারী হইয়া উঠিল। তাহার
যশোরাশি চারিদিকে ব্যাপ্ত হইয়া পড়িল।
ক্পেতিষ্ঠিত গুরম্প দেখিল যে, এক্ষণে লাভের
মাত্রা আরও কিছু বাড়াইয়া দিলেও কোন
অনিষ্ট বটবার আশকা নাই।

পর্দিন প্রত্যুবে বিদেশ হইতে একজন প্রাহক গুরুমুখের নিকট ১০,০০০ টাকা কর্জ লইতে আসিল। লেখাণড়া শেষ হইলে গুরুমুখ টাকা বাহির করিয়া আনিয়া স্তরে গুরে গ্রাহকের সন্মুখে সাজাইয়া দিল। গ্রাহক সমস্ত টাকা পুনরায় ভাল করিয়া গণিয়া লইল।

সমস্ত কার্যা শেষ হইল, গ্রাহকের মনে হইল, বর্থন সদরে গলাতীরে আসিয়াছে, তথন

একবার পদাসানটা অকরিয়া যাওয়া নিতার কর্মবা। কিন্তু এত টাকা লইয়া গুলায়ান নিরাপদ নহে। স্তরাং দে গুরমুখকে ব্লিল টাকা একণে আপনার নিকটেই থাকুক আমি গঙ্গালান করিয়া আগিয়া টাকা লট্ডা যাইব।'' ক্ষণকাল চিস্তা করিয়া প্ররম্থ বলিল, "আমি ষধন একবার টাকা বাহির করিয়া সমস্ত গণিয়া গাঁথিয়া দিয়াছি, তখন আর ও টাকা স্পর্শ করিব না আবার কে विभिन्ना विभिन्ना এक घन्छ। धनिन्ना छ। का अनित्व १ তবে যদিভোমার নিতাক্তই টাকা রাখিল যাইবার ইজহা হয়, ভাহা হইলে এখানে লোহার সিন্ধুক আছে, এই চাবি লও, লইয়া, তোমার টাকা দিল্লকে রাখিয়া চাবি দঙ্গে করিয়া শাইয়া যাও। তাহা হইলে, আমার দঙ্গে টাকার আর কোন দংস্রব থাকিবে না ।"

গ্রাহক সম্মত হইল। গুরমুথ দোকানে উপস্থিত দশজনকে নেথাইয়া গ্রাহকের হঙে চাবি দিল। গ্রাহক চাবি লইয়া সিন্ত্কের মধো টাকা রাথিয়া, সকলের সাক্ষাতে চাবি লইয়া গলালানে চলিয়া গেল।

এক ঘণ্ট। পরে গঙ্গান্ধান করিয়া আদিয়া সিন্ধুক খুলিয়া সে বিম্মন্তে চীৎকার করিয়া উঠিল। সিন্ধুকে এক কপদ্ধকণ্ড নাই!

শুরমুথ তথন গভীর মন:সংযোগ সহকারে শাতা লিথিতেছিল। গ্রাহক গুরমুথের নিকট আসিয়া চীৎকার করিয়া বলিল, "আপনি কি টাকা সরাইয়াছেন ?"

গুরুমুথ আকাশ হইতে পড়িল। ^{সে} স্থিময়ে কহিল, "ভূমি নিজের হাতে ^{টাকা} রাখিয়া চাবি দিয়া চাবি লাইয়া গে^{লো}

এখনো চাবি ভোমার হাতে। আমি টাকা সরাইব কিরুপে ?' উপস্থিত দশলনকে সম্বোধন করিয়া বলিল, 'অাপনারা ত সব দেখিয়াছেন, এখন দেখুন একবার ব্যাপার।' তাহারা সকলে একবাক্যে বলিল---''বাস্তবিক আমরা ত বরাবর এইখানেই বসিয়া আছি; তুমি এ কি কথা বলিতেছ ? রায়জি তোমাকেই চাবি দিলেন। তুমি নিজে টাকা রাখিয়া চাবি লইয়া গেলে। এ সকল ত ভাল कथा नम्र!" खत्रमूथ आदिशङ्ख विनन. "দেখুন, ভাগ্যে আপনাদের সাক্ষী রাথিয়া-ছিলাম। নহিলে আজ আমার কি 'বদ-নামি'ই হইত ! গুরমুধ রায় সে প্রকৃতির লোক নয়। সে কাহারও নিকট 'এক কৌডি' 'বে-ইমানি' করিয়া न हे ब्राह्ड এমন কথা কেহ কখনো বলিতে পারিবে না। তোমার ত দশ হাজার "রোপেয়া" দশ লাখ 'রোপেয়ার' জক্তও গুরমুথ রায় कथाना 'हेमान' (थाबाहरत ना !'') जकरलहे এ কথার সমূর্থন করিল। হতভাগ্য গ্রাহক অবসন্ন দেহে মাটির উপর বসিয়া পডিল-বেচারা চারিদিক শৃত্ত দেখিতোছল ৷ বহুক্ষণ ⊶≅তাশভাবে মাথায় হাত দিয়া বসিয়া বসিয়া অভাগা কপালে করাঘাত করিতে করিতে. গুহে চলিয়া গেল। অন্তর্নিহিত আনন্দের कौगद्रभिद्रथ। दयन कर्राटक ब ख छ छत्रमूर्थद লোক্তরাঞ্জক কুদ্রচক্ষে বিহাতের মত খেলিয়া গেল !

সফলকাম গুরম্থের উর্বর মন্তিফ ক্রমে ক্রমে অর্থাগমের নব নব উপায় উদ্ভাবন ক্রিতে লাগিল। যাহারা সাধা কাগজে

'আসুঠার ছাপ' মাত্র দিয়া গুরমুথের সরলভার করিতে করিতে টাকা লইয়া গিয়াছিল, তাহারা সভয়ে দেখিল যে,তাহাদের নামে গৃহীত টাকার দশগুণ টাকার জক্ত নালিশ 'দায়ের' হইয়াছে ৷ যাহারা টাকা দিতে আসিয়া হাতচিঠা ফেরত না লইয়া থাতায় 'উম্বলি''লিখাইয়া আসিয়াছিল, ভাহায়া সবিত্মদ্রে জানিল যে, তাহাদের উপর পুনরায় পুরাতন হাতচিঠার উপর নালিশ কৃঞ্ হইয়াছে ৷ এবং থাতায় 'ওমুলির' নামগন্ধও নাই! বৃদ্ধিমান গুরুমুখ সর্বাদা তিন 'সেট' থাতা রাথিতেন-এক সেট নিজের জন্ত, এক সেট গ্রাহকদের জ্বন্থ এবং এক সেট हेनकम्हारकात अरममारतत अग्र । मृह शाहक-দিগের এ রহস্ত বুঝিবার উপান্ন ছিল না।

এভান্তর যে সকল হতভাগ্য প্রাহক কোন কারণে গুরমুথের দোকান ছাড়িয়া অন্তর্ত্ত কোরবার' করিতে গিয়াছিল, তাহারা এক দিন স্বিশ্ময়ে জানিল বে, তাহাদের জ্মিজমা সমস্তই আদালতের সাহায্যে গুরমুথের হইয়া গিয়াছে। নালিশ, ডিক্রী, নিলাম, 'দথল দেহানি'' সমস্তই গোপনে সম্পাদিত হইয়াছে! জানিয়া ব্যাকুল হইয়া তাহারা ছুটয়া আসিয়া আদালতে আপত্তি জানাইল— কিন্তু তাহারা 'সমন' হইতে 'দথল দেহানি' পর্যান্ত কিছুই জানিতে পারে নাই— সাদালত এ কথা বিশ্বাস করিণেন না।

কিন্ত লোভের সীমা নাই। একদিন একজন পশ্চিম দেশীর লালা সাহেব পোপনে গুরমুথের সঙ্গে সাক্ষাৎ করিলেন লালা সাহেবের জাল করার আশ5র্ষা ক্ষমতা ছিল।

তাহার ক্ষমতা দেখিয়া বিশ্বিত হইবেন। লোভে তাঁহার কুক্ত চকুক্ত্রি দপ্তিকুর ভার জ্লিয়াউঠিল!

সেই দিন হইতে স্থব্দি গুরম্থ রার আর এক নৃত্ন কারবার আরম্ভ করিলেন। অনেক বিলাসী ও ছজ্রিরাসক্ত জমিদার ও জমিদার-প্ত শুরম্থের নিকট টাকা লইভেন। এ কারবারে লাভ যথেষ্ট ছিল। সাধারণতঃ বিশেষ প্রয়োজনের সমরেই মোসাহেবেরা আসিয়া টাকা লইয়া যাইত। এক হাজার টাকার হাতিচিঠা লইয়া আসিলে ৭৫০ টাকা দিলেই চলিত এবং স্থদ শতকরা ৭৫ টাকা চাহিলেও আপত্তি হইত না। শুরম্থ সর্বা প্রথমে এই সকল মৃত্যতি কাগুজ্ঞানহীন বাবু সাহেবদের উপরেই লালা সাহেবের লিপিনৈপ্ল্যের পরীক্ষা গ্রহণ করিতে ক্তত-সংকর্ম হইলেন।

পরীক্ষা আশাতীত সফলতা লাভ করিল।
অনায়াসে জাল হাতচিঠার উপর ডিক্রী হইয়া
গেল। পুলকিত গুরমুথ দেখিলেন যে, ইঙিপূর্বে তিনি অর্থোপার্জনের যতগুলি পদ্থা
আবিষ্কৃত করিয়াছিলেন, তাহার মধ্যে কোনটা
ইংগর মন্ত লাভজনক নহে। কিন্তু অবশেষে
একটা হাতচিঠা লইয়া শুরমুখকে কিছু বিপদে
পড়িতে হইল।

শুরমুধ একজন প্রশিদ্ধ জমিদারের নামে এক লক্ষ টাকার এক জাল হাত্তিঠা প্রস্তুত করাইলেন। যথাকালে নালিশ দায়ের' হইল। কিন্তু এবার নির্বিবাদে মোকদ্দমার ডিক্রী হইল না। রাজা হাত- তিঠা জাল বলিয়া জবাব দিলেন এবং নিজ পক্ষ সমর্থনের জন্ম প্রসিদ্ধ প্রসিদ্ধ জাইন-বাবদায়ীর সাহায়। গ্রহণ করিলেন।

শুরমুথ ও চেঠার ক্রটি করিলেন না।
অর্থায় করিয়া যথেই সাক্ষা সংগ্রহ করিলেন।
ছই চারিজন সত্যনিষ্ঠ খেতাঙ্গ পর্যান্ত সাক্ষিশ্রেণীভূক হইল। কিন্তু তাহাতেও স্থাকল
ফলিল না। দক্ষ ব্যবহারাজীবের শাণিত
'জেরার' স্তুপাকার মিথ্যাসাক্ষ্য অচিরে
ভিন্ন ভিন্ন হইয়া গেল। বিচারক হাত্তিঠা
জাল বলিয়া সিভাস্ত করিলেন।

বিবাদী বাদীর উপর জালের অভিযোগ আনিধার জন্ম আদালতের অনুমতি প্রার্থনা করিলেন—শুরমুথ প্রমাদ গণিল!

অচিরে হাইকোটে লাপীল দায়ের হইল;
কিন্তু তাঁহার উকীলেরা বলিলেন যে, আপীল
জিতিবার সন্তাবনা অল্ল। নিরুপার গুরুমুধ
অবশেষে রাজা সাহেবের হাতে পায়ে ধরিয়া
তাঁহাকে ২৫,০০০ টাকা দিয়া এ যাতা
কোন প্রকারে অব্যাহতি পাইলেন। আপীল
প্রক্তরফা ডিক্রী চইয়া গেল

কিন্ত আপীল জিতিয়াও গুরম্থ পূর্বপ্রতিষ্ঠা আর ফিরিয়া পাইলেন না। এই মোকদশ্র, লইয়া সহবে গুরুতর তুল সূল পড়িয়া গিরাছিল। ভয়ে গ্রাহকেরা গুরমুথের সঙ্গে কারবার বন্ধ করিয়া দিল। ম্যাজিপ্টেট সাহেব গুরমুথের প্রতি তীক্ষ দৃষ্টি রাথিবার আদেশ দিলেন। পুলিশ সাহেব গোপনে ভাঁহার সম্বন্ধে তন্ন তর করিয়া সন্ধান লইতে লাগিলেন।

মহাজনি আর চলে না দেখিয়া, গুরুম্থ স্মাদারি ক্রয় করিতে লাগিলেন। কিন্তু জমিদারি থারিদ করিয়া আরও বিপদ ঘটিশ।

জমিদারি থাকিলৈ মধ্যে মধ্যে ছই একটা দাঙ্গা হাঙ্গামা একপ্রকার অবশুস্তাবী। পুলিশ ও ম্যাক্সিষ্টেট সাহেব উভয়েই গুরমুপের প্রতি বিরূপ থাকার, মোকদ্দমায় গুরুমুথের পক পুন: পুন: দণ্ডিত হইতে লাগিল। প্রজার। ধর্ম্মট করিয়া থাজনা দেওয়া বন্ধ করিয়া দিল। তীক্ষবুদ্ধি শুরুমুখ বুঝিলেন, কর্তৃপক্ষকে সঙ্গ করিতে না পারিলে আর উপায় নাই। কিছুদিন চিস্তা করিয়া গুরুমুধ ক্রমে ক্রমে সাহেবদের বাসোপযোগী অনেকগুলি অট্রা-লিকা প্রস্তুত করাইলেন এবং উৎকুষ্ট গাড়ী ঘোড়া আনাইলেন। গুরমুখের সনির্বন্ধ অমু-রোধে এবং বাটীর তুলনায় ভাড়া নাম মাত্র দেখিয়া উচ্চ রাজকর্মচারিবুন্দের অধি-কাংশই দয়া করিয়া একে একে গুরুমুখের বাটীতে উঠিয়া গেলেন। গাড়ী ঘোডা डाँशाम्बर अन्याव নিয়োগিত इहेल। টিন্ত ডিন্ত তাঁহাদের বিমুখ কিয়ৎ ক্ৰমশঃ আরুষ্ট হইতে প্রতি গুরুমুধের পরিমাণে णाडीन ।

কিন্ত বৃদ্ধিমান্ গুরুমুথ ইহাতেও সম্পূর্ণ •
নিশ্চিন্ত হইতে পারিলেন না।

একজন খেতাক যুবাপুরুষ বছদিন হইতে
কর্মাইন অবস্থায় সহরে কট পাইতেছিলেন।
স্থানীয় খেতালসমাজ চেটা করিয়াও তাঁহার
বিশেষ কোন উপকার ক্রিতে পারেন নাই।
মানিক তুইশত টাকা বেতন দিয়া গুরুম্থ এই
খেতাক্স-রত্মকে নামে জ্মিদারির ম্যানেজার
নিযুক্ত ক্রিলেন।

বলা বাহুল্য, এই সকল অপব্যয়ে চিরুসঞ্চর-

শীল গুরম্থের প্রাণাস্তকর কট হইতেছিল; কিন্তু উপায় ছিল না।

মানেজার কেরি সাহেব স্থা যুবাপুরুষ।
স্থতরাং দরিদ্র ইইলেও, খেতাঙ্গ-মহিলা-সমাজে
তাঁহার যথেষ্ঠ প্রতিপত্তি ছিল। জিরিদ্ধি
সব্ডেপ্টি সাহেবের গৃহিণী হইতে জ্ঞালাহেব
ও কালেক্টর সাহেবের মহিষী পর্যান্ত সকলেই
তাঁহাকে যথেষ্ট সেহ করিতেন। স্থতরাং
রাজনীতিজ্ঞ গুরম্থ কেরি সাহেবের সাহায়ে
প্রথমে খেতাঙ্গ-মহিলা-সমাজের সহায়ভূতি
আকর্ষণ করিতে চেষ্টা করিলেন।

গুরমুথের বদান্তভায় এবং কেরি সাংহবের আন্তরিক যত্রে সাহেবদের 'ক্লাব ঘরে'' সপ্তাহে সপ্তাহে মহিলাবুলের ভোজন ও নৃত্যোৎসব চলিতে লাগিল। স্থযোগ ব্ঝিয়া, গুরমুথ কেরি সাহেবের সাহাযো মহিলা-সমাজে কিছু কিছু উপহারও বিতরণ করিলেন। জ্জ, কালেক্টরও পুলিশ সাহেবের মহিষী মূল্যবান্ ফর্লিকারে বিভ্ষিত হইলেন। গুরমুথের অনৃষ্ঠগগন হইতে হর্ভাগ্যের ঘনমেব জ্লে অরে কাটিয়। গেল।

কালেক্টর একদিন গুরমুখকে বাটীতে
ডাকাইরা তাঁহাকে বিশেষ সমাদর করিয়া
কহিলেন, "সহরে বৎসর বৎসর বেরূপ কলেরা
হৈতেছে, তাহাতে সহরে জনের কলের
আবশ্যকতা আর অস্মীকার করা যায় না।
আপনাদের মত সম্রাস্ত ব্যক্তি কিছুমাত্র
মনোযোগ করিগেই অতি সহজেই সহরে
জলের কল প্রতিষ্ঠিত হইতে পারে।"

শুনিরা গুরমুথের বক্ষঃস্থল কাঁপিরা উঠিল। নিতান্ত ব্যথিত হৃদরে জলের কলের জন্ত ১০,০০০ টাকা স্থাক্ষর করিয়া, গুরমুথ

মাজিষ্টেট সাহেবের করম্পর্শস্থ ভোগ করিয়া গৃহে ফিরিয়া আসিলেন। সেই দিন হইতে বাবু গুরুমুখ রাগ্নের প্রতি কালেক্টর সাহেবের শ্রদ্ধা সহদা অত্যন্ত বৃদ্ধি পাইণ।

হাঁদপাভালের উন্নতি, কালেন্দের প্রতিষ্ঠা, টাউনহল নির্মাণ, বস্তি সংস্থার প্রভৃতি প্রত্যেক সংকার্যোই তাঁহার নিকট সাহায্য প্রার্থনা করিয়া তিনি তাঁহাকে সম্মানিত করিতে লাগিলেন।

টাদার টাকা বাহির করিবার সময় সদাশয় গুরুমুথ নিজের বিদীর্ঘামাণ হাদয়কে কেবল এই বলিয়া আখাদ দিতে লাগিলেন (य, একবার কালেক্টর সাহেবের রূপালাভ করিতে পারিলে, সমস্ত টাকা প্রজাদের নিকট হইতে মার হুদ আদার করিয়া লইতে किছूमाळ विनच इटेरव ना।

পাঁচবংসরের অবিরাম সংকার্য্য ও বদান্তভায় গুরমূধ রাষের কলককালিমা সম্পূর্ণ মুছিয়া পেল। কালেক্টর সাহেব বাবু গুরুম্থ রায়কে রাম বাহাছর উপাধি দিবার জক্ত গবর্ণমেন্টে निश्रिष्ठा शार्शिहरन्त ।

নিশ্তি হইয়া গুরমুখ বছদিনের উপবাসী শার্দার মত প্রজাব্দের উপর পতিত हहेरनन। এक वरमरत्रत्र मर्था (कवन 'नक्रव' ও 'দেলামি'তেই প্রজাদের নিকট হইতে লকাধিক মুদ্রা সংগৃহীত হইল। শতকরা ৫০১ টাকা হাবে বাড়িয়া গেল। विश्रम अमावृत्म काल्छेत्र गारहरवत्र निक्छे আবেদন করিল। এবার কালেন্টর তাহাদের

অভিযোগ 'ছেড়াচিঠির ঝুড়িভে' নিকেপ করিলেন। বছকালের পর ক্ষতিগ্রস্ত গুরুমুখ পুনরায় চঞ্চলা কমলার কুপালাভ করিয়া সুস্ত इटेलन ।

কালেক্টর সাহেবের চেষ্টা সকল হইল। নববর্ষে বাবু গুরমুখ রায় 'রায় সাহেব' উপাধিতে ভূষিত হইলেন। কমিশনার সাহেব রাম সাহেবকে "থেলাত" দিবার সময়ে ভাঁগাকে সম্বোধন করিয়া বলিলেন, "রায় সাহেৰের দেশপ্রসিদ্ধ সাধুতা, বদাগুতা, লোকহিতৈৰণা, প্ৰজাপ্ৰীতি এবং রাজভজিতে মুগ্ন হইয়া আজু গভর্মেণ্ট নিভাস্ত আনন্দের সহিত তাঁশকে এইরূপে সমানিত করিয়া নিজের গুৰগ্রাহিতার যৎকিঞ্চিৎ পরিচয় প্রদান করিলেন। আমাদের আন্তরিক বিখাস রায়সাহের নিজের অবলঘিত স্থপণে চিরপ্রভিষ্ঠিত থাকিয়া আপনাকে উচ্চতর উপাধিলাভের উপযোগী করিয়া গভর্ণমেন্টের সুস্তোষ বিধান করিবেন।"

বলা বাছলা, রায়সাহেব কমিশনার मार्टितत वह्यमा उपापम दक्षितित क्रज्ञ छ বিশ্বত হইলেন না। তিনি তাঁহার আবিৡড≁ '"অর্ধনীতি" অনুসারে "অপভানির্বিশেষে" প্রজাপাণন ও"রাজ্যশাসন" করিতে লাগিলেন। নিরূপায় প্রজাবুন্দ, ''রায়দাহেব'' তাঁহার প্রজাপ্রীতির অন**ন্তদাধ**ারণ গুণে কেবে ''রাজাসাহেবে'' ক্রপাস্তরিভ হইয়া যান, সাশ্রনেত্রে কেবল তাহারই প্রত্তীকা করিতে नाजिन।

শ্ৰীযতীক্ৰমোহন গুপ্ত।

শ্রীক্ষেত্র ও শ্রীজগন্নাথ

হিল্পুর ধর্ম বস্তুটী বে কি, ইহা বুঝিতে হইলে, একবার কিছুদিন যাইয়া শ্রীক্ষেত্রে বাদ করা আবেশুক্। এখানে এই ধর্মের এমন একটা ভাব ফুটিয়া উঠিয়াছে, যাহা আর কোনও হিল্পুতীর্থে দেখিতে পাওয়া বায় না।

হিন্দুভূমির আর সর্বত্ত হিন্দুধর্মের জাতি-বর্ণের আশেষ বৈষমা ও আচার-বিচারের কঠিন বাঁধাবাঁধিই দেখিতে পাই। কিন্তু শ্রীজগল্লাথ-ক্ষেত্তে আদিয়াই এক অভুত সামা ও আশ্চর্যা মুক্তভাব দেখিয়া থাকি।

হিন্দুসমাজের সর্বত্ত বিধি-নিষেধের কড়াকড়ি প্রতিষ্ঠা করিয়া, মনে হর যেন, হিন্দুর সনাঙন সাধনা এই পুরীধামে আপনার চিরন্তন লক্ষ্য যে একাস্ত অভেদ-সাধন, ভাহারই একটা চাকুষ ছবি দেখাইবার চেষ্টা করিয়াছে।

সচরাচর হিন্দ্র বদ্ধভাবটাই আমাদের
চক্ষেপড়ে। হিন্দ্র আচার-বিচারের বাঁধাবাঁধি দেখিয়া মনে হয় বেন, তারণ মত এমন
বদ্ধনীর জগতে আর নাই। মামুষের সহজ
প্রার্তিগুলিকে আর কোনও ধর্মো এমন
কঠিন করিয়া বাঁধিয়া ছাঁদিয়া রাখে নাই।
কোন্দিন্কি থাইবে কি না ধাইবে, কার
সঙ্গে সে, যে বসিবে দাঁড়াইবে,—এ সকল
অতি ক্ষুত্র বিষয়েও হিন্দুর কোনও স্বাধীনতা
নাই। কিন্তু এ সকল বন্ধন যে হিন্দুর
ধর্মের চরম লক্ষ্য নয়, কিন্তু অবান্তর উপায়
মাত্র, এ সভাটা প্রচার করিবার জন্মই যেন
শীক্ষেত্রের পুণাতীর্থের প্রতিষ্ঠা হইয়াছে।

শ্বলবিস্তর বিধিনিষেধের বন্ধন জগতের সকল ধর্মেই আছে। কিন্তু হিন্দুধর্মে এক দিকে বেমন এই সকল বিধিনিষেধের একটা আত্যস্তিক আতিশ্যা দেখিতে পাই, অক্সদিকে সেইরূপ এ সকল কিছুই যে ধর্মা-জীবনের স্থায়ী বিধান নহে, ইহাও দেখিয়া থাকি। একদিকে, ধর্ম্মজীবনের নিয়তর অধিকারে, এ সকল বিধিনিষেধের অত্যস্ত প্রভাব , অক্সদিকে, উচ্চতর অবস্থায়, আবার সর্কবিধ বিধিনিষেধের একাস্ত অভাবও দেখিতে পাই। ইহাই হিন্দুধর্মের বিশেষ্ড।

কথনও কোনও খৃষ্টীয়ান্ বা মুদলমান
সাধক তাঁহাদের ধর্মের বিধিনিষেধ সকল
অভিক্রম করিতে পারেন না। এক জন
খৃষ্টীয়ানের বা মুদলমানের পক্ষেয়াহা অবৈধ,
সকলেরই পক্ষে তাহা অবৈধ। এক
অবস্থার যাহা প্রতিপাল্য বা বর্জনীয়।
প্রবর্তাবস্থার যাহা ধর্ম ও কর্তব্য, সিদ্ধাবস্থাতেও ভার ব্যতিক্রম সম্ভবে না।

পাপ, আর পাপের অপরিহার্যা পরিণাম ষে নরকভোগ, ডাহা হইতে অব্যাহতি লাভ করাকেই খুষ্টীয়ানেরা এবং মুসলমানেরা সচরাচর মুক্তি বলিয়া গ্রহণ করেন। হিন্দুর মুক্তির আদর্শ ইহা অপেকা একটু উদার। পাপ ও পুণা উভয়ের অতীত অবস্থাকেই हिन्दू मुक्ति करहन। मुक्तावद्यात्र हिन्दूत रय क्विया भाषहे थाकि ना, छाहा नहि, भूगा छ ছায়াতপের ভায় পাপ-পুণ্য থাকে না। সঙ্গে অপরে অচ্চেদ্য যুগাবস্তঃ একের বোগে আবদ্ধ; একের উপস্থিতিতে স্ফুটা-কারেই হউক বা বীজাকারেই रुष्ठेक. অপরের উপন্থিতি অনিবার্যা। পাপ थाकित्वहे भूगा अधिकत्व ; भूगा थाकित्वहे পাপও থাকিবে। স্থপ ও হুঃধ, শীত ও গ্রীম, মান ও অপমান, স্থাতি ও নিন্দা, এ সকল যেমন নিতাযুক্ত হইয়া আছে, পাপ এবং পুণ্যও সেইরূপ। এ সকলকে হিন্দুর শাস্ত্রে হৃত্ব কছে। আরু মুক্তির অবস্থা এ সকল ছদের অতীত অবস্থা। দলতীত জীবই হিন্দুর চক্ষে একমাত্র মুক্ত জীব। ষিনি এই ফ্লাতীত অবস্থা লাভ করিয়াছেন, তাঁর পক্ষে কোনও বিধিও নাই নিষেধও, নাই। তাঁর জাতি-বর্ণের, আচার-বিচারের, ব্রত-নিম্নমের, যাগযজ্ঞের, কোনও কিছুরই অপেক্ষা আরু নাই। তিনি এ সকলের অতীত, তিনি খাধীন, খারাজ্যে প্রতিষ্ঠিত। এই যে স্বাধীনতা-এই যে স্বারাক্যলাভ, ইহাই হিন্দুর ধর্মের ও হিন্দুর সাধনার চরম লক্ষ্য। গাহ श्वावरतत्र, ममाब-कीरतत्र, सर्पत्र किया কর্ম্মের অশেষবিধ বিধিনিষেধ ও ভেদবিচার এই চরম লক্ষ্য লাভেরই সাধন ও সোপান-

রূপে হিন্দু সাধনায় [']প্রতি**ন্ঠি**ত হইয়াছে। এ সকল উপায় মাত্র, উদ্দেশ্য নহে। এ গুলি সাময়িক বিধান, নিভাকালের নিয়ম নছে। আর এ সকল বিধিনিষেধ যে অবাস্তর আক্ষিক, সাময়িক উপায় মাত্র, ধর্মের সনাতন উদ্দেশ্য ও আদর্শ নয়, ইহা দেখাইবার দভই যেন এই পুরীতীর্থের প্রতিষ্ঠা হইয়াছে। এই ভীর্থের দেবতাকে হিন্দু জগরাণ বলিরা ডাকেন। তাঁর এই নামকরণ যে একটা অর্থহীন আকস্মিক ব্যাপার এমনও শ্রীজগনাথের দক্ষে তাঁর মনে হয় না। শ্রীক্ষেত্রের রীতিনীতির ও আচার-বিচারের একটা নিগুড় অসাদী যোগ রহিয়াছে বলিয়া বোধ হয়। পুরীর দেবতা যেমন জগলাথ, কাশীর দেবতা দেইরূপ বিশেষর; বুলাবনের সেইরূপ শ্রীগোবিন্দ:জ। গোবিন্দ, তিনিই বিখেশব ; তিনিই আবার জগन्नाथ,--देश मछा। हिन्तू वालनात हेंहै-দেবতাকে বহু নামে ডাকেন বলিয়া, তিনি যে এক ন'ন, কিন্তু বহু, এমন অন্তত কথায় বিশ্বাস করে না। অতি প্রাচীন কালেই হিন্দু এ সকল অসংখ্য নামের অন্তরালে যে একই অথগু অধৈত বস্তু বিগাৰ ৰবিতে-८इन. इंटा खानियाছिल। आभनात সाधनात অতি শৈশবেই তিনি এটা ধরিয়াছিলেন—

"একং সন্ধিপ্রাঃ বছধা বদক্ত্বে"

এক স্ত্যুকেই পণ্ডিতেরা বছ নামে
ডাকিরা থাকেন। যিনি ইন্দ্র, তিনিই অগ্নি,
তিনিই বক্তব্য, তিনিই গ্রন্থ। যিনি
তিনিই শ্রীগোবিন্দ বা শ্রীকৃষ্ণ,
তিনিই বিশেশর, এ বিষয়ে হিন্দুর কথন ওই
কোনও দ্বিধা ছিল না ও নাই। কিছু শ্রুরপতঃ

_{ইহারা} সকলেই এক হুইলেও, রূপতঃ ইহারা বিভিন্ন। সন্থার সমতা থাকিলেও, প্রকাশের বৈষমা আছে। একই পরমতত্ত্বের ষে দিক্টা বিষেধ্র প্রকাশ করিয়াছেন, শ্রীগোবিন্দ ঠিক দে দিকটা প্রকাশ করেন নাই। আবার জগন্নাথ যে দিকটা প্রাকাশ করিয়াছেন, বিশ্বেশ্বর বা গোবিন্দ ইংছাদের (कडडे তাহা প্রকাশ করেন নাই করেন না। বি**শ্বেখরে** ভগবানের ঐশ্বর্য্যভাবের ঐকান্তিক প্রতিষ্ঠা হইয়াছে। আব্রহ্মন্তব পর্যান্ত সমুদার ব্রহ্মাণ্ডের যিনি ঈশ্বর, কর্তা, নিয়ন্তা, যাঁর মহত্তে আমাদিগকে একান্ত অভিতৃত করিয়া, ভয়বিহ্বণ চিত্তে আমা-দিগকে তাঁহা হইতে দুরাৎ স্থদুরে শইয়া যায়, তিনিই বিশ্বেশ্বর।

ध्वरामित्वयः श्रुक्यः श्रुवानः

ত্মশু বিশ্বস্থ পরং নিধানম্। বেস্তাহিদি বেদ্যঞ্চ পরঞ্চ ধাম

ত্বয়া ভতং বিশ্বমনস্তর্মপ॥"

বিখেষরকে এই ভাবেই আমরা বন্দনা করিয়া থাকি। আর বিখেষরে যেমন এই বিশারকর ঐথর্য্যের প্রকাশ, সেইরূপ গোপী-জনবাভ শ্রীক্রফে বা শ্রীগোবিদে অসাধারণ মাধুর্য্যের প্রকাশ। গোপীভাবে যারা সাধন ভজন করিতে পারেন না, তাঁদের পক্ষেশ্রক্রফকে "নাথ" বলিয়া সম্বোধন করা সাজেনা। শ্রীক্রফ সাক্ষাৎভাবে কেবল রাধানাথই, পরোক্ষভাবেই তাঁহাকে লোকনাথ বলিতে পারি, কিন্ত শ্রীক্রসায়াথে এ হ'রের কোনও ভাবই প্রকাশিত হয় নাই। জগরাকৈ বিশেষরের ঐশ্বর্য্যভাব নাই; অথচ শ্রীক্রফের বে ব্রজভাবের অনক্রসাধারণ মাধুর্য্য, তাহাও

नारे। এখানে একটা মাঝামাঝি-একটা মিত্রভাব ফুটিয়া উঠিগাছে। বিখেশর বিশের ঈশ্বর—অগণা কোটা লোকের প্রভুও নিষ্তা। কিন্তু প্রভুর দঙ্গে তাঁর অধীন জন-গণের মুম্বরটা সকল সময়ে একান্ত মনিষ্ঠ ও নিতান্ত ব্যক্তিগত নাও হইতে পারে। ভগবান্কে প্রভূরণে দেখিলেই যে দাদা-ভিমান জন্মে ও দাস্তরসের সঞ্চার হয়, এমনও নহে। এ সংস্থরে এমন অনেক প্রভু ত দেখিতে পাই, ঘাঁহাদের অগণ্য দাসনাসী আছে, কিন্তু ইংাদের কাহারো সঙ্গেই হয় ত তাঁর কোনও ব্যক্তিগত সম্বন্ধ নাই। আর এই যে অন্তর্ফ বাক্তিগত সমন্ধ ইহাই দাস্ত রদের আশ্রয়। বিশেশরের প্রভূত্বও এই জাতীয়। কিন্তু "নাথ" যাহাকে বলি, তিনি যত বড়ই হউন না কেন. তিনি আমার আপনার জন, আমিও তাঁর আপনার জন। তিনি আমার সাকাৎ আশ্রেয় ও অবলম্বন. তাঁর দলে আমার সম্বর সাধারণ নহে, কিন্তু বিশেষ। আর 'জগলাথে' এই সম্বন্ধের ঘনিষ্ঠতা ও বিশেষত্বই বুঝাইয়া থাকে। প্রভুর পরিচারকদিগের মধ্যে. কেহ বা তাঁরে অন্ত-রঙ্গ ভূতা, কেহ বা তাঁহার দুরস্থ ভূতা, এমন হইতে পারে এবং হইয়াও থাকে। সক্ষে বাজার বাজোব সকল প্রকার সম্বন্ধ সমান ঘনিষ্ঠ হয় না। ভূত্য ও পরি-চারক-মগুলীর মধে। শ্রেষ্ঠ নিরুষ্ট উচ্চ নীচ ভেদাভেদ থাকিতে পারে मर्खना है (प्रशिक्त भारती यात्र। त्राकात राकार প্রজাবর্গের মধ্যে একপ তেপবিরোধে রাজার সন্মান বা প্রজার সঙ্গে তাঁর যে সম্বন্ধ তার কোনও ব্যাঘাত উৎপন্ন হয় না।

জগরাথের জগতে এ দকল ভেদ-বিরোধের স্থান হয় না। তিনি দকলের নাথ, তাঁরে নিকটে দকলেই দমান, দকলের দঙ্গে তাঁর একই দক্ষ, স্তরাং কেহ আর কাহাকেও হীন বা হেয় ভাবিতে পাবে না। খুটীয় সাধনা ঈশরকে পিতা বলিয়া, মানবদমাজে যে দাম্যের প্রতিষ্ঠা করিছে, হিন্দু ভগবানকে প্রীরন্ত্রাধাথ বলিয়া, এই পুণ্যতীর্থ প্রীক্ষেত্রে ভদপেক্ষা গভীরত্তর, উয়তভর্ম, উদারতর্ম, বিশালতর, সামা সাধনের আরোজন করিয়াছেন।

এইজন্মই শ্রীক্ষেত্রে জাতি-বর্ণের কোনও বিচার নাই। শ্রীক্ষগন্ধাথের মন্দিরে প্রাহ্মণ চণ্ডাল সকলেরই প্রবেশাধিকার আছে। আর জগন্নাথের মহাপ্রসাদ প্রাহ্মণ চণ্ডাল সকলে মিলিয়া কাড়াকাড়ি করিয়া একে অন্তের হাত ও মুথ হইতে লইয়া অবাধে গ্রহণ করিতে পারে।

অগরাপের ভোগের প্রদাদী অরবাঞ্জন যেখানে বিক্রী হয়,সে স্থানকে''আনন্দ্রাজার" ক হে। এই ''আনন্দ-বাজারে'' বান্ধণেরা সকল প্রকারের কুণ্ঠা পরিহার করিয়া, সমাজে ধাহাদিগকে নীচ, অস্তাজ্জাতি বলেন, তাহাদের হাত হইতেই এ স্কল অন্নবাঞ্জন কিনিয়া আহার করেন। । এ বাজারে জাভিবর্ণের বিচারের গন্ধও নাই। এমন কি, এখানে উচ্ছিষ্ট-বিচার পর্যান্ত নাই। একজন যে হাঁড়ী হংতেই নিজের হাতে বাঞ্জনাদি তুলিয়া, ভাহা চাকিয়া অবশিষ্ট ভাগ আবার দেহ হাঁড়ীতেই ফেলিয়া যাইডেছে, অপরে, ভিন্ন ও উচ্চ বর্ণের লোক হইয়াও, আবার সেই হাঁড়ী হইতেই সেই উচ্ছিষ্ট ভক্ষ্য গ্রহণ করিয়া চাকিয়া দেখিতেছেন। नवारक, हिन्तूत नांधनात्र, हिन्तूत हरक यांहा অকথ্য অনাচার, এই "আনন্দ বাজারে", সদাচার বলিয়া পরিগণিত। কেবল জগনাথের ই মহিমা।

জগনাথের শ্রীমন্দিরের প্রাক্তণের এই

বাজারকে কে কবে আনন্দবাজার বলিয়া ডাকি গাছিল, জানি না। এ স্থানকে আনন্দ. বাজার যে কেন বলা হইয়াছে, ইহা অনুমান করা একাস্ত কঠিন কথা নহে। হিন্দুসমাজে যে জাতিবর্ণের ভেদাভেদ প্রতিষ্ঠিত হইয়াছে তাহা যে বস্তুতঃ মামুষের পরস্পারের সঙ্গে সহছ স্থাের সম্বরের আনন্দের স্বর্বিস্তর ব্যাঘাত **জন্মাই**য়া **থাকে, ইহা অনুভব ক্রিয়া,** এখানে **এ সকল ভেদাভেদ নাই বলিয়াই** জগন্নাথের কোনও বিশ্বপ্রেমিক ঐক্তের এই বাজারকে আনন্দবাজার নাম দিয়াছিলেন বলিয়া মনে হয়। এ বাজার সহজ মামুষের সহজ প্রেমের বাজার। এ প্রেমের সংস্পৰ্শৰাভ যে করে নাই, তার এ পুণাতীর্থে যাইবার অধিকার আছে কি ?


এই ক্রান্ত বস্ততঃ মনে হর, প্রীক্ষেত্রে বাইবার অধিকারী সকলে নয়। বে আদাণ আভিক্রান্তোর অভিমান এখনও প্রাণে প্রাণে পোষণ করিভেছেন, তাঁর প্রীক্রগন্নাথকেরে বা হয়া বিড়ম্বনা মাত্র। যে চণ্ডাল আপনার জাতিবর্ণগত হীনতার ভারে পীড়িত ও সেই হীনতাবোধে সর্বানাই যার আত্মাভিমানে আঘাত লাগিয়া থাকে, ভারও এখানে বাইবার প্রকৃত অধিকার নাই। ভগবংক্রপার, ইইনাম জপ করিতে করিতে যার—

সর্বজীবে হয়, প্রশ্নভাবোদয়, চিদানন্দ জেগে উঠে

সেই জগনাপক্ষেত্রে যাইবার প্রীকৃত
অধিকারী। সে'ই শ্রীমন্দিরের এই "আনন্দবাজারের'' প্রকৃত মর্ম্ম ব্রিয়া থাকে। আর
এইজন্তই সকল সম্প্রদারের হিন্দুসাধকেরা,
কাবনের শেষ নশার, সাধনার চরমাবস্থায়,
সর্বপ্রকার ঘন্যাতীত হইয়া, জীবনুক্তিলাভ
করিয়া বা লাভ করিবার প্রকালে এই
প্রীধামে 'আসিয়া, হিন্দুর সনাতন ধর্মের
শ্রেষ্ঠতম আন্দক্ষে লোকচক্ষে ফ্টাইয়া তুলিতে
চেন্তা করেন। ইহাই শ্রীক্ষেত্রের বিশেষ্ড।
এখানেই এই প্রাতীর্ষের প্রকৃত মাহাত্মা।

বঙ্গদৰ্শন







আমাদের বাড়ীতে প্রতিবংসর তুর্গাপৃজ।

হইত। ধনীর ঘরের পূজা নয়, মধ্যবিত্ত

গৃহস্তের বাড়ীর পূজা। বড় বড় সহরের

গাহেব খাওয়ান, বাই নাচান, বাজি-পুড়ান,

বিলাস বৈভব-ছড়ান পূজা নয়; গ্রামের

শালা মাটা পূজা। সে পূজায় শৈশবে ও

বাল্যে, এবং তার পবেও, প্রথমযৌবনে

পতিবংসরই যোগ দিয়া আসিয়াছি।

ক্রমে সে যোগ কাটিয়া গেল। আজ আট
ক্রিশ বংসর ত্র্গার সঙ্গে ও ত্র্গাপ্জার সঙ্গে

সকল প্রকারের সাক্ষাৎ সম্পর্ক ঘৃচিয়াছে।

এই সুদীর্ঘ অনভ্যাসেও ত্র্গোৎসবের

খানন্দ-স্থতিটুকুর এক কণাও এ প্রাণ হইতে

আজিও শরৎকালের প্রথর স্থাকিরণে
এমন একটা স্নিগ্ধত। জড়াইয়া থাকে, ষড়ঋতুর আর কোনও ঋতুতে স্থালোকের
ভিতরে কুখনও যার সন্ধান এ পর্যান্ত পাই
নাই। পূজার শদ্ধ-কাশর এবং ঢাকঢোলের
রোলে প্রাণের ভিতরে সর্বাদাই কি ধেন
একটা ভাব নাচিয়া উঠে, গুনিয়ার কোনও
বাজনায় কখনও যাহা জাগিয়া উঠে নাই।
হুর্গোৎসবের ক'টা দিন যে বছরের আর

মৃছিয়া যায় নাই।

সকল দিনের মতন নয়, দীর্ঘজাবনস্ঞ্চিত যুক্তিবাদের প্রভাবেও এ ভাবটা নষ্ট করিতে পারে নাই।

আমি তো আর হুর্গার কেউ নই! হুৰ্গাও তো আমার আজ কেউ নন! আপদে विপদে আর তো হগা। হগা। বলিয়া কাঁদিনা। প্রত্যুষে আর তো দুর্গানাম স্থরণ করিয়া শ্যাত্যাগ করি না। আমার গৃহে আর তো বোধনের ঘটস্থাপনা হয় না। পুরোহিত আদিয়া আর তো শান্তি-স্বস্তায়নে চণ্ডীপাঠ করেন না দৈবজ্ঞ আসিয়া তো আর বছর বছর প্রতিমা রচন করেন না। তন্ত্রধারক তো আর "ঘণ্টাম্বা পরশুমাইপি বামতোপি নিবোধতঃ" বলিয়া পূজার মন্ত্র উচ্চারণ করেন না। "ছিন্দিঃ ছিন্দিঃ পট পট স্বাহা" বলিয়া তো আর ছাগাদি পশুর উৎসর্গ হয় না। "মা!" "মা!"-মুণরিত প্রাঙ্গণে খার তো বলির বাদ্য বাজিয়া উঠে না। সন্ধ্যায়তো আর আরতির সঙ্গীত ধ্বনিত হয় না। প্রত্যুধে তো আর

"জাগো মা! কুলকুগুলিনী! শতদল মাঝে শস্তু সহিতে কত আরে নিদ্র। যাবে জননী।" বলিয়া কীর্দ্তনীয়াগণ আসিয়া তো ত্র্গার বন্দনা করেন না। বছ, বছ দিন এ সকল তোবন্ধ হইয়া গিয়াছে। বছ, বছ দিন তো ত্র্গাকে ছাড়িয়াছি। কিন্তু কি স্বদেশে কি বিদেশে, কি বন্ধনে কি মুক্তিছে, ত্র্গাপ্জার আনলস্মৃতিটুকু তো আমায় এক দিনের ক্ষন্তও ছাড়ে নাই। এ কি কেবল বাল্য-সংস্কারেরই ফল গ

আরে। হাজার রকমের সংস্কারের ভিতরে তো জনিয়াছি ও বাড়িয়া উঠিয়াছি; কিন্তু তার একটাও তো এমন করিয়া আমায় দথল করিয়া বসে নাই। জাতি-বর্ণের, আচার-বিচারের অসংখ্য সংস্কারকে তো অবলীলাক্রমে, ভাঙিয়া চূড়িয়া, ধূলিসাৎ করিয়া, উড়াইয়া দিয়াছি। কেবল এই বড় বড় ক'টা পূজা পার্কানের প্রভাবটাই একেবারে এড়াইতে পারিলাম না কেন ? ইহার কি কোনও নিগুচ় অর্থ নাই ?

হুর্গাকে যথন ছাড়িলাম, পূজা যথন বন্ধ করিলাম, তখনও পূজার কটা দিন যে বছরের আর সকল দিনের চাইতে বড়, এ ভাবটা তো কিছুতেই কাটাইতে পারিলাম না। সকল দেশটা যখন এক অপূর্ব্ব ভাবের বস্তায় ভাসিয়া যায় তখন মাথা উঁচু করিয়া শুক্ষ তর্ক-যুক্তির ব্রহ্মডাঙ্গায় যে বসিয়া থাকিতে পারে, পারুক; আনি কখনও পারি নাই। আর পারি নাই যে এ কথা মুক্তকঠে স্বীকার করিতেও লজ্জিত নই।

দুর্গাপৃজা ছাড়িয়াও, সর্বাদাই পৃজার ক'টা দিন একটু বিশেষভাবে কাটাইতে চেষ্টা করিয়াছি। কখনও বা বন্ধু-বান্ধবকে লইয়া কেবল খাওয়া-দাওয়া ও মামোদআবলাদ করিয়াছি। কথনও বা ভজনকীর্ত্তনাদি করিয়া শারদীয় উৎসব করিয়াছি।
দেশগুদ্ধ লোক যথন এক অপূর্ব্ব অন্তুপম
আনন্দোৎসবে মাতিয়া উঠে, তখন তাদের
সঙ্গে মতামতের মিল নাই বলিয়া, এই
মহোৎসবের আনন্দম্মেতের বাহিরে পড়িয়া
থাকাটা যে একটুকুও আবশুক বা স্থ্যকর,
এমনটা কখনও ভাবি নাই। আর দেশের
লোকের এই "ভূতপরন্তি" ছাড়াইবার জন্মও
কখনও একান্ত বান্ত হই নাই।

ইহার একটা কারণ হয় ত এই যে, আমি নিজে দেশপ্রচলিত ক্রিয়াকাণ্ড বজন করিলেও এ সকল পূজা-পার্বাণে যে কোনও পাপ হয়, এমনটা কথনও কল্পনা করি নাই। প্রতিমার পূজা হইতেই কেবল বিরত হইয়াছি, জীবনে কখনও ফেরাজি হই নাই। আমার পিতৃপিতামহ সকলে এমন অকপট ভক্তি ও আত্যন্তিক শ্রদা সহকারে, আজনকাল এমন কঠোর তপস্তা করিয়া, কেবল পাপই অর্জ্জন করিয়া এতটা বেয়াদ্বী গিয়াছেন, দুর্বিনীত প্রাণেও কখন স্থান পায় সাই। আমি এ সকল ছাড়িলাম, আমার ভাল লাগে নাই বলিয়া। আমার শ্রদ্ধা এ সকলে আর রহিল না বলিয়াই, অপরাধ ভাবিয়া, এ সকল পূজা-পার্বাণ পরিত্যাগ ফরিলাম। কিন্তু যাঁদের ভাল লাগে, যাঁদের শ্রন **ठिया याय नार्ट, याँदा क नकत्न आन**ण, আরাম, শান্তি পাইয়া থাকেন, তাঁদের পক্ষেও এ সকল পাপকর্ম; এ কথা কখনও ভাবি নাই। উনবিংশ খুষ্টশতান্দীর প্র⁵⁰

অালোকেও আমাকে এতটা সর্বজ্ঞ করিয়। তুলিতে পারে নাই।

হুৰ্গা-পূজা ছাড়িয়। আমি নিজে যে কোনও প্রকারের বিশেষ ক্ষতিগ্রস্ত হইয়াছি, এমনও ভাবি না। হুগা আমায় যা' দিতে পারিতেন, তা' বালোই দেওয়া হইয়াছে। হুর্গোৎসবে আমার যতটুকু বিকা**শ** ও ক*ল্যা*ণ করিতে পারিত; সে টুকু বৈশবেই পাইয়াছি। তুর্গাকে যখন, ভগবৎক্রপায়, আমি ছাড়াইয়া উঠিলাম, তখন হুৰ্গাও ছাডিলেন। এ ছাড়াছাড়িতে আমায় হুর্গারও অবমাননা আর আমারও কোনও অকল্যাণ হয় নাই। কিন্তু ছুর্গোৎসবের সঙ্গে সকল প্রকারের সম্পর্কশৃত্য হইয়া আমার সন্তান-সন্ততিরা যে একেবাবেই ক্ষতিগ্রস্ত হয় নাই, এমন কথা সাহস করিয়া বলিতে পাৱি না।

শৈশবে যথন হুর্গাপূজায় যোগদান করিতাম, তখন হুর্গা যে কে, ইহা ভাগ করিয়া বুঝিতাম, এগন কথা বলি না। আঙ্গও হুর্গা যে কে, ইহ। বুঝিয়াছি, এমন ম্পর্দ্ধা করি না। তুর্গা যে আছেন, জার কোনও চাক্ষ্য প্রমাণ কখনও পাই নাই। হুর্গা যে নাই, তারও কোনও অকাট্য যুক্তিও কোন দিন দেখাইতে शांति नारे। हिन्दूत (नवरनवीगण नाधक-কল্পনা প্রসূত রূপক 71 স্মাধিলভ্য ^{স্তা} বস্তু, জানি না। তবে দেবদেবী शंकित्नहे (य लेश्वरतत स्थत्य नष्टे हा, ता (पराप्तरीरा विश्वाम कतिराहे वह-केश्वताम योकांत्र कता दय, এमन खढुठ व्यायोक्तिक কথা মানি না। এ সংসারে অগণ্যকোটী জীব

রহিয়াছে, কেহ বা বিবর্ত্তনগোপানের নিয়-তর, কেং ব। উচ্চতর স্তরে রহিয়াছে। কিন্তু এ সকল আছে বলিয়া ঈশবের একত্ব তো নষ্ট হয় না। তবে মামুষের উপরে, মানুষের চাইতে স্থাতর বলিগা মানব-ইন্দ্রিরে অতীত, কোনও শ্রেষ্ঠতর জীব यिन थारक, जारां रहेलाहे ने बरतत अनग-প্রতিদ্বন্ধী ঈশিষ বা অথগু একতা নষ্ট হইবে কেন ?—কোনও যুক্তিতর্কের স্বারা এ তত্ত্বের নাগাল কখনও পাই নাই। হুর্গা প্রভৃতি দেবতা যে সত্য সতাই আছেন, हेश कानि ना। वाँदा (य वाखिवकहे नाहे এমন কথাও বলিতে পারি না। **শৈশবে** এঁরা আছেন, বিখাস করিতাম, আর তখন আমার ধর্মজীবনের পক্ষে এ বিশ্বাসই যথেষ্ট ছिल।

"ঈশ্বর নিরাকার, চৈতন্ত্র-স্বরূপ" অতি শৈশবে যে এ উপদেশ পাই নাই, ইহা পরম সৌভাগোর কথা মনে করি। "ঈশ্ব নিরাকার, চৈত্রস্বরূপ" ই**হা ধর্মে**র মাঝখানের কথা, আদির কথাও নয়, শেষের কথাও নয়। ধর্ম-বিবর্ত্তনের ইতিহাসে সর্ব্বত্রই আদিতে ঈশ্রত্ত্ব সাকার, ইন্দ্রিয়-थारक, राष वाहरवन, व नकन ধর্মগ্রন্থ তার সাক্ষী। বেদের প্রাচীন প্রাচীনতম ঈশ্বর-তত্ত্ব সাকার, নিরাকার নহে। অগ্নি, বরুণ, মরুৎ, ইন্দ্র, প্রভৃতি বৈদিক দেবতাগণ চাক্ষুষ বস্ত। এই প্রাক্বত অগ্নি, এই প্ৰত্যক আকাশ, এই বায়ু, এই বজ্রধারী মেঘ, ইহাঁরাই শেদের আদিতম দেবতা। ইহাঁরা কেহই "নিরাকার চৈতক্ত-নহেন। পুরাতন বাইবেলের স্বরূপ"

জিহোভা বা এল এলোহিম (The Lord Almighty)ও ঠিক নিরাকার চৈত্রস্বরূপ নহেন। আদি মানব আদম লুকাইয়া ছিল বলিয়া তিনি আড়ালে তাহাকে না দেখিতে পাইয়া, ডাকাডাকি হাঁকাহাঁকি করিয়াছিলেন। তিনি এব্রাহেমের শশুখে আসিয়া তাহ।র সঙ্গে সর্ত্তবদ্ধ হংয়া-ছিলেন। জেকবের সঙ্গে আঁধার ঘবে তিনি সারারাত কুন্তি করিয়াছিলেন। জগতের সকল ধর্মের আদিম বিবরণ হইতে মানুষ যে কোথাও প্রথমে নিরাকার চৈত্র-স্বরূপ ঈশ্বতত ধরিতে পারে নাই-সর্বত্ত যে আদিম ঈশরতত্ব সাকার ও ইন্দিরগ্রাহ ছিল, ইহার বিস্তর প্রমাণ পাওয়া যায়। আর প্রত্যেক মানব-শিশুতে সমগ্র মানব-জাতির বিবর্তনক্রমটা পুনরাবর্ত্তিত হয় বলিয়া, আমাদের শৈশবের ঈগরতত্ত্ত কথনওট "নিরাকার চৈতন্তস্তরূপ" হয় না। নিতান্ত শিশুদিগকে এ তুরহ তত্ত্ব শিখাইবার চেষ্টা করিলে, তাহাতে কখনওই কোন সুফল ফলে বলিয়াও বোধ হয় न।

ঈশ্বর নিরাকার চৈতগ্রস্বরূপ এ কথা তো জন্মাবধিই আমার সন্তানসন্ততিরা শুনিয়া আদিয়াছে; কিন্তু বস্তুটী যে কি, ইহা একজনেও কথনও ধরিতে পারিয়াছে বলিয়া মনে হয় না। বরং ইহার বিপরীত প্রমাণই মাঝে মাঝে পাইয়াছি। একদিন আমার একটা অপগণ্ড বালিকা ধন্ধ্যাকালে একান্তে বসিয়া আপনার মনে বলিতেছিল "হে জগদীশ্বর, তুমি আমায় ভাল কর! আমাকে হাতে পায়ে ধরিয়া তোমার কাছে লইয়া যাও।" শিশুরা সকল বিষয়ই

অমুকরণ করিয়। শিক্ষ**। করে, এ** অদূত উপাদনাও এই বালিকা অমুকরণ করিয়া শিখিয়াছিল। কিছুক্ষণ পরে, তার "উপাসনা" শেষ হইলে. আমি তাকে कतिनाम-" इंटे (य এटे कशनी धत वाल, প্রার্থনা কল্লি, জগদীখর কে জানিস ?" সে জোর করিয়া বলিল—"জানি বৈ কি ?" "তিনি কে, কোথায় থাকেন ? তো ?" বালিক। উত্তর করিল, "তাঁকে আমি চিনি, তিনি ভবানীপুরে থাকেন।" বালিকার উত্তর শুনিয়া আমরা হাসিয়া উঠিলাম. কিল্প কাহাকে (স নির্দেশ করিয়া এ অভুত ঈশ্বরতত্ব প্রচার कतिन, वृश्विनाभ ना। वृश्विनाभ (कवन (य আমাদের হাজার চেষ্টা সত্তেও এই শিশুর বৃদ্ধি ঈশব্বকে কিছুতেই "শুদ্ধ নিরাকার হৈততাম্বরূপ" বলিয়া ধরিতে পারে নাই। ইহার কিছুদিন পরে, তাহাকে লইয়া ঢাকা হইতে কলিকাতা আসিলাম। পথে সে জাহাজে উঠিয়া, হঠাৎ দৌভিয়া আসিয়া বলিল — "বাবা, জগদীমর এই জাহাজে আছেন। সতিয় বল্ছি, আমি তাঁকে দেখেছি।" কথাটার মর্ম কিছুই তথ্ন বুঝিতে পারিলাম না, কিন্তু তুপ্রহরের সময় আহার করিতে যাইয়া দেখি, সেথানে বিজ্ঞান।চার্য্য শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু মহাশয় বসিয়া আছেন। তখন জানিলাম[•]আমার কোমলমতি বালিকা কাহাকে আমাদের नकरनंत छेशाय क्रानीयत विद्या ध्रियी লইয়াছিল। সে দিন হইতেই বুঝিলাম ছোট ছোট শিশুদিগকে নিরাকার চৈত্র-স্বরূপ ঈশবতত্ত্ব বুঝাইবার চে**টাটা কত উ**দ্ভট ও অযৌক্তিক।

আর এই জঠাই, অতি শৈশবে এই নিরাকার চৈত্ত্য-স্বরূপ ঈথর-তত্ত্ব কেহ শিক্ষা দেয় নাই বলিয়া, নিজেকে আজ পরম সৌতাগ্যবান মনে করিতেছি। আর অকালে, অপ্রবয়সে, অধিকার লাভ করিবার পূর্কে, আমার সন্থানসন্ততিরা এই শ্রেষ্ঠতর তত্ত্বের মৌথিক উপদেশ গুনিতেছে বলিয়া বাস্তবিকই অনেক সময় তাহাদিগকে একান্ত হতভাগ্য বলিয়াও যে ভাবি না, তাহা নয়। শৈশবে কালীত্বৰ্গার পূজায় যোগ দিতাম বলিয়া, আপনাকে এক রত্তিও ক্ষতিগ্রস্ত মনে করি না। কালী হুর্গা প্রভৃতি সত্য বা মিগ্যা, বস্তু বা কলনা যাই হউন না কেন, তাহাতে আমার শৈশবের ধর্মজীবনের কোনওই হানি হয় নাই; মুক্তকণ্ঠে ইহা ধীকার করি। কালাত্র্পার পূজা পরিত্যাগ করিয়াও এই সত্য কথাটা কখনওই স্বাকার করিতে কুঞ্চিত বা লজ্জিত হই নাই।

ফলতঃ মানবজাতির ধর্ম-বিবর্ত্তনের ইতিহাসের আদিতে কোথাও আজি পণ্যন্ত এই নিরাকার চৈত্যুবরূপ ঈথরতত্ত্বের প্তিষ্ঠা খুঁজিয়া পাই নাই। কেহ যে কৈথিও পাইয়াছেন, এমন কথাও ভনি নাই।পণ্ডিতের। কেহ ব। প্রেড-পূজায় আর কেহবা প্রকৃতি-পূজায়, এ ছ্'এর কোনও একটীর মধ্যে মানবীয় ধর্মের আদি বাঁজ আবিষ্কার করিয়াছেন। কিন্তু কেহই নিরাকার চৈত্তা-স্ক্রণ ঈশ্র-ভত্তে ধর্মের মূল প্রতিষ্ঠিত করেন নাই। মানবস্মাজের ধর্মের আদিতে যাহা পাওয়া যায় না, মানব-শিশুর ধর্মজীবনের একেবারে প্রথমে তাহাকে ফুটাইয়া তুলা কখনওই সম্ভব

নহে। মানবীয় ধর্মের উৎপত্তি-স্থানে, আমরা ইতিহাসের সাক্ষ্যে, কেবলমাত্র হুইটী বস্তু দেথিতে পাই – এক অতি প্রাক্তের অমুভূতি, অপর একটা পবিত্রতার ভাব। এই অতি-গ্রাকতের অন্নভূতিকে ইংরাজিতে Sense of the Supernatural বগাহয়। আর এই প্রিত্রতার ভাবকে Idea of Holiness বলা হয়। ভূত-প্রেতে বিখাস, দেবদেবাতে বিখাস, এ সকলই অতিপ্রাক্তরে অমুভূতি হইতে উৎপন্ন হয়। প্রত্যক্ষ অপ্রাণীতে প্রাণধর্ম আরোপ করিয়া, অপ্রত্যক্ষ উপায়ে ইহারা যে এডুতভাবে আপনাদের শক্তি-সাধ্যের প্রত্যক্ষ প্রমাণ দিতে পারেন, এরপ বিশাস করাই, অতিপ্রাক্তে বিশাস করা বলা যায়। শৈশবে কালী হুর্গা প্রভৃতি দেবতায় আমাদের যে বিধাস ছিল, তাহ। ঠিক এই জাতীয়। এ বিখাদ তর্কযুক্তির দারা শোধিত বা সমর্থিত হয় নাই। আধ্যাত্মিক ব্যাখ্যার মারা ইহা স্থসংস্কৃত হইয়া উঠে নাই। কালীহুর্গা প্রভৃতিকে প্রভূতণক্তিণালী. অতিনামুষিক ক্রিয়াক্ষম অথচ মান্তবেরই মতন সমধর্মাপর বলিয়া মনে করিতাম। রোগ হইতে তাঁরা ভাল করিতে পারেন, কি করিয়া যে করেন তাহা জানিতাম না ও বুঝিতাম না, কিন্তু ইচ্ছাকরিলে ভাল করিতে পারেন, ইহা বিধাস করিভাম। স্থুতরাং পিতা মাতা প্রভৃতি ভালবাসার জন গাঁহারা, তাঁদের অসুখে বিস্থুখে, করযোড়ে, কাতরকণ্ঠে, অশ্রু-পূর্ণনয়নে এই সকল দেবদেবীর প্রসাদভিক্ষা করিতাম ও তাঁহাদের নিকটে নানা প্রকারে "মানত" করিতাম। এইরূপে এহ

मकल (प्रवादिक आधार कतिशांहे देनमार्व বিখাদের অ**তিপ্রাকুতে** অনুশীলন হইয়াছিল ইহা অল্প সৌভাগ্যের কথা নহে। কারণ সে বয়সে, নিরাকার চৈতন্যস্ত্রপ-ঈশ্বতত্ত্বের **উপদেশ** করিবার শক্তি তো ছিল না। সেরপ উপদেশ হয় সেই নিরাকারতত্তকেই বৈশবের সহজ বৃদ্ধি কোনও না কোনও রূপে একটা সাকার বস্তু করিয়া তুলিত, জার না হয়, অদৃগ্রে ভাবনা সন্তবে না বলিয়া, সে ঈশরতত্তকে একেবারেই শুন্তে উড়াইয়া দিয়া পরজীবনের নাস্তিক্য-বুর্নির ভিত্তিটাকে গড়িয়া তুলিত। কিন্তু শৈশব-স্বভাবসুল্ভ সহজ কল্পনার সাহায্যে অতি প্রাক্তে বিশ্বাদের যথাযোগ্য অনুশীলনের কোনওই সুচারু ব্যবস্থা করিতে পারিত 711

थृष्टियान् धरार्य व। यूनलगान् धरायं আমাদের হিন্দুধর্মের মতন দেবদেবীর স্থান নাট বলিয়া, সেথানে নিরাক।র ঈশরতত্ত্বর উপরেই শিশুদিগের ধর্মবিশ্বাস বা ধর্মজীবন গড়িয়া উঠে; -হঠাৎ এমন কল্পনাও করা ষায় না : কারণ, খুষ্টীয় ঈশ্বরতত্ত্ব যতই নিরাকার হউক ন। কেন, যিওখুষ্ট যে । নিতান্ত "নিরাকার চৈত্ত্য-মরূপ" নহেন, ইহা সকলেই জানেন। আর যিগুর ছব, যিশুর মূর্ত্তি, ধূপদীপাদি দারা যিশু ও তাঁহার মাতা মেরীর আরতি—রোমান ক্যাথালিক্ খুষীয়ানু সম্প্রদায় মধ্যে সর্ব্বত্রই প্রচলিত রহিয়াছে। স্তরাং রোমান্ ক্যাথালিক্ शृष्टीयान्मधनौतः यिखवारमत मरकं हिन्सूत বড বেশী পার্থকা নাই। দেববাদের

चात (आर्षेष्ठाणे शृष्टीमान् मध्यनाम मर्ति तहन। कतिया यिखत शृक्षा करतन ना वरहे; কিন্তু প্রত্যেক ধর্মবিদ্যালয়েই (ইংরেজিনে এগুলিকে Sunday School বলে) যিশুর জীবনের ভিন[ু] ভিন্ন অবস্থার ও ঘটনার বহুবিধ চিত্ৰপট সাজান থাকে। এগুলিকে আশ্রয় করিয়াই, প্রোটেষ্ট্যাণ্ট থুষ্ঠীয়ান্দমাজের শিশুদিগের অতিপ্রাকৃতে বিখাদের ষথেষ্ট অনুশীলন হইয়া থাকে। তা' ছাড়া খৃষ্টীয়ান ধর্মোপদেষ্টাগণ মুখে মুখে ঈশ্বর ও শয়তান স্বন্ধে যে স্কল উপদেশ দিয়া থাকেন, তাহাকে আশ্র করিয়াও, খৃষ্টীয়ান শিশুগণ অতি সহজেই আগনাদের শৈশব-স্বভাব-স্থল ভ কল্পনার সাহায্যে একপ্রকারের দেববাদ গড়িয়া তুলিতে পারে ও সর্ববেই প্রায় গড়িয়া তুলে। মুদলমানেরা প্রায়ই কোনও মৃর্টি রচনা বা ঈশবের কোনও প্রকারের শারীর ধর্ম কল্পনাও করিতে চান না সভা। কিন্তু এথানেও পার, প্রগ্রুর, প্রভৃতির প্রতিষ্ঠা হইয়া, শৈশবের ধর্মের একটা প্রতাক্ষ আশ্রের স্ট হইয়াছে। এগুলিকে অবলম্বন করিয়াই মুসলমান শিশুগণসর্ক্ত ধ্র্ম-মূল যে অতিপ্রাক্ততে বিশ্বাস তাহার কতকটা অনুশীলন করিয়৷ অত এব একটু তলাইয়া দেখিলেই দেখিতে পাওয়া যায় যে "নিরাকার চৈতনুস্বরূপ" ঈশ্বরতত্ত্বকে আশ্রয় করিয়া,জগতের কোণাও মামুবের শৈশব-ধর্ম গড়িয়া উঠে না। এরপ চেষ্টাতে কেবল বিপরীত ফল্ই উৎপন্ন হয়।

এই জন্মই অতি শৈশবে এই নিরাকার-তব্বের উপদেশ পাই নাই, কিন্তু
কালী হুর্গা লক্ষ্মী স্বরস্বতা প্রভৃতি দেবদেবাগণের আশ্রয়েই দে কোমল বয়সের সরল
ও সহজ ধর্মজীবন বাড়িয়া ও গড়িয়া
উঠিয়াছিল, ইহা পরম সোভাগ্যের কথাই
মনে করি। ফলতঃ শৈশবের ধর্মজীবনকে
গড়িয়া তুলিবার পক্ষে প্রচলিত হিলুধর্ম্মের
ক্রিয়াকাণ্ডের মতন এমন ফুল্ব ও সমাচিন
ব্যবস্থা আর কোনও ধর্মে আছে কি না
সল্পেহ। আর হিলুধর্মের বহুমুখীনতাই ইহার
প্রধান কারণ।

জগতের অপরাপর ধর্ম মান্তবের প্রকৃতির এক একটা বিশেষ অঙ্গকেই নিশেষভাবে অধিকার করিতে চেষ্টা করিয়াছে, তার সকল দিককে একান্তভাবে জুড়িয়া বসিতে চাহিয়াছে কি না জানি না। খুষ্টীয়ান প্রভৃতি ধর্ম একদিকে মানুষের মনকে, তার মত ও বিখাস, ভাব ও সিদ্ধান্তকে অধিকার করিতে চাহে; অন্তদিকে, ভাহার বাহিরের সামাজিক ও পারিবারিক সম্বন্ধ ও সেই সকল সম্বন্ধের কর্ত্তবাঞ্চলিকে নিয়মিত করিবার চেষ্টা করে। মুসলমান ধর্মেও অন্ধরপ প্রয়াসই দেখিতে পাই। এ সকল ধর্ম। মান্থবের কৃচি ও প্রবৃত্তি, ভোগ ও বৈরাগ্য, আচার ও ব্যবহার অন্তর-বাহিরের সকল বিষয়কে পরিতৃপ্ত ও পরিপূর্ণ করিবার বিচিত্র চেষ্টা করে না। এ সকল ধর্ম সংসার ও পরমার্থের মুধ্যে একটা আত্যন্তিক ভেদ-বিরোধের সৃষ্টি করিয়া মামুষের কতকগুলি প্রবৃত্তিকে ধর্মের বহিরে ফেলিয়া রাখে। আর মপর কতকগুলি বৃত্তি ও প্রবৃত্তিকে ধর্ম্মের

অধিকারে আনিয়া,তাহাদিগকে বিবিধ ভাবে वैषिया ছाँ पिया ताथिए हाटि। शृष्टीयान বা মুদলমান ধর্মে এই জন্ম থাত্যা-দাওয়া, নাচগান, আমোদ-প্রমোদ, এ সকলের সঙ্গে ধর্মের কোনও সাক্ষাৎ ও আত্যন্তিক যোগা-যোগ নাই। এ সকল সম্বন্ধে কতকগুলি মোটা মোটি বিধি নিষেধ আছে মাত্র; কিছ এ সকলের ভিতর দিয়াই যে ধর্মকে সাধন করিতে হয়, এ সকল যে ধর্মকর্মোর অঞ্চ. এমন ভাবটা খুষ্টীয়ান বা মুগলমান ধর্মে নাই! হিন্দুর ধর্মে এই ভাবটী খুবই কৃটিয়াছে। আর হিন্দুর দেববাণই ইহার মূল কারণ। এই সকল দেবদেবীর পূজা-অর্চনায়, জীবন্ত, প্রত্যক্ষ মানুষের সম্প্রনার যে সকল আয়োজন করিতে হয়, সেইরূপ আয়োজন না করিলে, পূজা পূর্ণাঙ্গ হয় না। স্মতরাং এ সকল ক্রিয়া-কর্মে এমন একটা সহজ, শোভন, স্বাভাবিক মানুষী ভাব আছে, यार। शृशियांनी वा गुप्रन्यांनी ভक्रन-সাধনে পাওয়া যায় না। এই মানুষী ভাবটীর জন্মই হিন্দুর ক্রিয়াকাণ্ড জ্ঞানরদ্বের ও বয়োরদের চক্ষে যতই কেন অকিঞ্ছিংকর ও বালক্ত্মুচক হউক না, শিশুদিগের পক্ষে অতিশয় উপযোগী হইয়া থাকে।

ছুর্গা কে, জানিতাম না। তিনি কৈলাস
হইতে বংসরে একবার করিয়া পৃথিবীতে
আদেন, শুনিয়াছিলাম; কিন্তু কৈলাস যে
কোথায়, ভাহাও জানিতাম না। কিন্তু এ
সকল অজ্ঞতা বা অজ্ঞানতা আমার শৈশবের
ছুর্গাপূজার কোনওই বাধা উৎপাদন
করিত না। চক্ষের উপরে, কাঠ থড় মাট
দিয়া ছুর্গার কাঠাম নির্শ্বিত হইত,

দেথিতাম। কিন্তু এই হাতে গড়া কাট থড়ের भृदिंगेरे यथन স্থাজ্জিত হইয়া, মহাগঞ্জার প্রত্যুষে ধৃপ দীপ নৈবিদ্যাদির দ্বারা অর্চিত হইত, তখন যে তাহা অচেতন পুত্তলিকা মাত্র, এমন ভাবটা মনে স্থান পাইত না। সন্ধ্যাকালে চণ্ডীমণ্ডপের বারান্দায় দাঁডাইয়া বড় বড় ধুনচী হাতে লইয়া, আমরা বালকের দল যখন দেবী-প্রতিমাকে ধূপ-ধুমে ছাইয়া ফেলিতাম, তথন দীপালোক-সমুজ্জ্বল ধূপগন্ধমোদিত. কাশরঘণ্টা-প্রভৃতির-আরত্রিক-বাল্ল-মুধরিত চণ্ডীমণ্ডপের মাঝথানে সেই দেবীপ্রতিমা যেন ভক্তের বন্দনায় তুষ্ট হইয়া হাসিতে-ছেন, এমনই বোধ হইত। আর মহা-নবমীর রাত্রিশেষে যখন আবার ধূপদীপ জালাইয়া দিতাম, তখন সেই প্রসর মুখই যেন আসর বিরহ ভাবিয়া ক্রমে বিষয় হইয়া যাইতেছে, এমনটাই অহুভব করি-তাম। বিজয়ার দিনে প্রতিমা বিদর্জন, করিয়া যখন বাড়ী ফিরিয়। আসিতাম, তথন আর চণ্ডীমগুণের দিকে চাহিতে সাহস হইত না। এখনও কখনও ঘটিয়াছে যে বিজয়ার পরের দিন প্রাতঃকালে চণ্ডী-মণ্ডপের দ্বারে আসিয়া, দেবীশূতা দেবতার ঘর দেখিয়া চক্ষের জল সংবরণ করিতে পারি নাই। এ সকলই কেবল কল্পনার (थला ছिन मत्पर गारे। किस धर्माकीयत বিশেষ ধর্মের ভাবাঞ্গ-সাধনে, আমাদের পরিণত বয়সের জ্ঞানদৃপ্ত সাধন-ভঙ্গনেই স্ত্যের প্রতিষ্ঠা কতটা আর কল্পনার প্রভাবই বাক্তটা, কে বলিতে পারে? কল্পনাই ধর্মের প্রাণ। আর যে কল্পনাকে

আশ্র করিয়া এই তুর্গোৎসবের আনন্দটুকু জাগিয়া উঠিত, বৈশবের ধর্মজীবন
গঠনে, তাহা যে কতটা সাহায্য করিয়াছে,
তার পরিমাণ করা সম্ভব বলিয়া বোধ
হয় না

ফলতঃ হর্গোৎসব আমার শিশুজীবনের সকল দিকটা এমনভাবে জড়াইয়। থাকিত. যে, বলিতে কি, পরিণত বয়দের স্থুসংস্কৃত ব্রন্ধোৎসবত তেমন করিয়া আমাকে কখনও আঁকড়াইয়া ধরিতে পারে নাই। ব্রকোংদবে যে আনন্দ পাইয়া থাকি. তাহা মান্দিক ; ভিতরকার বস্তু। অন্তরের আদর্শের প্রাকাশে তার উৎপত্তি। এ আনন্দ নিরাকার: মানসকল্পনাকে আশ্রয় করিয়া ইহার ুর্ত্তি হইয়া থাকে। সঙ্গীত, সুশ্লিত বাক্যযোজনা, চিত্তহারিণী কবিকল্পনার সঙ্গে, একটু আগবু ভক্তিরস মিশ্রিত হট্য়া, এর উৎগ্রানন্দের সৃষ্টি করিয়া থাকে। কলাসাহিত্যের অনুশালনে মানুষ যে গভীর আনন্দ উপভোগ করে, ইহা কিয়ৎ পরিমাণে দেই জাতীয়। কচিৎ কোনও সাধুভক্ত জনে ইহা আরও গভীরতা লাভ করে বটে, তখন স্বেদকম্পপুলকাঞ প্রভৃতি ভাবের লক্ষণ তাঁহাদের ফুটিয়াও উঠে। কিন্তু সাধারণ উপাসক ও কোতাগণ ব্রফোংসবের যে আনন্দ সম্ভোগ করেন, তাহা কেবল সাহিত্যরস হইতেই উৎপন্ন হইয়া থাকে। এইজন্ম সম্বক্তাগণই সর্বাদা এই উৎসবের আনন্দকে জাগাইয়া তুলিতে পারেন; সাধকের আধ আধ কথায় এ কোয়ারা ছুটিয়া উঠে না। কিন্তু শৈশবে হুর্গোৎসবে যে আনন্দ পাইতাম

ভাগ কেবল মানসিক বস্ত ছিল না। শরীর, মন প্রাণ, ক্ষুদ্রজীবনের সকল অঙ্গকে পূর্ণ করিয়াই তাহা ফুটিয়া উঠিত; আর সেই জন্মই বুঝি সে পুরাতন আনন্দের স্থৃতির এককণাও আজ পর্যান্ত নষ্ট হয় নাই।

আমার বালকবালিকারা আজ ব্রহ্মোৎ-স্বের সময় ব্রহ্মমন্দিরের প্রাঙ্গণ-ভূমিকে কোলাহুল পূর্ণ করিয়া, উপাসকগণের উপাসনার কেবল ব্যাঘাতই উৎপাদন করিয়া থাকে, কিন্তু দে উৎসবে কোনও প্রকারেই সাক্ষাংভাবে সামিল হইতে পারে না। একটু বড় হইলে, কেহ কেহ বা মন্দির সাজাইতে যায় বটে; কিন্তু মার্কেট হইতে ফুলপাতা কিনিয়া আনিয়া মন্দির সাজান আর দেবতার পূজার জন্ম পুপ আহরণ করা এক কথা নহে। একে আমাদের ললিতকলার অনুশীলন হয় মাত্র! কিন্তু ভক্তি বা শ্রদ্ধার বা সাস্তিক্যভাবের অনুশালন হয় না। সাজাবার জন্ম (য দুল বা পাত। সংগৃহাত হয়, তাহাকে পারে দলিলেও প্রাণে লাগে না। সে পাতাও ^{দুল} ছুঁইতে ও ধরিতে কোনও সংযম ও শক্ষোচের ভাব পাণে জাগে না। তাহার সঙ্গে অন্তরের শ্রদ্ধা মাধিয়া থাকে না। ণৈশবে যথন পূজার দিনে নিশা যোগে উঠিয়া, হাত পা ধুইয়া, কাপড় ছাড়িয়া, ঙ্গ হইয়া, বাগানে বাগানে ফুল তুলিতে ^{যাই তাম}, তখন প্রাণের ভিতরে যে আন*ন*, ^{ষে} শঙ্কা, ধে শ্ৰুকা জাগিয়া উঠিত, সৈ ^{ভাবটী} জীবনে আর কথনও পাইলাম নাঁ ^{তো।} আমর। বুট পায়ে দিয়া পাল্টলুন কোট পরিয়া, চেয়ার বেঞ্চে ব্সিয়া, দেবতার

পূজা করি। শুচি বা অশুচি, স্নাত বা অসাত, এ সকল বিচারের সঞ্চে আমাদের ধর্মকর্মের কোনও সম্পর্ক নাই, স্ত্রাং শৈশবের সে সশঙ্ক, সে সমন্ত্র, সে স্থান, সে কি জানি অপরাধ হইতেছে, ভাব, এখন আর নাই। কিন্তু দে ভাবটী একদিন ছিল বলিয়া আজো যা একটু भाषपू समार्थ थाएन चाह्न, हेहा नर्सनाहे অন্নত্তৰ করিয়া থাকি। ফুল তুলিয়া, বেলপাতা ধুইয়া, ধুপধুনো জালাইয়া শৈশবে আমিও হুর্গাপূজায় সামিল হইতাম। সুতরাং সে পূজা কেবল পুলোহিতের পূজা ছিল না। আমার নিজেরও তার দঙ্গে যোগ ছিল। ব্রহ্মোৎসবে তো আমার সন্তানসন্ততিদের এমন কোনও যোগ থাকে না। তাদের তো কথাই নাগ, এ উৎদৰে আমরা সকলেই শ্রোতাও দ্রগ্রী মাত্র, কর্ম্মকর্ত্তা কেবল একজন, বেদিতে বসিয়া আপনার মনোমত স্তবস্তৃতি করিয়া থাকেন, সে-ই আচার্যা। হর্গোৎসবে যেমন তন্ত্রধারক মন্ত্র-উচ্চারণ করিতেন, ব্রক্ষোৎ-স্বেও আচার্য্য সেইরূপই মন্ত্র উচ্চারণ করেন, উপাসকমণ্ডলী তাহা শুনিয়া, যথাসাধ্য তার অনুরূপ ভাব আপনার প্রাণে জাগাইতে চেষ্টা করেন মাত্র। কখনও বা এ (5 है। निकल इया कथन ७ वा इय ना। कि इ ছুর্নোৎসবের কেবল মন্ত্র-উচ্চারণই এক মাত্র কর্ম নয়। কেহ বা ধূপদীপ জ্বালাইয়া দেয়, কেহ বা ফুল তুলিয়া আনে, কেহ বা বেলপাতা ধুইয়া দেয়, কেহ বা নৈবেল্প দাজাইয়া দেয়, কেহ বা বলির আয়োজন করে, কেহ বা ভোগের জোগাড়

অতিশয় প্রীতিভাজন বহুমান্তাম্পদ বা অতিথি-অভ্যাগত বাড়ীতে আণিলে. বাড়ীর আবালরদ্ধবনিতা সকলেই থেমন তাঁর সেবার আয়োজনে নিযুক্ত হয়; হিন্দুর হূর্গোৎসব প্রভৃতি বিশেষ বিশেষ পর্নাহে, বড় বড় পূজার সময়, যজমানের বাড়ীর ও আত্মীয়কুটুম্বদিগের সকল লোকে সেইরূপ কোনও না কোনও বিষয়ে, দেবতার অর্চনার আয়োজন করিয়া থাকেন। আর এই যে সকলে মিলিয়া পূজার ব্যবস্থা করিতে হয়, ইহাতে পূজার ফলাফলের ভাগীও সকলেই হইয়া থাকে। এই পূজার ভিতর দিয়া যতটা ধর্মাকুশীলন হইতে পারে. তাহা স্বল্পবিস্তর পরিমাণে, সকলেই লাভ করিয়া থাকেন।

তার পর তুর্নোৎসবের আর একটা অতি
বড় দিক্ আছে— দেটা সামাজিক লোকলৌকিকতার দিক্! আধুনিক সভ্যতার
চাপে এদিক্টা ক্রমে লোপ পাইবার উপক্রম
হইয়াছে। কিন্তু আমি যে ছুর্না-পূজার কথা
সাক্ষাৎসন্থকে জানি, তাহাতে এদিক্ট। খুবই
কুটিয়াছিল। একদিকে প্রাত্তঃকালে দেবতার
পূজার যেমন ঘটা; অক্সদিকে অপরাহ্
হইতে আরম্ভ করিয়া রাত্রি দ্বিপ্রহরের পর'
পর্যান্ত দেইরূপ লোকজনকে থাওয়াইবার
ভিড়। আর দে কি খাওয়ান! পূজার
আরোজনে যেমন শ্রুনা, বিনয়, ভক্তি জাগিয়া
থাকিত, অতিথি-অভ্যাগতের অভ্যর্থনাতেও

তেমনি ছিল। সেধানেও গৃহস্বামী গলবন্ত্র ,হইয়া, আমন্ত্রিতদিগের সমুখে নগ্ৰপ্ৰ দাঁড়াইরা থাকিতেন। এ ক্ষেত্রে জ্বাত-বর্ণের বিচার ছিল না। ভিন্ন ভিন্ন জাতির অতিথির। ভিন্ন স্থানে, আপন আপন গংক্তিতে ভোগন করিতেন বটে; কিন্তু গৃহকর্তা ও তাঁর প্রতিনিধিগণ সকলেরই নিকট সমভাবে গললগ্নীক্তবস্ত্রে দাঁড়াইয়া সকলের সেবার তত্ত্বাবধান করিতেন। বরং যাঁরা গরিব, যারা নাচ জাতের, ধারা ভিন্ন ধর্মের, তাঁদের নিকটে এই বিনয় সৌজন্ত যেন বেশি করিয়াই ফুটিয়া উঠিত। ইহাও পূজার একটা প্রধান অগ ছিল। একটু বড় হইলে, পৃঞ্জার **আ**মন্ত্রিত-দিগের পরিচর্য্যার ভার আমার উপরেই অনেকটা আসিয়া পড়ে। আর এইরুণ লোকণোকিকতার যে উন্নত উদার শিক্ষা হর্গোৎসবের সমধ পাইতাম, পরজীবনে আর কোথাও তাহা পাই নাই।

এইরপে হুর্গাপূজা শৈশবে ও বাল্যে আমার ক্ষুদ্র জীবনের এতটা স্থান এমনভাবে অবিকার করিয়া বসিত বলিয়া, আজও পর্যান্ত তাহার প্রভাব ও পুণাস্মৃতি এ প্রাণ হইতে বিন্দু পরিমাণেও মুছিরা যায় নাই। তাই আজও পূজার বাদ্যে প্রাণের ভিতরের শত প্রাচীন তন্ত্রী ধ্বনি ও ইইয়া উঠে এবং হুর্গাকে মানি আর না মানি, তাঁর এই পূজার আনন্দ্রোতের বাহিরে থাকিতে বাশ্তবিকই প্রাণে ক্লেশ পাইয়া থাকি।

শ্রীবিপিমচক্র পাল।

নিমাই-চরিত্র

প্রথম অধ্যায়

জনা ও শৈশ্ব

পূর্ণিমা, শকাদের ফাল্পনী নবদ্বীপের রাহুগ্রস্ত। সন্ধাকাল, চন্দ্র যাবতীয় নরনারী হরিধ্বনি করিতে করিতে ভাগীরথীতীরে সমাগত। এখন জগরাথ মিশ্রের পত্নী শচীদেবী এক অপুর্ব্ব কুমার প্রস্ব করিলেন। হরিংবনির মধ্যে এই বালকের জন্ম, হরিনাম-কীর্ত্তনে তাঁহার ভাবন অতিবাহিত এবং হরির বিরহ:শাকে তাহার জীবনান্ত হইয়াছিল।

মাতামহ নীলাম্বর চক্রবর্তী বালকের
শরীরে মহারাজলক্ষণসমূহ দেখিয়া বিস্মরে
অভিভূত হইলেন। গোড়ে বিপ্রারাজা হইবে
এমন প্রবাদ ছিল। চক্রবর্তী ভাবিতে
লাগিলেন এই বালকদারাই কি সেই প্রবাদ
সফল হইবে? যথাবিধি বালকের জন্মপত্রিকা প্রস্তুত হইল। জন্ম-পত্রিকাকার
বলিলেন "এই বালক সাক্ষাৎ নরায়ণ।
ইনি ধর্মসংস্থাপন ও ধর্মপ্রচারের দারা
জগতের উদ্ধারসাধনের জন্ম অবতার্ণ
ইয়াছেন। বিষ্ণুদ্রোহী যবন পর্যান্ত এই
শিশুর চরণ ভজনা করিবে।"

পুত্রের ভাগ্যফল শুনিয়া জগন্নাথ মিশ্র ও শচীদেবী আনন্দে বিহ্বল হইলেন। ফুল্ফ, সানাই, বংশী প্রভৃতির বাদ্যের স্হিত বালকের জন্মোংসব অনুষ্ঠিত হইল। পুর-জীগণ নবকুমারকে আশীর্কাদ করিয়া প্রাঞান করিলেন।

বয়োর্দ্ধির সহিত শিশুর চঞ্চলতা পরি-লক্ষিত ১ইতে লাগিল। চারিমাস বয়সে শিশু গৃহস্থিত দ্ৰব্যজাত ছড়াইয়া ফেলিত এবং গৃহদ্বারে জননীর পদশক শুনিবামাত্র বিছানায় যাইয়া সুশীল বালকের মত শয়ন করিয়া থাকিত। গৃহস্থিত দ্রব্যাদি কে স্থান-চ্যুত করিল, তাহা লইয়া তখন জনকঞ্জননীর মধ্যে গভার গবেষণা আরম্ভ হইত। যখন ক্রন্দন করিতে আরম্ভ করিত, তখন কিছুতেই তাহাকে শাস্ত করা যাইত না। অবশেষে ক্রন্দন নিবারণের এক অসাধারণ উপায় আবিষ্ণত হইল। দেখা গেল বিষম ক্রদনের মধ্যেও হরিধ্বনি কর্ণে প্রবেশ করিলেই শিশু শান্তভাব ধরেণ করিত। তদবধি শিশু ক্রন্দন আরম্ভ করিলেই গকলে হরিধ্বনি করিতেন।

ষষ্ঠমাসে যথাবিধি নামকরণ-সংস্কার
অনুষ্ঠিত হইল। মিশ্র-দম্পতীর অনেক
পুত্রকল্যা নষ্ট হইয়া গিয়াছিল বলিয়া পুরশ্ধীগণ শিশুর নিমাই নাম রাখিলেন। শিশুর
জন্মের পরে দেশব্যাপী ছর্ভিক্ষ প্রশমিত
হইয়াছিল বলিয়া পণ্ডিতগণ তাহার নাম
রাখিলেন "বিশ্বস্তর।" সন্মুথে স্থাপিত ধাল,
শ্রীমদ্ভাগবত, থড়ি, স্বর্ণ ও রৌপ্যের মধ্যে
শ্রীমদ্ভাগবত পুস্তক গ্রহণ করিয়া শিশু ভাবী
জীবনের ইঙ্গিত দান করিয়াছিলেন।

জামু গতি শিখিবার পর একদিন এক

সর্প দেখিতে পাইয়া শিশু তাহাকে জড়াইয়া ধরিল। শিশুর স্পর্শে সর্প কুগুলী করিয়া পড়িয়া রহিল—শিশু তাহার উপর শুইয়া থাকিল। দূর হইতে দেখিতে পাইয়া পিতা-মাতা দৌড়িয়া আদিলেন। সর্প পলাইয়া গেল।

হাটিয়া ক্ৰমে নিমাই বেডাইতে সুগোগল-মস্তক, চাঁচর-কেশ. শিখিলেন কমললোচন, আজানুলন্বিত-বাহু, অরুণা-ধর, পরিসরবক্ষ, গৌরকান্তি শিশু যথন হেলিয়া ত্বলিয়া বেড়াগত, তথন ভাহার কন্দর্পবিনিন্দী রূপ দেখিয়া সকলে ময়নে চাহিয়া থাকিত এবং নানাবিধ সুমিষ্ট খাত দিয়া তাহার সস্তোষ বিধানের চেষ্টা করিত। স্ত্রীলোকগণ নিমাইকে দেখিলেই হরিথবনি করিত—নিমাই তখন আনন্দে নত্য করিয়া উঠিতেন। হরিনাম শুনিয়া নিমাই ত সম্ভ হইতেন যে প্রাপ্য মিষ্টা-ল্লাদি তিনি এই সমস্ত স্ত্রীলোকদিগকে আনিয়া দিতেন।

কিন্তু বালকের ছ্রন্তপনা ক্রমেই বর্দ্ধিত
হইতে লাগিল। অনেক সময় তাহার
দৌরাত্ম্য মাত্রা ছাড়াইয়া উঠিত। অন্য
শিশু দেখিলেই, নিমাই তাহাকে নানা রূপে
উত্যক্ত করিতেন এবং সে কাঁদিয়া না উঠা
পর্যান্ত নিরন্ত হইতেন না। কথনও প্রতিবেশী-গৃহে অলক্ষিতে প্রবেশ করিয়া তত্রস্থ ভোগ্য দ্রব্য সমস্ত খাইয়া আসিতেন, আবার
যাহার গৃহে থাবার কিছু মিলিত না, তাহার
হাঁড়ী কুড়ী সমস্ত ভাঙ্গিয়া ফেলিতেন, যদি
কথনও ধরা পড়িতেন তথন পায়ে পড়িয়া
ক্রমা চাহিতেন। কিন্তু সমস্ত অত্যাচার
প্রতিবেশিগণ নীরবে সহু করিত।

একদিন এক হৈছিকি বাহ্মণ ভীৰ্য পর্যাটন করিতে করিতে নবদ্বীপে জগলাল মিশ্রের গৃহে উপনীত হইলেন। মিশ্র_র পরম সমাদরে তাঁহার অভার্থনা করিয়া তাঁহার রন্ধনের আয়োজন করিয়া দিলে। বালগোপাল মন্তে দীক্ষিত ব্ৰাহ্মণ ব্ৰুন সমাপনান্তে যেমন ইষ্টদেবতাকে অনু নিবেদন করিবার জন্ম উপবেশন করিয়া-ছেন, অমনি দিগধর, ধুলিধুসরিত-কলেবর বালক নিমাই কোথা হইতে আসিয়া বাংশণের পাত হইতে একথাস অন্য লইয়া খাইয়া ফেলিগ। বালকের কাও দেখিয়া মিশ্ৰ মহাকুৰ হট্যা তাহাকে করিতে উদ্যত হইলেন, কিন্তু ব্রাহ্মণের অমুরোধ নিরস্ত হইলেন। জগনাথ তখন অনেক অনুনয় বিনয় করিয়া ব্রাহ্মণকে পুনরায় রন্ধন করিতে স্বীকার করাইলেন। কিন্তু দ্বিতীয় বারও পাক শেষ হইলেই নিমাই অলক্ষিতে আসিয়া ব্রাহ্মণের পাত্রস্থিত অনু হইতে এক গ্রান্স লইয়া খাইয়া ফেলিশেন। পিতামাতার ক্ষোভের পরিমীমা রহিল না। জগন্নাথের মনস্তাপ দেখিয়া এবং তাহার জ্যেষ্ঠ পুত্র সংসারবিরাগী বিশ্বরূপের অমুরোধ এডাইতে পারিয়া ব্রাহ্মণ তৃতীয় বার পাক করিতে সীকৃত হইলেন। তগন নিমাইকে এক ঘরে আবদ্ধ করিয়া সকলে রুদ্ধ গুরুরে দার রক্ষা করিতে লাগিলেন। বালক ঘরের মধ্যে ঘুমাইয়া পড়িল। গুভীর রাত্রিতে ব্রাহ্মণের রন্ধন সমাপ্ত না হইতেই সকলে নিদ্রাভিত্ত হইয়া পড়িলেন। ব্রাহ্মণ রন্ধন সমাপনান্তে অন্ন নিবেদন করিবার উদ্দেশ্যে যেমন উপবেশন ক্রিয়াছেন, শমনি দেখিতে পাংলেন সমুথে নিমাই সমাগত। পুনরায় বালককে দেখিতে পাইয়া ব্রাহ্মণ হায়, হায় করিয়া উঠিলেন, কিন্তু নিদ্রাভিত্বশতঃ কেইই ব্রাহ্মণের ডাক শুনিতে পাইল না। তখন হতবুদ্ধি বাহ্মণকে দম্বোধন করিয়া নিমাই বলিতে লাগিলেন "হে বিপ্র, তুমি আমায় আহ্রান করিয়াছ, তাই আমে আসিয়াছি।" দেখিতে দেখিতে সেই বালক-মূর্ত্তি অক্টভ্র-মূর্ত্তিতে পরিণত হইন। াক্ষণ দেখিলেন।

এক হস্তে নবনী গ আর হস্তে থায়,
আর ছই হস্তে প্রভু মুরলী বাজায়।
ঐবংস কৌস্তভ বক্ষে শোভে মিনি হার,
সর্ব্ব অস্পে দেখে রজনয় অলঙ্কার।
নব গুল্পা বেড়া শিথিপুচ্ছ শোভে শিরে,
চক্র মুথে অরুণ অধর শোভা করে।
হাসিয়া দোলায় ছই নয়ন কমল
বৈজয়ন্তী মালা দোলে মকর কুণ্ডল।
চরণারবিন্দে শোভে শ্রীরত্ন স্পুর,
নথমণি কিরণে তিমির গেল দূর।
অপূর্ব্ব কদম্বৃক্ষ দেখে সেই খানে
বৃদ্ধাবন দেখে নাদ করে পক্ষগণে ॥
গোপ গোপী গাভীগন চতুর্দ্ধিকে দেখে।
যত ধ্যান করে তাই দেখে পরত্যকে॥

চিরবাঞ্ছিত আপনার ধন সমূথে পাইয়া বালাও আনন্দে মৃত্তিত হইয়া প্রতিবেন। নিমাই বালাণকে কুপা করিয়া কন্ধ গৃহে গমন করতঃ শয়ন ক্রিয়া থাকিলেন।

ইহার কিছুদিন পরে এক একাদশী-তিথিতে নিমাই ভয়ানক ক্রন্দন আরম্ভ করিলেন। শত হরিধ্বনিতেও সেদিন (म जन्मत्वर निवृछि इहेन ना। जन्मत्वर কারণ জানি:ত না পারিয়া সকলেই উদ্বিগ্ন হইয়া উঠিলেন। তথন নিমাই উঠিলেন "জগদীশ পাত্ত ১ ও হির্ণা ভাগবত একাদশীর উপবাদ করিয়া আজি বিষ্ণু-পূজার্থ যে নৈবেদা আহরণ করিয়াছেন, আমাকে তাহাই আনিয়া দেও!" বালকের এই অন্ত কথা শুনিয়া জননী ক্ষুণ্ণ হট্লেন। কিন্তু নিমাই কিছুতেই নি**জের** আবদার ত্যাগ করি লন না। জগদীশ ও হিবণা জগলাথ মিশ্রেব প্রতিবেশীও বান্ধব অন্তুঙ ছিলেন। বালকে: কথা তাঁহাদের কর্ণগত হইলে তাঁহারা বিশ্বিত হইলেন। সেদিন যে একাদশী তিথি এবং তাঁহারা যে বিষ্ণু পূজার্থ নৈবেদ্য করিয়াছেন, ুনিমাগর মত ক্ষুদ্র শিশুর পক্ষে তাহা জানিতে পারা অলোকিক ব্যাপার বলিয়া তাঁহাদের মনে হইল। "শিশুর দেহে অধিষ্ঠিত গোপালই শিশুকে এই সমস্ত কথা বলাইয়াছিল," মনে কৰিয়া তাঁহার৷ তাঁহাদের বিষ্ণুপূজার যাবতীয় উপহার শিশুর সন্মুখে স্থাপন করিলেন। তখন তাহা হইতে চিঞ্জিং গ্রহণ করিয়। निमारे भारतां वात वात वात करितान।

দ্বিতীয় অধ্যায়

বিদ্যারম্ভ ও বাল্য ক্রীড়া

ক্রমে হাতে খড়ির সময় আগত হইণ।
জগন্নাথ শুভদিন দেখিয়া নমাইর হাতে
থড়ি দিলেন। কিছুদিন পরে কর্ণবেধ ও
চূড়াকরণ সংস্কারও অনুষ্ঠত হইল। নিমাইর
অসাধারণ বিদ্যাভ্যাস-পটুতা দেখিয়া

সকলে বিশ্বিত হইলেন। একবার মাত্র দেথিয়াই নিমাই বর্ণনালা আয়ত্ত করিলেন, এবং হুই দিনে সমস্ত ফলা অভ্যাস করিয়া অনবরত শ্রীকৃষ্ণনামাবলা লিখিতে লাগিলেন।

কিন্তু বিদ্যাশিকার সহিত বালকের ত্রস্তপণা অসম্ভবরূপে রৃদ্ধি পাইতে লাগিল, প্রীর যাবতীয় বালক লইখা নিমাই এক मन गर्यन कतितन। **ষীয় দল-বহিভূতি** কোনও বালকের সহিত দেখা হইলেই, নিমাই তাহার সহিত কলহ করিতেন। সদলে গঙ্গাস্থানে যাইয়া বহুক্ষণ যাবত জল-ক্রীড়া করিতেন, স্নানার্থী অন্ত লোকের গায়ে জল ছিটাইয়া পড়িত, তাহারা বারণ ক্রিলেও গ্রাহ্য ক্রিতেন না, পরন্ত কাহাকেও ছুঁইয়া দিয়া, কাহারও গাত্তে কুলোল দিয়া বারবার তাহাদিগকে স্নান করিতে করিতেন। ধ্যানস্থ পূজকদিগের গাত্রে জল ছিটাইয়া দিয়া তাহাদিগের ধ্যানভঙ্গ করিয়া দিয়া বলিতেন "কাহার ধ্যান করিতেছ, আমিই কলিযুগে প্রতাক্ষ নারায়ণ। আমাকে দেখ।" কাহাওও পূজার্থ গঠিত শিন-লিন্স, কাহারও বা উত্তরীয় বসন লইয়া প্লায়ন করিছেন। কখনও বা কোনও পৃজকের সজ্জিত বিষ্ণুর আসনে উপবেশন করিয়া, তাহার আহত নৈবেদ্য করিয়া ফেলিতেন এবং কুদ্ধ পৃত্তককে সম্বোধন করিয়া বলিতেন "হঃথিত হইও না. যাহার জন্ম নৈবেদ্য আহরণ করিয়াছিলে, সে-ই খাইয়াছে।" শিশুগণের कर्ल जन भिन्ना ठाशामिशक कांनाहरूजन. যুবকগণের স্বন্ধে আরোহণ করতঃ "মুইরে মহেশ" বসিয়া জলে ঝাঁপ দিগা পড়িতেন;

ন্ধীলোকগণের বসন লইয়া পুরুষের বসনের সহিত বদল করিয়া দিতেন, বালিকাগণের পরিধেয় বস্ত্র লুকাইয়া রাখিতেন, বালিকাগণ কিছু বলিলে, তাহাদের সহিত কলহ করিতেন, তাহাদের ব্রতের ফলফুল ছড়াইয়া ফেলিতেন, কাহারও মথে কুল্লোল দিতেন, কাহারও চুলে ওকড়ার ফল গুজিয়া দিতেন, কাহাকেও বা বিবাহ করিবেন বলিয়া ভয় দেখাইতেন।

নিমাইর দৌরাত্মা ক্রমে অসহ হইয়া উঠিল, একদিন পল্লীস্থ অনেকে জগন্নাথ মিশ্রের নিকট গমন করিয়া তাহার অত্যাচার-কাহিনী বর্ণনা কারলেন। বালিকাগণও সেই সময়ে শচীদেবীর নিকট যাইয়া তাহার দৌরাত্ম্যের কথা বলিলেন। পুত্রবৎসল শচী বালিকাগণকে মিষ্ট বচনে ণ বিয়া বিদায় কবিয়। किरलगा किस জগরাথ মিশ্র পুত্রের শাক্তিবিধানের গঙ্গার অভিমুখে ধাবিত হইলেন। বালিকাগণ জগনাথের ক্রাধ দেখিয়া নিমাইর জন্ম ভীত হইয়া অরিতে ঘাটে যাইয়া নিমাইকে পলায়ন করিতে অনুরোধ করিল। নিমাই পলায়ন করিলেন: জগন্নাথ ঘাটে গিয়া নিমাইকে দিখিতে পাইলেন না। স্পিগণ তাহাকে ব্লিল নিমাই তখনও স্মানার্থ আদেন এই। মিশ্র গৃহে প্রভ্যাগত পাইলেন--(গারদেহে দেখিতে কালিবিন্দুশোভিত নিমাই পুঁথি হৈতে বিদ্যালয় হইতে প্রত্যাগমন করিতেছেন। नियारे देवन नरेश शकात पारि मनी-দিগের সহিত পুন**িঃলিত হইলেন**। পিতা-মাতা তখন তাহার বিরুদ্ধে অভিযোগের বিষয় ভাবিতে লাগিলেন।

পুত্রের চপলতা, দিন দিন বর্দ্ধিত হইতে দেখিয়া হৃগনাথ চিস্তিত হইলেন। কিন্তু জাগ্রকে শাসনে রাখিবার ক্ষমতা পিতামাত। কাহারও ছিল না। নিমাই ভয় করিতেন কেবল মগ্রজ বিশ্বরূপকে, কিন্তু ঘটনাক্রমে বিশ্বরূপের শাসনও অচিরে অপসারিত হইল। বিশ্বরূপ সংসারে সম্পূর্ণ অনাস্ক্ত ছিলেন, বৈঞ্বদিগের সহিত ভগবৎকথাতেই তাঁহার অধিকাংশ সময় অতিবাহিত হইত। পুত্রের বৈরাগা লক্ষ্য করিয়া, তাঁহাকে সংসার-বন্ধনে আব্দ করিবার জ্বল্ল পিতামাতা ভাঁচার বিবাহের আয়োজন করিলেন। বিণাহের উদ্যোগ হইতেছে, এমন সময় একদিন বিশ্বরূপ পিতামাতাকে না বলিয়া সংসার ত্যাগ করিলেন, এবং শ্রীশঙ্করারাণ্য নাম গ্ৰহণ করিয়া অনন্ত পথের পথিক হইলেন।

বিশ্বরূপের সংসার-ত্যাগ পিতামাতাকে শেলের মত বিদ্ধ করিল। বা ক নিমাইও ভাতার বিরহ-শোকে বিহ্বল হইয়া পড়িলেন। বিধনপের সংসার-তাাগের কতিপয় দিবস পরে, একদিন নিমাই নৈবেছে তাবুল চর্বণ করিয়া মৃচ্ছিত হইয়া পড়িলেন। পিতামাতার শুশ্রায় চৈত্যু লাভ করিয়া তিনি যে কাহিনী বর্ণনা করিলেন, তাহাতে मज्ञ पूज विराह्द मित्र प्रकार का निवास मित्र प्रकार में जिल्ला मित्र प्रकार मित्र प মন আতত্ত্বে অভিভূত হইয়া পড়িল। নিমাই বলিলেন "আমার মনে হইল বিশ্বরূপ আমাকে এক অপরিচিত স্থানে লইয়া গিয়া সন্ন্যাস গ্রহণ করিতে অনুরোধ क्तिलान। जाभि विलाम 'आभि वालक, শ্ল্যাদের আমি কিছুই জানি না! খরে

অনাথ পিতামাতা রহিগছেন আমি সন্নাস অবলম্বন করিলে কে তাঁহাদের সেবা করিবে? আমি যদি গাইস্থা ধর্ম অবলম্বন করিয়া পিতামাতার সেবা করি—তাহাতেই লক্ষ্মীনারায়ণ তুষ্ট হইবেন।' আমার এই কথা শুনিয়া বিধক্ষপ পুনরায় এখানে আনিয়া রাখিয়া গৈলেন।"

বিশ্বরপের স্ঞাস-গ্রহণের পর নিমাইর চপলতা অনেকটা সংযত হইগ। পিতামাতার সম্ভোষ বিধানার্থ তিনি খেলা ছাডিয়া নিরবধি তাঁহাদের নিকট অবস্থান করিতে লাগিলেন এবং নিরতিশয় যত্নের পাঠাভ্যাদে প্রবৃত্ত হইলেন। নিমাইর বুদ্ধিও স্মৃতিশক্তির প্রাথর্য্য সকলের বিসায় উৎপাদন করিল। কিন্তু পুত্রের এই ক্বতিত্বে পিতামাতার মনে সস্তোধের উদয় হওয়া দূরে থাকুক, তাঁহারা শক্ষিত হইয়া পড়িলেন। একদিন জগরাথ শচাদেবীকে কহিলেন" সর্কাশাস্ত্র অধিগত করিয়া বিশ্বরূপ বু^{ণ্}ঝয়াছিল – সংসার অনিত্য ও অসত্য" এবং সংসারের অনিত্যতা উপলব্ধি করিয়াই বিশ্বরূপ সংসার ত্যাগ করিয়াছে। বিশ্বস্তর যদি সর্বাশাস্ত্রে পণ্ডিত হইয়া উঠে, তাহা হইলে দেও সংসার • ত্যাগ করিবে। অতএব তাহার পড়াগুনা করিয়া কাজ নাই দে মুর্থ হইয়া গুছে থাকুক।" অতঃপর পুত্রকে ডাকিয়া কহিলেন "তোমার পড়া শুনা করিয়া কাজ नार, তুমি यारा চাহিবে সকলই পাইবে; পড়া ছাড়িয়া আনন্দে গৃহে অবস্থান কর।" नियां हे পिতृवाका लज्जन कतिरलन ना, কিন্তু পড়া ওনা বন্ধ হওয়াতে যৎপরোনান্তি ছঃখিত হই**লেন**।

নিমাইর লেখাপড়া বন্ধ হইবার সঙ্গে সঞ্চেই তাহার চাপল্য ও ঔরত্য পূর্বেরই মত অসংযত হইয়া উঠিল। সমস্ত রাত্রি গৃহের বাহিরে সঙ্গিগণের গহিত ক্রীড়ায় অতিব।হিত হইতে লাগিল। কখনও নিমাই কঘলে গাত্র আরুত করতঃ রুম সাজিয়। প্রতিবেশীর কলাবন ভালিয়া পলাধন করিতেন, কখনও বা তাহাদিগের গৃহদার রাত্রি কালে বাহির হইতে বন্ধ করিয়া রাভিতেন। এই সমস্ত উৎপাতের কথা জগনাথের কর্ণাত হইত— কিন্তু তিনি বাঙ্নিপত্তি করিতেন না। অবশেষে একদিন নিমাই গৃহসমাপস্থ গর্ত্তে স্থিত এক উচ্ছেই হাড়ীস্তুপের উপর গিয়া छे भरतमन कतिरलन। भनीरनना नानाजभ বুঝাইতে লাগিলেন এবং এত দিনেও নিমাইর-উচ্ছিঃজ্ঞান হইল 1 বলিয়া অহুযোগ করিতে লাগিলেন। চতুর বালক তখন উত্তর কারল "উচ্ছিষ্ট-জ্ঞান ভদ্রাভদ্র-জ্ঞান হইবে কোথা হইতে ? তোমরা যে আমার পড়া গুনা বন্ধ করিয়া দিয়াছ। আমাকে যদি পড়িতেই না দেও তাহা **रहेरल** यागि थात शृंदर याहेव ना।" भंडी निगाइँक ध्रिया यानिया सान कता है लाग। জগন্নাথ গৃহে প্রচ্যাগত হইলে প্রতিবেশিগণ সকলে মিলিয়া তাহাকে বুঝাইয়। নিমাইর পুনরায় পাঠারস্ত করাইয়া দিলেন।

নিশাই দিগুণ উৎসাহে অধ্যয়নে এরত হইলেন। কিয়ৎকাল পরে নিমাইর উপনয়ন-সংস্কার সম্পন্ন হইল। তাহার স্থন্দর স্থগঠিত শরীরে স্কন্ম যজ্ঞস্ত্র পরম স্থান্দর দেখাইত। উপনয়নাত্তে নিমাই নবদীপের অধ্যাপক শিরোমণি গঙ্গাদাস

পণ্ডিতের টোলে ভর্ত্তি হইলেন। অল্পদিনেই গঙ্গাদাস তাঁহার নূতন ছাত্রের প্রতিভার পরিচয় প্রাপ্ত হইলেন এবং তাঁহাকে পুরবং স্নেহ করিতে লাগিলেন। তাঁহার ছাত্রগণের কেহই ফাঁকিতে নিমাইকে আঁটিতে পারিত ক্র েম নিশাই যাবতীয় ছাত্রের নায়করূপে পরিগণিত হইলেন যুরারী ७४ कमनाकान्त, कृत्वानन, मुकून, मुञ्जू এই টোলে ৺ভৃতি ভক্তগণ সহাধণায়ী ছিলেন। প্রতিদিন সতীর্থগণের সহিত নিমাই স্থানার্থ গঙ্গাতীরে করিতেন। অসংখ্য ছাত্র গঙ্গার সমবেত হইত। নিমাই ত্ৰাঁহার স্পিগণের সহি হ ८ हे। त्व त অগ্যাগ্য বিস্তর তর্ক-বিতর্ক হইত। ছাত্রগণের নিমাইর তর্ক প্রবৃত্তি এত অধিক ছিল যে এক ঘাটে তর্ক শেষ হইলে, তিনি সন্তরণ পূর্বক অক্তথাটে গমন করতঃ ছাত্রগণের সহিত তর্ক আরম্ভ করিয়া দিতেন। এই তর্ক অনেক সময় গালাগালি ও মারামারিতে পরিণত হইত।

সানান্তে গৃহে আসিয়া নিফু-পূজা ও
তুলদী বৃক্ষে জলদান করতঃ নিমাই ভোজন
করিতেন। ভোজনান্তে নির্জ্জনে বিদিয়া
ফ্রের টীপ্পনী রচনা করিতেন। পুত্রের
বিভাচর্চ্চায় আগ্রহ দেখিয়া মিশ্রদম্পতি
আনন্দিত হইতেন এবং অনবরতঃ পুত্রের
মঙ্গলের জন্ম ইপ্তদেবতার নিক্ট প্রার্থনা
করিতেন। এই আনন্দের মুধ্যেও মাঝে
মাঝে পুত্রের সন্ত্রাদ গ্রহণ-সন্তাবন।
মনোমধ্যে উদিত হইয়া, জগনাথ মিশ্রকে
আাতক্ষে অভিভূত করিয়া ফেলিত। এক

দিন তিনি স্বল দেখিলেন, নিমাই শিথাযুত্তন করতঃ অহুত সল্লাসী বেশে কুণ্ডনাম করিতে করিতে উন্নত্ত ভাবে নৃত্য করিতেছেন, অবৈতাচার্য্য र्वस्वतंत्रम है। हार्त्य (वर्षेन ক্রিয়া কার্ত্তন করিতেছেন, নিমাই থাকিয়া থাকিয়া উপবেশন করতঃ বিশু-গট্টায় **শকলের** প্রদান করিতেছেন এবং মস্তকে চরণ ব্ৰুজাও মহাদেব ''জয় শতীনন্দন'' বলিয়া ঠাহার স্তবগান করিতেছেন। অতঃপর লক্ষ লক্ষ লোক সম্ভিব্যাহারে নিমাই নগরে নগরে ঘুরিয়া বেড়াইতে লাগিলেন; কোটী কণ্ঠ নিঃস্ত হরিংবনি গগনম ওলে প্রতিধ্বনিত হটতে লাগিল। অবশেষে সেই বিশাল জনসংখ্যা লইয়া নিমাই নীলাচলে গুমন করিলেন। স্বপুদর্শনে আত্তিজ্ঞ হইলা জগলাধ পলীকে স্বপ্রভান্ত জ্ঞাপন করিলেন। শভী ভাহাকে প্রবোধ দিয়া কহিলেন –বিভারণই আজকাল নিমাইর ধর্মে পরিগণিত হইয়াছে। বিলা ছাড়িয়া নিমাই যে সর্নাস খবলম্বন করিবে—ইহা সভবপর নহে।

ভূতীয় অধ্যায় পিভূবিয়োগ ও বিলাশিক্ষা

এইরপ কিছুদিন অভিবাহিত হইলে
নিমাটএর একাদশবর্ধ বয়ঃক্রমকালে পুণ ও
পরাকে অক্ল শোকসাগরে নিক্ষেণ করিয়া
জগনাথ মিশ্র স্বর্গারোহণ করিলেন।
পিত্পোকে নিনাই নিরতিশর কাতর হুইয়া
পড়িলেন, পতিপ্রাণা শতী কেবল নিমাইর মুথ
দেখিইয়াই স্বামানিরহ সহা করিলেন। এখন

পিতৃহীন বালকের সেবা ভিন্ন তাঁহার জ্বন্ধ কার্য্য রহিল না। পলকের জন্ত নিমাই তাঁহার দৃষ্টিপথের বাহির হইলে শচী আকুল হইয়া পড়িতেন। নিমাইও এখন হইছে অতাদিক যদ্ভের সহিত পতিবিরহকাতরা জননার সেবা করিতে লাগিলেন, এবং নানা আশার কথা ভনাইয়া তাঁহার ক্ষত হদয়ে সাস্থনা দিবার চেষ্টা করিতে লাগিলেন।

ক্রমে পিতৃশোকের তীব্রতা হ্রাসপ্রাপ্ত হইল, দঙ্গে সঙ্গে নিমাইর স্বাভাবিক ক্রোধ প্রবণতা রূদ্ধি প্রাপ্ত হইতে লাগিল। বামীহানা শচার মার্থিক অবস্থা স্বচ্ছল ছিল ना। किन्छ निभारे यथन यादा हारिएटन, তাহা না পাইলে আর রক্ষা থাকিত না। নিশাই জুদ্ধ হইলে আংনার উপর কর্তৃত্ব সম্পূর্ণরূপে হারাইয়া ফেলিতেন, তথন ঘুর্দ্বার সমস্তই ভাঙ্গিগ ফেলিতে যাইতেন। একদিন গঙ্গাস্বানে যাইবার সময় নিমাই গণপুজার্থ জননার নিকট মালা ও চন্দন চাহিলেন। গুহেমালা ছিল না। জননী ক হিলেন "ক্ষণেক অপেক্ষা কর। মালাকরের বাটী হইতে মালা আনিয়া **দিতেছি।**'' 'এখন মালা আনিয়া তারপর আমাকে 'দিবে'' বলিয়া ক্রুদ্ধ নিমাই প্রবেশ করতঃ গৃহস্থিত যাব**ী**য় **ভাও** লাঠির আঘাতে ভাঙ্গিতা ফেলিলেন। গৃহ মধ্যে তৈল, ঘূত, হুগ্ন, চাউল, কাপাস প্রভৃতি ইচসতঃ বিক্লিপ্ত হইয়াপজিল। লবে যত বস্তু ছিল, নিমাই সমস্ত প**ও ধ**ঙ করিয়া ছিঃ। করিলেন। কিন্তু ইহাতেও তাঁগার ক্রোধোপশম হইল না। অবশেষে

এক ঠেকা লইয়া চালের উপর প্রহার করিতে লাগিলেন, জীর্ণ চাল ভাঙ্গিয়া পড়িল, তথন নিমাই হস্তস্থিত যষ্টিৰারা এক গাছের উপর ও তৎপরে ভূমিতলে প্রহার করিতে আরম্ভ করিলেন। ভয়ার্ত শচী পুত্রের ভীষণ মূর্ত্তি দেখিয়া পণায়ন করিলেন, কিন্ত ক্রোধে অন্ধ চইয়া শত অভ্যাচার করিলেও নিমাট জননীর গাতে হস্তপর্শ করিতেন না। সমস্ত ভাঙ্গিয়া চুরিয়া নিমাই অঙ্গনে পড়াগড়ি দিতে লাগিলেন এবং অবংশ্যে ক্লান্ত হইয়া নিদ্রাভিভূত হইয়া পড়িলেন। ইত্যৰদরে মালা আনিয়া শচী পুত্রকে জাগরিত করিলেন এবং মালা প্রদান করতঃ নানারপে তাঁহাকে প্রবোধ দিতে লাগিলেন। ততক্ষণে ক্রোধ শান্ত হইয়াছে। নিমাই জননীর প্রদত্ত মালা লইয়া গলামানে গমন করিলেন। ভোজনের সময় শচী মিষ্ট বচনে অপচয়ের উল্লেখ করিয়া নিমাইকত कहिलन, "जूबि ज এथनि পড़िट याहेत्, ু কিন্তু ঘরের সম্বল যে সকলই নষ্ট করিয়া (किनशाह, कानि थाहेरात (य किहूरे नारे। "कुष्ण त्रव शिलाहेशा जित्वन" विलिशा श्रुष्ठक হত্তে নিমাই গৃহত্যাগ করিলেন। সন্ধাকালে ষ্থন গুহে প্রত্যাগত হইলেন, তথন তুই ভোলা স্বৰ্ণ বাহির করিয়া নিমাই কহিলেন "এই দেখ মা, কুষ্ণ ইহা মিলাইয়া দিয়াছেন। ইহাবারা যাহা যাহা দরকার কিনিয়া লও।"

বিভালয়ে নিমাইর প্রতিভা ক্রমশঃই
ক্রুর্তিলাভ করিতে লাগিল। তৎক্রত
ব্যাধাা শুনিয়া অধ্যাপক নিতান্ত হুই
হুইতেন। নিমাইর প্রশ্নের উত্তর কোন

ছাত্রই দিতে পারিত না। তিনি নিজেই সত্রের স্থাপনা করিতেন, এবং আপনার ব্যাখ্যা আপনিই খণ্ডন করিতেন, আর কাহারও ক্ষমতা হইত না যে তাহার খণ্ডন করে। স্থান, ভোজন, প্র্যাটন সর্বাধা নিমাই শাস্ত-চিন্তায় মগ্ন থাকিতেন।

গঙ্গাদাস পণ্ডিতের টোলে অধ্যয়ন কালে নিমাই একখানি টিপ্লনি রচনা করেন তাহা "বিভাসাগরী টীকা" নামে সর্বাত্র সমাদৃত হইয়াছিল। নিমাইর প্রতিভায় মুগ্ধ হইয়া অধ্যাপক গঙ্গাদাস স্বীয় ছাত্রদের পডাইবার ভার তাহার উপর দিলেন। মুরারী ৩৪ নিমাই অপেকা বয়ণে বড় ছিলেন বলিয়া তাঁহার নিকট হইতে পাঠ লইতে লক্ষা বোধ করিতেন, তক্ষ্ম নিমাই তাঁহাকে পরিহাস বলিতেন ক'বয়া "বৈল্যরাজ, ব্যাকরণ শাস্ত্র বড় বিষণ, ইহাতে কফ্-পিত অজার্ণের বাবস্থা নাই, তুমি ইহা ছাভিয়া লতা-পাতা লইয়া রোগীর চিকিৎসা কর গিয়া।" কিছুদিন পরে নিমাইর প্রতিভার নিকট অবনতমস্তক মুরারী তাঁহার নিকট পাঠ-ধীকার করিয়া-ছিলেন।

ব্যাকরণের পাঠ শেষ হইলে বিশ্বন্তর আয়-শাস্ত্রের অধ্যয়নে মনোনিবেশ করেন।
এই সময়ে "ভট্টদীধিতি" প্রণেতা স্ক্রিথাত
রঘুনাথ শিরোমণিও আয়-শাস্ত্র পাঠ ক্রিতেছিলেন। রঘুনাথ অদ্বিতীয় প্রতিভা-সম্পর্র ছিলেন। অতি শৈশন অবস্থাতেই তাঁহার অন্যসাধারণ বৃদ্ধির পরিচয় পাইয়া সকলে বিস্মিত হইয়াছিলেন এবং পরিণত ব্যুসে

ণ্ডিয়াছিল। কি স্ত व्य शु ग्रन কালে অমাত্রধী প্রতিভার নিকট নিমাই এর রুবুনাথের প্রতিভা মলিন হইয়া পড়িয়াছিল। ক্থিত আছে—একদিন এক বৃক্ষতলে বসিয়া র্বুনাথ এক জটীল প্রশ্নের সমাধানে নিবিষ্ট চিতে ব্যাপৃত ছিলেন! বৃক্ষশাথাস্থ পক্ষিগণ তাঁহার পাতে মলত্যাগ করিয়াছিল, রঘুনাথ তাহা জানিতে পারেন নাই। এমন সময় নিমাই গঙ্গালান করিয়া সেই পথে গৃহে ফিরিতেছিলেন। পক্ষিমলাচ্ছন্নদেং রঘুনাথকে দেখিয়া নিমাই তংসমাপে গমন করতঃ খীয় আদবম্বের হুই চারি ফোঁটা জল তাঁহার পৃষ্ঠে নিকেপ করিলেন। রঘুনাথের इंडेल। তথন নিমাই তাহার रेह डग চিন্তার বিষয়টী কি জানিতে চাহিলেন। রঘুনাথ প্রথমে অবজ্ঞার সহিত তাঁহার প্রশ্ন উড়াইয়া দিয়াহিলেন; কিন্তু অবশেষে প্রশ্নটী ভূনিয়া নিমাই যখন অবলীলাক্রমে তাহার যথাযথ মীমাংসা করিয়া দিলেন, তণন তিনি বিশ্বরে নির্বাক হইয়া গহিলেন। তদবধি চিরকালই রবুনাথ নিমাইকে যথেষ্ট শ্রদ্ধা করিতেন।

ক্রারশাস্ত্র সমাপ্ত করিয়া নিমাই তায়ের একথানি টীপ্লনি লিখিলেন। রঘুনাথ শিরোমণিও ঠিক এই সময়েই তায়ের টীকার রচনা করিতেছিলেন। কথিত মাছে — বধুনাথ ও নিমাই একদিন গগাপার হইতেছিলেন। কথােপকথনকালে নিমাই-কত টীকার বিষয় অবৈগত হইয়া রঘুনাথ বুঝিতে পারিলেন, নিমাইর টীকার পরে তাঁহার টীকার প্রের তাঁহার কাতর প্রশুহৃবি ও হতাশ উভক্ত ভানিয়া

নিমাইর করণ হৃদয় ব্যথিত হইল এবং
বকীয় টীকা তিনি তৎক্ষণাৎ গদ্ধাগর্ভে
নিক্ষেপ করিলেন। তদবধি নিক্ষল বলিয়া
নিমাই স্থায়শাস্ত্রের চর্চ্চা পরিত্যাগ
করিলেন।

চতুর্থ অধ্যায়

विवार, व्यशासना, वाय्रताश, निश्विक्यी-विकय

বল্লভাচাৰ্য্য নামে নবদ্বীপে এক সুব্ৰাহ্মণ বাস করিতেন। লক্ষ্মীনামী তাঁহার এক লক্ষীবরপা কতা ছিল। একদিন স্থান-কালে গঙ্গার ঘাটে লক্ষীকে দেখিয়া নিমাই মনে মনে তাহার প্রতি অনুরক্ত হইয়া পড়েন। ইহার কিছুকাল পরে বলমালী नामक এक घठेक महौरमवीत निकृष्टे गमन করত: লক্ষীর সহিত নিমাইএর বিবাহ-সম্বন্ধ উত্থাপিত করিলেন। কিন্তু তথনও পত্রের विवाद निवात अग्र मही छेः युक रायन नाहै। ঘটকের কথা শুনিয়া তিনি উত্তর করিলেন "আমার বালক পিছ্হীন; এখনও ভাহার পাঠ সমাপ্ত হয় নাই, আগে তাহার পাঠ সমাপ্ত হউক, পরে বিবাহ হইবে।" বনমাণী বিষয় মনে ফিরিয়া যাইতেছিলেন, পথে নিমাইএর সহিত সাক্ষাৎ হইল। বনমালীর নিকট জননীকর্ত্ব তাহার প্রস্তাব-প্রত্যা-খ্যান-ব্যাপার অবগত হইয়া নিমাই গৃহে প্রত্যাগত হইলেন এবং হাসিয়া জননীকে জিজ্ঞাসা করিলেন "ঘটকের সহিত ভালরূপ मछायण कर नाहे (कन ?" পूळाव पना मही নিমাইর অভিপ্রায় ব্ঝিতে পারিলেন, এবং অবিশ্ৰে বন্মালীকে ডাকিয়া প্ৰস্তাবিত

বিবাহে স্বীয় সন্মতি জ্ঞাপন করিলেন।
ঘটক আনন্দিত মনে বল্লভাচার্য্যের নিকট
যাইয়া বিবাহের প্রসঙ্গ উত্থাপন করিলেন।
সম্মানিক হির হইল। শুভদিনে শুভক্ষণে শারবিধি মতে নিমাই লক্ষ্মীদেবীর পাণিগ্রহণ
করিলেন।

পূর্বে উক্ত হইয়াছে অধ্যাপক গঙ্গাদাস স্বকীয় টোলের ছাত্রগণের অধ্যাপনার ভার নিমাইর উপর গ্রস্ত করিয়াছিলেন। কিন্তু বিবাহের পরে নিমাই িজে একটী স্বতন্ত্র টোল স্থাপিত করিলেন। মুকুন্দ সঞ্জার চ্ঞামপ্তপে নিমাইর টোল খাপিত হইল। প্রতাবে প্রাতঃকৃতা সমাপনান্তে নিমাই অধ্যাপনার্থ টোলে গমন করিতেন; মধ্যাহে স্শিষ্য গলামানে যাইতেন; মধ্যাত্র-ভোজনান্তে ক্ষণক:ল বিশ্ৰাম পুনরায় টোলে গমন করিয়া অপরাহে শিশ্বগণ সম্ভিব্যাহারে নগরভ্রমণে বহির্গত इहेर्डन। भन्नााकारण हजारणाकिरियोड জাহবীতটে কত শাস্ত্রালাপ ও শাস্ত্র্যাখ্যান হইত; জ্ঞানদৰ্পিত নিনাট পণ্ডিত অৰ্জিত বিভার কতই গম করিতেন: প্রতম্দী পাইলেই ফাঁকি জিজাসা করিয়া তাহাকে ঠকাইয়া দিতেন। তাহার যণ দেশবিদেশে বিভত হইয়া পড়িল; দলে দলে ছাত্র বিফাশিকার্থ তাগর নিকট আসিতে লাগিল। সহত্র ছাত্রের পাঠ-কোলাহলে তাঁহার টোল-गृह मंसायमान हरेश छिटेन।

এক দিন অকমাৎ বায়ুরোগগ্রন্ত বোগীর মত নিমাই মৃচ্ছিত হইয়া পড়িলেন। ভাঁহার কঠ হইতে এক অধাতাবিক শক্দ নির্শত হইতে লাগিল, এবং মৃত্তিকার উপর লুষ্ঠিত হইয়া তিনি কখনও বিকট হাস্ত করিতে লাগিলেন, কখনও বা সম্পূর্ণ উনাত্তের মত বাবহার করিতে লাগিলেন। ক্ষণে ক্ষণে তাঁহার স্বাঞ্গ স্তন্তাকৃতি হইয়া উঠিতে লাগিল, পুত্ৰগতপ্ৰাণা শচীদেবা অভিভূত হইয়া পড়িলেন। গাতকে বন্ধুবান্ধবগণ নিমাটর অবস্থাকে বায়ু-বিকার বলিয়া ব্যাখ্যা করিলেন। কিন্তু এই অবস্থাই বৈন্যবশাস্ত্রে প্রেমভক্তির বাহিক সরপে উল্লিখিত হইয়াছে। যাহ। ইউক বন্ধুগণের পর।মর্শ অনুসারে শিষ্ণু তৈল, नावायुग रेडन প্রভৃতি নানাবিধ হৈষ্কা তৈল দারা নিমাট্র মন্তক প্রলিপ্ত করা হইল--কিন্তু তাহাতে কোনও ফল পরি-লক্ষিত ছইল না। নিমাই মাঝে মাঝে হন্ধার করিয়া বলিতে লাগিলেন "আমি দর্দলোকের প্রভ; আমি বিশ্বধারণ করিয়া আছি-াই আমার নাম বিশ্বস্তর; আমি সেই—অথচ কেংই আমাকে চেনে না।" নিমাইএর উক্তি শুনিয়া কেহ কেহ বলিতে লাগিল "ইহার শরীরে দানবের অধিষ্ঠান इইয়াছে।" কেই বলিল "ইহা ডাকিনীর কার্য।" অন্য উপায়ে ব্যাধির উপশম না হওয়ায় অবশেষে এক তৈলপূর্ণ দোণে निमाहेरक (भाषाहेश ताथा इहेन। এहेक् भ কিছুদিন পরে নিমাই প্রকৃতিস্থ হইলেন।

প্রকৃতিস্থ হইয়া নিমাই পুনরায় অধ্যাগনা আরম্ভ করিলেন এবং পুনরায় পূর্ব্বেরই মত শিক্ষগণের সহিত নগরভ্রমণে বাহির হইতে লাগিলেন। নবদ্বীপের সকলেই তাঁগার অনভাসাধারণ রূপ দেখিয়া মুদ্ধ হইয়া যাইত। যথন নগরভ্রমণে বহির্গত হইতেন, তগন

সকলে মুগ্ধ নয়নে ত। হার দিকে চাহিয়। নগরের তন্ত্রায়, গন্ধবণিক থাকিতা ও গোপদিগের গৃহে নিমাই গমন করিলে তাহারা কুতার্থ হইয়া যাইত, এবং মুল্যের नाम भाज ना क त्रशहे छाहारक रछ, গদ্ধদ্বা ও দধিহ্যাদি প্রদান করিছ। গোপদিগকে নিমাই ম | ম | সংখ্যেধন ক্রিতেন তাহারাও তাঁহার গহিত নানা হাস্ত পরিলাস করিত। মালাকরগণ বিনা-মূল্যে তাঁহাকে মালা প্রাইয়া দিত, তাবুলী তাবুল প্রদান করিত, শঙ্খবণিক দিব্য শঙ্গ উপগর দিত।

একদিন এক সর্বজ্জের গৃহে উপস্থিত হইয়া নিমাই স্বীয় পূর্বজন্মের ইতিহাস গণনা করিয়া বলিতে সর্বজ্জকে আদেশ করিলেন। গণক গণনা করিতে আরম্ভ করিধাদেখিল--

"শশুচ ক গদাপন্ম চ হু জু জ শাম।

ক্রীবংস কৌ শুভ বক্ষ মহা জ্যোতিধান ॥

নিশাভাগে প্রভুরে দেখেন বন্দীঘরে।

পিতাশাতা দেখমে সন্মুখে স্তুতি করে।

সেইক্ষণে দেখে পিতা পুত্র নাই কোলে।

সেই রাত্রে থুইবেন আসিয়া গোকুলে॥
পুন দেখে মোহন দিভুজ দিগধরে।

কটিতে কি ক্ষিণী, নবনীত হুই করে॥
পুন দেখে ত্রিভঙ্গিম মুরলী বদন।

চতুর্দিকে যন্ত্র গীত গায় গোপীগণ॥

তবে দেশে ধঁকুর্মর হ্বাদল শ্রাম। বীরাসনে প্রভুরে দেখয়ে সর্বজন॥ পুন দেখে প্রভুরে প্রলয়-জল মাঝে। অফুত ব্রাহ মূর্ডি দণ্ডে পৃথি সাজে॥

পুন দেখে প্রভুরে নুসিংহ অবতার। মহ। উগ্রুপ ভক্তবংদল অপার॥ পুন দেখে পভুরে বামন রূপ ধরি। বলি যজ্ঞ ছলিতে আছেন মাণ করি॥ পুন দেখে মৎস রূপে প্রলয়ের জলে। করিতে আছেন জনজীড়। কুতুহলে॥ মান্স চক্ষুতে এই সমস্ত অদূত দৃগ্য দেখিয়া শৰ্বজ্ঞ হতবুদ্ধি হংয়া ভাবিতে লাগিল ''কোনও দেবতা আনাকে ব িতে আ সিয়াছেন।" পরক্ষণেই ভাবিল "এ ব্ৰাকাণ মহামন্ত্ৰিৎ, আমাকে প্রীকা করিবার জন্ম অসিয়াচে;'' কিছুই স্থির করিতে নাপারিয়া সর্বজ্ঞ নিমাইকে বলিল "আমি এখন কিছু স্থির করিতে পারিলাম ন। তুমি এখন যাও, ভাল রূপ গণিয়া বিকালে তোমাকে বলিব।"

দৈবজ্ঞের গৃহ হইতে নিমাই তখন শ্রীধর নামক এক দরিদ্রের কুটীরে গমন করিলেন। पतिष्र वैक्षित (थाना বেচিয়া कीविका **निक्तार** করিত, কিন্তু সংসারের ছঃখ ক**ন্ট তাহা**কে কাতর করিতে পারিত না। ঐকুষ্ণে শীশরের অচলা ভক্তি ছিল—তাঁহারই প্রেমে শ্রীধরের হৃদয় সর্বদা পরিপূর্ণ থাকিত। **নিমাই** শ্রীধরের সহিত নানারূপ কৌতুক কবিতেন। আজি তাহার গৃহে উপস্থিত হইয়া বলিলেন "শ্রীবর, '৽রি, হরি' ত অতুক্ষণ বলিতেই। হঃখ ভোমাকে ছাড়ে কই ? লক্ষ্মকান্তের সেবা করিয়া তোমার অল্লবস্ত্রের ক্লেশ ত গেল না!" বিখাসী শ্রীধর উত্তর করিলেন "উপবাস ত করি না—তবে আর হুঃখ কিদের ? ছোট হউক বড় হউক কাপড়ও পরিয়া থাকি।" নিমাই ক**হিলেন**

বিষহরি ও চণ্ডীর সেবকদিগের কাংগরও ত অন্নবন্ধের কট দেখি ন।। আর তোমার চালে খড় নাই।" জীধর কহিলেন "রত্বময় প্রাসাদে রাজা যেরপে কাণাতিপাত করেন, রক্ষশাথায় পক্ষিগণও সেইরপেই সম্যাতি-বাহিত করিয়া থাকে। কাল সকলের পক্ষেই সমান। সকলেই ভগবানের ইঞ্চায় নিজকর্মফল ভোগ করে।" নিমাই তথন কহিলেন "শ্রীধর, কে বলে তুমি দরিদ্র, তুমি व्यवशास्त्र थरिकातो, लूकारेश। धन ভোগ কর ৷ একদিন আমি সব প্রকাশ করিয়া দিব।" শ্রীণর উত্তর করিলেন "পণ্ডিত, তোমার সহিত আমার ঘন্দ সাজে ना, पूर्वि चरत याछ।" निभारे करिरणन "সহজে তোমাকে ছাড়িব ? আগে কি দিবে বল ?' তখন---

শ্রীধর বলেন, আমি খোলা বেচি খাই। ইহাতে কি দিব, তাহা বলহ গোদাঞি॥ প্রভূ বোলেন—

মে তোমার পোতা ধন আছে।
দে থাকুক এখনে, পাইব তাহা পাছে॥
এবে কলা মূলা থোড় দেহ কড়ি বিনে।
দিলে আমি কোন্দল না কি তোমা সনে
শ্রীধর তখন ভাবিলেন "উন্ধত ব্রাহ্মণ যদি
আমাকে প্রহার করে, তাহা হইলেও
কিছুঁ করিতে পারি না। ছলেই হউক বলেই
হউক তবু যে ব্রাহ্মণে লইতেছে ইহা
আমার ভাগা, ইহা ভাবিয়া নিমাইকে
থোড়, কলা, মূলা, খোলা দিয়া শ্রীধর
কহিলেন "লও ঠাকুর আর আমার
সহিত কোন্দল করিও না।" তথন নিমাই
কহিলেন "শ্রীধর আমাকে কি মনে করু ?"

শ্রীধর উত্তর করিলেন 'পুম বাহ্মণ, বিফুর
অংশ।" নিমাই কহিলেন "তুমি কিছুই
জ্ঞান না—আমি গোয়ালার ছেলে। তোমার
গঙ্গার মহত্ত আমা হইতেই।" শ্রীপর
হতর্দ্ধি হইয়া কহিলেন ''নিমাই পণ্ডিত,
গঙ্গাকেও কি তুমি ভয় কর না। বয়োর্দ্ধর
সহিত কোথায় লোক স্থির গঞ্জীর হয়,
আর তোমার চপলতা দিন দিনই র্দ্ধি

শ্রীধরের সহিত কৌতুক করিয়া নিমাই গৃহে ফিরিয়া আসিলেন এবং সন্ধ্যাকালে চন্তালোকপ্লাবিত আকাশতলে বিষ্ণুমন্দিরের দ্বারে প্রিয়া উপবেশন করিলেন। অপুর্ব মূরলীধানি উথিত হইয়া আকাশমশুল পরিপুরিত করিল। সেই ত্রিভুবনখোহন বংশীরবে শচীদেবী আনন্দে মৃচিছত হইয়াপড়িলেন। চৈতকুলাভ করিয়া मही व्किट्ट भातित्वन, यथाय निमां हे छे भविष्ठे তথা হইতে মুবলীরব উত্থিত হইতেছে; গৃহবাহিরে আসিয়া দেখিলেন, विकुमिन दिव चार्त छे श्विष्ठे, कि इ वः भौनाम আর শোনা গেল না। শচী বিশিত হইয়া ুকত কি ভাবিতে লাগিলেন। ইহার পরেও কত দিন নিশাভাগে নৃতাগীতধ্বনি ভূনিয়া শচী চমকিত হইয়াছেন। কিন্তু কাহাকেও দেখিতে পান নাই; কত দিন দেখিয়াছেন, হঠাৎ সমগ্র গৃহ জ্যোতির্ময় হইয়া উঠিয়াছে, কারণ খুঁজিয়া পান নাই।

•এই সময়ে কেশব কাশ্মিরী নামক এক দ্বিগ্রিজয়ী পণ্ডিত নবদীপে সমাগত হইলেন। তিনি ভারতবর্ধের নানাস্থানের পণ্ডিতগণকে তর্কযুদ্ধে পরাস্ত করিয়া

নবদীপের গর্ব থর্ব করিবার অভিগাধে বর্তাশয় সহ তথায় উপস্থিত হইলেন। নবদাপে হলস্থল পড়িয়া গেল। পাণ্ডিত্যে নবছাপ ভার গ্রহের মংখ্য সর্ব্যপ্রেষ্ঠ। এ হেন নবদ্বাপের সম্মান কি দিখিকয়ার নিকট প্রভিবে চিরকালের জ্বন্থ অন্তর্হিত হইবে ? আশ্রায় নবখীপের পণ্ডিতগণ মিয়মাণ হইলেন। এইবার ব্ঝি নবরীপের যশঃস্গ্র অন্ত্রিত হইন-এই চিন্তার সকলেই বিষাদে অিভূত হইয়া পড়িলেন। গর্কোরত আগন্তক পণ্ডিত ঘোষণা করিয়া দিলেন "যদি কাহারও সাহদ হয়. অমার সহিত বিচারে অগ্রসর হউন। অতথা নগদীপের পণ্ডিতসমাজ পরাজয় স্বীকার আমাকে জয়-পতা লিখিয়া দিউন।" কেহই দিখিজয়ীর আহ্বানে তাঁহার সহিত তর্ক করিতে অগ্রদর হইলেন না। দিখিজয়ীর আগমনবার্ত্ত। নিমাইএর কর্ণগত হইল। তাহার গর্বোদ্ধত আহ্বানের কথা শুনিয়া সশিগ্ৰ একদিন সন্ধ্যাকালে নিমাই গঙ্গাতীরে আদিয়া উপবিষ্ট হইলেন। শিয়গণ তাঁহাে বেষ্টন করিয়া উপবেশন করিলেন। নানাবিধ শাস্ত্রালোচনা হই:তছে, এমন সময় দিখিজয়ী তথায় আসিয়া উপস্থিত रहेलन এবং निमाहेत लावगामग्र वनन-শী দর্শন করিয়া অনিমেধলোচনে তাঁহার দিকে চাহিয়া রহিলেন। নিমাই সমন্ত্রমে তাঁগকে উপবেশন করিতে অমুরোধ করিলেন। আসন পরিগ্রহ করিয়া দিথিজয়ী অবজাভরে কাইলেন "তোমার নাম নিমাই পণ্ডিত ? জুমি ব্যাকরণ অধ্যাপনা করিয়া ^{থাক।} এই বালাশাস্ত্রে তোমার পটুতার

কথা আমি শ্রবণ করিয়াছি:" নিমাই
বিনীতভাবে কহিলেন "ব্যাকরণ অধ্যাপনা
করি বলিয়া অভিমান আছে বটে, কিন্তু
ব্যাকরণের তাৎপর্য যে বুঝি, তাহা বলিতে
পারি না। আপনি সর্কশাস্ত্রণেত্তা ও
প্রবীণ কবি, আমি ত আপনার নিকট
নবপাঠার্থী সদৃশ। আপনার কবিত্ব শুনিতে
অভিলাব হইয়াছে। অনুগ্রপ্রক যদি
গঙ্গার মাহান্য কিছু বর্ণনা করেন, তাহা
হইলে কুতার্থ হই।"

তথন নিথিক্য়া সগর্বে গকার মাহাত্মাস্তক লোকাবলী রচনা ও পাঠ করিতে আরম্ভ कतित्वन । (सचगर्ड्जनमृष्य गार्श्वोर्याणी দ্রতোচ্চারিত একশত শোক শুনিয়া, শিশ্বগণ বিশ্বয়ে অভিভূত হইণ। নিমাই অশেষ সাধুবাদ করিয়া কহিলেন "আপনার পবিতা শ্লোকের অর্থ করিতে পারে, এমন পণ্ডিত আর কে আছে গুপঠিত কবিতার অর্থ যদি আপনি নিজমুখে করেন, তাহা হইলে পর্ম সন্তোষলাভ করিব।" দিগ্রিজয়ী জিজ্ঞাসিলেন "কোন্ শোকের ব্যাশ্যা করিব।" তথন নিমাই পণ্ডিত শত শ্লোকের মধ্যে নিয়লিখিত গ্লোকের আর্ত্তি করিলেন— "মহরং গঙ্গায়াঃ সত্তমিদ্যাভাতি নিত্রাং। যদেষা ঐীবিফোশ্চরণকমলোৎপত্তিস্বভগা॥ দিতীয়শ্রীলক্ষারিব স্থারনবৈরবর্চ্চাচরণা। ভ ানীভর্ষা শির্দি বিভব হাছু হগুণা ॥ গঙ্গার এই মহিমা নিয়ত দেদীপামান রহিয়াছে যে তিনি বিষ্ণুর চরণকমল হইতে সঞ্জাত হইয়া সৌভাগ্য লাভ করিয়াছেন। কি সুর কি নর সকলেই ছিতীয় কমলার ভায় ইহার চরণ অর্চনা করিয়া থাকেন, ইনি

ভবানীপতির শার্ষভাগে অজুজ্ঞণ ধারণ করিয়া বিহার করিতেছেন:

নিমাই কহিলেন "আপনার পঠিত এই লোকটীর ব্যাখা। করুন।" দিগ্রিজয়ী বিস্মিত হইয়া প্রশ্ন করিলেন "ঝঞ্চালাতের মত আমি শ্লোক আরতি করিয়াহি। কি প্রকারে তুমি তাহা कर्श्वर कतितन १.' निभारे करितन "দেবতার বরে আপনি কবিথের হইয়াছেন, দেবতার ববে শ্রুতিশরও হওয়া যায়।" দিথিক্য়ী সম্ভূষ্ট হইলা শ্লোকের ব্যাথা করিলেন। তখন নিমাই কহিলেন ''এখন শ্লোকের মধ্যে কি কি দোষ ও কি কি ও আছে, তাহা বলুন।" দোষের উল্লেখ ভানিয়া দিগি ≉য়ীর অভিমান আহত হইল। তিনি অবজ্ঞাভরে উত্তর করিলেন 'ভুমি ব্যাকরণ-ব্যবসায়ী, অলম্কার ও কবিত্বের তুমি কি জান ?" অতি বিনীতভাবে নিমাই উত্তর করিলেন 'বুঝি না বলিয়াই আপনাকে বুঝাইয়া দিতে বলিতেছি! তালকার-শাস্ত্র না পড়িলেও, তাহার কিছু কিছু যাহা শুনিয়াছি, তাহাতে বোণ হইতেছে, এই শ্লোকে বহু দোষ ও বহু গুণ আছে।' অহঙ্তস্রে ৩খন দিগিজয়ী জিজ্ঞা দা করিলেন 'বল দেখি তুমি, কি দোষ-গুণ ইহাতে অংছে?" "ঘামার উপর কট' ছইবেন না'' বলিয়া নিমাত তপন স্লোকের **इहे जार**न व्यविम्द्रेविटमहाः न. ংকস্থানে বিরুদ্ধমতি ও অক্ত হুই স্থানে যথাক্রমে বিক্রমতি ও ভগ্লম-লোবের উলেপ कित्वन এবং কোशांश कान् कान् पाय আছে তাহা প্রদর্শন করিলেন। ব্যাকরণীয়ার

অভূত পাণ্ডিতা দেখিয়া দিগিক্য়ী বিশিত হট্লেন, তাহার প্রতিভা স্তন্তিত হইল, মুধে আর বাক্য নিঃসরণ হইল না। দিখিজয়ীর नियादेशय भिगाम। পরাভবে হাগিয়া উঠিলেন। তাহাদিগকে निरम्भ कतिय নিমাই দিগ্রিস্থাকে সংখ্যাধন করিয়া বলি'লন ' পাপনি কবিশিরোমণি: আপনার মত কবি আজি পর্যান্ত আমার নঃনগোচর হয় নাই। কালিদাস, ভবভৃতি ও জয়দেবের কবিতাতেও দোষাভাষ আছে। সুত্রা আপনি বিষর্গ হইবেন না। আমি অ।পনার শিষ্যেরও স্মান নহি। আ্যার শৈশবচাপলো রুঠ হটবেন না।" এইরুপ মিইকগাঃ দিগ্নিস্থীকে প্রবোধ দিয়া নিমাই গৃহে গমন করিশেন। রাত্রিকালে দেবী সক্ষসতী স্বপ্নে দিখিজগীকে জানাইলেন নিমাই সাক্ষাৎ ঈশ্বর। প্রদিন প্রাতঃকালে দিখিজ্বী আসিয়া নিমাইর চরণে প্রণত **२**३८नग ।

নিমাইকর্ত্ত দিখিজয়ার পরাভবরতার
সমগ্র নবলীপে প্রচারিত হইয়া পড়িল এবং
নিমাইর যথঃদৌরভে নবলাপ পরিপূর্ণ হয়া
উঠল। বড় বড় বিষা লোক পথে
নিমাইকে দেখিতে পাইলে, দোলা হইতে
অবতরণ করিয়া তাহাকে নমস্কার করিতে
লাগিলেন। নবদ্বাপে যে বাড়াতেই ধর্মকর্ম
অমুন্তিত হইত, তথা হইতে নিমাইর জ্লা
উপঢ়োকন প্রেরিত হইতে লাগিল।
নিমাই এই সমস্ত দ্বা দ্রিদ্র ও সয়্যাসিগণ্র মধ্যে বিতরণ করিতেম। (ফ্রমশ)
ভ্রীতারকচন্দ্র রায়

বিলাতী বাড়ীওয়ালী

বিলাতের বাড়ীওয়ালী এক অতি অন্ত বস্তু। ছনিয়ার আর কোথাও এ वह भित्न कि ना, जानि ना। এ वह গাধুনিক সভ্যতার সৃষ্টি। কিন্তু এই সভাতারও সকল স্থানে ইহা পাওয়া যায় না। আমেরিকায় এ বস্তুর সঙ্গে দেখা সাক্ষাৎ হয় নাই। দেখানে বড় বড় হোটেলের প্রভাবে ছোট ছোট বোডিং লোপ পাইয়াছে। আর বাদাবাড়ী আমেরিকায় ক্থনো ছিল কি না, তাও জানি না। বোডিং এবং ছোট ছোট বাসাবাড়া বা ইংরেজিতে বাকে appartments বলে, বাড়ী ওয়ালীদের রাজত্ব। আমেরিকায় এ রাজন এখন লুপ্তপ্রায় হইয়াছে। সেখানে অনেক লোক সপরিবারে (शार्के त्वरेश वनवान करत्। दशार्केन-বাদের কতকগুলি বিশেষ স্থৃবিধ। আছে। প্রথমতঃ গৃহিনীদিনকে আর দক্ষিণ ঘট। ঘরকরা লইয়া ব্যস্ত থাকিতে হয় না। চাকরবাকরের জঞ্জালও আরে পোহাইতে হয় না। হোটেলের বন্দোবস্তমত ঘরের সকল কাজ আপনা হইতেই চলিয়া যায়। मुखाराख विन्हा हुकारेश पितनरे रहा। निष्ठेश्वर्क महरत्रत (कान रकान रहार्टिल, দশ পরের বছর ধরিয়া একজৈমে বাস করিতেছেন, এমন মার্কিন পরিবার मिश्राहि। , दुशरहेत्व थाकित्व गृहकार्यात्र ^{বিকে}ণ হইতে রকা পাইয়া গৃহসামী আপনার সম্গ্র সময় ও শক্তিনির্বিলে অর্থোপার্জনে নিয়োগ করিতে পারেন,

গুহিণীও রালাবালার হেঙ্গাম একান্ত অবদর লাভ করিয়া যথেচছভাবে আপনার শিক্ষায় বা সৌখিনতায় দিনকয় कतिएक शास्त्रन । वारमतिकात वाधनिक সভ্যতা ও স্থাজ-জীবন এ পথেই ফুটিয়া উঠিতেছে। পারিবারিক জীবনের স্বা**তস্ত্র্য** उ महीर्गठ। नहे रहेशा, এक প্রকারের 'বিশ্ব-জীবনে'র আকার ধারণ করিতেছে। আর হোটেল গুলোই এই অতুল 'বিখ-জীবনে'র আশ্রয় হইয়। উঠিতেছে। স্বতরাং বড় সহরে, সেথানে, বড় কর্ত্তাগণ পুরাতন বাড়ীওখালীর ব্যবসায়ী একেবারেই আত্মসাং করিয়া বসিয়াছেন। ফরাসাঁতে বা জর্মাণীতে বাড়ীওয়ালীর মত কোনো বস্তু আছে কি ना, ङानि ना। এ সকল (नत्भंत मरक চাক্ষুষ পরিচর অতি সামান্ত, ভিতরকার কণা কিছুই জানিনা। তবে সাহিত্যেও ইহাদের কোনো বিশেষ খবরাখবর পাই नाइ।

আর বিলাতেও, লগুন সহরেই
বাড়ীওয়ালীর প্রকোপ সর্বাপেক। বেশী।
লগুন একট। "বিশ্ব-সহর" ইংরেজিতে
ইহাকে cosmopolitan city বলে।
ভৌগোলিক সম্পর্কে লগুন ইংলণ্ডের, সত্য;
কিন্তু জাতি-বর্ণের হিগাবে, লগুন ইংরেজের
নহে, সমগ্র বিশ্বের। এখানে সকল দেশের
লোকের বাস। আর যেখানে নানা
দিগ্দেশ হইতে নানা লোকে আসিয়া
বাস করে, সেখানেই সরাই, মুছাফেরখানা,

ছতা, বোডিং, হোটেল প্রভৃতির প্রয়োজন উপস্থিত হয়। আমাদের দেশে मताहे, वा ছত্র, বা মুছাফেরখানা বলে, किश्र अतियात आयात्मत त्वतान्य मकत्वअ প্রবাদীকে আশ্রয় 'দিয়া যে অভাব পূরণ করেন, বিলাতের হোটেল, বোর্ডিং হাউস্বা আগণার্টমেন্টস্ (appartments) গুলো করে। তবে **অ**তিথি**শ**ৎকার ধর্ম ; বিশাতে একটা অতি বড়ও লাভবান সাহেবেরাও একদিন ধর্মভাবেই অতিথি সৎকার করিতেন, তাঁহাদের ভাষা তার অতিথি কথাটার ম ত ইংরেব্রিভেও আছে। তবে ইংরেজ আমন্ত্রিত, অতিথি অনাহুত नर्ग्न। গৃহস্বামীর সুপরিচিত, একেবারে অণরিচিত নহেন। ইংরেজ-সমাজ বিষ্ণুশর্মার একটা উপদেশ খুবই শক্ত করিয়া ধরিয়াছেন---"অজাতকুগশীলস্ত বাদো দেয়ে। ন কশুচিৎ" এটা তারা ধুবই জানেন। স্থতরাং আশ্রয়-আলয়-হীন লোকের সেখানে আশ্রয় भिल ना। विना छाकात्र भिल्ल ना-छाका দিলে হোটেল,বোডিং হাউদ, অ্যাপটেমেন্ট্র এ সকলে স্বচ্ন স্থান পাওয়া যায়। আর গৃহস্থেরাও কখনো কখনো বিশেষ পরিচয় পাইলে, ভাল লোকের সুপারিশে, অভ্যা-গতকে আপনার বাডীতে অতিথিরূপে গ্রহণ. করিয়া থাকেন। ইহাদিগকে ভতিথি বা guestই বলে বটে, কিন্তু থরচ-পত্র দেন विषय और प्रवास paying guest वरण। এই paying guest কথাটা আমাদের ভাষায় নাই, কারণ বস্তুটী এখনো আমাদের

সমাজে গঞ্জায় নাই। Paying guesterর গৃহক্তীদিগকে বাড়ীওয়াল! বলে না।

বাড়ীওয়ালীরা হয় বোডিং হাউসের না হয় আপোর্টমেণ্টের কর্ত্রী। বয়স এবং বৈবাহিক অবস্থার হিসাবে, ইহাঁরা তিন শেণীর। বয়সভেদে যুবতী, প্রোঢ়া এবং রুলা; বৈবাহিক অবস্থাভেদে অনুঢ়া সধ্বা এবং বিধব।। বয়সের তির্বিধ ক্রমের সঙ্গে বৈবাহিক অবস্থাত্রয় মিলিয়া বিলাতের বাডীওয়ালীদিগকে অনেক শ্রেণীতে ভাগ করিয়াছে। কেহ বা অনুঢ়া ও যুবতী, কেহ বা অনুত। ও ৌতা, কাহারো মধ্যে পতিপুল্রহান জীবনের শুক্তপ্রাণতার সঙ্গে বার্দ্ধকোর কৰ্কশতা মিলিয়াছে। তেমনি সধব্যের সঙ্গেও যাবন, প্রোচ, বাৰ্দ্ধকা মিলিত হইয়াছে। কোথাও বৈধবোর সঙ্গেও এ মিলন এইরূপে বিবিধ অবস্থার ও রূপের ও মিলনে বিলাগী বাডীওয়ালীর অসংখ্য রূপের প্রকাশ হইয়াছে। কিয় রূপ অনেক হইলেও বাড়ীওয়ালীর মূল ,স্বরপটী একই, বৃত্ত নহে। আর এই বহুরপিণী বিলাতী বাডীওয়ালীর "দেই স্বরপটী যে ধরিতে না পারিল, লণ্ডনের মায়াপুরীতে, পদে পদেই তার বিপদ ভারি ৷

যুবতী ও অন্তা, এরপ বাড়ীওয়ালীর
সংখ্যা বড়ই ক্ষ। পার দেখা যায় না,
বলিলেই হয়। যেখানে এই ছুই অবস্থার
সমাথেশ থাকে, সেখানে যোবন প্রায়ই
আপনার সহজ শ্রীসম্পদ হইতে নির্মান
ভাবেই বঞ্চিত হইয়াছে। রূপ্যৌবন

সম্প্রা অন্ঢ়া রাড়ীওয়ালী প্রায় দেখা গায় না। কদাচিৎ দেখা গেলেও, ভদ্রলোকে দে সকল বাড়ীতে প্রায়ই আশ্রয় গ্রহণ করেন না। এ শ্রেণীর বাড়ী লগুনে নাই, এমন নয়। িন্ত বিলাসের লীল।ভূমি, পিকিডিলির আশেপাশেই এঁরা থাকেন। এই সকল বাড়ীতে স্বল্প ভাড়ায় আতিথালাভ করা যায় না। এ অঞ্জে, একখানি র্বার ও একটা শোবার মরের ভাড়া, দপ্ত হে ন নকল্পে ৫০।৬০ টাকা পড়ে। যারা হইতে বিদেশে কেবল টাকা উড়াইতে যায়, তারাই কেবল এ সকল স্থানে আশ্রম লইয়া থাকে। সচরাচর যুবতী বাড়ীওয়ালীরা বিবাহিতা, স্বামীর দঙ্গেই থাকেন, স্বামীর সামান্ত আয়ের দঙ্গে আপিনাদের এই ব্যবসায়ের আয় মিলাইয়া নিজেদের ভবিষাতের ব্যবস্থা করেন। স্বামার আর্থিক উন্নতিতে ও ক্রমে কিঞ্চিৎ পঞ্চিত ধনের অধিকারিণী रहेतन, विरामस गंथन वरमत वरमत পतिवादा नृठन कौरवत व्यामनानि इहेर् व्यात्र छ করে, তখন এই সকল বিবাহিতা যুবতী বাড়ীওয়ালী অনেক সময এই ব্যবসায় ছাড়িয়া দিয়া, উপনগরীতে "ভদ্রগোকের" মত বাদ করিতে আরম্ভ করেন। ভদ্র-লোকের মত কথাটা নিরর্থক নয়। ইংরেজ-স্মারে এ স্কল বাড়ী ওয়ালী বা তাঁদের সাণীপুত্ৰকে ভদ্ৰোক বা gentleman ^{বলে} না। তঁবি সজ্জন হইতে পারেন, কিন্তু সজ্জন আর **ভেণ্ট**ল্ম্যান্ এক কথা नय। यात्मत्र हे।क। नाहे, किश्वा वश्य-ম্ব্যাদা নাই, তারা বিলাতী সমাজে

জেণ্টল্মান্হয় না। যারা আজ ব্যবসা করিয়া খায়, তারাই যদি কাল ভাগাগুণে धानत अधिकाती ट्रेश छैठी, বিপুল হঠতে অমনি ছোটলোক ভদ্রনোক হইতে পারে। আর সকলেরই ভদ্রোক হইবার আঁকাজ্ফাটা প্রবল। মধ্যবিত্ত ভদ্রলোক যাঁরা, যাঁরা দারিদ্রা হইতে ক্রমে স্বচ্ছলতায় যাইতেছেন, একেবারে লক্ষপতি এখনো হন নাই, কখনও হবারও কোনো ত্রাশা নাই, গারাই প্রায় লভনের উপনগরে যাইয়া ভদ্রপল্লি রচনা করেন। বাড়াওয়ালীরাও কিছু টাকা ক ড় জমাইতে পারিলে, অনেক সময়েই আপনার ব্যবসা ছাড়িয়া এই সকল ভদুপলিতে ভদ্রলোকশ্রেণী-গণ্য হইবার চেষ্টা করিয়া থাকেন।

যৌবনসম্পন্না বাড়ীওয়ালী প্রায়ই বিধব। হন ৷ তবে বিধবা বলিয়া পরিচিত বলিয়াই এক সময়ে তিনি সধবা ছিলেন, এমন স্থির সিদ্ধান্ত করা যায় না। অনুঢ়া যুবতীর পক্ষে খনেক গুলি নিতা ন্বাগত অতিথি-অভ্যাণতের ভার গ্রহণ করা ভালো দেখায় না বলিয়া, যুবতী বাড়ীওয়ালীরা, আপনাদের ব্যবসার থাতিরে, বাড়ী ভাড়ার সলে সঙ্গেই, একেবারে সটান অন্ঢাবস্থা হইতে বৈধব্যে গিয়া উপস্থিত হন, মাঝধানকার সধবার অবস্থাটা নাছু ইয়াই একলাফে ডিঙ্গাইয়া পার হইয়া থাকেন। এতে সুবিধা অনেক আছে, কিছুই নাই। ইংরেজবিধবাকে বিধ্বার মত ব্রহ্মচর্য্য অবগৰণ देवशद्या व्यागत्र বিলাতী হয় না।

নিরামিবেরও ব্যবস্থা নাই, একাদণীর দিনে নিরমু উপবাসও করিতে হয় না। আহার-বিহারে সধবায় বিধবায় কোন পার্থকা নাই। সাজসজ্জ। সম্বন্ধেও, देवधरवात्र আদিকার বৎসরকালের পরে, কোন বিশেষ विधि-निरंध नाहै। विला औ, देवधता ममाक-শাসননিবন্ধন, ভোগবিলাদের প্রকারের সঙ্কোচ একান্তই অনাবশ্রক। বৈধব্যের আদিতে কতকটা সংযমের ব্যবস্থা আছে সতা; কিন্তু বিধাতাপুক্ষ আপনি যেখানে এ বৈধব্যের বিধান করেন কেবল সেখানেই এ সকল সংযম অবলম্বন আৰ্শ্যক হয়। চক্ষের উপরে যার। বৈধবাদশা প্রাপ্ত হন, কেবল তাহাদিগকেই সমাজের মুখ চাহিয়া এ সকল নিয়ম অবলম্বন করিতে **इय़। यात्मत्र शृ**र्क्त शतिहय़ नाष्ट्र, यात्मत्त नश्वा क्राप्त पृत्व (नथा यात्र नांहे, तम অপরিচিতাদের বৈধব্য-গ্রহণে এ সকল সংযমাদি অবলম্বন অনাবশ্যক। এরপ স্থলে একদিকে, স্বামীর ঐকান্তিক অমুপ-ম্বিতি, আর অন্তদিকে স্ত্রীর অনামিকাতে विवादाक्षतीय शायन, अंदे इतीरे देवशत्यात স্তেখিকর লক্ষণ বলিয়া গণ্য হয়। এক আংটীর বলেই অনেক সময় অনূঢ়া বিবাহিতা বলিয়া, এবং অবিবাহিতা বিধবা ৰলিয়া সমাজে স্বচ্ছন্দে চলিয়া যাইতে পারেন। বিধণা বাড়ীওয়ালীদের বিবাহের চিহ্নস্বরপ অনামিকাগ্বত অঙ্গুরীয়টীই বৈধব্যের প্রামাণ্য বলিয়া গৃহীত হয়। এই অঙ্গুরীয় ধারণ করিয়াই তাঁরা একেবারে, "মিস'' হইতে "মিসেস্" হইয়া উঠিতে পারেন। অবশ্র ক্ষুদ্র পল্লিজীবনে এরপ ভাবে

অনূঢ়ার পক্ষে বেচছারৈধব্যলাভ হয় না। (यथारन नकरनहें नकनरक জানে, সেম্বলে এরপ অবস্থাবিপর্যায় ঘটাইতে হইলে, বছর হবছরের জন্ম দেশত্যাগী হইয়া থাকা আবশ্যক হয়। কিন্তু লণ্ডন তো সহর সহে, এক বিশাল সাহারা: এ মরুভূমে কে কাকে চেনে ? কে কার খবর রাথে ? এক পল্লিতে যে স্থুপরিচিত, অন্ত পলিতে সে একান্তই অপরিচিত। এক পল্লিতে যে অনুঢ়া, অপর পল্লিতে যাইয়া সে বিবাহ না করিয়াও বিবাহিতা কিয়া বিবাহিতা না হইয়াও বিণবা সাজিয়া বসিতে পারে। এই জভাই অনেক রূপযৌবনবতী বিধবা বাড়ীভয়ালীর বৈধব্যটা সভ্য না স্বর্চিত, ইহা ঠিক করিয়া বলা যায় না।

বিলাতে সকল প্রকারের ব্যবসাতেই রূপ জিনিষ্টা বড় কাজে লাগে। যে আপনার দোকান জাকাইয়া চায়, সে বাছিয়া গুছিয়া রূপদী চাকরাণী জুটাইয়া আনে, এঁরা মোহিনী সাজে সাজিয়া, গ্রাহকদিগকে আকর্ষণ করেন। এঁরা সকলেই বা অধিকাংশই যে অসচ্চরিত্র এমন মনে করা অসঙ্গত। অনেক সতী नकी अँ रात्र गर्धा थारकन, गाँता प्रतिप ভরণপোষণের পরিজনের **জ** গ্য দাসীরতি অবলম্বন করিতে বাধ্য হ'ন। u मक्न (नाकरक (निथित्नहे (हरा याग्। এঁদের নিজের রূপের জ্ঞান আছে-কোনুরমণীর তাহা নাই ?—কিন্তু রূপের অহন্ধার নাই। প্রসাধনের পটুতা আছে— कान तमनीहे वा श्रमाध्य উपामीन ?-

किन्न विवारिश्व अर्भःयम नारे। विधाछा কাদের রূপ দিয়াছেন. তাই সহজেই চাকুরী পান; কিন্তু নিজেরা কদাপি লোক ভুগাইবার জন্য আপনাদের গোহিনী মায়া বিস্তার করেন না। কেবল রপের জোরে চাকুরী জুটিল এ কথা ভাবিতেও এঁদের লজাবোধ হয়। কিন্তু "विज्ञिन (मर्म यमां ठावः ;"--(मर्मत রীতি। দোকান-পসার খুলিয়া বসিলে, ব্যবদার থাতিরে, গ্রাহক জুটাইবার জ্বন্ত (यमन चत्रानात পतिकात পतिष्कृत, माक-স্জ্রা সুন্দর ও সুচার করা আবিশ্রক হয়, দেইরূপ রূপলাবণাবতী সুদক্ষিত চাকরাণীও রাখা প্রয়োজন হইয়া থাকে। বাডীওয়ালীর বাবসাতেও এ নিয়মের অতিক্রম করিলে না। বোডিংটাকে জাঁকাইতে হইলে, খাদবাবে ও চাকরচাকরাণীতে উভয় ক্ষেত্রেই সৌন্দর্যা সাধন আবশ্রক হয়। বাড়ীওয়ালী যেথানে আপনি রূপ-(गोवन-मम्भन्ना (मथारन (छ) कथाई नाई। কিন্তু ব্যবসায়ে মূলধনের যতটা প্রয়োজন, রপের প্রয়োজন ত তত্টা নয়। যার টাকা আছে, তার রূপও থাকিবে, এমনো ত কোন কথা নাই। বিশেষ অনেক সময় রপ, যৌবন, ও দ্বিত ধন যেথানে মিলিয়া যায়, সে স্থলে রমণী প্রায়ই আপনার ইচ্ছায় না হইলে, অনুঢ়া থাকে না। उारित आत वाड़ी उग्नामी रहेशा छोतिका উপাৰ্জন কৰিতে হয় না সময় প্রকৃত বাড়ীওয়ালী যিনি, অর্থাৎ যাঁর টাকাতে ব্যবসা চলে, তিনি রূপসী गर्ग। এ সকল কেত্রে প্রথম প্রথম

তিনি নৃতন অভাগতের চক্ষুর অন্তরালে থাকেন। যে বাড়ীওয়ালীর আপনার তেমন রূপ নাই, তিনি চাকরাণী নিয়োগে অসাধারণ রূপলাবণ্য পুঁজিয়া থাকেন। এ সকল চাকরাণীই প্রথমে ঘরদোর দেখাইয়া, অতিথির সঙ্গে সকল বন্দোবস্ত করে; ক্রমে ক্রমে বাড়ীওয়ালীর সঙ্গে তাঁদের পরিচয় হয়।

বিশাতের বাড়ীওয়ালীর রূপ অনেক, কিন্তু স্ক্রপ এক, এ কথা বলিয়াছি। রূপতঃ কেই অনুঢ়া, কেই স্ধ্বা, কেই বিধ্বা। কেহ সুন্দরী, কেহ সাধারণী, কেহ একান্তই কুৎদিৎ। কেহ বা যুবতী, কেহ বা প্রোঢ়া, কেহবা র্দ্ধা। এ সকল রূপভেদ অনেক আছে। কিন্তু সরূপে প্রায় বাড়ীওয়ালীই এক। সে স্বরূপে বিলাতের वाड़ी खशानी नाड़ी नरहन, कि इ ताक्षती; মানবী নহেন, किछ मंकूनी। भाषपंड রাক্ষসের ধর্ম ; ভক্ষণই শকুনীর একমাত্র कर्य। त्राक्रमी (माहिनी माग्रा जात, বিলাতের বাড়ীওয়ালীও মায়াবিনী কম नट्न। मकूनी कौरवत माश्म है। निश খায়, শেষে অন্থিমাত্র পড়িয়া থাকে। বাড়ীওয়ালীও, যতটা সাধ্য, আপনার আ।শ্রিত অতিথিদিগের অন্থিমাত্রাবশিষ্ট রাখিয়া তাঁর আর যা কিছু আত্মগাৎ করিয়া থাকেন। দিবার সময় ইহারা माशाविनी, निवात (वना ताक्रमी। शांष्ठि বিলাতী বাড়ী ওয়ালীর ধপ্পরে একবার মুক্তির পড়িলে, জীবের স্থার থাকে না ৷

মানেের জন্মকথা

পশুশালায় একটা বানরের দাঁত সবল ছিল না, দে পাথরের আঘাত দিয়া স্থপারি ভাঙ্গিত; পশুশালার রক্ষকণণ আমাকে নিশ্চয় করিয়া বলিয়াছেন যে ঐ বানর পাথর খণ্ড ছারা কার্য্য করিয়া খড়ের নীচে স্কাইয়া রাখিত, উহাকে অত্য বানরকে হাত দিতেও দিত না। এই খানেই সম্পত্তির বোধ জন্মা লক্ষিত হয়; কিন্তু প্রত্যেক কুকুর যখন অন্থিপণ্ড লইয়া অপরের সহিত ঝগড়া করে, অথবা পক্ষিণণ যখন নিজ্প বাসা দখল করে তখন তাহারাও সম্পতির বোধ থাকা দেখায়।

ডিউক অব আর্গাইল বলেন যে, কোন নিশেষ উদেশ্যবশতঃ তদমুরূপ ভাবে যন্ত্র নির্মাণ করা মান্তবের একটা বিশেষত্ব; স্থুতরাং তিনি বিবেচনা করেন যে, এই হেতু ব্ৰতঃ মান্ধুধের সহিত পশুর প্রভেদ। এই প্রভেদ অবশ্য উল্লেখযোগ্য, কিন্তু সার জে, লাবক যাহা বলেন তাহার মধ্যে অনেক সতা নিহিত আছে। তিনি वर्णनं सञ्चा अथम यथन रकान कातरण পাপরের যন্ত্র ব্যবহার করে, তখন হঠাৎ উহা ভাঙ্গিয়া গেলে উহার তীক্ষধার খণ্ড-গুলি ব্যবহার করিয়াছিল। এই অবভার পরে ইচ্ছাপ্র্বক প্রস্তর ভাঙ্গিয়া ব্যবহার করা সহজ কথা, এবং তৎপরে প্রস্তর হইতে কোন মতে ষন্ত্ৰ গঠন করাও থুব কঠিন কথা নহে।

প্রস্তর-যুগের* মামুষ কত দীর্ঘকাল পরে

প্রস্তারের যন্ত্রাদি ঘষিতে ও পালিস করিতে সক্ষম হইয়াছিল তাহা বিবেচনা করিলে বোধ হয় যে প্রস্তারের যন্ত্র গঠন করিতেও দীর্ঘ সময় আবশুক হইয়া থাকিবে। সার জে, লাবক ইহাও বলেন যে প্রস্তর ভা সতে অগ্নিফুলিক বাহির হইত, এবং পালিস করিতেও তাপ উৎপন হইত। স্বতরাং "যে তুই উপায়ে অগ্নি উৎপন্ন হয় তাহা এইরপে আবিষ্কৃত হইয়া থাকিবে।" যে সকল প্রদেশে আগ্নেয়-গিরি হইতে ধাতৃ-স্রাণ নির্গত হইয়া অরণা মধ্য দিয়। প্রণাহিত হইত সেসকল স্থানে অগ্নি কি পদাৰ্থ তাহা ঐ ঘটনা হইতেই জ্ঞাত হইত। উচ্চশ্রেণীর বানরগণ সম্ভবতঃ সহজ রুত্তির উত্তেজনায় অস্থায়ী মাচাং* প্রস্তুত কবে; কিন্তু অনেক সহজ রুত্তি বুদ্ধি দারা নিয়মিত হয়, স্কুতরাং ঐ কর্মাও অনায়াসেই ইচ্ছাপূর্মক ও জ্ঞান-পূর্বক অমুষ্ঠিত কর্মে প্রিণত হইতে পারে। ওরাং ওটাং রাত্রিকালে পাণ্ডেনাস্ পত্রে দেহাচ্ছাদন করে, ইহা জানা গিয়াছে। বেদ বলিয়াছেন যে তাঁহাদের একটা রানর কোদের উত্তাপ হইতে রক্ষা পাইবার নিমিত খড়ের মাত্র মাথার উপর দিয়াছিল। এ⁵ শকল নানাপ্রকারের আচরণ হইতে আমরা সম্ভবতঃ কতিপয় সরল শিল্প-কৌশলের প্রথম স্থচনা বুঝিতে পারি। যাহা হইতে মানব জাত হইয়াছে, সেই আদিম পূৰ্ক পুরুষগণ মধ্যে স্থাপত্য ও 'পরিচ্ছদ-রচনা কিরপে প্রথম আরম্ভ হইয়াছিল, তাহা সম্ভবতঃ ঐ সকল আচরণেই দেখা যায়।

বে বুগে মাকুর পাধরের যন্ত্র ও অক্সাদি ব্যবহার
 করিত।

Platform.

সামাত্ত গুণাত্ত্তি, * সাধারণ সংস্থার, অহংজ্ঞান এবং ব্যক্তিজ, এই সকল উলত _{মনোরু}ত্তি জন্তুগণের আছে কি না তাহা निर्वय कता, आगा अल्ला यिनि अधिक _{জানেন} তাঁহারও তুঃশাধ্য। কারণ উহা-দিগের মনোমধ্যে কি হইতেতে ভাগ বুঝা ক্রিন; এবং গ্রন্থকারগণ মধ্যে ঐ শব্দ-গুলির অর্থসম্বন্ধেও গুরুতর অনৈকা। দল্ভতি যে সকল নিবন্ধ প্রকাশিত হইয়াছে তাহা হইতে বুঝা যাইতেছে যে সামান্ত গুণামুভৃতি অথবা সাধারণধর্ম পরিজ্ঞাত হটবার **শক্তি জন্তুগণের নাই**—ইত্যাকার মতই সর্কাপেকা অধিক দৃঢ়তার সহিত প্রচারিত হইতেছে। কিন্তু যথন একটা কুকুর দূরে অন্ত কুকুরকে দর্শন করে, তথন নিত্যই সে এই মাত্র বুঝিতে পারে যে ঐ দূরস্থ পদার্থ কুকুর (জাতীয়); কারণ ঐ দ্রস্থ কুকুরতী যদি উহার পূর্ব্বপরিচিত স্থন্ধদ হয়, তবে সে নিকটে আসিলে উহার ভাব তদণ্ডেই পরিবর্ত্তিত হইয়া যায়। সম্প্রতি একজন গ্রন্থ বিষয়ে খেন থে. এইরূপ খণে জন্তগণের মানসিক অবস্থা মানবের ভায় ন্দুং, এ কথা বলা অনর্থক বলা মাত্র। এক্ষেত্রে মানব যদি ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়কে মান্দিক সংস্কারবশতঃ অনুভব করিতে শৃক্ম হয়, তেৰে জন্তুগণও হয় ৷ আ ম অনেক वांव পরীক্ষা করিয়। দেখিয়াছি, যখনই আনার টেরিয়ার কুক্রকে বলি, "হিঃ হিঃ <u>ও-ট। কোথায় ?" তথনই সৈ বুঝিতে</u>

*বহু পদার্থের সাধারণ ধর্মকে সামাশ্র গুণবলিলাম, তথােণকে সামাস গুণামুভূতি বলা হইল। ইহাকে জাতিহ-বােধও বলা বাইতে পারে। পারে, কিছু অমুসন্ধান করিতে হইবে; তৎপরে প্রায়ই সে চারিদিকে তাকাইয়া দেখে এবং ক্রতগতি নিকটস্থ জন্মলের দিকে দৌড়াইয়া গিয়া শিকারের নিমিত্ত ইতস্ততঃ দ্রাণ লইতে আরম্ভ করে; যথন কিছুই পার না তথন কাঠ বিড়াল পাইবার আশায় নিকটবর্তী রক্ষের উপরদিকে দৃষ্ট নিক্ষেপ করে। একটা কোন জন্ধ অমুসন্ধান ও শিকার কবিতে হইবে, এরপ এক সাধারণ সংস্কার উহার মনে উদয় হইয়াছিল, ইহা কি ঐ সকল কর্ম দেথিয়া বুঝা যাইতেছে না?

কোথা হইতে আসিয়াছি, কোথায় याइँव, कौवन कि, भृञ्जा कि १ इंज्यानि विषय চিন্তা করাকেই যদি এহংজ্ঞান (= অহন্ধার) वना याग्र তবে ইश व्यवास स्रोकात कतिए ह হয় যে ইতর জন্তুগণের অহংজ্ঞান নাই। কিন্তু বৃদ্ধ শিকারী কুকুরগণ অতীত কালের শিকার বিষয়ক সুখ হুঃখ দখন্ধে চিন্তা করে না, এ কথা নিশ্চিতরূপে কেমন করিয়া বলা যায় ? কারণ উহাদিগের উত্তম স্মৃতিশক্তি ও কল্পনাশক্তি আছে, তাহা উহাদিগের স্বপ্ল-দর্শন হইতেই বুঝা যাইতেছে। ঐরপ চিন্তাই ত এক প্রকারের অহ জ্ঞান। . পক্ষান্তরে অতি অগভ্য নীচ অঞ্টেলিয়ানের कर्षकाला खौ (य धनवाहक नक कारन ना, চারি সংখ্যার অধিক বলিতে পারে না, সে অহংজ্ঞান পরিচালনা অতি কমই করে, এবং নিজের অন্তির্সদন্ধে চিন্তাও করে না विलिट इस, हेश वृक्नात (मथाहेमां एक । প্রায় সকলে স্বীকার করেন যে উচ্চ শ্রেণীস্থ জন্তুগণের স্মৃতি, মনোষোগ, ভাব-

मः योग, किकिए कहाना **म**िक ও বুদ্ধি আছে। এই শকল বৃত্তি বিভিন্ন জম্ভর বিভিন্ন পরিমাণ; তথাপি যদি এ সকল উন্নতিণীল হয়, তবে দরল বুত্তি সকলের দংমিশ্রণে ও বিকাশে সামাক্ত গুণামুভূতি ও অহংক্লান প্রভৃতি অপেক্লাকুত জটিল মনোরত্তি সকল সঞ্জাত হওয়া বেশি অসম্ভব গণ্য হইতে পারেনা। এই মতের विकृष्ट (कह (कह उर्क कर्दन (य क्रांत्व

উন্নতি সোপানের কোন্ স্তরে ঐ _{সকল} রতির উদ্ভব হইয়াছে তাগ নির্ণ করা অসম্ভব ; কিন্তু খামালিগের শিশুগণের ন্নে এ সকল বুত্তি কখন উদয় হয় তাহাই বা কে বলিতে পারে? আমরা কেবল পেষে এই দেখিতে পাই যে ক্রমে ক্রমে অলক্ষিদ ভাবে ঐ সকল রুত্তি শিশুদিগের মনে বিকশিত হইল। (ক্ৰমশ) শ্রীণশধর রায়।

খোদা মালিক হায়

জানি না কি এক থেয়ালের বশে আমি প্রস্তাব করিয়া বদিলাম, এবার গ্রীমাবকাশে দিল্লা বেড়াইতে যাওয়া যাক কিশোরীমোহন অমনি মহা বন্ধবর উৎসাহে আমার প্রস্তাব সমর্থন করিলেন, উংসাহ জিনিষ্টায় কিশোরীর কখন অভাব (परि नाहे। वालाकाल इहेट इक्टन একদঙ্গে পড়িতেছি দেখিয়া বরাবর আসিতেছি, কি সভা-সাঞ্চান, কি চাঁদার थाठा लहेश पुतिशा (त्रान, नकल विष्राहे উৎসাহ। ফুটবল, কিশোরীর স্থান जिरको एवेनिम् (थनाम् रम मकरनत আবো। মোটকথা নিজের কাজ ছাড়া चात नकन विष्णाहे तम छे पाराचिक

তথনি স্থির হটয়৷ গেল আগামী রবিবার সন্ধার এক্সপ্রেসে আমরা দিল্লী এদিকে হইব। কিশোরীর উৎসাহ যত বাড়িতে লাগিল আমার উৎসাহ দেই অসুপাতে কমিতেছিল, আমি পূর্বে স্থির করিয়াছিলাম এবার গ্রীমটা বাংলার এক নিভৃত কোণে আমাদের

গ্রামটিতে কাটাইব। তাই যতই ক্ষুদ্ দেই ছায়াশীতল চিরশান্তিময় বাড়ীটি মনে পড়িতে লাগিল তত্ই কোলাহলময় রৌদুতপ্ত कर्गक मित्री সংরেশ্ব উপর রাগ २३८७ नागिन। শনিবারের সন্ধ্যার পুর্বে িশোরী কোর্ট' হইতে আমার মেসে আসিয়া উপস্থিত এবং তখনও আমার কিছুই গোছ গাছ হয় নাই দেখিয়া নিকেই অমার পেঁটরা গোছাইতে বসিয়া গেল আমি চিরকান ঢিলা স্বভাবের মাত্র্য—কিশোরী ঠিক তার বিপরীত। দে আধবন্টার মধ্যে সুব ঠিক করিয়া ফেলিল, যাবার সময় গেল ''আমি কাল ঠিক পাঁচটার সম্ব গাড়ী লইয়া আদিব আজ তুমি তোমাই বন্ধু প্রফেদর য ·কে একটা তার' করিয়া দিও। দেখো ভুলো না, জান ত খবর না पिरा यखतवाड़ी शिला कि दिवन इस ্ট। নেহাত কবিকল্পনা নয়।

শেষে কিশোরীর উৎসাহের প্রবল ব্যার স্রোতে আমরা দিল্লী আসিয়া

(बीहाइनाम। (देवांत्र कर्षे यथन व्यामात कुः ब्राह्त त्नव्याष व्यानिष्ठे हिन ना, ত্রখনও কিশোরীর হাতে আমার নিস্তার নাই। আমি অন্তত এক সপ্তাহ কাল বিশ্রামের প্রস্তাব করিবা মাত্র কিশোরী কুতব-মিনার দেখিতে যাইবার গাড়ী ঠিক করিয়া ফেলিল। এমনি করিয়া দ্বিতি ও গতির সংঘাতে গতিই জয়নাভ করিল। আমরা একে একে দিলার যাবতীয় দুইবা ও অদুষ্টবা সমস্তই দেখিয়া শেষ করিলাম। তারপর আমি यथन शाती विधाय-पूरशत कल्लगांस मध्न, কিশোরীশেহন বলিয়। "চল এখন আমরা দিল্লীর রাস্তায় রাস্তায় বুরিয়া বেড়াই। এতদিন আমরা যাহা দেবলাম তাহা বিদেশী 'টুরিষ্টে'র মত দেখা किञ्च हेश ७ वाखिविक (नथा नय़। (कान দেখিতে **इ**हे*ल* সেখানকার লোকের সঙ্গে মিশিয়া তার হাট বাজার তার রাস্তা-গলি, তার ভাল-মন্দ, দেখানকার थानम-उ९म्ब मवहे (मथिए इहेरव।" ই াদি ইত্যাদি। আমি বন্ধুর এ তত্ত্বের याथार्थन स्रोकात कतिया लहेया भातातिक অস্বস্থতার ক্ষীণ আগেন্তি করিলাণ মাতা। কিন্তু তাহা টিকিল না. বাহির হইতে रहेन।

(२)

এমনি করিয়। ঘূরিতে ঘূরিতে একদিন প্রাতে আমরা চাদনাচকের রাস্তার স্ববিধ্যাত "র্নোনেরী মসজিদের" শামনে ফোয়ারার ধারে ব্দিয়া আছি, এমন সময় একটা প্রকাণ্ড গাড়ী আদিয়া উপস্থিত। তাগতে কয়েদ্ ভয়া, উপরে, পাশে, পিছনে 'হাতিয়ার-বন্দ' দিপাহা। গাড়াটা যখন মাডের কাছে আদিল, তখন কোথা হইতে একটি রন্ধা ও একটি য়বতী দৌড়িয়া আদিয়া একজন কয়েদীর সঙ্গেকথা কহিতে কহিতে গাড়ীর পিছনে পিছনে ছটিতে 'লাগিল। তাহাদের কিকণা হইল ভানিতে পাইলাম না, কিছা গাড়াথানা যখন কুইন্দ গাড়েনের দরজায় তথন রন্ধা ও যুবতা নামিয়া গেল এবং কয়েনা চিংকার করিয়া বলিল "তোমরা ভয় কয়ো না বাড়ী ফিরিয়া যাও, রামজা অবগ্রই দয়া করিবেন।"

কথাটা শুনিয়া শামাদের ঔৎস্কা বাজ্য় পেল। কিশোরী বলিল, "ব্যাপারটা কি লানিতে ইইবে।" তারপর তু তিন দিন আমরা ঠিক সময়ে ফোয়ারার ধারে বিসিয়া থাকিতাম এবং দেখিতাম র্দ্ধা যুবতীর হাত ধরিয়া মোড়ের কাছে দাঁড়াইয়া আছে। গাড়ীখানি আদিলে আবার তাদের দেই কয়েদীর সলে কথা হইত। চহুর্ব দিনে কিশোরী বলিল, "আজ যেমন করিয়া হউক, ইহাদের র্তান্ত

বৃদ্ধা ও যুবতী তথন 'পরেটাওয়ালী'ব দোকানে গিয়া বসিয়াছে, কিছুক্ষণ পরে ভাহারা কয়েকখান মোটা কটি লইয়া বাগানের মধ্যে গেল। তাহাদের আহারাদি হইয়া গেলে কিশোরী ধীরে ধ'রে তা'দের ক'ছে গেল—আমিও তাহার অফুগমন করিলাম। বৃদ্ধার সহিত কিশোরী যথন কথা কহিতে গেল, তথন প্রথমে সে

অত্যন্ত সন্দেহের সহিত আমাদের ছু'জনকে (पिशा नहेन-किस किश्मातीत এको। আশ্চর্যা ক্ষমতাছিল সে সহজেই লোকের সহিত আত্মীয়তা করিয়া লইতে পারে। বৃদ্ধাও ক্রমে এই বিদেশী, মিষ্টভাষী স্বদর্শন মুবার উপর প্রসন্ন হইল। কিশোরী তাহাদের সমস্ত কাহিনী ক্রমে ক্রমে कानिया नहेंन। दक्षा विनन, - "वावूकी একটি সহর হইতে ক্রোশধানেক দুরে ছোট গ্রামে আমাদের বাড়ী. আমরা ভাতে জাঠ। যত দিন আমার স্বামী ছিল, ভতদিন আমাদর বড় সংসারই ছিল। ত্রিশ চল্লিশ বিঘের চাব, ছজোগা 'বয়েল', তা' ছাড়া গাই-মোষও ছিল। আজ তিন বছর হ'ল আমি 'বেওয়া' হইয়াছি—তারপর বছর ঘুরিতে না ঘুরিতে । পড়কির কপাল পুড়িল। এর 'খগুরালে' বড় কষ্ট. খাওডী বভ ষ্মণা দেয়, বিধ্বা হওয়ার ইহার উপর অত্যাচার বাড়িয়া গেল। তাই ভাবিলাম ছেলে "ত্লিয়ার" হয়েতে ঘ্রে খাওয়ার কন্ত নাই, ইহাকে আমার কাছে আনিয়া রাখি কিন্তু তথন জানিতাম मा (य हेराहे आभारतत काल कहेरत। আজ ছ'মাদ হো'ল যমুনা আমার কাছে अरहर्ष छो' अक निनंश यामारमंत्र सूर्य গেল না। যমুলা আসার পর হ'তে चार्मारमञ्ज भैरियद 'लचत्रमादि'त वड़ रहाल किंदू पन पन जाशास्त्र वाकी याजायाज ভারত করিল; তা আমি ভাবিতাম— ेव्यामारमञ् 🖸 इःथ इफिर्न (म व्यामारमञ चेवत नहें एक चारम ; छात्रभत वक मिम

यमूना काँ पिटि काँ पिटि आमार्व कार्छ সব কথা বলিল ৷ আমি তাকে বুঝ্টুয়া कतिलाग—चात्र (भागन বাড়ী ঢোকা লম্বনারের ছেলের করিয়া দিলাম। শিউরতনকে বলিলাম না, কি জানি 'যোয়ান' মানুষ রাপের মাধায় কি বলে ! যতদিন বুড়া লম্বনার বাঁচিয়া ছিল ততদিন একরক্ষে গেল, তারপর সেই বড় ছেলে হটল গাঁথের লম্বরদার, আমাদেরও বিপদের স্ত্রপাত হইল। সে পথে ঘাটে যমুনাকে দেখিয়া ঠটাবিজ্ঞপ ক্রিতে পারস্থ তার পর যমুনার নানা কুৎসা রটনা করিতে শাগিল। একদিন শিউরতন সব কথা জানিয়া কোথা হ'ছে দেই আমাদের ধুব ভৎ দিনা করিল এবং নৃতন লম্বরদারকে বেশ করিয়া বুঝাইয়া দিল যে, তার ভগিনীকে অপমান করিলে দে **সহজে ছা**ড়িবে না—জান দিয়াও দে ইজ্বং রক্ষা করিবে।

"ইহার পর যম্নার উপর প্রকাশ্য অপমান কে হইল বটে, কিন্তু আমাদের উপর অত্যাচার স্থাক্ত হইল। এখন প্রায়ই আমাদের গাই-মোষ ধোঁয়াড়ে চালান বাইতে লাগিল, জমীজমা লইয়াও গোল বাধিল। আমাদের একখান ক্ষেত্ত অত্যে দখল করিয়া লইল, তার কোন প্রতিকার হইল নান একদিন কি এক সামাত্য অপরাধে লখরদার শিউর্ক্নের এক টাকা জারিমানা করিল, শিউর্ক্নের এক টাকা জারিমানা করিল, শিউর্ক্নের এক টাকা দিতে অস্বীকার করায় তাকে সমস্ত দিন কাছারীতে বসাইয়া, রাধিল, সন্ধার সময়

ধবর পাইয়া আমি টাকা দিয়া তাকে ছাড়াইয়া আনি।

"তারপর আজ পনের দিন হইন সন্ধার পর যমুনা কুয়া হইতে জল লইয়া ফিরিতেছিল. পথে गश्त्रमात्र তাকে আটকায়, সে ভয়ে চাৎকার করিয়া উঠে, শিউরতনও দেই সময় কেতের করিয়া ফিরিতেছিল, সে ছুটাগা গিয়া লম্বদারকে বেশ ঘা কতক দিয়া যথনাকে वाड़ी लहेस व्यादमः लघतमात छूटिया ना পালাইলে একটা খুনখারাপি হওয়া অসম্ভব ছিল না। প্রদিনই শুনিলাম রাত্রে লম্বদাবের বাড়ীতে চুরি হইয়া গিয়াডে, 'থানেনার'সাহেব তদন্ত করিতে আসিয়াছেন, —দেখিতে পেখিতে চোকীদার গাঁ ভরিয়া গেল। **সন্ধা**র সময় থানেদার সাহেব শিউরতনকে বাঁধিয়া লইয়া গেল—দে না কি লম্বরদারের বাড়া হইতে ক'থানা বাদন চুরি করিয়া দিলাতে বেচিয়া মাসিয়াছে। স্ব কথা শুনিয়া আমি **उर्ज़िक अञ्च**कात (परिनाम, आभारक काँनिट जिया यमूना विनन, भा-जि. असन করে কৈনে কি কোন উপায় হবে। এরা ত দাদাকে সরাইয়া দিল, এর পর আমাদের ' কে রক্ষা করিবে, এ গাঁরে থাক্তে পারব না তার চেয়ে চল দিলীতে যদি কোন উপায় হয়, দাদার যদি জেল হয় তবে আর भाषा कितव ना, निरीटिंड (अटि यूटि बात।' তাই হাতে ,য়া প্যসাকড়ি ছিল 'লইয়া निह्नी व्यानियाहिलाम। किन्न এ नहत 'সমুন্দর' কোথায় আমার मसान পाइर । स्थित तामजी एमा कत्रानन,

পরও আমরা ঐ পরেটা গুয়ালীর দোকানে বসে আছি, এমন সময় দেখি একখানা গাড়ীর চাকা ভাঙ্গিয়া ফোয়ারার সামনে দাড়াইল, কত লোক ছুটল আমরাও গেলাম, দেখি সেই গাড়ীর মধ্যে শিউরতন, বেটার হাতে পায়ে শিকল, তবু তার মুধ থানি দেথিয়। প্রাণ বাচল। দে আমাকে কত 'দিলজমি' করিল, আমি ছুটিয়া তার কাছে যাইতেছিলাম, কিন্তু একটা দেপাই 'সঙ্গ নের' খোঁচা দিয়া আমাকে সরাইয়া দিল-তারপর গাড়ী মেরামত হইলে তারা আমার বাছাকে লইয়া গেল। শিউরতনের মুখ খানি एमिय वित्रा जात भविमा आपिनाम, আবার দেখা হইল, আজো দেখিলাম তার বিচার না কি এখনও হয় নি, শীঘ হ'বে, তবু একবার করে তাকে কাছারী নিয়ে যায়।"

অশ্রুপাত করিতে করিতে র্দ্ধা তাহার কাহিনী শেষ করিল, ষমুনার দিকে চাহিলাম, তারও ছই চক্ষু জলে ভরিয়া গিয়াছে, কিন্তু মুখে একটা স্থির প্রতিজ্ঞা একটা দৃঢ়ভার ভাব। জানি না সে কি ভাবিতেছিল। র্দ্ধা বলিল—"বার্গ্রী, তোমরা গালালা শুনেছি ভোমরা না কি সাহেবদের সঙ্গে খুব বাৎ চীত্ কর্তে পার, তা বলে কয়ে আমার শেউরতনকে থালাস করে দিতে পার না ?" যমুনাও সেই সময়ে একদৃষ্টে আমাদের পানে চাহিল—অভ্যাচারপাড়িভা অভাগিনী বিধবার সে দৃষ্টতে কি গভীর বিধাদ, কি করুণ মিনভি!

কিশোরী বলিল—''মা-জি, তুমি কাল ঠিক এই সময়ে এথানে এদ—আজ যদি ভোমার ছেলের বিচার দা হইয়া যায় তবে কাল আমরা এর ব্যবস্থা করব!"

(0)

किट्याती वाड़ी फितियां रे वसूरत প্রফেদর য-কে ধরিয়া বাদল, এখানে তাঁর কোন পরিচিত উকিল আছে কি না, থাকিলে এখনি তাঁর কাছে যাইতে হইবে। বন্ধুব। একটু 'স্থাবর' গোছের লোক, কিন্তু কিশোরা কাঁহাকে কিছুতেই স্থির হইতে দিল না, তখনই গাড়ী ডাকাইয়া য-বাবুৰ বন্ধু একটি নব্য **উকীলে**র বাডী গেল। সমব্যবসায়ী काटकर किर्माती অভি সবরেই উকীল माट्टरित मटक (तम क्याहेश वहेन वतः শিউরতনের মোকর্জমার সমস্ত বিবরণ বলিয়া, তাঁহাকে মোকর্দমা চালাইবার ভার দিল এবং তৎসঙ্গে ফিস দিতেও ष्ट्रनिन ना छेकोन मार्ट्य फिन्न नहेर्छ আপত্তি করিলে—কিশোরী অমানবদনে বলিল — "এ টাকা সেই বুড়ীর।"

সন্ধার সময় সংবাদ পাওয়া গেল—
পর দিন শিউরতনের বিচার। উকাল সাহেব
অভিযোগের রুত্তান্ত ও অক্সান্ত কাগজাতের
নকল লইয়াছেন। রাত্রে কিশোরী আণার
উকীণের বাড়ী গেল এবং কাগজাদি
দেখিয়া তার সহিত পরামর্শ করিয়া
আসিল তাঁদের উভয়ের মত হটল—
ব্যুনাকে সাক্ষী মানিয়া আগল ঘটনা
প্রমাণ করা। কিন্তু বৃদ্ধা কিছুতেই রাজী
হইল না, বলিল—"বাবুলি, ব্যুনা কেমন

করিয়া অত লোকের মাঝে গিয়া এ সব
কথা বলিবে! এ ছাড়া আর যদি কোন
উপার থাকে ত দেখ। আমার ত ই
ম ৩—তবে আমি বুড়ো সুড়ো মামুষ,
একবার শিউরতনকেও জিজ্ঞাসা করে
দেখ— সে কি বলে।" উকীল সাহেব
জেলে শিউরতনের সঙ্গে দেখা করিলেন
—তারও ঐ কথা, "জান কর্ল সেও
ভাল, কিন্তু আবরু খোরাইতে পারিব না।"

পরদিন শিউরতনের মোকর্জনা উঠিল, তাহার দোৰ প্রমাণ করিবার সাক্ষীর অভাব হইল না, গ্রামের তিন চার জন সাক্ষী উপস্থিত হইল, পুলিশের 'তদ্বিরে' একজন বেশিয়া আসিয়া সাক্ষ্য দিল যে এই ব্যক্তিই তার কাছে ক'খানা থালাও লোটা ইত্যাদি বেচিতে আসিয়াছিল— সে বেশ দক্ষভার সহিত শিউরতন ও চোরাই মাল সনাক্ত করিল, জেরায় তাহাকে কিছুতেই টলাইতে পারা গেল না। ম্যাজিপ্টেটের বিচারে শিউরতন দোষী প্রমাণিত হইল—তার তিন মাস সম্রাধ

কাছারী হইতে ফিরিয়া কিশোরী মানম্থে একটা আরাম কর্চিতে গুইয়া পড়িল, আজ আর তার কোন উৎসাহ নাই, তার রকম দেখয়া আমি, একটু চিন্তিত হইলাম। পাঁচটার সময় আমি বলিলাম—"দেখ, এমন করে শুয়ে গাকলে ত হবে না, বুঢ়ী ও মনুনা মোকর্দ্দমার খবরের জন্তে কত উৎস্ক হয়ে রয়েছে, তানের ত একটা সংবাদ দেওয়া চাই, চল, উঠ।"

একধান গাড়ী ডাকাংরা আমরা

চাদনীংকে "দোনেরী মদজিদের" সামনে
পৌছিলাম। দেখি রন্ধা ও অভাগিনী

যর্না শুকম্পে কোয়ারার ধারে আমাদের
প্রতীক্ষার দাঁড়াইয়া আছে। আমরা কাছে

যাইবা মাত্র বুড়ী বলিল,—"বাবুজী—িক

হ'ল ?"—দে প্রশ্নে কি উদ্বেগ, কি

ব্যাক্লতা! বাক্ণটু কিশোরীর মুথে
আজ আর কথা নাই—তার চোথ জলে

ভরিয়া উঠিয়ছে। কাজেই আমাকে
হক্ষুধের কাজ করিতে হইল! সংবাদ
ভনিয়া রদ্ধা রাস্তার উপর লুটাইয়া পড়িয়া
কাঁদিতে লাগিল। বাম্পরুদ্ধ কঠে যমুনা
বলিল "বাবুজী, তবে আমাদের কি
উপায় হবে ?" কি উত্তর দিব ভাবিতেছি
— এমন সময় কে বলিয়া উঠিল—"খোদা
মালিক হায়!'—চাহিয়া দেখি একজন
অন্ধ ভিখারী!

শ্রীস্থবোধচন্দ্র মজুমদার।

मात्रामा९मव

বিন্তা ঋদ্ধি

নব নিৰ্মাল ७व नौतप्रथा শোভে প্রান্তর, খেত কাশ-দূলে শেফালি-রাশিতে কুঞ্জ। বহিছে সুণীর শীতল স্মীর আৰুল কুসুম-গন্ধে, মঙ্গল-গীতি গাহে বিহন্দ হরবে ললিত-চ্ছন্দে। সাগর-গামিনী ছুটিছে ভটিনী मूहि नाम धूनि शक, খামল আঁচল হুলায় ধরণী —উজ্জ্বল অকলক। কুমুদ কমণ **শরপে ভ্রমল** ফুটিনা উঠেছে রঙ্গে. পুলক-বিকাশ দিকে দিকে একি আজি প্রকৃতির স্পে !

গগণের তল বিশ্বজননী আগিছে, অবনী রচিছে পূজার অর্ঘ্য ; লভিতে, ভূতলে চরণ-পরশ নামিয়া আসিছে স্বৰ্গ। निश्वि जुवान গগনে প্রনে উছলে মিলনানন,-এস ত্বরা সবে উৎসবে আঞ্চি ছাড়ি যত বিধা ক্ষ ! জননী ! জননী ! — ওই উঠে ধ্বনি— भातमा। विश्वधाञी। স্থ্যারপিণী, এস মা, এস মা, চিরমঙ্গল-দাত্রী। আনন্দময়ি, এস এস অয়ি वियान-मनिन वरन,

मार्म भून जर माला।

শ্রীরমণীমোহন ঘোষ।

শক্তি দিছি

মুদ্রা ময়ন্তর

বাদশাহ ঔরসজেবের সময় হইতেই কোম্পানী বাহাহর মৃদা-বিভ্রাটে পতিত হইয়াছিলেন। তথন কোম্পানীর মাল্রাজের টক্ষশালা হইতে মৃদ্ধ প্রস্তুত হইত। সেই মাল্রাজী মৃদা ভারতের প্রায় সক্ষয়নেই চলিত। দক্ষিণাপথের ব্যয়নির্বাহের জক্তও উহা প্রেরিত হইত।

বাদশাহের আমলে দিকা টাকার প্রচলন ছিল। কোম্পানী বাহাহর যে টাকা প্রস্তত করিতেন সিকা টাকার মূল্য তাহা অপেকা শতকরা ১২।• টাকা অধিক ছিল। কোম্পানী বাহাহুর সে জন্ম বিশেষ ক্ষতিগ্রস্ত হইতে ছিলেন। তাই নবাব-দরবারে যথাবিধি উৎকোচ প্রদান করিয়াও তাঁহারা মুর্শিদা-বাদে মুদ্রা প্রস্তুত করিতে চেষ্টিত ছিগেন। বাদশাহ শেষে তাঁহাদিগকে সে আদেশ मिश्राहित्नन वर्हे, किन्तु यूनीन कूनिया वान-শাহের ফর্মান অগ্রাহ্য করিলেন এবং কোম্পানী বাহাতুরকে মুদ্রা প্রস্তুত করিবার অধিকার প্রদানে সমত হইলেন না। ইভিহাদবিশ্রত ছিয়াত্তরের মম্ব স্তরে वाकावाम (यगन शाम ७ ७७ व महार्घ এवः তুল্পাপ্য হইরাছিল। মুদ্রার অবস্থাও তাহাই चित्राहिन।

বাঞ্চালা হইতে প্রতিবংসর লক লক
মুদ্রা ইংলও প্রভৃতি নানাস্থানে চলিয়া
যাইত। দেকালে বাঙ্গানার অর্থে বোখাই
জীবিত ছিল, মান্দ্রাঞ্জের ইংরাজ-সম্প্রায়
প্রতিদিন সমৃদ্ধিসম্পর হইতেছিলেন। শেবে
একদিন এমন অবস্থাও আসিয়াছিল, যে দিন

কোম্পানী বাহাত্ব বিলাতে জানাইয়াছিলেন বাঙ্গালার কল্পরক্ষে আর অমৃত ফল নাই, বোষাই এবং মান্তাজে পাঠাইতে পাঠাইতেই সমুদার নিঃশেষে ফুরাইয়াছে! *

কোম্পানী বাহাত্র তথন কেবল বালালার নবাব ছিলেন না, তাঁহার তথনো বালালার গৈদেশিক বণিক। স্কুতরাং বালিজ্যব্যপদেশে তাঁহারাও প্রতিবংসর বালালার ৩০ লক্ষ মুদ্রা চীন দেশে লইয়া যাইতেন। † বালালার মুদ্রা এইরূপে প্রতিদিন ক্ষেন মন্ত্রকুহকে উণ্ডয়া যাইতেভিল।

মৃণলমানলণ যথন বালালার কর্তা ছিলেন, তথান তাঁহারা শুধু রোপ্যমুদ্রাই বুঝিতেন। স্থবর্ণমুদ্রাও প্রশুত হইত বটে, কিন্তু উহা আপনার মূল্য আপনিই অমুসন্ধান করিয়া লইত—উহার কোনো নির্দিষ্ট দাম ছিল না! স্থব সেকালে শুধু স্থবাদির জ্ঞাই অধিক ব্যবস্থত হইত; স্থবর্ণমুদ্রা তাই স্থবর্ণের চিরপরিধর্ত্তনশীল বাজার দরে বাঙ্গালায় প্রচতি ছিল না।

* Letters from the President and council of Bengal to the Court of Directors, dated 25th Aug, 1770. paras 26 and 30; the 9th march, 1772, para 22; Hickey's Bengal Gazette, 29th April, 1780; Marshman's History of India, vol. I.

† The East India Company itself, in its mercantile capacity, carried a quarter of a million sterling per annum out of Bengal to China—Rural Bengal: Hunter.

मित्रोत (भारत मकन छ न हे उक्रान স্মান হইত বটে, কিন্তু দাম স্থির ছিল না। कर्यान वा अकृति साहत १२ होकाय विक्री इरेज, कान मिन वा छेरात माथ रहे छ ১৫ টাকা, কখনো বা ১৩/১৪ টাকাতেও মোহর পাওয়া যাইত। প্রসাও সেই ব্লপে বিক্রীত হইতেছিল। উহারও মূল্য নির্দারিত ছিল না। প্রয়োজন অনুসারে এবং স্থানভেদে রোপ্য ও তাম্যুদার মূল্য নিরূপিত হইত। অনেক সময়েই রৌপ্য বা তাম মুদা উহার আসন মুলা অপেক। কমে চলিত! মুদলমান বাদশাহগণ তাই রৌপামূদার মূল্য চিরস্থির করিবার জন্ম প্রথান পাইতেছিলেন। কাগজে পত্তে স্থির ছিল যে একটা রৌপ্য মুদ্রা ওঙ্গনে এক সিকা হইবে এবং তাহার শতভাগে ৯৮ ভাগ क्रभ। थाकिर्त। देशहे (प्रकारन जानर्ग রোপ্যযুদ্রার রূপ ছিল।

টকশালা সংস্থাপন সেকালে রাজশক্তিপ্রতিষ্ঠার অতি আবশ্যক চিহ্ন বলিয়া
বিবেচিত হইত। যে সকল ক্ষুত্র ক্ষুত্র সামস্তরাজগণ সর্ববিষয়ে দিল্লীসিংহাসনের শাসন
অবহিও চিন্তে মানিয়া লইতেন, তাহারাও
বরাজ্য মধ্যে মুদ্রা প্রস্তুত্র করিতেন। যে
রাজবংশের গৌরব-স্থ্য প্রায় অন্তমিত
হইয়াছিল, সে বংশও যেমন মুদ্রা প্রস্তুত
করিবার আধীনতা রক্ষায় যত্মবান হইতেন,
নবরাজ্য লাভ করিয়া , হাহারা কেবল
প্রতিষ্ঠা ও শুক্তির প্রথম পাদপীঠ স্পর্শ করিয়াছিলেন, তাহারাও তেমনি স্বায়িয়ক্ষাত্রত্ত্রত করিতে চাহিতেন। মহারাষ্ট্রীয়গণ মধন মাত্র চুই একটী গিরিত্র্য অধিকার করিয়াছিলেন, তথনই তাঁহারা টক্ষণালা সংস্থাপন করিয়াছিলেন। কোম্পানী বাহাত্র এ দেশে আসিয়া যখন বালালার কেবল ত্ই চারি থানি উদ্যান ও তুই একটী গৃহ অধিকার করিয়াছিলেন, তথনই নিজের মূলা প্রস্থাত করিবেন বলিয়া, প্রামর্শ করিতেছিলেন।

ভারতবর্ষে তথন অনেক টক্ষশালা ছিল।
কিন্তু কোনো স্থানেই একটা নির্দিপ্ত আদর্শ
সন্মুখে রাখিয়া মুদ্র। প্রস্তুহু হইত না। তথন
কোনো তুই টক্ষশালের মুদ্রা ওজনে এবং
রূপার পরিমাণে এক ছিল না; এমন কি
কোনো কোনো স্থানে একই টাক্ষশালে
তুই তিন প্রকারের টাকা প্রস্তুহু হইত!
এইরূপে ভিন্ন প্রকারের অসংখ্য মুদ্রা
ভারতবর্ষে বিস্তৃতি লাভ করিয়াছিল।
স্নতরাং কোনো একটা বিশুক্ত মুদ্রাকে
অন্তক্ষ করিতে কাহাকেও অধিক বেগ
পাইতে হইত না।

কোম্পাদী বাহাহর এ দেশে আসিয়া
যে ঝণ গ্রহণ করিতে আরস্ত করিয়াছিলেন
তাহার জন্ম স্থান কিছু অধিক দিতেন। নগদ
টাকা গ্রহণ করিয়া তাহারা তৎপরিবর্ত্তে
এক খণ্ড করিয়া কাগন্স দিতে লাগিলেন।
উহাই কোম্পানীর "নোট"নামে স্থপরিচিত।
সেই "নোট" যাহাতে ধুব প্রচলিত হয়
তিথিয়ে তাহাদিণের যত্নের অভাব ছিল না।
ইহার ফলে ভারতবর্ধের নানাছানে "নোট"
চলিতে লাগিল। কিছু নোট বাজারে
ভাজাইতে গেলেই অনেক সময় শতকরা
১৪ টাকা করিয়া বাটা দিতে হইত। *

^{*} Calcutta Gazette-6th sept. 17871

ভাহার কমে নোট চলিত না! কোম্পানীব কর্মচারিগণ নোটে বেতন পাইতেন-মুদ্রার অভাব হইয়াছিল। যদি কোনো সময়ে

দিতে চাহিতেন, তথন কর্মচারীদিগের মধ্যে আনন্দের রোল পড়িয়। যাইত। সেই শুভ সংবাদ পূর্বাচ্ছেই সেকালের সংবাদশত্তে কোম্পানী বাহ।ত্র নগদ টাকায় বেতন মুদ্রিত হইয়া প্রচারিত হইত। (ক্রমণ) শ্রীরাজেন্দ্রলাল আচার্য্য।

শরতে মা

আজি মনোরপ এসেছে শরত প्রিবে আমার জানি; দিকে দিকে হা স--- ভরা-ফুল-রাশি ও যুগল-পদ---ধরায় আঁচল খানি। मौग-निर्धन--নভ উজ্জ্বল চন্দ্র-শনাথ তারা; ভাদাইয়া তীর পুলকে অধীর वरह नष-नषी-धाता! (२) আজি প্রাণ চায়--- আছে কে কোথায় কাছে চাহি, যেবা দুরে, ন্দেহ-মূখ গুলি সাধ হয় তুলি' (मिश व्यक्ति श्रान-भूरत ! কেন উজ্জ্বল म्युर्भत्र जन কার কথা মনে হয়!— ৰে গিয়েছে আগে, তার স্বৃতি জাগে,— . সে কোপা গো—এ সময় ? (0) এ সুধ-শরতে — মা আজি মরতে, হরবে ভাসিছে ধরা; লয়ে ত্থ-রাশি— আঁথি-জলে ভাসি, (कांशा मा भा, इंबरता !

ভরি' হেমঝারি নয়নের বারি এনেছি মা, স্বতনে ; জিনি কোকনদ, धूरम निव--- नाथ यतः। (8) শৃত জীবন, শৃষ্ঠ ভুবন— এস, মা, পূর্ণ করি'! দেণী দ**শভূজ**া জননীর পূজা---হেরিব নয়ন ভরি'। রবে না ক আর— প্রাণে হাহাকার, ঘুচে যাবে সব ব্যথা; गठ को बरमत्र, ্ ভাপিত মনের আছে যত মলিনতা ! ((() উঠে 'মা—মা' রব— জননীর স্তব মুখরিত করি দিশি ; ধ্পের স্থ্বাস বহিছে বাভাগ স্বরভিত করি নিশি। শই মা আমার---করুণা আধার চর্ণে দলিয়া অরি ;---বিখজননী मानव-मननी ে হের দশায়্ধ ধরি।

ত্রীগিরিজানাথ মুখোপাধ্যায়।

চরিত্র-চিত্র।

শিবনাথ শাস্ত্রী।

মহবির সময়াবধি ত্রাহ্মসমাজ যে ব্যক্তিতা-ভিমানী অন্ধীনতার বা 'Freedom' এর আদর্শকে ধরিয়া, আমাদিগের আধুনিক আধ্যাত্মিক জীবন ও সামাজিক-জীবনকে গডিয়া जुलियांत मःकञ्च कतिश्रा, रम्राभंत वर्खभान ঐতিহাসিক বিবর্ত্তনস্রোতের মুখে যাইয়া দাড়াইয়াছিলেন, মহর্ষি কিংবা তাঁর আদি ব্রাহ্মদমান্ত, কেশবচন্দ্র কিংবা তাঁর ভারতবর্ষীয় বাক্ষদমাঞ্জ, ইহাঁদের কেংই শেষ প্র্যান্ত সেই সংকল্পের উপরে দৃত্ত্ত হইয়া দাঁড়াইয়া থাকিতে পারেন নাই; পারিলে,ব্রাহ্মদমাজের ভিতর দিয়া, দেশের বর্তুমান ধর্মমীমাংদায় ও কর্মজীবনে, শিবনাথ শাস্ত্রী কিংবা তাঁহার সাধারণ ব্রাহ্মদমাজের কোনই স্থান হইত না। কিন্তু মহর্ষি এবং কেশবচন্দ্র উভয়েই. প্রথমে যে যুক্তি ও বিচার অবলম্বন করিয়া দেশ-প্রচলিত ধর্মকর্মকে বর্জ্জন করেন, সেই খুক্তি ও বিচারের উপরে, সর্ববিধ ফলাফল-ভাবনা-বিরহিত হইয়া, বিখাস বা সাহস ভরে, শেষ পর্যান্ত দাঁড়াইয়া থাকিতে পারেন নাই। ইঁহারা তইজনেই স্বদেশের ধর্ম্মের ও সমাজের সনাতন ভিত্তিকে ভাঙ্গিতে ভাঙ্গিতেই, ভাহার ফলে নিজেদের নৃতন ধর্মের, নামে নান্তিকাবৃদ্ধি ও ষাধীনভার অজুহাতে স্ফোত্র অরাজ-ক্তার অভ্যানয় দেখিয়া, একাস্ত ভীতিগ্রস্ত হইয়া, নিতান্ত অযৌক্তিক ও অসঙ্গত উপায়ে স্কৃতকর্মের অপরিহার্য্য পরিণামের প্রতি-

রোধ করিবার চেষ্টায়ুপ্রাঙ্গুত্র হন। ভাঙার ভিতরেও, তাঁর প্রকৃতিতে হিন্দু-আভিকাবুদ্ধি ও রক্ষণশীলভার গুণে, কভকটা সংযম বিদ্যমান ছিল। স্থতরাং ইনি যে উপায়ে আপনার কর্ম্মের মন্দফলকে নির্ন্ত করিতে চেষ্টা করেন, তার মধ্যেও কতকটা সংযতভাব ছিল। কেশবচলের অন্তরালে হিন্দুর আন্তিকাবৃদ্ধি বা রক্ষণশীলতা ছিল না, কিন্তু খৃষ্টীয়ান কনফর্মিষ্ট-স্বভাব-স্থলভ ্উক্ত অহংবৃদ্ধি ও উদাম সংস্থার চেষ্টাই বিদামান ছিল। স্থতরাং তাঁর ধর্ম ও সমাজ-সংস্থার-চেষ্টার অন্তরালে সেরূপ কোনও সংযত ও সপ্রদ্ধ ভাব আদৌ ছিল না বলিয়া. তিনি ষে উপায়ে ম্বকুতকর্ম্মের অপরিহার্য্য পরিণামের প্রতিরোধ করিতে প্রবৃত্ত হন. তাহাও অত্যস্ত উদাম ও অসংযত হইয়া উঠে। মহর্ষি এবং কেশবচন্দ্র উভয়েই ক্রমে ঈশ্বরামুপ্রাণভার দাবী করিয়া, 'আপনাদিগের উপদিষ্ট ব্রাহ্মধর্মকে বিশেষ ও অতিপ্রাক্তত প্রামাণ্য-মর্যাদা দান করিবার চেষ্টা করেন। কিন্তু মহর্ষির এই দাবীর অন্তরালে একটা সংঘত ও সশ্রদ্ধ ভাব দেখিতে পাওয়া যায়, নিভাস্ত অস্তরঙ্গ ও শিষ্যগণের নিকটেই প্রসঙ্গক্রেম অমুগত তিনি এই দাবীর উল্লেখ করিয়াছেন, জন-দাধারণের মধ্যে কখনও প্রকাশভাবে ইহার প্রতিষ্ঠা করিতে যান নাই ৷ व्यक्तिक, दक्रवन अस्तर्भ नम्, नमश व्यन्तराज्य সমক্ষে তাঁর অন্তসাধারণ ঈশ্বামুপ্রাণতার দাবী জাহির করিয়াছেন এবং মানবেতি-হাদের প্রথমাবধি যুগে যুগে ঈশ্বর-প্রেরিড মহাজনেরা এই ঈশ্বামুপ্রাণভার সাহায্যে ষেমন যুগধর্ম প্রবর্ত্তিত করিয়াছেন, তিনি ও তাঁহার "প্রেরিত-মুগুলী 🐍 সেইরূপই বর্তমান "নববিধানকে" প্রতিষ্ঠিত করিতে আসিয়াছেন, নানাদিকে ও নানাভাবে, এই এই মত প্রচার করিয়া গিয়াছেন। প্রাচীন শাস্ত্র ও পুরাগত গুরুপরম্পরাশ্রিত সাধনমার্গ সকলকে অভাস্ত নয় বলিয়া সর্বং-প্রকারের প্রামাণ্য-মর্য্যাদা ভ্রষ্ট করিয়া, নিজেদের উপদেশ ও সিদ্ধান্তের জন্ম সেই মগ্যাদার দাবী করিলে, লোকে তাহা শুনিবে কেন ? মহর্ষির এবং কেশবচক্রের এই অনন্ত-সাধারণ ঈশবাফুপ্রাণতার দাবী ব্রাহ্মসমাজের কোনও কোনও সভ্য স্বীকার করিলেও, আধুনিক ভারতসমাজে এ পর্য্যস্ত স্বীকৃত হয় নাই; কথনও যে হইবে, ভারও কোনওই সম্ভাবনা নাই। স্থতরাং দেশের ধর্মজীবনে ও কৰ্মজীবনে ৰাহ্মসমাজ যে জটিল সমস্তাকে ফুটাইয়া তুলিগাছেন, এ পৰ্যাস্ত ত্ৰাক্ষ আচাৰ্য্য-পণ তার কোনও মীমাংসার পথ দেখাইতে, পারেন নাই।

তবে শিবনাথ শান্ত্রী এবং তাঁর সাধারণ ব্রাক্ষসমাজ যে পরিমাণে এই সমস্থাকে মীমাংসার দিকে লইয়া গিরাছেন, মহর্ষি কিংবা কেশবচক্র যে তাহাও পারেন নাই,—জন-সমাজের ঐতিহাসিক বিবর্ত্তনের প্রাচীন অভিজ্ঞতার দিক্ দিয়া বিচার করিলে, একথাও অস্বীকার করা অসম্ভব হইবে। ফল যেমন পরিপূর্ণ প্রকৃতা প্রাপ্ত হইলে,

আপনিই গাছ হইতে প্রড়িয়া গিয়া, আবার নৃতন ফদলের স্ত্রপাত করে; দেইরূপ যে সকল চিন্তা, ভাব ও আদর্শের তেপ্রথায় জটিল সমাজমধ্যে কোনও যগদমস্তার উৎপত্তি হয়, সেই সকল চিস্তা, ভাব ও আদর্শ নিঃশেষরূপে ফুটিয়া উঠিয়া আপনারাই নিজেদের ভিতরকার সত্য ও অসত্য, যুক্তি ও যুক্ত্যাভাদ, কল্যাণ ও অকল্যাণকে বিশদ করিয়া তুলে এবং তথনই প্রাচীন প্রচলিতের সঙ্গে নৃতন ও অপ্রচলিতের একটা উচ্চতর সামঞ্জত্তের ভূমি প্রকাশিত **হইয়া. দেই যুগ-সম্ভার প্রকৃত মীমাং**দার প্ৰতী দেখাইয়া দেয়। এই সকল চিন্তা, ভাব ও আর্শ আপনাদের যথাযথ পরিণতি লাভ করিশ্বা পূর্কো, কোনও কোনও দিকে তাহাদের অদঙ্গতি বা অমঙ্গল দেখিয়া, যিনিই অকালে কোনও যুগসমস্ভার মীমাংদা করিতে যাইবেন, তাঁহার দে মীমাংদা বে অপূর্ণ ও অবৌক্তি**ক, উ**দ্ভান্ত ও উদ্ভট হইবে, ইহা অনিবার্যা। প্রশ্নটা পরি-স্তুত্র দেওয়া স্স্তব হয়। ইংরেজি শিক্ষা ইংরেজের শাসন, যুরোপীয় সাধনার সংস্পর্ণ, এই সকলে মিলিয়া আমাদের প্রাচীন ধর্ম-জীবনে ও সমাজজীবনে যে সকল প্রশ জাগাইয়া তুলে, মংষির কর্মচেষ্ঠা বা ুকেশব-চন্দ্রের জীবনযাত্রা সাঙ্গ হইবার পূর্বের, তার সম্যকৃ ও সম্পূৰ্ণ অভিব্যক্তি হয় নাই। স্থতগাং মহর্ষি বা কেশবচন্দ্র বৈ এই জটিল প্রশ্নের সহস্তব্য দিতে পারেন নাই, ইহা কিছুই বিচিত্র নহে। ফলতঃ কেবল আমি সমাজের আচার্যাগণই যে ইহার সহত্তর দিবার

निक्न (हडी करतन, छाडा । नरह। वक्तिक (यमन कि नेवह ज , ज ज निरक (मद्भार्भ न म्यानन স্বামীর আর্যাসমাজ, অলক্ট – ব্লাভাটিস্কীর থিওসফা সমাজ এবং পণ্ডিত শশধর তর্ক-চৃড়ামণি-প্রমুথ তপাক্থিত হিন্দু প্ররণান-कांत्रिशन, देशना नकलाहे आधूनिक युद्राभीन যুক্তিবাদ-প্রতিষ্ঠিত ''সাম্যুটমত্রীস্বাধীনভার'' আদর্শে আমাদের নব্যশিক্ষিত সমাজে এবং ঠাঁহাদের শিক্ষাদীক্ষায় ও আচার আচরণে কিয়ৎপরিমাণে দাধারণ জনগণের ভিতরেও যে বথেচ্ছাচার ও উচ্ছুঙ্খলতা ফেলিতেছিল, তাহা দেখিয়া আতকগ্ৰন্ত হইয়া পড়েন এবং আপন আপন সিদ্ধান্ত ও শক্তি অনুসারে এই অভিনব বিপ্লবস্রোতের প্রতিরৌধ করিতে প্রবৃত্ত হন। ' আর বিগত পঁয়ত্তিশ বৎদরের ইতিহাদ এই দমুদায় চেষ্টারই নিক্ষণভার সাক্ষ্যদান করিভেছে।

আর এই নিজ্গতার প্রধান কারণ এই

বে, একদিকে 'আধুনিক বুরোপীর সাধনার
এবং অক্সদিকে আমাদিগের সনাতন ধর্ম্মের
ও প্রাচীন সমাজের মৃশ্ প্রকৃতি যে কি,
এ প্রান ইংলের কাহারই ভাল করিয়া
পরিক্ষুট হয় নাই। কি কেশবচক্র, কি '
অলকট্ রাভ্যাট্স্কী, কি শশধর তর্কচ্ডামণি
প্রভৃতি,—ইংলের কেহই দেশের লোকপ্রকৃতি, সমাজপ্রকৃতি কিংবা প্রাগত সভ্যতা
ও সাধনার প্রকৃতির উপরে, অথবা আমাদের প্রাচীন ঐতিহাসিক বিবর্ত্তন-প্রণালীর
সক্রে মিলাইয়া, নিজেদের মীমাংসার প্রতিষ্ঠা
করিতে পারেন নাই। ফলতঃ তাহারা যে
পথে আমাদের বর্ত্তমান যুগসমস্ভার মীমাংসা
করিতে চেষ্টা করিয়াছেন, ভাহাকে মীমাংসা

বলা যায় কি না. সন্দেহ। **শীশাং**সার প্রথমে কতকঞ্জলি প্রচলিত ও প্রভিষ্ঠিত মত, সিদ্ধান্ত বা সংস্কার বা প্রতিষ্ঠান বিশ্ব-মান থাকে। কোনও কারণে এ সকলে সত্য বা কল্যাণকারিতা সম্বন্ধে লোকের মনে সন্দেহের উদয় হয়। কোনও নৃতন মত বা সিদ্ধান্ত, ভাব বা আদর্শকে আশ্রয় করিয়া, তারই প্রেরণায় এ সন্দেহের উৎপত্তি হয়। এই দন্দেহ নিরদনের জন্ম বিচারের বা যথাযোগ্য-প্রমাণপ্রতিষ্ঠা-স্মালোচনার বা criticism এর আবশুক হয়। এই বিচার ক্রমে নৃতন সিদ্ধান্তের সাহায্যে প্রাচীনের সঙ্গে নৃতনের বিরোধ-নিষ্পত্তির পথ দেখাইয়া দেয়। এই পথে **ষাই**ম্বাই পরিণামে চূড়ান্ত মীনাংসার প্রতিষ্ঠা হয়। এরূপ মীমাংসার জ্ঞতা বাদী প্রতিবাদী উভয় পক্ষেরই সমাক জ্ঞানগাভ অত্যাবশ্রক। কিন্তু কি কেশবচন্দ্র, কি থিওসফী সমাজের নেতৃবর্গ, কি ত কঁচুড়ামণি প্রভৃতি তথাকথিত হিন্দু পুনরুখানকারিগণ, र्देशाम्बर (करुरे এ জ्ञानमाञ्च करत्रन नारे। কেশবচন্দ্রের স্বদেশের মূল প্রকৃতির এবং বিশেষতঃ স্বজাতির ঐতিহাসিক বিবর্ত্তনের (कान वित्मव कान हिन ना। थाकितन তিনি পৃষীয়ানী সিদ্ধান্ত ও খৃষ্টীয়ান্ ইতিহাসের দৃষ্ঠান্ত আশ্রম করিয়া, বর্তমান য্গাসমদ্যার মীমাংসা করিতে বাইতেননাঃ হিন্দু যুগে যুগে, স্বান্নভূতি ও শাস্ত্রের মধ্যে যে সামঞ্জন্ম প্রভিষ্ঠা ক্রিয়া সমাজের গতিশক্তি ও স্থিতিশক্তির নিত্য বিরোধকে মিটাইয়াছেন এবং এইরূপে বেদের ক্রিয়াকাণ্ড ও দেববাদ হইতে ক্রমে উপনিষদের জানকাণ্ড ও ব্রহ্মতন্ত; উপ-আধ্যাত্মিক নিষদের জানকাণ্ড হইতে

কল্পনাভূষিত পৌরাণিকী ভক্তিপদ্বার ভিতর দিয়া, ধর্মতত্ত্ব ও ধর্মদাধনকে অপূর্বভাবে ফুটাইয়া তুলিয়া, পশাবিভাগ ও অধিকারি-ভেদের সাহায্যে, আপনার ধর্মের অন্তত देविष्ठ्या । विस्थिरपद मर्पाष्टे मनाजन विश्व-ধর্ম ক্রমে ক্রমে গড়িয়া উঠিতেছেন, — কেশবচন্দ্র স্বদেশের সাধনার এই অপূর্ব্ব ঐতিহাসিক ভন্তটী ভাল করিমা ধরিতে পারেন নাই। তাঁর অনক্রসাধারণ আধ্যা-আিক কল্পনাবলে :তিনি যে তিবিধ যোগ-প্রণালীর বর্ণনা করেন, * তাহাতে মানব-সমাজের ধর্মের ও সাধনার ইতিহাসের সাধারণ বিবর্ত্তন-তত্ত্তী অতি পরিষ্ঠাররূপে বাক্ত হইয়াছে, সতা; কিন্তু খ্রদেশের সাধনার ঐতিহাসিক বিবর্ত্তনপ্রণালীর বিচার করিবার সময়. কেশবচক্র সমাগ্রপে এই তত্তী প্রয়োগ করেন নাই বা অকালে দেহত্যাগ করিয়া, করিবার অবসর প্রাপ্ত হন নাই। ফলত: একরপ অন্তিমদশার আসিরাই তিনি এই যোগ-তন্ত্রটী লাভ করেন। তার "নব-বিধান'' ইছার অনেক পূর্ব্বেই আমাদের বর্ত্তমান যুগদমস্যার একটা উদ্ভট মীমাংশা করিয়া বদিয়াছিল। আর দে মীমাংদার প্রতিষ্ঠার, কেশবচন্দ্র খনেশের ঐতিহাসিক বিবর্ত্তন-পন্থাকে উপেক্ষা করিয়া, খুষ্টীয়ানী সিদ্ধান্ত ও খুষীয়ানী অভিজ্ঞতাকেই আশ্রয करतन। তांत প্রেরিত মহাপুরুষবাদ, ঈশবাম-ल्यान छ।-बान अ श्रीमत्रवात, এ नकन हे हेहनी ब ও খুষ্টার শাস্ত্র এবং ইভিহাস হইতে সংগৃহীত।

খনেশের শাস্ত্র ও সাধনার সঙ্গে এ সকলের সম্পর্ক নাই। আর কোনওই মীমাংসা-চেষ্টার কেশবচন্দ্রের কারণ। কেশবচক্রের মীমাংগার চেষ্টা ষেমন খুষীরশাস্ত্রে ও খুষীরান ইতিহাদের উপরেই প্রতিষ্ঠিত হয়, ইহাকে বেমন প্রচহন খৃষ্টীমবাদ বলা ঘাইতে পারে: * সেইরূপ দয়ানন্দের আর্ঘাসমালের, অল্কট্ ব্লাভাট্স্কীর থিও-সফীর এবং শশধর তর্কচৃড়ামণি প্রভৃতি নব্য হিন্দুগণের মীমাংসাও বস্ততঃ যুরোপীয় যক্তিবাদ ও জডবাদের প্রভাবেই একান্ত **অন**্কট্ অভিভূত হইয়া পডে। ब्राङ्गाहेकीत cका कथारे नारे, महानन श्रामी वा তর্কচড়ামণি মহাশয়ও অদেশের থাবিপ্রা অবলম্বন করিয়া আধুনিক বুগদমস্ভার মীমাংসা कविवाद (क्ष्री करत्र नाहे। এই मक्न মীমাংগাই প্রাকৃতপক্ষে যুরোপীর যুক্তিবাদ ও ক্লায়ের উপরে প্রতিষ্ঠিত হয়। আর এই সকল অকাল-চেষ্টিত মীমাংসার নিক্ষণতার প্রধান কারণই এই যে, এ সকলে যে সমস্থা-ভেদ করিতে প্রবৃত্ত হয়, তথন প্র্যাপ্ত সে সমস্থাটীই নিঃশেষভাবে ঘুটিয়া ্উঠে নাই। শিবনাথ শাস্ত্রী এবং তাঁর সাধারণ বাহ্মসমাজ বিগত পঁটিশ বংসরের মধ্যে এই সমন্যাটীকে বিশেষভাবে ফুটাইয়া তুলিতে দাহায় করিয়াই, তার মীমাংদার পথই পরিষ্কার করিয়া দিয়াছেন।

ज् कम्भः।

[•] Yoga: Objective, Subjective, and Universal.

কেশবচন্দ্রের "নববিধানের" একটা হিন্দু
দিক্ও আছে, এবানে তার কথা বলিতেছি না।

রাজা দেবীদাস।*

(मगारमाहना)

প্রান্থ ছয়মাস পূর্বে সত্যরঞ্জন বাবুর পূর্বে
প্রকাশিত উপস্থাস "চকুদানে"র সমালোচনা
করিতে গিয়া আমরা বলিয়াছিলাম যে
"গত্যরঞ্জন বাবুর পরিণত লেখনী বল্প
দাহিত্যের সৌষ্ঠব সাধনে ধণেই সহায়তা
করিবে, ইংাই আমাদের বিশ্বাস এবং সেই
বিশ্বাস আছে বলিয়াই আমরা তাঁহার
সামান্ত ক্রটিও উপেক্ষা করিতে পারিলাম
না।" কিন্তু এত অল সময়ের মধ্যে যে
সত্যবাবু আমাদের সেই আশা পূর্ণ করিতে
পারিবেন, তাহা আমরা তথন অনুমান
করিতে পারি নাই। সত্যবাবুর নবপ্রকাশিত
উপস্তাস "দেবীদ্দেশ" অল্লিন মান প্রকাশিত
হইরাছে। আমাদের দৃঢ্বিশ্বাস এই উপস্তাস
সত্যবাবুকে বঙ্গসাহিত্যে স্থপ্রতিষ্ঠিত করিবে।

যথন "দোণার বাঙ্লা" কলছের কালিমার মান হর নাই, হতাশা ও অবসাদে জীর্ণ হইরা পড়ে নাই, যথন "বাঙালীর ছরে ঘরে গোলাভরা ধান, বাটিভরা হুধ, আশাভরা হৃদর, মনভরা উৎসাহ" বাঙলার সেই সমরের জীবস্তচিত্র—"দেবীলাসে'' উজ্জ্ল বর্ণে চিত্রিত। যথন ধর্মনিষ্ঠ বাঙালী আন্দণ, প্রের প্রাণবর্ধ পর্যান্ত অবহেলার উপেক্ষা করিয়া নিজের ধর্মের জন্ত অটলভাবে উন্নত

মস্তকে দাঁড়াইভেন, যখন নিম্নশ্ৰেণীত্ব সামান্ত ভূত্য প্রভূপুত্রের প্রাণরক্ষার জন্ত নিজ পুত্রের প্রাণবলি দিতেও ইতস্তত: করিত না, যথন পতিব্ৰতার আদর্শস্থানীয়া বাঙালী রমণী ধবনী প্রণয়মুগ্ধ বিধ্যাী স্বামীর কল্যাণের জন্তও সকল হ:ৰ, সকল বিপদ, নির্যাতন অকাতরে সহু করিতেন, ব্ধন জীবনকে তুচ্ছ করিয়া মানের জন্ম বাঙালী বীর জলে স্থলে অদিহন্তে অনন্তশ্ব্যায় শয়ন করিতে ভীত হইত না, যধন অনশনক্রিষ্ট श्रकात क्य विमात मर्तत्व दिमर्कन पित्रा, অভিভাবকের কর্ত্তব্যপালন করিতেন, যথন বুদ্ধিকৌশলে, চতুরতায় রাজনীতির জ্ঞানে বাঙালী কর্মচারী জগতের বিমায় খল ছিল, শক্তবিমৰ্দন যথন বাঙালীর হল্তে স্থৃদৃঢ় "লাঠি", মনে ক্রধার বৃদ্ধি, হৃদরে ভগবৎ-[°]প্রেমের পুণ্যপ্রভাষণ, সেই সময়ের পুণ্য काश्निरङ "(मरीमांम" পরিপূর্ণ!

"দেবীদাদে"—"দেবীদাদের" মত ধর্মনির্চ প্রজাপালক আদর্শ জমিদারের, ''উমার'' মত পতিগতপ্রাণা প্রেমপীযুষমন্ত্রী দেবীপ্রজিমার, ''নারায়ণীর" মত ভগবৎ-পরায়ণা মাতৃম্র্তির, ''তারার'' মত বৃদ্ধিমতী প্রেমমন্ত্রী—তেজোমন্ত্রী প্রকৃত ''দহধন্মিণীর'', ''মাধব দত্তের'' মত বিচিত্র বৃদ্ধিশালী

[🌣] শীযুক্ত সভারঞ্জন রাম এম্, এ, প্রণীভ। মূল্য ১।•

কর্ত্তব্যপরায়ণ কর্মচারীর. অক্লান্তকৰ্মা ''ভোলানাথের'' মত প্রভূগতপ্রাণ ত্যাগণীণ আদর্শ ভৃত্যের, ''বামী দরানন্দের'' মত द्यम्बिष्ठं, भारत्राभकात्री, कर्मानिष्ठं কোক **मिक्करकत, ''क**त्रिम'' ७ "मनानम शासामी''त মত প্রেমবিহবণ ভগবন্তকৈর স্থমহান চিত্র দেখিতে দেখিতে বারবার অঞ্পূর্ণ-নেত্রে বলিতে ইচ্ছা করে, হায় কি পাপে বাঙালী মহত্বের এমন অতুলম্বর্গ হইতে নীচতা, স্বার্থপরতা, ভীক্ষতার এমন অন্ধ নরকে অধঃপতিত হইল ! অবশ্র গ্রন্থ গ্রন্থ এ প্রশ্নের উত্তর দিতে ক্রটি করেন নাই। গ্রন্থ বিশ্ব বিশ্র বিশ্ব বিশ্র कित्रशिक्षितन. त्रहे त्रत्यहे श्रत्यत्याही, न्द्रधर्मि विद्वशै. बांब प्रथमर्क च -- "हममाहेनशै।" ও জারিমাছিল, যে দেশে নি:স্বার্থপরতার প্রতিমূর্ত্তি ''ভোলা নাপিড'' জ্যায়ছিল, সেই স্বলাতিলোহী স্বার্থপর পাপাত্মা (मर শই "অম্বিকাচরণে"ও সভাব হয় নাই। দেখিয়া "দেবীদাদের" মত কপালে করাবাত করিয়া বলিতে ইচ্ছা করে 'ধিদি আজ ঐকতান वानत्वत्र ममरवे विकासित स्रोह मकन स्वार তন্ত্ৰী একবোগে বাব্দিয়া উঠিত—।" কিন্তু দে বে হইবার নহে। তথাপি গ্রন্থকারের সাধনা সফল হইয়াছে। "দেবীদাস" পড়িতে পড়িতে বাঙালীর হতাশামগ্র অবসর হাদয়ও करणद्वत बन्न वाडांगीत थांठीनशांत्रव,महिमा, বীৰ্যা, তেজবিতা ও ধৰ্মনিষ্ঠার অপূৰ্ব চিত্ৰ দেখিতে দেখিতে আশায় ও আনলে ক্ষীত

হইয়া উঠে। মনে হয়, থাঙালী চিরদিন হীন ছিল না—হীনতা তাহার অপরিবর্তনীয় নিয়তি নহে।

"(परीपात्र" मण्यूर्व काल्लानिक घटनात्र উপর প্রতিষ্ঠিত নহে। ইহার সহিত ঐতি-হাসিক সতা বিজ্ঞাতি। পশ্চিম বঙ্গ লেজ পদানত হইবার পরেও বরেক্তভূমি বছদিন আপনার স্বাতন্ত্র রক্ষা করিয়াছিল। ''এক টাকিয়ার" অমিনারেরা, রাজা সীতারাম, রাজা কেদার রায়, রাঙ্গা দেবীদাদ তাহার উদাহরণ। পুতকের মুদ্রান্ধন স্থলার, ভাষা বিশুদ্ধ স্থমিষ্ট আবেগ্নয়ী, বর্ণনা মনোহর। গ্রন্থের সর্ক্তি প্রবাহিত স্থাদেশ প্রীতির অমৃতধারাম্পর্শে সমস্ত গ্রন্থ পবিত্রীকৃত। নানা বিচিত্র ঘটনার নিপুণ সমাবেশে গ্রন্থানি এমন 6িত্তকর্ষক যে একবার ইহা পাঠ করিতে মারস্ত করিলে. পুত্তক সমাপ্ত হইবার পূর্বে ক্ষান্ত হওয়া হরহ। পুত্তকের কোথাও কোন প্রকার ক্রটি নাই একথা বলিলে, সত্যের অপ্লাপ করা হয়; কিন্তু দে ক্রটি এত দামাত যে তাহার আলোচনা করিয়া, আমরা "মকি হা''--বৃত্তির অপবাদ গ্রহণ করিতে অনিচ্ছুক ।

পরিশেষে আমাদের আস্তরিক বাসনা, বাঙালীর আগতপ্রায় বাংদরিক মহাশক্তির উল্বোধনের, দিনে ভাহার ঘরে ঘরে বাঙালী-জীবনের এই শক্তি, জ্ঞান, বীর্ম্ব ও প্রেমের পুণ্যচিত্র বিশ্বাজিত হইয়া যেন তাহাকে আশাম ও আননেন উৎফুল করে।

গ্রীসমালোচক

সমালোচনা 1

বনতৃল্দী--- শ্রীযুক্ত কুমুদরঞ্জন মলিক প্রণীত। মৃল্য পাঁচ আনা। কতকগুলি ধর্মানুক কুদ্র কুদ্র কবিতার সমষ্টি। শুভক্ষণে কবিবর রবীজনাথের 'কণিকা' প্রকাশিত হইয়াছিল-তাহার পর হইতেই বাঙলা-ভাষায় এই ধরণের কবিতা সমাদর লাভ করিয়াছে। ভার পর 'কাস্ত কবি' স্বর্গীয় রলনীকান্তের 'অমূত' আমাদের কণে অমূত বর্ষণ করিয়াছে। বন-তৃলসীর গ্রন্থকারের পূর্ব্ব-বিরচিত শতদলের সৌরভে ও সৌন্দর্য্যে আমরা মুগ্ধ হইয়াছিলাম—তাহাতে মধুও মিশিয়াছিল—সম্প্রতি তিনি 'বনতুলসী' চয়ন করিয়া ভারতীর পূজার জন্ম উপস্থিত হইয়াছেন। তাঁহার পূজা সার্থক হউক! আমরা এই কুদ্র কবিতাগ্রন্থ পাঠে পর্ম প্রীতি লাভ করিয়াছি। কবি মহাপুরুষ-গণের যে বাণী ছন্দোবদ্ধ করিয়া, নিজ ভক্ত-হদমের হ্বরভি মিশাইয়া এ পূজার ডালি সাজাইরাছেন, আশা করি, তাহা মানব-হৃদয়ে দেবতার আশীর্কাদ আনয়ন করিবে

রেখাক্ষর বর্ণমালা—শ্রীযুক্ত দিজেন্দ্র নাথ ঠাকুর প্রণীত।

যে দিন বঙ্গদর্শনে পৃজ্যপাদ প্রবীপ দার্শনিকু বিজেজনাথের 'রেথাক্ষর বর্ণমালা' পাঠ করিলাম, সে দিন আফের্যা না হইয়া থাকিতে পারি নাই। সমালোচ্য প্রক্রক থানি তাহারই পূন্দর্ভণ। মনে পড়ে বাল্যকালে প্রাতন ভারতীতে বিজেজনাথের এই স্থোক্ষর বর্ণমালা পড়িয়াছিলাম। বর্ত্তমান রেথাক্ষর তাহারই পরিণত সংস্করণ—বিজেজ

বাবুর বছবর্ষের একাগ্র সাধনার ফল। সাধারণ পৃস্তকের মত ইহার সমালোচনা চলে না। ইংরাজীতে বলে—'The taste of the pudding lies in the eating" আজকালকার দিনে ক্টিলা ভাষার রেখা-क्रान्त्र विरमय প্রয়োজন-- यनि উপযুক্ত শিষ্যের হাতে পড়িয়া এই রেথাক্ষর কাজে লাগিয়া যায়, তবেই বিজেজ বাবুর এই কঠোর সাধনা সার্থক হইবে। এই পুস্তক সম্বন্ধে সম্প্রতি ভারতীতে শ্রীযুক্ত সত্যেক্তনাথ ঠাকুর মহাশয় তাঁহার 'বাল্যকথায়' ঘাহা লিথিয়াছেন, তাহার কিয়দংশ উদ্ধৃত করিবার লোভ সংবরণ করিতে পারিলাম না। ''রেথাক্ষর, দেও এক অপূর্ব্ধ বস্তু, ভাতে কত কবিত্বরস. কত রকম রেখাপাতের কৌশল ছড়াছড়ি, না দেখিলে তার মর্যাদা বোঝা যায় না।" বাস্তবিকই ইহা এক অপূর্বে বস্তু। ক্বির বহুদিনের পরিত্যক্তা কাব্যলক্ষী এই কঠোর বিষয়কেও তার কলা সৌন্দর্য্যে সাজাইতে ছাড়েন নাই—অভিমানিনী নিজের মান রাখিতে পারেন নাই--ক্বির আদরের আহ্বানের অপেকা না রাথিয়া, আপনিই আসিয়াছেন। তবে আমাদের হঃথ, কবি কি আমাদের তাঁর কেবল রেখাতেই সম্ভষ্ট রাখিতে চা'ন ? তিনি যে অসাধারণ চিত্র-কর। দে চিত্র দৌন্দর্য্য হইতে আমরা **চিরদিনই কি বঞ্চিত থাকিব ?**

অচলায়তন। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ
ঠাকুর প্রণীত। মূল্য বার আনা।
বহু প্রাচীনকাল হইতে ভারতবর্ষীয়
মুখ্যদিগের চেষ্টা হইয়াছিল—সমাজ-গঠন

মানবধর্ম শাস্ত্র সেই চেষ্টার ফল। যভাদন প্রাণ ছিল, গতি ছিল-অর্থাৎ যত দিন আমরা অচল জীবস্ত ছিলাম, ততদিন আমাদের সমাজ বেশ ভাল ভাবেই তাহার আদর্শের পথে চলিয়াছিল। কিন্তু নিয়মের দোষই এই যে. সে মানুষকে থর্ক করিয়া আপনাকে প্রধান কীছে। তাহার মান্তবের মনকে সে ছাঁচে ঢালিয়া কঠিন, জমাট করিয়া ভোলে। ভারতবর্ষের ঋষিগণ ইহা জানিতেন—তাই ঠাহারা मर्था এकमनरक मर्क मश्यात हरेरा पृत्त त्राथिया. डाहामिशक श्राधीनडा मित्राहित्नन, किन्द्र कालधार्य यथन এই ब्राञ्चन मध्येनारात्र অধোগতি হইল-ভথন তাঁহারা এই মানসিক হারাইলেন,--- তথন উদ্দেশ্যের আসন পাইল—তথন নিয়ম পালনই इहेन चामर्भ এदः चाठात, उठ, ठाशासत সহস্র শিক্ত দিয়া সমাজ-মন্দির বেষ্টন করিয়া ধরিল—দেই পুণ্য আশ্রম নিয়ম-প্রাচীরে বন্ধ 'অচলায়তনে' পরিণত হইল। সেই অচলায়তনের চিত্র বরীক্রনাথ আজ সমক্ষে উপস্থিত ব রিয়াছেন. আৰু আমরা আমাদের চারিদিকে যে আচার. নিরম, ব্রত মন্ত্র ভদ্রের উচ্চ প্রাচীর তুলিয়া সমস্ত অগতের সহিত সম্বন্ধ বিযুক্ত করিয়া. বাহিরের মুক্ত বায়ুর পথ রোধ করিয়া বসিয়া আছি, কবিবর তাঁহার এই অভিনৰ নাটকে ভাহারই ফলাফল অন্ধিত করিয়াছেন। সঙ্গে , সঙ্গে ভাহার পতন ও গুরুদেবের আগমনের भः वात्र । **कात्र का विद्याद्य का** निष् ভাহার পাহাড় ও সমুদ্রের হল আ বেষ্টনের मर्था (क वन माळ जाननारक नहेबारे हिन-তত দিন কিছু আগিয়া যায় নাই-কিন্তু যথন পাহাড়ের বাধা না মানিয়া, সমুদ্রের বক্ষেরই

উপর দিয়া নব নব জাতি তাহাদের নবীন তেজ লইয়া এই প্রবীণের গৃহে প্রবেশ করিল, এখনই তাহার বিপদ। গত করেক শতাকী হইতে এই বাহিরের আঘাতেই ভারতবর্ষকে বাতিবান্ত হইতে হইয়াছে। যে সত্যকে দে এত দিন নিয়মের কঠিন শ্রীঘরে আবদ্ধ করিয়া অপমান করিয়াছিল—আজ তাহার হিসাব নিকাসের দিন—অচলায়তনের প্রাচীর আর টেকে না। কবিবর তাহারই সংবাদ আনিয়াছেন।

আমাদের মনে কিন্তু এই নাটক পডিতে পড়িতে একটা প্রশ্ন বার বার উঠিতে ছিল। আশা করি, কবি আমাদের এ প্রশ্নের ধুষ্টতা মার্জনা করিবেন। জগতের মধ্যে ভারতের সভ্যতা সর্বাপেকা প্রাচীন-এমন কি মিদরীর সভ্যতা অবেকা প্রাচীনতর। গ্রীক্, রোমান জাতি সকল ভাহার অনেক পরে সভাতার আলোক কাভ করে। কিন্তু মাজ কোথায় মিসর, কোথায় গ্রীক, কোথায় বা ঝোমান গ হিন্দুজাতি যেমন অবস্থাতেই হউক, টিকিয়া আছে। যে বিলয়িনী শক্তি স্পেন হইতে সমরকল পর্যান্ত এক শতালীর মধ্যে জয় করিয়া প্রাচীন জাতি সকলকে লোপের পথে क्रित्रा निमाहिन—त्नहे हेन्नाम ধর্ম ও ইস্লাম সভ্যতা, কছ কণ্টে কয়েক শতাকীর অপ্রান্ত চেষ্টায় ভারতবর্ষে প্রবেশ করিয়া এবং কয়েক শতাকী ব্যাপী একছত্ত সামাজ্য স্থাপন করিয়াও ভ কই হিন্দুসমাজের উপর স্থায়ী রেখাপাত করিতে পারে নাই ? ইহার কারণ কি আমাদের এই অচলায়তনের স্বৃঢ় প্রাচীর নয় ? ইহাকে অক্সভাবে না দেখিয়া আত্মরকার চেষ্টা বলিলে কি অভায় र्ष ?

বঙ্গদর্শন

17954

নিমাই-চরিত্র

পঞ্চম অধ্যায়

নবৰীপের বৈক্ষবসমাজের **অ**বস্থা, ঈশ্বর পুরীর নবৰীপে আগ্যমন।



নিমাইর যশংপ্রভা যথন দেশদেশান্তরে বিস্তীর্ণ হইয়া পড়িতেছিল, তথন নবদীপের কুদ্র বৈষ্ণবসমাজ মুগ্ধনয়নে জাঁহার দিকে চাহিয়া ছিলেন। নবদীপের পণ্ডিতসমাজ তথন জ্ঞানালোচনায় উন্মন্ত, সাধারণ লোক 'ধনপুত্র-রদে" মন্ত; ভক্তি তথন নবদীপ হইতে একরপ নির্বাসিত। মুষ্টিমেয়-সংখ্যক বৈষ্ণবমাত্র নবদীপে ভক্তির আলো প্রজ্ঞানত রাথিয়াছিলেন, কিন্তু জ্ঞানদর্পিত নবদ্বীপ তাঁহাদিগকে ক্ষরজ্ঞার চক্ষে নিরীক্ষণ করিত।

বৈষ্ণবৰ্গণ সংখ্যার অতি সামান্ত ছিলেন।

সাধারণের নিকট তাঁহাদের মান-প্রতিপত্তি

কিছুই ছিল না। তাহাতেও তাঁহারা তত

ক্ষা হটুতেন না, যদি স্বীয় বিশ্বাসামূরণ

সাধনভন্দন করিয়া তাঁহারা সাধারণের নিকট

গঞ্জনার ভাগী না হইতেন। তাঁহারা ফীর্তন

করিতেন বলির্গা, সকলে তাঁহাদিগকে পরিহাস

করিত। কৈহ বলিত, "জ্ঞানমার্গ ছাড়িয়া

ভাবার সাধনা কি আছে ? উন্মত্তের মত

এ বেটারা নাচে কেন ?" কেহ বলিত,

"ভাগৰত ভ কতই পড়িয়াছি, কিন্তু তাহাতে ত নৃতাগীতের বাবস্থা নাই ?" কেহ বলিছ, "ধীরে ধীরে ক্লফ বলিলে কি পুণ্য হয় না প তবে এ বেটারা নাচিয়া কাঁদিয়া ডাক ছাড়ে কেন ? এদের অভাচারে যে রাত্রিতে নিদ্রা या बन्ना प्राप्त इहेन !" এই সমস্ত कथी दिश्व-দেষিগণ পথে ঘাটে বলিয়া বেড়াইত ;— ভনিয়া মর্মাহত হইতেন। रिवश्चवश्रन তাঁচারা আপনাদিগের আরাধ্য দেবভার নিকট মনোক্ট জ্ঞাপন করিয়া প্রার্থনা করিতেন ু, "হে ভগবান, তুমি যুগে যুগে অবতীৰ্ণ হইয়া ধর্মাণ্ডাপন করিয়।ছ। चाकि धर्म ज्ञान, আজি ভোমার নামকীর্ত্তন শুনিলে লোকে বিরক্ত হয় এবং নাসিকা কুঞ্চিত করে। আজি মিথ্যা-জ্ঞান ও বিষয়-লাল্সা তোমার প্রীতিভক্তির স্থানে প্রতিষ্ঠিত। হে প্রভু, তুমি আবার আবিভূতি হইরা স্বীয় ধর্ম স্থাপন কর।"

অবৈভাচার্য্য নববীপের বৈক্ষব-সমাজের নেতা ছিলেন। সাধারণের অবজ্ঞা ও পরিহাসের কথা সকল বৈফবেই তাঁহাকে বলিত। প্রতিবিধানে আসিয়া আচার্য্য অহর্নিশ ভগবানের অবভার-গ্রহণের জন্ত প্রার্থনা করিতেন। ছই এক সময়ে ধৈৰ্যাচাতি ঘটিত। আচার্য্যের সকল বৈষ্ণৰ মিলিভ ইইয়া ভাঁহার নিকট গমন করত: বিদেষ্টাগণের তীত্র পরিহাস ও অবজ্ঞার কথা তাঁছাকে জ্ঞাপন করিলেন। সেদিন আচার্য্যের ক্রোধ প্রদীপ্ত হইয়া हेरिन। তিনি চন্ধার করিয়া বলিয়া छेठिएनन, ''नव मश्हांत्र कत्रिव। धे दन्ध, ঐ চক্রপাণি এদিকে আদিতেছেন; এবার मवहीत कि वांशांत इब, नकता वहत्क প্রভাক করিবে। আমি প্রভিজ্ঞা করিভেছি— আমি যদি কুঞ্জের দাস হই. যদি আমার নাম অধৈত হয়, ভবে কৃষ্ণকে তোমাদের সকলেরই নয়নগোচর করাইব। ভাই সব, मिन करत्रक माख जात ज्ञालका कत्र, धरे मवबी टन हे শ্রীকৃষ্ণকে ভোমরা প্রত্যক করিবে।"

ভগবাদ্ আবিভূতি হইয়া বৈঞ্বস্মাজের ছঃও দ্র করিবেন—ক্ষুদ্রমাজ কর্তৃক অবলখিত ধর্মকে দিগ্দিগন্তে প্রচারিত করিবেন—
প্রতি বৈশ্ববের ইহা আন্তরিক ইচ্ছা ছিল।
প্রত্যেকেই সোৎস্থক-মনে ভগবানের অবতার
প্রত্যক্ষ করিবার জন্ত অপেকা করিতেছিলেন। আচার্য্যের কথার তাঁহাদের
বিশাস দৃদীকত হইল, উৎস্ক্য বার্দ্ধিত হইল।

নিমাইর বাজিক ব্যবহারে ভক্তিপ্রবণতার লেশমাত্র লক্ষিত হইত না। নিমাইর পাঞ্চিত্রগর্ক বৈক্ষবদিগকে ব্যবিত করিত। নিমাইর সহিত বাহার দেখা হইত, তাহারই সহিত তাঁহার তর্ক বাধিয়া যাইত। রুঞ-প্রেমবিহবল সংসার-বিরাগী বৈক্ষবগণ ক্লঞ্চ-কণা ব্যতীত আর কিছুই পছন্দ করিতেন না। কিন্ত বৈষ্ণব দেখিতে পাইলেই নিমাই ফাঁকি জিজাসা করিতেন, এবং তাঁহারা জবাব করিতে না পারিলে, উপহাস করিতেন। এইজন্ম বৈষ্ণবগণ দূর হইতে নিমাইকে দেখিতে পাইলেই পলায়ন করিতেন। তবু তাঁহারা ষেই অনিন্যস্ন্র রূপকান্তি দূর হইতে দর্শন করিতে ভাল বাসিতেন। কোন এক অনুখ্য স্ত্রেরারা নিমাই তাঁহাদের আশা ও জীতির সহিত আবদ্ধ ছিলেন, তাহা তাঁহারা শ্বুঝিয়া উঠিতে পারিতেন না। নিমাইর ক্লফভক্তির অভাব লক্ষ্য করিয়া তাঁহারা কুল হইতেন, কেহ কেহ তাঁহার সম্মুখে ষাইয়াই আক্ষেপ করিয়া বলিতেন, ''হায়, হাম ! বিভামোহে অফা হইয়া বুণাই অতিবাহিত করিলে!" নির্জনে नकरन প্রার্থনা করিতেন, ''৫ছ কৃষ্ণ, জগন্নাথ-পুত্রকে তোমার প্রেমে উন্মন্ত কর; তোমার রুদে সে নিরবধি নিমগ্ন হইয়া থাকুক; ভাহার হল ভ সঙ্গ আমাদিগকে দান কর।"

কিন্তু তথন পর্যান্ত তাঁহাদের প্রার্থন।
পূর্ণ হইবার কোনও লক্ষণ পরিদৃষ্ট হয় নাই।
বৈষ্ণবসঙ্গণাভের জন্ম নিমাইর বিন্দুমাঞ্জ পুহাও পরিলক্ষিত হয় নাই।

এই সমনে নানাদেশ হইতে ছাত্রগণ পাঠের জন্ত নবদীপে আগুমন করিতেন। আনেকৈ গঙ্গাবাদের জন্তও তথার আসিতেন। চট্টগ্রামের অনেকগুলি লোক তথন নবদীপে বাস করিতেন; তাঁহারা সকলেই সংসারবিরত ও ক্ষণভক্ত ছিলেন। তাঁহাদের মধ্যে

বৈফবগণের প্রিয়ঞ্কুলদত্ত নামক একজন ञ्चक शांत्रक हिलान। मुकुन्त नवदोत्न এক টোলে অধ্যয়ন করিতেন। নিমাই मुकुन्तरक प्रिविशिष्टिरान खरः श्रथम पर्नन অবধিই তাঁহাকে ভালবাগিভেন। প্রকাশ্রে তাঁহাকে ফাঁকি ক্লিজাদা কবিয়া উতাক্ত করিয়া তুলিতেন। মুকুল দুর হইতে দেখিতে পাইলেই প্লায়ন নিমাইকে করিতেন। নিমাই মুকুন্দের পলায়ন লক্ষ্য করিয়া মনে মনে হাস্য করিতেন। একদিন মুকুল গলামান করিয়া গৃহে প্রভ্যাগমন করিতেছেন, এমন সময় নিমাই অলক্ষিতে তাঁহার হাত ধরিয়া ফেলিলেন। নিমাই বলিলেন. 'প্ৰত্যহ আমাকে দেখিয়াই তুমি পলায়ন কর, আজি আমার সহিত শাস্তালোচনা না করিয়া কেমন যাও দেখিব।" মুকুন্দ পাণ্ডিত্যেও হীন ছিলেন না। নিরুপায় হইয়া ভাবিলেন, "নিমাই ত ব্যাকরণের পণ্ডিত.অলফারের কথা জিজ্ঞানা করিয়া আজি देशातक अमिन ठेकारेय त्य, आत कथन उठकी করিতে না আইদেন।" তথন ছই পণ্ডিতে ঘোর রণ বাধিয়া গেল ৷ নিমাই অলকার-শাল্পে অসাধারণ ক্তিত্ব প্রদর্শন করিয়া मुकूनरक भन्नां कतिरान। मुकून निमारेन চরণধূলি লইয়া প্রস্থান করিলেন এবং যাইতে याहेट ভাবিতে नाशितन, ''এই অমামুষী প্রতিভার অধিকারী যদি কথনও ক্লফভক্ত হন, তাহা হইলে তাহার সঙ্গ কথনও ছাড়িব না।"

একদিন, বৈষ্ণৰ গণাধর পণ্ডিতকৈ পথে দেখিতে পাইয়া নিমাই জিজাসা করিলেন, "পণ্ডিত, ভায়শাল্ত অধ্যয়ন কর, মুক্তি কাহাকে বলে, বল দেখি ?" গণাধর কহিলেন "আ ছান্তিক ত্ংখনাশের নাম
নিমাই তর্কের তৃণীর উন্মৃক্ত করিয়া গদাধরের
দিদ্ধান্তকে থণ্ড থণ্ড করিয়া দিশেন। গদাধর
মনে মনে পলাইবার সংক্র করিতেছিলেন
দেখিরা, নিমাই তথন তাঁহাকে ছাড়িয়া
দিলেন।

কিন্তু কিছুদিন পরে এক মহাপুরুষ
নবন্বীপে মাগমন করিলেন। তাঁহাকে দেখিয়া
নিমাইর তর্কপ্রবৃত্তি স্বতঃই আত্মসঙ্কোচ লাভ
করিল। এই মহাপুরুষের নাম ঈশরপুরী।
তিনি যথন অবৈভাচার্য্যের গৃহে উপনীত
হইলেন, তথন ভক্তচ্ডামণি আচার্য্য তাঁহার
সামান্ত বেশ সন্তেও তাঁহাকে পরম বৈষ্ণব
বলিয়া বৃঝিতে পারিলেন। আচার্য্য পরম
সমাদরে মহাপুরুষের সৎকার করিলেন।
স্বক্ত মুকুল তথনই ক্ষণ্ডেপ্রমবিষয়ক স্থাবর্ষী
সঙ্গীত আরম্ভ করিয়া দিলেন। ঈশরপুরী
ভাহা গুনিয়া মৃদ্ভিত হইয়া পড়িলেন। তাঁহার
নয়নজলে মৃত্তিকা ভাসিয়া ঘাইতে লাগিল।

একদিন পথিমধ্যে নিমাইর সিদ্ধপ্কবোচিত্ত কলেবর দেখিতে পাইয়া ঈশবপ্রী
অনিমেব নয়নে তাঁহাকে নিরীক্ষণ করিতে
লাগিলেন। কিয়ৎকাল পরে নাম ধাম জিজ্ঞাসা
করতঃ নিমাইর পরিচয় পাইয়া পুরী
কহিলেন, "তুমিই ৎসই!" নিমাই তাঁহাকে
পরম সমাদরে নিমন্ত্রণ করিয়া গৃহে লইয়া
গেলেন, এবং নিরতিশয় যদ্মের সহিত
অভিধিসৎকার করিলেন। পুরী কতিপয় মাস
গোপীনাধ আচার্য্যের গৃহে অবস্থিতি করিলেন।
নিমাই তথায় প্রতাহ তাঁহাকে দেখিতে
ঘাইতেন। একদিন পুরী নিমাইকে কহিলেন,
"তুমি পরম পণ্ডিত। আমি শ্রীকৃষ্ণবিষস্ক

একখানা প্রক রচনা করিয়াছি। তুমি ভাছা
ভানিয়া, তাহাতে যে যে দোষ আছে, আমাকে
বল।" নিমাই কহিলেন "ভক্ত-রচিত কৃষ্ণচরিত্রে যে দোষ দর্শন করে, সে পাপী;
ভক্তের কবিত যে-তে মতে কেন নয়,
সর্বাণা ক্রফের প্রীভি, জাহাতে নিশ্চয়॥
মূর্থে বলে 'বিষ্ণায়,' 'বিষ্ণবে' বলে ধীয়।
ছই বাক্য পরিগ্রহ করে কৃষ্ণবীয়॥
"মূর্থো বদতি বিষ্ণায়, ধীরো বদতি বিষ্ণবে।
উভয়োল্ল সমং প্রাং ভাবগ্রাহী জনার্দিনঃ॥"
প্রীর নির্বাদ্ধাতিশয়ে নিমাই তাঁহার
সহিত প্রকের দোষগুণের আলোচনা
করিয়াছিলেন।

ষষ্ঠ অধ্যায়

বঙ্গদেশ গমন : পত্নী-বিয়োগ ও ঘিতীরবার বিবাহ নিমাইর পৈতৃক বাসস্থান এইটু জেলায়। পূর্বপুরুষের বাসস্থান দেখিবার অভিলাশেই হউক, অথবা অভ কারণবশত:ই হউক, বঙ্গদেশভ্রমণে অভিলাষ করিলেন নিমাই এবং কিয়দিন পরে জননীর অমুম্ভি গ্রহণ করতঃ করেক জন শিষ্য সমভিব্যাহারে বঙ্গদেশ অভিমুখে যাত্রা করিলেন। গৃহ হইতে যাত্রা করিয়া নিমাই প্রথমে যুশোহর জেলার ভালখড়ি গ্রামে লোকনাথ গোসামীর গৃহে উপনীত হইলেন। তথা হইতে পলা-তীরে উপনীত হইয়া পদ্মার তরঙ্গ-শোভা দর্শনে পরম প্রীতিলাভ করিলেন। পদ্মাতীরে কিছকাল অভিবাহিত করিয়া—নিমাই বল-দেশের নানা স্থান ভ্রমণ করিলেন। বঙ্গদেশে ইতিপূৰ্বেই তাঁহার যশ বিস্তীৰ্ণ হইয়া পড়িয়া-তাঁগার ক্বত টীপ্লনি हिन। বঙ্গদেশের

অনেক ছাত্র অধ্যয়ন ক্রিতেছিল। অনেক ছাত্ৰ তাঁহার নিকট অধ্যয়নার্থ নৰ্থীপে যাইবার আয়োজন করিতেছিল-এমন সময় তিনি বয়ং বঙ্গদেশ ভ্রমণে বাহির হইয়াছেন, জানিতে পারিয়া, দলে দলে বিদ্যার্থিগণ তাঁহার নিকট সমাগত হইতে লাগিল। নানাবিধ উপায়ন সহ দলে দলে তাঁহার দর্শনার্থ উপস্থিত হুইল। তাঁহার বিদ্যা ও সৌন্দর্য্যে মগ্র হইয়া সহস্র সহস্র লোক তাঁহাল শিষাত গ্রহণ করিল। নিমাইর অধ্যাপনার এমনি স্থন্দর রীতি ছিল বে, ছই মাদের মধ্যেই এই দমন্ত শিষ্যের অনেকে কুত্ৰিপ্ত হইয়া উঠিব। অনেকে তাঁহার নিকট উপাধি লাভ করিয়া গৃহে প্রভ্যাগমন করিল। নিমাই খদেশে প্রস্থান করিবার আয়োজন করিতে-ছেন, এমন সময় তপন মিশ্র নামক এক ব্রাহ্মণ আসিয়া তাঁহার চরণে প্রণ্ড হইলেন। বান্ধণ সাধা-সাধন-তত্ত্বে কোনও মীমাংসা করিতে না পারিয়া বড়ই অশাস্তিতে কালক্ষেপ করিতেছিলেন। একদিন স্থপ্রে নিমাই প্তিতের শরণ গ্রহণ করিতে আদিষ্ট হইয়া. তিনি ভাগিয়া নিমাইর শরণাপর হইলেন। নিমাই নাম্যজ্ঞ দারা তাঁহাকে ক্লঞ্জের আরাধনা করিতে উপদেশ দিলেন এবং বারাণদী গমন করত: তাঁহার প্রতীক্ষা করিতে বলিলেন। তপন মিশ্র প্রেমপুল্কিত শরীরে তাঁহার নিকট হইতে বিদায় গ্রহণ করিলৈন। অচিরেই নিমাইও শিষা ও অতুরত কনের নিকট বিদায় গ্রহণ করিয়া খদেশে প্রভ্যাবৃত হইলেন। প্রত্যাগমনকালে শিষ্যগণ উাহাকে नानाविश धन गामञी छेनहात्र नित्राह्मरनन ।

নিমাইর অমুপস্থিতিকালে পতিবিরহ-

বিধ্রা লক্ষ্য দেবী, এক দিন সর্পদন্তা হইয়া প্রাণ পরিত্যাগ করেন। এ সংবাদ নিমাই কানিতে পারেন নাই। গৃহে প্রত্যাগত হইবা-মাত্র জননীর কাতর ক্রেন্সন শুনিয়া নিমাই বুঝিতে পারিলেন, কি একটা চুর্ঘটনা ঘটিয়াছে। সমস্ত অবগত হইয়া জননীকে প্রবোধ দিবার জন্ম কহিলেন—

"কস্ত কে পতিপুত্রাস্তা, মোহ এব হি কারণম্।" পুত্রের সাম্বনায় শচী দেবী শোক সংবরণ করিতে সক্ষম হইলেন।

পুনরার নিমাই অধ্যাপনায় প্রবৃত্ত
হইলেন—পুনরায় মৃকুন্দ সঞ্জয়ের গৃহ তাঁহার
ছাত্রগণের অধ্যয়নে মুধ্রিত হইয়া উঠিল।
তথায় দলে দলে নৃতন ছাত্রের সমাগম হইতে
লাগিল। নিমাই শিষ্যগণকে শান্তবিধি
পালন করিয়া চলিতে উপদেশ দিতেন এবং
কেহ তাঁহার উপদেশ লজ্মন করিলে
ভাহাকে যথোচিত তিরয়ার করিতেন।
তিলক ধারণ না করিয়া যদি কেহ বিদ্যালয়ে
আসিত, তাহা ইইলে তাহাকে এমন লজ্জা
দিতেন যে, আর কথনও সে সেরপে করিতে
সাহসী হইত না।

বালস্থলত চণলতা তথনও নিমাইকে পরিত্যাগ করে নাই। পূর্ববিদ্ধ ইইতে তিনি তদ্দেশ-প্রচলিত কথনতলী শিথিয়া আদিয়াছিলেন। নবৰীপে পূর্ববিদ্ধবাসী কাহারও সাক্ষাওঁ পাইলেই, তদ্দেশীর কথা বলিয়ানিমাই তাঁহাকে উপহাস করিতেন। শ্রীহউন্বাসী দেখিলে গোহার পরিহাসের আর, সীমা থাকিত না। কুর শ্রীহউর্বাসিগণ তখন নিমাইর পৈতৃক বাসস্থানের উল্লেখ করিয়াবলিতেন "তুমি কোন্দেশী, কও তো়ং

তোমার বাপ মা কার জন্ম প্রীক্ষট্টে নয় ?
তোমার হৌদ্দ পুরুষ শ্রীক্ষট্টবাদী।" নিমাই
তাহাদিগকে না চটাইগ্না ক্ষান্ত হইতেন না।
অবশেষে যথন তাহারা গালি দিতে দিতে
তাহার পশ্চাৎ পশ্চাৎ ছুটিত, তথন তিমি
নিরস্ত হইতেন ৯ এ হৈন চপল নিমাই ত্রী
লোকের সহিত কথনও পরিহাস করেন নাই।

এদিকে পুত্রবংসলা महौतिवी পুনরায় পুত্রের বিবাহ দিবার জন্ম উৎস্ক হইলেন। নবন্বীপে স্নাত্ন পঞ্জিত নামক সম্ভ্রাস্ত বিষয়ী ছিলেন। তাঁহার পদবী ছিল রাজ-পণ্ডিত। তিনি সচ্চরিত্র, কুটুম্ব-পরিপোষক, সরলমভাব, উদার, বিষ্ণুভক্ত ও আতিথেয় ছিলেন। তাঁহার বংশগৌরব প্রসিদ্ধ ছিল। বিষ্ণুপ্রিয়া নামে তাঁধার একটা কন্সা ছিলেন। কন্তাটি পরমা হুন্দরী, বিনীতা ও মধুর-প্রকৃতি ছিল। গঙ্গার ঘাটে বিষ্ণু প্রিয়াকে দেখিয়া, শচী তাঁহার সহিত নিমাইর বিবাহ দিতে উৎস্ক হইলেন। কাশীনাথ মিশ্র ঘটক হইয়া সনাতন মিশ্রের নিকট বিবাহের প্রস্তাব উত্থাপিত করিলেন। সনাতন সানন্দে স্বীকৃত **इहे** त्वा वृक्षिमञ्ज थान नाय निमाहेत हिटे औ जिक्ता कि जिक्का कि विवादित मनल ব্যয়ভার বহন করিতে স্বীকৃত হইলেন। **७७ मिरन ७ छन्। श्रे भे अभ अभारतारहेत अहिछ** নিমাইর দ্বিতীয়বার বিবাহ সম্পন্ন হইল। নবপরিণীতা ভার্যাদ্ধ নিমাই গৃহে প্রত্যাগত र्हेश जनगैत हत्र वन्मना कतिरमन।

সপ্তম অধ্যায়

গন্ধা-গমন ও ঈবরপুরীর নিকট দীক্ষা গ্রহণ শ্রীবাদাদি বৈষ্ণবগণ ভগবানের নিকট প্রার্থনা করিতেন, নিমাই ধেন রক্ষপ্রেমে বিহ্বেণ হন। এতদিনে তাঁহালের প্রার্থনা ফলবভী হইবার উপক্রম হইল।

বিষ্ণুপ্রিয়া দেবীর পাণিগ্রহণের পর ছই বংসর যাবং নিমাই নিজের টোলে অধ্যাপনা করিলেন ছই বংসর শৈল্য এক বিংশ বর্ষ বয়দে জননীর অস্থমতি লইয়া পিতৃকার্য্য সম্পাদনার্থে নিমাই গয়া গমন করিলেন। এই গয়াগমনে নিমাই এর জীবনের গতি সম্পূর্ণ পরিবর্ত্তিত ছইয়া যায়; জ্ঞানদ্পিত যুবক তৃণাদ্পি স্থনীচ ছইয়া ভজ্তির যাজনা আরম্ভ করেন।

ক্তিপর শিষ্যের সহিত নিমাই গ্যা-প্রমনেক্রি গৃহত্যাগ করিলেন। মন্দার-পর্বতে ধ্রম তাঁহারা উপনীত হইলেন, তথ্ন निमाहेद स्व नदल भंदीद्य खद अकाम शाहेल। সঙ্গিগণ অবের প্রাবল্য দেখিয়া শঙ্কিত হইলেন। কিন্তু নিমাই এক বিপ্রের চরণোদক পান করিয়া আরোগ্য লাভ করিলেন। ব্যাধির উপশ্ম হইবার পর নিনাই সশিষ্য পুনরার পরাভিমুখে অগ্রসর হইলেন। গরায় প্রবিষ্ট হইয়া নিমাই প্রথমে ত্রহ্মকুণ্ডে স্নান করিলেন, তৎপরে গদাধরের পাদপলা দেখিবার জ্ঞা চক্রবেডের ভিতর প্রবেশ করিলেন। তথায় যে দৃশ্র তাঁহার নয়নগোচর হইল, ভাহাতে তাঁহার হৃদয়ে ভাবোচ্ছাদ উচ্ছলিত हहेबा छैठिन। निमारे प्रिश्तिन, विश्वनन-বেষ্টিত পাদপল্পের উপরিভাগে ভক্তদত্ত মালা-রাশি পর্বত প্রমাণ প্রীভৃত হইয়া আছে, তত্বপরি কত গদ্ধপুষ্পা, ধুপদীপ, বস্ত্রালম্বার শোভা পাইতেছে। দিবাপরিচ্ছদধারী বিপ্রগণ পাদপদ্ম-মহিমা কীর্ত্তন করিরা উচ্চরবে গান করিতেছেন--

কাশীনাথ হাবরে ধ্রল যে চরণ বে চরণ নিরবধি লক্ষীর জীবন। বলিশিরে আবির্জাব হইল যে চরণ, শেই এই দেখ যত ভাগাবস্ত জন।।

নিমাইর ভাবস্রোত উদ্বেশিত হইরা উঠিন। যুগযুগান্তর হইতে, সহত্র সহত্র বোজন দুর হইতে আগত কোটা কোটা লোক যে চরণ দেখিয়া ও অচ্চনা করিয়া ক্রতার্থ চট্যা গিয়াছে, সমুধে তাহা দেখিতে পাইয়া নিমাই বিমুগ্ধ হইয়া পড়িলেন, তাঁহার বক্ষ ভাসাইয়া অশ্বারা ছটिল, শরীর ৰেগে রোমাঞ্চিত হইয়া উঠিল। নিমাইর এই ভক্তি-বিহবৰ অবছায়, বিধাতার ইচ্ছায় ভক্তচ্ডা-মণি ঈশ্বৰূপুরী তাঁছার সমীপে আসিয়া উপস্থিত ইইলেন। ঈশ্বপুরীকে দেখিয়াই नियारे ভक्किंडरत नमञ्जात कतिरतन। भूती প্রেমভরে তাঁহাকে আলিঙ্গন করিলেন। निगारे अअक्षकर्छ कहिलन. "आंगात एह-মন আজি হইতে সমস্তই আপনার প্রে সমর্পণ করিলাম। আমাকৈ কুষ্ণা প্রমে अভिষক্ত করিয়া দিন।" পুরী কহিলেন. ''ভোমাকে দেখিয়া কৃষ্ণ-দাক্ষাৎকারের ত্রখ লাভ হয়। নবলীপে সেই দেখা অবধি আমি ভোমাকে এক মুহুর্তের অক্তও ভূলিতে পারি নাই।" • বছক্ষণ পুরীর স্থিত প্রেমালাপের পর, নিমাই তাঁহার নিকট হইতে বিদার গ্রহণ করিয়া ভীর্থশ্রাদ্ধাদি করিতে প্রস্থান कतिराम। यंज्ञ शैर्य वानुकाशिख করিয়া, গিরিশৃঙ্গে প্রেতগরাপ্রাছ क्रित्नन। च्राञ्चलक श्रीवाम-श्रवा, यूधिवित-গরা, ভীম-গরা, প্রভৃতি বোড়শ গরার পিও-দান করিয়া ত্রহ্মকুণ্ডে পুনরায় স্থান কর^ত গয়াশিরে পিগুদান কঁরিলেন এবং দিব্য মাল্য চন্দন ধারা বিষ্ণুপদচিক্ত পূজা করিলেন।

পিতৃকার্য্য সম্পন্ন হইল; কিন্তু নিমাইর
মন বিষম চঞ্চল হইরা উঠিল। একদিন
ঈশ্বরপুরী তাঁহারে আবাসে উপস্থিত হইলে,
তিনি মন্ত্রণীক্ষা যাচ্ঞা করিলেন। পুরী
আগ্রহের সহিত তাঁহাকে দশাক্ষর মন্ত্র দান
করিলেন। দীক্ষা গ্রহণান্তর শুকুকে প্রদক্ষিণ
করিয়া নিমাই কহিলেন, "আমার দেহমন
সমন্তই আপনাকে উৎসর্গ করিলাম।
আমাকে ক্ষণপ্রেমরসে অভিষিক্ত কক্ষন।"
পুরী প্রেমভরে তাঁহাকে আলিক্ষন করিলেন,
উভরের শরীর উভরের অঞ্ততে দিক্ত হইল।

দীক্ষার পর নিমাই কিছুদিন গ্রাধামে অবস্থিতি করিলেন। তথন তিনি রুঞ্জপ্রেমে ভরপুর, ও দিবানিশি ইঠদেবতার ধ্যানে মগ্ন ইইয়া থাকিতেন। বিদ্যাগৌরব বিলুপ্ত ইইল, চপণতা অন্তর্হিত ইইল। নিমাই ক্ষণে রুঞ্চবিরহে ব্যাকুল হইয়া রোদন করিয়া

উঠিতেন, এবং কখনও ''ক্বফারে, বাপরে'' বলিয়া ধূলায় লুন্তিত হইতেন। শিষ্যগণ শঙ্কিত হইয়া নানাবিধ প্রবোধ করিতেন। এক দিন সম্বোধন করিয়া নিমাই কহিলেন, "ভোমরা পুর্বে প্রত্যাগমন কর; আমি আর সংসারে ফিরিব না. আমার প্রাণনাথ কুষ্ণের অবেষণে আমি মধুরা ঘাইব।" শিষ্যগণ জতি কৰ্ম্বে **তা**হাকে তথন করিলেন। কিন্তু একদিন কাছাকেও কিছ না বলিয়া নিমাই মথুরার পথে প্রস্থান করিলেন। ''ক্লফরে বাপরে মোর পাইমু (काशाम्र" विषया मकरून ब्राव द्यापन कतिएड করিতে নিমাই মথুরাভিমুথে অগ্রদর হইতে-ছেন, এমন সময়ে এক দৈববাণী তাঁথাকে মুখুরা ঘাইতে নিষেধ করিল এবং ন্ব্যাপে ফিরিয়া যাইতে আদেশ করিল। নিমাই वारात প্রত্যাগত হইলেন, এবং কিছুদিন পরে নবদ্বীপে ফিরিয়া আসিলেন। (ক্রমশ)

শ্রীতারকচন্দ্র রায়।

শঙ্করাচার্য্যের দার্শনিক মত

ব্ৰহ্ম-জ্ঞান

ধর্ম্মের স্তরভেদ

সভাসভা পৃথিবীর সর্কশ্রেনীর মানবসমাজের প্রচলিত ধর্ম সকল তুলনা করিরা
বিচার করিলে, ইহাই প্রতিপন্ন হর বে,
ক্রেখরের অফুভৃতি লাভ করিবার পূর্বের,
মানব-মণ্ডলীকে সোপানের পন্ন সোপান
এইরূপ বহু গোপান অভিক্রম করিতে
হইরাছিল। বদিও নির্মন্তর সোপানের

মানবদমাজে উরত্তর সোপানের লোক
সময়ে সময়ে দৃষ্ট হয়, এমন কি, দেশ-বিশেষে
সোপান সকলের পরস্পর সংমিশ্রণও দৃষ্ট হয়,
ভথাপি সাধারণভাবে এ কথা সত্য যে,
ভ্বিভার ভরের ভায় মানব-জগতে ধর্ম
বিকাশের মোটাম্টি চারিটি সোপান বা ভর
নির্দেশ করা যায়। নিয়তম সোপানের মানব-

সমাজ শিশুর তুল্য। শিশুগণ বেমন আপনা-দিগের খেলার পুতৃল প্রভৃতির মধ্যে প্রাণ क्तन। क्रिज्ञा, कथन ७ वा ভाहा पिशतक मापरत **इस्न कर**त, कथन ९ वा टकांधछरत्र छाशांनिगरक প্রহারও করে, সেইরপ ধর্মের নিয়তম সোপানের অসভা মানব-মণ্ডলীও ইতর প্রাণী, व्यथन त्रक धनः कार्छ-त्नाड्डोनित्क मासूरवन স্থায়, অথবা তভোধিক শক্তিশালী ভিন্ন ভিন্ন वाकि मत्न कतिश जाशांतित शृक्षां करत, युक्ष বা বিপদ-সময়ে ভাহাদের নিকট হইতে সাহায্যের প্রত্যাশায় আহারাদি ভোগাবস্ক দারা তাহাদিগের সংকার করে, এবং দে আশায় ৰঞ্চিত হইলে, ব্যোষভারে তাহাদিগকে প্রহারও করিয়া থাকে। এই শুরের মানবগণ পর-লোকগত আপনাদিগের পিতৃপুরুষাদির ও পুলা করিয়া থাকে। এই স্তরকে প্রাণবাদ (Animism) বলা যার। স্থসভ্য জাতির মধ্যেও এই छटतत्र निपर्भन पृष्ठे इझ.--- (श्यन द्यांभीय-मिरात्रं त्मनिक (Manes), अथवा आमामिरात्र অধিয়াত, মরীচি প্রভৃতি সপ্ত পিতৃগণ। জ্ঞানের বিকাশের সঙ্গে সঙ্গে যথন লোকে कड़बद्धत कड़ब विषया निःमः मत्र इत्र, उथन ভাহারা অভৃপূজা হইতে বিরত হইয়া, জড়বস্ত 🕠 হইতে পৃথক অপচ প্রত্যেক জড়বম্বর ভিন্ন ভিন্ন অধিঠাতা, অথবা জড়-প্রকৃতির ভিন্ন ভিন্ন বিভাগের ভিন্ন ভিন্ন অধিষ্ঠাতৃ-দেবতা क्झना कतिया छाहारमत शुका कतिया थारक। এই खत्रक व्हरन्ववान (Polytheism) वना यात्र। च्यावात्र कानविकात्मत्र मत्त्र मत्त्र লোকে বখন দেখিতে পায় বে, অড়বস্ত সকল অথবা প্রকৃতির ভিন্ন ভিন্ন বিভাগ সকল কার্যা-कांत्रशामि विविध चनिष्ठ मदस्त भवन्भव मदस्त,

তথন তাহারা সেই 'অধিষ্ঠা ড়দেবগণের ও পরস্পর মিলন কল্লনা করিয়া, একেশরবাদের निटक व्यात्र अधानत इत्र ; यथा,--- देवनिक विश्राप्ति , এवः हित्रगाशास्त्र कत्रना। (मह সঙ্গেই লোকে যথন যে দেবভাতে বিশেষ ্আসক্ত হয়, সেই দেবতাকেই দেবগণের প্রধান বা দেবরাজ বলিয়া করনা করিয়া थारक (Henotheism)। জ্ঞানের বিকাশ হারা লোক যথন প্রকৃত তত্ত্ব গ্ৰহণে সক্ষম হয়, তথন দেখিতে পায় যে,বিখ-गःगात **এक्**रे छान, **এक्**रे रेष्ट्रा, এक्रे निक ছারা নিয়মিত। এই শেষ সোপানের নাম একেশরবাদ (Monotheism)। একেশর-বাদের ক্রমবিকাশেই আরও একটি উন্নততর ন্তরের আজাগ লাভ হয়। তাহাকে সর্বায়-বাদ, অথবা ব্ৰহ্মবাদ বলা যায়। भार्गनिक पिराव मर्सा न्शिताका (Spinoza), হেগেল (Hegel), প্রভৃতি তাহার আভান नाञ कतिश्राहित्नन। मूननमानित्वत्र मत्या স্থফিগণ তাহা দর্শন করিয়াছিলেন। কিন্ত व्यामारमञ्ज त्वनारछहे स्मर्टे मर्काश्चवारमञ বিশেষ বিকাশ।

श्राप्त धर्याचारवद निपर्वन

আমাদের ঋথেদ ধর্ম-বিজ্ঞানের অন্থানন বিষয়ে অগতের বিশেষ সহায় হইয়াছে। ধর্মের ক্রম-বিকাশের পূর্বোক্ত প্রত্যেকটি স্তর এবং তাহাদের পরস্পার সংমিশ্রণ ঋথেদে অতি স্প্রেরণে পরিলক্ষিত হয়। আমরা অতি সংক্রেণে তাহা পাঠকের নিকটে প্রদর্শন করিতেছি। (১) অভের জীবত্ব করনার দৃষ্টাত্ত:—লাক্ষক্ত ধনিত রেখা বা সীতার স্তর্ধানী স্কৃতগে ভব সীতে বংলা

মহেতা যথা নং স্কৃতগাসদি যথা নঃ স্কৃদাসদি''। ৬। 'হে স্কৃতগে সীতে, আমাদের
অভিমুখী হও। আমরা তোমার বন্দনা
করিতেছি। তুমি আমাদের ইটখন এবং
স্কৃদ প্রদান কর'। ৪।৫৭।৬।

खन ७ नहीत खर:—"व्यामादिन वीकामः হ্বয়ে যত্র গাব: পিবস্তি ন:। সিম্বভ্যঃ কর্ত্ত হবি:"। ১৮। 'দেবীরূপ জলকে আহ্বান করি, আমাদের গাভী দকল ঘাহা পান করে। যে জল দিলুরপে প্রবাহিত, তাহার জন্ম হবিঃ थानान कर्तवा'। ১-२৩-১৮। घरत्व छव:---''বয়ং নাম গুরুবাদা ঘুতশুম্মিলজে ধারয়ামা নমোভিঃ"। ২। 'আমরা ম্বতের নাম কীর্ত্তন করিব। এযজ্ঞে নমস্কার দারা ভাহাকে ধারণ করিব'। ৪-৫৮-২ এত দ্রির মণ্ডুক বা ভেকের স্তব সপ্তম মণ্ডলের ১০০ ফ্রেন্ডে দ্রষ্টব্য। পিতৃপুরুষ দিগের স্তবেরও দৃষ্টান্ত আমরা ঝাথেদে পাইতেছি। "ইমং যম প্রস্তবমাহি মীদাঙ্গিরোভিঃ পিতৃভিঃ সর বিদান:"। 'হে যম, এই যজ্ঞারস্তে আসিয়া উপবেশন কর। অঙ্গিরা নামক পিতৃগণুকে সঙ্গে মান'। ৪। "শঙ্গিরদো নঃ পিতরোনবর্থ। অপর্বাণোভূগবঃ দোম্যাদ:। তেষাং বয়ং স্থমতৌ যজ্ঞিয়ানা-मिल ভट्छ त्रीमनत्त्र छाम।" 'े क्रित्र वर्ध्यन् এবং ভৃগু আমাদের পিতৃগণ আসিয়াছেন। তাঁহারা সোমপানেরা অধিকারী। সেই যজ্ঞ-ভোক্তাগণ আমাদের কল্যাণ কামনা করেন। তাঁহাদের প্রসন্নতা লাভ করিয়া, আমরাও कनामगुख इहें। ১०->৪-৪,७। यह मकनह े व्यानवीरमञ्ज् (Animism) पृष्टे। छ ।

(२) ঋথেদে বছ দেববাদের (Polyetheism) নিদর্শনেরও অভাব নাই। কোথাও

তেত্রিশঙ্কন দেবতার উল্লেখ (৮-৩৫-৩) "विশ্বদেবৈক্তিভিরেকাদবৈः" (০×১১=৩৩), কোথাও বা তিন হাজার তিন শত উন-চলিশ জন দেবতার উল্লেখ—''ত্রীণিশতা ত্রী সহস্রাণ্যথিং বিংশচ্চ দেবা নব চাসপর্যান্'---'তিন সহস্ৰ ভিন শত ত্ৰিশ ও নয়জন দেবগণ অগ্নির পূজা করিলেন'। কোথাও বা সমস্ত দেবগণ একযোগে বিশ্বদেব নামে পুজিত হইয়াছেন :—''আমাসশ্চৰ্যনীধৃতো বিখে দেবাদ আগত"। 'হে ক্লয়কদিগের পালক বিখদেবগণ, আগমন কর'। ১-৩ ৭। আবার কোথাও বা বরুণ (৫-৮৪ হুক্ত), কোখাও বা ইন্দ্ৰ (২-১২-১), কোথাও বা অগ্নি (৩-৫৫-৪) সমস্ত দেবগণের রাজা বলিয়া পুজিত হইয়াছেন (Henotheism): পরিশেষে আমরা **८**निथिट भारे, स्विशास्त्र अश्वि मश्रक्ष বৈদিক ঋষির মনে সন্দেহ ও অবিখাসের উদয় হইয়াছিল। "অন্তি বিরু বীর্যাং তত্র ইন্দ্র ন স্বিদন্তি''—'হে ইন্দ্র ভোমার সে প্রকার শক্তি কি আছে, না নাই' (৬-১৮-৩), "যং স্থা পুচ্ছন্তি কুহসেতি ঘোরমূতে মার্ছনৈষা অন্তীত্যেনং,"—'দেই ভয়ন্ধর (দেব) যাঁহার সম্বন্ধে লোকে জিজাসা করে, তিনি কোথায়, এবং কেহ বা বলে তিনি নাই, সেই ইল্রে বিশ্বাস কর' (২১২-৫)। 'বেজো चछीि तम डेव चार करेर पपर्यक्रम औरे-বাম,"—'(নম (ঋষি) বলেন ইক্ৰ নাই, কে তাহাকে দেখিয়াছে আমরা কাহার স্তব করিব ?'

(৩) আমরা ঋথেদে ঈশ্বরের একজের (Monotheism) অনুভূতিরও বিশেষ বিকাশ দেখিতে পাই। "মহৎ দেবানামু: স্থরন্থমেকং'' 'দেবগণের মহাশক্তি একই' (৩.৫৫-১)। আবার অগ্নিকেই বরুণমিত্র এবং সমস্ত দেবগণক্লপে সম্বোধন করা চ্টতেছে। "ত্মগ্রে বরুণো জার্দে যতং মিত্রো ভবসি বংসমিদ্ধ: 🔔 ত্বে বিশ্বে সংসাপুত্র দেবান্তমিক্রো দাশুবে মর্ত্তায় ॥" ৫-৩-১। 'হে অগ্নি, তুমিই জনীয়া বরণ হও, প্রজাণিত হইয়া মিত হও; হে বলের পুত্র, তুমিই विश्वानवश्य ज्ञिष्ट स्वामात्री त्वादकत्र निकरि ইস্ত্র,' আমরা ইহাও দেখিতে পাই যে, বৈদিক ঋষি ঈশ্বর সম্বন্ধে আপনার অজ্ঞানতা অনুভব করিভেছেন। ঈশ্বর যে এক, ক্সা-রুহিত, এবং ছবিজেয়, তাহাও বুঝিতে পারিতেছেন। ঋষি বলিতেছেন:—''প্রথম জান্নমানকে (যিনি প্রাথমে বিশ্বরূপে আবি-ভূ'ত) কে দেখিয়াছে ? যিনি স্বয়ং অস্থি-শূত হইরা অস্থিযুক্তকে ধারণ করেন। প্রাণ ও শোণিত ভূমি হইতে, কিন্তু আগ্না কোথা **ছটতে ? বিশ্বানের নিকটে কে ইহা জি**জ্ঞাসা ক্রিতে গিয়াছিল ? আমি অজ্ঞানী, মনবারা ধারণ করিতে পারি না, এই সকল প্রশ দেবগণের নিকটেও নিগুড়। আমি অজানী, জানি না, তাই জানিবার জন্ম বিদ্বান্ কবি-দিগকে জিজ্ঞাসা করি—বিলি এই ছয় লোককে স্তম্ভিত করিয়া আছেন, সেই ৰুমারহিতের ক্লপ কি এক ? (১-১৬৪-৪,৫,৬)। প্রবেদের দশম মণ্ডলেই ঈশ্বরের একত্ব বৈদিক ঋষিদিগের নিকট বিশেষভাবে প্রকাশিত। ৮১ ক্তেঃ দেৰতা বিশ্বকৰ্মা, ঋষিরও নাম বিশ্বকর্মা। বিশ্বকর্মা নামে ঈশ্বরকে আমাদিপের পিতা বলা হইতেছে, ঋষি বলা হুইতেচে, এবং বিশ্বস্থনকে এক মহাযজ্ঞ

কল্পনা করিয়া ভাহার হোতা বা হোমকর্তা বলা হইতেছে। 'য ইমা বিশা ভুবনানি জুহ্বদৃষিহোতা স্থনীদৎ পিতা ন:"। সেই বিশ্বকর্মাকে ''বিশ্বভশ্চকুক্তত বিশ্বভোমুখো বিশ্বতো বাছকত বিশ্বতম্পাৎ" বলা হইতেছে। ''দেই এক দেব স্থাৰাভূমির জনয়িভা''— ''স্থাবাভূমী জনম্বন্দেব একঃ'' (৮১-১,৩)। ৮২ স্ক্রেরও দেবতা এবং ঋষি বিশ্বকর্মা। তাহাতে স্টির সম্বন্ধে যে আলোচনা দৃষ্ট হয়, তাহা অতি হন্দ্র। "বিখকর্মার মন রহৎ, আত্মা বৃহৎ, ভিনি ধাতা, বিধাতা, সকলের শ্ৰেষ্ঠ এবং সক্ষিত্ত। কেহ বলে তিনি সপ্ত-ধবির পরবর্তী স্থানে একাকী আছেন।" এ छान बाह्या भववर्ती निमामिकिपिराव ভটত্ব (Extramundane) ঈশারবাদের কতক আভাদ পাইতেছি। ''বিশ্বকর্মা বিমনা আধিছায়া ধাতা বিধাতা পরমোত সন্দৃক্''। ''ধতা সপ্তথাষিরর একমাহ''। আবার বিশ্বকর্মা সম্বন্ধে বলিতেছেন—''যিনি আমাদিগের জন্মদাতা পিতা, বিনি বিধাতা-ক্লপে বিশ্বভ্ৰনের সকল স্থান অবগত আছেন, যিনি এক হইয়াও দেবগণের নামধারণ করেন, জ্ঞাপর সকল ভূবনের লোক তাঁহাকে জানিতে ইচ্ছাকরে।" "যোন: পিতা জনিতা যো বিধাত। ধামানি বেদ ভুবনানি বিশ্বা। যো দেবানাং নামধা এক এব তং সম্প্রান্থ ভূকনা যন্তালা।" ৩। ধাহা ছালোকের অভীত, পৃথিবীরও'অভীত, অহার দেবপথেরও অভীত, সকল এমন কি প্রথম গভগারণ ক্রিয়াছিল. যাহার মধ্যে সমস্ত দেবগণ আপনাদিগকে মিলিত দেখিয়াছিলেন। জল नकन (नहे ख्रथम शर्डधात्रण कतिशाहिन,

বাহার মধ্যে দেবগণ সকলে মিলিত, যাহা সেই জনারহিতের নাভিদেশে এক হইয়া অবৃষ্ঠিত, তাহাতেই বিশ্বভ্ৰনও অবৃষ্ঠিত। ভাহাকে ভোমরা জান না, যাহা হইতে এ সকলের জন্ম। ভোষাদের অন্তর অন্তপ্ত কার হইয়াছে। লোক সকল কুলাটিকাচ্চন্ন-দৃষ্টি হইয়া নানাপ্রকার কল্পনা করে, তাহারা আহারাদি ছারা আপন প্রাণের তৃপ্তি মরেষণ করিয়া শুবস্তুতি উচ্চারণকরতঃ বিচরণ করে। "পরো দিবাপর এনা পৃথিব্যা পরো দেবে-ভিরস্থরৈর্ঘদন্তি। কং স্বিদ্যার্ভং প্রথমং দঙ্জ खार्ला यह (नवाः नम्लक्ष वित्यं"। 81 ''ভমিদার্ভং প্রথমং দুর আপো যত্র দেবাঃ সমগচ্ছতাবখে। অজগ্ৰ নাভাবধ্যকমপিতং যশ্মিৰিখানি ভূবনানি তমু:"। ७। ন তং বিদাপ ইমা জলানা ভাগামাকমওবং বভ্ব। নীহারেণ প্রাবৃতা জ্লা চাস্থত্প উকথ খাসশ্চরন্তি''। ৭-৮২-১০। আবার দশম মগুলের ১২১ হুক্ত যাহার ঋষি হিরণাগর্ভ, এবং দেবতা ক (কল্মৈদেবার হবিষা বিধেম) নামক প্রজাপতি, তাহাতে উক্ত হইতেছে, 'পুর্বে এক হিরণাগর্ভই ছিলেন। তিনি ষ্ণাত মাত্র ভূত সকলের একাধিপতি হইলেন। তিনিই ভাবাপৃথিবী ধারণ করিয়াছেন। হৰি হারা কোন দেবতার পুৰা করিব ? যিনি আত্মা দান করিয়াছেন, বল দান করিয়াছেন, বঁটিবার আজা সমন্ত দেবগণ পালন করেন, অমৃত বাহার ছারাপ্তরপ, মৃত্যু বাহার অধীন, কোন থেবভাকে হবি ছারা পূজা করিব ? বিনি স্বীয় শক্তিবলে ইক্সিয়াদি যুক্ত প্রাণি-জগতের একমাত রাজা, বিনি এই বিপদ, ठजूलान मकरनत निष्युः, इति यात्रा त्कान्

দেবতার পূজা করিব ? হে প্রজাপতি, তোমা ভিন্ন অন্ত কেহ এই স্বষ্ট বিশ্ব নির্মিত করিতে পারে নাং? :*

আবার বলা হইতেছে—স্থপর্ণ বা পক্ষী (পরমারা) একই আছেন। জ্ঞানী পশুত-গণ তাঁহার একত্ব মুক্ত্র বাক্য (বা কল্পনা) ঘারা তাঁথকে নানারণে কলনা করিয়া থাকেন। ''মুপূৰ্ণং বিপ্ৰা: কবরে। বচোভিৱেকং সন্তং বহুধা করম্বন্ধি'। (১০-১১৪-৫)। "দেই গমনণীল আকাশস্ত স্থপৰ্ণ বা পক্ষী অর্থাৎ সূর্যাকেই ইল্র, মিত্র, বরুণ এবং অগ্নি নামে অভিহিত করা হয়। তিনি এক হইলেও পণ্ডিতগৰ তাঁহাকে অগ্নি, হম, মাত-রিখা প্রভৃতি বছনামে অভিহিত করেন।" "ইক্রং মিত্রং বরুণমগ্রিমাত্তরকো দিব্যঃ স স্বপর্ণোক্সমান একং সদ্বিপ্রা বছধা বদস্তাগ্রিং ষমং মাতরিখানমাত্ঃ"। গরুড় যে বিফুর (স্থোর) বাহন, এই গল্পের মৃশ এখানে দৃষ্ট চয়। পরিশেষে আমরা শ্রুগেদের দশম মণ্ডলের ১২৯ স্থক্তের অমুবাদ পাঠকের সমক্ষে উপস্থিত করিভেচি। এই হক্তের দেবতা পরমেষ্ঠী বা পরমাত্মা, ঋষি প্রজাপতি। ইহাতে পাঠক ८मथिटवन, टेवमिक अधिशंग मर्सीखावादमत्रक কতদুর উন্নতিলাভ করিয়া-সোপানে ছিলেন-

^{* &#}x27;হিরণ্যপর্ভ: সমবর্ততাতো ভ্তত আঙ:
পতিরেক আসীং। স দাধার পৃথিবীং দাামুডেমাং
কল্ম দেবায় হবিবা বিধেম। ১। ব আস্থান বলদা বসা
বিশ্ব উপাসতে প্রশিবং বস্য দেবাঃ। বস্য ছারামুডং
বস্য মৃত্যু:, কল্ম দেবার হবিবা বিধেম। ২। ব
প্রাণতো নিমিবতো মহিবৈক ইন্যালা অগতো বভ্ব।
ব ইংশে অসা বিপদশ্চভূপাদ কল্ম দেবার হবিবা
বিধেম। ৩। প্রলাপতে প্যদেতা স্তক্ষো বিশা লাভানি
পরিতা বভ্ব"। ১০-১২১-১৭

১। তৎকালে (স্টের পূর্ব্বে) অসং (বা ষাহা নাই) ও ছিল না, সং (বা যাহা আছে)ও ছিল না। পৃথবীও ছিল না, বছ বিস্তৃত আকাশও ছিল না। আবরণকারী কি ছিল ? কোথার কাহার স্থান ছিল ? তুর্নম গন্তীর মেঘ কি তথন ছিল ?

২। তথন মৃত্যুও ছিল না, অমৃতত্বও ছিল
না। অহোরাত্রের প্রভেদ ছিল না। কেবল
সেই একমাত্র বস্তু বায়ু বাতিরেকে আপনার
মধ্যে আপনি জীবিত ছিলেন। তাহা ভিন্ন
অক্ত কিছুই ছিল না।

৩। সর্বপ্রথমে অন্ধকার দারা অন্ধকার আবৃত ছিল। এই সমস্তই চিহ্নবর্জিত জলম্ম ছিল। অবিদ্যমান বস্তু দারা সর্বব্যাপী আবৃত ছিলেন। তপস্থার প্রভাবে সেই এক বস্তু জন্ম গ্রহণ করিল।

৪। প্রথমে মন হইতে কামের উদ্ভব। তাহা হইতেই প্রথম স্টিনীজ জন্মিল। জ্ঞানিগণ বৃদ্ধিবলে জনমে আলোচনা করিয়া অসং হইতে সতের উৎপত্তি নির্ণয় করিয়াছেন।

ন মৃত্যুরাসীদ মৃতং ন তর্হিন রাত্যা অহু আংসীৎ একেতঃ। আংনীগবাতং অধ্যা তদেকং তভাভাভিল পরংকিংচনাম ॥ ২ ॥

তম আসীজমন। গৃঢ়মগ্ৰেই একেডং সলিলং সৰ্ম। ইদং। ডুচেছানাভূপিহিডং বদাসীজপস্তন মহিনা আয়তৈকং। ৩।

কাৰতাদপ্ৰে সমৰ্ভ ভাধি মনসো রেতঃ প্রথমং বনাসীৎ। সভো বন্ধুমুসভি নিওবিশ্বন্ হৃদি প্রভিষ্য। কবলো মনীবা । ৪ । রেতোধা (জন্মদাতা পুরুষ) উৎপন্ন হইল। মহিমা সকল উৎপন্ন হইল। তাহা-দের রশ্মি উভন্ন পার্ম্বে অধোঃ এবং উর্দ্ধে বিস্তৃত হইল। স্বধা (অন্ন) নিম্নদিকে এবং প্রমৃতি (জীব) উর্দ্ধিকে রহিল।

৬। কেই বা তত্ত্ব জানে ? কেই বা বলিবে ? কোথা হইতে এ সকল জন্মিল ? কোথা হইতে এই বিবিধ স্পষ্টি হইল ? এই বিবিধ স্পষ্টির পরে দেবতারা হইয়াছেন। যাথা হইতে এ সকল হইয়াছে, কে তাহা জানে ? (পাঠক লক্ষ্য করিবেন, স্ফাইর পরে দেবগণের উৎপত্তি বলা হইতেছে)।

৭। এই ৰিবিধ স্প্টি যাহা হইতে হইল, অৰ্থা কেই ইহার বিধান করিয়াছেন কি করেন নাই, যিনি, ইহার অধ্যক্ষরণে প্রমধানে আছেন, হয় ত তিনিই জানেন। কি জানি তিনিও যদি না জানেন! এ স্থলে আমরা দাঙ্খা প্রকৃতি-পুক্ষ-কল্লনারও আভাদ পাইতেছি।

এইরপে আমেরা দেখিতে পাই, তিন হাজার তিন শত উন্চল্লিশ সংখ্যক দেবতা পরিণামে ঝাগেদেই এক অধ্যক্ষে পরিণত হইয়াছে। বলা হইতেছে "অকায়তৈকং"

ত্রিরশ্চীনো বিততো রখিরেবামধ: বিদাসীজ্ঞারি বিদাসিং। রেডোধা আ্বাসমফি আসনকথা অবতাং প্রযাত পরতাত । ৫।

কো অ্হা বেদ ক ইছ প্রবোচৎ কুও গোলাতা কুত ইয়ং বিস্ষ্টি:। অর্বাদেবা অন্য বিদর্জনে নাধা কো বেদ যত আবভুব ॥ ৬।

ইয়ং বিক্টেবত আবিজ্ব যদিবাদধে যদিধান। যোজনাধাকপ্রমে ব্যোমদো অক বেদ যদি বান বেদ । ৭ (১২৯) "দেই একই (স্ষ্টির্রাপে) জন্ম গ্রহণ করিলেন।" শ্রাকালেদা অন্য বিদর্জ্জনেন" এই বিবিধ স্টির পরে দেবগণ উৎপন্ন (অর্থাৎ দেবগণ ক্রিভ্যাতা)।

বুহদারণ্যকে দেবগণের বিস্তান্ন এবং সংস্কাচ वृहंमात्रगाक छेशनिष्टात्व भाकना बाकात्व বিদ্রাশাকলা প্রাশ্ন করিতেছেন, "দেবগণ কত সংখ্যক'' ? তাহার উত্তরে যাজ্ঞবন্ধা বৈশ্ব-দেব শাস্ত্রোক্ত বাংচ্যে বলিতেছেন, ''ত্রয়*চ ন্টাচশতা ত্রয়শ্চ ত্রীচ সহস্রা। (৩৩০+ ৩৩০০০ = ৩৬৩০০)। আবার বিনগ্ধ প্রশ্ন করিলেন, "দেবগণ কত সংখ্যক ?" যাজ্ঞবাল্য বলিলেন "ত্রয়ন্ত্রিংশং" (৩৩)। সেই প্রশ্ন প্নরায় করিলে পর, ভিনি বলিলেন, ''ষ্ট্'' পুনরায় করিলে পর তিনি বলিলেন "ত্রয়ং" (৩)। আবার প্রশ্ন করিলে পর বলিলেন. "ছই''।শেষ প্রশ্নের উত্তরে বলিলেন ''এক''। বিদগ্ধ পুনরায় জ্বিজ্ঞাসা করিলেন সেই তেতি শ হাজার তেত্রিশ "শত দেবতাকে কেণ্ যাজ্ঞবাস্ক্য উত্তর করিলেন এ সকল দেবগণের মহিমা (বা বিভূতি) মাত্র। বস্তুতঃ দেবগণ অয়স্তিংশৎ বা তেত্তিশ। আবার প্রশ্ন হ্টল, "দেই ত্রয়স্ত্রিংশৎ কে কে ?'' তাহার উত্তরে বলিলেন, "মাটটি বস্থা, এগারটি রুদ্র, नात्रीं चानि छा এই এक जिम अवः हेन छ প্রজাপতি। (প্রশ্ন) সাটটি বন্ধ কে ? (উত্তর) অগ্নি, পৃথিবী, বায়ু, অন্তরীক্ষ, আদিত্য, গুলোক, চন্দ্রমা, এবং নক্ষত্রগণ। (প্রশ্ন) একাদশ রুদ্র কে १ (উত্তর) মনুষ্যের মধ্যে দুশটি প্রাণ অর্থাৎ কর্মেন্দ্রিয় পাঁচটি এবং জ্ঞানেন্দ্রিয় পাঁচটি, এবং আত্মা অর্থাৎ মন তাহাদের একাদশ। যথন ইহারা এই শরীর হইতে

উৎক্রান্ত হয়. তখন গোককে রোদন করায়, এ জন্ম ইহাদের নাম রুদ্র। (প্রশ্ন) ইন্দ্র কে এবং প্রজাপতি কে ৷ (উত্তর) স্তন্মিত্ন (মেঘগর্জন)ই ইন্দ্র, যজ্ঞ—প্রজাপতি। স্তনয়িত্র অশনি বা বিহাৎ। যজ্ঞ কে 📍 পশুগণই যজ্ঞ অর্থাৎ পশুবধ দারাই যজ সাধিত হয়। যজ্ঞের অন্য কোন (প্রশ্ন) ছয়জনকে ? (উত্তর) অগ্নি, পৃথিবী, বায়ু, অন্তরীক্ষ, আদিতা এবং হ্যুগে ক (প্রশ্ন) তিনজন দেব কে 📍 লোকত্তম অর্থাৎ পৃথিবী এবং (উত্তর অগ্নি একতে এক লোক, অস্থরীক্ষ এবং বায়ু একত্রে দিতীয় লোক, এবং ছালোক ও আদিত্য একত্রে তৃতীয় লোক। (প্রশ্ন) তুইজন দেব কে ? (উত্তর) অর এবং প্রাণ (প্রশ্ন) একজন দেব কে ? প্রাণ অর্থাৎ প্রাণ-স্তরূপ ব্রন্ধ। সর্বাত্মকত্বহেতু যাহাকে মহৎ বা ব্রহ্ম বলা হয়। ইহার উপরে শব্দর তাঁহার ভাষ্যে বলিভেছেন, শাকল্য বান্ধণে দেবতা-গণের সঙ্কোচ এবং বিস্তার-বিষয়ক সংখ্যা, এবং তাঁহাদের স্বরূপ বিবেচিত হইয়াছে। প্রাণ বা ব্রহ্ম রূপেই দেবগণের এক হ। ত্রয় স্তিংশৎ প্রভৃতি ক্রমে দেবগণ এক প্রাণের অন্তভূ জ। আবার দেই এক প্রাণই অনম্ভ সংখ্যাতে সর্বা-রূপে বিস্তৃত। এইরূপে প্রাণই এক এবং অনস্ত, প্রাণই তেত্তিশ প্রভৃতি অবাস্তর সংখ্যাযুক্ত। পৃ—৬৽৽। এইরূপে আমরা দেখিতেছি, বহু দেববাদের সহিত একেশ্বর-वारमञ्ज नामक्षमा अपर्मात्मत्र ८० है। विभिक्त कान इरेट बामाराद रात्म अठिलेख। देशंद ফলে আমাদের দেখে বছদেববাদের সহিত একেশ্বরাদের এক অপূর্ব মিশ্রণ সংঘটিত

হইরাছে, যাহার স্ত্রণাত ঋথেদে আমরা প্রথম দেখিতে পাই। তাহাই পরিবর্ত্তিত আকারে অন্যাপি আমাদের দেশে প্রচলিত। আমাদের শাস্ত্র দকল পূর্বতিই এই মিশ্রণেরই অপূর্বে দৃষ্টাস্ত।

শ্ৰীদি**জ**দাস দত্ত।

বেহার-চিত্র

ভিখারী মণ্ডর

((वहादत्रत्र कृषक)

পিতৃমাতৃহীন ভিখারী বালাকাল হইতে দেশ বিদেশে জরিপের কাজে শিকল টানিয়া টানিয়া বহুকাল পরে পূর্ণ যৌবনে কিছু অর্থ সংগ্রহ করিয়া দেশে ফিরিয়া আসিল। ক্রমা-গত জরিপ-বিভাগের অন্থির জীবন্যাপনে উক্তাক্ত হইয়া, শাস্তিও বিশ্রামের জন্ত দে লালায়িত হইয়া উঠিয়াছিল।

রহিমপুরে যেথানে ভাহার পৈতৃক বাসহানের ভয় স্তৃপ পতিত ছিল, জ্বমিদারকে
কিঞ্চিৎ সেলামী দিয়া প্রথমতঃ ভিথারী সেইথানে ভাহার গৃহ নির্দাণের অমুমতি-পত্র
সংগ্রহ করিল। অর দিনেই ভিথারীর
ক্ষুদ্র গৃহ নির্দািত হইল।

ভিধারী যে দিন অসহায় অবস্থায় কাহার ও
নিকট কোন প্রকার সাহায্য না পাইয়া সজলনেত্রে তাহার পৈতৃক বাসভবন ছাড়িয়া
গিয়াছিল, সে দিন কেহ তাহাকে ডাকিয়া
কোন কথা জিজ্ঞানা করাও কর্তব্য মনে করে
নাই। কিন্তু একণে ভিধারী "বেশ হুপয়না"
উপার্জন করিয়া বরে ফিরিয়াছে, এই সংবাদ
গ্রামমধ্যে প্রচারিত হওয়ায়, তাহার বল্ধবান্ধবের অভাব রহিল না। প্রতিদিন

নামাকে হান্তে, আলাপে, দলীতে, তামক্টগ্মে তাহার কুল গৃহ পরিপ্রিত হইতে লাগিল। কিন্তু পূর্বের কথা যাহাই হউক, এবার ভিথারীয় বন্ধুবর্গকে অকতজ্ঞতার অপবাদ দিবার কোনই উপায় ছিল না। ভিথারীয় কতজ্ঞ বন্ধু ও অভিভাবকবর্গ তাহাকে স্বর্ম্না তামকুটের পরিবর্গে প্রতিদিন এত প্রচ্র পরিমাণে বহুম্লা উপদেশ দান করিয়া যাইতেন বে, অভিভ্ত ভিথারী সময়ে সময়ে এই গুলুভার ক্ষেহ্থাণ পরিশোধের কোন উপায় খুঁ বিয়া পাইত না।

তাঁহাদেরই পরামর্শ ও প্রেরোচনার নবা-গত ভিথারী অচিরেই নিকটবর্ত্তী গ্রামের একটী পিতৃহীনা স্থলরী বাণিকার পাণিগ্রহণ করিল।

কিন্তু উপার্জনের উপায় না করিয়া, অধিক দিন পরিবার শইয়া নিশ্চিত্ত হইয়া থাকা যায় না। বন্ধবর্গ পরামশ দিলেন, এ স্থলে তহসিল দার সাহেবকে ধরিয়া কিছু দ্ধমি সংগ্রহ করাই স্বযুক্তি। বণা বাছলা, ভিধারীয় পৈতৃক জমি থাজানা না দেওয়ার, ইতিপুর্কেই 'সরকারে' বাজেয়াপ্ত হইয়া গিয়াছিল। পরদিন প্রত্যুষ্টে ভিথারী প্রামের প্রাসিদ্ধ প্রসিদ্ধ বৃদ্ধিম:ন্ হোরিল সাহু, বাউলী সিংহ এবং মুস্সী দান্ডি লাণকে সঙ্গে লইয়া জমিদারের 'ভাগুরায়' তহসিলদার সাহেবের 'হুজুরে' হাজির হইল।

ভহ্দিলদার সাহেব তথন 'বিস্তারার' উপর থাতাপত্র সাজাইরা কার্য্যারস্তের অভিপ্রায়ে মনোযোগ দিরা নিজের বস্ত্রপ্রান্তের সাহায্যে তাঁহার ভ্রমণণ্ড চশমা থানির স্বচ্ছতাবৃদ্ধির চেষ্টা করিতেছিলেন। মুজী দাম্ডিলালকে দেখিরা হাসিয়া জিজ্ঞাসা করিলেন, "কেয়া থবর মুজীজি ?" মুজীজি করজোড়ে বিনীতভাবে উত্তর দিলেন, "হজুরকে মুলাকাত; আউর কেয়া !'' বলিয়া তীক্ষবৃদ্ধি মুজীজি ধীরে ধীরে তহদিলদার সাহেবের মনীন্দিন 'বিস্তারার' একপ্রান্তে নিজের স্বল্লভার 'তশরিফা' স্থাপন করিলেন। ভিথারী অভাক্ত সঙ্গাদের সহিত্ব সংশ্ব্যে মাটির উপর বিদিল।

মুন্সীন্তি একে একে সকলের দিকে চাহিয়া দিবং হাস্ত করিয়া বাউলী সিংকে কহিলেন, "গাজ এৎনা ভোরে কেয়া খবর বাবু বাউলী দিং?" বাউলী ভিধারীকে ঠেলা দিয়া কহিল, "আরে কঁহো না তহসিলদার সাহেবকো ভিথারী।" কিন্তু ভিথারী বেচারা কি করিয়া কথাটা আরম্ভ করিবে, ভাবিয়া স্থির করিতে পারিল না।

তথন ছোরিল সাহ করজোড় করিয়া ভহসিলদারকে কহিল, "তুজুরকো থেয়াল হোগা, রহিমপুরমে এক বুড্টা রাইয়ৎ থা— জোরাবর মগুর—।" কিয়ৎকাণ চিন্তা করিয়া ধীরে ধীরে ঘাড় নাড়িয়া তহসিলদার কহিলেন, হাঁহাঁ জোরাবর। বহুত জমানে কি বাত হিছি হোরিল তথন তাঁহাকে বুঝাইয়া

বলিল যে, এই ভিধারী জোরাবরেরই পুত্র।
বহুকাল দেশে ছিল না। এক্লণে পার্ডেতে'
কিছু উপার্জন করিয়া দেশে আদিরাছে।
যাহাতে তাহার পরবরিদ্' হয়, সে উপায়
ছজুরকে করিয়া দিতে হইবে। ভহদিলদার
সাহেব তাঁহার স্থবিগুত্ত গুল্ফশ্রেণীর অস্তরাল
হইতে নির্মাণ দম্ভরাজির ঈর্বৎ আভা
প্রকাশিত করিয়া কহিলেন, "সার্ভেমে?
ও: তব্ তো বহুত্ কামাইস হোগা! কয় বিঘা
থেত লেওগে ভিখারী ?" ভিখারী বিনীতভাবে
বলিল, "দশ বিঘা হইলেই কোন প্রকারে
ভাহার চলিয়া যাইবে।"

"দশ বিঘা ?'' বিশিরা তহসিলদার সাহেব কিঞ্চিং চিন্তামগ্রের ভাব দেখাইলেন। ক্ষণকাল চিন্তা করিয়া কহিলেন, ''আছো, দশ বিঘা বন্দোবন্ত কর্দেকে। মালগুলারি তো লান্তে হোওপে ?'' ভিথারী অজ্ঞভাস্চক ঘাড় নাড়িল।

মুন্সী দাম্জিলালের দিকে চাহিয়া তহসিলদার বলিলেন, "আপ্কো ভো কুল্ হাল্ মালুম হৈ। ইস্কো আছো কর্কে সম্ঝা তো দিজিরে মুন্সীজি, অমিনকে মালগুজারি নগদ গাঁচ রোপেয়া বিঘা আর পান্সের ঘিউ। সেওয়ায় ইস্কে পাটোয়ারিকে 'মালন', 'ছজ্জানা' 'ফরচানা' 'রসিদানা', 'হোলি-থেলাই', 'দোয়াত পুজাই', 'ত্রগা পুজাই' 'কয়ালকে ভৌলাই', 'চৌকিদারী', 'ছক্-মত্', 'মদত', 'বিয়াহ-দানি', 'ভোজনি', 'মজরানা', 'চৌঠ', ইসব তো হইয়ে হৈ। সেওয়া ইস্কে জব জৈমা সরকারসে ভকুম হোয়।'' মুজীজি ভিধারীকে সকল কথা বিশদকপে বুঝাইয়া দিয়া তহসিলদার সাহেবকে জিজ্ঞাসা করিলেন, "আউর সেলামি?" তহসিলদার হাস্ত করিয়া বলিলেন "সো তো আপ্কো বাথ্বি মালুম হোগা। সেলামি সম্জিয়ে কুছ্ভি নহি। মালিক কো সেলামি ১০ রোপেয়া বিঘা, আউর হামারা তো জান্তেই হোঙ্গে উসিকো আধা।"

সেলামি ও থাজানার বিপুল তালিকা ভনিয়া ভিথারী শক্ষিত হইয়া উঠিয়ছিল। সে গোপনে হোরিলকে এ কথা জানাইল। হোরিল অপাঙ্গে একটু চতুর হাসি হাসিয়া ইসারায় ভাহাকে জানাইল যে, এ জ্বল্য তাহার কোন চিস্তা নাই, সে সমস্তই ঠিক করিয়া দিবে।

ভোরিল তহদিলদার সাহেবকে জিজ্ঞাসা করিল, "কোন্ জমিন তহদিলদার সাহেব ?" হাসিয়া তহদিলদার বলিলেন, "দে জ্বল্ল চিস্তা নাই। জমি সকলের দেরা। আদল জমি যার নাম। তোমাদের গ্রামের সেই ভাতু, কাহারের জমি। বেটা গত বংসর হইতে ফেরার। অনেকে সে জমির জ্বল্ল উমেদার হইয়াছিল। কিন্ত কাহাকেও দিই নাই। জেরাবর অনেক দিনের পুরাতন প্রজা ছিল বলিয়াই, তাহার পুরের উপর এতটা অনুগ্রহ করিতেছি।"

মূলী দাম্ডিলাল গন্তীর ভাবে ঘাড়
নাড়িয়া বলিলেন, "হাঁ আলবং। জমিন ভো
নেহাইত উমদা !" ভিধারী আবার গোপনে
হোরিলকে বলিল, "ধাজানা আর কিছু
কমাইরা দিলে তাহার জমি লইতে কোনই
আপত্তি নাই।" হোরিল বিনীতভাবে এ কথা
ভহনিলদার সাহেবকে জানাইল।

হাসিয়া তহসিলানার বলিলেন, "জমি ত আমার নিজের নহে। মালিক যে দর বাঁধিয়া দিয়াছেন, সেত আর আমার কমাইবার সাধ্য নাই। তবে এক কাজ কর না কেন? "বাটাইরা" লও না কেন? যে বৎসর ষেমন ক্ষল হইবে, সে বৎসর তেমনি থাজানা। অর্দ্ধেক ক্ষলল তোমার, অর্দ্ধেক জমিদারের। ইহাতে ত আর লোক্সান নাই।" কথাটা ভিথারীর মন্দ লাগিল না। ভিথারী 'বাটাভিথারীর মন্দ লাগিল না। ভিথারী 'বাটাভিয়া" লইতেই সম্মত হইল।

মুন্দী দাম্ডিলাল কাগজপত্ত সংশ্ব আনিয়াছিলেন; তথনি কব্লিয়ৎ লিথিত হইল এবং কবুলিয়তের উপর ভিথানীর 'আফুঠার ছাল' লওয়া লইল। অপরাফ্রে কব্লিয়ৎ বেজিপ্টারি করিয়া দিয়া এবং মালিক ও তহসিলদার সাহেবের সেলামি, মুন্দী দাম্ডিলালের তহরির, হিতৈষী বন্ধুবর্গের পানভোজন-ব্যয়, রেজিপ্টারী আফিসের ধরচা প্রভৃতিতে বছলিনের কপ্তসঞ্জিত থলিয়াটীর ভার যথেঠ গ্রু করিয়া সফল-মনোর্থ ভিথারী পাটা লইয়া হাইচিত্তে বাটা ফিরিয়া আনিল।

Ş

ভিপারীর হৃদয়ে রোম্যাটিক কাব্যরস না থাকিলেও, দে ভাহার স্থানী যুবতী পদ্দীকে ভালবাদিতে আরস্ত করিয়াছিল। তাংার মুণ চাহিয়া ভিথারী ক্ষমিকার্য্যে প্রাণপণ পরিপ্রম করিল। পরিশ্রমের ফলে ভিথারীর স্থানির প্রতিবেশিগণের কির্মার কারণ হইয়া উঠিল। স্থমধুর প্রভাত বায়ু-ভাড়িত সেই হরিৎশস্ত-সিন্ধুর আন্দোলিত তরঙ্গরাজি দেখিতে দেখিতে নিরক্ষর ভিথারীর সরল হৃদয় আশায় ও আনক্ষে ভরিয়া উঠিত।

এক এক দিন আঁহারান্তে জ্যোৎসালোকিত অঙ্গনতলে বিদিয়া গল করিতে করিতে দে বৃধিয়াকেও এই আনন্দের অংশভাগী না করিয়া থাকিতে পারিত না। এবারকার ফদল বেচিয়া দে কিরপ সাড়ী ও অলকারে স্ফারী বৃধিয়াকে সাজাইবে, এ কথা বলিতে বলিতে তাহার কঠ-স্বর আনন্দে গদগদ্ হইয়া উঠিত। ভানিতে ভানিতে বৃধিয়ারও বিশাল নয়নে প্রতিফ্লিত স্লিয়্ম জ্যোৎসা থাকিয়া থাকিয়া হীরকের মত অলিয়া উঠিত।

এমনি করিরা আশার ও আনলে ছয় মাস
কাটিরা গেল। শশুরাজি স্থপক হইল।
ভিথারী সমস্ত দিন শশু কাটিতে এবং সমস্ত
রাত্রি শশুক্ষেত্রে মঞ্চের উপর জাগিয়া শশু
রক্ষা করিতে লাগিল। ৭৮৮ দিনে সমস্ত শশু
কাটা হইয়া গেল। বুধিয়ার সাহায্যে ভিথারী
স্থল্য করিয়া 'থলিহান' প্রস্তুত করিয়াছিল।
স্থপরিছের, স্থশোভিত আগন-ভলে স্তৃপাকার
শশুরাশি কফ্লার স্থর্ণমন্দিরের ভায় শোভা
পাইতে লাগিল।

কিন্ত জমিদারের । অংশ জমিদারকে 'বঁণটিয়া' দিবার পূর্ব্বে থলিথান হইতে শস্ত উঠাইয়া আনিবার উপায় ছিল না। কেরু কিছু সরাইতেছে কি না, দেখিবার জন্ম জানিবার পক্ষ হইতে চৌকিদার নিযুক্ত ছিল।

ুকিছু দিন পরে জমিদারের অংশ বুঝিরা লইবার জন্ম থাতাপত্র, পেরাদা, তুলাদণ্ড, আমীন, 'ক্রাল' প্রভৃতি সঙ্গে লইরা তহসিলদার সাহৈব মহাসমারোহে গ্রামে উভাগমন করিলেন। একে একে সকল বাটাইদারের শস্ত ওজন হইতে লাগিল। তৃতীয় দিনে তহসিলদার সাহেব সপারিবদ ভিথারীর শলি-

হানে দর্শন দিলেন। ভিথারীর সমুদ্ধত শশু-स्तृ प प्रिया जर्मिनमात्र मारहर यर्थहे स्रानम প্রকাশ করিলেন। ঈষৎ হাস্য করিয়া বলিলেন, "কেয়ারে বোলানা ? কেইনা উমদা জমিন।'' ভিথারী কর্ন্সোড়ে ক্বভজ্ঞতা প্রকাশ করাল দেখিতে দেখিতে শস্ত ওজন করিয়া ফেলিল। ওজনে সমক্ষ শত २००मण इटेग। असन (भव इटेरग, কয়াল জমিদারের অংশ ভৌল করিতে ব্যাপৃত হরল। কিন্তু এবারকার ওলনে এক এক মণে এত অধিক শস্ত উঠিতে লাগিল যে দেখিয়া প্রথমটা ভিথারী নিতান্ত বিস্মিত হইল। ব্যাপার কি বুঝিবার চেষ্টায় অনেককণ তীক্ষ দৃষ্টিতে লক্ষ্য করিয়া সে দেখিল যে, পূর্ব্বে বে মণ দিয়া শস্তা ওজন করা হইতেছিল একণে তাহা দিয়া ওজন করা হইতেছে না। অনেক-ক্ষণ নুতন লোহ-পরিমাপকের প্রতি দৃষ্টি রাখিয়া সদকোচে ভিধারী বলিল "ই কেয়া একমণ হায় কয়াল সাহেব ?" দাঁত মুধ थिठाहेबा कबान विनन "छव् क्या ठाव মণ হায় ?''

নিকটবর্তী 'থাটয়া'য় বিদয়া তহদিলদার
সাহেব থাতায় ওজন লিথিতেছিলেন।
ভিথারী তাঁহার নিকট গিয়া বিনীতভাবে
বলিল "হুজুর, পহিলে জিস্কেস ওজন হুয়া,
উদিসে ওজন কিয়া য়ায়।" শুনিয়া তহদিলদার সাহেব উচ্চ হাস্য করিয়া বলিলেন,
"কেয়ারে পাগল হুয়া কেয়া ? দেব্তা নেহি
পাকা ছাপা হুয়া মণ হায়্? ই কভি কমবেশ
হো সক্তা?"

কিন্তু নির্বোধ ভিথারীর ইহাতেও সন্দেহ দুর হইল না। স্থভরাং এবার ওজন করিয়া

শস্ত নামাইবার পূর্বেই সে ভাড়াতাড়ি কাঁটার উপর হইতে নুতন মণ ফেলিয়া পুরাতন মণ বসাইয়া দিল। পুরাতন মণ বহু উর্দ্ধ উঠিয়া গেল। ভিথারী উত্তেজিত হইয়া বলিল, "ই কেরা হার্? হাম ইস্মণসে তৌল কর্নে নেহি দেকে।" বলিয়া সে পূর্ব্বের তুলিত শস্ত-রাশি আবার টানিদা সাধারণ স্তৃপে মিশাইয়া দিল। ভহসিল্দার সাহেব ক্রোধে অলিয়া উঠিলেন, কয়াল গজ্জিতে লাগিল। তহসিল-দার সাহেব যে কেবল বিশুদ্ধ-প্রভৃত্তক্তি-প্রণো-দিত হইয়াই এই প্রবঞ্চনায় প্রবুত হইয়া-প্রভূ যৎকিঞ্চিৎ ছিলেন, ভাহা नरह । পাইতেন মাত্র। "সিংহাংশ" তহসিলদার भारहरवत्र डेमरत्रहे शहेल, क्यांन किছू चःभ পাইত।

স্তরাং তহসিদদার সাহেব খাতাপত্র দেশিরা জরাজীণ চশমাথানিকে স্বদ্ধে কোষক্ষম করিয়া ভীষণ হন্ধার করিয়া কহিলেন,
"কেয়া ভূম্ ক্ষসিল তউল্মে নেহি দেওগে ?"
ভিধারী বলিল, "পূর্বের ওজনে ভৌল করাইতে
তাহার কোনই আপত্তি নাই।" কুদ্ধ তহসিলদার করালকে বলিলেন, "আছা আভি হোড়
দেও ইস্কো ফসিল। পিছে দেখা বারগা।"
বলিয়া, থাতাপ্ত উঠাইয়া বিজ্ঞোলী ভিথারীর
প্রতি ক্ষেক্বার তীক্ষ্ণ কটাক্ষ নিক্ষেপ করিয়া
ধীরে ধীরে দলবল লইরা অন্তত্ত চলিয়া
গেলেন।

প্রত্যবেই জমিদার-বাড়ীর ছইজন পেরাদা আনিরা ভিথারীর হাবে উপস্থিত। তাহারা অমিদার-বাড়ীর কাজের জন্ত বেগার ধরিতে আনিরাছিল। তহসিলদার সাহেব তাহাদের প্রথবেই ভিথারীকে দেখাইরা দিরাছিলেন। পেরাদারা বলিল ''মালিকের জারুরি ত্রুম, এখনি বাইতে হইবে।'' ভিথারী সবিনয়ে বলিল যে, তাহার ধানের 'বাট' এখনো হর নাই। ধান উঠাইরা তবে সে যাইতে পারিবে, নহিলে তাহার সমস্ত ফাসল নই হইরা যাইবে।

পেয়াদারা কক্ষকণে বলিল "ও সকল ঘরের কথা আমরা ভানিতে চাহি না। মালিকের হকুম, এখনি বাইতে হইবে। না যাও ত সাফ বলিয়া দাও, আমরা কিরিয়া যাই।"

ভিথারী ভহিদিলদার মহাশদ্রের বিরক্তি উৎপাদন করিয়াই বিশেষ শক্ষিত হইরাছিল, ভাছার উপর মালিকের আদেশ লজ্মন করিতে ভাহার সাহলে কুলাইল না। ধীরে ধীরে উহিগ্রতিতে শেপেয়াদার অমুসরণ করিল।

೨

মালিকের কনিষ্ঠা কন্থার বিবাহ বিবাহের এখনো তিন চারি দিন বিলম্ব, আপাততঃ কেবল উদ্যোগপর্ব চলিতেছে। ভিথারী উপস্থিত হইবামাত্র হুকুম হইল, 'বাও আউর আদমীকে সাথ হাসনপুর; উহাঁদে সামিয়ানা লে আও। সামিয়ানা লানেকো খানেকো দিয়া জার গা।" গোমন্তা হাসনপুরের বাবু জগদ্ধর নারায়ণের নামে পত্র কিথিয়া দিল। ভিথারী সঙ্গীদের সহিত পত্র লইয়া সামিয়ানা আনিতে চলিল। হাসন-পুর মালিকের বাটী হইতে তিন ক্রোশ দুরে গঙ্গাপারে অবস্থিত। হুতরাং সেখানে পৌছিতে মধ্যাক অতীত হইয়া গেল। ভিথ:রী যথন বাবু সাহেবের দেউড়িতে পৌছিল তথন বাবু সাহেৰ মধ্যাক নিজার হুৰভোগে ব্যাপৃত, ভৃত্য অকালে প্ৰভূৱ নিদ্ৰা-

ভঙ্গ করিতে সাহস করিল না। অপরাহে যথা-কালে নিজাভঙ্গ হইলে, বাবু সাহেব দেওয়ান-জিকে ডাকাইয়া সামিয়ানা বাহির করিয়া দিতে আদেশ করিলেন।

সামিয়ানা বাহির করিতে, তাহার পরীক্ষা করিতে, থাতার লিথিতে, সামিয়ানার উপর চিহ্ন অন্ধিত করিতে, প্রায় সন্ধ্যা হইয়া গেল।

সমস্তদিন উপবাস করিয়া এক প্রহর রাত্রে বেগারেরা সামিয়ানা লইয়। প্রভুগৃছে উপস্থিত হইল। কুধার তৃষ্ণার তাহাদের প্রাণ ওঠাগত হইয়াছিল। কিন্তু কে কাহার সংবাদ লয় ? সকলের কাছে হঃথ জানাইয়া কাহারো নিকট গালি এবং কাহারো নিকট ভাড়না লাভ করিয়া অবশেষে বছসাধান্যাধনার পর ভাহারা এক, 'ভাগুরী'র অম্প্রছে রাত্রি ১০টার সময় অর্দ্ধদের করিয়া শুক্ষ 'চুড়া' সংগ্রহ করিল এবং ভাহাই চিবাইয়া সেদিনের মত কোন প্রকারে জঠর জালা নিরারণ করিল।

আহারাত্তে গোমন্তাকে জিজ্ঞাসা করিয়া ভিথারী অবগত হইল যে, সন্মুথবর্ত্তী বট বৃক্ষ-তলে মুক্ত মৃত্তিকার উপর ভাহাদের বিশ্রামের স্থান নির্দিষ্ট হইয়াছে। অগত্যা পরিহিত্বজ্ঞের একপ্রান্ত ভূমিতলে বিস্তৃত করিয়া ভাহাদের কঠিন ভূমিতলে শব্যা রচনা করিতে হইল। সমস্ত দিনের পরিশ্রম ও ক্লান্তিতে ভাহারা প্রগাঢ়, নিদ্রায় অভিভূত হইয়া পড়িল। কিন্তু সহসা মধ্যরাত্তে এক পশ্লা বৃষ্টি হইয়া ভাহাদের সর্বাঞ্চ সিক্ত করিয়া দিল। অনজ্যোপায় হইয়া হতভাগাদের সমস্ত রাত্তি সিক্তব্র্ত্তে সিক্ত মৃত্তিকার উপর এক প্রকার সাক্রার স্থানিয়া কাটাইতে হইল।

পরদিন প্রত্যাবে—'দরবারে' বিদার প্রার্থনা করিতে গিরা সকলে আদেশ পাইল বে, 'বরিয়াত' আদিরা চলিরা না যাওরা পর্যান্ত তাহারা কোথাও ঘাইতে পাইবে না। যে যাইবে তাহাকে 'পচাশ জ্তি' ও দশ টাকা জ্বিমানার দওভোগ করিতে হইবে।

ভিধারী বিনীতভাবে বিলিন, তাহাদের
যদি ছাড়িয়া দেওয়া না হয়, তাহা হইলে
অন্তঃ তাহাদের বাটী হইতে কাপড়ও
বিছানা লইয়া আসিতে দেওয়া হউক।
কারণ, বৃষ্টিতে তাহাদের কাপড়-চোপড় সমস্তই
ভিজিয়া গিয়াছে।

শুনিয়া দেওয়ানজি জোধে গার্জিয়া
উঠিলেন—''ইয়ে সালে তো বড়া সওথিন
দেখতে ইে। এক হাথ্কা কাকড়ি নৌ হাথকা
বীয়া''! সালেকো কাপড়া চাহিয়ে!
বিছৌনা চাহিয়ে! পালং চাহিয়ে! সালে
'দেশী মুরগী, বিলায়তি বোলি' সালেকো
মুহ্মে বিশ জুতি লাগাকে সালেকো
ছক্ত কর দেও তো গির্বর সিং।''

অতঃপর আর দিকক্তি করা চলে না। ত্তরাং সিক্তবস্ত্র শৃক্তকঠর ভিথারী অদ্ষ্টের বিধান নীরবে শিরোধার্য্য করিয়া শওয়াই স্মীচিন বিবেচনা করিল।

পরদিন 'বরিয়াত' আসিল। অস্তান্ত বেগারদের সহিত ভিথারীকেও তাঁহাদের সেবার নিযুক্ত করা হইল। বর্ষাঞীরা আসিয়াই মহা হলস্থূল বাধাইয়া দিলেন। কেহ বলিলেন "গোড় ধোলাও", কেহ বলিলেন "পাঝা করো", কেহ বলিলেন "তামাকু চঢ়াও", কেহ বলিলেন "পরবৎ বানাও", কেহ বলিলেন "গোড় ফাঁতো।" চারিদিক্ হইতে বুগণৎ এত হকুম বেচারা ভিধারীর উপর অবিরল ধারার বর্ষিত হইতে লাগিল যে, সে যে কোন্টা প্রতিপালন করিবে, তাহা ভাবিরা পাইল না। ফলে কেহ বা তাহাকে অশ্রাব্য ভাষার গালি দিলেন, কেহ 'লাভ্' ঝারিলেন, কেহ তাহার শিখা ধরিরা আকর্ষণ করিলেন এবং তাহার পৃষ্ঠের উপর কেহ বা পাছকা কেহ বা ধড়মের সন্থাবহার করিলেন। সমস্ত নির্যাতন বেচারাকে নীরবে সহিতে ফ্টল।

প্রায় সপ্তাহকাল পরে সর্বাক্তে প্রহার ও পরিশ্রম-জনিত বেদনা বহিয়া, অনশনক্লিষ্ট छिथादी चट्ट फिदियां आमिन। आमित्रांह শুনিল, পূর্ব রাত্রে ভাহার 'ষলিহানে'র সমস্ত ফদল লুট হইয়া গিয়াছে! প্রতি-**विभाग निक्**षे मुझान लहेना खिथात्री गाडा বুঝিল, ভাহাতে ভাহার স্পষ্টই মনে হইল যে, हैश তश्मिनात मारश्यत्रहे काव, किञ्च প্রবলপরাক্রাম্ভ ভহসিলদারের বিরুদ্ধে কেছই সাক্ষ্য দিতে সন্মত হইল না। প্রদিন প্রত্যুবে উঠিয়া ভিথারী থানার গিয়া দারোগা मार्ट्स्ट न्रुटें प्रश्तिम मिन। उर्हिनमांब সাহেব পূর্ব্বেই থানাম্ব উপস্থিত হইয়া এবিষয়ে यत्थाहिङ 'कारत्राह्राहे' कतित्रा शिवाहित्वन। স্তরাং ভিথারীয় মুখে লুঠের সংবাদ শুনিয়াই প্রবলপ্রতাপ দারোগা গর্জন করিয়া বলিলেন, ''কোন লিয়া বোল্নে সক্তা ?'' छिथात्री कत्राकार् विनन तम 'अकू'त तार्व খরেই ছিল না, স্তরাং চোরের সন্ধান সে क्रिक्रां पिरव १

দারোগা হকার করিয়া বলিলেন, "নালে

थानारम (थन कत्रत कार्य) ? रमश्रीन कि, मारन शत २১১ क्या रहा हाना निकिस्त ।''

সমস্তদিন থানার আটক থাকিয়া অনেক কাঁদাকাটি করিয়া দারোগা সাহেবকে ১০ টাকা 'পান' থাইতে দিয়া, বেচারা বহুকারে সন্ধ্যার সময় চুরির সংবাদ দেওয়ার অপরাধ ইইতে নিম্কৃতি পাইল।

পরদিন প্রভাতে তহসিলদার সাহেব পুনরায় সদলে ভিধারীর 'থলিহানে' উপস্থিত হইয়া বলিলেন, ''কাঁহারে ফ্সিল তউল্করাঞ্চ।''

সকরণ ভাবে ভিথারী বলিল, "সমন্ত ফসলই চোরে লুটিয়া লইয়া গিয়াছে। ভাগ আর সে কোথার পাইবে ?" ভহসিলদার বলিলেন, "আছো সো আদালতমে দেখা জার গা। ফেকু সিং ইয়াদ রাধ্না ৩০০ মণ ধান পৈদা হয়া থা।"

ভিথারী ৰলিল "সে কি ? সেদিনকার ওজনে ধান মোটে ২০০ মৰ হইয়াছিল।" ঘূণাভরে তহদিলদার বলিলেন, "আছা আছো, আদালভ মে উদ্কা কবুদ দিয়া জায়গা!"

8

যথাসময়ে আদালত হইতে সমন পাইরা ভিথারী জানিল ধে, তাহার নামে ১৫০ মণ ধাজের মূল্য এবং 'থেসারা'র জ্ঞানালিশ হইরাছে।

ভিধারীর ক্ষেত্রে ২০০ শত মণের অধিক ধান্ত উৎপন্ন হর নাই, স্মতরাং ভাষ্য হিসাবে জমিদারের পাওনা ১০০ শত মণের অধিক হইতে পারে না। তত্তির তাহার ধান্ত যে তহিনিদার সাহেবেরই আদেশ অনুসারে লুটিত হইয়াছিল ইতিমধ্যৈ ভিধারী সে বিষয়েও কিছু কিছু প্রমাণ সংগ্রহ করিয়াছিল। স্থতরাং সে মোকদমা লড়িয়া দেখিতে মনস্থ করিয়া নির্দিষ্ট দিনে "জবাব" দিবার জন্ত আদালতে উপস্থিত হইল।

ভিথারী ইতিপুর্ব্বে আর কথনো আদালত দেখে নাই। প্রতরাং দেই জনসঙ্গল, কোলাহলমুখরিত বিচারপ্রাঙ্গণে উপস্থিত হইরা দে কিংকর্ত্তব্যবিমৃত হইরা পড়িল। লক্ষাহীন ভাবে ইতস্ততঃ ছুটিয়া বেড়ান' ছাড়া দে আর কোন সহপার খুজিরা পাইল না। কিন্তু তাহার সোভাগাবশতঃ অধিকক্ষণ তাহাকে এ ভাবে বুরিয়া বেড়াইতে হইল না। অতি অরক্ষণ পরেই দে এক প্রশাশ সম্ভান্ত-মৃত্তি ম্দলমানের সদয় দৃষ্টি মাকর্ষণ করিল।

মৌলভি সাহেব সমস্ত বাপার শুনিয়া ভিধায়ীর সহিত , সম্পূর্ণ সহাফুভৃতি প্রকাশ করিলেন এবং এ মোকদ্দমা বে তিনি মুহুর্ত্ত মধ্যে 'ফুট্কি'ডে, উড়াইয়া দিতে পারিবেন, দে বিষয়েও তাহাকে গভীর আখাদ প্রদান করিলেন। অবশেষে তাহাকে সমস্ত দিন এদিক প্রদিক কুড়াইয়া তই তিন থানা সাদা কাগকে তাহার 'আকুঠার নিশান' লইয়া, এবং উকীলের 'সগুন্', নিজের 'তহরি'য় ও 'সেহা', দেরিস্তার 'দাধিলা', সাক্ষীর 'ব্তাত্র' ও তলবানা ইত্যাদিতে তাহার নিকট হইতে ১০ টাকা আদার করিয়া লইয়া মোকদ্দমার তারিথ বলিয়া দিয়া তাহাকে বিদায় করিয়া দিলেন।

ভিধারী হুইচিতে ঘরে ফিরিয়া আসিল। তারিখের দিন ভিধারী ছুই এক জন সাক্ষী শইয়া আবার আদাশতে উপস্থিত হুইয়া পূর্ব্বপরিচিত মৌণভি সাহেবের শরণাশর হইল।

বন্ধুবর তাহার নিকট হইতে আরো কিছু অর্থ সংগ্রহ করিয়া বলিলেন "তুমি এইধানে নিশ্চিন্ত হইয়া বসিয়া থাক আমি সমস্ত ঠিক করিয়া দিতেছি।'' ভিথারী সারাদিন বৃক্ষতলে বিদিয়া রহিল। অপরাক্তে বন্ধুবর মদীক্লফদন্ত রাজি আমূল বিকশিত করিয়া ভিথারীকে কহিলেন ''যাও মোকদ্দমা ডিদমিদ হো গিয়া।'' বিশ্বিত ভিথারী বলিল "দে কি? আমার এজাহার না লইয়াই আদালত মোকদ্দমা ডিসমিস করিলেন ?'' মৌলভি হাসিয়া বলিলেন যে 'ওকীল সাহেবে'র ভহদিলদার নিজেই সবু কথা কবুল করিয়া কেলিয়াছে, তাহার এজাহারের আর প্রয়ো-অনই হয় নাই! গুনিয়া ভিথারী অত্যন্ত আনন্দ লাভ করিল।

মৌণভি সাহেব আনন্দিত ভিপারীর
নিকট হইতে নিজের ও উকীণ সাহেবের
'ইনাম বাবত' আরও ১০ টাকা সংগ্রহ
করিয়া যথেচ্ছ প্রস্থান করিলেন। বিজয় গর্কিত ভিথারী আনন্দে বাটী ফিরিল।

কিন্ত হইমাস না হইতেই ভিথারী একদিন
সবিস্ময়ে শুনিল যে তাহার জমির উপর
নিগামের ঢোল ঘোররবে নিনাদিত হইতেছে
এবং আদালতের পেরাদা চীৎকার করিয়া
হাঁকিতেছে—"ভিথারী মশুরকা দোত ১০
সিতম্বর আদালতমে নিলাম হোগা" ইত্যাদি।
শুনিয়া ভিথারী ক্রতপদে তথার উপস্থিত হইয়
পেরাদাকে ইহার কারণ জিজ্ঞাসা করিল।
পেরাদা বলিল ভাহার নামে ভিক্রি হইয়াছে,
ডিক্রের টাকা না দিলে নিলাম হইবে না?

বিশ্বিত ভিথারী বলিল "কত টাকার ডিক্রি গৃ' পেরাদা বলিল ''২৩৯৮৫''। ভিথারী বলিল "সে কি ? আমার যে মৌলভি বলিল মোকদ্দমা ডিসমিস হইরা গিরাছে।''

পেরালা বলিল "কোন্ মৌলভি ?" ভিথারী মৌলভি সাহেত্তের সবিস্তার বর্ণনা দিল। ভানিয়া পেরাদা হাসিয়া বলিল "আরে দ্র শেকুব! দালাল কে পটিমে পড় সেয়ো ?"

এতক্ষণে ভিথারী সমস্ত বাগোরটা বুঝিতে পারিল। বুঝিয়া, সজলনেত্রে বলিল, "এক্ষণে, উপায় ?"

পেয়াদা বলিল ''তৃমি সত্তর আদালতে গিয়া 'সানি তব্দবিলে'র দর্থান্ত দাও। যদি 'সানি ভলবিজ' নিভাস্ত মঞ্বনা হয়, তাহা হইলে একমাসের মধ্যে আদালতে টাকা জমা করিয়া দিলে নিলাম 'রদ' इटेरव।" वना वाह्ना, निम्नाना সাহেবকে এই আইনের উপদেশ নিতান্ত বিনামূল্যে मिट्ड **इहेन ना।** এই উপদেশের পরিবর্তে ভিধারীর একটি বছদিনের যত্ন-পালিত 'নধর' থাসি বিনামূল্যে পেয়াদা সাহেবের অহুগমন করিল। পরদিনই ভিথারী হাতে পায়ে ধরিয়া হোরিল সাহকে সঙ্গে লইয়া আদালতে গিয়া भाकक्षमात्र श्रनिर्विठारतत्र पत्रशास्त्र माथिन করিল; কিন্তু ফল কিছুই হইল না। পুনর্বিচারের দর্থান্ত শুনানির দিন ভিথারী স্বিশ্বরে শুনিল যে, সে শ্বরং আদালতে উপস্থিত হইয়া মোকদ্দমার 'কবুল দাবি' मित्राट्ड।

দরধাত্তে তাহার 'আঙ্গুঠার ছাগ' ওকালত-নামাতেও তাই। উকীলও আদালতের সমুধে স্পষ্টাক্ষরে স্বীকার করিলেন যে, ওকালতনামা লইবার প্রমন্ত তিনি মক্তেরের প্রকৃত পরিচয় সম্বন্ধে সম্পূর্ণ নিঃসন্দেহ হইয়াই ওকালতনামা গ্রহণ করিয়াছিলেন। শুনিয়া, বেচারা ভিথারী সম্পূর্ণ হতর্ত্তি হইয়া কপালে করাঘাত করিতে করিতে গৃহে ফিরিয়া আদিল এবং বহু কষ্টে গ্রামের মহাজন তুলসী সাহুর নিকটে বাড়ী বন্ধক রাধিয়া কোন প্রকারে মাসিক শতকরা ২ টাকা স্থানে ১ • টাকা খাণ করিয়া ডিক্রির টাকা উপ্ল করিল।

æ

এইরপ্রে তিনবৎসর কাটিয়া গেল।

যথাসময়ে বেগার খাটিয়া, ভমিদারের 'আব্ওয়াব' যোগাইয়া, তহসিলদার সাহেবের
ওলনে আপত্তি না করিয়া, পেয়ানা ও
পাটোয়ারিশের 'কোমর খোলাই' ও 'মালন'
নির্মিতভাবে দান করিয়া, মাগে মাগে
মহাজনের স্থা মিটাইয়া, ছিয়বল্লে অর্জাশনে
কোন প্রকারে ভিখারী সন্ত্রীক জীবন্যাত্রা
নির্কাহে করিতে লাগিল। কিন্তু এ স্থও তাহার
অদুঠে অধিক দিন সহিল না।

শ্রাবণ মাস। ধান্তের রোপা ফলিতেছিল।
গ্রামের ক্ষকপত্নীগণ কলকঠে 'রোপাণি'র
গীত গাহিতে গাহিতে জলমগ্ন ক্ষেত্রে ধার্য
রোপণ করিতেছিল। ক্ষমকেরা দ্রে হলসাহায্যে অন্তান্ত 'ক্ষেত্রকে' রোপার জন্য
প্রেস্ত করিতেছিল।

অপরাত্র হইরা আসিরাছিল। পশ্চিমের হল্পানেঘ হইতে প্রতিফলিত মধুর আলোক রুষ ধ-রমণীদের স্কুত্ত ও সবল দৈহে নিপতিত হইরা তাহাদের সরল সৌন্দর্যাকে উভাসিত করিতেছিল। এই সমরে এক ক্ষুত্র ঘোটকা-রোহী বাবু সাহেব মাঠের সংকীর্ণ পরে দেখা দিলেন। বেখানে 'ধান রোপা' হইতেছিল,
তাহারই সক্ষ্প দিয়াই পথ। বাবু সাহেব
রোপণ-নিরতা ক্রমক-মুবতীগণের সক্ষ্প আসিয়া ক্রণকালের অভ্য হির হইয়া
দাড়াইলেন।

বাবু সাহেব ভিপানীর মালিকের জ্যেষ্ঠ
পুত্র। বয়ঃক্রম অফুমান ৩৫। ৩৬ বংসর। বাবু
সাহেবের ত্শ্চরিত্রের কথা তাঁহার অমিদারির
মধ্যে সর্বজনবিদিত। দেখিতে দেখিতে
একজনের সৌন্দর্যা যেন বাবু সাহেবকে মুগ্ধ
করিল—তাঁহার কোটরগত কুজ চক্ষে বিশ্বর
ও লালসার তীক্ষ জ্যোতি: অলিয়া উঠিল।
বাবু সাহেব ঘোড়াকে আরও নিকটে সরাইয়া
আনিলেন।

ক্ষণমধ্যেই কৃষক-যুবতীদের দৃষ্টিও বাবু সাহেবের উপরে পড়িল। তাহারা দেখিল, বাবু সাহেব এক দৃষ্টে বুধিয়ার দিকে চাহিয়া রহিয়াছেন ! যাহারা দেখিল, তাহাদের অধিকাংশই যুবতী ৮ দেখিয়া তাহারা তাড়া-তাড়ি আপনাদের বস্ত্র সংবৃত্ত করিয়া লইয়া বুধিয়ার দিকে চাহিয়া নিঃশব্দে পরস্পরের 'গা-টেপাটিপি' করিয়া ঈষৎ মধুর হাদিল। বাবু সাহেবের চরিত্তের কথা ভাহাদের অবিদিত ছিল না। যাধারা স্বয়ং এক সময়ে বাবু সাহেবের ক্লপাকটাক্ষ লাভ করিয়া কতার্থ ক্ইয়াছিল, ভাহাদের মধ্যে এমন লোকও ছিল।

ব্ৰিয়া চকিত দুষ্টিতে চাহিয়া, তাহার প্রতি বাব্ সাহেবের পর্নষ্টি নিবছ দেখিরা, তাড়া-তাড়ি মন্তক ও বক্ষ উত্তমরূপে বস্তাবৃত করিল—ভাহার স্বাভাবিক অকণ গও লজ্জার ইজিম হইয়া উঠিল। বাব্ সাহেব তাহার সপ্তদশবর্ষের 'নিটোল' যৌবনের উপর লজ্জার অঞ্গাভা দেখিরা উন্মত্তপ্রায় হইলেন। কিন্তু প্রেমালাপের পক্ষে ইহা উপযুক্ত স্থান বা অবসর নহে। স্তরাং বাব্ সাহেব তাঁহার, অন্থগামী ভৃত্যকে অক্ট্রুরে কি উপদৈশ দিয়া, সহসা বোড়া ছুটাইয়া দিলেন।

দেখিয়া অস্থান্ত যুবতীরা হাসিয়া বুধিয়াকে বলিল "বুধিয়া গো? এইবার তোর কপাল বুদিল। আর তোকে কাদা ঘাঁটিয়া ধান রোপিতে হইবে না। এখন খাটীয়ায় বসিয়া 'লালকি সাড়ী' পরিয়া 'হালৄয়াপুয়ী' খাইবি।" ভানিয়া, বুধিয়া লজ্জায় মরিয়া গেল।

পরদিন সন্ধার পর ভিথারী আহারাথে রামাচরণ সাহুর দোকানে নিয়মিত ধ্মপান করিতে গেলে, গ্রামের এক বৃদ্ধা স্ত্রীলো ধীরে ধীরে আসিয়া বৃধিয়ার নিকট উপবেশন করিল। বৃধিয়া তথন প্রদীপের নিকটে বসিয়া গুন্ গুন্ শ্বরে গান গাহিতে গাহিতে আপনার কুর্তা সেলাই করিতেছিল। এ কথা সে কথার পর বৃদ্ধা বৃধিয়ার আর্থিক অবস্থা এবং তাহার অত্লনীয় রূপের কথা তুলিল। উভয়ের তুলনা করিতে গিয়া সমবেদনায় বৃদ্ধার লোল চকু সঞ্জল হইয়া উঠিল।

আহা! এই অতৃল সৌন্দর্যা, এ কি মাঠে মাঠে রৌদ্রে ও কর্দ্দমে কাজ করিবার জ্বল্ল স্ট হইরাছিল? কাঁদার চুড়ি আর পিতলের নাকছাবি কি এই দেহের যোগ্য অলঙ্কার? নবীন যৌবনে বুধিয়ার কোন আশাই সঙ্কল হয় নাই। বুধিয়াও সময়ে সময়ে আপন মমে এই কথাই ভাবিত। বৃদ্ধারু কথা শুনিয়া

বৃধিরা অঞ্চপপ্রাস্ত দিরা তাহার স্থলর মুখধানি ভাল করিয়া মুছিয়া প্রদীপের আলোটা বাড়াইয়া দিল।

বৃদ্ধা তথন ক্রমে ক্রমে বাবু সাহেবের ধন, রূপ ও ঐশর্যার কথা পাড়িল এবং একবার তাহার নজরে পড়িলে বেন, তাহার হতাশাপীড়িত জীবনের কোন সাধই অপূর্ণ থাকিবে
না, এ কথাও তাহাকে বিশেষরূপে ব্রাইয়া
দিতে ক্রটি করিল না। বৃধিয়া কম্পিতবক্ষেকথাটা ভাল করিয়া বৃঝিবার চেষ্টা করিতে
লাগিল। বৃধিয়ার নিকটে কথাটা তীক্ষধার
অসির উপর নিক্ষিপ্ত মধুর মত মনে হইতেছিল। মিষ্টতার লোভ সম্বরণ করাও কঠিন,
আবার লেহন করিতে গেলেও জিহবা কাটিয়া
যাইবার আল্কা।

অনেকক্ষণ ভাবিয়া বৃধিয়া সলজ্জ ইলিতে
কানাইল বে গৃহস্থ-বধ্র পক্ষে ইহা কিরপে
সন্তব হইতে পারে ? শুনিয়া বৃদ্ধা মৃত্হাস্য
করিয়া বৃধিয়ার কালে কালে বলিল "এ ঘটনা
কি গ্রামে নৃতন ? রহিমপুরের যুবতীদের
মধ্যে এমন কোন্ স্থান্দরী আছে, যে একদিন
না একদিন বাবুসাহেবের অন্তগ্রহ লাভ করে
নাই ? কিন্তু এ কথা কি প্রকাশ হইয়াছে,?
সেকক্স কিছুমাত্র চিন্তা নাই।"

কিন্ত বৃধিয়ার কিছুতেই ইহাতে সাহস হইল না। বৃদ্ধা পরদিন আবার আসিল এবং বাইবার সময়ে গোপনে বৃধিয়ার হাতে দশটী টাকা দিয়া পেল। বৃধিয়া স্থমতি ও কুমতির দারুণ বৃদ্ধে নিতান্ত বিত্রত হইরা উঠিল।

তিন দিনের আলোচনার পর বৃদ্ধা স্থির বুঝিল বে, ভিপারীকে কোথাও সরাইরা দিতে না পারিলে, বৃধিয়া কিছুতেই সম্মত হইবে না। বাবু সাহেব যথাসময়ে এ সংবাদ পাইয়া উপায় চিস্তা করিতে লাগিলেন।

সপ্তাহ পরে একদিন প্রস্তাতে উঠিনা গ্রামের লোক সভরে দেখিল বে, পুলিশ আসিয়া ভিথারীর গৃহের চারিদিক্ বেরিনা ফেলিরাছে। দেখিরা, সকলেই ভয়ে ভয়ে আসন আসন গৃহে পুন: প্রবেশ করিল।

একটু বেলা হইলে, বোড়ায় চড়িয়া দারোগা সাহেব ঘটনাস্থলে উপস্থিত হইলেন; সঙ্গে বাৰু সাহেব স্বয়ং। দারোগা আসিয়াই সমস্ত 'মাতকার' ব্যক্তিদিগকে ডাকিয়া পাঠাইলেন। সকলে উপস্থিত হইলে, कनत्ष्रेवनापत्र इक्स मिलन "थानाजानात्र क्रक करता।" इहेबन कनरहेवन गृहमरहा প্রবেশ করিয়া ভিথারীকে গ্রেপ্তার করিল। অক্তান্ত সকলে চারিদিক্ অধেষণ করিতে লাগিল। খুঁজিতে খুঁজিতে অবশেষে এক চাউলের হাঁড়ি হইতে একথানি সাড়ী এবং কিছু স্বৰ্ণ ও রৌপ্যের অলঙ্কার বাহির হইল! বাবু সাহেব সংগ্ৰহে অগ্ৰসর হইয়া বলিলেন, এই আমার স্ত্রার সাড়ী ও "এই বটে। অলহার !" দারোগা সাড়ী ও অলম্বার ভিথারীর সম্মূবে আনিয়া বলিলেন "কেয়া রে ইয়ে সাড়ী আউর জেবর কাঁহা মিলা?" ভিথারী বিশ্বরে অভিভূত হইরা পড়েয়াছিল; সে দারোগা সাহেবের প্রশ্নের কোনই উত্তর দিতে পারিল না। দারোগা আবিষ্ণত ফব্যের তাঁলিকার সাক্ষীদের নাম স্বাক্ষর করাইয়া লইয়া ভিখারীকে চালান দিলেন। বিশা^{রে} ছঃবে অপমানে ভিথারী কাঁদিয়া ফেলিল।

বুধিয়া অভ্যালে দীড়াইয়া সম্ভই

পেধিতেছিল। ভিথারীকে কাঁদিতে দেখিয়া তাহার বুকের মধ্যে কেমন করিয়া উঠিল। এই সাড়ী এবং অলঙ্কার বৃদ্ধা পূর্বেরাত্তে বাব্ সাহেবের উপহার বলিয়া গোপনে তাহাকে দিয়া গিয়াছিল। সকল কথা দারোগাকে

বলিলে, হয় ত ভিধারী মুক্তি পাইতে পারে; কিন্তু এ কথা সে কেমন করিয়া লোকের কাছে প্রকাশ করে? মোকদমার বিচারের ভার বাবু সাহেবের এক বন্ধু 'অনারারি ম্যাঞ্ছিটের' উপর পড়িল। বাবু সাহেব বন্ধুর বাড়ী গিয়া ভিথারীকে কিছু কালের অঞ্চ কারাথাসের দণ্ড দিতে অমুরোধ করিয়া আসিলেন। বন্ধুবর অমুমানে ব্যাপারটা ব্যিয়া লাইয়া হাসিতে হাসিতে 'বন্ধুর কথায় সম্মত হইলেন।

যথাদময়ে বিচার আরম্ভ হইল। বিচারক কর্তৃক ব্রুক্তাদিত হইয়া সরলভাবে ভিঝারী বিল্ বিদর্গপ্ত জানে না। হাকিম ব্রিজ্ঞাদা করিলেন "তবে ভোমার উপর এ মিথ্যা মোকক্ষমা হইল কেন ?" ভিথারী বলিল, ধর্মতঃ সে তাহার কিছুই জানে না। হাকিম হাদিয়া উঠিলেন, বলিলেন—"গাধে সাধে লোকে—বিশেষতঃ বারু সাহেবদের মত লোকে তাহার বিক্ত্রে ক্ষার্গে মিথা মোকক্ষমা আনিবে কেন ?

ভিথারীর বিক্লছে চুনির অভিযোগ
আনীত হইরাছিল। অপরাধ সম্পূর্ণ প্রমাণিত
ইইরা গেল। বিচারক ভিথারীর ভিন
মাস কারাদভের বাবস্থা করিলেন। রার
দিরা হাকিম সাহেব বাহিরে আসিয়া হাসিয়া
বন্ধর কানে কানে জিজাসা করিলেন "কেমন,
ভিন মাসে সাধ মিটবে ত ?"

ভিধারী কাঁদিতে কাঁদিতে কারাগৃহে
চলিল। গৃহে ভাহার অরন্ধিতা, নিঃদম্বা,
মুবতী স্ত্রী। কে ভাহাকে দেখিবে ? হতভাগ্য ভিধারী জানিত না, ব্ধিয়াকে দেখিবার
লোকের অভাব ছিল না।

সেই দিনেই গভীর রাত্রে বাবু সাহেবের প্রেরিত লাটিয়ালগণ শিবিকা সহ আসিয়া বুধিয়াকে তাঁহার উদ্যানবাটীতে লইয়া গেল। ভিথারীর জীবনের স্থথের প্রদীপ চিরদিনের মত নিবিয়া গেল!

ভিন মাস পরে ভিথারী বাটী ফিরিয়া দেখিল,—গৃহ নির্জ্জন, অঙ্গন তৃণকণ্টকাকীর্ণ, বৃধিয়া নিরুদিষ্ট। কিছুক্ষণ পরেই সমস্ত ব্যাপার ভিথারীর কর্ণগোচর হইল। গুনিয়া, ভিথারী, অনাহারে, পরিত্যক্ত গৃহে ভগ্ন থাটিয়ার উপর গুইয়া পড়িল।

রাত্রির অন্ধকারে চারিদিক্ পরিব্যাপ্ত হইলে, ডিথারী ধীরে ধীরে শ্যাত্যাগ করিল। ভাহার মন্তকের মধ্যে একটা দারুণ বিপ্লব চলিভেছিল। কোমরে হাত দিয়া দেখিল, কোমরে একটা দেশালাই রহিয়াছে। সহ্দা কি বেন উৎকট আনন্দে ভাহার মুখ্মগুল প্রদীপ্ত হইয়া উঠিল। ধীরে ধীরে কিছু শুক্ষ তৃণ সংগ্রহ করিয়া, ভাহাতে আগুন লাগাইয়া, দে গৃহের চালের মধ্যে শুলিয়া দিল।

দেখিতে দেখিতে বহিংরাশি ছ ছ করিরা
চারিদিকে জ্লিরা উঠিল। গ্রামে একটা
কোলাহল পড়িরা গেল। সেই কোলাহলের
মধ্যে নিঃশম্পে ভিপারী রাজির জ্জকারে অদৃশ্র হইরা গেল।

শ্ৰীৰভীক্ৰ মাহন গুপ্ত

চরিত-চিত্র

পণ্ডিত শিবনাথ শাস্ত্রী ও ত্রাহ্মসমাজ

(শেষাংশ)

মঽৰ্ষি এবং কেশবচন্দ্র শাস্ত্র-গুরু-বর্জিত ধর্মের প্রতিষ্ঠা করিতে যাইয়াও, নিজেদের পূর্ববর্জিত সাধন-সম্পৎ-প্রভাবে, স্মাপনাদের ধর্মতক্ষে বা ধর্মসাধনে শুদ্ধ-সামুভূতি-ও-বুজিবাদ-প্রতিষ্ঠিত ধর্মের সত্য স্বরূপটী ভাল করিয়া ফুটাইয়া তুলিতে পারেন নাই। মংবি এবং কেশবচন্দ্র উভয়েই যুক্তিবাদের উপরে ধর্মস্থাপন অসম্ভব দেখিয়া, পরে নিজেরাই শান্ত্র-প্রণেতার ও ঈশ্বরামুপ্রাণিত অধিকার গ্রহণ করেন। মহর্ষির জীবদ্দায় তাঁর আদি প্রাক্ষদমাল সকল বিষয়েই তাঁর আমুগত্য স্বীকার করিয়া চলিয়াছেন। কেশব-চদ্রের লোকান্তর গমনের পরেও নববিধান-সমাজ তাঁরই বিধান মানিয়া চলিয়াছেন। এই সমাজে গুরুকরণের প্রয়োজন খীরুত না হইলেও, একটা প্রবল পৌরহিত্য প্রতিষ্ঠিত হুইয়া কিষ্ণপরিমাণে সমাজের ধর্মকে ব্যক্তিত্বা-ভিমানী অনধীনতার আতিশব্য হইতে রক্ষা ক্রিবার চেষ্টা হইয়াছে, ইহাও অস্বীকার ক্রা ধার না। আর কেশবচজ্রের শেষ জীবনের भिकात खर्ग এहे मरगद শ্রাহ্মগণ প্রকারের শান্তাহুগত্য এবং সাধুভক্তির অফুশীলন করিয়া তাঁহাদের আক্ষণর্যকে এমন একটা সংখ্য ও প্রকাশীলভার ঘারা পরিপুট

করিয়াছেন, যাহা শিবনাথ বাবুর সাধার ব্ৰাহ্মদমাৰে কচিৎ কোনও কোনও ব্যক্তির मर्सा (नथा श्रात्न) नाथात्र मञ्जानिरगत मरसा দেখা যায় না। একদিকে শিবনাথ বাবুর মধ্যে কোমও প্রকৃতিগত বলবতী আন্তিকা-वृक्षि नाइ। अग्रामिटक नवविधान-प्रभारकद्र 'প্রেরিড-মণ্ডলী'র ও 'শ্রীদরবারে'র মত কোনও পৌরো হত্যের প্রতিষ্ঠাও সাধারণ বান্ধানমাজে হয় নাই। নববিধান-মণ্ডলীর শাস্তামুগত্য সাধৃভক্তিকে সাধারণ ব্রাহ্মসমাজের সভোরা সর্কাদাই স্বল্পবিস্তর ভীতির চক্ষে দেখিরা আসিয়াছেন। এ সমাজের কোনও কোনও আচার্য্য ও প্রচারক 'মৃত সাধুদে'র চরিত্তের অফুশীলনের উপদেশ দিয়া, ধর্ম-कीवरनत्र शक्क निताशक नम्र विद्या, कीविष সাধুদের সঙ্গ করা নিষেধ করিয়াছেন,— এমনও শোনা যায়। স্থতরাং শিবনাপ্স বাবু তাঁর সাধারণ ত্রাহ্মসমাজে যে ধর্ম্মকে গড়িয়া जुनिट एठेश करबन, जाशां वृक्तिवानी धर्म्य निक्यं चक्रभी वड्डा कृषिया উঠियाह, महर्विव জীবদশায় তাঁর আদি ত্রাহ্মসমাঙ্গে, বা কেশ্ব-চল্লের ভারতবর্ষীর ব্রাক্ষদমাবে আজি পর্যান্তও ততটা ফুটিয়া উঠিবার অবসর প্রাপ্ত ব্য নাই।

শিবনাথ ৰাবুর ধর্মাফুরাগ

কিন্তু শিবনার্থ বাবুর মধ্যে কোনও স্বাভাবিকী ও বলবতী আন্তিকা-বৃদ্ধি না থাকিলেও, সর্বাদাই একপ্রকারের ধর্মামুরাগ বিপ্তমান ছিল। আমাদের দেশে মুমুকুত হইতেই ধর্মান্তরাগের উৎপত্তি হয়। শিবনাথ বাবর ধর্মামুরাগ এই জাতীয়কি না, দলেহ। ইহাকে বিলাভী চাঁচের ধর্মান্তরাগ বলিয়াই মনে হয়। ইংরাজিতে ইহাকে Religious Enthusiasm এই ধর্মামুরাগ তুই দিক দিয়া প্রকাশিত হয়। একদিকে ইহাতে ব্যক্তিগত চরিত্রের শুদ্ধতা রক্ষার জন্ম একটা গভীর আগ্রহ থাকে, এবং এই কারণে মিথ্যাকণন, প্রবঞ্চনা, পরন্দ্রব্যুহর্ণ, পরদারগ্রহণ প্রভৃতি তুক্তমা হইতে নিশা্ক্ত থাকিবার বাসনার ও প্রয়াসের ভিতর দিয়া ইহা ফুটিয়া উঠে। অন্তদিকে লোকহিতেচ্চা এবং লোকদেবার চেষ্টাতেও ইহা প্রকাশিত হয়। এই জাতীয় ধর্মানুরাগের সঙ্গে ঈশ্বর-বিশ্বাসের বা ভগ-বছক্ষিব কোন ও অপরিচার্যা সম্বন্ধ নাই। শিব-নাথ বাবুর ধর্মানুরাগ অনেকটা এই জাতীয়। তাঁর ঈশ্বর-বিশ্বাদের ভিত্তি,যে কি. বলা সহজ নয় ৷ প্রকৃতিগত বলবতী আন্তিক্য-বুদ্ধি তাঁর নাই। শিক্ষার প্রভাবে গভীর তত্তা-লোচনার ছারাও যে তিনি তার ঈশর-বিখাস লাভ করিয়াছেন, এমনও বণা যায় না। मह् छङ्ग बाज्य भारेषा, छङ्ग-मञ्जिमकारत्र তাঁর ভগবৎ-ক্ষুর্ত্তি হয় নাই। কার্য্য-কারণ-সম্বন্ধের আলোচনার লৌকিক ভার বে কারণ-ব্রহ্মের প্রতিষ্ঠা করে, কেবল সেই ব্রহ্মের জ্ঞানই কৃতক্টা তাঁর আছে মাত্র। আর ক্বি-প্রক্তভি-সুন্ত ভাবাবেগ হইতে এই

লৌকিক-ন্যায় প্রতিষ্ঠিত কারণ-ব্রহ্মতে দরাদাক্ষিণ্যাদি মহদ্গুণের অধ্যাস হইয়া, শিবনাথ
বাব্র ধর্মে এক প্রকারের ঈশ্বর-করনাও
প্রতিষ্ঠা লাভ করিয়াছে। অন্তদিকে স্বদেশের
এবং সমগ্র মানবজাতির স্থ ও উন্নতি-কামনাপ্রস্ত একটা প্রবল কর্মামুরাগও তাঁর জীবনে
বেশ ফুটিয়া উঠিয়াছে। জগতের সর্ব্বতা, এই
সকল উপকরণেই যুক্তিবাদী ধর্ম বা Rational
Religion গড়িয়া উঠে।

ফলত: যে ব্যক্তিত্বাভিখানী অনধীনতার व्यामार्ट्स बामारमञ्ज तमकारलज्ञ हेरज्ञाकि भिका-প্রাপ্ত যুবকমণ্ডলীর চিত্ত একেবারে মাভিয়া উঠে, ভাহারই উপরে শিবনাথ বাবুর এই ধর্মামুরাগ প্রতিষ্ঠিত হয়। প্রথম যৌবনাবধিই. কতকটা বৈজিক-নিয়মাধানে, আর কতকটা ইংরাজি শিক্ষার প্রভাবে, শিবনাথ বাবুর ভিতরে একটা অদমা অনধীনতার ভাব জাগিয়াছিল। ইহার সঙ্গে যুরোপীয় ঝাঁঝের একটা বলবতী মানবহিতৈষাও মিশিয়াছিল। তাঁর প্রকৃতির ভিতরেই বালাাবধি এমন একটা নি:স্বার্থতা এবং মহাপ্রাণতাও ছিল, ষাহাতে এই মানবহিতৈষাকে বাড়াইয়া তুলে। এই অনধীনভার ও মানবহিতেষার প্রেরণাতেই তিনি ব্রাহ্মসমাজে প্রবেশ করেন বলিয়া মনে হয়। লোকসেবাই তাঁর ধর্মের মূল মন্ত্র অনধীনতার ভাব হইতেই দেশ-প্রচলিত হিন্দু-ধর্ম্মের কর্মাব্ছল অমুষ্ঠানাদি ও প্রাচীন শাস্ত্রগুরুর শাসনকে ভিনি বর্জ্জন मानविहरेज्या इहेर्ज्हे चर्ताम्ब জাতিভেদপ্রথার বিক্তমে সংগ্রাম ঘোষণা करत्रन। युरताशीत्र मामाखारवत्र त्थात्रगात्रहे, খ্বদেশের ও মানবসমাজের হিতকলে ধর্ণের

ও সমাজের সর্বপ্রকারের শাসন হইতে মামুষকে মুক্ত কুরিয়া, ভার মনুষ্ড বস্তকে অবাধে ফুটিয়া উঠিবার সম্পূর্ণ অবসর দিবার জন্ম শিবনাথ বাবুর যে আতাত্ত্তিক আগগ্ৰহ ও উৎসাহ দেখা গিয়াছে, মহর্ষির কিমা **क्लिया प्रताय काहा (मधा यात्र नार्ट)** তথাক্থিত সাম্যুমেন্ত্রীস্বাধীনতার উপরে পরি-বারের ও সমাজের দর্কবিধ সম্বদ্ধকে প্রতিষ্ঠিত করিরা, সমাজের সংস্থার সাধনে এবং রাষ্ট্রীর জীবনে প্রজাম্বত্বের সম্প্রসারণে, এক সময়ে শিবনাথ বাবু ফরাসীবিপ্লবের অধিনায়কগণের भिषा किला। किन्द्र कदानीविश्ववत नामा-মৈত্রীস্বাধীনতার প্রভাব, ভলটেয়ার, রুশো প্রভৃতি ফরাসীস চিন্তানায়কগণের শিক্ষা-দীক্ষার ভিতর দিয়া সাক্ষাৎভাবে শিবনাথ বাব বা তাঁর সহযোগী ব্রাহ্মগণের উপরে আসিয়া পড়ে নাই। ইংলণ্ডের ও আমেরিকার যুক্তি-বাদী খৃষ্টীয়ান সম্প্রদায়ের আচার্যাগণের শিক্ষ!-দীকা হইতেই আমাদের ব্রাহ্মদমাক যুরোপীর 'সামামৈতীস্বাধীনভা'র উদ্দীপনা লাভ करतन। चात्र देशामत मर्था देशास्त्र ফ্রাচ্সেদ নিউম্যান এবং আমেরিকার থিওডোর পার্কারের সক্ষেই ব্রাহ্মসমাজের সর্বাপেকা ঘনিষ্ঠ যোগ স্থাপিত হয়। শিবনাথ বাবুর প্রথম যৌবনকালে পার্কারই ব্রাহ্মসমাজের যুক্তিবাদী যুবকদলের প্রধান শিক্ষাগুরু হইয়া-ছিলেন। কিন্তু বে দার্শনিক ভিত্তির উপরে পার্কারের ধর্ম-সিদ্ধান্তের প্রতিষ্ঠা হয়, তাঁর ভারতবাসী শিষাগণ সে তত্তকে ভাল করিয়া थतियाहित्तम कि नां. मत्त्रहत कथा। भिव-নাথ বাৰু প্ৰভৃতি পাৰ্কারের হুৰ্দ্দনীয় অন-ধীনতা প্রবৃত্তি এবং উদার ওবিশক্ষনীন মানব-

প্রেমের উদ্দীণনাই কতকটা লাভ করেন, কিন্তু পার্কারের ভন্তজান[†]বা ভক্তিভাব লাভ করিয়াছিলেন কি না, বলা সহজ নয়।

ফলত: সাধারণ আক্ষ্দ্মাঞ্চের নেড়পদ্ বুত হইবার পুর্বের্ব শিবনাথ বাবুর ধর্মজীবন অপেক্ষা কর্মোৎসাহই বেশী ফুটিয়া উঠিয়া-ছিল। উপাদনাদি অন্তর্গ ধর্মকর্মে তাঁর যতটা উৎদাহ ও নিষ্ঠা ছিল, সমাজ-সংস্কারে তথন যে তদপেকা অনেক বেশী আগ্ৰহ ছিল. ইহা অস্থীকার করা অসম্ভব। তিনি উপাসনা-প্রার্থনাদি ত্রাহ্মধর্ম্মের অস্তরক সাধনকেও যে লৌকিক ন্থায়ের বিশুদ্ধ ভর্ক-যক্তির ক্রিপাথরে ক্সিতেছিলেন, তাঁর সম্পাদিত "সমদশী"ই ইহার সাক্ষী। কেশব-চক্র ও তাঁক্ল অমুগত প্রচারকগণ যে শিবনাথ বাবুর সে সমূরের ধর্মভাবকে বড় বিশেষ শ্রদার চক্ষে দেখিতেন না, ইহাও জানা কথা। কেশবচন আক্ষমমাজে বৈবাগা সাধন প্রাবর্তিত করিবার প্রয়াসী হইলে, শিবনাথ বাবু তাঁর এ সকল মত ও আদর্শকে লোকচ্পে কডটা হীন করিবার চেষ্টা করেন, তথনকার ''সোম-প্রকাশে' এবং "সমুদশী''তে তার বিলক্ষণ প্রমাণ পাওয়া যায়। আর তথন পর্যান্ত धर्म्मत অञ्जतम ७ मिक्ठी रिक मिक्ठी र শিবনাথ বাবুর নিকট প্রকাশিত হয় নাই, এ সকলে ইহাই প্রমাণ করে। ক্রমে সাধারণ वाकामभाष्ट्रत वाठार्याभाष पृष्ट्रशिष्ठं रूटेल, भिवनाथ वावू 'विदवक' 'देवज्ञानगा'मि मचटक किছू क्रिडू উপদেশ बिट्ड आंत्रस्थ कटत्रन वर्षे, কিন্তু এ সকল কতটা যে তাঁর ভিতরকার সাধনাভিজ্ঞতা হইতে ফুটিয়া উঠিয়াছে, আর কতটা বে ব্রাহ্মসমাব্দের বাছিরের অবস্থার

পরিবর্ত্তনের ফক, ইহাও বলা সহজ নয়।
আর এ সকল সত্ত্বেও শিবনাথ বাবুর জীবনে
ধর্মের অন্তরঙ্গ সাধনের প্রয়াস অপেক্ষা,
বাহিরের সমাজ-সংস্থারাদি সাধনের প্রয়াস
যে সর্বাদাই বলবত্তর হইয়া আছে, ইহা
অস্বীকার করা অসম্ভব।

ফলভ: শিবনাথ বাবুর প্রকৃতির শ্রেষ্ঠতম বল্পঞ্জি তাঁর ব্রাহ্মসমাজের প্রচারকার্যোর ভিতর দিয়া আজি পর্যান্ত ভাল করিয়া ফুটিয়া উঠিবার অবসর পাইয়াছে বলিয়া বোধ হয় না। শিবনাথ বাবু কবি। রসামুভূতি কবি-প্রকৃতির সাধারণ লক্ষণ। রসগ্রাহিতা ও ভোগলিক্সা শিবনাথ বাবুর মধ্যেও প্রচুর পরিমাণে বিভাষান রহিয়াছে। আর এই ছই বস্তুত ভার প্রচারক-জীবনের বন্ধনে পঞ্জিয়া বহুল পরিমাণে সঙ্কুচিত ও বিকৃতিপ্রাপ্ত হইয়াছে। কেশবচন্দ্রে ভারতবর্ষীয় ব্রাহ্ম-সমাজে শিবনাপের চরিত্রের যে দিক্টা ফুটিয়া উঠিতেছিল, সাধারণ ব্রাহ্মসমাজের নেতৃষভার পাইয়া, তাহা ক্রমে শুকাইয়া যাইতে আরম্ভ करत । मजा-मिक्ष नाहे तम ममस्य भिवनार्थ বাবুর চরিত্রের বিশিষ্ট গুণ ছিল। এই সত্য-সন্ধিৎসা যুক্তিবাদের সাধারণ লক্ষণ। প্রাচীন কি নৃতন কোনও প্রকারের বন্ধন যুক্তিবাদ দহ্য করিতে পারে না। যুক্তিবাদ সতোর সন্ধানে যাইয়া ভূগ ভ্রান্তি যাই করুক না কেনু, কথনও লোকামুণতিতার আশ্র গ্রহণ করে না। পায়র্ডিণো ক্রণো প্রভৃতি যুরোপীর যুক্তবা্দিগণ সভ্যের সন্ধানে বা প্রচারে প্রাচীন শাস্ত্র বা প্রচলিত পৌরোহিত্য কোনও কিছুরই মুধাপেকা করেন বলিয়াই, দেখানে যুক্তিবাদ এডটা প্রতিপত্তি ও প্রতিষ্ঠালাভ করিয়াছে। শিবনাথও এক সময় সত্যের সন্ধানে যাইয়া আপনার বিচার-বুদ্ধি ও অস্তঃপ্রকৃতিরই অত্সরণ করিয়া চলিভেন, প্রাচীন সমাজের আহুগত্য পরিহার করিয়। তিনি কিছুতেই তখন নুহন সমাজের প্রচারকমণ্ডলীর বা আচার্য্যের আরুগত্য সীকার করেন নাই। আর এইজ্ঞ নূতন সমাজের কর্ত্তপক্ষীয়দের হাতে শিবনাথকে অশেষপ্রকারের নির্যাতন এবং লাঞ্চনাও ভোগ করিতে হইয়াছিল। এই সময়ে কেশব-চলের প্রচারকরণ শিবনাথের যে সকল তুর্নাম রটনা করিয়াছিলেন, কোনও কোনও ব্রাহ্মমণ্ডলীর মধ্যে আব্দি পর্যান্ত তাঁর স্মৃতি জাগিয়া আছে। এই নিগ্রহ-নির্ব্যাতনে শিবনাথ বাবুর চরিত্রের শক্তি ও সৌরভ যতট। ফুটীয়াছিল, সাধারণ বান্ধসমাজের নেতৃপদে বুত হইয়া তাহা হয় নাই। বরং এই অভিনৰ দায়িতভার ঠাগার আপনার অন্তঃ-প্রকৃতির প্রেরণাকে নানা দিকে চাপিয়া রাখিয়া, তাঁহার মৃণ চরিত্রের সম্যগ্রূপে कृषिश छेत्रिवात विरम्य वार्वाङ समाहेशाह्य।

বোগ, ভক্তি প্রভৃতি ধর্মের অন্তর্ম সাধনের শক্তি ও সর্জাম শিবনাথ বাব্র মধ্যে কথনই বেশী ছিল না; এখনও নাই। ফলাফল বিচার-বিরহিত সভাসদ্ধিংসা, ত্রুশ্মনীয় অনধীন ভা-প্রবৃত্তি, অক্তত্রিম লোক-হিতৈষা এবং প্রগাঢ় অনেশামুরাগ,—এ সকলই শিবনাথ বাব্র প্রকৃতির নিজ্ম সম্পত্তি ছিল। এই সকলের জন্মই তিনি প্রথম জীবনে ব্যক্ষমাজের ও দেশের সাধারণ শিক্ষিত্ত সম্প্রবাধের উদার্মতি ব্যক্ষদেশর উপরে এতটা প্রভাব বিস্তার ক্রিতে পারিয়া-

ছিলেন। ব্রাহ্মসমাজের ধর্মসিদ্ধান্ত ও ধর্মসাধ-নাকে সর্বপ্রকারের অতিপ্রাকৃতত্ব ও অতি-লৌকিকত্ব হুইতে মুক্ত রাখিবার জ্বন্ত শিব-নাথ শাস্ত্রী ও তাঁর সম্পাদিত ''সমদর্শী'' বভটা চেষ্টা করিয়াছিলেন, আর কোণাও সেরূপ চেষ্টা হয় নাই। কেশ্বচন্দ্ৰখন ক্ৰমে একটা কল্লিভ বোগবৈরাগ্যের আদর্শের অনুসরণ করিতে যাইয়া প্রাক্ষধর্মের সরল ও সোজা ভাব-গুলিকে সল্লবিস্তর জাটিল ও ক্লত্রিম করিয়া তুলিতেছেন, তাঁর নৃতন শিকাদীকার প্রভাবে ব্রাক্ষসমাজে যথন সংসার্থর্শ্বে সহজ ভাবঞ্চি একটা ক্লবিম পার্লোকিকভার উৎপাতে মিয়মাণ হইতে আরম্ভ করে, পারিবারিক ও সামাজিক জীবনে ব্রাহ্মদমাজ প্রথমে ব্যক্তিগত স্বাধীনতার প্রসারবৃদ্ধির চেষ্টা कतिराष्ट्रिका. (क्यावाजन यथन (क्वा আপনিই সে আদর্শ হইতে ভ্রষ্ট হইয়া পড়িলেন না, কিন্তু প্রকাশ্রভাবে তাহাকে হীন বলিয়া প্রচার করিতে আরম্ভ করিলেন, তথন শিবনাথই ব্রাহ্মণমাজের সে আদিকার অনধীনতা ধর্মের পুরোহিত ও রক্ষক €ইয়া. তাহাকে প্রাণপণে বঁচাইয়া রাখিতে চেষ্টা করেন। ব্রাহ্মসমাজে অবরোধ-প্রথা তুলিবার চেষ্টায় রক্ষণশীল ও উন্নতিশীল, ব্রাহ্মগণের মধ্যে যখন বিরোধ বাধিয়া উঠিল, তখন শিবনাথই এই উন্নতিশীলদলের অগ্রণী इहेब्राइट्लन। वानाविवाह-निवादन, विधवा-विवाह-প্রচলন, জাভিভেদ-প্রথার **উচ্চে**१ সাধন, এ সকল বিষয়ে শিবনাথই তথন বাংলার সমাজ-সংস্থার-প্রয়াসী যুবকদলের নেতা হইয়া উঠিতেছিলেন। আরু সর্ব্বোপরি किनिहे, त्रांका त्रांभरमाहन त्रांटबब भटत,

বাদ্ধর্মেতে একটা উদার ও প্রবল স্থানপ্রেমেরও সঞ্চার করিতে চেষ্টা করেন।
বাদ্ধসমাজ একরপ প্রথমাবধিই যে সার্ক্রজনীন অনধীনভার আদর্শের অসুসরণ করিয়া
চলিতেছিল, শিবনাথ বাবু যে ভাবে ও যে
পরিমাণে দেই আদর্শটীকে এক সময়ে
ধরিয়াছিলেন, দেবেক্সনাথ কি কেশবচন্দ্র
ইহাদের কেহই ভাহা করেন নাই বা পারেন
নাই।

শিবনাথ বাবুর খদেশহিতৈষা

দেবেক্সনাথ ধর্মাবাধনে এবং কেশবচক্ত পারিবারিক জীবনেই মধাভাবে এই আদর্শকে ফুটাইরা তুলিতে চেষ্টা করেন। কিন্তু শিবনাণ বাবুই স্বৰ্থিপমে ইহাকে রাষ্ট্রীয় জীবনেও প্রভিষ্কি ছবিবার জন্ম লালায়িত হন। এই জ্ঞ শিবৰাণ বাবর ত্রাহ্মধর্ম্মে একটা রাষ্ট্রীয় স্বাধীনতাৰ প্ৰেরণাও জাগিয়া উঠিতে আরম্ভ করে। ঋত্রির বা ক্রমাননের মধ্যে এ বস্ত এভটা পরিক্টভাবে কথনও প্রকাশ পায় নাই। এই জন্মই শিবনাথ কবের প্রথম জীবনে তাঁর ধর্মজীবন ও কর্মজীবনের মধ্যে একটা স্থানর সঙ্গতি ও শক্তি ফুটিয়া উঠিয়াছিল। কেশবচন্দের অলোকিক বাগ্মি প্রতিভার ফলে, कांत्र धर्मकीयान ७ कर्मजीयान, धमन कि তার দৈনন্দিন চালচলনেও একটা নটপভাব-ছিল। এই সুগভ কুত্রিমতা বিভাগান 'নাটকে' ভাবটী শিবনাথ বাবুর মুখ্য এক সময় একেবারেই ছিল না বলিয়া, গভীরতর আধ্যবিষ্ক জীবননাভ না করিয়াও, তিনি অনেক সরল ধর্মপিপাম লোকেরও অকৃতিম अका ভिक्त नां कित्राहितन। (गरवस्तार्थ च्यात्रिष्टे उक्ते हैं উভয়েই **(本中45班**

(aristocrat) हिल्ला। कौरनवाशी धर्म-**ধর্ম্মচ**র্চ্চাও সাধন এবং ইই।দের আভিজাত্য-অভিমান নষ্ট করিতে পারে নাই। কিন্তু শিবনাধ বাবুর কোনও আভিজাভ্যের দাবীও ছিল না; আর তাঁর প্রকৃতির ভিতরেই এক সময়ে একটা ঐকান্তিক নিরহক্ষারের ভাব বিশ্বমান ছিল বলিয়া, তিনি বাংলা সমাজে নানাদিকে বিশেষ খ্যাত্যাপর হইয়া উঠিতে আরম্ভ করিলেও, কথনও কোনও রূপ শ্রেষ্ঠত্বাভিমানে স্ফীত হইয়া উঠেন নাই। আথৌবন ভাঁহাকে ডিমোক্র্যাট (Democrat) রূপেই আমরা দেখিয়া আসিয়াছি। এই ডিমোক্রাাসীর বা গণতরতার আদর্শ ठांशांत्र धर्यकीवानत्र ७ कर्यकीवानत् मकन বিভাগকেও অধিকার করিয়াছিল বলিয়া, যে খদেশপ্রীতি মহর্ষির বা ব্রহ্মানন্দের ধর্মজীবনে প্রকাশিত হয় নাই.—শিবনাথ বাবুর মধ্যে তাহা অতি বিশদরূপেই ফুটিয়া উঠিয়াছিল। ব্ৰহ্মোপদনা-কালে জগতের কলাাণের জন্তুই প্রার্থনা করিতেন। আর এই রীভিটী ভিনি কিয়ৎ পরিমাণে সম্ভবতঃ ইংলভের খৃষ্ঠীর সভেষর (Church of England) উপাদনা পদ্ধতি হইতেই গ্রহণ করিয়াছিলেন। কিন্তু শিবনাথ বাবুই गर्सक्षेथएम श्वरमरमद কল্যাণের ভগবানের নিকটে প্রার্থনা করিবার রীতি ব্রন্ধোপাসনাতে প্রবর্ত্তিত করেন। মংর্ধির আদি ব্রাহ্মসমাজের কিম্বা কেশবচন্দ্রের ভারতব্যীয় বাহ্মসমাজের সঙ্গীত**পু**স্তকে খদেশপ্রেমোদ্দীপক কোন সঙ্গীত কথনও দেখিরাছিলাম বলিয়া मर्ग रह শিবনাথ বাবুই প্রথমে—

ख्य शाम महे भारत। আর্যাদের প্রিয়ভূমি, নাধের ভারতভূমি, অব্যন্ন আছে, অচেত্ৰ হে ৷ একবার দয়া করি, তোল করে ধরি, হুদিশা আঁধার তার কর মোচন। कां को कां ने नत्रनाती, किनट नत्रनवाति, অন্তর্গামি জানিছ সে সব হে: তাই প্রাণ কাঁদে, ক্ষম অপরাধে. অসাড় শরীরে পুন দেও হে চেতন। কত জাতি ছিল হীন, অচেতন পরাধীন. कुभा कदि जानित्व स्मिन रहः দেখি শুভক্ষণে, দেই কুপাগুণে, সাধের ভারতে পুন: আন হে জীবন।--এই খ্রদেশ প্রেমোদীপক গান এম-সঙ্গীতভুক্ত করিয়া দেন।

क्ठिविशां विवारश्त किछूकांग शूर्व भित-নাপ বাবু কলিকাভা বিশ্ববিভালয়ের কভিপন্ন শিক্ষার্থী যুবককে লইয়া একটা নৃতন ক্রিদেল গড়িবার চেষ্টা করেন। এই দল্টীকে ভিনি যে আদর্শে গঠন করিতেছিলেন, তাহার মধ্যে শিবনাথ বাবুর অন্তরের সত্যভাব ও আদর্শ পরিষাররূপে ফুটিয়া উঠিতেছিল। স্বদেশ-প্রীতিই এই দলগঠনের মূল প্রেরণা ছিল। এই স্থদেশপ্রীতির ভিতর দিয়াই, শিবনাথ বাবুর সে সময়ের ধর্মভাব ফুটয়া উঠিতে-ছিল। রাষ্ট্রীর স্বাধীনতা, সামাজিক স্বাধীনতা পারিবারিক স্বাধীনতা -জীবনের সর্ববিভাগে ব্যক্তিঘাভিমানী যুক্তিবাদিধর্মের অনধীনভার আদর্শ টীকে ফুটাইয়া ভোলাই, শিবনাথ বাবুর এই কমিদল গঠনের মূল লক্ষ্য ছিল। কি দেবেন্দ্রনাথের আদিত্রাহ্মসমাজে, কি কেশব-চন্দ্রের ভারতবরীর ব্রাহ্মসনাব্দে, কোণাও

এইরপ সর্বাদীণভাবে এই অনধীনতার আদর্শনীকে ফুটাইয়া তুলিবার চেষ্টা হয় নাই। ফণত: শিবনাথ বাবু ভিন্ন ব্রাক্ষসমাজের আর কোনও লোকপ্রসিদ্ধ চিস্তানায়ক বা কর্মনায়ক ব্রাহ্মধর্মের এই নিজম্ব আদির্শটীকে এমনভাবে ধরিরাছিলেন বলিয়া মনে হয় না। অতএব এক দিক্ দিয়া দেখিতে গেলে, শিবনাথ বাবুর মধ্যে এক সময়ে ব্রাহ্মধর্মের মূল ভাব ও আদর্শ-গুলি ষতটা পরিমাণে আত্মপ্রকাশ করিয়াছিল, মহর্ষি কিম্বা কেশবচন্দ্রের মধ্যে তাহা করে নাই। মহর্ষি এই ধর্মের বীজমাত্র বপন করেন। কেশবচন্দ্র এই বীজকে কতকটা ফুটাইয়া তুলিয়া, স্মাবার আপনার হাতেই তাহাকে চাপিয়া নষ্ট করেন। ৰাব্ই এক সময়ে ইহাকে পরিক্ট ও পরিপক-ভাবে ফুটাইয়া তুলিবার চেষ্টা করেন। ব্রাশ্ধ-नभाष्ट्रत देखिहारम्, देशहे जीत कीवरमत अ কর্মের বিশেষত।

কিন্তু আত্যন্তিকভাবে এই আদর্শ টাকে লোকচরিত্রে ও সমাজ-জীবনে কুটাইরা তুলিতে হইলে, প্রত্যেক ব্যক্তিকে একাস্তরূপে তার নিজের প্রক্তির উপরে ছাড়িরা দিতে হয়। অনধীনতার আদর্শের চরম পরিণতি দার্শনিক রাজকতায়। রুরোপে এই ব্যক্তিভিমানী অনধীনতার বা Individualistic Freedom এর আদর্শ ক্রমে এইরূপে এই দার্শনিক অরাজকতাতে বা Philosphical Anarchismuতে বাইরা পৌছাইরাছে। আপনার বুজির স্ত্রুটী ধরিরা চলিলে, শিবনাথ বাবুকে এবং তার সাধারণ বাজ্বসাজকেও পরিণামে এইধানেই বাইরা উপস্থিত হইতে হইত।

আর ইহারা যে এতটা দূর পর্যান্ত যাইতে পারেন নাই, তাহাতে ইহাদের কাহারই যে একান্ত কল্যাণ হইয়াছে, এমনও বলা যায় না।

কারণ, এ কগতে মানুষ বিশাসভরে, অনন্তচিত্ত হইরা, ফলাফল-বিচার পরিহার-পূর্বাক, বে কোনও সিদ্ধান্ত বা পদ্ধাকে ধরিয়াই চলিতে আরম্ভ করুক না কেন, সেই সিদ্ধান্ত বা সেই পদ্ধাকে আশ্রম করিয়াই, ক্রমে পরমতত্বে ও চরম গতিতে ধাইয়৷ পৌছাইতে পারে। যুক্তিবাদী ধর্মও এইজন্ত, আপনার প্রকৃতির অনুসরণ করিয়া চলিতে পারিলে, পরিণামে বাইয়া পরমবস্ত লাভ করিয়া থাকে। আর সাধ্যনের মধ্যপথের আক্ষিক ও মায়িক ভর্মবিভীকিলার দ্বারা বিক্ষিপ্ত না হইয়া, ব্রাহ্মসমাজ একাস্ত নির্ভির ও নিষ্ঠা সহকারে, নিজের সিদ্ধান্তকে আক্ষিত্রা ধরিতে পারে নাই বলিয়াই, এমন ভাবে নিক্ষণতা লাভ করিতেছে।

সাধারণ ব্রক্ষেসমাজের জ্বারের পুর্বে শিবনাথ বাবু যে বিশ্বস্ততা সহকারে জাপনার নিজস্ব প্রকৃতির অমুসরণ করিয়া চলিতেছেন, এই নৃতন সমাজের নেতৃপদের গুরুতর দায়িত্ব-ভার-গ্রস্ত হইয়া, ক্রমে সে পথ পরিত্যাগ করিয়া গিয়াছেন। জ্বার এই জ্বস্তই, ভয়াবহু পরধর্মের চাপে, আপনার জ্বস্তু: প্রকৃতিকে অম্বণা নিশ্বভিত করিবার চেষ্টা করিয়া, শিবনাথ বাবু নিজের জাবনেরও সম্পূর্ণ সার্থক্তা লাভ করিতে পারেন নাই, জার তার সমাজকেও আল্কচরিতার্থতা লাভে সাহায্য করিতে পারেন নাই।

মহাভারত

আদিপর্ব্ব

জতুগৃহ-দাহ

(মহা ১।১৪৩)

>। হস্তিনাপুরবাসিগণ পাণ্ডুরাজের জ্যেষ্ঠ পুত্র ধর্মময় বৃধিষ্ঠিরকে হস্তিনারাজ্যের যথার্থ অধিকারী জ্ঞানিমা তাঁচাকে রাজ্যে অভিষ্ক্ত করিবার কল্পনা করিল।

২। এই সংবাদ পাইর মন্তামর ত্র্যোধন ভীত হইল, করা ধুতরাষ্ট্র-সমীপে এই বিপদ হইতে পরিত্রাণের নীতিপ্রবোগের প্রাক্রি

(মহা ১'১৪৪)

০। মোহময় ধৃত্রাষ্ট্র তিজনুবলে শোকে
নিমগ্ন হইলোন। মহাময় ত্র্যোধন উগ্র কর্ন.
কিত্র শকুনি এবং ক্রুব তাংশাদনের সহিত
পরামর্শ করিয়া ধৃত্রাষ্ট্রকে কহিলেন, আপনি
কৌশলক্রমে পাগুবগণকে বার্ণাবতে
নির্বাদিত করুন।

ধৃত্যুরাষ্ট্র পাওবগণকে করিলেন,
 ভোমরা পশুপতি মহোৎসব উপলক্ষে বারণা বতে গমন কর।

(মহা ১।১৪৬)

৬। তুর্যোধন অমাত্য পুরোচনকে

সবিনয়ে বলিলেন, তুমি অখতরম্ক রপে শীঘ্র বারণাবতে নিশা, তথায় জতুগৃগ নির্মাণ কর এবং অতি সমাদরে পাওবগণকে তথায় বাদ করাও। যথন পাওবগণ নিঃশঙ্কচিত্ত হইবে, তথন জতুগৃহের দারে অগ্নি প্রধান করিবে।

(মহা ১।১৪৭)

৭। ফাল্পন মাদের অষ্টম দিনে রোহিণী
নক্ষত্রে বারণাবতে যাত্রাকালে বিত্র যুধিষ্টিরকে উপদেশ দিলেন যে,—যিনি শক্রদিগের
অলোহজাত অস্বের বারা আহত হন, তিনি
শল্পনীগৃহের ভাষ ছই দিকে পথবিশিষ্ট বিবর
দ্বারা অগ্নি হইতে নিস্কৃতি পান। অপর,
বিচরণ করিলেই পথ চিনিতে পারিবে এবং
নক্ষত্র দ্বারা দিক্ নির্ণয় করিবে।

৮। পাগুবগণ বারণাবতে উপনীত হইলে, দশদিন পরে পুরোচন তাহাদিগকে "শিব" নামক দেই অশিব গৃহের কথা নিবেদন করিল এবং পাগুবগণ পৃথার সহিত দেই গৃহে প্রবেশ করিলেন।

৯। অনন্তর বিহুরের বন্ধু একজন নিপুণ খনক পাণ্ডবদিগের নিকট উপস্থিত হইল এবং কহিল, আগামী রুঞ্চপক্ষের চতুর্দিশী রাত্তিতে পুরোচন অভুগৃহে অগ্নি প্রদান করিবে। > । ছর্ব্যোধনের পরিধা-বেটিত ছরা-ক্রম্য আয়ুধাগার আশ্রয় করিয়া জতুগৃহ নির্ম্মিত হটয়াছে এবং পুরোচন সর্বাদা ঐ গৃহের ছারে বসিয়া থাকিত।

১১। খনক ঐ গৃহের মধ্যে এক বৃহৎ গর্জ করিল এবং তাহার মুখ কপাট ছারা বন্ধ রাখিল।

(মহা ১/১৪৮)

১২। পাগুৰগণ জতুগৃহে একবংসর কাল বাস করিলে পর, জতুগৃহে অগ্নি প্রাদানের কাল সমুপস্থিত হইল।

যুধিটির লাভূগণকে কহিলেন, আমরা এই আয়ুধাগারে ছয় জন মনুষা রাথিয়া, পুরোচনের সহিত ইহাকে দগ্ধ করিব এবং কাহাকেও না জানাইয়া গুপ্তভাবে পলায়ন করিব।

(মহা ১।১৪৭)

১৩। তথন পৃথা ব্রহ্মণ ও মহিলাগণ
নিমন্ত্রণ করিয়া ভোজন করাইলেন।
ভোজনাত্তে নিমন্ত্রিত সকলেই চলিয়া গেল,
কেবল এক নিধানী পঞ্চপুত্রসহ মন্তপানে মন্ত
হইয়া অতুগৃহে শয়ন রহিল।

১৪। ভীমদেন অত্যে পুরোচনের গৃহে,
পরে শৃত্যুহে অগ্নি প্রদান করিলেন। পুরোচন ও পঞ্চপুত্রসহ নিষাদী অগ্নিতে দগ্ধ হইল।
পূধার সহিত পাশুবগণ স্কৃত্ত্বমধ্যে
প্রবেশ করিয়া বিবর ঘারা নির্গত হইলেন
এবং প্রশায়ন জন্ম বনে চলিতে
লাগিলেন।

(মহা ১।১৪৯)

> । এক বনে তাঁহারা পৃথার সহিত নদীর অংশ মাপিতেছিলেন। এমন সমরে বিছুরের প্রেরিত এক বিচক্ষণ পুরুষ উপস্থিত হইরা, পাণ্ডবগণকে যন্ত্রবিশিষ্ট পতাকা-শোভী এক স্থাগামিনী তরণি দেখাইরা দিলেন এবং পাণ্ডবগণকে ও পৃথাকে কাতর দেখিয়া দকলকে নৌকায় উঠাইয়া স্বয়ং তাহাদিগের সহিত চলিলেন; এবং বাহকগণের ভুজবলে তাঁহাদিগকে গঙ্গা পার করিয়া তীরে উতীর্ণ হইলে. তিনি আশীর্কাদ করিবেন।

(মহা ১/১৫৪)

:৬। পথিমধ্যে এক বটরুক্ষমূলে আর
সকলে নিদ্রিত আছেন, কেবল ভীমদেন
জাগ্রত আছেন। এমত সময়ে হিড়িম্ব রাক্ষস
আসিয়া উপস্থিত হইল। ভীমদেন হিড়িম্বের
বধ সাধন করিলে, হিড়িম্বা রাক্ষসীসহ তাঁহারা
তথা হইতে প্রস্থান করিলেন।

(মহা ১:১৫৫)

১৭। ভীমদেনের ঔরদে হিজিয়ার গর্ভে—
গর্ভধারণ মাত্রেই—ঘটোৎকচ জন্মগ্রহণ করিল;
এবং হিজিয়া ও ঘটোৎকচ উত্তর দিকে
প্রেম্থান করিল।

(মহা ১/১৫৬)

১৮। পাগুবগণ তপন্থীর বেশে বনে বনে গমন করিতে লাগিলেন। একদা মহর্ষি ব্যাসদেব আফিয়া তাঁহাদিগকে একচকা নগরীতে এক ব্যক্ষণের গৃহে রাধিয়া গেলেন্।

(মহা ১/১৬৪) ি

১৯। ভীমসেন বক অঞ্র সংহার পূর্ব্বক তাহার কটিদেশ ভগ্গ করিয়া তাহার ভগ্গ দেহ এক চক্রা নগরীর হারদেশে নিকেপ করিলেম।

জ্যোতিষিক তত্ত্ব ও ইতিহাস।

বৈমানিক অভুগৃহদাহ কাণ্ড বুঝিতে হুইলে, মনে রাথিতে হুইবে যে —

১। পনর শত বর্ষ পূর্ব্ধে যথন বর্ত্তমান পঞ্জিকার প্রকটন হয়, তৎকালে মহাবিষুব ক্রান্তিপাত (Vernal equinoctial point) মেষ রাশির প্রথমে এবং জলবিষুব ক্রান্তি-পাত (autumnal equinoctial point) তুলা রাশির প্রথমে অবস্থিত ছিল; এবং বিষুবতী রেখার (Celestial equator) উত্তরে মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ ও ক্লা এই ছয় রাশি অবস্থিত ছিল! অবশিষ্ট ছয় রাশি বিষুবতী রেখার দক্ষিতে অবস্থিত ছিল।

২। বিদানে যে তিনটা স্বর্গদার আছে (ঝ: (ব: ১০।৬৭।৪) ছয় হাজার বর্ষ পুর্বে তাহার পূর্বে দারটা (মহাবিষুব বিন্দু) মিথুন রাশির প্রথমে ইন্বকা নক্ষত্রের পার্শে অবস্থিত ছিল। এবং পশ্চিম দার—জল বিষুববিন্দু—ধন্মরাশির প্রথমে পঞ্চতারাময় ম্লা নক্ষত্রের পার্শে অবস্থিত ছিল। তংকালে মিথুন, কর্কট, দিংহ, ক্লা, তুলাও রশ্চিক এই ছয় রাশি বিষুবতীরে বাধার উত্তরে ছিল এবং অবশিষ্ঠ ছয় রাশি বিষুবতীর দক্ষিণে অবস্থিত ছিল।

 । তৎকালে আকাশগলার কপিল ধারা মিথুন রাশি ও অর্গের পুর্কদার প্লাবিত করিত; এবং ভাগীরথী ধারা বৃশ্চিক রাশি ও অর্গের পশ্চিম শার প্লাবিত করিত।

৪। তৎকালে বিমানের পশ্চিম খারের দ্র দক্ষিণে আকাশগঙ্গামধ্যে যন্ত্রযুক্ত পতাকা-শোভৌভারা (নৌ মণ্বধান মণ্ডল= Argo Navis) ভাগমান ছিল। মহর্ষি
অগন্তা (Canopus) এই তারানৌকার
কর্ণধার (মাঝি) রূপে এই দিব্য নৌকার
সন্ধিধানে অবস্থিতি করিতেছেন এবং
এই দিব্য নৌকার কর্ণধার বলিয়া
ভারতের নাবিক ঋষি মান্ত নাম উপহার
পাইয়াছেন। (ঋ: বে: ১।১৬৫।১৫।) বথা
এবং ব: ভোম: মক্ত: ইয়ম্ গী: মান্দার্যান্ত

অস্তার্থ:

হে মরুৎগণ ! তোমাদিগের এই শ্রোত ও
গীত মান্ত মান্দান্ত বিরচিত। মান (হাল বা
নৌ-নিগড়ের ভার) যুক্ত বলিয়া মংর্ষির মান্ত
নাম হইয়াছে। যথা—

মানেন সন্মিতঃ ধন্মাৎ তন্মাৎ মাকাঃ ইতি উচাতে।—বৃহৎ সংহিতা।

শিক্রাজ (সোম প্রমান=the Milky way) বস্ত্র পরিধান করিয়া এই দিবা দীপ্তিমন্ত নৌকার উপর আরোহণ করিয়াছেন। যথা—

রাজা দিকুনাম অবশিষ্ট বাদঃ

খতস্য নাবম্ আ অক্হৎ রঞ্জিষা।

খঃ বে: ১৮১।২

বিমানে হিরণ্য-নির্দ্মিত হিরণ্য-বন্ধন নৌক। বিচরণ করিতেছে।

ঐ নৌকার পথ হিরথার এবং উহার

অরিত্র (দাঁড়) হিরথার আছে। যথা→

হিরথায়ী নৌ: অচরং হিরণা বন্ধনা দিবি।

হিরণায়া: পছান: আসন্ অরিত্রাণি হিরণায়া।

(অ: বে: ৫1818-৫)

 ধ। মাহিম তী-পতি কৃতবীর্য্যের বংশধর-গণ ধনলোভে ধনাত্য ভ্গুবংশীর ঋষিগণকে নির্ম্মূল করিতে লাগিলেন। এক ভৃগুপত্নী হিমাচলের গিরিত্রে গর্ভ উরুদেশে গোপন করিয়া পণাইতেছিলেন। ক্ষত্রিয়গণ তাথাকে আক্রমণ করিয়া দেখে, ত্রাহ্মণী আপন তেন্দে জ্বলিতেছেন। শিশু মাতৃ-উরু ভেদ করিয়া বহির্গত হইলে, তাথার তেজে ক্ষত্রিয়গণ অন্ধ হইল। পরে তিনি ক্ষত্রিয়গণের প্রতি প্রসন্ন হইয়া অদ্ধ দূর করিলেন; কিন্তু তাঁহার কোধায়ি ত্রিভ্রন উত্তাপিত করিল। ঔর্ম তাঁহার ক্রোধায়ি বরুণালয়ে নিক্ষেপ করিলেন। দেই অধির নাম বাড়ধানল।

৬। সন্ধাকালে বিমানের পশ্চিম বারে বাড়বাগ্নি প্রজ্ঞানত হয়। অস্তোন্মূপ প্রহণণ অস্তকালে সেই অগ্নিময় বিবরে প্রবেশ করে। এবং স্থমেরুবাসী তারাদর্শকের দৃষ্টিতে গ্রহণণ বছকাল পরে আবার পূর্ব্ব বারে উদিত হয়। বেদে এই পশ্চিমগ্নার্গ্তিত বৈমানিক বিবর প্রবীস ও ধর্ম আদি উশাধি লাভ করিয়াছে। এই বিবর বেদভাষ্যকারগণের 'ভূগর্ত'। বেভ বন্দন অত্রি আদি জ্যোভিক্ষণণ এই অগ্নিময় বিবরে পতিত হইলে, অগ্নিহন্ন তাহা-দিগকে উদ্ধার করেন।

৭। প্রকাণ্ড তারা রশ্চিকের ধড় সমগ্র রশ্চিকবাশি অধিকার করিয়া আছে এবং তারা র্শ্চিকের ফ্রপারুতি বাহু-চতুইয় তুলা রাশির পূর্বে ভাগ অধিকার করিয়া অবস্থিত আছে; এবং তারা র্শ্চিকের পুদ্ধবেশ অর্থাৎ পঞ্চ তারাময় মূলা নক্ষর ধন্ম রাশির পশ্চিম ভাগ অধিকার করিয়া অবস্থিত আছে।

এই স্থদীর্ঘ প্রকাণ্ড তারা বৃশ্চিক ইতিহে চতুর্দপ্ত ''বারণ'' (২ন্তী) নাম এবং ''কমোজ অখ' নাম উপহার পাইয়াছে। শ্রীকৃষ্ণ ভৌগ মঙ্গল নুরক বধ করিরা এই চঃর্দিপ্ত গজ ও কথোজ অর্থ ধারকা (the western door of heaven) নগরে প্রেণ্ণ করিয়াছিলেন (বিষ্ণুপুরাণ ১০০)

বেদবাদে এই চতুদিন্ত গজকে নরক মঙ্গলের বাহন কল্পনা করেন নাই। নরকস্কৃত ভগদত্তকে এই চতুদ্ভ গদ্পের উপরে বদান হইগাছে।

৮। নরক মঙ্গল এই বৃশ্চিক রাশির অধিপতি এবং মূলা নক্ষত্রের অধিপতি।

মঙ্গল গ্রহের ক্রচি বিবিধরপ। মঙ্গলগ্রহ
কথন দীপ্রিছীন প্রায় হয়। কথন বা প্রজ্ঞানিত
অগ্রিসদৃশ জ্যোতি ধারণ করে। দীপ্রিহীন
মঙ্গল গ্রহ বিব্রোচন উপাধি এবং জ্বলস্ত মঙ্গল
পুরোচন উপাধি ধারণ করে।

অঙ্গারক "গ্রহ মঞ্চল (শিব) নাম ধারণ করিলেও, এই মৃত্যুদেব রাক্ষ্মগ্রহ মানবের অফ্লেমর বা অশিবময় এবং ঐ রাজ্দের গৃহ বৃশ্চি চরাশি ও মূলা নক্ষতা মানবের অশিবময়।

আবার মঙ্গল গ্রহ ত্রিগুণময় বলিয়া ত্রিত নাম ধারণ করেন এবং মজলগৃহ বৃশ্চিক রাশি ত্রিত-দেব হইতে ত্রৈতন নাম উপাধি পাইয়াছেন। এই ত্রৈতন বেদে (ঝঃবেঃ) ত্রৈতন দক্ষা নামে খ্যাত হইয়াছে; এবং বেদ মতে (ঝঃবেঃ) ত্রিত দেব মদকর সোম পান করেন বলিয়া, পুরাণে ত্রতন দক্ষারাজ্ঞ মন্ত্রণায়ী মেক্ষ বলিয়া বর্ণিত আছে। এই ম্তুপায়ী দক্ষাবনিতা পঞ্চ্যায়াময় মূলানক্ষ পুরাণে মত্তপায়ী নিষাদী বলিয়া বর্ণিত হয় এবং নিষাদী পঞ্চ তারাজ্মক পঞ্চপ্ত্রবতী বলিয়া বর্ণিত হয় এবং এই মত্তপায়ী দক্ষার

রাজ্য পুরাণের মদ্রভূমি। (কর্ণপর্ব ৪০।৪৪ অধ্যায় দেখ)

৯। ভারারুশিচক শোঘধারায় সমাপ্ল,ত আছে। ভারা বুশ্চিকের উদ্বে ও উত্তরে লোমধারা মধ্যে বাণমগুলে (Sagatta, a constellation) তারা তর বিভামান আছে। ঐ তারাশা আদি হটতে দোম-ধারা শরস্তবা নাম উপহার পাইয়াছে। এই শরস্তম্ভ হৃদংবৃত খেত পর্বতে কুমার (परवत अन्म इष विषया कृषांत्ररमव भावस्त्रा উপাধি গ্রহণ করিয়াছেন; এবং এই শরস্তম্ভ ভগ্ন করিয়া হলুমান রাগণের মৃত্যুবাণ হরণ করিয়াছিলেন। এই শর ওস্ত *5*इंट्र বৃশ্চি করাশিস্থ সোমধারা তুর্যোধনের অস্ত্রাগার বলিখা পরিকল্পিত হইয়াছে।

১০। ছয় হাজার বর্ষ পূর্বের স্থ্যেক বাসা তারাদর্শক আরও দেখিতেন যে, বিমানের অগ্নিমর পশ্চিম দ্বারে স্থ্যাদি গ্রহণণ প্রেশ করিলে, স্থাদেব ছয় মাস পরে পূর্বিদ্বারে তাঁহার একচক রথে প্নরাগত হইতেন। এই একচক রথ হ্ইতে বিমানের প্রেলার-সন্নিহিত প্রেদশ "একচকা নগরী" নাম গ্রহণ করিয়াছে। মিখুন রাশির প্রথমে ইন্বক নক্ষত্রের পার্শ্বে এই একচকা নগরী রাশিচকে প্রতিষ্ঠিত ছিল।

উপপত্তি •

বিমানের পশিচম হারে মৃলানক্তে প্রোচন অধিষ্ঠিত আছেন। মানিয়া লইলাম যে, জতুগৃহ দাহ প্রেক্ত ঘটনা। জতুগৃহমধ্যে নিপুণ থনক বদিয়া গঙ্গার ধার পর্যান্ত গর্ত্ত খনন করিতেছেন পুনোচন দ্বারদেশে সতত উপনিষ্ঠ থাকিয়াও কিছুই জ্ঞানিতে পারিতেছেন না। এই গল্পের রচয়িতার বৃদ্ধিকৌশলকে অথবা ইতিবৃত্তবাদীর বিখাদণ্যভীরতাকে বাহাত্রী দিতে হয়; তাহা নির্দির আমরা নিতান্ত অঞ্চম হইলাম।

তবে এই উপলক্ষে শৃষ্ঠর-জামাতা-সংবাদের" মূল প্রশ্নটী আপনা হইতে আদিয়াই মনে পড়ে। ''এই প্রকাণ্ড গর্ত্ত খুঁড়ি'ত যে মাটি উঠিল, দে মাটি কি হইল ?''

দি গ্রীয় কথা এই যে, যুধিষ্ঠিঃ মতলব বাহির করিলেন যে, "আয়ুণাগারে ছয় জন মহুষ্য রাথিয়া পুরোচনের সহিত ইহাকে দয় করিব" এবং কাগ্যতঃ তাহাই করা হইল। যুধিষ্ঠিরের মতলবে নিরীহ পঞ্চ ক্যার সহ নিষাদপত্নীকে দয় করা হইল। ১বাকব্যে পঠিত হয়—"য়ুধিষ্ঠিরো ধর্মময়ো মহাজ্যনঃ" ইতিবৃত্ত বাদীর কাণে শুনিতে বেশ স্থামিষ্ট শুনায়। নয় কি?

ত্রতিহিক রহস্তে দেবচরিত্রে পাপ স্পর্ণ হয় না। এইজ্য়য়ই শ্লুক বা বালিবধে, সীতার বনবাসে বা পক্ষণবর্জনে নিম্বলঙ্ক শীরামচরিত্রে পাপস্পর্শ হয় নাই। এইজয়য়ই গুরুপত্নী অহল্যার (হলচাগন-নিষেধক অমা চক্র) হরণে দেবরাজ শতক্রতুর চরিত্রে পাপ স্পর্শ হয় নাই। এইজয়ৢই সরস্থতী হরণে বিধাতার বিমল চরিত্রে কলঙ্ক লগ্ন হয় নাই। এইজয়ৢই তুলসী হরণে পরমদেব শীরুক্ষের চরিত্রে পাপ স্পর্শ ঘটে নাই; এবং পঞ্চকুমার সহ নারী হত্যায় য়ু৸য়্টিরের চরিত্রে পাপস্পর্শ হয় নাই

কারণ এ সব ভোজবাজী বৈ ত নয়। স্থতরাং ঐতিহিক রহস্তে ধর্ম্মরাজ পঞ্চুমার হত্যা হইলে, এই মাত্র বৃঝিতে হইবে যে, সন্ধ্যা-কালীন বাড়বাগ্নিতে পঞ্চ তারকাসহ মূলা নক্ষত্র দক্ষ হইয়া থাকে। সেও ছায়া বাজী। বাড়বাগ্নিতে (Zodiacal Light) দহনশীলতার লেশমাত্র নাই থালি কবি-কল্পনা মাত্র।

এখন অভুগৃহদাহ আর একটু পড়িলেই ঐতিহাসিকের রচনা-চাতুর্ঘ হৃদ্বোধ হইবে।

বিশাখা হইতে মূলা পৃথ্যস্ত বারণাবত
নগর বিস্তৃত। নগর সমীপে পশুপতি রুদ্র
দৈবত স্থাতি নক্ষত্র বিরাজমান রহিয়াছে;
এবং বারণাবতে শরস্তম্ভ সোমধারা স্থরা
রূপে সভত বিরাজমান রহিয়াছে। এই
সায়ধাগার আশ্রম করিয়া জতুগৃহ রচিত
হইল।

নিপুণ থনক বিশ্বকর্মা বিমানের পশ্চিম ভারে বিবর থনন করিয়া রাথিয়াছেন। গ্রহণণ সন্ধ্যাকাণে ।বাড়বালি প্রজ্লিড হুইলে, সেই বিবরে জ্বন্ত গমন করেন।

সেই বিবরে প্রবেশ করিলে, গ্রহণণ দেখেন যে, সম্মুখে মহিদ অগন্তা তারা নৌ স্মজ্জিত করিয়া রাথিয়াছেন। গ্রহণণ নৌকাযোগে আকাশগঙ্গা পার হইলেন। বৈমানিক বনে বনে ত্রমণ করিতে করিতে গ্রহণণ বৈমানিক পূর্বহারে উদিত হইলেন। সম্মুখে একচক্রা নগরী এবং তারা-বক্ষাকাশগঙ্গায় বিহার করিতেছেন। উদয়কালে উদস্ত হম কাল হরণ করেন, স্মৃতরাং একচক্রা নগরীতে পঞ্চ পাপ্তবের কিছুদিনের জ্বন্ত বসবাস কলিত হইল এবং বর্জিত ইন্-বক নক্ষত্র বক্ষ অস্থর নামেনিহত ও প্রহারে ভ্রমকটি ভাবে নিক্ষিপ্ত হইল। সত্য মিধ্যা তারাচিত্র বা আকাশ দেখিলেই মালুম হইবে।

তারাদর্শক।

নারী-ধর্ম

সূচনা

আৰু কাল নর-নারীর অধিকার লইয়া
নাগতে নানা আন্দোলনের স্ত্রপাত হইয়াছে।
কিন্তু যে অধিকার প্রকৃতিগত বিশেষত্বের
উপর প্রতিষ্ঠিত, তর্ক করিয়া, রাগ করিয়া,
আন্দোলন করিয়া, সে অধিকারের পরিবর্তুন অসম্ভব। সেই জন্ম প্রকৃতিগত
বৈষম্যের উপর প্রতিষ্ঠিত হিন্দু-আদর্শ
অমুসারেই আমরা নারী-জীবনের কর্ত্ব্য
নির্ণিয়ে প্রবৃত্ত হুইব।

কর্ত্তবোর কথা উঠিলেই জীবনের চরম লক্ষ্যের কথা মনে: করিতে হয়। কারণ, আদর্শের প্রতি লক্ষ্য রাথিরাই জীবনের কর্ত্তবা নির্দ্ধারিত হয়। সেইজন্ম নারী-জীবনের লক্ষ্য ও আদর্শের আলোচনার প্রয়োজন।

হিন্দ্-জীবনের চরম লক্ষ্য আব্যক্তান ও ভগবৎ প্রাপ্তি। জন্ম-সন্মান্তরের কদভাগের ফলে মান্ত্রের আভাবিক প্রবণতা অধর্মের দিকে। স্থতরাং চিত্তর্ভিকে ঈশ্বরমুখী করি গর
চেষ্টার পূর্বে তাহাকে সর্ব্বাত্রে অধর্মের
আকর্ষণ হইতে ফিরাইয়া আনার প্রয়োজন।
ভাই ভগবৎপ্রাপ্তি-সাধনার প্রথম সোপান
সংঘ্যের সাধনা এবং তাহার পরে প্রীতির
সাধনা, ভক্তির সাধনা, ত্যাগের সাধনা।
ইহাই হিন্দুর বিখ্যাত আশ্রমধর্ম — ব্রহ্মচর্য্য,
গার্হন্তা, বাণপ্রস্থ এবং সন্ন্যাস।

কুত্র নির্মারির বিমলধারা যথন জীবনের প্রভাতে আপনার কুত্র শিলাগৃহ ছাড়িয়া সংগার-পথে প্রথম বাহির হয়, তথন ভাহাকে নিয়ন্ত্রিত করিবার জন্ম অধিক আয়োজনের প্রয়োজন হয় না। কিন্তু যথন চতুর্দিকের বারিধারা শোষণ করিয়া ভাহার আবিল জলোচ্ছ্বাস যৌবনের মত্তভায় গভীর গর্জনে হয়ার করিয়া উঠে, তথন ভাহার সেই হুর্কার গভিবেগকে সংযত করার জন্ম নানা কৌশলের প্রয়োজন হয়।

কীবনের অরণালোকে যখন সকলই স্লিগ্ন,
সকলই মধুর, যখন প্রবৃতির ক্ষীণ কুশাক্র কণ্টকের মত কঠিন হইয়া উঠে নাই,
যখন ছর্দমনীয় বাসনার ধুসর ধূলিঝঞ্চা
কীবনকে অন্ধকার করিয়া ফেলে নাই, যখন
কানের স্থ্য ভোগলিপ্সার ঘন কুত্মাটিকায় আছেল হইয়া যায় নাই, তখন
সাধনার পথে অগ্রসর হইবার পক্ষে নিজের
শক্তিই যথেষ্ট, অক্রর উপদেশ ও আদেশই
উদ্দেশ্য-সিদ্ধির জন্ম প্রচুর।

কিন্ত যথন প্রভাতের স্থ্য মধ্য গগনে উঠিয়া অগ্নিবৃষ্টি করিতে থাকে, ধ্সর ঝঞ্চার প্রবিশ প্রভাবে জল স্থল কাঁপিয়া উঠে, বাসনার মেম্ব-গর্জনে জ্বমাকাশ মৃত্যুতিঃ

নিনাদিত হয়, তথন মার কেবল নিজের সামর্থ্যে নির্ভর করা যায় না। পদে পদে পদস্থাশনের আশঙ্কা ঘটে। তথন জীবন-পথে অবিচলিত থাকিবার জন্তু, সঙ্গীর প্রয়োজন হয়। এই উদ্দেশ্য সাধনের জন্তু বিবাহ। পরস্পারকে কর্ত্বর পালনে সাহায্য করিবার জন্তু নর-নারীর এই পুণ্য মিলন। তাই কৈশোরের ব্রস্কচর্য্যের পরে যৌবনের গার্হস্থা-আশ্রমের আরম্ভ।

"তথা নিত্যং যতেয়াতাং স্ত্রীপুংসৌ তু ক্বতক্রিয়ো যথা নাভিচরেতাং তৌ বিযুক্তা বিতরেতরম্।"

—মমু।

বিবাহিত স্ত্রীপুরুষ সর্বাদা এমত যত্ন করিবে,
যাহাতে ধর্মার্থকাম বিষয়ে পরস্পারের ব্যক্তিচার, না হয়। ভগবান্ নর-নারীর প্রকৃতি
এমন করিয়া স্পষ্ট করিয়াছেন ধাহাতে একের
অভাব অভ্যের ছারা সম্যক্ পরিপূর্ণ হইতে
পারে এবং পরস্পারের সাহায্যে পরস্পারে
সহজে পূর্ণ মনুষ্য বাভের অধিকারী হইতে
পারে।

যাহারা নরনারীকে সমপ্রকৃতি ও সমশক্তিসম্পন্ন বিবেচনা করিয়া, উভরকে প্রতিছন্দিরূপে জীবনের সমরক্ষেত্রে অবতীর্ণ
দেখিতে চাহেন, তাঁহারা প্রাকৃতির বিশক্ষে
যুদ্ধ ঘোষণা করিয়া, ভগবানের গুভ উদ্দেশ্র
এবং স্থলর ব্যবস্থাকে ব্যর্থ করিয়া দিতে
চান।

স্তরাং পুরুষজাতিকে ধর্মগাভে সাহায্য করিবার জন্ম প্রস্তুত হওয়াই ,নারীজীবনের প্রধান লক্ষ্য হওয়া কর্ম্বতা। ''ধর্মার্থে ক্রিয়তে ভার্য্যা ধর্মার্থে ক্রিয়তে স্থতঃ। ধর্মার্থে ক্রিয়তে গেহং

ধ্র্মার্থে ক্রিয়তে ধনম্॥"
—বৃহদ্ধর্মপুরাণ।

ধর্মের জভাই ভার্যা, ধর্মের জভাই পুতা, ধ্র্মের জভাই পুহ এবং ধ্রের জভাই ধন।

হিন্দুশাস্ত্রকার গার্হস্তা-আশ্রমে রমণীর
জন্ম যে সকল কর্ত্তবের নির্দেশ করিয়াছেন,
একটু বিবেচনা করিয়া দেখিলেই বুঝা ঘাইবে,
পুরুষকে ধর্মপথে অগ্রসর করিয়া দিবার জন্ম
জীলোকের পক্ষে তদ্ধিক কর্তব্য পালনের
আবশ্যক্তা নাই।

হিন্দুশাস্ত্রমতে রমণী গাহ'য়া-আশ্রমের প্রাণহক্কপ।

''ধপা রথ*চ রথিনাং গৃহিণাঞ্চ তথা গৃহম্। সারথিস্ত যথা তেষাং গৃহস্থানাং তথা প্রিয়া॥''

— একবৈবর্ত্ত পুরাণ।
রগীঃ যেনন রগ, গৃহার তেমনি গৃহ, এবং
রথের যেনন সারথি, গৃহত্তর তেমনি স্ত্রী।
"উৎপাদনমণ হাস্ত জাভস্ত পরিপালনম্।
প্রত্যহং লোক্ষাঞারাঃ প্রত্যক্ষং স্ত্রীনিবন্ধনম্॥"
সস্তানের উৎপাদন, জাভ সস্তানের পরিপালন, এবং প্রতিধিনের জীবন্যাঞার মূলে
প্রত্যক্ষ ভাবে রমণী। রমণী ফেবল সহধ্যিণী
রূপে নহেন, জ্বনীক্রপে ও গৃহিণীক্রপে
মাক্ষকে 'মাকুষ' করিয়া তুলিবার জন্ত
অবতীর্ণা।

"প্ৰজনাৰ্থং মহাভাগাঃ পূজাহ : গৃহদীপ্ৰয়:। বিষয় শ্ৰিমণ্ড গেহেমুন বিশেষোহতি কণ্ডন।"

্ সন্তান-জননী বলিয়া জীলোক প্রম-কল্যাণ-

-- 지장 1

ভাজন; তাঁহারা গৃহের দীপ্তিম্বরূপা ও পূজনীয়া; তাঁহারাই গৃহের শক্ষী। শক্ষীতে ও রম[্]তে কোন প্রভেদ নাই।

সামীর উপর স্ত্রীর ও সম্ভানের উপর
মাতার অসীম প্রভাবের কথা সর্ব্বজনবিদিত। গর্ভাবস্থার পর্যান্ত জননীর মনোভাব
সন্তানের চরিত্রের উপর প্রভাব বিস্তার করে,
এরূপ দৃষ্টাস্তেরও অভাব নাই। হিন্দুসংসারে
স্বামী পুত্র ভিন্ন আরেও অনেকের স্থান আছে।
তাহাদেরও স্থ্য স্বাচ্ছন্দা, উন্নতি-অবনতি
হল্ল পরিমাণে গৃহিণীর উপর নির্ভর
করে।

স্তরাং সহধ্যিণীরপে সামীর, জননীরপে সন্তানের, এং গৃহিণীরূপে সমস্ত পরিজনের কল্যাণ্রিধানের ভার রুমণীর উপর।

অংশ্বার সঙ্গে শরীরের দৃঢ় দম্বর ।

"শরীরমাদ্যং থলু ধর্মগাধনম্ ।'' আত্মার উন্নতির জন্ম শ্রীরের স্বাস্থ্য এবং হনের উদারতা কোন ক্রমেই উণ্ণেশ্নীয় নহে। স্থতরাং সমস্ত পরিবারের **হ**ংথ কট দুর করিয়া, বাাধি ও ছশ্চিন্তা হইতে ভাগ দিগকে রক্ষা করিয়া, শান্তি ও পবিএভার মধ্যে দকলকে "মাত্র্য' করিয়া তোলাই রুমণীর কাজ। গৃহের অসাস্তাকর আবর্জনারা^{শে} एक्ट्र पृत कतिया, 'পুঞ্চ আয়োজনকে' শোভায় ও দৌকর্য্যে মনোহর করিয়া তোলা; জীবন-১ংগ্রামের বিকট ভীষণভাকে মেং ও প্রীতির জ্যোৎস্লাপারে সহনীয় করিয় তোলা; পথভাস্ত হতভ!গ্যের পথভ্য দুর করিয়া, স্বেহভরে ভাহাকে স্থপথে পৌছাইয়া কল্যাণ্ময়ী রমণীর জীবন-ব্ৰু দেওয়া ক্বিরুর র্বীক্সনাথ নানা ভাবে রুম্ণীর ^{এই}

কল্যাণমন্ত্রী মৃত্তি দেখিলা শ্রন্ধাভরে গাহিলাছেন।

''দাঙ্গ হ'য়েছে রণ

অনেক যুঝিয়া অনেক খুঁজিয়া

(শ्र र'ण चार्याकन।

ভূমি এস এস নারি,

আন তব হেম ঝারি,

ধুরে মুছে দাও ধূলির চিহ্ন-

ব্যোড়া দিয়ে দাও ভগ্ন ছিল্ল—

স্থ্য কর—সার্থক কর

পুঞ্জিত আয়োজন।

এস স্থলরি নারি— শিরে ল'দ্নে হেম ঝারি হাটে আর নাই কেহ

শেষ ক'রে থেলা ছেড়ে এফুমেলা

গ্রামে গড়িলাম গেহ;

তুমি এদ এদ নারি

আন:গো তীর্থবারি

শ্বিশ্ব হদিত বদন-ইন্দু—

সিঁপায় আঁকিয়া সিন্দুর-বিন্দু—

মঙ্গল কর—সার্থক কর

শৃষ্ঠ এ মোর গেহ।

এস কল্যাণি নারি
বহিন্না ভীর্থবারি
বেলা কভ যার ব'হে—

কেহলাহি চাহে খর রবিন্দাহে

भव्रवामी भविदकद्य।

তুমি এগ এগ নারি

আন তব স্থাবারি

বাজাও ভোমার নিক্লক

শতচাঁদে গড়া শোভন শহা বরণ করিয়া সার্থক কর

পরবাসী পথিকেরে।

व्याननगरी नात्रि

আন তব স্থা-বারি

স্রোতে যে ভাগিল ভেলা;

এবারের মত দিন হ'ল গত

थन विमारप्रत (वना।

তুমি এস এস নারি

আন গো অশ্রধারি

তোমার সজল কাতর দৃষ্টি

পথে ক'রে দিক্ করণা বৃষ্টি

ব্যাকুল বাহুর পরশে ধর

হোক বিদায়ের বেলা।

অয়ি বিধাদিনি নারি

আন গো অশ্রবারি

আঁধার নিশীথ রাতি;

গৃহ নিৰ্জ্জন

শৃত্য শহন

জ্বলিছে পূজার বাতি।

তুমি এস এস নারি

আন তর্পণবারি

অবারিত করি ব্যথি**ত বক্ষ**

. থোল জ্বয়ের গোপন কক

এলো কেশগাশে শুভ্ৰবসনে জ্বালাও পূকার বাতি।

এস ভাপসিনি নারি,

আন তর্পণবারি।

স্কবি নবীনচন্দ্ৰ রমণীর কর্ত্তব্য সম্বন্ধে আদঃ রমণী 'স্কুভদ্রা'র মুখ দিয়া বলাইয়াছেন—

"ততোধিক রমণীর আছে কিবা হুধ রোগে শান্তি চংখে দয়া শোকেতে সাম্বনাছায়া मिनि এই ধরাতলে রমণীর বুক, ততোধিক রমণীর আছে কি বা হথ। যেমতি অনল জল স্থিলেন নারায়ণ স্থাজ সেইরূপ দিনি ৷ রোগ শোক তুথ স্জিলা অনম্ভ প্রেমপূর্ণ নারীবুক। আনুহে আর কিবা স্থুখ হায় ! এইরুপে যদি ঢালিয়া অমৃত মৃতে শান্তি যন্ত্ৰণায় রমণী-জীবনগঙ্গা বহিয়ানা যায় !" এই কল্যাণময় রমণীঞীবনকে (১) কুমারী (২) সহধর্মিণী (৩) জননী ও (৪) গৃহিণী এই চারিভাগে বিভক্ত কৃতিয়া আমরা রুমণী-জীবনের এই বিপুল কর্ত্তব্যরাশির বিস্তারিত আলোচনা করিতে চেষ্টা করিব।

একজন প্রাসিদ্ধ ইংরাজলেথক লিখিয়া-ছেন – The condition of its women is the truest test of a people's civilization. Her status is her country's barometer. কোন জাতির জীলোকের অবস্থা সে জাতির সভ্যতার প্রেক্ট পরিচয়। দেশের জীলোকের অবস্থা দেশের বায়ুমান ৰয়ের মত।

এ কথা সম্পূর্ণ সত্য। দেশের জীঞ্চাতি উন্নত নাহইলে, দেশের উন্নতি সম্ভব হয় না। কারণ, স্ত্রীলোকই জননীরূপে, সহধর্মিণীরূপে, অভিভাবিকারূপে বহুলপরিমাণে পুরুষের চরিত্রকে গঠিত করিয়া তুলে। মহৎ-চরিত্রের মহত্বের বীজ তাঁহার জননীর চরিত্রে নিহিত, এ কথা সর্ব্বাদিসম্মত।

যথন কুন্তীর মত পরত্থকাতরা, গান্ধারীর
মত ধর্মপরায়ণা, সীতার মত পতিব্রতা,
স্থভদার মত জননী, বিহুলার মত তেজামিনী,
জনার মত স্বদেশপ্রিয়া, মৈত্রেমীর মত ব্রহ্মবাদিনী বিশ্বমান ছিলেন, তথনই যুধিষ্ঠিরের
মত ধর্মপ্রাপের, অর্জ্জুনের মত বীরের, রামচল্রের মত কর্ত্ব্যনিষ্ঠের, অভিমন্তার মত
স্থপ্রের, প্রবীরের মত তেজন্মীর, বশিষ্ঠযাজ্ঞবন্ধার মত জানীর, কর্ণের মত দাতার,
ভীল্মের মত ভ্যাগশীলের, গ্রুবের মত ভক্তের
উদ্ভব সন্থব ইইয়াছিল। *

মার্জাতি যেদিন হইতে কর্ত্তব্যন্ত ।

সন্তানের ও সেদিন হইতে অবন্তি। আবার

যদি আতীয় উন্নতি দাধন প্রার্থনীয় মনে হয়,
তাহা হইলে সর্কাগ্রে রমণীজাতিকে কর্তব্যপরায়ণ ও সমূলত করিয়া তুলিতে হইবে।
রমণীজাতির উন্নতি না হইলে, দেশের উন্নতি
কোন মতেই সন্তব হইবে না। (ক্রমশ)

শীযতীক্রমোহন

তাই, না ভীমাদির মত পুরুষ জায়িতেম বলিয়াই
 এই সকল মহিলার উদ্ভব হইয়াছিল ?—ব: স:

বিষরক্ষ

(मरवन्त्र पछ ७ रहमवडी

স্বৰ্গ নিরবচিছ্ন স্থাসৌন্দর্য্য ও পবিত্রভার আধার; নরক নিরবচ্ছিন্ন কদর্যাতার স্থান। উভয়ের মিশ্রণ বিষরুকে সংসারের যে চিত্র অঙ্কিত হইয়াছে, ভাহার স্বগীয় ভাগ আমরা দেখিলাম। ভাহার নারকীয় ভাগও শিক্ষার জ্বন্ত; স্বর্গীয় ভাগের সম্পূর্ণ সৌন্দর্য্য অনুভব করিবার জন্ম, দেখা কর্ত্তবা। দেবেল্র দত্ত এ ভাগের প্রধান চিত্র, এককালে সৌন্দর্যাবিহীন নছে, আসুল ঘুণাई ও নহে; গুণ থাকিয়াও, ভালবাদিবার কিনিষ থাকিয়াও, সংযমশিক্ষার অভাবে, আত্মশাসন-শক্তির অভাবে, ধর্মশিক্ষার অভাবে, নরকের সংস্ট হইয়া, মাতুষ কিরূপ দয়ার পাত হয়, তাহারই দৃষ্টান্ত। দেবেক্রের জীবনে ছর্বিষহ হু:থের কারণ বিস্তমান ছিল ; কিন্তু সে হু:খ নিমর্জিত করিবার চেষ্টায়, তাহা ভুলিবার চেষ্টার, তিনি ভ্রমের পথে পদার্পণ করিষা ফলে শান্তির অনুসন্ধানে জালা, রোগ, ভোগ, গৌরবহীনভা, একরপে আত্ম-হত্যা। স্থ নিবৃত্তিমূলক, প্রবৃত্তিমূলক নছে-দেবেল দত্ত তাঁহার নিজ জীবনে তাহাই প্রমাণিত ক্রিয়াছেন। উচ্ছ্ভালতা কেবল সমাজের হাঁথের বিশ্বকর নহে, নিজের হাথেরও বিনাশ সাধন করে। তাঁহার বারা তাহাই প্রদর্শিত হইরাছে। তাঁহার দৃষ্টান্ত যুবকের পক্ষে বিশেষ শিক্ষাস্থল, অপরিহার্য্য কর্মফল

দেখিষা সভক ইইবার জ্ঞা এ চরিত্তের আলোচনা আমরা প্রদক্ষক্রমে অনুস্থলেও করিয়াছি, স্বতরাং লিপিবাহুল্য নিপ্রবাধন। দেনেক্রের মাতৃলপুত্র স্থবৃদ্ধি, স্ক্চরিত্র, শীতল-খভাব স্থরেন্দ্রনাথ, দেবেন্দ্রের আন্তরিক বিরক্ত হইয়াও,দেবেক্রের মঙ্গলকামনা পরিত্যাগ করেন নাই, দেবেক্সকে দ্বণিতবৎ বর্জন করিয়া দহনমুভার অভাব দেখান নাই। করিয়া, পাঠকেরও এ চরিত্রের মালোচনা সেইরূপই হইবে. মনে করি। অর্থাৎ দেবেক্রের কার্যা দ্বণিত ও বিরক্তিকর হইলেও, পাঠক তাঁহার জীবন হইতে শিক্ষা-লাভ করিয়া, তাঁহার জীবনের পথ পরিছার করিতে কুতসম্বল হট্যা, স্থরেন্দ্রনাথের ভাষ অবিকৃত থাকিয়া, এরূপ চরিত্র বে দয়ার পাত্র, তাহা অনুভূত করিবেন, কবির ইহাই উদ্দেশ্র কবি তাঁহার धात्रगा । তাঁহার হৈমবতী-চিত্রের চিত্ৰ উপায় বা কৌশলস্বরূপে প্রক্রণের ব্যবহার করিয়াছেন। হৈমবতীই **দেবেন্দ্র** দত্তের চরিত্রচ্যুতির মূল কারণ এবং উভয়ের দেখাইবার বলিতে হয় নাই। অধিক কথা দৌল্যোর রেথাপাত করিয়া ভাহার উপর মদী নিক্ষিপ্ত করিলে ষেমন সম্ভাবিত স্থন্দর চিত্রের সে বহিরক্ষন বিনষ্ট হয়, এবং সে মূলরেথার ধবংদাবশেষ ঐ মদীরাশিকে অধিকতর নয়নবিরক্তিকর ব'লয়৷ প্রতীয়মান করে,
সেইরূপ কবি দেবেন্দ্রকে মূলে বিধাতার স্থালর
কৃষ্টির ভাবে পরিচিত করিয়া, তাঁহার জীবনে
হৈমবতী সংযোগ করিয়া ইচ্ছাপূর্বক সে
জীবনের গৌরব নষ্ট করিয়াছেন, এবং সে
উপায়ে হৈমবতীর কাদর্যাতা সহজে প্রস্কৃরিত
হয়্মাছে। কবিকে হৈমবতী-চিত্র আঁকিতে
হয় নাই, অন্ত চিত্রের সৌন্দর্যাবিনাশী মদীরাশিবং তাহা আপনিই বিরক্তির সামগ্রীরূপে
পাঠকের মনশ্চকুদ্সংক্ষে মূর্ভিধারণ করিয়াছে।

शैवानामौ, मालजी (भावानिमी

সংসারে সাধারণ ইন্দ্রির-লালসাকেও প্রেমাত্র-রাগ নাম দিয়া, মাহুষে প্রেমান্ত্রাগকে ভেঙ্গাইয়া থাকে: হীরার দেবেক্র অমুরাগ খার্থময় হইলেও, ঠিক দেই শ্রেণীর नरह। शैत्रा वालविधवा, मानौतुष्ठिठातिनी, তাহার চরিত্র ইক্রিয়লালসা-কলুষিত হইবার বিশেষ সম্ভাবনা ছিল। কিন্তু হীরার চিত্তসংযমে ক্ষমতা চিল, এবং ভদ্রপরিবারস্থা থাকিয়া, সে দেবেক্তকে অমুরাগের চক্ষে দেখিবার পূর্বে বরাবর সভীত্বধর্মা রক্ষা করিয়া আসিয়াছিল। **(मर्(अ.स.) क्रि.स.)** লালসার পরিত্থির আশায় তাহাতে উপগ্রা हम नाहै। ही बात कारम क्रम शास्त्र कार कार कार প্রণয়েরই উদ্ভব হইয়াছিল। সঙ্গীত-রসাম্বাদও তংগদে মিলিভ হইরা, সে আকর্ধণের সহায়তা করিয়াছিল। সে দেবেক্তকে প্রণায়ভাবে লাভ করিত পারিলে, অহরাগাহুগতা দাদীর স্থায় তাঁহার চরণ-দেবারই প্রার্থিণী ভাবে ছিল, भाषात्रण लालमाकृष्टे हरेत्रा मामश्रिक मिलानत्र

জন্ম আকাকিত হয় নাই। এইটুকুই হীরার চরিত্তের সৌন্দর্যা। (मरवश्र मख মালতী গোয়ালিনী দারা হীরাকে ডাকাইয়া नहेशा, वहन व्यर्थत लाज अन्मेन कतिशा, কুন্দকে বিক্রন্ন করিতে বলিলেন। ভ্রিয়া, (कारधाकीक्ष श्रेषा. গাতোখনে করিয়া, হীরা কহিল, "মগাশয় ! আমি দাসী ৰলিয়া, এক্নপ কথা বলিলেন: উত্তর আমি দিতে পারিব না মুনিবকে বলিব। তিনি ইহার উপযুক্ত উত্তর मिरवन।" केंबा- था। पिछ ना इहेरल. हे**हा** छ হীবাচবিত্রে প্রশংসার কথা। আমরা বিখাস করিতে অনিচ্ছুক নহি যে, হীরা তাহার প্রভু-সেবায় বিশ্বস্তার চরিত্রবলেই দেবেন্দ্রের কথার এরূপ উত্তর করিয়াছিল, যদিও পরে ঈর্ষাবুদ্ধি-চালিও হইয়া, তাহার কুটীরস্থিত कुन्तनिम्नी मशस्त्र किक्रभ वावशांत्र कतिरव, रम কথার বিবেচনা করিতে ব্দিয়া, মনে মনে দেবেন্দ-প্রদশিত প্রগোভনের আলোচনা করিয়াছিল। স্থল কথা, হীরা দাসী হইলেও এবং এ শ্রেণীর লোকে ঐথর্যাশালী প্রভুর আণরে অর্থানি পুরস্কার লাভের আকাজ্জা যে করে, সেরপ স্বার্থসাধনে তাহার বিশেষ ভৎপরতা থাকিলেও, সে ভাহার কার্যো চিত্তের দৃঢ়ভামূলক গুণ প্রদর্শনে অসমর্থা ছিল না। ঈধাই তাহার চরিত্রের ক্ষতস্থল এবং ভাহাই ভাহাকে নারকীয় চরিত্ররূপে প্রতি-ফলিত করিয়াছে। ঈধার বণীভূত হইয়া, ছীরা যে কোন হন্ধর্ম করিতে পারিত। এই কলুৰিত মনের বুত্তি দারা চালিত হইয়াই, সে স্ক্রনশ্রভাজন হুর্যুমুখীরও অনিষ্টসাধনে প্রবৃত্ত হইয়াছিল; এই নারকীয় ভাবই

তাহাকে সরলা অবলা সর্বপ্রকারে দোববিহীনা কুন্দনন্দিনীর প্রাণহন্ত্রী করিয়াছিল।
ইবা এ চিত্রের স্থল কালিমাময় রেখা। এ
চিত্রের দিকে দৃষ্টি করিলেই, গেই কাল রেখায়
চক্ষু ভরিয়া যায়। চতুরতা, স্বার্থদাধনপটুতা,
হীরা-চিত্রের একটা প্রকৃষ্ট রেখা, এবং হীরা
অতি চতুরা ছিল বলিয়াই, সে তাহার
ইবাহতির পরিতৃত্যি সাধনে অতদ্র কৃতকার্যা
হইয়াছিল।

माध्वी এवः ভদ্রপরিবারস্থা থাকিলেও, হীরার রসের অভাব ছিল না, এবং দে তাহার 'গঙ্গাজল' মালতী গোয়ালিনীর স্ভিত গল। মিলাইয়া রুসের গান গাইতে গাইতে পথে যাইতে. অন্ততঃ রাত্রিকালে এরপ করিতে, কোনরপ দ্বিধার কারণ মনে ভাবিত না। কিন্তু মালতী গোয়ালিনীর সহিত ভাহার কেবল এই থানেই প্রকৃতি-দাদ্ভ ছিল, অভ কিছুতে মাণতীর সহিত হীরার বা তাহার দহিত মালতীর তুলনা হয় না। মালতীকে কবি বিশেষরূপে অঙ্কিত করি-বার চেষ্ঠা করেন নাই, পার্শ্ববরী চিত্ররূপেই প্রদর্শিত করিয়াছেন; তথাপি যে এক রেখা টানিয়াছেন তাহাতেই পাঠক তাহাকে অনায়াসে চিনিতে পারিবেন। কবির কথায় "মালভী গোয়ালিনীর মত রুসিক স্ত্রীলোক-

দেবেক্স বাবুর দাসী নহে—আপ্রিভাও নহে—
অগচ তাঁহার বড় অনুগত—অনেক ফরমায়েদ
—যাহা অন্তের আন্দাধা, তাহা মালতী দৈদ্ধ
করে।" কেবল কি রদের থাতিরেই মালতী
পাপের দেবা করিত ? মনুষাচরিত্রে বিচিত্র
কি ?

আখ্যায়িকায় উক্ত অক্সান্ত ব্যক্তিগণ মধ্যে শিবপ্রসাদ ব্রহ্মচারীর কথা এই সম:লোচন প্রবন্ধে স্থানাপ্তরে উল্লিখন্ত হইয়াছে।
শ্রীশচক্র ও হরদেব ঘোষালের সম্বন্ধে আমরা
বিশেষরূপে উল্লেখ কিছু করি নাই। শ্রীশচক্রও
অভি প্রীভিকর চিত্র, স্থশিক্ষিত ও স্থালর
স্থভাব, সম্বন্ধু ও স্থেহণীল। নগেক্রের ভাায়
তিনিও অভি ভার্যানেৎসল, যদিও কাব্যের
প্রধান চিত্র নয় বলিয়া, কবি তাঁহার সে
প্রকৃতির অঙ্কনে অধিকতর বর্ণ প্রয়োগ করেন
নাই। হরদেব ঘোষালের ভায় স্থহল্ লোকের
ভাগ্যে কমই মিলে,—বিন্ধান্, বৃদ্ধিমান্ ধীরপ্রকৃতি; বিচারক্ষম, সৎপরামর্শনাতা, শ্রনার
পাত্র; নগেক্রের আন্তরিক হিতাকাজ্জী এবং
অকৃত্রিম বন্ধু।

হীরার ঝায়ী বুড়ী নৃতন চিত্র নহে, পল্লীপ্রামে এবং সহরের রাস্তাতেও অনেক স্থলে,
অনেক সময়ে বালকবৃদ্ধের এবং বালকস্বভাব
বন্ধোর্জের কোতৃকোদ্দীপক এক্সপ বুড়ী
অনেকের নয়নগোচর হইয়া ধাকিবে। তবে
কবির লেখনী সংযোগে হীরার আয়ী অমরত্ব
লাভ করিয়াছে, নিজীব ফ্রিহীন বঙ্গে,
প্ররিবর্ত্তনশীল বঙ্গে, অস্ততঃ সাহিত্য-ক্ষেত্রে,
এ আন্যোদের অভাব হইবে না *

শ্রীলোকনাথ চক্রবর্ত্তী।

অনিয়মিত ভাবে, ১০১৭ সনের মাব সংখা। ইইতে
আরম্ভ করিরা, ১০১৯ সনের এই সংখ্যার আমার কৃত
বিববৃক্ষ সমালোচনা শেব হইল। ১০১৭ সনের মাবসংখ্যার সমগ্র কাব্যের সাধ্রণ সমালোচনা প্রকাশিত
হয়। তৎপর প্রকাশিত প্রবন্ধকরেকটিতে আমি বিববৃক্ষের চরিত্রগুলির বিরেবণে প্রয়াস পাইরাছি।
আমার সাহিত্যদেবার অভিলাব কিরৎ পরিমাণেও

গাবিভূ তা

মোর স্বপ্নলোক হ'তে কোন পথ ধরি'
কেমনে আদিলে হেণা ওগো মান্নাবিনী,
হে মোর যৌবন-দ্বপ্ন-স্বর্গ-বিলাদিনী,
মনদিজা চিত্তলক্ষী, হে স্বর্জন্দনী,
চক্ষে আদি দিলে দেখা ? ধ্যান-নিমীলিত
আঁথি মোর বিশ্ব'পরি ঝেলি ঘ্বনিকা,
নিভ্ত আঁধার রচি' একান্তে হেরিত

শুন্র স্থানীপ্তি তব,—ক্যোতির্মন্ত্রী শিখা স্বর্গ দীপ মুখে যথা মন্দির তিমিরে। মর্ম্মের মুক্র মাঝে মৌনমূর্ত্তি খানি ছিল ছান্না মান্না শুধু, আজি স্থশরীরে চক্ষে বক্ষে দিলে ধরা। সোহাগের বাণী শুনি কাণে, ভ্রাণে পাই সেরিভ দেহের, অঙ্গের অপ্লিনী হ'লে দেবী অন্তরের।

a:---

দদল হইরাছে কি না, তাহার বিচার অপ্টের হাতে।
১০১৭ দনের ফাল্পন সংখ্যার স্থামুখীচরিত সমালোচিত হচ, ১০১৮ দনের সাহিত্য পত্রিকার বৈশাথ
সংখ্যার উক্ত পত্রিকার স্পণ্ডিত, স্থিত, ও স্বদক্ষ
সম্পাদক আমার ঐ প্রবন্ধ সম্বন্ধে নিম্নলিধিত রূপ মন্তব্য
প্রকাশ করেন—

"এীযুক্ত লোকনাথ চক্রবর্ত্তী 'স্থামুখী' প্রথক্তি সংক্ষেপে 'বিষর্ক্তার সমালোচনা করিয়াছেন। ইহাতে এমন কোন নৃত্তন কথা দেখিলাম না, যাহা গিরিজা বাবুর 'ব্যাহ্রকার' ও মানিকের চর্ব্বিতচর্ব্বণে দেখি নাই। কোন বিষয়ের রচনার প্রবৃত্ত হইবার পূর্বের, সেম্পক্ষে পূর্ববর্ত্তী লেখকগণ যাহা লিখিয়া গিয়াছেন, নৃত্তন লেখকগণ তাহা পঢ়িয়া লইলে ভাষা ও সাহিত্য পূন্দক্তির অভ্যাচার হইতে রক্ষা পার।"

এই মন্তব্য অনেক বিলম্বে আমার চো:থ পড়ে। তদৰ্ধি প্রকৃতই চর্কিত-চর্কণ ছারা বলীর পাঠকবৃন্দকে বিরক্ত করিয়া তাঁহাদের নিকট অপরাধী হইলাম কিনা, ইহা বুৰিবার জন্ম আমি জনেক অনুসন্ধান করিয়াছি। বিষবৃক্ষ সম্পূর্ণ বিহ্নসচন্দ্রের বঙ্গদর্শনে প্রকাশিত হেইলে, তৎকালিক অক বাকলা মাসিক পত্র আ্যাদর্শনে ইহার এক ফুদীঘ সমালোচনা বাহির হয়। যত দূর মনে আছে, সে সমালোচমায় চরিতা বিশ্লেষণ বা কাব্যের গৃড় সৌন্ধা প্রদর্শনের চেষ্টা হয় না। তৎপর অস্ত কোন মাসিক পত্রিকার বিষরুক্ষের বিশেষ সমালোচনা কিছু বাহির হইয়াছে, এরণ আমি অবগত নহি, বিশেষ অনুসন্ধানেও জানিতে পারি নাই। স্বর্গীয় গি্রিজাধারুর বই একপানি আমার নিকট ছিল, এবং সাহিত্য পরিষদের পুস্তকা-লয় হইতে ভাঁহারকৃত সমালোচনার পুক্তকগুলি আনাইয়া দেখিয়াছি। আমার একটি সাহিত্যপ্রিয় ছাত্র দারা অভাক্ত হানেও গিরিজাবাবুর বই দেখাইয়াছি। উাহার পুস্তকে বিষরক্ষের সমালোচনা নাই। তাহার 'বঞ্চিমচন্দ্ৰ' তৃতীয় থণ্ডের ভূমিকায় লেখা আছে, ডাঁহার পুত্তকের দ্বিতীয় থণ্ডের প্রথমার্দ্ধে বিষর্ক্ষ,রজনী প্রভৃতি সমালোচিত হইয়াছে, কিন্তু ঐ পুস্তকাংশ তিনি প্রকাণ করিতে পারিবেন এক্সপ আশ। করিতে পারেন নাই। ষাহা হোক ভাহার পর গিরিজা বাবু বিষ-বক্ষের সমা-লোচনা 'ৰক্ষিম বাবুর' কোন খণ্ডে বাহির হইয়াছে — সাহিত্য সম্পাদক মহাশর অব্গ্রহ করিয়া তাহা উলেপ করিলে বাধিত হইব। প্র: লে:

চীনে প্ৰজাতন্ত্ৰ *

মাঞ্জাতীয় তা-চিং রাজবংশ রাজপাট পরিতাাগ করিয়া চলিয়া গিয়াছেন এবং চীনদেশে রিপাবলিক গবর্ণমেন্ট বা প্রজাতন্ত্র-শাসন প্রণালী স্থাপিত হইয়াছে। কিন্তু চীনে যে কথন কি ঘটে তাহা কোন বৃদ্ধিমান ব্যক্তি ভবিষাদাণীরূপে বলিতে পারেন না।

নানা ভাগাবিপর্যায়ের মধ্য দিয়া চীনের রাপ্ট্রস্তায়ের মৃল নীতি সকল এমন ভাবে গঠিত হইয়া আসিয়াছে যে, চীনকে তাহা পরিতাগ করা কঠিন। চীনে যদিও আদিম কাল হইতে রাজতয়্ত-শাসনপ্রণালী প্রচলিত হইয়া আসিতেছে তাহা জাপানের মত নহে। জাপানে যেমন গোড়া হইতে এক রাজবংশের শাসনাধীন হইয়া সেই বংশ প্রজাবলের শ্রন্ধা ও স্থানভাজন হইয়া আসিয়াছে চীনে তাদৃশ নহে। চীনে এক রাজবংশের অভ্যথান, হইয়াছে।

চীনে চাউ রাজবংশ ৮৮০ বংসর, হান্
রাজবংশ ৪০০ বংসর, ঠাং বংশ ৩০০ বংসর,
ছং বংশ ৩০০ বংসর, ইউয়ান বংশ ৮০ বংসর,
মিং বংশ ৩০০ বংসর, বর্তুমান মাঞ্চুতা চিং
বংশ ২৬৮ বংসর রাজত করার ঐতিহাসিক
প্রমাণ আছে।

চীন-সমাটকে লোকে ঈশ্বর-পূত্র বলিয়া।
বিশাস করিত, স্তর্গাং সেই পবিত্র অর্গ-পূত্রসমাট আপন দয়া, দাক্ষিণ্য, স্থবিচার, তায় ও
সন্জানের দ্বারা প্রস্কা শাসন করিতে বাধ্য,

এবং এই কারণে তিনি উপরে পরমেশ্বর এবং
নিম্নে প্রজাবর্গের নিকট প্রত্যক্ষভাবে দায়ী।

যথন কোন স্থাট অন্ত কোনবংশীয় লোক কর্ত্ত্ব বিভাজিত বা পিংহাসনচ্যত হইতেন, লোকে, তথন বিশ্বাস করিত ফে এই ঘটনা ঈশরাদেশে হইন্নাছে। কারণ প্রমেশ্বর নিশ্চয়ই বর্ত্ত্যান স্থাটের কু শ'সন ও পাপের শাস্তিশ্বরূপ তাঁহাকে সিংহ'সনচ্যত করিয়া, উপযুক্ত ধার্ম্মিক শাসনকর্ত্তার হস্তে এই রাজ্যা-শাসনের ভার দিয়াছেন।

চীনে দৰ্বপ্ৰথম তিনজন বিজ্ঞান্ত্ৰিক রাজা ছিলেন। তাঁহাদের নাম যণাক্রমে ইয়াও, চোয়েন এবং ইউ। এই প্রকার কণিত আছে যে কন্ফু সিয়ান এই তিন ঋষি-তুল্য দার্শনিক সমাটের দর্শনভ্রাত্মদারে চীনের রাষ্ট্রনীতি গঠন করেন। চীন দেশের পরবর্ত্তী সমস্ত রাষ্ট্রনীতিক লোক কন্ফুসিয়া-নের নীতির আদর্শ লইয়া এ যাবৎ রাজ্য শাসন কার্য্য সম্পন্ন করিয়াছেন। বর্ত্তমান রাষ্ট্র-বিপ্লবের অন্তভম নেস্তা উ:টিং-ফাংর মন বিদুেশা ভাবে যতই পরিপ্লত হউক না কেন তিনি যথন বালক সম্রাট পু-ই-কে সিংহাসন ত্যাগ করিবার জন্ত জেদ করিতেছিলেন, তথন ভাঁছার মনে যে সেই তিন দার্শনিক সমাটের আদর্শ আসিয়া উপদ্রব করিতেছিল তাহার আর কোন সন্দেহ নাই।

^{.*} টোকিওর ইতিহাসের অধ্যাপক টি: আইয়েনাপো
(Professor T. Iyenago) কর্তৃক লিখিত ওরালতি
ওরার্কদ নামক মাসিকপত্রে লিখিত গ্রন্থনের দারাংশ
এবং বর্ত্তমান প্রবন্ধ লেখকের মন্তব্য।

সমাট ইয়াওর রাজত্বলাল যথন শেষ হয় তথন তিনি তাঁহার পুএকে সিংহাসনের উত্তরাধিকারী মনোনীত না করিয়া চোয়েন নামক এক ঋষিত্লা বাক্তিকে সমাট মনোনীত করেন। চোয়েন প্রথম এই গুরুতর ভার গ্রহণ করিতে অস্বীকার করেন, কিন্তু যথন রাজ্যের অভিজ্ঞাতবর্গ ও প্রজাসাধারণ সমাট ইউয়ানের পুত্রকে মনোনীত না করিয়া তাঁহাকেই সামাজ্যের ভার গ্রহণ করিতে জেদ করিতে লাগিল, তথন অগত্যা তিনি এই ভার গ্রহণ করিতে স্বীকার করিয়া কহিলেন যে ''ঈশ্বরাদেশে আমি সামাজ্যের এই গুরুতর ভার গ্রহণ করিতে স্বীকার করিলাম।''

আবার সমাট চোয়েনের রাজ্থকাল যথন শেষ হইল তথন তিনি নিজের বংশধরকে নিযুক্ত না করিয়া বিজ্ঞ দার্শনিক ইউকে নিযুক্ত করিলেন। ইহা দ্বারা দেখা যাইতেছে যে কোন সমাটকে মনোনীত করা এবং একজন প্রেসিডেন্টকে ভোজ দ্বারা মনোনীত করার মধ্যে পার্থক্য কত অল্প। পরবর্তীকালের সমাটগণ যাদও বংশামুক্রমে সিংহাসনারোহণ করিয়া আসিয়াছেন, তবুও প্রজাবর্গ, ও জনসাধারণ এ কথা ভূলে নাই যে সমাট ঈশ্বাদেশে ভার ও ধর্মের দ্বারা রাজ্যশাসন করিতে ও প্রজাপালন করিতে বাধা। যিনি প্রজাপীড়ক হইবেন তিনি হয় ত হত হইবেন, না হয় সিংহাসনচ্যুত হইতে বাধা হইবেন। এই হিসাবে চীনে Democracy living under theocracy বা পবিত্র রাজতন্ত্রের মধ্যে প্রজাতন্ত্রের অবস্থান মনে করা বাইতে পারে এবং ভাহা হইলে একজন সম্রাট নির্বাচনের পরিবর্ত্তে একজন প্রোট নির্বাচনের পরিবর্ত্তে একজন প্রোসডেন্ট মনোনীত করা একটা অসম্ভব ঘটনা বলিয়া বোধ হইবে না। সম্রাটবংশের কভিপয় রাজকুমার (Prince), কর্ণ স্থানানের কভিপয় রাজকুমার (Prince), কর্ণ স্থানানের কভিপয় বংশধর এবং টাই পেইং বিজোহদমনকারী কভিপয় রাষ্ট্রনীতিজ্ঞ ব্যক্তি ছাড়া চীননেশে ইংলণ্ড বা জাপানের স্থাক্তি মন্তারিনগণঃ বংশাস্কুমিক অভিজাত নাই। ব্রাজ্ঞাসনকারী তথাক্থিত মন্তারিনগণঃ Democratic, কেননা তাহাদের প্রতিযোগী পরীক্ষা দ্বারা রাজকার্য্যে প্রবেশ করিতে হয়।

প্রকৃতপক্ষে এক হিসাবে ধরিলে চান
রাষ্ট্রনীতি আনেরিকার শাসননীতির সদৃণ
'স্বর্গপুত্রের' অধীনে এমন কোন পদ নাই
যাহা একজন সামান্ত,বংশের লোক পাইতে
অক্ষম। মূলকথা ক্ষমতা দ্বারা অতি নাচবংশীর কোন ব্যক্তি সর্ব্বোচ্চিপদে উদ্ধীত হইতে
পারে। এবং সময় সময় এইরূপ পদ ও
মর্য্যাদা-অনেকে পাইয়া থাকে। এই প্রকারের
ডিমক্রেটিক শাসনের তস্ত্র (Structure)
কিন্তু ইংলণ্ড বা জাপানের সঙ্গে তুলনা
হয় না।

শ্রীরামলাল সরকার।

^{*} কেন ভারতবর্ণে কি অভিজাতের অভাব জাছে।

জী জগন্নাথের রথযাত্রা

এইরূপ

ছেলেবেলা অনেকবার রথ দেখিয়।ছি। আর সে একটা বেশ আনন্দের ব্যাপারই ছিল। রথের দিনে স্কুলে যাইতে হইত না। বিকল বেলা বাড়ীর সন্মুখে, সদর রাস্তার ছু'ধারে মেলা ব্দিত। সে মেলায় আর কি কি বেচাকেনা হইত মনে নাই। মনে আছে এই মেলার বাজারে যাইয়া ভেঁপু কিনিয়া আনিতাম, আর সমবয়স্ক বালক গলিকাৰা মিলিয়া এই সকল ভেপু বাঙ্গাইর। গুরুজননিগের কর্ণপীড়া উৎপাদন করিতাম। राथव স ১ কলা-বেচার मयको मार्काली भिका कि स क्र नात हाईएड আর একটা ফলের কথা বেশি মনে আছে। মুসভা পশ্চিম বঙ্গে এ ফল পাওয়া যায় বলিয়া ইহার নাম লটকান্। ना। জীহট কুমিলা, প্রভৃতি পার্বত্য অঞ্লে ইং। প্রচুর পরিমাণে পাওয়া যায়। অস্ত্র-মধুর বলিয়া এফলটা জীলোক ও বালক-বালিক।দের বড়ই থিয়। রথের কথা भरन रहेर नहें के (ज्यूत कथा, आत थ:ना . थाला नहेकारनत कथा भरन १ए अवः তার দঙ্গে সঙ্গে আবার বালক হইয়া সে রণ-আয়াদনের জন্ম রসনাটা যে একটুও লালায়িত হয় না, এমনও বলিতে পারি ন। আর মনে পড়ে, সন্মুখের রাজপথ দিয়া যথন সোঁকে কার্ত্তন করিতে করিতে এক এক করিয়া আপনাদের রথ টানিয়া লইয়া যাইত, তথন আমরাও তাদেরূ' भेटिन महिन

হরি বোল, বোল হরি বোল, व्यर्ज्यत्व तर्थत मात्रशी नाताग्रव বলিয়া চীংকার করিতাম। আনন্দের ব্যাপার ছিল:

्य

ছেলেবেলা রথযাত্রা দেখিতাম, ভার ছবি এখনও স্মতিপটে জাগিয়। আছে। ফলতঃ দেরপ রথ বড় হইয়া আর কোথাও দেখি নাই। ললিত-কলার হিদাবে এইট কাছাড় প্রভৃতি বাংলার পূরিতম অঞ্লের রথের এমন সুন্দর রথ আর কোথাও হয় না। শ্রীহট্টে ও কাছাড়ে বিস্তর মণিপুরী বাস ! করে। আর মণিপুরীদের রথ একটী অপূর্ব বস্তু। অনেকেই মণিপুরের লোককে নিতান্ত অসভ্য বলিয়া মনে কিন্তু শ্রেষ্ঠতম কলাকুশলতা যদি সভ্যতার লক্ষণ হয়, তবে মণিপুরীদের মতন স্থসভা জাতি আর একটীও খুঁজিয়া পাওয়া যাইবে কিনাসন্দেহ। এজা০টা সভাব-কবি। ইহাদের ঘরবাড়ী এমন পরিষার ও পরিপাটী যে দেখিলে ঠাকুরবাড়ী বলিয়া ভ্রম হয়। ইহাদের বাড়ীগুলো এক এক খানি ছবির মতন যেন সর্বাদা চারিদিকের লতাপাতাজুলের বাগা নর ফ্রেমের মাঝথানে ফুটিয়া থাকে। ইহাদের পূজাপার্কণে, এই সহজ্পিদ্ধ লণিতকলাকুশ্লতা, লতাপাতাতুল দিয়া, চারিদিকে অপূর্ব (मोन्दर्गत राष्ट्रे थूलिया (नय। मनिश्रूतीशन दिवश्चवधर्मायुमधी । ইহাদের গুরুপাট

নবরীপ ও শান্তিপুর। গোস্বামীগণই हैशिषिश्क देवस्थवस्य पीक्षिण करत्न। ইহারা রাদ্যাতা, দোল্যাতা, রথ্যাতা প্রভৃতি বৈষ্ণব উৎসবগুলি অতিশয় সমারোহ महकारत मम्लामन कतिया थारक। এই মণিপুরীদিগের রথ একটী অতি অপূর্ব বস্ত। যাঁহারা হিন্দুভূমের অভাত স্থানের র্থই কেবল দেখিয়াছেন, রথ যে এত স্থুন্দর হইতে পারে, ইহা তাঁহ দের কল্পনাতেও আসিবে না। মণিপুরী রথের চাকা ক'খানা ছাড়া আর কোথাও কাঠের সঙ্গে কোনও সম্পর্ক নাই। রথের ঠাটটা আদ্যোপাত সুন্দর, সরল, চিক্ল বাঁশ দিয়া প্রস্তে। আর এ রথের সাজস্জাও অন্তত। ইহাতে সাঠিন, কিংশাব, জড়ি-জরওয়ার চিহ্ন পর্যান্ত থাকে না। কিন্তু হরিত পত্রের, বিকচ প্রবের ও বিবিধ বর্ণের ও বিবিধ গন্ধের বনফুলের অপূর্ক সমাবেশে, মণিপুরী রথ বিপুলবিভব ছড়ান জড়ি-জরওয়ার সাজ্ব জ্ঞাকেও লঙ্জি চ করিয়া তুলে। মণিপুরীদের এট অপূর্ব तिथिया, कूक्रत्करखंत कथा मत्न शर् ।।, किन्न जीवनावरनत विविज রসলীলার স্মৃতিই প্রাণে জাগিয়া উঠে। ছেলেবেলাকার রথের স্বতিতে মণিপুরী রথের এই মধুর ছবিটী অতিশয় উজ্জ্ব হইয়া আছে।

বড় হইয়া, কলিকাতায় পড়া শুনা করিছে আদিয়া, একবার কয়জন সতীর্থের সঙ্গে মাহেশে রথ দেখিতে গিয়াছিলাম। কিন্তু লোকের হড়োহড়ি ও গ্রাম্য রসের হড়াহড়ি দেখিয়া,প্রাণে কোনও আনন্দ লাভ কর। দূরে ধাকুক,বরং সমস্ত ব্যাপারটার উপত্তেই একটা

গভীর অশ্রদ্ধা জনিয়া যায়। মাঝে মাঝে কলিকাতার পথে, রথের দিনে বেড়াইতে যাইয়া, রাণী রাসমণির ছোট্ট খাট্ট রুপার রথখানি দেখিয়াছি। কিন্তু তাহাতে অন্তরে ভালমন্দ কোনও ভাবের প্রেরণা কখনও জাগে নাই। কিন্তু এবারে ঘটনাবশে রথফারোর দিনে পুরিধামে থাকিয়া যে রথ দেখিয়াছি এমনটী জীবনে পূর্বে আর কখনও কোথাও দেখি নাই।

কোনও কোনও পাশ্চাতা পণ্ডিত ना कि वलन (य এই तथय। वाहे। बाहिट शिन्तुत शर्त ছिल ना। (वीक्तताहे ध्वथरम ভগবান বুদ্ধদেবের দন্তাদি দেহাবশেষকে চড়াইয়া, জনগণের কল্যাণার্থে চারিদিকে বুরাইয়া আনিতেন। সিংহলে আজিও এই বৌদ্ধপৰ্মটী জাগিয়া আছে। জ্পমালা, গ্লাজ্ল, এখন কি প্রচলিত প্রতিমা-পূজাদি পর্যান্তও, ইহাঁদের মতে हिन्तूगन (नोक्षितिगत निक्रे इहेट्ड করিয়া আনিয়াছেন। এ সকল প্রস্তত্ত্বে আলোচনা, আমার বিভাগাধ্যের অতীত এবং বর্ত্তমান, প্রবন্ধে অপ্রাসন্থিক ও নিস্প্রোজন: যদি সতাসতাই হিন্দুরা রথযাত্রাটা বৌদ্ধদিগের নিকট হইতে করিয়া আনিয়াও থাকে, তথাপি হিন্দুর সাধনা ইহাকে আপনার আধ্যাত্মিক অভিজ্ঞতা ও ভক্তিরদের দারা গড়িয়া পিটিয়া, সাজাইরা, ওজাইয়া পরিমাণেই নিজের করিয়া লহিয়াছে খে, এখন এই রথযাত্রার ভিতরে কোনও ध्ः। दित्र (वीक्षाक आहि विवास मत्नर মাত্র উপস্থিত হয় না।

বাংলা দেশের যেখানেই রথ হউক না কেন, অধিকাংশ স্থাই তাহা জগনাথের রথ। কখনও কখনও যে শ্রীক্ষাবিগ্রহক রথারত করাইয়া রথ যাত্রা করা হয় না, তাহা নয়। কিস্তু এখানে জগনাথবিগ্রহের অভাবেই এরপ হয়। ফলতঃ মনে হয় যে শ্রীজগনাথদেবকে রথে না বসাইলে রথযাত্রার প্রকৃত মর্ম্মটা বাক্ত হয় না। শাস্ত্রের উক্তি,—রথারত বামনকেই দেখিবে।

"রথেচ বামনং দৃষ্ট্ব। পুনর্জন্ম ন বিভাতে" কিন্তু তথাপি রথাক্ত বিগ্রহ শ্রীজগলাথ শ্রীকৃষ্ণ বা বামন নহেন।

कात्रण এই तथ, हिन्दूत हरक विभान বিবর্ত্তন-বিধানের প্রতিমূর্ত্তি। নিখিল শ্রীজগরাথের রথচক্র জগতের বিবর্ত্তনচক্রেরই প্রতিকৃতি। গ্রীজগনাথের র্থচক্র এই নিখিল কর্মচক্রকেই মনে করাইয়া দেয়। এই কর্মবাদ, হিন্দু ও বৌদ্ধ উভয়েই স্বীকার করেন, সত্য। কিন্ত নান্তিকা বৌদসিদ্ধান্তের কর্মবাদ আর আস্তিকা হিন্দুসিদ্ধান্তের কর্মবাদ নহে। নান্তিক্য /বৌদ্ধসিদ্ধান্তমতে বীজ হইতে যেমন বক্ষের, বৃক্ষ হইতে সেইরাণ আবার বীজের উৎপত্তি হয়; সেইরূপ অনাদি অবিভাকত কর্মই কর্মের স্ঠে করে। এই কর্মাশৃঙ্খাল স্বপ্রতিষ্ঠ ও সতন্ত্র স্বরং; এই নিখিল কর্মপ্রবাহের অতীতে থাকিয়া কর্মাধীপ 'এই কর্মপ্রবাহকে নিয়ন্ত্রিত. করেন না। আন্তিক্য হিন্দ্-**দিদ্ধাতে, অনাদি-অবিদ্যাক্ত কর্ম**প্রবাহ সীক্বত হইয়াও, তাহাতে. এই কর্মাধীপুরও **প্রতিষ্ঠা হইয়াছে। আ**র নিথিল ⁄ ছির

এই অনাদি-অবিভাকত কর্ম-প্রবাহের নিয়ন্তা যিনি, জীবের সকল কর্মের পরিণতি যাঁহার ভক্তিতে ও নিরন্তি যাঁহার চরণে, হিন্দু তাঁহাকেই শ্রীজগন্নাথ বলিয়া জানেন।

এই জগন্নাথই, বস্ততঃ, বিশ্বরূপ।
কুকক্ষেত্রে অর্জ্জুন থে অপরূপ রূপ দেখিয়া
গতনাহ ও বীতশোক হইয়াছিলেন, সেই
রূপই এই জগন্নথের স্বরূপ। সে রূপ সৃদ্ভরুদত্ত দিব্যচক্ষু লাভ করিলে দেখা যায়,
কিন্তু ভাষায় তার বর্ণনা হয় না।
ভাস্কর্থ্যে বা চিত্রে তাহাকে প্রকাশিত
করে, সাধ্য কার ? যাহাকে

বায়ুর্যমোহরির্বরুণঃ শশাক্ষঃ প্রজাপতিস্বং গুণিতামহশ্চ। নমো নমস্তেহস্ত সহস্রকৃত্তঃ পুনশ্চ ভূয়োহপি নমো নমস্তে॥

—বলিয়া প্রণাম করিতে হয়;
নম পুরস্তাদথ পৃষ্ঠতন্তে
নমোহস্ত তে সর্ব্বত এব সর্ব্ব।
অনন্ত বীর্য্যামিতবিক্রমন্ত্বং
সর্বং সমাপ্রোধি ততোহিদি সর্ববিঃ॥

—বলিয়া যাঁহার স্ততি করিয়াও কিছুই
বলা হইল না, এমনই মনে হয়; সেই
বিধরপের প্রতিরপকে কোন্ হাতেগড়া
মূর্ত্তিতে ব্যক্ত করিতে পারে ? এই জ্বন্তই
শীলগরাথের মূর্ত্তিরচনায় প্রব্রত হইয়া
বিশ্বকর্মা আপনি হার মানিয়াছেন বলিয়া
হিন্দ্র প্রবাদে বলে। শীক্ষেত্রের স্থাড়া
নূলো দারুম্ত্তিটী সেই নিক্ষল প্রয়াসের
প্রত্যক্ষ প্তচিত্র স্বরূপ যুগ্যুগান্ত বাহিয়া
আমাদের নিকটে আসিয়া পৌছাইয়াছে।

এই যে রথখানি প্রতিবৎসর আবাঢ়ের

শুক্লা বিতীয়ার মধ্যাহে শ্রীমন্দির হইতে শীকগরাথকে গুঞ্জাবাড়ী লইয়া যায়, আর সপ্তাহান্তে আবার তাঁহাকে সেখান হইতে শ্রীমন্দিরে ফিবাইয়া লইয়া আইদে, প্রকৃত পক্ষে জীঙ্গনাথের রথযাতা যে এই ক্ষুদ্র **(मम**ऐक्रक ७ • हे भागा ग नान हेक्रक জুড়িয়াই আপনার সত্যিকার গতাগতি শেষ করে, এ অভুত কল্পনা যে করে, তার রথযাত্রা দেখা বিভূম্বন। মাত্র। বছবংসর ব্যাপিয়া দেশদেশান্তরে, কোনও नायुक्नायिकात क्षीपान (य नकल विकित খটে, অলৌকিক কবি-গতিভা-সম্পার নাট্যকার যেমন ক্ষুদ্রায়ত। রঙ্গমঞ্ তুই-চারি দণ্ড-কালের অভিনয়েই তাহাকে ष्ठि चून्तत कतिया (प्रशाहेया थारकन; শেইরূপ এই সামাত্র দারুনির্গিত রথখানিকে এই অতি সামাস্ত সময়ের (गांठोक स्त्रक तनीत तामा युताहेश चानिशा, হিন্দুর আধ্যাত্মিক সাধনা নিখিল ব্রহ্মাণ্ডের পৌন:পুনিক গ্রাগতিকে, প্রাক্তজনের চ:ক্ষর উপরে ফুটাইয়া তুলিতে চেষ্টা করিয়াছে। ইহাই এই রথষাত্রার নিগূঢ়

রথষাতার দিন কল্পারস্তের দিন। এই
দিন যোগনিদ্রাভিত্ত নারায়ণ যোগনিদ্র।
ভক্ষ করিয়া, স্টলীলায় বহির্গত হন।
প্রত্যেক কল্পের স্টনায় এই অদৃশু জগয়য়থর
এই অদৃশু রথধানি চলিতে আরস্ত করে।
আর কল্পান্তে,মহাপ্রেলয়কালে,আবার যেধান
হইতে প্রথম যাত্রা করিয়াছিল, সেইথানেই
ফিরিয়া যায়। এইরূপে অসীম দেশ ও
অনস্তকালকে ক্র্ডিয়া এই জগলাথের রথ

করে কলে সমগ্র স্টেশীলাকে পরিক্রমণ করিয়া আইসে। এ যাত্রার আরুহও জীব সেথে না; ইহার শেষও জীব জানে না। শ্রীজগরাথের রথযাত্রার সময় এই অদৃষ্ট অজানা বিশ্বস্টেশীলাটি বিশ্বাস চক্ষে যে দেখিতে পায়, তারই রথ দেখা সত্য ও সার্থক হয়। ইহা যে দেখিল, তার যে সকল বন্ধন দম্মত্রের স্থায় আপনি খিসিয়া পড়ে, ইহা বিচিণ কি ?

শ্রুতি এই শ্রীরকে রথ বলিয়াছেন; আর এই শরীরে এতিষ্ঠিত ইন্দিয়গ্রামকে এ রথের অস্ব এবং এই সকল ইঞ্রিয়ের বিষয়, রপর্ণাদিকে এই র্থের পথ কলিয়া কর্ণনা করিয়াছেন। এই রথে রথী নিখিল জীবান্তগামী শ্রীনারায়ণ। জাগ্রত, স্বপ্ন, কুষুপ্তি এই জিবিধ অবস্থার মধ্যে প্রতিদিন এই রথ যাভায়াত কংতেছে। এ-ও এক রথযাতা ৷ এই শরীর-রথে যে শ্রীনারায়ণকে আরঢ় দেখে, সে ভাগ্যবান পুরুষের বন্ধন তো আর থাকে না। তিনি দেহী হইয়াও বিদেহী। প্রতি নিখাস এখাসে তিনি যে भवमपूक्ष को 'किश्मुद्र भूतकामौक्राल সতত বিভয়ান থাকিয়া, প্রাণাপান-বায়ু-সংযোগে, চর্ক্যচোষ্যলেহ্যপেয়াদি চতুৰ্বিধ করিতেছেন, অনুকে পাক তাঁহাকেই প্রতাক্ষ করেন। এ দেহে আর তখন তাঁর আত্মবৃদ্ধি, অহংবৃদ্ধি থাকে[্]না। দেহ সম্বন্ধে আমি, আমার, এ সকল প্রত্যয় তাঁর নঠ হইয়া ধায়।

নৈৰ কিঞ্ছিৎ করোমীতি যুক্তো মান্তত ভৱবিৎ

পাখন্ শৃথন্ স্পৃশন্ জিঘলখন্ গছেন্ অপন্ খসন্॥ প্রলপন্ বিস্থান গৃহুরু নিষ্ট্রিম্নর পি।
ইন্দ্রাণী জিয়ার্থের্ব উস্ত ইতি ধারয়ন্॥
এই তরজ ব্যক্তি, এইরপে যোগযুক্ত
ইয়া দেখুন, শুমুন, চলুন, ফিরুন, বকুন,
ঘুমোন,—যাহা কিছু করুন না কেন,—
এই সকল কেবল ইজিয়ের সঙ্গে বিষ্ণের
সংযোগেই ঘটিতেছে জ্ঞানয়া, আপনি যে
কিছু করিতেছেন এমন মনে করেন না।

এই শরীরটা যেমন রথ, সেইরূপ এই বিশাল সংস্রেও একটা বিরাট রথ-স্কুপ। এই সংসার-রথেও রথী সেই জীনারায়ণ। এখানে তিনি মহাবিষ্ণুরূপে অধিষ্টিত। জীবের দেহ-রথে নারায়ণ ব্যষ্টিভাবে ভিন্ন ভিন্ন জাবের অন্তর্য্যামী সাক্ষীররণ হইয়া বসিয়া আছেন। এই সংসার-রথে তিনিই সমষ্টভাবে লিখিল মানবমগুলীর অন্তর্যামী, তাহাদের শুমষ্টিভূত সামাজিক জীবনের নিয়ন্তা, মানবেতিহাদের সাকী, মানব-সমাজের বিচিত্র রসলীলার অভিনয়ের নটেশ হইয়া আছেন। কেবল দেং-রথে उं। शारक तथी विनया (पिथितिह इहन ना। এই নিখিল সংসার-রথেও/ তিনিই রথী। তিনিই ধর্মাবহ। তিনিই পাপরুদ। এই मामात्र-त्राथ छाडारक (य तथीकार परियन, তার সংসার আপনা হইতেই ক্ষয় হইয়া যায়। যদা পশুঃ পশুতে রুকাবর্ণং কর্তারমীশং उमा পूर्धा भारभ विध्य निवक्षनम्

শান্তমুগৈতি॥
জীব যখন শুভাবর্ণ জগন্তির

সকল কর্মের কর্তান্তপে দর্শন করে, তখন
পুণ্য ও পাপ উভয়ের অতাত হইয়া সে

নিরঞ্জন শান্ত-স্বন্ধপুরুষ পুরুষকে প্রাপ্ত হয়

যুগে যুগে ঐতিহাসিক বিবর্তনের ধারার অন্ধরণ করিয়া এই মানবসমাজ-রূপ রথখানি চলিতেছে। এই বিশাল সমাজবক্ষে যে বিশ্বরূপের সাক্ষাৎকার প্রাপ্ত হয়, তার যে কোনও সমাজ-বন্ধন থাকে না, ইহাই আরে বিচিত্র কি ?°

এই যে অবিরাম গতিতে, প্রত্যেক জীবের নিজের জীবনে ও তার সমাজ-জীবনে এবং এই নিধিল বিশ্বের অনাদ্যনন্ত বিবর্ত্তনের মধ্যে, শীজগন্নাথের রথ চলিতেছে, তাহাকে স্মরণ করাইয়া দিবার জ্ঞাই, বংসর বংসর, আষাঢ়ের শুক্লপক্ষে হিন্দুর এই রথযাত্রা পর্বল হইয়া থাকে। এই রথযাত্রা সেই মহাযাত্রাকে স্মরণ করাইয়াই আপনার সার্থকতা লাভ করে।

নারায়ণের চক্ষে চক্ষু রাখিয়া, সেই
অসীম নিরঞ্জনকে লক্ষ্য করিয়া, তাঁহারই
মুখ দেখিতে দেখিতে, তাঁহারই রসে ভোর
ইইয়া, তাঁহার নাম লইতে লইতে, জাবনের
কর্ম পথে যে তাঁর রথের রজ্জু ধরিয়া তাঁর
রথখানি টানিতে টানিতে চলিতে পারে,
তার জীবন ধক্য, সংসার সার্থক হয়। সে-ই
জগতের সক্ষে একাত্ম হইয়া,জগলাথের রথের
সঙ্গে সঙ্গে চলিয়া তাঁর বৈকুঠধানে যাইয়া
পোঁছিতে পারে।

এই জন্ম স্তাভাবে শ্রীক্রগরাথের রথযাত্রা দেখিতে হইলে, তুতালা, তেতালা
বাড়ীর ছাদে সতরঞ্চ গালিচা পাতিয়।
বিদলে চলে না। পথের ধারে, লোকসংঘট্টের বাহিরে দাঁড়াইয়া দূর হইতে
রথমাত্রা দেখিলেও, সত্য দেখা হয় না।
শ্রীজ্পন্নাথের রথমাত্রা দেখিতে হইলে,

জগতের দঙ্গে গা ঘেঁষাঘেঁষি করিয়া আসিয়া দাঁড়াইতে হয়। বাহুতে বাহু ঠেকুক, নিঃখাদে নিঃখাদ মিশুক, ঘামে ঘামে মাখা-মাখি হউক ; —মামুষের বাছ অপে শা কোমল কিছু যে আর ছনিয়ায় নাই, মান্তবের নিঃখাসের মতন এম্ন শীতল মলয় যে আর বিখে নাই, মান্তবের খেদের মতন এমন মধুর রস যে আর জগতে মিলে না,---এই ঠেকাঠেকি, মেশামিশি, মাগামাখিতে এই দিব্যজ্ঞান জন্মক, তবে বুঝিব জগনাথের রথযাত্রা দেখা সার্থক হইল। ঐ রথারুচ দারুমুর্ত্তি তো তাঁর চিহ্নমাত্র। জগনাথের নিজম রূপ এই বিণাল জনসংঘটের মধ্যেই ফুটিয়া আছে। রথযাত্রার দিনে, ব্থার্ক্ত শ্রীমৃর্ত্তির দিকে চাহিতে চাহিতে যাঁদের প্রাণের অন্তত্তক হইতে এই ভগবদাণী ধ্ব_{নিত} হইতে থাকেঃ –

পগ্র মে পার্থ রূপাণি সতশোহথ সহস্রৰ: नानाविधानि पियानि नानावशक्रिकौनिह এবং তারই সঙ্গে স্বে চক্ষু হুটো একবার রথারত দেব মর্ত্তিকে দেখিয়া বথের সম্মুখস্থ লোকসংঘট্টোর উপরে আসিয়া পড়ে এবং এই আকুল ভক্তমগুলীর জনতা হইতে পুনরায় জীজগলাথের দিকে ধাবিত হয়, আবার এইরূপে রথে যিনি তাঁকেট পথে পথে कें ता जांशिमिशिक इंतर्थ (मथिया यांता আলুহাগা হইয়া যায়, र्केश्वरपत्र है तथ আর পুরিধানে যাইয়া, দেখা সফল হয়। একবার শ্রীজগনাথের রথযাত্রা যে প্রতাক না করিয়াছে, সে কখনও এ ভাবটি উপল্জি করিতে পারিয়াছে কি না সন্দেহ।

শ্রীবিপিনচন্দ্র পাল।

সাহিত্যে বস্তুতন্ত্ৰতা

রবী**ক্রনা**থ

চৈত্রের "বঙ্গদর্শনে" রবীন্দ্রনাথের চরিতালেখ্য লিশিয়াছিলাম। ইহাতে কোনও কোনও দিক্ দিয়া রবীন্দ্রনাথের সাহিত্য-স্টিতে বস্তুতস্তুগার বিশেষ অভাব দেখিতে পাওয়া যায়, এই কথা বলি। এ জন্ম রবীন্দ্রনাথের আসম্ম ভক্তগণের কেহ কেহ বড় ক্ষুণ্ণ হইয়াছেন দেখিয়া আমিও ছঃধিত হইয়াছি।

কারণ রবীন্দ্রনাথকে কোনও দিকে
খাট করা কিছুতেই বাঞ্চনীয় বলিয়া মনে
করি না। বব জনাথের অলোকসামান্ত কবি গুতিভার খারা বাংলার মুখ উজ্জ্ল

হইয়াছে; আধুনিক বা'লা সাহিত্য কোনও কোনও দিকে বিশ্ব-সাহিত্যের সমাজে পতি উচ্চ স্থানে যাইয়া বসিবার ভ্ষিকার পাইগছে। রবীজনাথকে খাট করিলে, ভারত য় সাধনা ও বাঙালী জাতিকে খাট করা হয়।

কিন্তু সভ্যের হারা কেহ খ্য কখনও
খাট হয়, বা হইতে পারে, অপরে য়াই
বুলুন না কেন, রবীক্রদাধ নিজে কখনওই
এমন কথা বলিবেন না তুআর রবীক্রনাথের সাহিত্য-স্থাই সর্বদা যদি বস্তুতয়
না-ই হইয়া থাকে, ইহাতে রবীক্রনাথের

কোনও দোবের কথাও হয় না। প্রত্যক্ষ অভিজ্ঞতার অভাব হইতেই সাহিত্য-সৃষ্টিতে _{বস্তুত}ন্ত্রহীনতার উংপত্তি **হ**য়। কোনও কোনও দিকে যদি **ত**ার অভিজ্ঞতার অভাব হইলা থাকে, তার জন্ম রবীজনাথকে কেহ কোনও মতে দায়ী किंदित ना। जिनि य शारन, य कारन, य পরিবারে জনিয়াছেন, যে দকণ বাহিরের অবস্থা ও ব্যবস্থার ভিতর দিয়া বাড়িয়া উঠিয়াছেন, সে সকলই তার জন্ম দায়ী। র্বীক্রনাথ ইচ্ছে। করিয়া এ সকল গবস্থা ও ব্যবস্থার পরিবর্ত্তন করিতে পারিতেন না। আর এ জগতে সর্বাহই ছায়াতপের ভাল ও মনদ, পূর্ণ ও অপূর্ণ, মিশিয়া থাকে। রবীক্রনাথের জীবনের বাহ্ছ-ঘটনাপাতেও এ ভালমন্দের মিশ্রণ রহিয়াছে। এ সকল ঘটনাও অবস্থাতে কোনও কোনও দিক দিয়া তাঁর অলোকসামান্ত প্রতিভাকে যেমন কতকটা সংকৃতিত করিয়াছে, আবার অন্ত-দিকে সে ক্ষতিপূরণ করিয়াই যেন, তাহাকে বাড়াইয়া এবং ফুটাইয়াও তুলিয়াছে। এ স্ফল পারিপার্শ্বিক অবস্থার দোষগুণেই ববীন্দ্রনাথ রবীজ্ঞনাথ হইয়াছেন।

রবীজনাথের স। হিত্য-স্টির বস্ততন্ত্রইনত এ সকল পারিশার্থিক অবস্থা ও
ব্যবস্থারই ফুল। ইহাতে রবীল প্রতিভাকে
যে খাট করিয়াছে বা করিতে পারে, এমন
কথা বলা যায় না। বস্তুতন্ত্রহীনতা স্টু
বস্তুকেই খাট করে স্টেশক্তিকে খাট করে
না, বরং কোনও কোনও দিক্ দিয়া বিচার
করিলে, বাড়াইয়াই দেয় বলিয়া বোধ হয়।
রবীজনাথের কাবাস্টির বস্তুতন্ত্রহীনতা

তাঁর অলোকিক কবিপ্রতিভার অসাধারণ ঐজজালিক প্রভাবেরই সাক্ষ্য দের, তার শক্তিহানভার প্রমাণ প্রদান করে না। বস্তু গুন্তু বিলয়া কবি-প্রতিভার ক্থনও যে কোনও অগৌরব হয়, এমন মনে করি নাই।

ফলতঃ বস্তুতন্ত্র কথাটার প্রকৃত মর্ম্ম না বুঝিয়াই, আমার মনে হয়, রুবীন্দ্রনাথের ভক্তগণের মধ্যে কেহ কেহ আমার অঙ্কিত রবীঞ-চরিত-চিত্র পড়িয়া ক্ষুণ্ণ হইয়াছেন।

বলা বাহুল্য যে বস্তুতন্ত্র কথাটা সংস্কৃত। আমাদের দর্শনশান্তে ইহার বহুল ব্যবহার রহিয়াছে। ভগবান ভাষ্যকার শারীরক কথাটী ব্যবহার ভাষ্যে যথন-তথন এঃ ক।রয়াছেন। 'শার আমাদের বস্তুতন্ত্রবিহীনতার একটা অতি মামুলী দুষ্টাস্ত ''বন্ধাপুত্রবং।" মায়ের সঙ্গে স্ভানের সম্বন্ধটা এমন নিগৃত, এমন জটিল, এত বহুমুখী যে, যে রমণী কখনও সন্তান ধারণ করেন নাই, তার পক্ষে প্রকৃত মাতৃম্বেহ বপ্তটী যে কি তার জ্ঞানলাভ একেবারেই অসম্ভব। কচিং কোনও বন্ধ্যা অপরের সন্তানকে আপনার প্রাণের সমুদাম স্নেহ ঢালিয়া দিতে পারেন মায়ের চাইতে বেশি সন্তর্পণে ও একাগ্রহা সহকারে তার সেবা শুশ্রাষা করিতে পারেন, কিন্তু সে স্নেহ যতই উদ্বেলিত ও অনাবিল, সে সেবা যতই নিঃস্বার্থ ও অক্লান্ত হউক না, তাহা সন্তান-বতীর আপনার সন্তানের সঙ্গে যে সম্বন্ধ সে সম্বন্ধকে কিছুতেই অধিকার বা উপলব্ধি করিতে পারে না। বাৎসল্য হিদাবে ইহা ব্যু তন্ত্র নয়। কিন্তু বস্তুতন্ত্র নয় বলিয়া ইহা যে কপট স্নেহ এমন কথনওই বলা যায় না।

আপন অধিকারে, নিজের স্বরূপে, এ বস্ত অতি সত্য ও বাঁটি। বস্তুতন্ত্র আর অকপট এক কথা নয়।

অত এব রবী জ্ঞানথের ধর্ম-বিষয়ক বা যাদেশিক তা-সম্বন্ধীয় অনেক কবিত। ঠিক বস্তত ক্লীনয়, এ কথা বলিলে রবী জ্ঞানাথ অধার্মিক হইয়া ধর্মের ভান করিয়াছেন্ বা সদেশভক্তিনা থাকিলেও তাহা দেখাই বার চেষ্টা করিয়াছেন, এমন কিছুই বোঝায়না। এমন কি ঠিক বস্তু ডন্তু নয় বলিয়া কোনও

ভাব বা রস যে একেবারে মিশা হয়, এমনও নয়। রজ্জুতে সর্পর্ম হইলে প্রাণে যে ত্রাদের সঞ্চার হয়, ভাহা বস্তুচন্ত্র নয়। কিন্তু সৰ্পজ্ঞানটা মিথা বলিয়া, এই ভ্ৰান্ত-জ্ঞানকে আশ্রয় করিখা যে ভাগের সঞ্চার হয়, তাহাও মিখ্যা, এমন কথা কেহ বলে না। তবে সতা সর্পদর্শনে যে ভয়ের উদ্রেক হয়, তাহা ধেরূপ হায়িত্ব লাভ করে, রচ্ছুতে সর্পন্নমে যে ভয় জাগিয়া উঠে৷ তাহা দে স্থায়িত্ব প্রাপ্ত হয় না। বস্তুতন্ত্র রদ বহুতে আশ্রয় করিয়া ফুটিয়। থাকে, বস্তুতন্ত্রতাহীন রস বস্তুকে আশ্রয় না করিয়া গুদ্ধ মানদ কল্পনাকে আশ্রয় করিয়া প্রকাশিত হয়। যগাযোগ্য বস্তকে আশ্রয় করিয়া আমাদের চিতে কোনও রদের সঞ্চার হয়, তখন সে রদের বিকাশের ও পরিণতির একটা স্বাভাবিক ও সার্বভৌমিক ক্রমও প্রকাশিত হইয়। থাকে। যে রস বস্তকে আশ্র করিয়া উঠে না, কেবল মানদ-কল্পনাকে অবলম্বন করিয়া জাগিয়া উঠে, স্বাভাবিক এই স্কল তাহাতে সার্ব্বভৌমিক বিকাশক্রমটা দেখা যায় না।

এই জন্ম বস্তুতস্ত্রতাবিহীন রসকে ব্যভিচারী রস বলে। ব্যভিচারী রসের স্থায়িত্ব থাকে না। একটা রস ফুটিতে না ফুটতেই তার মধ্যে অপর বিপরীত রসের আবিভাব হইয়া থাকে। খার এই রসভজের দাবাই কোন্রস ব্যভিচারী ও বস্তুতস্ত্রতাহীন এবং কোন্রস অবাভিচারী ও বস্তুতস্ত্র, ইহা অভি স্থানররপে ধরিতে পারা যায়।

সাহিত্যের বিষয় তুই শ্রেণীর। এক বাহিরের অবহা ও ব্যবস্থাদি, বিতায় অন্তরের অনুভূতি ও রদাদি। আবে এই হুই শ্রোর সাহিত্য স্টেত্সাহিত্যিকের প্রত্যক্ষ অভিজ্ঞার অপেকা রাখে। যে কখন্ও সমুদ্র কেথে নাই সে অপরের রচনায় সমূদ্রের যে সকৰ বৰ্ণনা পড়িয়াছে, তাহাকে অবলঘন করিয়া, আপনার কল্পনার সাহায্যে একটা সমুদ্রের ছবি যে আঁকিয়া তুরিতে পারে না, তাহা নয়। সেই অপার নীলামুরাণি দেখিয়া মাকুষের প্রাণে যে সকৃল ভাব আপনি कार्गिया छेटा, कन्ननावल य दम वाङि स সকল ভাবকেও জীবন্ত করিয়া তুলিতে পারে না, এমন & নয়। কিন্তু এ সত্ত্বেও তার সমুদ্রের ছবি যে কল্লিত, সত্য নয়, অধ্যাস-প্রতিষ্ঠিত, বস্তুতন্ত্র নয়, এ কথা মানিতেই হইবে। সকলে ইহার এই মায়িকভাও বস্তুতন্ত্রহানত। লক্ষ্য নাও বা করিতে পারে। যারা কখনও সমুদ্র দেখে নাই, তাদের পঞ্চে ইহা লক্ষ্য করা অনেক সময় অস্ভব্গ হইয়া উঠিতে পারে। ক্রিন্ত যারা স্ফু স্বচক্ষে দেখিয়াছে, তাহাদের শিকটে এ⁵ ছবিটী যে আসল নহে ইহা ধরা পড়ি^{বেই} \পড়িবে।

সেইরপে যে সকল আন্তরিক রসের উপাদানে কোনও কাব্যস্টি রচিত হয়, তাহার 'বস্কুতন্ত্রতাও কবির অপরোক্ষ রুগান্ত্র-ভৃতির **অপে**কারাথে। এ অনুভৃতি ব্যতীত যে এরপ কাব্যস্ট হয় না, তাহা নয়। অনেক অবিবাহিন যুবকই আপনার যৌবন-সুলভ-রস-প্রাচুর্গানিবন্ধন, মাধুর্য্যের একটা মনগড়া ছবি অঙ্কিত করিয়া থাকেন। ফলতঃ এরপভাবে মাধুর্যারদের কল্পিত-স্ভোগ সর্ব্বরই পূর্ব্বরাগের একটা অতি সাধার**ণ ধর্ম।** কিন্তু এ সন্তোগ **য**ুই গভীর ও প্রাণোন্মাদকারী হউক না কেন. বস্বতন্ত্র যে নয়, ইহা অস্বীকার করা অসাধ্য। আর বাদর-বরে মূনদম্পতীর প্রথম মিলনে তাহাদের পরস্পরের দেহয্টকে আশ্রয় করিয়া যে অশরীরা রদ উছলিত হইয়া উঠে, তার সঙ্গে পূর্বারোরে এই কল্লিত সম্ভোগের প্রভেদ কোথায় এবং কি, প্রত্যক্ষ অভিজ্ঞতাতেই ,কেবল তাহা ধরা পড়ে। অনভিজ্ঞের পক্ষে ইহা বোঝা অসম্ভব।

রবীজনথের সাহিত্য-সৃষ্টি সাহিত্যের এই ছই রাজ্যকেই প্রধিকার করিবার চেষ্টা করিয়াছে। তিনি বহিঃপ্রকৃতির ও বদেশের সমাজ-প্রকৃতির, সাহিত্যের বহি-রজের এই উভয় প্রকৃতিরই বিবিধ চিত্র অন্ধিত করিয়াছেন। আর মানব-অন্তরের বছবিধ রসাদির মনোহারিলা প্রতিমৃর্তি স্টাইয়া তুলিবারও চেষ্টা করিয়াছেন। এই উভয় পেত্রেই তাঁর কোনও কোনও বিষয়ের প্রত্যক্ষ অভিজ্ঞতা ও অপরোক্ষ অন্কৃত্তি আছে; কোনও কোনও বিষয়ে

এই প্রত্যক্ষ অভিজ্ঞতার ও অপরোক অমুভূতির উপরে প্রতিষ্ঠালাভ করিয়াছে. দেখানে এগুলি যেমন সুন্দর সেইরপ সভ্যোপেত এবং বস্তুতন্ত্র ছইয়া উঠিয়াছে। যে সকল চিত্রের বিষয় সম্বন্ধে তার নিজের কোনও প্রত্যক্ষ অভিক্রতা বা সুপরোক্ষ অমুভূতি নাই, কিন্তু ভিনি আপনার অলোকদামান্ত কবিপ্রভিভার অঘটনঘটনপটীয়সী মায়ার সাহাব্যে বে-গুলিকে গড়িয়া তুলিয়াছেন, সেগুলি কোনও কোনও স্থলে অতি**ণয় প্রাণো**ন্ধাদ-কর হইলেও, সভোপেত এবং ব্সত্ত্র হয় নাই। রবীজ্ঞনাথের কবিপ্রভিভার আলোচনা করিতে যাইয়া, "নঙ্গদর্শনে" আমি এই কথাই বলিয়াছিলাম। এমন সোজা কথাটাও যে রবিবাবুর আসর ভক্ত-সাহিত্যিকেরা বুঝিতে পারিবেন না, ইহা কল্পনাও করি নাই।

সাণিত্যের স্টে সাহিত্যিকের অপরোক্ষ
বা পরোক্ষ অভিজ্ঞতার উপরেই প্রতিষ্ঠিত
হয়, একেবারে শৃত্যের উপরে গড়িয়া উঠে
না। এই জ্যু প্রত্যেক সাহিত্যিকের জীবনের
সঙ্গের সাহিত্য-স্টের একটা অভি ঘনিষ্ঠ
ও অপ্রালী যোগ থাকিবেই থাকিবে।
সাহিত্যিকের জীবনের সত্য অভিজ্ঞতাকে
উপেক্ষা করিয়া কোথাও তাঁর সাহিত্য
স্টের মর্মা ও মূল্য নির্দ্ধারণ করা সম্ভব
নয়। আমি রবীক্রনাথের কাব্য-স্টের
আগোচনা করিতে যাইয়া, তাঁর জীবনের
অভিজ্ঞতার অভিধানের সাহায্যেই এগুলির
অর্থ ও মূল্য নির্দিয়ের চেটা ক্রিয়াছি।
কিন্তু এক্রেও বিগত আবাঢ় মাসের

"প্রবাদী"তে শ্রীযুক্ত অজিতকুমার চক্রবর্ত্তী আমার রবীক্র-চরিত-চিত্রের ম্মালোচনা ক্রিতে যাইয়া,"মামি-সাহিত্য স্মালোচনার বিশুদ্ধ রীত্যসুদারে" এই চরিত-চিত্র লিখি নাই, এ অভিযোগ কেন করিয়াছেন, বুঝিলাম না। সাহিত্য থৈ জীবন ছাডা নয়, এ কথা লেখক নিঞ্জেও স্বীকার করেন। তবে "সাহিত্য-রচয়িতার জীবনের ভাল-মন্দের সহিত তাহার সাহিত্য-স্টার একান্ত সমন্ধ নাই" ইহাই অজিত বাবু মনে করেন। অতথ্য কোনও সাহিত্যিকের সাহিত্য-সৃষ্টির সমালোচনাকালে এ ভাল-মন্দকে উপেক্ষা করিয়াই চলা মাবশ্যক, নতুবা দে সমালোচনা ঠিক শাহিত্য-আলোচনার বিশুদ্ধ রীতি-সন্মত হয় না।

অজিত বাবু সাহিত্য সমালোচনার যে বিধান (canon) গুতিষ্ঠা করিয়াছেন, তাহার আলোচনা এখানে অসম্ভব এবং অনেকটা অপ্রাসঙ্গিক। মাসিকের কলেবরে এ আলোচনার স্থান এবং আমার 'দৈনন্দিন কর্মের ব্যস্ত হার মধ্যে ইহার সময় করিয়া উঠা সম্ভব নহে। আলোচনার পকে যে পাণ্ডিত্যের প্রয়োজন, ্রে পাণ্ডিত্যও যে আমার নাই, অপরে জাতুন বা না জাতুন, আমার অন্তরঙ্গ বন্ধু-বান্ধবেরা ইহা জানেন। কিন্তু রবীল্র-চরিত-চিত্রাঙ্কনে প্রবৃত্ত হইয়া, - নাথের আমি দশ-আজ্ঞার ফুট-ফিতা লইয়া যে রবীজনাথের জীবনের ভাল-মন্দের মাপ করিতে যাই নাই, ইহা তো অস্বীকার করা সম্ভব নয় ৷ আমার নিকটে ভাল-মন্দটা বাহিরের বন্ধু, নয়, ভিতরে(গ বিধান।

প্রকতিভেদে, অবস্থাভেদে, অধিকারভেদে ভাল-মন্দের আদর্শ ভিন্ন ভিন্ন ব্যক্তিতে ও ব্যক্তিতে ভিন্ন ভিন্ন বিভিন্ন আকার ধরিয়া থাকে। ব্রহ্মচারীর त्रभगीय्थनर्भन (कन. खीरनारकत ছায়াম্পর্শ পর্যান্ত অপরাধের কথা যে চিত্রকর 🚁 ভান্ধর চিত্রপটে বা মর্গ্রখণ্ডে রমণী-রূপের অশরীরা মূর্ত্তিটি ফুটাইয়া তুলিয়া, তাহারই ভিতর দিয়া মুমুজ মগুলী মধ্যে "সুন্দরের" সংবাদ করিবেন, তাঁর পক্ষে জীবন্ত রূপদীকে সম্মুখে করিয়া, তাঁর মুখ ধ্যান করিতে করিতে, দেরপে তনায় হইবার জন্য স্ব্পপ্রকারের সাধন অবলঘন না করাই অংশ । খৃহীয় জগতের ধর্মনীতিও এখন প্রাচীন ইছদার দশাজার মাপকাটিকে ছাড়াইয়া উটিয়াছে। আধুনিক মুরোপের ধৰ্মনীতি বা এথিকস্ও (Ethics) এথন আ্থাছরিতার্থতা (Self-realisation) লাভকেই ধর্মাধর্ম বা ভালমন একম্ত্রে কষ্টি-পাথর বিচারের গ্রহণ করিতেছে। 🖙 ভারতের সনাতন সাধনা "ধর্ম" বলিতে চিরদিনই একরূপ এই বস্তুকে বুঝিয়া আসিয়াছে। এই জন্মই ধর্মকে "সর্বেষাং ভূতানাং মধু" বলা হইয়াছে। আ্যাদের সাধনায় প্রত্যেক বস্তর নিজয প্রকৃতিকে ফুটাইয়া তুলিয়া, সেই প্রকৃতির পরম পরিণতি ও চরম চবিভার্থতা-লাভকেই ধর্ম বলিয়া চিত্রিন প্রচার করিয়াছে। সুংরাং কবির পক্ষে আপনার ্কবি-প্রকৃতির পরম পরিণতি চীরভার্থতালাভই শ্রেষ্ঠতম ধর্ম। কোনও

কাব্যস্টি এই চরিতার্থতা লাভ করিয়াছে
কি না করিয়াছে, ইহারই দারা তাহার
ভালমন্দের বিচার হইবে। এই কষ্টিপাথরেই আমিও রবীক্রনাথের কাব্য-স্টির
পরীক্ষা করিবার চেষ্টা করিয়াছি। দশআজ্ঞার ফুট-ফিতা ফেলিয়া তাঁর "জীবনের
ভাল-মন্দের" কালি কষিতে যাই নাই।

কিন্তু বাহিরের ধর্মাধর্মের মাপকাটি
দিয়া কবির জীবনের বা কাব্য-স্টির
বিচার করা অসঙ্গত বলিয়া তিনি জটিল
মানব-জীবনের কোন্ বিভাগের কতটা
অভিজ্ঞতা লাভ করিয়াছেন, আর তাঁর
সাহিত্য-স্টি কোথায় কি পরিমাণে এই
সকল অপরোক্ষ অমুভূতির ফল, এবং
কোথায় কি পরিমাণে কেবল আপনার
মানস-কল্পনারই স্টি, তারও বিচার করা
কি "সাহিত্য-সমালোচনার বিশুদ্ধ-রীতি"সম্মত নহে ? অজিত বাবু শেলির যে ত্ইটী
চরণ উদ্ধার করিঃগছেন—

In many mortal forms I rashly sought

The shadow of that idol of my thought.

এই idol of my thought এই মানস- করা কি "সাহিত্য-স্মালোচনা প্রতিমা কি শেলির অন্তরে আপনা হইতেই রীতি-স্মত হইত না ? দাঁতের ফুটিয়া উঠিয়াছিল, না যে সকল মর্ত্যাদেহের চণ্ডীদাসের রজকিনী রামা, দি সঙ্গে তিনি বিবিধভাবে, বিবিধ রসের লক্ষ্মীবাই,—না থাকিলে কি কথন সম্বন্ধে আবদ্ধ হইয়াছিলেন, সেই বরাঙ্গিণী- আপনাদের কাব্যস্থিতে এমন বিবের বরবপুকে আশ্রেম করিয়াই তাঁর চিত্তে ফুটাইয়া তুলিতে পারিতেন ? সে এই মানস-প্রতিমার আবির্ভাব হইয়াছিল ? তাঁহাদের এই সকল অনুপম কাষে ভাবে শেলি এই সকল মর্ত্তাদেহে তাঁর যে বন্ধ্যাপুত্রবৎ বন্ধতন্ত্রভাবিহীন অমূর্ত্ত মানস-প্রতিমাকে পুঁজিয়াছিলেন পড়িত, ইহা ক্ষ্মীকার করা অসম্ভব

তাহা হয় ত খৃষ্টায় সমাজের প্রচলিত ধর্মনীতির অমুমোদিত ছিল না। স্মৃতরাং
এই নীতির দিক দিয়া বিচার করিলে,
শেলির চরিত্র নিন্দনীয় হইতেও বা পারে।
কিন্তু শেলির কাব্যের আলোচনায় সমাজনীতির এই সিদ্ধান্তের কোনও স্থান নাই।
এখানে শেলি যাহা অন্ধিত করিয়াছেন,
রসের ওজনে তাহা সত্য ও সুন্দর কি না,
ইহাই বিচার করিতে হইবে। আজন্ম
ব্রহ্মচারী কার্ডিক্যাল নিউম্যান (Cardinal
Newman) যদি এই কবিতাটী লিখিতেন,
আর শেলি যদি কার্ডিক্যাল নিউম্যানের—

"Lead kindly Light"

এই বিশ্ববিশ্রত সঙ্গীতটী রচনা করিতেন. তবে এ ছটীকেই কি বস্তুতন্ত্ৰতাবিহীন বলা যাইত নাণু ভগবান শঙ্করাচাগ্য অলোকিক কল্পনাবলে কালিদাদের উমার রপবর্ণনাটী লিখিতেন, আর কালিদাস যদি শঙ্করের 'মোহমুগদর' রচনা করিতেন, তবে এ সকলকে তাঁহাদের নিজ নিজ জাবনের প্রত্যক্ষ অভিজ্ঞতার ও অপরোক্ষ রসাথ-ভূতির কট্টিপাথর দিয়া বিচার করিয়া, ইহাদের সত্যাসত্য ও ভাল-মন্দ নির্দারণ করা কি "দাহিত্য-স্মালোচনার বিশুদ্ধ রীতি সমত হইত ন। ? দাঁতের বিয়েটি,স্ চণ্ডীদাদের রঞ্জিনী রামা, বিভাপতির লক্ষীবাই,—না থাকিলে কি কখনও ইঁহারা আপনাদের কাব্যস্ষ্টিতে এমন অম্ভুত রুস্ ফুটাইয়া তুলিতে পারিতেন? সে অবস্থায় তাঁহাদের এই সকল অত্পম কাব্যস্টিও, যে বন্ধ্যাপুত্রবং বস্তুতন্ত্রতাবিহীন

हरें है गान शृष्टी श्रान् नभारक कतिया, जाशा तहे আছে লালিতপালিত হইয়াছিলেন। কিন্তু তার কাব্যে তিনি যে অভূত রসের আদর্শ ফুটাইমা তুলিয়াছেন, তাহার সঙ্গে খুটায়ানী সাধনার সক্তি নাই। এই আদর্শ পুরা-माजात्र भागाम (Pagan), शृष्टीशान् नरह। রক্তমাংসের ভতর দিয়া বিধাতা যে অপর্প রূপ ফুটাইয়া তুলেন, প্রাচীন গ্রাশ ও রোমই কেবল তাহাতে কোনও প্রকারের অতিলোকিক অরপকতা বা আধ্যাত্মিকতা चारताल मा कतिया, त्रक्तमाश्तत विनया, রক্তমাংস্রপেই, এই মাতুষী সৌন্দর্য্যের माथना कदिशाहिल। देशहे भागान-क्रभ-সাধনা ব্লিয়া ইতিহাসে প্রসিদ্ধিলাভ করিয়াছে। ওয়ান্ট হুইটম্যান এই সাধনাকেই সময়ের উপযোগী করিয়া. বৰ্ত্তমান তাঁহার কাব্যস্টির সাহায্যে পুন:প্রতিষ্ঠিত করিবার চেষ্টা করিয়াছেন। এই অন্তুত সক্তে ত্ইটম্যানের কাব্যস্থির (बोरामत উচ্ছ अन इंखिय-ভোগ-চেষ্টার সম্বন্ধ যে অতি ঘনিষ্ঠ, এই অতি মোটা কথাটা শা বুঝিলে, ছুইটম্যানকে কেং বুঝিতে পারিবে বলিয়া বোধ হয় না। ছইটম্যান্ প্রথম যৌবনে ব্রহ্মচারী বা পরজীবনে ব্রাহ্ম হইলে যে ভার অপূর্ব কাব্য সকল রচনা ক্রিতে পারিতেন না, ইহা বলা নিতান্তই মিপ্রয়োজন।

বাহিরের বিষয়ের প্রত্যক্ষ অভিজ্ঞতা ও অন্তরের অপরোক্ষ রসামূভূতির সঙ্গে কবির কাব্যক্টির সম্বন্ধ যে কত খনিষ্ঠ ও অকাদী, স্বশাক্ষনাধের কবিতাতেই তার প্রমাণ পাঙ্রা বার।, রবীক্ষনাথ ধ্রধানেই এই

প্রত্যক্ষ অভিজ্ঞতার উপরে আপনার কবি-কল্পনাকে গড়িয়া তুলিতে গিয়াছেন, সে-থানেই তার কাব্যসৃষ্টি অলৌকিক উৎকর্ষ ও সত্য লাভ করিয়াছে। দৃষ্টান্ত স্থলে তাঁর "পতিং।" শীর্ষক কবিতাটীর উল্লেখ করিতে পারা যায়। এই কবিতাটীর সঙ্গে তুলনা করা যাইতে পারে, এমন কবিতা জগতের কোনও সাহিত্যে আছে কি না, জানি না। গুনিয়াছি ব্রাউনিংএর কোনও কোনও স্থলে না কি ইহার আভাস মাত্র পাওয়া যায়। আর রবিবারু যে এমন অমুপম বস্তুর স্ষ্ট করিতে শারিয়াছেন, ইহার ছুইটা কারণ এক তিনি কলিকাতায় জনিয়া, আশৈশব একরপ ৰালিকাভাতেই বাড়িয়া উঠিয়াছেন। দ্বিতীয় কারণ তিনি হিন্দু, খৃষ্টীয়ান্ বা মুসলমান নহেন। রবিবাবুর মনগড়া তত্ত্ব-সিদ্ধান্ত যাই হউক না কেন, জীবের ভিতরেই যে অক্ষয় শিবস্থরূপ বাস করিতেছেন, তাঁর প্রুতির মধ্যে এই ধারণা সর্বদাই জাগিয়া "পতিতা" লোকচক্ষে পতিতা, সমাব্দে পরিত্যক্তা, অনার্যাসেবিতা হইলেও ভাগবতী প্রকৃতি 🙀 বিগ্রহ বলিয়া, প্রকৃত-পক্ষে দে দেবতা, তার এই দেবভাব ভস্মাচ্ছাদিত অগ্নির মত, পাতিত্য-কর্মের শুভযোগায়ে গে যে সে অন্তনিহিত দেবতা আত্মসরপের পতিভার মধ্যেই করিতে છ পারেন আছে। * হিন্দুর ভত্তবিভা, ইিন্দুর পুরাণ,

 [&]quot;ছেড়েছি ধরম, তা বলে ধরম ছেড়েছে কি মোরে একেবারেই!

हिन्दूत पर्भन, हिन्दूत जञ्ज, এमन कि हिन्तूत रेपनिन्पन कियाकर्ष * भर्याख- नकत्न মিলিয়া অলক্ষিতে এই ভাবটা জাগাংয়। রাখিয়াছে। রবিবার হিন্দু না হইলে, 'পতিতার" অপুর্ম আধ্যাত্মিক রূপরাশিকে এমন ভাবে, ভক্তাবনতপ্রাণে, কখনই ফুটাইয়া তুলিতে পারিতেন না। আর "পতিতার" ভিতরকার অন্থপম শ্রীসম্পদ যেখন কবির জাতায় সাধনা ও জাতীয় প্রকৃতি হইতে ফুটিয়া উঠিয়াছে, শেইরূপ এই অপূর্ব ছবির চারিপাশের অবস্থার ও ব্যবস্থার সমাবেশও তাঁর ভদ্রাসনের আশে-পাশের দৃশ্য হইতেই গড়িয়া উঠিয়াছে এবং "পতিতার" চিত্রটী এমন অলোক-সামাক্স উৎকর্ষ ও সত্যতা লাভ করিয়াছে। কলিকাতা সহরে, ধনীপরিবারে ভোগ-विनारमत्र भर्या, य ज्ञारन--

> লাহিক করম, লজ্জা সরম, জানিনে জনমে সতীর প্রথা, তাবলে নারীর নারীসটুকু ভূলে যাওয়া সে কি কথার কথা।

কেবল হিন্দুপতিতার পক্ষেই এই ভাবটা অনুভব করা সম্ভব। পতিতা হইর্মাও তাহারা ধর্মনর্মকে একেবারে পরিত্যাগ করে না। গঙ্গান্ধান ও বিবিধ এতপুলা তাদেরও আছে। আর এ সকল বাহ্ ক্রিয়া-কলাপের ভিতর দিয়া মানুষের প্রাণের অন্তনি হিত দেকভাবের সঙ্গে কত্তা পরিমাণে বে অতিশয় ধর্মকর্ম-হীন লোকেরও একটা সম্পর্ক জাগিয়া থাকে, বহিমু্থীন খৃটীয়ান সাধনা এ কথা বোঝে না। '

বিজন্পগ্নিক। পুপ্দালা পতাক।

সন্তাদুংগৈং ঘৃতং বা দ্বিমধ্বজতন্

কাকনং শুকুধান্তং দৃট্টা শ্রুষা

পঠিয়া বা কলমিহ লভতে মানবং গস্তকাম:।

হিন্দুকে বাতাকালে এই মন্ত্র পড়িতে হয়।

কন্ধ নিলয়ে
 প্রদীপের পীত আলোক আলো

যেথার ব্যাকুল বন্ধ বাতাদ

ফেলে নিখাদ হতাশ-ঢালা।
রতন নিকরে, কিরণ ঠিকরে,

মুকুতা ঝলকে অলকপাশে,

মদির-শীকণ্ণ দিক্ত আকাশ

যান হয়ে যেন যেরিয়ে আলে !—

তারি অনতিদ্রে অধিকাংশকাল অতিবাহিত
না করিতেন, বোলপুরের প্রাস্তরে 'শান্তি
নিকেতনের'' বিজন গার মধ্যে জলিয়া,
আজন সেইখানেই যদি বাস করিতেন,
তবে তার পক্ষে 'পতিতা" লেখা যে
অসম্ভব হইত, ইহা কে অস্বীকার করিতে
পারে ?

কিন্তু কেবল "পতিতার" চিত্রান্ধনেই य त्रवीक्तनाथ व्यनवना (मोन्नर्यात्र मरक অপুর্ব বস্তুত্রতার সমাবেশ পারিয়াছেন তাহা নহে। স্বর্গীয় মোহিত-চন্দ্র পেন সম্পাদিত রবিবাবুর "কাব্যগ্রন্থে" 'নারী' শীর্ষক প্রায় সকল কবিতাতেই সভ্য ও সৌন্দর্য্যের এই মধুর সমাবেশ দেখিতে পাওয়া যায়। 'উবলী' রবীজ্ঞ-প্রতিভার শ্রেষ্ঠতম স্বস্টি। জগতের আর কোনো সাহিত্যে 'উর্বলী'র মত কোন কিছু আছে কি না সন্দেহ। থাকা সম্ভব বলিগা মনে হয় না। কারণ 'উর্বনী' হিন্দুর নিজ্য বস্ত। ভিনাদের মত রূপসী হইয়াও 'উর্বানী' ভিনাস নহেন। আধুনিক সাহিত্য-স্টেতে রাহভার স্থাগার্ডের 'শী'তে (She) আমাদের 'ঊর্বণা'র ছায়ার ছায়া একটু **कृषिप्राद्ध माज विषया मत्न वस्र। काशार्ख**

'শী'কেই পরবর্তী-উপক্যাসে World's Desire—'বিশ্ববাদনা' রূপে প্রতিষ্ঠিত করিয়াছেন। কিন্তু

>বিকশিত বিশ্ব-বাসনার অরবিন্দ মাঝখানে.....

রবীন্দ্রনাথ যে ''উর্বানী'কে প্রত্যক করিয়াছেন, তার সঙ্গে হাগার্ডের ''শী"র (कारनाइ जूनना दश ना। कनठः त्रविवार्ते কবি-প্রতিভার অলোকিক অগাধারণ স্ষ্টকুশলতা 'উর্ননী'তে যেগন ফুটিয়াছে, তাঁর আর কোনা কবিতায় তেমন ফোটে নাই। এই সৃষ্টিকুশলতা জগতের অমর-কবিসমাজেও বেশী খুঁজিয়। পাওয়া याध् कि ना मत्मर। त्रविवातृत व्यत्नक ক্বিতার অপূর্ব্ব মাধু্গ্য, কেবল তার অভূত শবসম্পদকে আশ্রয় করিয়া ফুটিয়া উঠে,— এগুলির সৌন্ধ্য একান্তই ধ্বন্থাম্মক, অশ্রারী, স্বপ্নদৃষ্টির ভার এগুলি ছারাম্যী। এই সকল ক বতায় অতৃপ্ত বাসনার জ্বন্ত পিপাস৷ মাত্রই বাড়াইয়া দেয়, কোনও বিষয়ে সভা ও পারপূর্ণ ভৃপ্তিদান করিতে পারে না। 'উকান'র মাধুর্য্য এ জাতীয় নহে। অথচ 'উৰ্কণী' সত্য সত্যই—

"অধিল মানস-স্বর্গে অনন্ত রজিণী"
'স্বপ্প-সঙ্গিনী' ভিন্ন থার কিছুই নহেন।
কিন্তু 'বিশ্ববাসনা'র এই স্বপ্পই যে সতা,
বাস্তবজাবনের সকল সতা অপেক্ষা কম
সতা নহে, কিন্তু প্রক্রেত পক্ষে বেশী সতা,
রবীক্রনাথ আপনার স্টেকুশলতা ওণে,
'উর্ব্বনী'র চিত্রে এই তন্ত্রটীই বিশদ করিয়া
ফুটাইয়া তুলিয়াছেন। বস্ততন্ত্র কাব্য
কাহাকে বলে, 'উর্ব্বনী'তে রবীক্রনাথ স্থয়ই

তাহা দেখাইয়াছেন। বিশিষ্টের মধ্যেই যে নির্নিশেষ বস্ত আত্মগোপন যাইয়াই, নিয়ত আত্মপ্রকাশ করিতেছেন : गालुद मर्पारे रा अनुष्ठ आपनार हाताहे-বার চেষ্টা করিয়াই পূর্ণতর, ফুটতররূপে আপনাকে ফিরিয়া পাইতেছেন; অনিভার চাঞ্চল্যের মধ্যেই যে নিহাত্বের নিতাস্বরূপটী হইয়া ''নিকাতনিস্বস্পপ্রদীপমিব" জলিতেছে,—রবীক্রনাথ সমষ্টিগত মানব-श्वनरात अङ्ख-अन १- त्रापिशा । त वित्र छन-বিষয় রূপিণী 'উর্বণী'র চিত্ৰে দেখাইয়াছেন। এখানে অত কামনা-শৃত কাম, সর্বাদম্পর্কবিহীনা কামিনীর সন্মুখে দাড়াইয়া ভাহার ধানে করিতেছে। এখানে রমণী—ভব্ব রমণীরূপে—আপেনার নিত্য ও নিজয় স্বরাপটাতে পুরুষের—শুদ্ধ পুরুষের — সন্মুথে উপস্থিত। এখানে পতক্ষ অগ্নির নিজ্বরপের সাক্ষাৎকার পাইয়া আত্মহারা। জগতের সকল কবিই কোন্ত না কোনত রমণীরূপের বর্ণনা করিগ্রছেন। কিন্তু রবীন্দ্রনাথ 'উর্ব্বনা'র চিত্রে এ রূপটা যেমন করিয়া ধরিংগাছেন, সেক্ষপীয়র কি শেলা, বায়রণ কি ব্রাউনিং, হাফেজ কি कि नानि.-- अथवा बागात्मत कानिनान वा ভবভূতি, জয়দেব বা বিদ্যাপতি, চণ্ডিদাস বা আর কেহ তেমন করিয়া ধরিতে বলিয়া মনে পড়ে না। পারিয়াছেন রবান্তনাথের 'উর্বাদী' শ্রেষ্ঠতম কাব্য ও ও গভীরতম দর্শন।

'উর্কাশী'তে যাহা কবি অপূর্বকলা-হুশলতা-সহকারে হত্তরপে ব্যক্ত কাংমাছেন, 'নারী' শীর্ষক ভিন্ন ভিন্ন কবিতাগুলিতে তাহাকেই বেন রুত্রির আকারে বিশদ করিয়া তুলিবার চেইা করিয়াছেন। একদিকে আপনার চারি পাশের নিদর্গের ও মানবদমাঙ্গের প্রত্যক খভিজতাও অক্তদিকে আপনার অন্তরের নিগুড়তম অপরোক্ষ রসাত্মভূতি – এই বিবিধ প্ত্রকে আগ্রয় করিয়। যেমন কবি তাঁর অপূর্ব 'উর্বাণী'কে সেইরূপ এই 'নারী' শীর্ষক অনেক চিত্র ও চরিত্রকে গড়িয়া তুলিয়াছেন; 'উর্বনী' এইজ্ঞ তাঁর যেমন গভার বস্তুত্ত্তালাভ করিয়াছে, সেইরূপ তার 'তোমরা ও আমরা', 'ব্যক্ত প্রেম', 'লজ্জিতা' এই সকলগুলিই অনুশম সৌন্দর্য্য ও বস্ততম্বতা লাভ করিয়াছে। ফলতঃ নারী-হৃদয়ের গভীরতা ও রমণী-চরিত্রের হুর্ভেদ্য বিচিত্র রহস্থ রবীজনাথ যেমন করিয়া नाना िक पिया, नाना ভাবে, ও বিচিত্র বর্ণে অঙ্কিত করিয়াছেন, আর কোনও বাঙ্গালী কবি তাহা করিতে পারেন নাই। আর ववीखनाथ (य कारण, (य प्राप्त, (य शविवाद (य नभाष्क ष्यनाधात्र রূপগুণে বিভূষিত হইথা এ নিয়াছেন, এবং 'যে সকল বিবিধ সম্বন্ধে আবদ্ধ হট্য়া সমুদায় **को गरन** द्र অভিজ্ঞতা অর্জন করিয়াহেন, তাহাকে

আশ্রর করিয়াই তাঁর নারীচরিত্রগুলি এমন অপূর্ব্বদৌন্দর্য্য ও সভ্যলাভ করিয়াছে।

আবার রবিবাবু অনেক সময় সুকোমল গোলাপদলে শ্যুন কৰিয়া, বদন্তের মৃত্ব
মলয় নিঃস্বন পান ও শরতের জুল্ল জোৎসায়
স্থিম হইয়া কবি-কলনার এই সকল মামুলী
উপুক্ষরণের সাহায্যেই অনেক কবিভাও
রচনা করিয়াছেন। এই সকল কাব্য স্প্তি
যতই স্থানর হউক না কেন, বস্তভন্ত যে
হয় নাই, ইহা কিছুই আশ্চর্য্য নহে। এই
সকল কবিভার বাজারের মিপ্তম্ব বিমানচারিণী
ভাবুকভাকে যতই মুগ্ধ করুক না কেন,
উচ্চাঙ্গের সাহিভারে রস্পিপাদাকে কিছুতেই
যে স্থিম করিতে সমর্থ হয় না—ইহাও বা
অসীকার করিতে পারা যায় কি ? *

ঐীবিপিনচক্র পাল।

* রবী শ্রবাব্র চরিত চিত্র বাহির হওয়ার পর উহার সহলে কোনও প্রকার বাদপ্রতিবাদ "বঙ্গনশনে" দেওয়া অনাবশুক হির হইয়াছিল। এই প্রবন্ধনী সেইজক্ত অপ্রহায়ণের "বিজয়া"র জক্তই বিশেষ ভাবে লিখিত হয়, কিন্ত এই প্রবন্ধটি লেখা শেষ হওয়ার পর দেখা গেল ইহা বাদ-প্রতিবাদ নহে এবং ইহাতে অনেক নুতন কথাও আছে, সেইজক্ত লেখক মহাশয়ের সম্মতিক্রমে "বঙ্গদেশিনে"ও ইহা প্রকাশিত হইল। বঃ সঃ

দ তী

তৃমি জান কত ক্রটি, কত অপরাধ
ভরিয়াছে এ জীবুনু—সব জেনে শুনে
তবু মোরে ভালুবাস শুধু নিজ গুণে।
তে প্রেমবার্রিধি মোর অসীম অগাধ,
খামার জীবন-তট বেড়িয়া খেরিয়া
আমারে বেংধছ তুমি চির-আলিজনে।
শত উপচারে তুমি দেহমন দিয়া

নিত্য মোর কর পূজা — আমি জানি মনে
সে নৈবেদ্য মোর নয়; আমি মাটি খড়,
শুধু ভক্ত-হৃদয়ের মানসী প্রতিমা
প্রেমমন্ত্রে বাঁধা হেথা— আমি মৃত জড়।
থৈ প্রাণ আমাতে হেরি তুমি ধ্যানরতা
তোমার সাধনা বলে হে সতি আমার,
সে প্রাণ এ মৃত প্রাণে হবে কি সঞ্চার ?

অনুতাপ

তুমি জান কত তুমি দিয়েছিলে মোরে
তুমি জান কি তাচ্ছিলা অবহেলা ভরে
বার্থ করিয়াছি আমি আজীবন ধরে
তোমার স্নেহের দান । কি মোহের ঘোরে
কাটালাম এত বর্ষ নিশ্চেষ্ট অসার,
ধ্মাহীন, কর্মহীন, আলস্যমন্থর
শম্বকের মত শুধু ভারে আপনার।

দিয়াছিলে বজ্ঞ দেহ—আজি থরথর
অকাল বার্দ্ধকা ভরে, বিমল প্রতিভা
নষ্ট আরমীর মত মান বিম্বহীন।
কি না তুমি দিয়াছিলে, আজি আছে কি বা
শুধু ধ্বংদ-অবশেষ, দর্শবান্ত দীন
আপনার কর্মবশে। তগো মহারাজ,
হের আজি কুপুত্রের ভিথারীর দাজ।

শ্রীস্থরেশ্বর শর্মা।

অভিসারিকা

এতদিনে দিলে ধরা মোর বাহুপাশে, মোর বক্ষে আত্মহার। হে অমুরাগিণী হে মোর প্রণয়বেণুবিমুগ্না হরিণী ব্রাস্ত ভীত মৃহপদে কম্পিত নিখাদে বনবনাস্তর হ'তে মোর কাছে আসি আপনারে অবহেলে করিলে বন্দিনী। লক্ষা বিধা শক্ষাকুলা হে অভিসারিণী,

প্রতিকৃশ পবনের বাধারাশি নাশি'
কৃল হ'তে স্রোতমুখে অক্লের পানে
তরীখানি লীলাভরে দিলে ভাসাইয়া
অপূর্ব তরক ভকে শাচিয়া নাচিয়া
দূর পর পার হ'তে আসিলে এখানে
উদাসীর দীপহীন ক্ষুদ্র এ কুটীরে
প্রেনের সন্ধাস লয়ে পশিলে সুধীরে!

শ্রীস্বেশ্বর শর্মা।

পুনঃ সংসারী

বছদিন পরে পুন পল্লীপ্রান্ত পথে
ফিরিতেছি সেবি' লিগ্ধপ্রভাতসমীর,
হেনকালে সবিশ্বরে হেরি সে কুটার,
জীর্ণ, ভগ্ন, পরিত্যক্ত, জন্গলে অশথে
স্মাজ্যর ধ্বংসস্তুপ, নব-সংস্কারে
লভিয়াছে পুনজ্ম।—কুটস্থ নবীন
খনপূর্ণ বিরচিত, প্রান্থণ মাঝারে

তুলসী বেদিকা দিশ্য, সুথে সমাসীন বোমন্থ করিছে গাভী, মালঞ্চ ভরিয়া রাশি রাশি গন্ধ শোভাবর্ণের বিকাশ। আবেশে ভরিল চিন্ত, মুগ্ধ মোর হিঁয়া পল্লীর আলেখ্যপটে নিজ ইতিহাস অপেন জীবনচ্ছবি হেরিল মৃধুর, নুতন মন্দিরগানি নুতন বধ্র।

শ্রীস্থরেশ্বর শর্মা।

व्यथम बहेट इ. वर्ष कथा ८ वर्षाक (व्यटम अवर १ प अन्ति वास्ति वास्त



বঙ্গদর্শন

নিমাই-চরিত্র

অফ্টম অধ্যায়

টোলভঙ্গ ও কীর্ত্তনারম্ভ নিমাই গৃহে প্রত্যাগত হইলে সকলেই তাঁহার পরিবর্ত্তন লক্ষ্য করিয়া আশচ্চাটিত হইলেন। প্রাণ্ডিত্য-গর্ব্ধ-ক্ষীত যুবকের সে বিদ্যার অভিমান আর নাই। তাঁহার বিনীত ব্যবহারে বন্ধবান্ধব সকলেই প্রম প্রীতি লাভ করিলেন। বহুলোক তাঁহাকে দেখিতে আদিল, নিমাই সকলেরই সহিত যথাযোগ্য সন্তাষণ করিলেন। আবু সকলে প্রস্থান করিলে কৃতিপয় বিষ্ণুভক্ত গয়ার **সবিশেষ** শুনিতে চাহিলেন। গ্রাধামের বর্ণনা আরম্ভ করিয়া নিমাই ভাবাবিষ্ট হইয়া পড়িলেন, তাঁহার নয়নযুগল হইতে অবিরাম ধারা বহিতে লাগিল, শরীর রোমাঞ্চিত হইল ও থর থর করিয়া কাঁপিতে লাগিল, তিনি কেবল ''ক্লফ ক্লফ'' বলিয়া রোদন করিতে লাগিলেন। কিঞ্চিৎ প্রকৃতিস্ত্রয়া সময়ান্তরে স্বিশেষ বর্ণনা করিবেন বলিয়া নিমাই বন্ধগণকে বিদায় ^{দিলেন।} শচীদেবী পুত্রের ভাবান্তর লক্ষ্য করিয়া অমঙ্গলাশকায় গৃহদেবতা গোবিন্দের শ্বণাপন্ন হইলেন।

দেখিতে দেখিতে নবদ্বীপম্ব বৈষ্ণবগণের মধ্যে নিমাইর ভাবাবেশের কথা প্রচারিত হইয়া পড়িল--ভিনিয়া সকলেই পরমহৃষ্ট হইলেন। শ্রীবাস পণ্ডিত প্রার্থনা করিলেন ''শ্রীকৃষ্ণ আমাদের গোত্রবৃদ্ধি করুন।" পরদিন বৈষ্ণবগণ শুক্লাম্বরত্রন্ধচারীর গৃহে সমবেত হইলে, নিমাই তথায় গিয়া উপস্থিত হইলেন। বৈঞ্ব দর্শনে তাঁহার ভক্তি উবেল হইয়া উঠিল এবং তিনি ''হা ক্লফ কোথা ক্বঞ্ষ' বলিয়া মূর্চ্ছিত হইয়া পড়িলেন। ভক্তগণের মধ্যে তখন প্রেমের বক্তা ছুটিল— সকলে নিমাইর সঙ্গে সঙ্গে রোদন করিতে লাগিলেন। নিমাইর ক্ষণে মৃচ্ছা, ক্ষণে চেতনা হইতে লাগিল। কণে কণে কাতর কঠে লাগিলেন ''नन्दरगां भनन्दनरक আনিয়া দিয়া আমার প্রাণ রক্ষা কর।"

এইভাবে কিছুদিন গেলে নিমাইর
অধ্যাপক গঙ্গাদাস পণ্ডিত নিমাইকে পুনরায়
অধ্যাপনা আরম্ভ করিতে অমুরোধ
করিলেন। গুরুর আদেশ শিরোধার্য্য
করিয়া নিমাই মুকুন্দ সঞ্জধ্যের গৃহে
অধ্যাপনার্থ গমন করিলেন। কিন্তু

অধ্যাপনা করিবে কে ? অধ্যাপক নিমাই গয়াধামেই অন্তর্হিত হইয়াছিলেন। এ যে ভক্তিপাগল নিমাই—ইহার মুখে যে কৃষ্ণ **िन्न कथा नार्डे, मत्न (य कृ**ष्ठ চিন্তা নাই। শিয়গণ পুঁথি খুলিয়া পাঠ আরম্ভ করিলেন, কিন্তু পাঠ লইবার সময় ष्यशाभक्त विकिष्ठ भगन कतिया प्रिथितन তিনি বাহজানশুক্ত। তাঁহারা করিলেন 'হরি'নাম উচ্চারিত হইতে শুনিয়াই নিমাইর সংজ্ঞালোপ इहेन। সংজ্ঞালাভ করিয়া পাঠ ব্যাখ্যা করিতে করিতে নিমাই হারগুণকীর্ত্তন আরম্ভ করিয়া দিলেন, আবার ক্ষণকাল পরেই লব্জিত ভাবে জিজ্ঞাগা করিলেন-তিনি কোনও চাঞ্চ্য প্রকাশ করিয়াছেন কি না। দিবগান্তে নিমাই জিজ্ঞাগা করিলেন সেদিন তিনি কিরপ পাঠ ব্যাখ্যা করিয়াছেন। শিয়াগণ উত্তর করিলেন "আজি আপনার মুখে কৃষ্ণ নাম ভিন্ন আর কিছুই ফুরিত হয় নাই।" পরদিন টোলে গিয়া নিশাই পূর্ব্বেরই মত ক্লফণ্ডণ কীর্ত্তন করিতে আরম্ভ করিলেন। শিশ্বগণ কিংকর্ত্তব্যবিমৃঢ় হইয়া পড়িন।

দিনের পর দিন যাইতে লাগিল, অধ্যাপনা হইল না। এক দিন "সিদ্ধবর্ণ-সমায়ায়"স্তের অর্থ জিজ্ঞাসিত হইয়া নিমাই উত্তর করিলেন "নারান্দ সর্কাবর্ণে সিদ্ধা" শিশু পুনরায় জিজ্ঞাসা করিল "বর্ণ কিরপে সিদ্ধ হইল ?" নিমাই উত্তর করিলেন "ক্ষণ্ড দৃষ্টিপাত বশতঃ।" তথন শিশুবলে "পণ্ডিত উচিত ব্যাখ্যা কর"। প্রভু বলে "স্কাক্ষণ শ্রীকৃষণ মাঙ্র ॥

ক্তফের ভঙ্গন কহি সম্যক আয়ায়। আদি মধ্য অন্তে ক্লফ্ড ভঙ্গন বুঝায়॥

শিয়গণ ভাবিলেন, নিমাইর বায়ুরোগ হইয়াছে; গহারা পুস্তক বন্ধ করতঃ গঙ্গা-দাস পণ্ডিতের নিকট যাইয়া সবিশেষ বর্ণনা করিলেন, এবং তাঁহার উপদেশ মত নিমাণকে তাঁহার নিকট লাইয়া গেলেন। অধ্যাপকের নিক্রিনাতিশয্যে নিমাই ভাল রূপ পড়াইতে প্রতিশ্রত ২ইলেন।

নিমাই টোলে যাইয়া পূর্বেরই মত অধ্যাপনা সহিত করিলেন। শিশ্বগণ আশান্তিত হইল এবং নবোৎসাহে অধ্যয়নে প্রবৃত্ত হইল। পাঠ দেওয়া শেষ হইলে, বিভাহীন ভট্টাচাৰ্য্য-দিগকে লক্ষ্য করিয়া নিমাই বলিতে লাগিলেন ''যাহাদের সন্ধিজ্ঞান নাই, কলি-ুণে তাহারাই ভট্টাচার্য্য উপাধিতে ভূষিত, যাহাদের শব্দ জ্ঞান নাই, ভাহার। তর্ক করে। আমার খণ্ডন ও স্থাপনের অন্তথা করিতে পারে, নবদ্বীপে এমন পণ্ডিত কে আছে ?" এই গব্বিত বচন সম্পূর্ণ উচ্চারিত হইতে না হইতেই নিমাই শুনতে পাইলেন রত্নগর্ভ আচার্য্য পাঠ করিতেছেন— ু "খামং হিরণ্যপরিধিং বনমাল্যবর্হ ধাতু প্রবাল নটবেশমন্মরতাংশে।

ই বিস্তথ্যস্তামতরেণ ধুনানমক্তং

কণোৎপলালক-কপোল মুখাজহাসং॥"

সমনি দেখিতে পাইলেন, বনমলো

শৈথিপুচ্ছ ধাতু প্রবাল শোভিত নটনেশ্বারী
উৎপলশোভিত শ্রবণবুগর্ল কুঞিতালক

কপোল, পীতাম্বর, শ্রামস্কর এক হস্ত সংচর

সংক্ষে স্বস্ত করিয়া, দ্বিতীয় হস্তে দীলাকমল

স্ঞালন করিতেছেন; তাঁহার বদনকমল সুমধুর হাত্তে প্রদীপ্ত হইয়। উঠিয়াছে। এই ভূবনমনোহর মূর্ত্তি মানসচক্ষুতে প্রহ্যক করিয়া নিমাই সংজ্ঞাহীন অবস্থায় ভূতলে পতিত হইলেন। শিষ্যগণ স্তব্ধ হইয়া রহিল। ক্ষণেক পরে বাহ্যজ্ঞান লাভ করতঃ নিমাই "বোল বোল" বলিয়া গড়াগড়ি যাইতে লাগিলেন। তাঁহার নয়নজলে ভূমিতল প্লাবিত হইল। ভাঁহার সর্ব্যার কাঁপিতে লাগিল। রত্নগর্ভ আচার্য্য এই দৃশ্য দূর হইতে দেখিয়া ভাগবতের মারও শ্লোক আর্ত্তি করিতে লাগিলেন। নিনাই ছুটিয়া গিয়া তাঁহাকে আলিঙ্গন করিলেন প্রভু বোলে ''বোল, বোল,"বোলে বিপ্রবর। উঠিল সমুদ্র ক্বঞ্চস্থ মনোহর। ला । त्व कल रहेन পृथियौ निक्षिछ। অশ্রুকন্স পুলক সকল সুবিদিত। বাহজান লাভ করিয়া ক্ষণেক পরে নিমাই শিষ্যগণকে কহিলেন "আমি কি কিছু চাঞ্চ্যা প্রকাশ করিয়াছি?" শিয়গণ সমভিব্যাহারে ভ্রমণার্থ গঙ্গা-তীরে গমন করিলেন।

প্রদিন প্রত্যুবে গঞ্চান্তান করিয়া নিমাই পুনরায় পড়াইতে বসিলেন। কিন্তু তাঁহার মুখ হইতে ক্লফকথা ভিন্ন আর কিছুই বাহির ইইল না।

পড়ু য়া সকল বোলে ''ধাতু'' সংজ্ঞা কার ? প্রভু বোলে ''শ্রীক্ষেরে শক্তি নাম যার।'' ধাতুস্ত্র বাথানি শুনহ ভাই গাঁণ। দেখি কার শক্তি সাছে, করুক থগুন॥ যত দেখ রাজা—দিব্য দিব্য কলেবর। কণক ভূষিত—গন্ধ চন্দনে স্থান্দর॥

'যম লক্ষী যাহার বচনে' লোক কহে। ধাতু বিনে শুন তার যে অবস্থা হয়ে॥ (काथा यात्र मन्तारङ्गत (मोन्दर्ग) हिनाता। কেহে। ভত্মাকার, কারে এড়েন পুড়িয়া॥ সর্বদেহে ধাতুরূপে বৈদে কৃষ্ণ শক্তি। তাহা সনে করে স্নেহ, তা হ'লে সে ভক্তি॥ এবে যারে নমস্কার করি মাক্সজ্ঞান। ধাতু গেলে তারে পরশিয়া করি স্নান॥ যে বাপের কোলে পুত্র থাকে মহা সুখে। ধাতু গেলে সেই পুল অগ্নি দেই মুখে। ধাতু সংজ্ঞা কৃষ্ণ শক্তি বল্লভ সভায়। দেখি ইহা হুধুক, আছুয়ে শক্তি কায়॥ এই মত পবিত্র পুজা যে কুফোর শক্তি ংন ক্লেড ভাই সব কর দৃঢ় ভক্তি বোল ক্লা, ভজ ক্লা, গুন ক্লানাম। অহনিশি ক্লফের চরণ কর ধ্যান।

ক্লফ মাতা ক্লফ পিতা ক্লফ প্রাণ ধন। চরণে ধরিয়া বোলো "ক্লফে দেহ মন।"

এইরপ ক্ষ-মহিমা কীর্ত্তন করিতে করিতে ত্ই প্রহর অতীত হইরা গেল, শিষ্য-গণ মুগ্ধ হইরা একমনে শুনিতে লাগিল অবশেষে বিশ্বকর্ত্তী প্রকৃতিস্থ হইরা জিজ্ঞাসা করিলেন—"আমি কিরপে ধাতুসত্র ব্যাখ্যা করিয়াছি ?" শিষ্যগণ উত্তর করিলেন "মাহা বলিলেন সবই সত্য। তবে আমাদের যে উদ্দেশ্যে পড়া তদমূরপ অর্থ হয়,নাই।" তথন নিমাই জিজ্ঞাসা করিলেন "তোমাদের কি মনে হয় আমাকে বায়ুরোগে ধরিয়াছে।" শিষ্যগণ উত্তর করিলেন "এক হরিনাম ভিন্ন আপনার মুখে আর কিছুই উচ্চারিত ইইতেছে না। স্তর, রৃতি, টীকা স্করেইই

কৃষ্ণনাম্ই আপনি কেবল ব্যাখ্যা করিতেছেন, আমরা ত আপনার বাখ্যার কিছুই বৃঝিয়া উঠিতেছি না। এই দশদিন আমাদের পড়াশুনা কিছুই হয় না।" তথন প্রভূ বোলে ভাই সব কহিলা স্থসতা। আমার এ সব কথা অন্তত্ত অকথা। ক্বফবর্ণ এক শিশু মুর্বলী বাজায়। সবে দেখো তাই ভাই বোলো সবাকায়। যত শুনি প্রবণে সফল কৃষ্ণ নাম। সকল ভুবন দেখে। গোবিন্দের ধাম॥ তোমা সভা স্থানে মোর এই পরিহার। আজি থেকে আর পাঠ নাহিক আমার॥ তোমা সভাকার যার স্থানে চিত্ত লয়। তার ঠাই পড় আমি দিলাম নির্ভয়॥ সাশ্রুনয়নে এই বলিয়া নিমাই পুঁথিতে ডোর বাঁধিলেন। শিষ্যগণ রোদন করিতে করিতে বলিলেন "আপনার কাছে যাহা পড়িয়াছি তাহা আর কোথায় পাইব। আর কাহাকেও আমরা গুরু বলিয়া স্বীকার করিতে পারিব না।" এই বলিয়া শিষাগণও পুঁথিতে ডোর দিয়া হরিধ্বনি করিয়া উ**ঠিলেন। নিমাই সকলকে কোলে ক**রিয়া রোদন করিতে লাগিলেন। অবশেষে করিয়া বলিলেন আণীৰ্বাদ সকলকে ''হোমাদের অভিলাষ সিদ্ধ হউক। ভোমরা শীক্ষাক্ষর শরণ গ্রহণ কর। তোমাদের বদন হইতে সর্বাদা ক্লফনাম ক্ষুব্রিত হউক। ক্বফ ভোমাদের সকলের ধনপ্রাণ স্বরূপ হউন।" নিমাই আবার কহিলেন 'ভাই সব, তোমরা আমার জনজনান্তরের বান্ধব! क्रीक মিলিয়া আমরা সকলে এক ক্লফনাম করিব।" গুরুর আন্তরিক আশী-

র্বাদ শ্রবণ করিয়। শিয়াগণের নয়ন অশ্রুতে ভরিয়া উঠিল। নিমাই এপুনরায় বলিতে লাগিলেন ''আমরা এতদিনে কেবল পাঠই করিয়াছি। এস এখন শ্রীকুঞ্চের সংকীর্ত্তন আরম্ভ করি।" শিশ্যগণ কিজ্ঞাস। করিলেন "সংকীর্ত্তন কিরূপ ?'' তখন সুমধুর কঠে

"হরুয়ে নমঃ কুষ্ণ যাদবায় নমঃ। र्गापान रगाविन ताम श्रीमधुरु एन ॥" এই পদ গাহিতে গাহিতে নিমাই হাতে তালি দিয়া নাচিতে লাগিলেন। শিষ্যগণ বেষ্টন ক রিয়া তাঁহাকে ভাহারই অনুপ্রাণিত হইয়া তাঁহারই ভাবে মত নাচিতে नाशिन। ভাবাতিশ্য্য বশতঃ নিমাই ধূলায় বিলুষ্ঠিত পড়িলেন। তখন তাঁহার মুখ হইতে কেবল "বোল, ৰোল" ধ্বনি বাহির হইতে লাগিল। कौर्जरनद (ताल नवबीरभद अनरकालाश्ल ভেদ করিয়া উথিত হইল। দলে দলে লোক ব্যাপার কি দেখিবার জন্য স্মাগত হইল। वाित्रा यादा (पिथन, তादार्ड नकरन হইয়া পড়িল। বিশ্বয়বিমুগ্ধ তাহারা দেখিতে পাইল—উদ্বতের শিরোমণি পর্ম চঞ্চল দান্তিক নিমাই পণ্ডিত অতি দীন ও কাতর ভাবে ''ক্লফ ক্লফ'' বলিয়া রোদন করিতেছেন। তাঁহার অশ্রুজনে ভূমিতল সিক্ত হইয়াছে।

নৰ্ম অধ্যায়

ভক্তি-বিকার ও অবৈত-মিলন

বৈষ্ণবগণ নিমাইর তাক্তির প্রাবল্য (पिथिया जानत्म विद्वल दहेरलेन। शकात षाटि व्यत्नक देवश्वरतत महिल निमाहेत

দেখা হইত—নিমাই সকলকেই ভক্তির সহিত নমস্কার করিতেন। "কুঞ্চের প্রতি অচলা ভক্তি হউক" বলিয়া তোমার গ্রীবাগাদি ভক্তগণ তাঁহাকে আণীকাদ করিতেন। আশীর্কাদ শ্রবণ করিয়া নিমাইর হাদ্য় আনন্দে পরিপূর্ণ হইয়া ক বিয়া বলিতেন বৈষ্ণবৰ্গণ আক্ষেপ "এই নবদ্বীপে বাপ যত অধ্যাপক। ক্ষভক্তি বাখানিতে সবে হয় বক॥ কি সন্ন্যাসী কি তপস্বী কিবা জ্ঞানী যত। বড বড় এই নবদীপে আছে কত॥ কেলোনা বাখানে বাপ ক্ষেত্র কীর্ত্তন। নাকক ক ব্যাখ্যা আবো নিন্দে সর্ককণ। যতেক পাপিষ্ঠ শ্রোতা সেই বোল ধরে। তণজ্ঞান কেহে। আমা সভারে না করে॥ সন্তাপে পোডয়ে বাপ সবংদহ ভার। কোথা হো না ভুনি ক্লফ্চ কীর্ত্তন প্রচার॥ এখনে প্রদন্ন ক্লফ্ড হইল স্বারে। এ পথে প্রবিষ্ট করি দিলেন তোমারে॥ তোমা হইতে হইবেক পাস্ভীর ক্ষয়। মনেতে আমরা ইহা বুঝিল নিশ্চয়॥ চিরজীবী হও তুমি বলি কৃষ্ণ নাম। তোমা হইতে ব্যক্ত হউ ক্লক্তণ গ্ৰাম॥" ভক্তগণের হুর্দশার কথা শুনিয়া নিমাইর মন বিধাদে আকুল হইয়া উঠিত। এবং তিনি নির্জ্জনে বৃষয়া এই হুর্দশার কথা চিন্তা করিতেন।

এক দিন গুশানান্তে গৃহে প্রত্যাগত হইয়া নিমাই ছঙ্কার করিয়া উঠিলেন। শচী দেবী একীড়িয়া গিয়া দেখিলেন নিমাই একরার হাস্ত করিতেছেন, পরক্ষণেই "স্ব সংহার করিব" বলিয়া করিতেছেন, কখনও বা "মুঁই দেই, মুঁই সেই" বলিয়া মৃত্তি হইয়া পড়িতেছেন। মহা ব্যাকুল হইয়া শচী প্রতিবেশিগণকে পুত্রের আচরণের ক থা জাপন কহিলেন

বিধাতায় স্বামী নিল, নিল পুত্রগণ অবশিষ্ট সকলে আছয়ে একজন॥ তাহারও কিরূপমতি বুঝন ন। যায়। ক্ষণে হাসে ক্ষণে কাদে ক্ষণে মুর্চ্ছ। পায়॥ আপনে আপনে কহে মনে মনে কথা! ক্ষণে বলে ছিণ্ডো ছিণ্ডো পাস্তীর মাথা॥ ক্ষণে গিয়া গাছের উপর ডালে চডে। না মেলে লোচন, ক্ষণে পৃথিবীতে পড়ে॥ দন্তক ১মডি করে মাল সাট মারে। গড়াগড়ি যায়, কিছু বচন না ক্রে॥

প্রতিবেশিগণের কেহ কেহ নিমাইর অবস্থা প্রত্যক্ষ করিয়া বায়ুব্যাধি হইয়াছে বলিলেন, এবং তাঁহার হস্ত পদ বন্ধন করিয়া রাখিতে পরামর্শ দিলেন। কেহ কেহ শিবাম্বত, কেহ বা নানাবিধ পাকতৈলের ব্যবস্থা করিলেন। স্বেহময়ী জননী কিং-কর্ত্তব্যবিমৃত্ হইয়া গোবিন্দের শরণ গ্রহণ করিলেন।

প্রতিবেশিগণের উপদেশ ও জননীর মলিনমুখ দেখিয়া নিমাই বড়ই কাতর হইয়া পড়িলেন। একদিন এবাস পণ্ডিত তাঁহার গুহে আগমন করিলে নিমাই কহিলেন "শ্রীবাস সকলেই কহিতেছে, আমার বায়ু-ব্যাধি হইয়াছে, তুমি কি মনে কর ?" শ্রীবাদ হাসিয়া উত্তর করিলেন "তোমার যদি বায়্-ক্রন্সন করিয়া উঠিতেছেন। কথনও বা রোগ হইয়া থাকে, তবে ভগবান করুন

আমারও যেন এই রোগ হয়। তোমার প্রতি ত্রীক্ষের বিপুল ক্রপা দেখিতে পাইতেছি। তোমার শরীর মহাভক্তিযোগ **इटे**ट्डिइ।" निमारे जानमाक्ष् इटेशा শ্রীবাদকে আলিঙ্গন করিয়া কহিলেন "তুমি যদি আমার বায়ুরোগ বালতে, তাহা হইলে আমি গঙ্গায় ড্বিয়া মরিতাম।'' ঐীবাস কহিলেন "পাষ্ভীগণ যাহাই বলুক না কেন, আমরা দকলে মিশিয়া একত কীর্তুন করিব।" অতঃপর শচীদেবীকে পুত্রের প্রকৃত অবস্থা অবগত করিয়া শ্রীবাস গৃহে গমন করিলেন।

ইহার কিছু দিন পরে পরমভক্ত গদাধরকে সঙ্গে লইয়া নিমাই অবৈতাচার্য্যের গৃহে গিয়া উপস্থিত হইলেন। অধৈত তথন তুলসী-বুক্ষে জল সেচন করিতেছিলেন এবং মাঝে মাঝে বাহু তুলিয়া হরি বলিতেছিলেন।

আট বংদর বয়দে বিশ্বরূপকে ডাকিবার জ্বন্ত নিমাই মাঝে মাঝে অবৈতাচার্য্যের গৃহে গমন করিতেন। তথন অবৈতাচার্য্য বালকের অলোক-সামাত রূপ দেখিয়া মুগ্ধ হইয়াছিলেন। করিবার পরে বিশ্বরূপ সংশার ত্যাগ নিমাইর পরিবারের উপর দিয়াকত কঞ্চাবাত বহিয়া গিয়াছে। অবৈতের সহিত নিমাইর ঘনিঠত। সংঘটিত হইবার কোন্ও কারণ এতদিন হয় नाहै। गग्ना हहेट जिनाहै প্রত্যাগত হইবার পরে তাঁহার প্রকৃতি-অধৈতাচাগ্য পরিবর্ত্তন-সংবাদ শ্ৰুত হইয়াছিলেন। নিমাইর ক্লেঞানাদ-সংবাদে বিশয়ে অভিভূত হইয়াছিলেন। ইহার

করিতে করিতে স্থান বিশেষে অর্থ ভালরপ বুঝিতে না পারিয়া আচার্য্য এক দিন মনোহঃথে উপবাস করিয়াছিলেন। রাত্রি কালে স্বপ্ন দেখিলেন, কে যেন তাঁহাকে সেই স্থানের অর্থ বুঝাইয়া দিয়া বলিতেছে "আচার্য্য শীঘ্র উঠিয়া ভোজন কর। তুমি ধাঁহার জন্ম এত দিন অপেক্ষা করিয়া আছ. যাঁহাকে জানিবার জন্য প্রতিজ্ঞা করিয়াছিলে তিনি প্রকাশিত হইয়াছেন। এখন দেশে ঘরে ঘরে কীর্ত্তন (मर्ग, नगरत नगरत, শ্রুত হ**ৃবে। শ্রীবাস পণ্ডিতের ঘরে বৈ**ষ্ণবৃগ্ণ দেবছল্ল ভ দুশ্র দর্শন করিবে। এখন আমি চলিলাম, আবার আসিব "নয়ন উন্মালন করিণাশাত্র নিমাইর গৌরমূর্ত্তি তাঁখার नयन मगीरा छेन्डानिङ इहेया छेठिल। অচিরেই সে মূর্ত্তি বাতাসে মিলাইয়া গেল। আচার্য্য বিষয়বিষ্ট হইয়া রহিলেন।

সপ্লের কথা অবৈতাচার্য্য যতই চিন্তা করিতে লাগিলেন, ততই তাঁহার মন নিমাইর প্রতি আকৃষ্ট হইতে লাগিল। তবে কি তাঁহার প্রার্থনা এত দিনে ভগবৎচরণে স্থান পাইয়াছে, ভক্তের ছর্দশা অবলোকন করিয়া ভক্তবৎগলের আগন कि हेलिया एक, धर्म मान प्रविद्या भय-সংস্থাপনেচ্ছা কি এতদিন পরে তাঁহার মনে উদিত হইয়াছে—ইত্যাদি চিন্তাই তাঁহার মন আন্দোলিত করিতে লাগিল। আশা ও সংশয়ে তাঁহাঁর মন অন্বরত আ্লোড়িত হইতে সেই জগনাথ মিশ্রের পুর্ত্তাত—লৈশবেই যে তাঁহাকে দেখিয়া এক অনিকাচনীয় সানন্দে কতিপয় দিবস পরে এমন্ভাগবত পাঠ 'তাঁহার মন পরিপূরিত হইয়াছিল—দেই

কি তাঁহার প্রাণেশ্ব ? কিন্তু অহৈত যে অতি ক্ষুদ্র—অতি হীন। অবৈতের প্রার্থনায় তিনি অবতার গ্রহণ করিবেন, এত কি সম্ভবপর ? কিন্তু ক্ষুদ্র হইলেও অংহত যে তাহারই কিন্ধর --তাহার ধর্মসংস্থাপনার্থই অবৈত তাঁহাকে এতদিন ধরিয়া ডাক্কিয়াছে। ভক্তবৎসল তিনি—ভক্তের নিঃস্বার্থ প্রার্থনা তিনি ত মুগে মুগেই সফল করিয়াছেন। তবে অবৈতের প্রার্থনা কেন সফল হইবে না ? এবম্বিধ চিন্তায় অবৈত সময়ের প্রতাক্ষায় রহিলেন। কিন্তু স্বীয় মানদিক অবস্থা কাহারও নিকট প্রকাশ করিলেন না। নানা স্থনে আধিয়া তাহাকে নিখাইর অদুত কাহিনী ওনাইত। তিনি সীয় ভাব গোপন করিয়া বলিতেন "নালাম্বর চক্রবর্তীর দৌহিত্র ও জগনাথ মিশ্রের পুত্রের ত ভক্তিমান্ হওয়াই "। তথার্থ

আৰু নিমাই স্বয়ং তাঁহার গৃহে আসিয়া উপস্থিত। আচার্থাকে দেখিয়াই নিমাই মৃচ্ছিত হইয়া পড়িলেন। তথন আচার্থা পাত, অর্থা প্রভৃতি লইয়া নিমাইর পূজা করিলেন এবং

নমো এক্ষণাদেবায় গোবাক্ষণহিতায়চ,
ভগদ্ধিতায় ক্ষণায় গোবিন্দায় নমোনমঃ॥
বিনিয়া তাঁহাকে নমস্কার করিলেন। তাঁহার
নয়নজলে নিমাইর চরণ সিক্ত হইয়া গেল।
গদাধর সুশব্যস্ত হইয়া বলিয়া উঠিলেন
"খাচার্য্য বালকের প্রতি এতাদৃশ আচরণ
যুক্তিযুক্ত নহে; অবৈত ভক্তিগদগদস্বরে
উত্তর করিলেন 'এ কেমন বালক, দিন
কতক পরে জানিতে পারিবে।" নিমাই

চৈতক্সলাভ করিয়া আচার্য্যের পদধ্লি গ্রহণ করতঃ নানাভাবে তাঁহার স্তৃতি করিলেন। বহুক্ষণ আনন্দে কাটিয়া গেল। অবশ্যে সর্ব্বদা তাঁহার দর্শনলাভেছা ব্যক্ত করিয়া এবং তদর্থে তাঁহার প্রতিশ্রুতি লইয়া আচার্যা নিমাইকে বিদায় দিলেন।

নিগাই প্রস্থান করিলে অবৈতাচার্য্য
মনে মনে ভাবিতে লাগিলেন "সত্যই যদি
ইনি আমার গভু হন, তাহা হইলে আমি
যেগানেই থাকি, ইনি আমাকে নিশ্চয়ই
আপনার বালে লইয়া আসিবেন।" এবং
নিমাইকে পরীক্ষা করিবার জন্ত শান্তিপুর্স্থ
সকীয় আবাদে প্রস্থান করিলেন।

অতঃপর নিমাই প্রতাহ বৈষ্ণবগণের সহিত মিলিত হইয়া কীর্ত্ন করিতে আরম্ভ করিলেন। কীর্ত্তন কালে তাঁগার অঞ্র, কম্প, পুলক, হুঞ্চার, ক্ষণে গুম্ভাকৃতি শরীর, ক্ষণে নবনীত কোমল দেহ দেখিয়া ভাগবভগণ নানা কথা বলাবলি করিতে लाशिलन। (कर विलिन অংশাবভার", কেহ বলিলেন "ইহার শরীর শীকুষ্ণের বিহারস্থল," আবার কেহ কেহ তাহাকে শুক, প্রহ্লাদ অথবা নারদের অবতার বলিয়া ব্যাথ্যা করিলেন। ভাগবত গুহিণীগণ বলিতে লাগিলেন "এক্লি বয়ং অবতীর্ণ হইয়াছেন।" কীর্ত্তনকালে মৃচ্ছান্তে বাহজ্ঞান লাভ করিয়া নিমাই সকলের গুলা ধরিয়া অতি করুণভাবে রোদন করিতেন। একদিন বন্ধুগণ এই কাতর ক্রন্দনের কারণ জিজ্ঞাসা করিলে, নিমাই কহিলেন

"কানাইর নাটশালা নামে এক গ্রাম।

গয়া হইতে আদিতে দেখিত্ব সেই স্থান ॥
তথাল শ্রামল এক বালক স্থুলর।
নব গুঞ্জা সহিত কুণ্ডল মনোহর ॥
বিচিত্র ময়য়য়পুছে শোভে তহপরি।
ঝলমল মণিগণ লক্ষিতে না পারি ॥
হাথেতে মোহন বংশা পরম স্থুলর।
চরণে মপুর শোভে অতি মহনাহর ॥
নীলগুপ্ত জিনি ভূজে রক্ন অলক্ষার।
শীবৎস কৌন্তভ বক্ষে শোভে মণিহার ॥
কি কহিব সে পীতধটির পরিধান।
মকর কুণ্ডল শোভে কমল-নয়ান ॥
আমার সমীপে আইলা হাসিতে হাসিতে।
আমা আলিজিয়া পলাইল কোন্ভিতে ॥

"কৃষ্ণ কৃষ্ণ" বলিরা নিমাই যথন রোদন করিছেন, তথন তাঁহার আর্ত্তি দেখিয়া সকলের হৃদয় বিদীর্ণ হইয়া যাইত। একদিন "গদাধরে দেখি প্রভু করেন জিজ্ঞাসা, কোথা রুফ আমার শ্রামল পীতবাসা।" গদাধর কহিলেন "রুফ ত নিরবধি তোমার হৃদয়েই বিরাজ করিতেছেন।" এই কথা শুনিয়া নিমাই নথ দারা স্বীয় হৃদয় বিদীর্ণ করিতে উন্নত হইলেন। গদাধর অতি কপ্রে তাহাকে নির্ভু করিলেন।

প্রতিদিন সন্ধ্যাকালে নবদ্বীপের সকল ভক্ত নিমাইর গৃহে আগমন করিতে লাগিলেন। মুকুন্দ দক্ত ভক্তিরসাল শ্লোক পাঠ করিয়া তখন নিমাইর চিত্তবিনোদন করিতেন। মুকুন্দের কণ্ঠধ্বনি কর্ণে প্রবিষ্ট হইলেই নিমাই ভাবাবিষ্ট হইয়া পড়িতেন। কীর্ত্তন ও নৃত্যে স্বযন্ত রাত্রি অতিবাহিত হইতে লাগিল। (ক্রমশ)

নারীধর্ম

কুমারী

জীবনের কর্ত্তব্যসাধনের উপযোগী শিক্ষালাভের সময় বাল্যকাল, সুতরাং ভবিষ্যৎ
জীবনে রমণীকে যে গুরুতর কর্ত্তব্যভার
মস্তকে বহন করিতে হইবে, শিক্ষার দারা,
সাধনার দারা তাহার জ্ঞা প্রস্তুত হইবার
ইহাই উপযুক্ত সময়।

পূর্বেই বলিয়াছি—সংসারের সমস্ত পরিজনের ধর্মোন্নতিসাধন সকলকে ধর্ম-সাধনে অবসর দিবার জ্বন্ত জীবন-সংগ্রামের কঠোরতা দূর করিয়া সংসারে শান্তি সংস্থাপন এবং গৃহকার্য্যের স্মৃত্থালা দ্বারা সকলের শারীরিক ও মানসিক স্বাস্থ্য-সম্পাদন- –ইহাই রমণী-জীবনের প্রধান ব্রত।

এই মহান ব্রত পালনের জন্ম সর্ব্বপ্রথমে আবশ্রক—সংযম ধৈর্য্য এবং প্রীতি।

যাঁহাকে উন্নার্গগামী পরিজনকে দৃত্রপে ।
আকর্ষণ করিয়া রাখিতে হইবে, তাঁহার
নিজেকে অটল রাখা সর্বাগে প্রয়োজন।
আকর্ষণকেন্দ্র নিজে চঞ্চল হইলে আকুই
বস্তু কিছুতেই স্থির থাকিতে পারেনা।
গৃহের যিনি অধিষ্ঠাত্রী তিনি অসংযুত

বা অধীর হইলে সে গৃহে শান্তি কখনই সহব হয় না।

আকর্ষণের অক্সনাম প্রীতি। প্রীতির বলেই মাতুষ মাতুষকে আপনার করিয়। লইতে পারে। স্থতরাং স্কল্কে স্নেহের বন্ধনে আবেদ্ধ করিবার জন্ম পরিপূর্ণ গ্রীতির প্রয়োজন: ভালবাদার গুণেই মানুষ মানুষকে শিক্ষা দিতে পারে, স্থপথে চালনা করিতে পারে, সমুলত করিতে পারে ।

কিন্তু এই উদার প্রীতি, অটল ধৈর্যা, অবিচলিত সংযম ধর্মদাধন বাতীত লব্ধ হইবার নহে। ধর্মই মাতুষকে ত্যাগশীল করে, স্বার্থ বিদর্জন করিতে শিক্ষা দেয়, বাসনাকে সংযত করে। সূত্রাং ধ্র-শিকাই নারীজীবনের সর্বপ্রথ শিক। হওয়া উচিত।

ধর্ম্ম শিক্ষা

ন্ত্রীলোকের চিত্ত সভাবতঃই ধর্মপ্রবণ। সুতরাং অতি অল আয়াসেই বালিকার চিত্তে ধর্মভাব জাগরিত করা যায়।

অতি শৈশব হইতেই ধর্মের কথা, ভগবানের কথা কথাচ্ছলে বালিকাদের শিক্ষা দেওয়া কর্ত্তবা।

আনাদের দেশের পৌরাণিক কাহিনী, রামায়ণ ও মহাভারতের সুললিত এবং উপদেশপূর্ণ উপাখ্যান এ বিষয়ের বিশেষ ष्टेशराशी। शृद्ध व्यामारमत रम्हमत आह.ना মাতামহী ও পিতামহাগণ আপনাদের यक्रमाती (मोहिक्की ७ (भोजीभगतक मृश्य ^{মুখে} রামায়ণী ও মহাভারতের সুললিত ^{কাহিনী} শিথাইতেন। "যাত্রা" মহোৎসবে, ়গ্রন্থ পাঠ করান কর্ত্তব্য ।

গানে পাঁচালীতে, কথকের কথকতায় এই শিক্ষা আরও সম্পূর্ণতা লাভ করিত। স্থতরাং অতি অল্ল বয়দেই বালিকারা পুণ্যশ্লোক জনকত্হিতা, সতীশিরোমণি সাবিত্রী, ধর্ম-শীলা গান্ধারী, পতিব্রতা দময়ন্তী, মনস্বিনী দ্রোপদী, পরহিতব্রতা কুন্তার পূত চরিত্রের সঙ্গে পরিচিত হ্ইবার স্থোগ পাইত এবং সেই মগান্ও সমুজ্জন আদর্শের আলোকে নিজ নিজ চরিত্রকে গঠিত করিয়া তুলিবার চেষ্টা করিত। বালিকাদের চিত্তে সহজে ধর্মভাবের বিকাশের জ্বন্ত দে ব্যবস্থার পুনঃপ্রতিষ্ঠার প্রয়োজন।

সে কালে ধর্মলাভের আর এক সুব্যবস্থা আমাদের দেশে প্রচলিত ছিল। অল বয়সেই বালিকারা ব্রহ গ্রহণ করিত এবং দেবপূজা শিখিত। ইহাতে অতি অল্প বয়দ হইতেই একজন অপার্থিব মঙ্গলময় দেবতার সংক্ষ তাহাদের সহজে পরিচয় ঘটিত এবং শৈশবের এই পরিচয় উত্তর জী নে ভাহাদিগকে আল্লদৰ্কস্বতা এবং ঐহিকতার হাত হইতে বহুল পরিমাণে রক্ষাকরিত।

আমরা নিজেরা অধার্মিক এবং অবিধাসী হইয়া উঠিয়াছি বলিয়া আর আমরা আমাদের কন্তা ও ভগিনীদের এ সকল ব্ৰত গ্ৰহণে উৎসাহ দিই না। ত ই আজ হিন্দুর অন্তঃপুর দিনে দিনে স্বার্থ-প্রতা, বিলাদিতা এবং ধর্মহীনতার ক্লন্তমেঘে ঘনান্ধকার হইয়া উঠিতেছে।

সকল শিক্ষার বালিকাদের যথেষ্ঠ পরিমাণে নীতি ও ধর্ম-

আমার মনে হয় বালিকারা কিছু বয়: প্রাপ্ত হইলেই তাহাদের কিছু কিছু সংস্কৃত শিক। দিয়া তাহাদের মূল শাস্ত্র-গ্রন্থের উংকৃষ্ট অংশ অধ্যয়ন করান উচিত। সংস্কৃত ভাষার মধ্যেই এমন একটা পবিত্রতা ও গান্তার্য্য আহে যে মূলগ্রন্থ পাঠ করিলে কেবল ভাষার গুণে লিখিত বিষয় অধিক-তর হাদয় গ্রাহী হয়। অনুবাদে দে শক্তি কিছুতেই রক্ষা করা যায় না। অ. বয়স হইতে বালিকাদের সংস্কৃত স্থোত্রাদি আর্ত্তি করিতে শিক্ষা দেওয়া যাইতে পারে। ইহাতেও মনে পবিত্র ভাবের সঞ্চার হয়।

সংয়ন এবং প্রীতির সাধনা ধর্মশিক্ষারই অন্তর্গত। সূত্রাং ধর্মশিক্ষার সঙ্গে সঙ্গেই এ বিষয়ে অবহিত হওয়া কর্ত্তবা।

সংয্ম-শিক্ষা

ভগগৰ মহু বলিয়াছেন — "স্কোভ্যোহপি প্রদক্ষভাঃ স্ত্রিয়ো রক্ষ্যাঃ বিশেষতঃ। षराशर्धि कूनरमाः त्माक-মাবহেয়ুররকিতাঃ ॥"

অতি ফুল্ম প্রদঙ্গ হইতেও স্ত্রীলোক-দিগকে বিশেষ ভাবে রক্ষা করা কর্ত্তব্য। তাহারা অরক্ষিত হইলে পিতৃকুল ও স্বস্তর-কুল উভয় কুলের শোকের কারণ হয়। যেহেতু---

"আং প্রস্থিং চরিত্রঞ্ কুলমাত্মানমেব চ। স্বঞ্ধর্মং প্রয়ত্তেন জায়াং রক্ষন্ হি রক্ষতি।" ত্রীকে রক্ষা করিলে সন্তান, চরিত্র, কুল, আসা, ধর্ম সকলই রক্ষিত হয়।

স্থতরাং বালিকার চিত্তে যাহাতে বিন্দু

মাত্র মলিনতা না আসিতে পারে সে বিষয়ে যত্ন করা কর্ত্তব্য :

আগ্যিঋষি এই আশকাবশতঃ অভি সুকুমার বয়দে বালিকার বিবাহের ব্যব্ধা করিয়া দিয়াছিলেন।

স্বামীর কল্যাণ, স্স্তানের কল্যাণ্ পরিজনের কল্যাণ-সকলত নারী-চরিত্তের বিশুদ্ধতার উপর নির্ভর করে। কারণ সমস্ত পরিজনের ধর্মরক্ষার ভার রম্ণীর উপর।

व्याक्रकान क्रमभः वानिकारमत विवादत्र বয়স বৃদ্ধি পাইতেছে। ওতরাং এ সময়ে এ সম্বন্ধে অবহিত হওয়ার প্রয়োজনীয়তা আরও বৃদ্ধি পাইয়াছে।

ব্রহ্মচর্য্যাশ্রমে বালকদের চরিত্ররকার क्रज नार्य (य मक्न विधिवावश) निर्किष्ठ আছে, অব্ধারুগারে সেই সকল ব্যব্ধা যথাসম্ভব বালিকাদেরও চরিত্রবিগুদ্ধির জান্ত অবল খিত হওয়া করবা।

বালিকারা যাহাতে কোন কুংসিং বিষয়ের আলোচনায় প্রবৃত্ত না হয়, কুৎসিৎ অামোদ-প্রমোদে যোগদান না করে, কোন প্রকার প্রলোভনের মধ্যে না যায়, সেজন্ম শর্মদা জাগত দৃষ্টি রাধা কর্ত্তব্য।

থিয়েটারে **অ**নীল হাবভাবপূৰ্ণ এতিনয়-দর্শন, মেলা দেখিতে যাওয়া, হাস্ত-পরিহাস, কুপুস্তক-পাঠ, কুচিত্র দর্শন, অসংযত-চরিত্র 'জামাই বাবু'দের রহতালাপ, 'বাসর-ঘরে'র রসিক গ্র যোগদান, বরক্তার শয়নককৈ 'আড়ি-পাতা', অনংযতরদনা প্রাচীনা রসিকা

গণের অশ্লীল রসিকত। শ্রবণ, আদন্নযৌবন বালকগণের সঙ্গে থেলায় ও আযোদ প্রযোদে যোগদান—চৈরিত্র-বিশুদ্ধির প্রবল অন্তরায়, স্ক্তরাং সর্কাথা পরিহার্যা।

বিলাসিতা পরিহার সংয্য-শিকার অঙ্গীভূত। বিলাসিতার সঙ্গে সংযম ও ধর্ম-প্রাণতার অহি-নকুল সম্বর। তুর্ভাগ্যবশতঃ আজকাল আমাদের অন্তঃপুরে বিলাদের স্রোত থেন অব:ধে প্রবাহিত হটতেছে। বেশে ভূষায়, ভাবে ভঙ্গীতে আমাদের সংযত-চরিত্রা গৃহলক্ষীগণ ক্রভবেগে পাশ্চাত্য বিলাসিনীতে পরিণত হইতে চাহিতেছেন। স্তুমারী বালিকাগণকেও আমাদের रेननव इट्रेंट भित्क, त्नारम, त्नाबादक, পাউডারে আমরা দিন দিন বিলাসপ্রিয় করিয়া তুলিতেছি। বিলাসিতা ও স্বাধ-পরতা নিত্যসহচর এবং চরিত্রের তুর্বলতা, পরিশ্রমবিমুখতা, ধর্মভাবের হীনতা বিলাপতার অপরিহার্য্য কুফল:

স্থতরাং বালিকাদিগকে এরপ শিক্ষা দেওয়া কর্ত্তব্য যাহাতে বিলাসের ভাব তাহাদের মুনোমধ্যে আদৌ প্রভাব বিস্তার কারতে না পারে।

পরিচ্ছনত। অতি প্রবাৈজনীয় গুণ।
মাস্থ্যের জন্ত, সৌন্দর্যোর জন্ত, মনের
প্রক্রতার জন্ত, পরিচ্ছন থাকা নিতান্ত
প্রোজন; কিন্তু কিসে আমাকে সুন্দর
দেখাইবে, কিসে আমি লোককে মুগ্ধ করিতে
পারিব এরূপ চিন্তা নিতান্ত অব্দৃতিকর এবং
সংয্য-শিক্ষার প্রব্ল অন্তরায়।

্য দেশের সমাটের কন্তা, সমাটের মহিষী পতি-সত্য-পালনের জন্ম বরুল পরিধান করিয়। কউক-কত চরণে বনে বনে অমণ করিতে কুঠিত নহেন, যে দেশের সর্বশ্রেষ্ঠ রাজবংশের সর্বপ্রধানা মহিষা বনবাস-ক্রেশ তুচ্ছ করিয়া স্বহস্তে সহক্র অতিথির সেবা ও সংকার-নিরত, সে দেশে এই অবনতিকর ধর্মবিরোধা বিলাসিতা কেন প্রশ্র লাত করিবে ? হিন্দুর চক্ষু চিরদিন ধর্মের দিকে অপিত, পরলোকের দিকে স্থাপিত, অতি তুচ্ছ ক্ষণস্থায়া হুর্মলতা কেন তাহাকে উদ্ভান্ত করিবে ?

আমাদের দেশ—দরিদ্রের দেশ, অনাথ-আতুরের দেশ, আমাদের দেশে বিলাদিতার অবসর কোথায় ?

আমানের মললমাী গৃহলক্ষীরা যদি
আপনাদের সমস্ত অপবায় সংযত করিয়া,
সমস্ত বাছলা পরিবর্জন করিয়া স্থল গুল
বন্ধণ্ড মাত্র পরিধান করিয়া অনপূর্ণার মত
অকাতরে ক্ষুধিত পিপাসিতকে অন্নপানে
পরিত্প্ত করেন, তাহা হইলে তাঁহাদের সেই
সরল শোভন বিরল বেশই কি তাঁহাদের
রাজরাজেশ্বরীর অপূর্ক্ত মহিমায় বিমণ্ডিত
করে না ? ভিখারার ঘরনা, দরিত্রের গৃহিণী
মৃত্তন্তে জগতের দৈত্য নিবারণে নিযুকা,
ইহাই আমাদের অনপূর্ণা গৃর্ভি! আমরা
কাতীয় জীবনের এই মহান্ আদর্শ কেন
বিস্মৃত হইব ?

সুতরাং শৈশব হইতে আমাদের বালিকাদের এই চিরপুরাতন মঙ্গলমন্ত্রে দীক্ষিত করা কর্ত্ব্য।

প্রীতির দাধনা

সাধনার দারা অভ্যাসের **দারা সকল** বৃত্তিরই পরিণতি সাধিত **হইতে পারে।** প্রীতি-রতিও সাধনা দারা বিকশিত হয়। রমণীঞ্চীবনের কর্ত্তব্যপালনের জন্ম ত্যাগ-শীলত। ও সংযমের যে বিশেষ প্রয়োজন তাহা পূর্ব্বেই বলিয়াছি। প্রীতি ত্যাগ, সকল সংয়ম, সকল সহিষ্ণুতাকে সহজ ও আনন্দময় করে। স্থতরাং প্রীতি-বিকাশের **সাধনা**ও বালিকায় পক্ষেত্একান্ত কর্ত্ব্য। রমণীর প্রীতি বিশ্বপ্রীতিতে পরিণত হইলে তবে তাঁহার কর্জব্য সুদল্পন্ন হইতে পারে। कवि नवीनहः সুভদ্রার মুথ বলাইয়াছেন---"ना पिपि! यागता नाती विश्वकननीत हित, আমাদের শক্র মিত্র নাই। ৰবিষার ধারা মত অঙ্গস্ৰ জননী প্ৰেম नर्वक जिल्ला हम याहै। **वग**क कननौ पूर्य শিশুর ক্ষুদ্রজগত, শিশু কিছু নাহি জানে আর। ক্রমে বাড়ে পরিসর, কিশোর কিশোরী দেখে লাতাভগ্নী পূর্ণ এ সংসার। পতি পত্নী প্রেমরঙ্গে, যৌবনে ছুটে করঞ্চে, আলিপিয়া ভূতল গগন। ক্রমে সম্ভানের স্বেহ দেখায় অ ন্ত সুধ,---ুপুণ্যতীর্থ সাগর সঙ্গম ! প্রেম ধর্ম এই, দিদি। কালি কুঞার্জ্বন মত হেরিতাম সকল সংসার মাতৃত্বেহ পূর্ণ বুকে আজি দেখিতেছি সব অভিমন্থ্য উত্তরা আমার !" **রমণী-হৃদ্**য়ের এই পরিপূর্ণ বিকাশ সাধনা সাপেক । বালিকা যাহাতে বাল্যকাল হইতে ভাই ভগ্নীকে ভালবাদিতে শিখে, **অনাধ আ**তুরকে দয়া করিতে শিথে,

সেদিকে দৃষ্টি রাখা কর্তব্য।

কোন নিষ্ঠুর দৃশু দেখিয়া বালিকা যেন হর্ষ প্রকাশ না করে. কলহ-বিবাদে যোগ না দেয়, রা বাকো কাহারও মনে কট না দেয়, প্রতিবেশীদের আপদে বিপদে তাহাদের সঙ্গে সমবেদনা প্রকাশ করে, তাহাকে সমত্নে এরপ শিক্ষা দেওয়া উচিত। প্রাতঃস্মরণীয়া অহল্যাবাই, রাণী ভবাণী, মহারাণী শরৎস্কলরী প্রভৃতি প্রতিময়ী, ত্যাগশীলা, পরতঃখকাতরা মহিলাগণের জাবন-চরিত-পাঠেও বালিকার হৃদয়ে প্রতির্ভি উন্মেষিত হইতে পারে। স্ক্তরাং তাহাকে যক্ন করিয়া এই সকল লোকহিত-ব্রতা আদর্শ রমণীকুলের জাবন-চরিত পাঠ করান কর্ত্রা।

আর্ত্তির সেবা, রোগীর শুশ্রামা, প্রাচীনের পরিচর্য্যার ভারও অল্পে অল্পে বালিকার হস্তে দেওয়া উচিত। পীড়া, হৃঃখ ও অসমর্থতার সঙ্গে পরিচয়ে হৃদয়ে দয়া ও প্রীতির সমধিক বিকাশ হয়। কেবল তাহাই নহে, ভবিষাৎ জীবনে এই সেবা-শুশ্রার ভার রমণীর উপরেই পড়ে। এ সম্বন্ধে পূর্ব্ব হইতে কিছু জ্ঞান না থাকিলে, কার্য্যকালে ইচ্ছাস্ত্রেও সেবা ও শুশ্র্যা ভাল হয় না।

এই জন্ম বালিকাদের অল বয়স হইতে রোগীপরিচর্য্যা এবং আর্ত্ত-সেবায় নিযুক্ত করার সঙ্গে সঙ্গে তাহাদের সেবার নিয়ম, ঔষধ-সেবন, পথ্য-রন্ধন এবং 'শুশ্রামার প্রধালী সম্বন্ধেও শিক্ষা দান করা উচিত।

ূএ সম্বন্ধে আজ কাল' উপযুক্ত পুতকের অভাব নাই। বালিকাদের সৈই সকল পুত্তক যত্নপূর্বকি পড়াইয়া দৃষ্টান্ত দারা উপদেশগুলিকে তাহাদেঃ স্থলম্ঞাহী করাইয়া দেওয়া উচিত এবং যাহাতে তাহারা বিরক্ত না হইয়া, অধীর না হইয়া প্রকৃল্ল মনে প্রীতির সহিত সেবা করিতে

পারে, তাহাদের এরূপ উপদেশ দেওয়া কর্ত্তব্য। সুতরাং কুমারী-জীবনের সর্বপ্রধান শিক্ষা—ধর্মশিক্ষা, সংযম-শিক্ষা, প্রীতি-শিক্ষ, সমলেদনা-শিক্ষা। (ক্রমশ)

শ্রীযতীক্রমোহন গুপ্ত।

প্রাণী ও উদ্ভিদের বিষ

উদ্ভিদ্ও ইতর প্রাণীর উপর মারুষ যে কত অত্যাচাঃ করে তাহার সীমা নাই। গোমেষ মহিষ, ছাগ ও শৃকরাদির কথা ছাড়িয়া দিলেও দেখা যায়, ঘোটকএবং উথ্ৰও মমুয়ের থাদ্য। পক্ষীদের ত কথাই নাই। তা'র পর ইন্দুর, সাপ, গো-সাপ, কাঠবিড়াল এবং ফড়িং প্রভৃতি পতঙ্গজাতিও মানুষের কবল হইতে উদ্ধার পায় নাই। উদ্ভিদের উপর মাত্র্য এতট। অত্যাচার করিতে পারে না, সকল গাছ-পাতা বা ফলমূল স্বাত্ নয়, क (क हे छ छ । इंटर व्यापक **(न**थिया **७**निया भाक्ष थान्याथाना निर्वय করে। কিন্তু আমিষ-খাদ্য-নির্ণয়ে প্রকার বিচার করা সকল সময়ে প্রয়োজন হয় না, সভ্য মাতুষ আম-মাংস ভোজন করে না; যদি কোন প্রাণীর মাংসে কোন প্রকার অস্বাহ্কর জিনিষ থাকে সিন্ধ করিলেই তাহা নত হইয়া যায়। ফলমূল ও অনেক শাকসব্জি অপকাবস্থাতেই মানুষ আহার করে, কাজেই অগ্রে বাহত। ন্তির कतिया পরে আহার্যা বলিয়া তাহাদিগকে গ্রহণ করিতে হয়। আবার অধিকাংশ উिंद्धरमञ्जू (मरह रा विश्वामक्रमक भर्मार्थ মিশ্রিত থাকে, তাহা সিদ্ধ করিলে নষ্ট হয়

না, — কাজেই দিদ্ধ করিলে ধেমন সকল প্রাণীর মাংসই থান্য হইয়া দাঁড়ায় উদ্ভিদ্ তেমনটি হয় না। নচেৎ মালুষের অত্যাচারে হয় ত, ভূমগুলের গাছপালাও বিরল হইয়া আসিত।

শালে বলে "यজार्थ পশব: সৃষ্ঠা: স্বয়মের স্বয়ন্তুর্ণ"। কিন্তু প্রকৃতির কার্য্য পরীকা করিলে শান্তের উক্তির সহিত যোর অসামপ্রতা দেখা যায়: এ কথা কখনই স্বীকার করা যায় না যে, উচ্চবৃদ্ধিসম্পন্ন প্রাণীদের মজের আহুতির জন্মই হুর্দাল ও অল্লবুন্ধিদম্পন জীবের সৃষ্টি হইয়াছে। বাব ভালুকের তীক্ষ নথদন্ত, সঞ্চারুর গায়ের কাঁটা, কচ্ছপ ও শবুকজাতীয় প্রাণীর কঠিন দেহাবরণ, গো মেষ-ছাগাদির শুন্ধ, বোলতা ও মধুমক্ষিকার হল, এবং সাপের বিষদক্ত সকলই আজাতাণের মহা অস্তা। কীট পতঙ্গ অতি ক্ষুদ্রপ্রাণী, ইহাদের धातात्ना इन नाहे, किंख किर किर किर হইতে এমন তুর্গরাফুক্ত রস নিস্ত করে যে, তাহাতে কোন শত্রু উহাদের নিকটবর্তী হইতে ভয় পায়। গ্রীম ও বর্ধার রাত্রিতে আলো জালিয়া বদিলে, এই প্রকার হুর্গন্ধ-যুক্ত বহু কীট-পতঙ্গ দেখা গিয়া থাকে।

বাঙ অতি নিরীহ প্রাণী, ইহাদের শিং নাই ধারালো দাঁত গ হল নাই, কিন্তু ইহারা लघा नघा नाफ निष्ठ পারে, তাহাই আত্মরক্ষার পক্ষে যথেষ্ঠ হয়। গেছো এবং নেপো ব্যাভের লাফ ও থুব বড় এবং সঙ্গে আবার ইহাদের দেহ হইতে এক প্রকার বিষও বাহির হয়, এই বিষের একটু পরিজয় পাইলেই কোন শক্র ইহাদের নিকটবর্তী হয় না। কয়েক জাতীয় গিরগিটিও এই পকারে দেহ হইতে বিষ নির্গত করিয়া আত্মরক্ষা করে। স্থ্রাং দেখা যাট্রেছে প্রকৃতি দেবী গার এই অল্লবুদ্ধি ও হর্কন সন্তান-গুলিকে এই সকল অস্ত্রে সক্তিত করিয়া ভূতলে ছাড়িয়া দিয়াছেন, অপর বলবান্ প্রাণীদের সহিত সংগ্রাম করিয়া নিজেদের অন্তিত্ব অক্ষুণ্ণ রাধুক ইহাই ঠাহার অভি-প্রায়। উদ্ভিদ্গণ ইতরপ্রাণী অপেক্ষা यारता पूर्वन ও निःमशाय, गांड वा श्रतिरात মত লখা লখা লাফ দিয়া যে শক্তর আক্রমণ বার্থ করিবে তাহার সাধ্য ইহাদের নাই। কাৰেই একস্থানে দাড়াইয়া যাহাতে আছ-রক্ষা করিতে পারে তাহার ব্যবস্থা ইহাদের দেহে রাখিতে হইয়াছে। এই জগুই কাহারো গায়ে কাটা, কাহারো পাতার संरा, काशाता करन, कूरन, मृतन ७ পাতায় বিষ। প্রবল ইতর প্রাণীর। এই সকলের ভয়ে উদ্ভিদের অনিষ্ট করিতে পারে না, অতি বৃদ্ধিমান মামুষও ইহাদের নিকট হার মানিয়া যায়। নিম, নিসিকা, মাথাল ফল তাহাদের দেহকে অতি বিশ্বাদ রুসে পূর্ণ রাধিয়া কেমন আত্মরক্ষা করে! মাতুৰ কোন দিন যে এগুলির দারা রসনাতৃপ্তি-

কর বাঞ্জন রাধিতে পারিবে, তাংগর সম্ভাবনা আঞ্জও দেখা যাইতেছে না।

যাহা হউক, তুর্মল জীব কি প্রকারে আত্মরকা করে তাহা বর্ত্তমান প্রবন্ধের আলোচ্য নয়। আগরকার জন্ম কোন কোন প্রাণী ও উদ্ভিদের শ্রীরে যে বিষ স্থিত থাকে, এই প্রবন্ধে আমরা তাহার কিঞ্চিৎ পরিচয় দিব।

প্রথমে উদ্ভিদের বিষের কথাই আলোচনা করা যাউক। খেজুর বা কুলের কাঁটা गारा नागित्न आभन्ना त्वनना भारे, किन्न দে বেদন। স্থায়া হয় না। বিছুটি বা আল্কুণার সুঁয়ো গায়ে ঠেকিলে যে জ্বালা-যন্ত্রণা হয়, ভাহা সভাই বিষের জ্বালা। উদ্ভিদের বিষের ইহ। একটি স্থপরিচিত উদাহরণ। ছোটখাটো অমুবীক্ষণ निया भतीका कतित्व विष्टृष्टित च्राँद्यादक निरंति (प्रयात ना। এछ नत आगारगाड़ा নলের মত ফাঁপো। ভাল করিয়া পরীকা করিলে এই শৃগস্থানে একপ্রকার জলবং স্বচ্ছ রসও দেখা যায়। এই রসই বিছুটির বিষ। নলাকার সুঁয়োগুলি প্রাণীর দেহে প্রবিষ্ট হইলে, আপনা হইতেই ভাঙ্গিয়া যায়, এবং নলের ভিতরকার রস শরীরে প্রবেশ **ডরিয়া বিষের কার্যা দেখাইতে** করে। বিছুটির বিষ লইয়া বৈজ্ঞানিকগণ অনেক পরীক্ষা করিতেছেন। পিপীলিকার বিষে যে ফরমিক্ এসিড (Formic Acid) নামক দ্রাবক মিশানো থাকে, বিছুটির রসের অধিকা শই সেই দ্রাবক্রে গঠিত। সাপের বিষের মত এক ছাডা থকার রুসও অল্পমাত্রায় উহাতে মিঞিত

দেখা যায়। বিছুটির জ্ঞালা-পোড়ার কারণ এই বিষ। সুতরীং অচল উদ্ভিদ্কে যদি সচল সাপের সহিত তুলনা করা যায়, ভাহাতে অভায় হয় না।

আলকুশীর সুঁষোর বিষ আরো ভয়ানক। বিষের পরিমাণ ইহাতে বিছুটির তুলনায় অধিক। মাতুষ বা গোরু প্রভৃতি প্রানীর দেহে আলকুশী লাগিলে আর নিভার নাই। অধিক পরিমাণে সুঁষো গায়ে লাগিলে মৃত্যু পর্যান্ত ঘটতে পারে:

ফুলের উগ্র গদ্ধ নির্গত করিয়া ও কতকণ্ডলি উদ্ভিদকে আত্মরক্ষা করিতে দেখা গিয়াছে। প্রকৃতি যে সকল গেশ সুষায় সাজাইয়া প্রাণী ও উত্তিদ্কে পৃথিবীতে ছাড়িয়া দেন, কেবল স্বভাবের সৌন্দর্যার্দ্ধি করাই তাহার উদ্দেশ্য নয়, পত্রপুষ্পের বিচিত্র বর্ণ এবং তাহাদের বিচিত্র গঠনের মূলে এক একটা শুভ উদ্দেশ্য লুকায়িত থাকে। যে সুগন্ধ লইয়া পুষ্প জনাগ্ৰণ করে, তাহা কখনই মান্থবের প্রীতি উৎপাদ-নের জন্ম নয়। উদ্ভিদ্তত্ববিদ্গণ ইহার স্তন্ত্র কার্যা নির্দেশ করিয়া থাকেন। ফল প্রস্ব করিয়া নিজের, বংশ অসুগ রাখাই উদ্ভিদ্-জীবনের সার্থকতা। উদ্ভিদ্বিদ্গণ वत्नन, कूत्नत शक्त अंहे कार्यातहे महायूठा করে। উদ্ভিদ্ পুপা-পুটে মধুভাত সঞ্জিত রাখিয়া গন্ধের হারা দুরের প্রজাপতি প্রভৃতি পতঙ্গকে আমন্ত্রণ করে। প্রজাপতি পুপ্রের মধুপান করিতে বসিয়া যায় এবং সঙ্গে সঞ্জ ফুলের পরাগ গর্ভকেশরে সংযুক্ত করিয়া ফলের গঠন সুরু করিয়া দেয়। কিন্তু আমরা উদ্ভিদের যে তীব্র হুর্গন্ধের ক্থ।

বলিতেছি, তাহা পতকের আমন্ত্রণের জন্ত নহে। যাগতে অনিষ্টকর প্রাণী কাছে আসিতে না পারে তাহারি জন্ত এই ব্যবস্থা লিলি জাতীয় কতকগুলি ফুলের গন্ধ যে মান্ত্র্য সহু করিতে পারে না, এবং এই গন্ধে যে নানা প্রকার পীড়া দেখা দেয়, তাহার অনেক প্রমাণ পাও্যা গিয়াছি আমাদের টাপা ফুলের গন্ধে মাথা দরার কথাটাও এই প্রসঙ্গে উরেওযোগ্য।

উদ্ভিদ্ ছাড়িয়া এখন প্রাণীর কথা যাউক। আগ্ন-রক্ষার আলোচনা করা জন্ম এবং কখনো কখনো আহার্য্য সংগ্রহের জন্ম কত প্রাণীর দেহে কত রকম বিষ আছে, তাহার সংখ্যা করাই কঠিন। ইহারা সাধারণ উদ্ভিদের মত দেহকে বিপাদ করিয়া আত্মরক্ষা করে না, কাজেই জীবন-স্ংগ্রামে জ্ঞা করাইবার জন্য প্রকৃতি ইহাদের দেহেই नाना विषिषिक्ष अञ्च ताथिया नियारहन। যাহা হউক প্রাণীর বিষ্ণুলি প্রীক্ষা করিলে, দেহে উহাদের ছুট্প্রকার কার্য্য দেখিতে পাওয়া যায়। কতক গুলি বিষ রক্তের শহিত যুক্ত না হটলে দেখের কোন কোন অনিষ্ট করিতে পারে না। সাপের বিষ, বিচ্ছুর বিষ এই শ্রেণীর অন্তর্গত। অপর কতক গুলি, রক্তের গহিত মিশিবার জন্য প্রতীক্ষা করে না, খালপানের সহিত উপরত্থ হইলেই ইহারা বিষের কার্য্য দেখাইতে স্থরু করে। মাকডুদা প্রভৃতির বিষ গোধ হয় এই শ্রেণী-ভুক্ত। কেবল সাপ ও বিচ্ছুর বিষ**ই যে** দেহ খবিষ্ট হইলে অনিষ্ট করে তাহ। নয়। ভেকের গাত হইতে যে ঘর্মবৎ রস নির্গত হয়, তাতা মামুষের শরীরে প্রবেশ করাইয়া দেখা গিয়াছে, ইহাতে অন্ধ্যণের মধ্যে মাকুষ অনুস্থ হইয়া পড়ে। ইল্ অর্থাৎ বাইন্ জাতীয় সামুদ্রিক মৎস্তের (Ect) রক্ত যে কোন প্রাণিদেহে প্রবেশ লাভ করিলেই বিষের লক্ষণ প্রকাশ করে। কয়েক জাতীয় মৎস্থ এবং গিরিগিটের মুখের লালাও রক্তের সহিত যুক্ত হইলেই বিষের কংগ্য দেখাইতে আরম্ভ করে। শিশুর মুখের লালায় যে বিষ্ আছে, ফরাসী বৈজ্ঞানিক পত্তির সাথেব দেখাইয়াছেন, এক মাস দেড় মাস বয়সের শিশুর লালা সংগ্রহ করিয়া খরগোস ইত্যাদি প্রাণীর শরীরে প্রবিষ্ট করাণলেই, বিষের লক্ষণ প্রকাশ হইতে থাকে। কিন্তু এই সকল বিষ খাওয়াইলেই কোন প্রাণীতে অসুস্ততার চিহ্ন দেখা যায় না।

বিষ্ণাত্যুক্ত গ্রাণীর দেহে কোথায় বিষের উৎপত্তি হয় তাহার অনুসন্ধান হইয়াছে। ইহার ফলে জানা গিয়াছে, যাহাদের বিষ-দাত আছে, তাহাদের দাঙের মূলে এক একটি ক্ষুদ্র কোষ থাকে। এই কোষ্ট বিষভাও। সাপের বিষদত্তে যেখন এক একটা খাঁজ কাটা থাকে, বিষদন্তযুক্ত । অপর প্রাণীর দাঁতেও ঠিক তাহাই।দেখা যায় ইচ্ছা করিলেই দন্তনুলের কোষণ্থ থিষ ইহারা দাতের খাঁজের ভিতর দিয়া আনিয়া শক্রকে দংশন করিতে পারে। মাগুর বা শিঙ্গি মংস্তের কাঁটায় বিষ আছে, ইহারা হাতে পায়ে কাঁটা ফুট:ইলে বেশ যাতনা হয়। এই শ্রেণীর অনেক মাছের কাঁটার মূলে এই প্রকার বিষকোষ ধরা পড়িয়াছে, এবং . ইহাদের কাঁটাগুলিতে সাপের বিষদত্তের মত খাঁজ কাটাও দেখিতে পাওয়া যায়।

কাঁটা হানিয়া বা নথ দিয়া আঁচড়াইয়া প্রাণীরা যে বিষ শত্রুর দেহে প্র_{েশ} করাইয়া দেয়, তাহার প্রকৃতি নির্ণয়ের জন্ম বৈজ্ঞ।নিকগণ অনেক প্রীক্ষা করিয়াছেন। াশ্চর্যোর বিষয় বিছুটি প্রভৃতি উদ্ভিদের বিষে যে ফর্মিক (Formic Acid) দেখা গিয়াছে, ইহাতেও তাহাই ধরা পডিয়াছে। সায়ুমণ্ডলাকে অসাড় করিয়া দেওয়া ফরমিক এসিডের একটা প্রধান কার্যা। বিষেত্র সহিত এই জিনিষ্ট। মিশ্রিত থাকায় গুর্মল গ্রাণীদিগকে শীকার করার কার্য্যে ইহা খুবই সাহায্য করে। ক্ষুদ্র কাঁচপোকা যথনি রুংৎ আরম্বলাকে শীকার করিতে যায়, তখন কোন গভিকে আরম্বলার গায়ে একবার হুল ফুটাইতে পারিশেই সেটি ঐ ফর্মিক এসিড দারা পকাঘাতের রোগীর মত অবশাস হইয়া পডে। তা'র পর কঁ:চপোকা উহার স্থুঁয়ে। र्धातया व्यनायाम यथिष्टा लहेया यहिए পারে ।

মৌমাছি ও ভীমকলের তায় বিচ্ছুর
বিষও তাহাদের পুডেছ থাকে। ইহাদের
সন্মুখের ছটা দাঁড়া এবং দাঁত একেবারে
নিবিষ। পুডেছর প্রান্তন্তিত ধারালো ভূল
এবং তৎসংলগ্ন ক্ষুদ্র বিষকোষই ইহাদের
আয়ত্তাণের মহা অস্ত্র। স্ক্রাগ্র ভলটিকে
ইহারা অতি সাবধানে কুওলী পাকাইয়া
উপরে উঠাইয়া রাথে, তা'র পর শক্রপক্ষ
সন্মুখে আসিলেই সেই ভাহার দেহে বিদ্ধ
করিয়া দেয়।

জেলি মংশু (Jelly fish) নামক এক প্রকার সামুদ্রিক প্রাণীর দেহেও বিষ আবিষ্কৃত হইয়াছে। ইহাদের তুল্, বিষ- দস্ত বা সিঙ্গি মাছের মত বিষময় কাঁটা কিছুই নাই। দের হইতে মাকড়দার স্থ্র অপেক্ষাও স্ক্রা বিষপূর্ণ স্থায়ো বাহির করিয়া ইংারা শক্রকে আঁকড়াইয়া ধরে। স্থায়োর বিষে শক্রর দেহে বিছুটির মত যন্ত্রণা উপস্থিত হয়। এই জন্ত জেলি-মংস্তকে সামৃত্রিক বিছুটি (sea nettles) নামে অভিহিত করিয়া থাকেন।

প্রাণীদের মধ্যে পতস জাতির দেহে যত বিষ দেখা যায়, বোধ হয় অপর কোন জাতির মধ্যে সে প্রকার দেখা যায় না। মৌমাছি, বোল্তা, ভীমরুল, পিপীলিকা সকলেই বিষাক্ত এবং ইহাদের সকলেরই বিষ পুছেদেশে রক্ষিত দেখা যায়। কেবল সুঁয়ো পোক। ও মশক তাহাদের বিষ পুক্তে রাথে না। সুঁয়ো পোকার বিষ তাদের চুলে এবং মশকের বিষ তাহাদের মুধে থাকে। মাক্ডসা-জাতীয় প্রস্তাহাদের পায়ের নথে রাখে। নথের মূলেই ইহাদের বিষ-স্থালী। আমাদের তেঁতুলে বিছের বিষ তাহাদের দাতে থাকে, দন্তমূলে যে বিষয়ালী থাকে তাহা হইতে ইচ্ছামত বিষ নির্গত করিয়া শত্রুকে দংশন করিতে পারে। পতঙ্গের সংখ্যা যেমন অধিক, ইহাদের শত্রুও তেমন মনেক। অনেক পক্ষীর প্তঙ্গই প্রধান আহার। তা ছাড়া টিক্টিকি, গিরগিটে, এমন কি আযাদের সেই অতি নিরী**হ ভেকগুলি স্মু**থে প্ত্র পাইলে, দিংহের মত তাহাদিগকৈ আক্রমণ করে। এই সকলা শত্রুর কবল হইতে রক্ষা পাইবার জভ পতদের গায়ে, মুথে, লেজে, দাঁতে, নখে, বিষ রাখিতে হইয়াছে।

বড় আশ্চর্য্যের বিষয় আমাদের কাঁক্ড়া-গুলির বড় বড় দাঁড়া আছে, কিন্তু তাহাতে বিষ নাই। চিংড়িমাছেরও সেই দশা। খুব লঘা লঘা দাঁড়া আছে, কিন্তু দেগুলি একবারে নির্কিষ। পক্ষীদের পায়ের নথও ঠোঁট খুব ধারালো, কিন্তু দেগুলিতেও বিবের চিহ্ন দেশু যায় নাই।

. যে সকল প্রাণীর দেহে কোন প্রকার বিষযুক্ত অঙ্গ নাই, ভাহাদের মধ্যে অন্ততঃ কভকগুলির মাংদে বিষেব লক্ষণ ধরা পড়িয়াছে। ইংলণ্ডের সুপ্রসিদ্ধ চিন্তাশীল रेवळांनिक न्यास्क्रिश्त् मार्ट्ड (Sir Ray Lankester) হিসাব করিয়া দেখিয়াছেন, অন্তঃ শতকরা দশজন লোক ইচ্ছা কবিলেও মৎশুমাংস আহার করিতে পারে না.— জোর করিয়া খাওয়াইলে নানাপ্রকার পীড়ার লক্ষণ দেখা দেয়। ইহা দেখিয়া ল্যাক্ষেপ্তার সাহেব বলিতেছেন,-মৎস্ত-মাংসাহারে এই অস্তুতার লক্ষণ বিষেরই পরিচায়ক। বিধ খাইলেই সকলে অসত্ত হয় না,—এমন বিষ অনেক আছে যাহা একজনের শরীরে যে ফল দেখায় অপরে তাহা দেখার ।। একই খাত আহার করিয়া এবং একই জল পান করিয়া এক ব্যক্তি পীড়িত হইল এবং অপর ব্যক্তি খাদ্যস্থ বিষহজম করিয়া সুস্থাকিল, এ প্রকার घटेना প्रायंह (नथा यास। धहे नकन कथा गान कविया नारिक्षीत् नारश्य विनिर्ण्डन त्व, निवानियादादिशन मरश्र-भाश्य थाहेत्नहे অসুস্ত্রোধ করেন, তাঁহাদের এই অসুস্তার কারণ মৎস্য-মাংসের বিষ ব্যতীত আর কিছু ই এমন অনেক লোক দেখিতে পাওয়া যায়, যাঁহার। যথেষ্ট াংস আহার করিতে পারেন, কিন্তু মৎস্য ভক্ষণ করিতে পারেন না চিংড়ি মৎস্য বা কাঁকড়া খাইলেই অসুস্থ হইয়া পডেন, এ প্রকারও অনেক লোক দেখা গিয়াছে। রন্ধন করিলেও মাংদে মৃত্ বিষ থাকিয়া যায়, ইহা স্বীকার कतिया नहेया नगरक होत मारहर नितासिया-হারীর রুচি-অফ্চির ব্যাখ্যান দিবার চেঠা করিয়াছেন।

বড়ই আশ্চর্যোর বিষয়, সাপ প্রভৃতির যে তীত্র বিষের বিন্দুমাত্র হক্ত স্পর্শ করিলে মুহৎ প্রাণীরও মৃত্যু হয়, তাহা উহাদের নিজের দেহে প্রবেশলাভ করিলে কোনই অনিষ্ট করিতে পারে না। একটি সর্প আর একটিকে দংশন করিলে আহত সর্পের যে, কোন অনিষ্টই হয় না, তাহা একাধিক পরীক্ষায় স্থুম্পষ্ট দেখা গিয়াছে। ক্রেক জাতীয় সর্পকে রাগাইলে তাহারা নিজেদের পায়ে নিজেরাই কামড় দিতে

থাকে, কিন্তু আশ্চর্য্যের বিষয় নিজের বিষে ইহাদের কেহই নিজে মরে না। সম্প্রতি এই ব্যাপার লইয়া জীবতত্বদিগণ নানা গবেষণা করিয়াছেন। ইহার ফলে স্থির হইয়াছে যে. বদন্তের বা ডিপথেরিয়া প্রভৃতি রোগের বীজ অল্পমাতায় দেহস্ত করিলে যেমন এই সকল রোগের তাজা বিষ আর মামুষকে পীড়িত করিতে পারে না, সেইপ্রকার সর্প প্রভৃতির দেহেই বিষ-কোষ আছে বলিয়া সেই বিষে তাহাদের অনিষ্ট হয় হাইড্রোফোবিয়া অর্থাৎ জলাতক্ষ রোগের শান্তির জ্বন্য যেমন আমরা ক্ষিপ্ত কুকুরের মৃত্ বিষের টিকা লইয়া নিশ্চিন্ত থাকি, সাপগুলিও ঠিক সেই প্রকার যেন নিজের বিষের টিকা লইয়া নিশ্চিত হইয়া আছে। তাই শবস্পার কাম্ডা-কাম্ডি করিলে বা নিজের দেহে নিজের বিষ ঢালিয়া দিলে ইহাদের কোনই অনিষ্ঠ হয় না।

শ্রীজগদানন্দ রায়।

লোকশিক্ষা ও সমাজপ্রকৃতি

লোকশিক্ষার সঙ্গে সমাজ-বিবর্ত্তনের সহন্ধ च[नर्छ । অভিশয় শক্তির. ্যে म क ल সংঘর্ষণে বা সমবায়ে স্থাজ-জীবন বিবর্ত্তিত হইয়া থাকে, লোকচরিত্রের শক্তি তনাধ্য সর্বব প্রধান। আর লোক শিক্ষা লোকচরিত্রকে গড়িয়া তুলিয়া, সমাজ কোন্ मिरक, क**ुं**ठी (२८१), विवर्धि इंटर्व, इंट्रा ঠিক করিয়া দেয়। এই জন্ম কোনও সমাজে কোনও অভিনৰ লোকশিকার

ব্যবস্থার দঙ্গে গেই সমাঙ্গের পুরাতন প্রকৃতির কভটা সামঞ্জস্ত সঙ্গতি সাধন সম্ভব, ইহা ভাল করিয়া তলাইয়া দেখা কেননা, এ সঙ্গতিসাধন যদি আবিগ্ৰক। একান্তই অসম্ভণ হয়, তাহা হয়ুল এই নূত্ৰ শিক্ষাব্যবস্থাতে সাংঘাতিক সামাজিক বিপ্লবের স্থাটি অনিবার্য্য হ্ইং। উঠিবে এবং দে বিপ্লবমূথে সমাজের নিজস্ব একুতি এবং সনাতন সভ্যতা ও সাধনাকে রক্ষা করা ব্যবস্থা প্রতিষ্ঠিত করিবার পূর্ব্বে এই নূতন নিতান্তই কঠিন হইয়া পড়িবে। এইর^প বিপ্লবের আশস্কাতেই ইংরেজে। আইনের সাহাযো, ইংরেজের রাজশক্তি প্রয়োগ করিয়া, এদেশে ইংরেজি ঝাঁবোর ও বিদেশীয় ছাঁচের লোকশিকা প্রবর্তি হউক, কিছুতেই ইং। ইজ্ঞা করি না।

यागात्वत मर्या यरनरक এই मागाजिक বিপ্লবকে একরূপ অনিবান্য বলিয়া মনে करतन। आधुनिक व्यवशाधीत वामता य কোনও প্রকারে আমাদের নিজস্ব সামাজিক জাবনটীকে তার নিজের স্বরূপে বাঁচাইয়া রাণিতে পারিব, এ বিশ্বাদ অনেকেরই नाइ। आहोन तीं हिना जिमकन हार्तिनितक, চক্ষের উপরে, একেবারে ভাপিয়া চুরিয়া যাহতেছে, কেহ কিছুতেই এ ভারটোকে ঠেকাইয়া রাখিতে পারিতেছে না ও পারিবার কোনও সম্ভাবনাও কোথাও দেখা যায় না। এই প্রত্যুক্ত অভিজ্ঞতার (कारतरे এरे विश्वव त्य व्यनिवार्या, व्यत्तरक এই সিদ্ধান্ত করিয়া ব্সিয়াছেন। তাঁরা এ বিপ্লবের পক্ষপাতী নহেন। তারা বরং যেটা যেমন ছিল সেটীকে ঠিক তেমনি রাখিতে চাহেন। কিন্তু কতকগুলি বিষয়ে পরিবর্ত্তন অনিবার্য্য বলিয়া সমাজের মূল প্রকৃতিটাকেও বাচাইয়া রাখা অসাধ্য, এ শিদ্ধান্ত করা সঙ্গুত নহে। হিন্দুশনাজে যুগের পর যুগ, অশেষ পরিবর্ত্তন হইয়াছে। সামাজিক আচার-ব্যবহার, রীতি-নীতি, শাসন-সংস্কার, ক্রিয়াকর্ম্ম, যুগে যুগে এ সকলের বিস্তর বিপর্যায় ঘটিয়াছে। কিন্তু পরিবর্ত্তন মাত্রৈই বিপ্লবাত্মক নহে। বরং অধিকাংশ স্থলে এই সকল পরিবর্ত্তনের ভিতর দিয়াই সমাঙ্গের নিত্য প্রকৃতিটা

আরো উত্তরোত্তর ফুটিয়াই উঠে। আমাদের সামাজিক বিবর্ত্তনের ইতিহাসেও তার বিশুর প্রমাণ পাওয়া যায়। কারণ একালেই যে কেবল সমাজ নূতন পথ ধরিয়া, অভিনব আদর্শের প্রেরণায়, উত্তর সিদ্ধান্তের আশ্রে, অভূতপূর্ব আকারে গড়িয়া উঠিতেছে, তাহা নহে। চিরদিনই এরপ হ্ইয়াছে, চিরদিনই এরপ হইবে। কিন্তু এ সকল পরিবর্ত্তনের মধ্যে তার নিজের সরপটা এ পণাও হারাইয়া যায় নাই। এই স্বর্গটী হারাইয়া গেলেই সামাজিক পরিবর্ত্তন সমাজ-বিপ্লবে পরিণত হয়। এই বিপ্লব যাহাতে না আসে, শর্কাথায়ে তারই চেঠা করা কর্ত্ব্য। আর এই কর্ত্তব্যের গেরণাঙেই শ্রীযুক্ত গোপালক্বয় গোথেলের প্রস্তাবিত লোকশিক্ষা-বিধানের প্রতিবাদ হওয়া আবশ্যক মনে করি।

আমাদের সমাজের গঠনটা আধুনিক

যুরোপীয় সমাজের গঠন হইতে অত্যন্ত
পৃথক্ হইয়া পড়িয়াছে। কোনও দিন
তাহাদের সমাজের গঠনও ঠিক আমাদের
সমাজের গঠনেরই মত ছিল কি না, জানি
না। আজ যে তাদের সমাজ-গঠন আমাদের
সমাজ-গঠন হইতে একান্তই ভিল্ল,ইহা জানি।
আর আমাদের সভ্যতা, সাধনা, ধর্মকর্মা,
মন্ত্রাভলাভের যাবতীয় উপায় ও উপকরণ
সকলই আমাদের এই বিশেষ সমাজগঠনের উপরে প্রতিষ্ঠিত। সমাজের এ
গঠনটা যদি ভালিয়া য়ায়, তবে আমাদের
সভ্যতা সাধনা সকলই লোপ পাইবে।
তাহা হইলে আফ্রিকার কাফ্রি বা প্রশান্ত
সাগরকুলের জাপানীরা যেমন সকল বিষয়ে

একরপ য়ুরোপীয় বনিয়া যাইতেছে,আমরাও অংচার-বিচারে, ভাবে-স্বভাবে, चन्नविखत ग्रुताशीय विनया याहेव, मत्मर নাই। ইহাতে আমাদের নিজেদের দর্বনাশ ও ছনিয়ার সমূহ ক্ষতি হইবে। এই অমঙ্গল নিবারণের জন্ম আমাদের সমাজ-গঠনটীকে বাঁচাইয়া রাখা আবশুক। এইটী করিতে পোলে. গোণেলে মহাশয় য়ে ভাবে, যে আদর্শের লোকশিক্ষ। এদেশে প্রচলিত করিবার জন্ম ব্যস্ত হট্য়াছেন, সে আদর্শের লোকশিকা ভাবের ও সে যাহাতে প্রচলিত ন্য হয়, বিশেষ চেষ্টা করিতে হইবে।

দেশের বর্তমান অবস্থায় কোনও প্রকারের জোরজবরদন্তির সাৰ্বজনীন সাধারণশিক্ষা প্রচলন করিবার চেষ্টার একটা বিষম বিপদ এই যে, এরপ ८ हो कतिए । पान हो दिए भी स ता क-পুরুষদিগের শরণাপন্ন इट्रेंट इट्रेंद। আর তাঁহাদের সাহায্যে যে লোকশিক্ষা (मर्भ अठमिठ इरेर्व, जात ज्वावधानजात, দে শিক্ষার আদর্শ ও লক্ষ্য-নির্ণয়ের অধিকার, এ সকলি এই বিদেশীয় রাজ-পুরুষদিগের হাতেই অর্পণ করিতে হইবে। সুতরাং এরপ লোকশিক্ষা যে বিদেশীয় আদর্শের অমুসরণ করিবে, ইহা অবশ্রস্তাবী। विद्मिनीय व्यामार्ट्स यमि (मार्ट्स कनमाधातावा শিক্ষিত হইয়া উঠে, তাহা হইলে, দেশের লোকচরিত্র এমন একটা আকার ধরিবেই ধরিবে, যাহাতে এই লোক-চরিত্রের আপ্রয়ে আমাদের সমাজের নিজম্ব গঠন ও বন্ধপটীকে রক্ষা করা আর কিছুতেই

সন্তব হইবে না। গোখেলে মহাশ্যের চেষ্টা যদি সফল হয়, তবে আমরা অরুকাল মধ্যে নিজেদের সভ্যতা ও সাধনার গৌরব ভূলিয়া গিয়া, কাফ্রি বা জাগানীর মত মুরোপীয়ানের অপবর্গিরপ হইয়া উঠিব। ইহা যাঁরা অপরিহার্য্য বা বাল্পনীয় মনে করেন, তাঁদের পক্ষে গোখেলে মহাশ্যের এই বিলের পোষকতা করাই স্বাভাবিক। যাঁরা এইরপে স্বজাতীয়ের আত্মহত্যার সন্তাবনার প্রতি উদাসীন হইয়া থাকিতে পারেন না, তাহাদের পক্ষে প্রাণেপণে এই আত্মঘাতী সংস্কারের প্রতিরোধ করিবার চেটা করাও দেইরপই স্বাভাবিক।

য়ুরোপীয় সমাজগঠনের মূলে একটা প্রবল ব্যক্তিহাতিমান জাগিয়া আছে। व्याभारतत मभाक्र गर्धात युक्त विकास का निव ভাব কথনওই ছিল না। আমাদের সমাজেও ব্যক্তিহের একটা বিশেষ ম্যাদা ছিল, সন্দেহ নাই। কিন্তু আমাদের भागाजिक कोवानत विविध, मचास्त्रत मान প্রকৃত ও পূর্ণতম ব্যক্তিত্বের প্রতিষ্ঠা অসম্ভব জানিয়া এই জীবনের বাহিরে, ধর্মজীবনের অতি উচ্চতম সোপানে, এই অনম্প্রতিদ্বন্দী ব্যক্তিত্বের প্রতিষ্ঠা করিয়াছে। যেখানে কোনও সম্বন্ধ সেখানেই একের উপরে অত্যের একটা দাওয়াদাবী জনিয়া যায়; সেখানেই পরস্পারকে পরস্পারের অপেকা রাখিয়া চলিতে হয়। আর যথন এইরপ मचत्कत ममष्टि वहेशाहे यामारमत मामाजिक জীবন গঠিত হয়, তখন এখানে কোনও প্রকারের ব্যক্তিখের দাবী করা যে নিতান্ত বেয়াদ্বী মাত্র, হিন্দু ইহা অভি প্রাচীন

নালেই বুঝিয়াছিল। সূতরাং এ ক্ষেত্রে
দে বাক্তিবাভিমানকে নই করিবার জন্তই
শত অধিদ দি আঁটিয়াছে, তাহাকে বাড়াইয়।
তুলিবার কোনও অবসরের সৃষ্টি করে নাই।
অথচ মান্তবের ব্যক্তির যে একটা অতি খাঁটি
ও অতি উচ্চ বস্তু, হিন্দু ইহাও কখনও
তুলিয়া যায় নাই। বরঞ্চ এই ব্যক্তিরই যে
প্রকৃত পক্ষে মান্তবের মন্ধার, এ জ্ঞান তার
খুবই ছিল। স্থতরাং সামাজিক জীবনে
এই ব্যক্তিরাভিমানকে সর্বাদা সর্বপ্রয়ের
সংকুচিত ও সংযত করিবার চেষ্টা করিয়া,
হিন্দু অতি-সামাজিক সন্ত্রাদাশমে মান্তবের
এই ব্যক্তির-বস্তর অবাধ প্রসারণেরও
ব্যবস্থা করিয়া রাধিনাছিল।

কিন্তু য়ুরোপীয় সমাজ যে ব্যক্তিত্বের উপরে আপনাকে গড়িয়া ভুলিতেছে, আর হিন্দু যাহাকে ব্যক্তিয বলিয়া ধরিয়াছে, এই ছুই বস্ত ঠিক এক নহে। সমাজ-জাবনে ব্যক্তিত্বের প্রতিষ্ঠা করিতে গেলেই স্ক্রিধ সামাজিক স্থলের মধ্যে যে একে-মভের বখতার ভাবটী রহিয়াছে, তাহাকে ক্ষাণ করিতেই হইবে। এই জন্য য়ুরোপীয় স্মাজে এই ব্ছাতার বিধানটী বড়ই ছুৰ্বল হইয়া, সকলকে স্ব স্ব প্রধান করিয়া তুলিতেছে: ইহার ফলে বর্ত্তমান য়ুরোপীয় সমাজে একটা সংগ্রামের ভাব যেন দিবানিশি জাগিয়া রহিয়াছে। এই সামাজিক সমরসজ্জার নামই প্রতি-যোগিত। বা competition. মুরোপীয় সমাজ বহুকাল হইতে এই গুতিযোগিতার পথ ধরিয়াই চলিয়াছে। ইংার ফলে যেমন যুরোপে কভকগুলি লোকের ভিতরে উচ্চাঙ্গের রাজসিকতা কুটিয়া উঠিয়াছে,
সেইরূপ আবার অধিকাংশ লোককেই এই
নির্ম্ম জীবন-সংগ্রামের নিপ্পেষণে একেবারে
পশুর মতন কর্য়া তুলিতেছে। কিন্তু
উচ্চাঙ্গের সান্ত্রিকতা বিকাশের পথ পরিদার
করিতে পারিতেছে না। ফলতঃ এই
প্রতিযোগিতার তীব্রতায় মুরোপীয় সমাল
ছিন্নবিচ্ছিল হইয়া যে পড়িতেছে, ইহাও
অধীকার করা অসন্তর

আমাদের সমাজ এ পর্যান্ত এ পর ধরিয়া চলে নাই। আমাদের সমাজ অতি প্রাচীন কাল হইতেই সাহচর্য্যের পথ ধরিয়া চলিরাছে। যুরোপের সমাজগঠনের ও সামাজিক বিবর্তনের মূলে যেমন প্রতি-যোগিত। বা competetion, সেইরূপ ভারতের সমাজগঠনের ও সামাজিক বিবর্তনের মূলে এই সাহ্চথ্য বা co-operation বিদ্যমান রাইয়াছে। এই সাহচ্য্য-প্রতিষ্ঠিত স্মাজগঠনের ওণেই আমরা এত আঘাত সহিয়াও আজি পর্যান্ত নিজেদের সভ্যতা ও শাধনার বিশেষভটাকে বাচাইয়া রাখিতে আমাদের দারিত্র ইংলও পারিয়াছি। প্রভৃতির দারিদ্রোর তুলনায় বেশি বই কম नरह। किञ्च धमन निष्ठ रहेगाछ, ध জাতিটা যে এখনও বাঁচিয়া আছে, এই সাহচর্ঘ্য-প্রতিষ্ঠিত সমাজগঠনই তার মুখ্য কারণ।

আমাদের একানবর্তীপরিবার-প্রথা এই সাহচর্য্য-নীতির ভিত্তি ও প্রমাণ। ব্যবসা-বাণিজ্যের দিক দিয়া দেখিলে, আমাদের এক একটা পরিবার এক একটা যৌথ-কারবারী-সম্প্রদায়েরই মতন। বিশাতি

(योथ-कांब्रवादवत मृत्रधन (१वन होकांकिष्ड्)। चामारनत এकान्नवर्जी शतिवादतत्र रशेथ-कात्रवाद्यत मनश्न (करन : ठाकाकि ज् नत्र, किन्न मालूरवत (पर-मत्तत्र मेकि। পণ্য-छे९ भाषर । त कि कि विशेष कि विशेष विशेषित विशे এ পরিবারগুলিকে এক একটী ফ্যাক্টরী विन्ति हाल। किंद्ध अ काक्रेतीत কর্মকর্ত্তা ও ভত্তাবধায়ক মুনাফা-লোলুপ ধন্ট নহেন, কিন্তু স্নেহপ্রবণ পিতা কিমা ভাতা। এট একারবর্তী পরিবারগুলি যতদিন বাঁচিরা থাকিবে, ততদিন হিন্দুর সমাজ, হিন্দুর সভাতা, হিন্দুর সাধনা, হিন্দুর নিজম্ব निल्लानि এ नकनहे वाहिया थाकित। আবার এই একার্যুরী পরিবারগুলি যদি বিলাতি সভাতার চাপে নষ্ট হইয়া যায়, তবে আর হিলুর বিশেষঅকে বাঁচাইয়া वाथा (कान ७ मर ठरे मछत रहेरत ना। এই একারবর্ত্তী পরিবারগুলি যেখানে যে পরিমাণে ভাঙ্গিয়া যাইতেছে, দেখানে দেই পরিমাণে আমাদের সভাতার সব ভাল ভাল বস্তুগুলি একে একে নষ্ট হইবার উপক্রম হইতেছে, ইহা প্রতাক্ষ কথা। যুগযুগান্ত ৰবিষা হিণু যে হুর্ভেদ্য হুর্গের ভিতরে অশেষ বাধা-বিপতির আপনার সভ্যতা ও সাধনা, ধর্ম ও কর্ম, চিত্তের ওদার্য্য ও চরিত্রের শক্তিকে রক্ষা করিয়া আসিয়াছে, এক একটা একারণভী পরিবারের বিচ্ছিনতায় ও বিলোপে, সেই হুর্ভেম হুর্গের এক এক খানি খিলান যেন খিসিয়া পড়িতেছে, এমনই মনে হয়

কিন্তু যাঁহারা সমাজের উক্তর শ্রেণী বলিয়া অভিমান করেন, তাঁহাদের মধ্যে

এই একানবর্ত্তী পরিবারের দোষও বেশি ফুটিয়া উঠে, এবং সেখানে এই পরিবার গুলি ভাগিয়া যাওয়া যতই কোভের বিষয় হউক ना (कन. वर्डभान व्यवशाधीत कठकहा (य অপরিহার্য্য হইয়া উঠিয়াছে, ইহাও অস্বীকার করা যায় না। আর এ সকল স্থলে এই একানবভীপরি বার প্রথা નજે. যাইতেছে বলিয়া দেশের যে-জাতীয় ও পরিমাণে ক্ষ তি হয় জনসাধারণের মধ্যে যদি তাহা ভাঙ্গিয়া যায়, তাহা হইলে যে তদপেক। অশেষ গুণে অধিক ক্ষতি হইবে, তাহারও কোনও সন্দেহ নাই! এই একারবর্তী পরিবার-প্রথার ক্র্যাণেই আমাদের দেশের ক্রফেরা বা অপর শ্রমজীবিগণ মুরোপের আমেরিকার শ্রমজীবিগণের মতন এতটা অসহায় হইয়া পড়ে নাই। যতদিন এই একারবর্তী পরিবারের আশ্রয়ে ইহারা বাদ করিবে, ততদিন তাহারা युताशीशान् या व्यास्मतिकान्, अमजीविशत्यत মতন এমন হুৰ্দশাগ়স্ত হুইবে না ইহাও স্থির নিশ্চ্য। এইজন্তই সর্ব্যপ্তর, অন্ত দিকে সহস্র ক্ষতি স্বীকার করিয়াও, আমাদিগকে এই একারবর্ত্তী পরিবারগুলিকে , রক্ষা করিবার চেষ্টা করিতে হইবে। গোখেলে মহাশ্য যে সার্গজনীন সাধারণ-শিক্ষা বিস্তারের জ্বন্স ব্যস্ত তাহা যদি দেশে এখনি প্রচলিত হয়, তবে তার ফলে আমাদের সমাজের নিমুন্তরেও যে এই একারবর্তী পরিবারগুলি অতি ক্রতগতিতে ভাঙ্গিয়া যাইতে আরম্ভ করিবে, সে বিষয়ে কোনওই সন্দেহ নাই। আর

দে অবস্থায়, মুরোপের সমাজ আজ যেথানে গিয়া দাঁড়াইয়াছে, আমরাও যে ক্রনে সেই স্থানে যহিয়াই উপস্থিত হইব, ইহাও গ্রিনিশ্চিত।

গোখেলে মহাশয়ের প্রস্তাবিত বিল্ পাশ হইলে দেশে যে সার্ক্তিনীন সাধারণ-শিক্ষা প্রবর্ত্তি হইবে, তাহাতে মুরোপীয় কাঁবোর বাক্তিছাভিমানকে যে জাগাইয়া তলিবে ইহা অবশ্রস্তাবী। এটী যদি না জাগে তবে গোখেলে মহাশয় যে উদ্দেশ্যে এই বিধান প্রবর্ত্তি করিতে চান, তাহাই প্ত হहेबा याहेर्य। জনসাধারণের মধ্যে তাহাদের য্যাদপত স্বত-স্বার্থের জ্ঞান জন্মানই তাঁর এই সংস্কার-চেষ্টার প্রধান লক্ষ্য। তারা নিজেরটী বুঝিতে পারিবে, প্রতিযোগিতায় আত্মপ্রতিষ্ঠা করিতে शांतित्व, अभिनात ७ भशांकत्नत चरित्र উৎপীডন হইতে নিজেদের বাঁচাইয়া রাখিতে পারিবে, এই নৃতন শিক্ষাবিধানের সম্ভাবিত উপকারিতার প্রমাণস্করপ মহাশয়ের পৃষ্ঠপোষকেরা গোখেলে এওলিরই বিশেষ উল্লেখ করিয়া থাকেন। কিন্তু "নিজেরটী" বোঝার যে আর একটা দিকও আছে,"প্রতিযোগি হ'র আল্লপ্রতিষ্ঠা" মনে করি া

করিবার শক্তিলাভের সঙ্গে সঞ্চে মানব-চরিত্রে যে আগে ১তকগুলি বস্তু ফুটিয়া উঠে, এ সকলের প্রতি ইহারা দৃক্পাতও करत्रन ना। (१ कि कतिया (य यूवक কৃষক "নিজেরটী" বুঝিতে যাইবে, সে ই ক্রমে আপনার সবল পেশির সক্ষম কর্ম্ম-চেষ্টার দারা স্বাঞ্গাণ পিতামাতার ভরণ (পुषिण कता (य कीवन-मःश्राम यथार्याणा জয়লাভের সহায় নহে, কিন্তু কতকটা অন্তরায়ই হইয়া পড়ে, এটাও বুঝিয়া উঠিবে এবং এইজন্ত সে বিবাহ করিয়াই নিজের স্বতন্ত্র ঘর বাদিবাব জন্তও ক্রমে জনে ব্যস্ত হইয়া পড়িবে। , আর এইরূপ ভাবে এই সাক্ষিল্যান সাধারণশিক্ষার কল্যাণে আমাদের যে এ চারবর্ত্তী পরিবারে আমাদের সমাজের ও সভাতার পুচ্ছ গতিষ্ঠা, সেই একারবন্তী পরিবারগুলি একেবারে ভাঙ্গিয়া চুরিয়া যাইবে। ইহাতে আমাদের কি যে সর্মনাশ হইবে, ভাবিলেও হুংকম্প উপস্থিত হয়। আর এই বিষম বিপৎপাতের আশস্কাতেই শ্রীপুর গোপালক্ষণ গোখেলের ্এই সংস্কার-চেষ্টার প্রতিরোধ হওয়া দেশের এক প্রকারের জীবন-মরণের কথা বলিয়া

শ্রীবিপিনচন্দ্র পাল।

^{*} শ্রদ্ধাম্পদ শীবুজ বিপিন্চন্দ্র পাল মহাশ্রের লোক শিক্ষা সম্বন্ধে প্রথম প্রবন্ধ প্রকাশিত হইবার পর কেহ কেহ তাহার প্রতিবাদ করিয়া পাঠাইয়াছেন, কিন্তু তপন বিপিন বাবুর বজবা শেষ হয় নাই বিলিয়া আমরা সে প্রতিবাদ প্রস্থ করি নাই। এক্ষণে বিপিন বাবুর প্রবন্ধগুলি পাঠাজে কেহ উপ্যুক্ত আলোচনা বা প্রতিবাদ পাঠাইকো তাহা সাদরে গৃহীত হইবে। বঃ সঃ।

তারার কাহিনী

অগ্নিদৈবত—কৃত্তিকা-নক্ষত্ৰ (Pleiades)

তড়িৎবর্ণ ধন ক্ষুদ্র ক্ষুদ্র তারানিচয়ে এই তারাপুঞ্জ গঠিত। এই তারাপুঞ্জ গোম-ধারার (১) মধ্যে অবস্থিত। (২) এবং ইহা সোমধারার কেন্দ্রহীনীয়। (৩)

অতি পুরাকালে ক্তিকাগণ স্বতন্ত্র তার্।
মণ্ডল বলিয়া পরিগণিত ছিল এবং মাতৃমণ্ডল নামে পরিচিত ছিল। ৪) মাতৃগণ
সপ্তর্ষিমণ্ডলে স্থিত পিতৃগণের পত্নী। (৫)

মহাভারতে (০।২২৯) সপ্ত কৃত্তিকা গণের নক্ষত্র>ক্রে অভি-ট্রাভির ইভিহ দৃষ্ট হয়। (৬) বোধ হয় যে এই অভ্যান্নতির সঙ্গে সঙ্গে কৃত্তিকাগণ রুষরাশি-ভুক্ত হইয়াছিল। কৃত্তিকাগণ তারা-রুষের ককুং গঠন করে।

কালক্রমে ক্বতিকাগণের একটা তারা হইলে কুত্তিকাগণ ধট্-কুতিকা

- (>) The Milky Way.
- (२) इन्नूडिः वहे युक्तन् । अः । । २०। ऽ०
- (*) "They are regarded by Madler as the central group of the system of the Milky Way."
 - (৪) আসরস্তুঃ ন পণ্ডেং চতুর্থন্ মাত্মওলম্ (ফক প্রাণ)
- ♥1 On the Globe of Eudoxos (B. C. 403) the clusterers are distinct from the Bull. In the Hippercho-Ptolemy List the Pleiades are included in the Bull.
- (৫) যে মরীচি-আদয়ঃ দপুসর্গে তে পিতরঃ শ্বতাঃ তংপজাঃ লোকমাতরঃ। প্রপুরাণ।
- (৬) এবং উচ্চেন শক্তেন ত্রিদিবন্ কুত্তিকাঃ গভাঃ নক্ষত্রন্ সপ্ত শীর্ষাভন্ ভাতি তৎ ব্রহ্মদৈবত। Note ব্রহ্মা = অ্যা ব্রহ্মা।

খ্যাতি গ্রহণ করিলেন। (৭) এই নক্ষর ক্ষুর ও অগ্নিনিখা-আকৃতি সম্ভূতি, অফুব্রা, ক্ষমা প্রীতি, সন্নতি, অফুন্ধতী ও লজ্যা এই সপ্তমাতার মধ্যে অফ্ন্নতী সপ্তর্ষিগভাবে অবস্থিত আছে।

আমরা শতপথ ব্রাহ্মণে (২।১।২।৪)
পাই—আদিতে ক্ততিকাগণ ঋক্ষগণের
পদ্মী ছিলেন। পুরাকালে সপ্তর্ধিগণকে
ৠক্ষ (ভল্লুক) বলিত। কিন্তু ক্ততিকাগণ
স্বামীসহবাসে বঞ্চিত ছিলেন। সপ্তর্ধিগ উত্তরে এবং ক্ততিকাগণ পূর্ব্বিদকে
থাকেন। ১৮)

অগ্নিদেব কুত্তিকাগণের স্থা এবং তাঁহারা অগ্নিদেবের সহবাস করেন।

শতপথ রাহ্মণে উক্ত এই ইতিহটী বহু বিস্তৃত ভাবে মহাভারতে দলিবেশিত হইয়াছে। তাহার দার অংশ এই —

মহাভারত মতে (৩)২২০-২২৯) "একদা বশিষ্টপুমুখ বিপ্রেন্দ্রগণের যক্তভূমিতে যজ্ঞান্ত্র্চান কালে ত্তবহ অগ্নিদেব উপ নীত হইরাছিলেন। তিনি পাপচক্ষে মুনিপত্নীগণকে নিরীক্ষণ করিয়া আত্মগ্লানি

- (१) গ্রীন দেশীর ইতিহান মতে এটলান দেবের সথ কন্তা মধ্যে মিরোণি (Merope) মর্ত্তা নিমিন্দ্ রাজকে আগ্রানমর্পণ করিয়া লাজায় কপ্তদৃশ্য ইইলেন। মতাত্তরে ট্রিয় নগরের ধ্বান দর্শনে সপ্তকন্তা হুপে মান হুইলেন। Brown—146-7
- (৮) এতাঃ (কুত্তিকাঃ) হ বৈ থাটেচ্যঃ দিশঃ ন চাবতে। (শঃ বাঃ ২াসাযাত) এই সমন্ম মহাবিদুপ সংক্রান্তি বিন্দু এই নক্ষত্রের সন্নিহিত ছিল

বেশে আত্মহত্যায় কৃতসংকল্ল হইলেন।
এক্স তিনি বল্লে প্রস্থান করিলেন।
দক্ষত্হিতা স্বাহা দেবী অগ্নিদেবে আত্মসমর্পনি করিয়াছিলেন। কিন্তু অগ্নিদেবের
মন স্বাহার প্রতি আকৃষ্ট হয় নাই।
স্বাহা অগ্নিদেবের মন জানিয়া প্রতিপদ
তিথিতে একে একে ছয় মুনিগন্তার রূপ
ধারণ করিয়া অগ্নিদেবকে মোহিত
করিলেন। এবং গরুড়ী রূপ ধারণ করিয়া
বন হইতে বহির্গত হইয়া শরস্তব্দংরত
খেতপর্বতে স্থিত কাঞ্চন কুণ্ডে ছাটী গর্ভ
নিক্ষেপ করিলেন, কিন্তু ত্পঃপ্রভাবশালিনী অকৃদ্ধতীর দিবার্কপ স্বাহা সমুকরণ
করিতে পারিলেন না।

এই ষট্ গর্ভ হইতে স্কন্দ ওরকে কুমার দেবের জন্ম হইল। তৈতারগ্বাসী জন-গণ বলিতে লাগিল অগ্নিদেব সপ্তর্ষি গণের ছয় পত্নীর সহিত সমাগ্যে মহান্ অনুধ ঘটনা করিয়াছেন।

গপুষিগণ কুমারের জন্ম প্রবণে দেবী অরুলভী ব্যতিরেকে (১) আর ছয় পরীকে পরিত্যাগ করিলেন।

কুমার দেব দেবসেনাপতির পদ গ্রহণ করিলে সপ্তর্মিগণের ছয় পত্নী স্ব স্ব সামী কর্তৃক পরিতাক্ত হইয়া জতগদে তাঁহার সমাপে আগমন করিয়া কহিলেন "হে পুত্র স্বামিগণ অকারণে রোমপরতন্ত্র ইইয়া আমাদিগকে পুণ্যস্থান হইতে পরিত্রপ্ত করিয়াছেন। তুমি আমাদিকে অক্ষয় স্বর্গ দান কর।"

তথন ইন্দ্র দেব কুমারদেবকে কহিলেন
—রোহিণীর কনিষ্ঠা ভগিনী অভিজিৎ
স্পর্দ্ধা প্রযুক্ত জ্যেষ্ঠতা লাভে সমুৎস্ক্ক
হইয়া তপত্যার্থ বনে গমন করিয়াছেন।
আমি এই নক্ষত্র পরিচ্যুতি নিংক্ষন ব্যাকুল
হইয়াছি। আপনি ব্রহ্মার সহিত মিলিত
হইয়া নক্ত্র-সংখ্যা পরিপূরণ করন। ইক্র
এইরপ কহিলে কুতিকাগণ স্বর্গে গমন
করিলেন। সেই অগ্রিইনবত নক্ষত্র
সপ্রশার্শরপে প্রতিভাত হইয়া গাকে।

শতপথ বান্ধণে (২৷১৷২৷৪) **আমরা** আরও পাই—

'বিশেষতঃ অস্থান্ত নক্ষত্র এক তুই
তিন বা চারি তারাতে গঠিত। স্কৃতরাং
ষট্তারাথিকা কৃতিকা বহু তারকময়
বলিয়া উহার বহুলা নাম।(১০) বহুলা নক্ষত্র
সমলিত পূর্ণিমা হইতে কার্ত্তিক মাদের
অপর নাম বাহুল। এবং কুমার কার্ত্তিকেয়
দেবের নাম বহুলাস্থত "বাহুলেয়।" (১১)

এই বছলা নক্ষত্র বা বছলা দেবী ''বেছলার" ভাসানের নায়িকা।

উপাথ্যানটা এই—কার্ত্তিকী পূর্ণিমা নিশিতে লখিন্দর (লক্ষান্দ্র) বেহুলা দেবীর পাণি গ্রহণ করেন। ঐ রন্ধনী যোগে ধাসরঘরে স্ত্র-সঞ্চার সর্প (১২) অলক্ষিত

⁽৯) অক্ষমীলা অরস্বতীর নামন্তর। অক্ষমালা বৃদ্ধিটন সংযুক্তা অধমযোনিজা। (মন্তু)

⁽১০) জু। গ্রীগদেশীয় নাম Pleiades=many. হিক্ত নাম Kimah=the cluster. বেবিলন নগরে নাম Kimtu=the family. আরবদেশীয় নাম অস্-স্বয়=the little ones.

⁽১১) বাহুলেয়ঃ তারকজিং। অমরকোষ।

⁽২২) চন্দ্র-হর্ণ্যের গতিবিধি লক্ষ্য করিয়া সমস্ত্র পাইলেই রাহু দর্প উভয়কে গ্রাস করে। এই জক্ষ্য রাহুর নাম স্বর্গ-সঞ্চার দর্প।

রূপে লখিন্দরকে দংশন করে এবং লখিন্দর
জীবন তাগ করে। সংল্যাড়া বেছলা
স্থান্দরী লখিন্দরের শব লইয়া গঙ্গা নদীতে
(আকাশ গঙ্গা) ভেলায় চড়িয়া স্বর্গে গমন
করেন। দেব-বরে লখিন্দর পুন্র্লীবিত
হয়। (১৩)

পুরাকালে তারা বুমের ককুংস্থিত
ক্বত্তিকানক্ষত্রং১৪)নক্ষত্র চক্রের আদি নক্ষত্র
ছিল। স্থনেরুবাদী তারাদর্শক দেখিতেন
যে তারা বুষের ককুংস্থিত এই নক্ষত্রে
উদিত হইয়া স্থাদেব ষট্মাদব্যাপী
দিবার উরোধন করিতেন। ইতিহে
এই কাকুৎস্থ স্থা ইক্ষাকু নাম গ্রহণে

কৃত্তিকানক্ষত্র-সংযুক্ত পৌর্ণমাসী হইতে কার্ত্তিক মাদের নামকরণ হইরাছে। পুরাকাণে কার্ত্তিকী পূর্ণিমা কৌমুদী (Harvest Moon) নাম ধারণ করিতেন। কৌমুদী তিথিতে প্রাচীন জগতে মহোৎসব হইত।(১৫)

কারণ ঐ দিন হইতে কার্ত্তিকাদি বর্ষ গণনা হইত। এবং ঐ দিনে নব হল চালন আরম্ভ হইত। অস্তাপি বোম্বাই দেশের কুষ্কগণ হল স্কন্ধে লইয়া কৌমুদীনিশিতে

(১৩) তু। সাবিত্রী-সত্যবানের উপাখ্যান "সবিতা সত্যধর্মান" (অ: বে: ৭।২৪।:)=সবিতা সত্যবান্।

(১৪) কৃতিকাঃ প্রথমম্। তৈঃ ব্রাঃ, :।বা১। তু। বেবিলন নগরে এই নক্ষত্রের নাম টি (Te) অর্থাৎ ভিত্তি ছিল এবং চীনদেশে ইহার নাম "ম-আ-ও" অর্থাৎ সূর্যা বিমৃক্ত দার ("Sun-open-door") ছিল।

(১৫) চাণক্য। বৃষল। কোমুদী মহোৎসবস্ত কিম্ কারণম্। মুদ্রারাক্ষন।

मकल गृरदेखत चरत चरत "मान्नन" (১৬) চাহে।

বিলাতেও দেই রীতি আছে বা অন্ততঃ ছিল।

কাৰ্ত্তিকী পূৰ্ণিম। বা কৌমুদী হইতে বৰ্ষ গণনা হইত বলিয়া চন্দ্ৰ "কুত্তিকা ভব" নাম ধারণ করেন।

কার্ত্তিকী পূর্ণিমা নিশিতে পূর্ব্বে কৌমুদী উৎসব হইত। আবার এই , নিশিতে রাদলীলার উৎসব ইহ জগতে হইতেছে। এবং দেবগণ ও মর্ত্ত্যগণ এই নিশিতে রাধা ওরকে বিশাখা (১৭) নক্ষত্রে স্থিক্ষত্র্য্য এবং কৃত্তিকা নক্ষত্রে স্থিতি পূর্ণিমার চক্র সন্দর্শনে আধিদৈবিক রাদোৎসব বিলোক্ষন করেন।

তড়িংবর্ণ বা চম্পকবর্ণ ক্বন্তিকাগণ এবং লোহিতবর্ণ রোহিৎতারা বা "হলদীবরণ" তারা (Aldebaran) ধাত্রীশালার "গাত ভাই চাম্পা এবং "করবী বা পারুল" যথা--

"দাত ভাই চাম্পা জাগো রে কেন বোন্ পারুল ডাকো রে॥ (সহর)

"সাত ভাই চাম্পা জাগো রে কিন বোন্ করবী ডাকো রে॥ (পল্লীগ্রাম)

সোমধারার কেন্দ্রে অবস্থিত ষ্ট্রুতিকা বা ষ্ট্মাত্কাগণ ছগ্ধবতী বলিয়া, প্রশিদ্ধ মহাভারত মৃতে (এ২২৫) সোমধারা

(36) "Plough Money".

পলীগ্রামে পৌৰমাদে হল বোল গীত হয় এবং
 মাঙ্গন হয়।

(১৭) রাধা বিশাধা-পুণ্যেতু (অমরকোষ্ম)

(হুগ্ধবারা) এই মাতৃমণ্ডল হইতে বিনিস্ত হইয়াছিল। (১৮) এবং দেবগণ কুমার দেবকে স্তন্তানার্থে কুত্তিকাগণকে নিয়োঞ্জিত করিলেন। (১৯)

(১৮) বিশাখায়াম্ যদা স্থাঃ চরতি অংশম্ তৃতীয়কম্ তদা চন্দ্রম্ বিজানীয়াৎ কৃত্তিকা শিরদি স্থিতম্ । বিঞ্পুরাণ ২।৮।৭২

(১৯) ক্ষীরসম্ভবনার্থায় কৃত্তিকাঃ সমযোজয়ৎ (রাম ২৩৮।২৩) আবার মাতৃগণ শিববিবাহে মঙ্গলাচরণ করিয়াছিলেন। আমরা বেদে (তৈঃ ব্রাঃ ১া৫) পাই "দেবগৃহাঃ বৈ নক্ষত্রাণি" অর্থাৎ দেবগণ নক্ষত্রে অধিষ্ঠিত আছেন। যথা—মাতৃগণ মাতৃমগুলে।

তারাদর্শক।

বেদে বৈজ্ঞানিক সৃষ্টিতত্ত্ব

পাশ্চাতা মনীধিগণ গবেষণাও পরীক্ষ!-দারা যে বিজ্ঞান-যুগ পৃথিবীতে প্রবর্ত্তিত করিয়াছেন, তাহার প্রধান-লক্ষ্য কত-কার্য্যত। এক কথায় প্রকাশ করিতে হইলে বলিতে হয়—স্ষ্টি-রহস্যোত্তেদ। পাশ্চাত্য পণ্ডিত-চূড়ামণি বিজ্ঞানাচার্য্য হকৃদি (Huxley) এক কথায় আবার এই সৃষ্টি ব্যাথাা করিতে যাইয়া বলিয়াছেন যে, মুথ হইতে ধূমপানের ধূম (whilf of smoke) নিৰ্গত হয়, তাহাতেই স্ষ্টিরহস্ত নিহিত রহিয়াছে। ইহার তাৎপর্য্য এই যে বাষ্পই স্ষ্টির আরম্ভ। ভূমগুলের বিচিত্র গঠন-প্রণালীর মূলামুসন্ধানে এই তত্ত্বেই পরিচয় পাওয়া গিয়াছে; ভূমগুলস্থ অসংখ্য জগতের গঠন উপাদান বিশ্লেষণে ইহারই আভাস পরিদৃষ্ট হইয়াছে, তাহাদের বিভিন্ন পরিণাম পর্গ্যবেক্ষণে বাষ্প্রয়-নীহারিকাতে(Nebula) স্ষ্টির প্রথমক্রিয়া প্রত্যক্ষীকৃত হইয়াছে।

আমাদের পূর্ব্ব-পুরুষ আর্য্যমনীষিগণের উজ্জ্ল-প্রতিভাতে সেই স্মরণাতীত বৈদিক কালেই যে বর্তমান বৈজ্ঞানিক যুগের পূর্ব্বোক্ত অভিনব তত্ত্ব কেবল প্রতিভাত হইয়াছিল তাহা নহে, কিন্তু তাহা যে বহুল রূপে প্রচারিত ও গৃহীত হইয়াছিল, ইহা গুডিপাদন করাই বর্ত্তমান প্রবন্ধের লক্ষ্য।

ঋথেদ, বেদ সকলের মধ্যে প্রাচীনতম; তাহার কয়েকটা মদ্রে জলেতেই স্টার প্রথম বিকাশ বর্ণিত হইয়াছে, কিন্তু ইহা যে কবিকল্পনা নহে, অবৈজ্ঞানিকের স্বপ্নদৃষ্ট প্রছল্ল সত্য নহে, পরস্তু বৈজ্ঞানিকের চিন্তা-প্রস্তুত, যুক্তিসমর্থিত, প্রত্যক্ষলন্ধ, স্প্রস্তুত্ব, তাহা এ কয়েকটা মন্ত্র উদ্ভুত করিয়া আলোচনা করিলেই পরিষ্ণার রূপে প্রতীয়ন্মান হইবে। সেই মন্ত্র কয়েকটাই স্টো-বিষয়ক। অতি স্ক্রেরপে সেই গুলিতে স্টোচিত্র অন্ধিত হইয়াছে—

"আপোহ ষৰ্হতী বিশ্বনায়ন্
গর্ভং দধানা জনয়ন্তীরপ্রিম্।
ততো দেবানাং সমবর্ততাস্তরেকঃ
কল্ম দেবায় হবিষা বিধেম॥">৽।>২>।৭
"যশ্চিদাপো মহিনা পর্য্যপশ্রদক্ষং
দধানা জনয়ন্তীর্যজ্ঞন্।

যো দেবেছধিদেব এক আসীৎ
কলৈ দেবায় হবিষা বিধেম॥">৽৷১২১।৮
ভূরি পরিমাণ জল সমস্ত বিশ্বভূবন আচ্ছন্ন
করিয়াছিল, তাহারা গর্ভধারণপূর্বক অগিকে
উৎপন্ন করিল; তাহা হইতে দেবতাদিগের একমাত্র প্রাণ্যরূপ যিনি তিনি
আবিভূতি হইলেন। কোন্ দেককে হবাছারা
পূজা করিব?'

'যথন জনগণ বলধারণ পূর্বক অগ্নিকে উৎপন্ন করিল, তখন যিনি নিজ মহিমাধার। সেই জলের উপর সর্বভাগে নিরীক্ষণ করিয়া-ছিলেন, যিনি দেবতাদিগের উপর অভিতীয় দেবতা হইলেন। কোন্ দেবকে হব্যদার। পূজা করিব?'

"তম আসীৎ তমসা গুঢ়মগ্রেই
প্রক্বতং সলিলং সর্বাগাইদম্।
তুচ্ছোনাভূপিহিতং যদাসীৎ
তপসস্তনহিনা জায়তেকং ॥'', ০।১২৯।০
কামস্তদগ্রে সমবর্ত্তাধিমনসোরেতঃ প্রথমং যদাসীৎ ॥".০।১২:।৪
'সর্বপ্রথমে অন্ধকারের দারা অন্ধকার
ভারত ছিল। সমস্তই চিহ্নবর্জ্জিত ও চতুর্লিকে
জলময় ছিল। অবিদ্যমান বস্তদার প্রভাবে

'সর্ব্ধপ্রথমে মনের উপর কামের আবির্ভাব ছইল, তাহা হইতে সর্ব্ধপ্রথম উৎপত্তি কারণ নির্গত হইল।'

সেই এক বস্ত জনিলেন।

এস্থলে একটা বিষয় বিশেষভাবে
লক্ষ্য করিতে হইবে যে, পূর্ব্বোক্ত স্ফ্টবর্ণনায় জল ও অগ্নির এত অধিক সন্নিকট
ভাব প্রকাশিত হইয়াছে যে, এই ছুইটাকে

নিতাসাপেক্ষ তত্ব বলিয়া গ্রহণ করা ঘাইতে পারে, তাহাই স্থান্তর মুগোপাদান স্থলে উভরকেই ধরিরা 'তেজোযুক্ত বাদ্প' স্থান্তর আদি, এই দিদ্ধান্ত দারা স্থান্তর আদি সম্বন্ধে পাশ্চান্ত্য 'Heated mass of Vapour' ('উত্তপ্ত বাম্পরাশির) মতের সহিত সামঞ্জন্ত করা যাইতে পারে।

উপরি-উদ্বৃত তৃতীয় ঋক্টীর সহিত বাইবেল-উক্ত স্প্টি-বিবরণ তুলনা করিলে উভয়ের গাদৃগ্য দেখিয়া বিশ্বিত হইতে হয়—

"And darkness was on the face of the deep, and the spirit of God was moving (or brooding) on the face of the water."—Genesis, I., 2. "জলরাশির উপরিভাগে অন্ধকার বিরাজ-মান ছিল এবং প্রমান্ত্রা এই অর্থবরাশির উপরে বিচরণ করিতেছিলেন।"

এই তুলনা দারা বৈদিক স্টিতত্বই যে পূর্ণ মৌলিক তাহা পরিফাররূপে উপলব্ধি করা যায়।

পূর্বোদ্ত কয়েকটী ঋকের সহিত আ্বাদের নিতাব্যবহায়া একটা অতি প্রসিদ্ধ বৈদিক মন্ত্র মিলাইয়া বুঝিলে, স্ট্রহস্তের স্বগ্রালীবন্ধ দর্শন-বিজ্ঞান-সন্মত একটা সম্পূর্ণ ব্যাখ্যা পাওয়া यां ग्रा উলিখিত মন্ত্রী আমরা নিমে করিতেছি---"ওঁ আপো হি ষ্ঠা ময়োভুবস্তান উর্জে দ্রাত্ন। মহেরণায় চুক্ষসে। ওঁ যোবঃ শিবতমোরসক্ষম ভাজয়তেহ নঃ। উশতীবিব মাতরঃ। ওঁ তথা অরঙ্গমান্ বো যস্ত ক্ষরায় জিল্লগ। আপো জনয়থা চনঃ।''

'হে জন! তোমরা অতি স্থানারী, অতএব আমাদিগের ইংকালে স্থা ও আর বিধান কর; এবং পরকালে (চিত্ত শুদ্ধিরা) আমাদিগকে মহারমণীর পরব্রন্ধের সহিত সংযোজিত করিয়াদিও। হেজন! তোমরা হিতাভিলাবিণী মাতার স্থার রসের আমাদিগকে অতি কল্যাণদারী স্থার রসের ভাগী করিও। হে কলা! তোমরা বে রসে নিধিল জগং পরিত্প্ত করিতেছ, আমরা তাহাতে লাভ করি।'

'মহাপ্রলয় সন্যে জগং একনাত্র পরপ্রক্ষে বিলীন হইয়াছিল, তংকালে কেবল রাত্রিছিল অর্থানে জগং অক্ষারন্য ছিল। পরে স্ফুরারন্ত সন্যে অনুষ্ঠবলে স্টুর মূলকর্ম জলপূর্ণ সমূদ উংপন্ন হয়, সেই প্রম্মপয়োবিজল হইতে বিশ্বপ্রকটনকারী বিবাহা, জনিলেন, তিনি দিবাপ্রকাশক স্ব্যা এবং রজনাপ্রকাশক চন্দ্র স্কুষ্ট করিয়া বংসর কয়না করেন, তদবদি দিন, রাত্রি, ঋতু, অয়ন প্রভৃতি স্বর্লোকাদি কলিত হইতে লাগিল।'

এখানে বিধোংপত্তি ও তৎকালীন অবস্থা অতি সুন্দরভাবে প্রকটত হইরাছে। বঁথন স্ঠে আরস্ত হয় নাই, তথন একমাত্র পরব্রহ্মের সন্থাই বিরাঞ্চিত ছিল, কিন্তু তাহা জড়দরা নহে, চৈত্রময় স্রা। চিন্তাতেই (তপ্সাতে) আবার এই তৈততো বিচাশ (কার্যা) হইতেছিল- তখন অদ্ধার ব্যাপ্ত থাকিয়া রাত্রির মত দেশাইতেছিল। স্টের ইজা হইতে थार्य अंड (निश्म = laws) ও সহস্ত (त्रडा, निर्द्धाशानानं Substance) छेडू ड .হইল। এই নিত্যোপাদানের পরিণামেই বাপেষয় সমূদ উৎপন্ন হইল ও তৎ দক্ষে দক্ষে কাল প্রবর্ত্তি হইল। একণে পর-ত্রনের ইড়াসভূত শক্তি আবিভূতি হইয়া স্ব্যাও চন্দ্র স্টেকরিয়। কালের মহোরাত্র বিভাগ এবং আকাশ, পৃথিবী, শুক্ত ও স্বর্গাদিলোক রচিত করিলেন। এই শক্তিই ধাতা (বিধাতা অর্থাৎ স্রস্তা) অভিহিত হইয়াছেন। চিদ্রপী পর-ব্রন্দের ইচ্ছা হইতে স্ট প্রস্ত হয়, স্টির নিয়ম-मुख्या उ छेशानान वहे हेळात्रहं कन । वहे ছুইটাকে অবলঘন করিয়া বিধাতাকর্তৃক স্টুকার্য্য পরিনিস্পন্ন হয়। এই স্থাই-প্রক্রিরায় পর-ত্রন্ধের নির্নিকার নিলি গ্রি ভাব সংরক্ষিত করিয়া কিরূপ আশ্চর্যাভাবে স্থাইবৈচিত্রা-ব্যাখ্যার উপায় উদ্ভাবিত হইয়াছে! এইরূপে স্টব্যাখ্যার মূলপত্র বেদেই হইয়াছে এবং বাসভূত জনই স্টার মূলপদার্থ বলিয়া কী উত্ত হইয়াছে।

পূর্ব্বোক্ত বৈদিক মন্ত্রটীকে মার্জ্জনমন্ত্র বলে। দৈনিক সন্ধার সময় এই মন্ত্রোক্তারণ করতঃ মাথায় জনপেক করিয়া নিজেকে মার্জ্জিত পরিষ্কৃত) অর্থাৎ পবিএ করিতে হয়। দৈনিক ত্রিসন্ধাতে তিনবার এই মন্ত্র পাঠ করিয়া স্টিত্ত্বের আলোচনা করিবার বে ব্যবস্থা শাস্ত্রে কর। হট্রাছে, তাহাতে মন্ত্রের মাহাত্র্য বেমন বর্দ্ধিত হয় উপাসনার গাস্তার্যাও তেমনি হার্ত্তম্প হয় এবং উপাসকের মাত্রাও প্রমাত্রাভিমুগী হইবার প্রকৃষ্ঠ সুযোগ প্রাপ্ত হয়।

শ্রুতির পর স্মৃতিদৃংহিতার মালোচনা করিলেও পূর্ব্বোক্ত মতেরই পোষ্কতা পাওয়া যায়। প্রধান স্মৃতি সংহিতাকার মহুবেদেরই অনুবর্ত্তন করিয়া বলিয়াছেন "অপ এব সদর্জ্ঞাদৌ তানু বাজমবান্ত্রমং॥" প্রথমে কল (বাপ্প) স্টু করিয়া তাহাতে শক্তি সঞ্চালিত করিলেন অর্থাৎ প্রথমস্টু বাপ্পে সমস্ত স্টুর বাজ নিহিত করিলেন।

পুরাণের মণ্যেও এই তব্ত্তরই অনুপ্রবেশ দেখিতে পাওয়া যায়। শ্রীমন্তাগবতে স্কটিবাধার যে "কারণ-জলের" উল্লেখ দেখা যায়, তাহা পূর্বোক্ত বৈদিক হত্ত্বেই সম্পূর্ণ অনুগত, অথচ অতি স্পষ্টভাবে স্কটিসম্বন্ধ জলের কারণহনির্দেশক। পুরাণে "প্রলম্ম পরোধির"যে উল্লেখ আছে, তাহাতে ব্রন্ধাণ্ডের লায়াবস্থার সহিত জলের সম্বন্ধ অতিশ্র পরিকাররূপে প্রকটিত হইয়াছে—বিশ্ব ধ্বংস

প্রাপ্ত হইয়া পুনঃ দেই বাপদমুদেই নিমজ্জিত इंहेर्त। जाहा इंहेरन वाष्णावस्रा इंहेरडहे স্ট্রর পুনঃ প্রবর্ত্তন হইতে থাকিবে। এইরূপে रयथारन विरयंत अ.छ. ८ महेथारन हे आवात বিধের আরম্ভ, কারণে কার্য্যের উপদংহারে বিধের লয়. কারণ **इ**हें 5 প্রস্তিতে বিধের উৎপত্তি। ইহাতেই স্ষ্ট-প্রবাহের অনন্ত আবর্ত্তন চলিতেছে। আমরা (पिश्टि पहिनाम (य. वाल इहेट (वमन স্ষ্ট্র আরম্ভ প্রদর্শিত হইগাছে, তেমনই তাহাতে স্টের শেষও প্রদর্শিত হইয়াছে। পর্মেশ্বের 'নারায়ণ' ও 'কেশ্ব' নানেও এই তত্ত্বেই ইতিহাদ নিবন রহিয়াছে। 'নার।' ও 'ক' উভয় শব্দেই জল ব্ঝায়। ভগবান প্রলয়পয়োধিজলে **(**4 আবিভূতি হইয়াছিলেন, তাহাতেই তাঁহার এই নামকরণ হইয়াছে।

অতএব বাপতেই যে ব্রহ্মাণ্ডের কার্ব।
কারণের সন্মিলনক্ষেত্র নির্দিষ্ট হইয়াছে,
তাহা সম্পূর্ণ বিজ্ঞানামুমোদিত ও আর্বামনীষি
গণের অন্তন্তল দর্শনের প্রকৃষ্ট নিদর্শন।
ভ্রীশীতলচন্দ্র চক্রবর্ত্তী।

অভ্যাস যোগ। *

(সমালোচনা)

ভারতবর্ষের মুক্তি কোন্ পথে এ সম্বন্ধে এথনো দেশে মতভেদ থাকিলেও, ভারত-কর্ষের প্রকৃত উরতি যে তাহার চিরস্তন

 শ্রীভূপেক্রনাথ সাক্তাক প্রণিত। মজুমদার লাইরেরী ছইতে প্রকাশিত। ২>২ পৃষ্ঠা। মূল্য আট শাক্ষা মাত্র। সাধনার পথ ধরিয়াই সম্ভব, এ সহত্যে দেশের প্রকৃত হিতৈষী ও মনীষীরন্দের মংধ্য অনেকেরই আর সংস্থেহ নাই।

স্তরাং এ সময়ে ভীষ্ক ভূপেজনাথ সান্যাল স্থাক্তি ও দৃঢ়তার সহিত হিলুর চিতে হিলু আদর্শ ও সাধ্যার একটা উজ্জ্বল আদর্শ মুদ্রিত করিবার চেষ্টা করিয়া যে হিন্দুসাধারণের ক্রতজ্ঞতা-লাভের অধিকারী হইয়াছেন, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই।

বর্ত্তথান গ্রন্থ ভূপেক্রনাথের "ধর্ম প্রচার-গ্রন্থাবলীর" তৃতীয় গ্রন্থ। তিনি ইতিপূর্দে "দিনচর্য্যা'য় হিন্দুর দৈনিক জীবন্যাপন প্রণালীর এবং "আশ্রমত স্টুর্য়ে'' হিন্দুর আশ্রমধর্মের বিশদ চিত্র অঙ্কিত করিয়াছেন। বর্ত্তমান গ্রন্থে তিনি হিন্দুর ঐকান্তিক সাধনার প্রিচয় দিয়াছেন।

ভূপেন্দ্ৰনাথ বলেন "হিন্দুশাম্বমতে বিপুল ব্ল্লাণ্ডের প্রতি প্রমাণু ভগবানের অনন্ত শক্তিতে পরিপূর্ণ। বিশ্বকাণ্ডের এমন স্থান কোথাও নাই যেথানে তাঁহার অনন্ত সভার অন্তিত্ব নাই। স্বতরাং মানুষের মধ্যেও তাঁহার এই পূর্ণক জি বিরাজিত, কিন্তু মোহের প্রভাবে, অজ্ঞানের প্রভাবে, কদভাবের প্রভাবে, এই বিপুল শক্তি জড়ীভূত, ক্ষীণ অগ্নিফুলিকের স্থায় মৃহ, বীজনিহিত রক্ষণক্রির স্থায় স্ক্রা, অপ্রাষ্ট্র, অদৃগ্র। উপযুক্ত সাধন দারা যদি এই শক্তিকে বিকশিত করিয়া তোলা যায়, তাহা হইলে মাতুষ অসাধ্য সাধন করিতে পারে।" হিন্দু এই তহ অবগত ছিলেন বলিয়াই ঐকান্তিক সাধনা দারা এমন অপূর্ব্ব শক্তি সঞ্চয় করিতে পারিয়াছিলেন।

ভূঁপেজনাথের মতে আমাদের বর্ত্তমান দেশব্যাপী হ্রবস্থার সর্বপ্রধান কারণ— "অন্ধ, ভ্রাস্ত, অবসাদকর অদৃষ্টবাদ।" বেদিন হইতে জড়ভাবাপন ভারতবাসী কর্ম্বের শক্তির প্রতি আস্থা হারাইয়াছে, সেইদিন ইইতেই তাহার হ্রবস্থার আরম্ভ। দৈব ও পুরুষকার সম্বন্ধে বিস্তারিত আগোচন। দারা ভূপেক্রনাথ দেখাইয়াছেন যে, আমরা যে দৈবের উপর অন্ধ নির্ভরের ভাব দেখাই তাহা শাস্ত্রসমূত নহে। "যোগবাণিঠে"র মৃমুক্ত প্রকরণে পরম প্রাক্তর বিশিষ্ঠ দেব তিলোকপাবন শ্রীরামচন্দ্রকে বলিয়াছেন "দৈরই বল'প্রদান করে, ইহা মৃঢ়ের কল্পনা। কেননা পুরুষকার ভিন্ন সিদ্ধিলাভ সম্ভব নহে। * * হুর্বল ও বলবানে যুদ্ধ ঘটিলে যেরূপ হুর্বলের পরাজয় হয়, দৈব ও পৌরুষ এই উভয়ের মধ্যে তেমনি দৈবেরই পরাজয় হয়য় থাকে।" মৃতরাং বর্ত্তমান হুর্গতি হইতে মৃক্তি পাইবার একমাত্র উপায় কর্মের সাধনা।

কিন্তু কর্মের সাধনা করিবার পুর্বের কর্ম কি, তাহা বুঝা আবশুক। স্মৃতরাং গ্রন্থকার "এত্যাদ্যোগ ও কর্ম্যোগ" নামক অধ্যায়ে বহুল শাস্ত্রবাক্য ও যুক্তি সহকারে কর্মের প্রকৃত তাৎপ্য্য বুঝাইবার চেষ্টা করিয়াছেন।

একদিন মনস্বী বন্ধিমচন্দ্র তাঁহার স্থপ্রসিদ্ধ "ধর্মভব্দ্ব" তাঁহার সদেশবাসীকে কর্মের তাৎপর্য্য বুঝাইনার চেষ্টা করিয়া-ছিলেন। বন্ধিমচন্দ্র বলিয়াছিলেন "সকল রন্তির পূর্ণ পরিণতি ও সামপ্তস্তের" সাধনাই কর্মা। ভূপেন্দ্রনাথ দেখাইয়াছেন যে শাস্ত্রমতে ভগবংশাভের সাধনা এবং ভগবং উদ্দেশ্থে অনুষ্ঠিত কর্মাই—প্রকৃত কর্মা।

কারণ "যিনি সকল শক্তির মূল, সকল জ্ঞানের আধার, সকল আনন্দের অমৃত-নিকেতন, তাঁহাকে লাভ করিলে সকল রুন্তি আপনিই যথায়থ বিকশিত হইয়া উঠে, কুপ্রবৃত্তি আপনি সঙ্কৃচিত হয়, সুপ্রবৃত্তি আপনি অনস্ত বিকাশলাভ করে ;—

"যথা তরোম্লিনিষেচনেন তৃণ্যন্তি তংক্ষরভূজোহণি শাখাঃ।"

কর্মের প্রকৃত তাৎপর্য্য সম্বন্ধে আলোচনা করিয়া অভ্যাস ও সাধনা দারা কিরুপে চিত্তন্ত্ৰি ও প্ৰকৃত উন্তিশাভ ঘটতে পারে, বহু স্থ্রিদিদ্ধ চরিত্রবান ব্যক্তির চরিত্র হইতে দৃষ্টান্ত উদ্ভ করিয়া গ্রন্থকার তাহা বিশ্বরূপে বুঝাইয়া দিয়াছেন। গ্রন্থে গ্রন্থকার লিথিয়াছেন "অভ্যাদের দারাই মাতুষ আবদ, মোহমুগ্ন, তুর্বল-আবার অভ্যাসই তাহাকে সবল, জ্ঞানী ও বিষ্কু করিতে সমর্থ। কদভ্যাদের ফলেই আমাদের এই অধোগতি আবার সদভ্যাসই (কর্ম বা চেষ্টা) আমাদের সমূরত করিবে। অভ্যাস অপেক্ষা বলবত্তর আর কিছুই নাই! ভূমিকাতেও গ্রন্থকার বলিয়াছেন "এই তমসাচ্ছন্ন অবসাদবিজড়িত কর্মবিমুখ দেশে কর্মের শক্তির এবং অভ্যাদের ক্ষমতার কথা বজ্র কঠে শুনাইবার দিন আসিয়াছে।

কর্মের দারাই কর্মকে অতিক্রম করা যায়,
সদভাদের দারাই ভগুবানকে লাভ করা
সন্তব হয়, আলস্থপরায়ণ, মোহাভিভূত
ভারতবাদীকে এ কথা,না বুঝাইতে পারিলে
আর তাঁহার উদ্ধারের সন্তাবনা নাই।

"আমার ক্ষীণ কণ্ঠ, ক্ষুদ্র শক্তি, আমি যতটুকু পারিলাম আমার স্বদেশবাসীকে এই অভয় বাণী শুনাইবার চেষ্টা করিলাম।"

আমরা সর্বান্তঃকরণে প্রার্থনা করি গ্রন্থকারের সাধু ইচ্ছা সদল হউক।

গ্রহের ভাষা বিশুদ্ধ, সুমিষ্ট, আবেগ্ন্থী এবং গ্রন্থানি নানা বহুগ্ল্য উপদেশ ও জ্ঞাতব্য তথো পরিপূর্ণ। গ্রন্থকারের কঠিন বিষয় সহজ করিয়া বুঝাইবার যথেষ্ঠ ক্ষমতা আহে।

ছাপা, কাগজ ও সালোচ্য বিষয়ের তুলনায় পুস্তকের মূল্য অতি যংসামান্ত।

আশা করি, প্রত্যেক হিন্দু এই ম্ল্যবান গ্রন্থের এক এক খণ্ড সংগ্রহ করিয়া হিন্দুর ভগবৎ ক্রীভি, জ্ঞান ও সাধ্নার প্রকৃত তথা অবগত হইবেন।

শ্ৰী :--

আত্মপ্রকাশ

এ বক্ষে গুঞ্জরি উঠে যত ছন্দ স্থর,
কিছু মোর নয়, শুধু পরশ তোমার
মোর তন্ত্রীরাজি মানে দিরি বার বার
রণিয়া রণিয়া উঠে সঙ্গীত মধুর।
উপল আঘাতে যথা ফেনিল উজ্বাসে
আকুল প্রবাহ ভরা নিঝ রের গান
কল্লোলে কাঁপিয়া উঠে, জধীর উল্লাসে।

অথবা সমীরম্পর্শে মৃত্ কম্পমান্
তরুর মর্মার তান পাতায় পাতায়,
অপূর্ম্ব পুলকে যথা উঠে শিহরিয়া
মৃত্ল মঞ্জ্লঞ্জে। বাজালে আমায়
বাশরীর মত, দিলে বক্ষে ফুকারিয়া
মোর প্রাণবায়ু তব স্থরভিনিশ্বাস,
ছন্দে গীতে আপনারে করিলে প্রকাশ।

শ্রীস্তরেশ্বর শর্মা।

মুড়া-মন্বন্তর

কোম্পানী বাহাত্র কিন্তু সময়ে সময়ে নিজের প্রবর্ত্তি নোটে নিজ প্রাপ্য বুঝিয়া লইতে দক্ষ্চিত হইতেন। তথন চাহিতেন টাকা! * ইহাতেই নোটের উপর দেশের লোকের আস্থা ক্রমেই কমিতে লাগিল। মুদার অভাবে বাঙ্গালার লোক ক্ষিপ্ত ায় হইয়া উঠিল এবং উপায়াল্ডর ন। দেখির। দস্মতা করিতে আরম্ভ করিল। সুতরাং কোপোনী বাহাত্র রক্ষীর সংখ্যা বৃদ্ধি কিলেন। ধনবান গৃহস্থাণ লাঠিয়াল রাখিল: এক স্থান হইতে অন্য স্থানে টাকা পাঠাইতে হইলে কখনো কখনো দৈক্য-সা । ন্ত পৰ্যান্ত আবশ্যক হইতে লাগিল। কোম্পানী বাহাতুর দেখিলেন একশত টাকা প্রেরণ করিতে শুরু রক্ষীর জন্মই পাঁচ টাকা ব্যয় হইতে লাগিল! তাঁহারা প্রমাদ গণিলেন।

দেশে যে মুদ্রা ছিল তাহা বহু পুরাতন। লোকে উহার সহিত যদৃচ্ছা मिनाहेल, - ज़िंशा को हिंगा कहेल এवर गानाविध উপায়ে প্রচলিত মুদার অসহানি করিয়া **ष्ट्रा वा भारत ठाला है एक लागिल।** সুতরাং হাতে পাইলেই লোকে শুদ্ধ মুদার আমুমানিক মূল্য ধরিয়া প্রচলিত মুদ্রার ম্ল্য নিরূপণ করিতে লাগিল। সরকারী খাজনা বানার ক ক্ৰাগণ এই স্বযোগে जभौगांवितराव निक्ठे रहेट्ड (वन यिक শাত্রায় বাটা পাদায় नॐ (5 ক ব্লিয়া

লাগিলেন। যে মুদ্রার বয়স এক বংসর মাত্র হইয়াছিল তাহার বাটা শতকরা তিন টাকা ধরা হইল—যাহার বয়স হই বংসর তাহার বাটা লাগিত শতকরা পাঁচ টাকা! সেই সকল মুদ্রা প্রকৃতই অঙ্ক কি না সে বিষয়ে কেহ অনুস্কান করিত না!

জমীদারগণ এই ক্ষতি বহন করিলেন না।
সমস্ত টাকা গড়াইতে গড়াইতে আসিয়া
দরিদ্র প্রজার শিরে নিপতিত হইল।
সরকারের সেরেস্তায় জমীদার যে পরিমাণ
বাটা দিলেন দরিদ্র প্রজা জমীদারকে
তাহার চহুগুণ দিতে বাধ্য হইল। তাহারা
রোদন করিল—হায় হায় করিল—শেষে
গৃহাদি বিক্রয় করিয়া জমীদারের প্রাপ্য
পরিশোধ করিল!

সিকা হইতে আরম্ভ করিয়া তখন ৩২ প্রকারের টাকা, নানা মূল্যের মোহর প্রভৃতি ছিল। কোম্পানীর সেরেস্তায় প্রচলিত বা 'কড়ি' চলিত, কোথাও বা কোথাও চলিত না—কোন কালেক্টর স্বর্দা গ্রহণ করিতেন, কেহ বা কণিতেন না। কেহ বা তখন স্থির করিতেই পারিগাছিলেন না যে কোন্মুদা গ্রহণ করিবেন! নিরক্ষর বঙ্গীয় কুষক অত কথা বুঝিল না। বাঙ্গালার বাজারে তাহারা এতকাল ধরিয়া যে সকল মুদ্রা দেখিয়া আসিতেছিল, তাহার যে কোনো একটা লইয়াই তাহারা অবাধে গোলার ধান্ত বা চাউল বিক্রয় ণরিতে কিন্তু অবশেষে যথন রাজস্ব লাগিল।

^{*} Letter from the Collector to the Board of Rev., April 1789.

দিবার জন্ম সেই সঞ্চিত অর্থ লইয়া কোম্পানীর ঘারে বা জ্মীদারের নিকট উপস্থিত হইল তথন শুনিল "এ টাকা চলিবে না!" তাহার বক্ষে করাঘাত করিতে লাগিল।

মুদা সম্বন্ধে এত সতর্ক হইয়াও
কোম্পানী বাহাত্ব দেখিলেন যে,
তাঁহাদিগের অর্থাগারে অনেক অশুদ্ধ টাকা
দমিয়া গিয়াছে! তাঁহারা মনে করিলেন
ইহা কেবল হৃষ্ট লোকের বাটা-লাভের
প্রত্যাশাতেই ঘটতেছে। কোম্পানী
বাহাত্ব অবিলম্বে নানাবিধ বিধি নিয়ম
প্রবর্ত্তিত করিলেন। হুঃপ্রেগল না।

হ্ববর্ণ এবং রোপ্যের মূল্য স্থির ছিল না। যথন যেরপ ইচ্ছ। কোম্পানী বাহাত্র তথন তাহাই দোণা-রূপার বাজার দর বলিয়া ঘোষণা করিতে লাগিলেন। বাঙ্গালার তঃখ তাহাতেও ঘুচিল না, বরং উত্তরোত্তর वृद्धि পाইতে माणिन। कलिन जा गिर्छि তখন একটা নাতিদীর্ঘ মন্তব্য প্রকাশিত **इहेल। * मि मेल्डा**नात मान्न এই यि सूतर्ग মোহর বিক্রয় করিতে এখনো এত অধিক ক্ষতি স্বীকার ক{েতে ্তৈছে যে, তাহাতে দরিদ্রের সর্বনাশ ঘটিতেছে। বর্দ্ধগান হইতে প্রচুর পরিমাণে রৌপ্য কলিকাতায় আসিয়াছে। তবুও যে মুদ্রা-বিভ্রাট বৃদ্ধিই পাইতেছে ইহা দেখিয়া মনে হয় এ কেবল ধনশালী অর্থগুরুদিগের ষড়যন্ত্র মাত্র। আর কিছু কাল এ ভাবে চলিলে হৃষ্কুতকারী-**मिश्रक विस्थि मिश्रक है एक इंटर्स्ट कि कू** দিন পর গেকেটে আবার দেখা গেল—

দেশের এই হর্দশা নিবারণের জন্ম বিশেষ
ব্যবস্থার প্রয়োজন। যদি কোনো উপায়
নির্দ্ধারিত হয় তাহা হইলে কুসীদজীবীদিগের
চরণতলে আয়েবলি দিতে হইবে—দেশের
ব্যবসায়-বাণিজ্য তিরদিনের জন্ম বিল্পু
হইয়া যাইবে।

কোম্পানী বাহাত্র স্থির ক্রিলেন মুদ্রাবিলাট বিদ্রিত করিতে হইলে সমুদ্র পুরাতন মুদ্রা সংগ্রহ করিয়া তৎপরিবর্ত্তে স্থির মুদ্রোর নৃতন টাকা প্রচলিত করাই একমাত্র উপায়। তাঁহারা অবিলথে এই কার্য্যে হস্তক্ষেপ করিয়া দেখিলেন থে. যে উপায়টীকে তাঁহারা নিতান্ত সহজ ও সরল মনে কার্র্যাছিলেন তাহা একান্ত জটিল ও কঠিন। লোকে পুরাতন টাকা বহিয়া আনিয়া কোম্পানী বাহাত্রকে দিয়া প্রতি টাকার পাঁচভাগের তিনভাগ মাত্র লইয়া গৃহে ক্রিভে চাহিল না! কিন্তু কোম্পানী বাহাত্র ছাড়িলেন না—ধীরে ধীরে অগ্রসর হইতে লাগিলেন।

এ দিকে যতই সময় যাইতে লাগিল
ততই দেশে যাহা কিছু সামা যুদ্রা ছিল
তাহাও নিঃশেষিত হইল। অর্পের অভাবে
বাণিজ্য পূর্নেই অল্লাধিক সঙ্কৃতিত হইয়াছিল, এখন অচল হইয়া উঠিল! প্রবীণ
বিকিগণ মূদ্রার অভাবে পণ্য ক্রয় করিতে
পারিলেন না! তখন কেহই ধাবে পণ্য
বিক্রয় করিতে প্রস্তুত ছিল না। সকলেই
বুঝিয়াছিল একবার ধারে বিক্রয় করিলে
আর ম্ল্য পাওয়া যাইবে না। দেশে মূদ্রা
নাই—লোকে মূল্য দিবে কিসে প ক্রেম্পানী
বাহাত্বর তখন স্বর্ণ-মূদ্রা প্রস্তুত করিতে

^{*} Calcutta Gazette-1788.

লাগি:লন। বাঙ্গাসার বাঙ্গারে তখন যে রৌপায্ডা প্রচরিত ছিল তাহারই হিসাবে সুবর্ণ-যুদ্রার মুল্য নির্দ্ধারিত হইল।

কোম্পানীর স্থা ছিল না; তাঁহার।
কাঞ্চনের জন্ত কাঙ্গালের মুখাপেক্ষা হইলেন!
বঙ্গবাল্যণ দেখিল যে, কোম্পানীর মোহর
বাজারের রোপ্যমুলার হিসাবে যে মূল্যে
বিক্রীত হওয়া উচিত ছিল তাহা অপেক্ষ।
শতকরা ১৭॥০ টাকা অধিক মূল্যে চলিতেছে।
বঙ্গবাদী দলে দলে দেই কাঞ্চন-সমূদ্রে ঝম্প প্রদান করিল। যাহার যে টুকু সোণা ছিল সে তাহাই লইয়া কোম্পানী বাহাহুরের
টক্ষশানার সিংহন্বাবে হত্যা দিয়া পড়িল।
কেহ কেহ হয় ত ছহিতা-বনিতার অক্ষাত্রণ
পর্যান্তও গলাইতে ক্রুটী করিয়াছিল না।
কোম্পানী বাহাহুর বহুতর স্বর্ণমূলা প্রস্ব

আবার বিচার ও বিতর্ক উপস্থিত হইল।
অনেক চিন্তার পর কোম্পানী বাহাত্র
বৃবিলেন যে, তাঁহারা স্বর্ণের আদর যতই
বৃদ্ধি করিয়াছেন, হতাদরে রৌপ্য ততই
নির্মান ও মূল্যহীন ইয়াছে! তথন
বর্ণমূদায় নিজেদের অংশ প্রদান করিয়া
লোকে শতকরা ১৭৯০ টাকা অধিক লাভ
করিতেছিল বটে, কিন্তু যাহাদিগের উহা
ছিল না তাহারা রৌপামুদ্রায় আপন দেয়
পরিশোধ করিয়া তুল্যরূপে ক্ষতিগ্রন্থ হইতেছিল। সর্বান্ধি স্বর্ণমূদ্রা ব্যবহার করিতে
পারে এ দেশে এমন লোকের সংখ্যা এখনো
যেমন অল্প তথুনো তেমনিই ছিল। ক্রাজেই
হঃথ যাহার চিরসঙ্গী তাহার ত্থেরহিয়াই
গেল। ক্রম্কগণ দেখিল তাহাদিগের ক্ষেত্র-

পূর্ণ ধান্ত আছে। জনীদার জনাও রিদ্ধান করেন নাই, অথচ রাজস্ব দিতে গেলেই সর্বনাশ ঘটে! তাহারা ইহার কারণ বুঝিল না বটে, কিন্তু রোদন করিতে লাগিল— ক্ষুধায় মরিতে লাগিল। আগে ধান্ত বিক্রেয় করিয়া রাজস্ব পরিশোধ করিয়াও তাহারা কিছু সঞ্চয় করিত ি সেই সঞ্চিত অর্থে তেল-লুন-লকড়ি জুটিত, থোকার মার বাউটী পৈঁছা হইত, খোকার পায়ে খাড়ুয়া উঠিত। কিন্তু এখন রাজস্ব দিতেই সব ফ্রাইতে লাগিল—কখনো বা কুলাইলও না! মাঠের ধান্ত ফুরাইল, গোশালার গরু ফুরাইল। কেবল কুরাইল না ক্ষুধা, আর ফুরাইল না তপ্ত আঁথি জল।

গেম্পানী বাহাছর কাঞ্নমূদা প্রস্ব করিয়াও বাঙ্গালার বাণিজ্যকে রক্ষা করিতে পারিলেন না। কলিকাতার বণিকসম্প্রশায় শঙ্কিত হইয়া উঠিলেন, কবে বা মুদার অভাবে যোল বাতি জ্বালিয়া নিশাযোগে পুণায়ন করিতে হয়! ক্ষুদ্র ক্ষুদ্র ব্যবসায়িগ। যাহারা মূলধন ধার করিয়া ব্যবসায় চালাইত এবং পণ্য বিক্র হইলেই মহাজনের পুর্ব দেনা শোধ করিয়া নূতন ঋণ গ্রহণ করিত, তাহারা দলে দলে কারাগারে যাইতে লাগিল—মহাজনের দেনা শোধ দিতে পারিল না। যাহারা কোটী টাকার পণ্যে মালগুদাম পূর্ণ করিয়া কলিকাতার শেষ্ঠ বণিকরূপে প্রতিষ্ঠিত হইয়াছিলেন মুদ্রার অভাবে তাঁহারা পর্যান্ত দৈনন্দিন আবশ্রক দ্রব্যাদিও ক্রয় করিতে অসমর্থ হইয়া উঠিলেন!

এই মুদ্রা-মরস্তর যে তখন কেবল

কলিকাতাতেই নিবদ্ধ ছিল তাহা নহে।
ছিয়াত্তরের মহন্তরের মত উহা সমগ্র
বাঙ্গালার মধ্যে ব্যাপ্ত ইইয়াছিল। ইংরাজ
বিনিকগণ বলিতে লাগিলেন যে যাহাদিগের
রৌপ্যমুদ্রা আছে তাহারা যদি কোম্পানীর
নিরূপিত মূল্যে স্থবর্গ মুদ্রার পরিবর্ত্তে উহা
না দেয় তাহা হইলে তাহাদিগকে দণ্ডিত
করা হউক। আরমেনিয়ানগণ কহিলেন
দেশে যেথানে যতটুকু স্থবর্ণ আছে সমস্ত
সংগ্রহ করিয়া স্থবর্ণমুদ্রা প্রস্তুত করা হউক
—তাহা হইলেও ত দেশে মুদ্রা থাকিবে!

কোম্পানী বাহাছর যে কি করিবেন কিছুই বুঝিয়া উঠিতে 'পারিলেন না। স্থ্ৰপ্ৰদাই পুনরায় প্রস্তুত করিতে লাগিলেন। এবার রৌপ্যযুদ্রার স্বর্ণমূদার মূলা শতকরা ৫॥০ টাক। হইল। যাহাদিগের নিকট স্থবর্ণ ছিল এবার্ড তাহারা তাহা কোম্পানী বাহাতুরকে দিয়া মোহর লইল। কলিকাতার भाग कतिरामन, अञ्चलित क्रिक इंडेग्राइ-ঔষধ জানা গিয়াছে। এইবার ব্যাধি সারিবে। ব্যাধি সারিল না!

এীরাজেন্দ্রলাল অ'চার্যা।

মানবের জন্মকথা

ব্যক্তিত্ববোধ আছে, জন্ত্রগণের পূর্বাকথিত কুকুরের নিশ্চিত। মনে আমার কণ্ঠশ্বর যখন কতকগুলি ভাবের উদয় করিয়া দিয়াছিল, তখন তাহার মনোমধ্যে ব্যক্তিত্বের বোধ অব্খই সঞ্চিত ছিল; কিন্তু ঐ পাঁচ বৎসর কালে * তাহার মস্তিকের প্রত্যেক পরমাণুই একাধিক বার পরিবর্ত্তিত হইয়াছে। বিবর্তনবাদিগণকে চূর্ণ করিবার নিমিত্ত সম্প্রতি একজন † যে ভর্ক উপস্থিত করিয়াছেন ঐ কুকুরও সেইরপ তর্ক করিয়া বলিতে পারিত---"সর্ব্ব প্রকার অবস্থা এবং পরিবর্ত্তনের মধ্যেও আমি যে-ছিলাম সে ই আছি। এক প্রমাণু যায়, অপর

পরমাণু তাহার স্থান অধিকার করে. কিন্তু
যে যায় সে যাইবার সময় তাহার স্থলবর্তী
স্বীয় ভাব সকল দিয়া যায়, এই মত সহংজ্ঞানের বিপরীত, অহংবোধের অপরিক্রাত,
স্মৃতরাং মিথাা; কিন্তু এ মৃত্রবির্ত্তনবাদ
পক্ষে অপরিহার্যা, স্মৃতরাং বির্ত্তনবাদ
মিথাা।"

ভাষা। এই বৃত্তি সঙ্গীতরূপেট মান্বের এবং ইতর জন্তুগণের মধ্যে এক প্রধান প্রভেদ বিবেচিত হইয়া থাকে। কিন্তু আর্কবিস্প হোএট্লি একজন অত্যন্ত উপযুক্ত ব্যক্তি; তিনি বলেন 'কেবল যে মাহুবই মনের ভাব ভাষা ধারা বাক্ত করিতে পারে অথবা অক্সের মনের ভাব ভাষা ধার। অল্লাধিক বৃকিতে সমর্থ হয়, তাণ নহে।" প্যারাগোয়ে দেশের সিবাস্ একারি নামক বানরগণ উভেজিত হইলে ছয় প্রকার শক্ষ

७।রউইন পাঁচ वৎসর কাল এই কুকুরের সহিত
 ৮।

[🕇] ७। छोत्र (अ, कृ) क्कृति ।

উচ্চারণ করে, তাহা শুনিয়া অগু বানরও অনুরূপ ভাবে উত্তেগিত হয়। আমরা বানরের মুথভঙ্গী ও অঞ্চভঙ্গী বুঝি, এবং তাহারাও আমাদিগের ঐ সকল বুঝে, ইহা রেঞ্জার এবং অক্যাক্তে বলিয়াছেন। গৃহপালিত হইবার পর চারি পাঁচ প্রকার বিভিন্ন স্বানে ডাকিতে শিখিয়াছে, ইহা অধিকতর উল্লেখযোগ্য। যদিও এই ডাক অভিনব তথাপি কুকুরের আরণ্য পূর্ব-পুরুষগণও বিবিধ ধ্বনি করিয়া মনোভাব ব্যক্ত করিত। গৃহপালিত কুকুর একাগ্র মন হইলে এক থাকার ডাকে, যেমন শিকার কালে; কোধে অত্য প্রকার ডাকে; বেউ বেউ আর এক প্রকার; হুতাশের প্লুত পর ও চিৎকার, যেমন অবরুদ रहेत्न छात्क. छेरा छिन्नत्नभ ; , ताजिकात्नत ডাক: আহলাদের ডাক, যেমন প্রভুর সহিত বেড়াইতে যাইবার সময় ডাকে; এবং কোন জানাল। কিম্বা দার খুলিয়া দিতে ইচ্ছা করিলে কুকুরগণ আদেশ অথবা অতুনয়স্থাক স্বারে স্পষ্টিরূপে ডাকে, সে অন্য প্রকার। হোঝো কণ্ঠস্বরের বিশেষ অসুশীলন করিয়াছের ; তিনি বলেন গৃহপালিত পক্ষী ন্যুনকল্পে স্বাদশ প্রকার বিভিন্ন ধ্বনি করে।

যাহা হউক স্পষ্টভাবে উচ্চারিত বর্ণাখ্বক) ভাষা নিয়ত ব্যবহার করা মানবের বিশেষত্ব; অঙ্গভঙ্গী, ও মুখমগুলের পেশী সঞ্চালনসূহ অব্যক্ত ধ্বনি করতঃ অর্থ-প্রকাশ, মানুষ্থেও করে,ইতর জন্ততেও করে। সরল এবং স্পষ্টামুভূত ভাব সকল সম্বন্ধে এই কথা বিশেষভাবে সভ্যা, ও সকলের

সহিত উন্নত বুদ্ধিবৃত্তিঃ সংস্রব শারীরিক ক্লেশ ভয়, আশ্চর্য্য, ক্রোধ ও তত্তৎ ভাবমূলক কর্ম্ম; এবং স্পেহময় প্রিয় পুত্রকে লক্ষ্য করিয়া যাতা যে সকল নির্থক ধ্বনি উচ্চারণ করেন তাহা, অর্থপূর্ণ শব্দ `অপেকাও অধিকতর স¦্র্বক। বর্ণাস্থাক শব্দ বুঝিতে পার। শবদ্ধে মানুষে এবং ইতর জন্ততে অলজ্যা প্রভেদ নাই, কারণ সকলেই জানেন কুকুরগণ ঐরপ অনেক শব্দ ও পদ বুঝিতে পারে। উহারা এই বিষয়ে যে পরিমাণ উন্নতি লাভ করিয়াছে তাহ। দশ বার মাস বয়সের শিশুদিগের স্থায়; কারণ ঐ শিশুগণও অনেক শব্দ ও পদ বুঝিতে পারে, কিন্তু উচ্চারণ করিতে পারে না। কেবলমাত্র উচ্চারণও আমাদিগের অন্ত-সাধারণ বিশেষত্ব নতে, কারণ টিয়া এবং অক্সান্ত [কোন কোন] পক্ষীও উচ্চারণক্ষম। নির্দিষ্ট স্বরের সহিত নির্দিষ্ট ভাব সংযুক্ত করিবার ক্ষমতাও আমাদিণের বিশেষর নহে; কারণ ইহা নিশ্চিত যে কোন কোন টিয়া পাণী যাহাদিগকে কথা বলিতে শিক্ষা দেওয়া হয় তাহারা অভান্ত-রূপে শব্দের সহিত বস্তুর এবং ঘটনার সহিত ব্যক্তির সংযোগ করিতে সমর্থ হয়। মাতুষে এবং ইতর্জস্ততে একমাত্র প্রভেদ এই বে, সম্পূর্ণ পৃথক এবং বৈচিত্র্যপূর্ণ ধ্বনি ও ভাব একত্র সংযোগ করিবার শক্তি উহাদিগের অপেকা মামুষের অধিক; কিন্তু ইহা তাহার মানসিক বৃত্তিসমূহের উল্লভ বিকাশের উপর স্পষ্টই নির্ভর করিতেছে।

ভাষাত্রশাস্ত্রের অন্ততম প্রতিষ্ঠাতা হণ্টুক্ বলিয়াছেন সুরা প্রস্তুত অথবা কটি

প্রস্তুত করার ভাষা ভাষাও একটা শিল্প: किन्न ভाষা ना विषया (लथा विलाल ह উদাহরণটা আরও ভাল হইত। প্রক্রুতপক্ষে গৃহজ্ঞাত রুত্তি নহে, কারণ প্রত্যেক ভ:ষাই শিক্ষা করিতে হয়। উহা প্রচলিত শিরগুলি হইতে অনে গ বিভিন্ন, কারণ মন্তব্যের কথা বলিবার স্বাভাবিক প্রবৃত্তি আছে; তাহা শিশুদিগ্রের অফুট বাক্য উচ্চারণ হইতেই বুঝা যায়; কিন্তু কোন শিশুরই সুরা অথবা রুটি প্রস্তুত করিবার কিমা নিথিবার স্বাভাবিক প্রবৃত্তি নাই। কোন ভাষাবিৎই এখন বিবেচনা করেন না যে ভাষা মাত্রুষে গড়িয়াছে; উহ। ধীরে ধীরে স্তরে স্তরে [আমাদিগের] অজ্ঞাতসারে গঠিত অধবা বিকশিত হইয়াছে। স্কল প্রকার ধ্বনি অপেক্ষা পক্ষীর ধ্বনি অনেকাংশে ভাষার সহিত অধিক তুলনীয়। কারণ, একজাতীয় সমস্ত পক্ষীই ভাব প্রকাশের নিমিত্ত একই গ্রকার স্বাভাবিক ধ্বনি করে; এবং যে স্কল পকী গান করে তাহার। সভাবতঃই ले मिक्कि श्रीहाननात (हुई। कतिया शांक, কিন্তু উহার স্বজাতীয় প্রকৃত গান কিম্বা পর পরকে ডাকিবার স্বর পিতামাতার অথবা পাশকের নিকট শিকা করে। "এই ধ্বনিঞ্লি যেমন সহজাত নহে, তদ্ৰুপ মানবীয় ভাষাও সহজাত নহে." এ কথা ভেন্দ্ ব্যাবিংটন প্রমাণ করিয়াছেন। "छश्किरात्र गान कतिवात्र अथम (ठहेति স্হিত মানব-শিশুর প্রথম অফুট কথা कहिवात (हिंशेत जूनना कता याग्र।" वग्नक भूर-भक्ती श्रीत नम जगात मान भर्गास

গানের চেষ্টা করে; পাণীধরারা তাহাকে "আলাপ" করা * বলে। ঐ পক্ষীগুলিব প্রথম চেষ্টা শুনিলে গানের একটু আভাসভ পাওরা যায় না, পরে উহাদিগের যুহুই ব্যুস বাড়ে ততই বুঝা যায় যে গানের চেঠা করিতেছে, অবশেষে উহাদিগের স্বজাতায গানের স্থর স্পষ্ট হইয়া উঠে। একজাতীয় পাখীর ছানাওলি অন্তজাতীয় পক্ষীর গান শিক্ষা করিলে নিজের ছানাগুলিকেও ঐ নূতন সূর শিক্ষা দেয়, তাহাতেই উহা বংশামুগত হইয়া যায়; কতিপয় কেনাগ্রী পক্ষীর এইরূপ হইয়াছিল। ব্যারিংটন বলেন, এ চজাতীয় পক্ষীর গানেই যে বিভিন্ন প্রদেশে কিছু-কিঞ্চিং বিভিন্নতা লক্ষিত হয় তাহা মানবীয় ভাষার প্রদেশগত পার্থকোর সহিত ঠিক্ তুলনীয়। আর, বিভিন্নজাতীয় অথচ শমশ্রেণীর † পক্ষিগণের যে পার্থক্য আছে ভাগা বিভিন্নবর্গীর ‡ মানবের ভাষা-প্রভেদের সহিত তুলনীয়। কোন একটা निव्यक्तीनन প্राथ रहेवात স্বাভাবিক প্রবৃত্তি কেবল যে মাও্ষেরই থাছে তাহা নহে, ইহাই দেখাইবার নিমিত্ত উল্লিখিত উদাহরণগুলি প্রদর্শন করিলাম।

একদিকে মিঃ হেন্থে ওয়েঙ্গউড, বেভেবেণ্ড ফ্যারার এবং অধ্যাপক শ্লিকারের উত্তম কৌতুহলোদ্দীপক এয়

Recording.

া আমাদিগের পরিভাষা অনুসারে 'বিভিন্ন প্রকার অথচ মমজাতীয়' লেখা উচিত ছিল, কারণ মানবের বিভিন্ন Raceকে বিভিন্ন জাতীয় বঁলা যায় না, কিয় ডাক্লইন্ মূলে কেবল speciesশক ব্যবহার করিয়াছেন।

‡ ৰৰ্গ = Race.

দকল, অপরদিকে অধ্যাপক ম্যাক্স মুলারের বিখ্যাত লেক্চারগুলি পাঠ করিয়া ম্পৃষ্ট উচ্চারিত (বর্ণাত্মক) ভাষার মূল मध्यक आभात विद्युतना इश् य नानाविध প্রাকৃতিক ধ্বনির ও অপরাপর জন্তুগণের ধ্বনির এবং মানবের সহজাত ধ্বনির অমু-করণেও পরিবর্ত্তনে, ইঙ্গিত ও অঙ্গভঙ্গীর সভায়তায় ভাষা গঠিত হইয়াছে। * ইহাতে সন্দেহ করিতে পারি না। "দাম্পত্য নির্মাচন" আলোচনা করা কালে আমরা দেখিব যে প্রাথমিক মানব অথবা মানবের আদিম পূর্বাপুরুষ সম্ভবতঃ দ্বর উৎপাদন করিতে গিয়াই প্রথমে কণ্ঠম্বর ব্যবহার করিয়াছিল; এখনও কতিপয় জিবন বানর যমন করিয়া থাকে, তেমনই গান করিতেই প্রথমে কণ্ঠসর ব্যবস্ত হয়। জীবজগতের বহু স্থলের দৃষ্টার্থ অনুসারে দিশান্ত করিতে হয় যে জ্রীপুরুষের মিলন (**हिंहा हिंडे अथरम मशैठ वावश्च ठ इहे** शिहन, এবং তদ্বারা প্রণয়, ঈর্ধা, বিজয়-গৌরব, থথবা প্রতিদ্বন্দিগণকে বুরে আহ্বান কর। প্রভৃতি নানাবিধ ভাব প্রকাশ করা হই গ। সূতরাং সঙ্গীতের স্বর অফুণরণ করিয়াই বর্ণাত্মক শব্দ হইয়াছে ও তত্ত্বারা বিবিধ জটিল ভাব ব্যক্ত করা হইয়াছে, ইহাই সম্ভব বোধ হয়। অফুকরণে সম্বন্ধে উল্লেখ যোগ্য বথা এই যে, আমাদিগের নিকট

* মৎপ্রণীত "ভাষা ও আদিরস এবং পরবশতা' নামক গ্রন্থে ভাষার মূল আদিরস অর্থৎ কালভাব, ইহাই প্রতিপন্ন কেরিবার চেষ্টা করিয়াছি। সমস্ত জীব-রাজা পর্যালোচনা করিলে এই সিদ্ধান্তই সম্বত বোধ ইয়। অনুবাদক। কুটুস্ব বানরগণ, আজনাজড়ভাবাপর আবোধ-গণ এবং অসভ্য মানবগণ যাহা ভূনে তাহাই অকুকরণ করিবার প্রবল প্রবৃত্তি দেখাইয়া থ কে। খাতৃষ যাহা বলে বানর ভাহার অনেক ভাগ নিশ্চয়ই বুঝিতে পারে: বন্ত বিপদকালে ই ঙ্গিতস্চক করিয়া অপর বানরকে বিপদের কথা জানাইয়া দেয়; পঞ্চিণণ মাটাতে বাজের আক্রমণ আশঙ্কা করিলে একরূপ এবং আকাশে ঐ আশঙ্কা করিলে অন্তরূপ ধ্বনি भक्षोिक शत्क विभवता<u>र्</u>जा অপ্র জানাইয়া দেয় — (ওধু তাহাই নহে, আর এক তৃতীয় প্রকার ধ্বনিও উহারা করিয়া থাকে, তাহা কুকুরে বুঝে) ; এমত অবস্থায় ইহা কি সম্ভব নহে যে, কোন বুদ্ধিমান वानत-जूना थानी * मिकाती हिःख कन्न হইতে বিপদ্ আশকা উপস্থিত হইলে তাহার ধ্বনি অমুকরণ করতঃ এরূপ অপরাপর थ्यां निगनरक विপर्तत कात्र का ना देश कि इ যদি ইহা সম্ভব হয়, তবে ইহাই ত ভাষা-গঠনের প্রথম স্ত্রপাত বলিয়া গণ্য হইতে পারে।

কণ্ঠসর যতই বাবছত হইতে ল।গিল ততই শদ-উৎপাদক যন্ত্ৰগুলি পুষ্ট ও পূর্ণ গঠিত হইল। এই ফল বংশান্থ কমে চলিয়া আদিয়াছিল। † এই পুষ্টি ও পূর্ণতা বাক্ শক্তিকেও উত্তোরতর রদ্ধি করিয়াছিল। কিন্তু মন্তিকের উন্নতির সহিত ভাষার উন্নতি যেরূপ ভাবে সংস্ট তাহাই অধিক গুরুতর কথা। ভাষার অতিশয় অনুনত অবস্থার

^{*} অর্থাৎ মানবের আদি-পুরুষ।

[🕂] এক্ষণে ইহা স্বীকৃত হয় না।

পূর্ব্বেও বর্ত্তমান বানরগণের মনোর্ভি অংশক্ষা মানবের আদিম পূর্বপুরুষের অধিকতর বিকাশ মনোর্ত্তি হইয়াছিল; কিন্তু ইহা নিশ্চিত বিশ্বাস করা যায় যে নিয়ত ভাষার ব্যবহার এবং বাক্শক্তির উন্নতি বশতঃ [মানবের] মনও উন্নত হইয়াছিল; কারণ ভাষার বাবহার দীর্ঘ বিচার বিতর্ক করিবার শক্তিও বাড়িয়াছিল। অথবা অঙ্গ বীজগণিত ব্যবহার ব্যতীত (যমন দীর্ঘ গণনা করা যায় না, তজপ উচ্চারিত অথবা অ্রুক্তারিত শকের সাহায্য ভিন্ন দীর্ঘ জটিল বিষয়ের চিন্তা করাও সম্ভব নহে। ইহাও বোধ হয় যে সামাত বিষয়ের চিশ্বা করিতেও কোন প্রকার ভাষা ব্যবহার করা আবিগ্রক হয়, অথবা ব্যবহার করিলে অনেক সুবিধা হয় , কারণ মৃক, বধির এবং অন্ধ বালিকারা ব্রিগ-मान अक्षपर्यन कारण अञ्चील मुकालन করিত। কিন্তু কুকুরের স্বপ্নদর্শন বিবেচনা করিলে মনে হয় যে, কোন প্রকার ভাষা ব্যবহার ব্যতীতও স্পষ্ট, পরস্পর সংস্ট দীর্ঘ ভাবপরম্পরা মনোমধো উদয় হইতে পারে। পূর্বে দেখাইয়াছি যে ইংর জন্তুগণ কিয়ৎপরিমাণে বৃদ্ধি পরিচালনা করিতে পারে, কিন্তু নিশ্চয়ই ভাষা ব্যবহার করে না। বর্ত্তমান কালে আমাদিগের মস্তিকের যেরপ উরতি হইয়াছে তাহার সহিত বাক্শক্তির ঘনিষ্ট সম্বন্ধ আছে ইং কোন কোন অভুত মন্তিঙ্গীড়ায় বাক্শক্তি বিশেষ আক্রান্ত হওয়া দেখিলেই উত্তমরূপ . বুঝা যায়। ঐ সকল পীড়ায় কখন বিশেষ্য

শব্দ অবণ হয় না, অথচ অত্য শব্দ শুদ্ধরণে ব্যবহার করা যায়; কখন বা কোন শ্রেণীর কর্ত্পদ অথবা তালার আত্ত অক্ষর চিংবা সংজ্ঞা শব্দ মান পড়ে না। মনের যন্ত্র এবং শব্দ-যন্ত্র নিয়ত ব্যবহার করিলে ঐ সকল যন্ত্রের গঠন এবং কিয়া বংশাত্রক্রমে পরিবর্ত্তিত হওয়া যদি অসম্ভব হয়, তবে হস্তাক্ষর, যাহা হস্তের গঠন এবং মনের অবস্থার উপর নির্ভর করে, তাহাও বংশাত্রগত হওয়া সম্ভব, কিন্তু হস্তাক্ষর ত

অনেক গ্রন্থকার বিশেষতঃ অধ্যাপক মাাকু মুলার সম্প্রতি দৃঢ়তার সহিত বলিতে ছেন খে ভাষা ব্যবহার করিতে সাধারণ জাতিবাচক ও গুণবাচক সংস্কার থাকা আবশ্ব। কিন্তু কোন জন্তুরই এই সংস্থার না থাকা থিবেচনা করিয়া তাঁহারা মনে করেন যে, এই খানেই মানুষে এবং ইতর জন্তুতে অসংখ্য প্রভেদ। আমি দেখাইবার চেষ্টা করিয়াছি যে, ইতর জন্তগণের ঐ সংস্কার আছে ; অনুনত এবং অকুট হইণেও আছে। দশ এগার মাস বয়সের শিশুগণ ুমৃক-বধিরগণ যত সত্বৰ কতিপয় শব্দের সহিত সাধারণ ভাব সংযোগ করিয়া থাকে,* তাহা কখনই সম্ভব হইত না, যদি উথা-দিগের মনে পূর্বে হইতে ঐরপ ভাব বিদা-মান নাণ্থাকিত। অপেক্ষাকৃত বুরিবিশিষ্ট कछगापत मनाम এই **क्**थार वना "याराउ পারে। মি: লেস্লি ষ্টিফেন বলেন "কুকুর, মেষের গথবা বিভালের একটা সাধারণ সংস্কার রাথে। এবং তাহার অনুরূপ শদও জানে;

^{*} অর্থাৎ অর্থ বোধ করে।

একজন দার্শনিক যেমন জানেন কুকুরও তেমনই জানে। উঠা জানিবার ও বুঝিবার শক্তি থাকিলে শদ-বোধ যেমন উত্তযন্ত্রপে

প্রমাণিত হয়, বাকৃশক্তি থাকিলেও তেমনই প্রকাশিত হয়; তবে ঐ বোধের পরিমাণ ন্যন হইতে পারে।

শ্রীশশধর রায়।

বেদের কথা

মন্ত ধর্মের লক্ষণ বলিতে যাইয়া, সর্বাদে त्तरम् व উল্লেখ कंत्रियाष्ट्रम । धर्म्म ब्रुथम ও প্রধান লক্ষণ এই যে, তাগা বেদবিহিত হওয়া চাই। এখন প্রশ্ন এই, বেদ বলিতে এখানে আমরা কি বুঝিব ?

আর এ প্রারে উত্তর্টা আপাত্ত: যত সহজ বলিয়া মনে হইতে পারে, প্রকৃতপক্ষে তত সহজও নহে। কারণ মঞ এখনে মাধারণ মান্ব-ধর্মের লক্ষণই নির্দেশ করিয়াছেন, কোনও দেশবিশেষের সমাজনিশেষের বিশেষ **भ**र गंत्र কথা বলেন নাই। মন্তু এখানে যে ধর্মের কণা কহিয়াছেন, তাহা কেবল হিন্দুরই मकरनत्रे धर्म। १ ধর্ম নহে, তাহা সার্বভোগিক। ধর্ম বস্তু সার্বেজনীন .ও স্তরাং এস্থলে বেদ বলিতেও একটা বিচার, ক্রিয়াকর্ম, পারিবারিক সংস্কার শাৰ্মজনীন ও শাৰ্কভৌমিক বস্তুকেই বুঝিতে रहेरव। नां **:हेरल** श्रविताका মিথা হইয়া যুায়।

ফলতঃ একটু তলাইয়া দেখিলেই মন্থ ধর্মের যে কয়টা লক্ষণ নির্দেশ করিয়াছেন. তার সকল গুলিরই মধ্যে শার্বজনীনতা প্রতাক্ষ করিতে পারা যায়। ধর্মের প্রথম লক্ষণ যেমন তাহা বেদবিহিত হওয়া চাই; সেইরূপ তার বিতীয় লক্ষ্ণ এই যে, তাহা স্মৃতিদন্মত ও ভি আবগ্ৰুক শ্বতি-বস্তু ও এই প্রকু তপকে সার্শিভৌনিক। সকল সমাজেই স্মৃতি বলিয়া একটা বস্ত আছে। ইংরেজিতে এই স্মৃতিকে ট্ট্যাডিষণ (tradition) বলে। এই ট্যাডিষণ বা স্মৃতি যেমন হিন্দুর ধর্মে, দেইরূপ ইহুদির ধর্মে, সেইরূপ খুষ্টীয়ানের এবং মুদলমানের ধর্মেও আছে। মতু, পরাশর, প্রভৃতি আমাদের স্মৃতিশাস্ত্র। লৌকিক আচার-বিচার, ক্রিয়াকর্ম, পারিবারিক সংস্থারাদি, সামাজিক বিদিনিষেধ প্রভৃতি এ দকলই আমাদের এই দকল স্মৃতির আশ্ররে প্রতিষ্ঠানাত করিয়াছে। অন্যান্ত স্মাজে এবং অপরাপর ধর্মেও আচার-ও সামাজিক শাসন, এ সকলই স্মৃতির উপরে প্রতিষ্ঠিত। আর মরণাতীত কাল চইতে যে সকল আচারামুষ্ঠানাদি প্রত্যেক সমাজে লোকপরপ্রায় চলিয়া আসিয়াছে, তাহারই নাম স্বৃতি। তাহাই ট্রাডিষণ (tradition । আর এই শ্বৃতি বা ট্যাডিষণকে আশ্রয় করিয়াই,জগতের বিশিষ ধর্মের নিতাও নৈমিতিক ক্রিয়াকর্ম সকল জনমণ্ডলী মণ্যে প্রতিষ্ঠালাভ করিয়াছে। আমাদের বার মাদের তের পার্কণ; ইছদীর পাছোভার (Passover ; খৃষ্টীয়ানের খৃষ্টমাস (Christmas) এবং ইষ্টার (Easter); মুসল্মানের ইদ ও মহর্ম, এই সকলের প্রতিষ্ঠা দর্বাই স্মৃতির উপরে। এই দকল পূজাপার্বণ, বিবাহ-নি চানৈমিত্তিক শ্রারাদি পারিবারিক দংস্কার, এই সকলের দার।ই দর্শত ধর্মের বহিরস্তুলি রচিত इधा এই সকল ধর্মের (দহ-স্রুপ। এই সকল বতামুষ্ঠানাদিকে বর্জন করিলে, ধর্ম-বস্তু ক্রিয়াহীন হইয়া, বাহ্য আশ্রয়ের অভাবে, ক্রমে মিয়মাণ হইয়া পড়ে এবং পরিণামে তাহার ধর্মন অর্থাং লোকস্থিতিরকার শক্তিসাধ্য পর্যান্ত নষ্ট হইয়া যায়। কোনও ধর্মের তত্ত্ব হই বিশুদ্ধ ও অন্তমুশীন হউক না কেন, তার ঈশ্রতত্ত যতই নিগুলি ও নিরাকার হউক না কেন, এ সকল স্মৃতি-প্রতিষ্ঠিত ব্রতনিয়মাদি ব্যতীত তাহা কখনওই যথাযথভাবে পরিপুষ্টিলাভ করিতে পারে मा; আদে বাঁচিয়া থাকিতে পারে কি না, তাহাই মন্দেহের কথা। সুতরাং সর্পত্রই যে ধর্মের একটা স্মৃতিপ্রামাণ্যও আছে, ইহাও অস্বীকার করা অসম্ভব। মুগে মুগে, জগতে যে সকল নৃতন ধর্মের অভ্যাদয় হইয়াছে, তাহারাও এইণ্ড্র প্রাচীন স্মৃতিকে वर्জन कतियां ७, अञ्चकान मर्गाष्ट्र निर्झाएत व এক একটা স্মৃতি বা ট্র্যাডিষণ গড়িয়া তুলিতে বাধ্য হইয়াছেন, নতুবা নিজ নিজ মণ্ডলীর খন্নিবিষ্টতা-সাধন তাহাদের একেবারেই অসাধ্য হইয়া উঠিত। আমাদের চক্ষের উপরেই তার উচ্জ্ব দুর্গস্তও পড়িয়া

ব্ৰাহ্মদগাঞ্জ অা্মাদের রহিয়াছে। আ্ব্যুদমাজ উভয়েই স্ত্রবিস্তর পরিয়াণে হিন্দুবর্গের পুরাতন স্মৃতির প্রামাণ্য মর্যাদ। অগ্রাহ্য করিয়া চলিয়াছেন। দ্যানন্দ্রামী তবুও অন্ততঃ কিয়ৎপরিমাণে মনুস্থতিকে বাঁচাইয়া চলিতে চেঠা করিয়াছেন, রাজা হামমোহনের পরবর্তী ত্রাহ্ম-আচার্যাগণ তাহাও করেন নাই। কিন্তু এই আত সামাল কালের মধ্যেই আ্যাসমাঙ্গে এবং এাল-সমাজে, উভয় সম্প্রদায়েই একটা নুংন স্মৃতির বা ট্রাডিষণেরও (Tradition) প্রতিষ্ঠা হইয়াছে। এক সময়ে ধাঁরা সর্কাবিদ শাস্ত্রক বর্জন পূর্বাক, ওম স্বাম্ন্ত্রিক অবল্মন করিয়া ধর্মের প্রামাণ্য-প্রতিষ্ঠার েষ্টা করিতেছিলেন; যাঁরা "পতাকেট" একমার শাস্ত্রপে বরণ করিয়াছিলেন এবং দশল বিষয়েই "ইহা সতা অর্থাৎ স্বাভিম্ভ সন্মত এবং যুক্তিযুক্ত কি না 🖓 এই এন তুলিয়াই তাহা গ্রহণযোগ্য না বৰ্জনীয় ইহার বিচার ফরিতেন;—এখন তাঁগারাই 'ইছা ত্রাক্ষধর্ম বা আর্যাধর্ম কি না ?" এই প্রশ্ন তুলিয়া সরাসরি ভাবে সে मुकल विषयात मुर्ज्ञ कारतत मार्गोम्भे ७ वात মীমাংসা করিয়া থাকেন। আর ব্রাহ্মধর্ম আগ্রধর্ম বলিতে ইহারা নিজেদের সমাজের স্মৃতি বা ট্যাডিষণকেই বুকেন; এবং এই সকলস্মৃতি বা ট্র্যাভিষণকে অগ্রাস্ট্র করিয়া কেহ আর এ্থন ব্রাহ্ম বা আর্য্য থানিতে পারেন না। এইরূপে, এই অতি দাসাগ্র সময়ের মধ্যে, একরূপ আমাদের চসূর বাক্ষসমাজ এবং আগ্ৰিস্মাঞ ৫ ভৃতি নতন ও সংস্কৃত ধর্মেও, নিজ ^{নিজ}

দম্প্রদায়ের স্মৃতি বা ট্রাডিষণই ক্রমে ক্রমে স্ত্যের অভ্তম এবং কার্য্যতঃ শ্রেষ্ঠতম প্রামাণা হইয়া উঠিয়াছে। আর জগতের দর্বতই এইরূপ করিয়া স্মৃতিপ্রামাণ্যের প্রতিষ্ঠ। হয়। অতএব মন্থ-নির্দিট ধর্মের षिठीय नकाउ १काउरे भातंकतीन उ স্ক্রিটেনিক। এছলেওমকু কোনও ধ্র্ विश्वारयत नक । निर्द्धि करतन नाहे. সাবারণ ও সাবিজনীন মানব-ধর্মের কথাই বলিয়াছেন।

তারপর "স্বদা চ প্রিনমাত্মনঃ"—মন্ত্র বর্ষের এই তৃতীয় লক্ষণ নির্দেশ করিয়া-ছেন। -ধর্মবস্ত আত্মার প্রীতিকর হওয়া আবগ্রক। মন্তু এখানে শ্রেরদর কথা ব্যবহার করেন নাই। ধর্ম আত্মার শ্রেষ-भाषक रहेरव, अमन बर्लन नाहे। कात्रन এেয়দাব চন্দ্র ধর্মের লক্ষণ 'ইহা বলাই প্রথমে নিপ্রয়োজন। বিতীয়তঃ কোনও वस्त श्री जिकत रहेग कि ना, हेर। मकत्न हे গহজভাবে বুলিতে পারে; শ্রেমস্কর হইল কি না, তাহা বুঝিয়া উঠা সহজ নহে, षात्रकत शाक मानाय कि ना, देशहे সন্দেহের কথা। ধর্ম আত্মার প্রীতিকর रहेंदा- गञ्च এখানে 'आञ्चनक उ दकान उ গভার দার্শনিক বা তত্ত্বিদ্যাসমতে অর্থে অপরিহার্য্য বলিয়া বোধ হইবে। অবহার করেন নাই। মোটামূটি দকল লোকেই যাকে "আমি" ও "আমার" বলিয়া থাকে •এবং "আমি" ও "আমার" বলিরা যাহাকে বোঝে, এথানে তাহাকেই আগ্না বলা হইয়াছে। আর ধর্মবস্ত এই মামুলী আত্মারই , প্রীতিদাধন করিবে ধর্ম্বের অমুসরণে যে যেমন লোকই হউক না কেন

তারও আত্মপ্রসাদ জন্মিবে, ইহাও ধর্মের একটা সাধারণ, সার্বভৌমিক ও সার্বজনীন-লক্ষণ। ধ্যের শাধন-সংযম সকলই আছে, সকলই থাকিবে। তার অলেধবিধ বিধি-निर्यय थाছে, এ मक्ब ७ मर्खनाई शाक्ता। ধর্মপথে চলিতে গেলেই আানার লোভা-"मिरक कानअना कानेअ भिरक, कानअ না কোনও আকারে, সংযত ক্রিতে হইবেই হইবে। কোনও না কোন্ও আকারের ত্যাগধীকার, ক্লেশধীকার ধর্মাতেই ষ্ঠাছে। কিন্তু এই স্কল ত্যাগ-ও-ক্লেশ্বীকারের ফলে সকল ধর্মেই যুজুমানেরা একটা না একটা, আত্মপ্রসাদও লাভ করিয়া থাকেন। স্থুতরাং এই আগ্লাগাদও ধর্মের সাধারণ ও সার্বজনীন লক্ষণ—কোনও ধর্মে ইহ। আছে, কোনও ধর্মে ইহা নাই, এমন বলা অসম্ভব। এইরপে এক এক कतिश्री भश्चनिर्फिष्ठे धरभेत नक्षनश्चनिरक विद्धिष्य क्रिया (प्रिंथित्वरे, मक्न अथारन (य कागछ ध्यावित्मस्यतं कथा करहन नाहे, यहा नकत्वत धर्म, नकल (नत्न, नकल কালে যাহা ধর্ম অর্থাৎ যে ধর্ম সার্কভৌমিক, সারকালিক, সার্বজনীন, তাংগরই লক্ষণ নির্দেশ করিতে চাহিয়াছেন, এ সির'ন্ত

আব তাহাই যদি হয়, তবে মনুধ্যের नक्षण निर्द्धन कतिए यहिंशा (य "त्वर्षतत्र" কথা কহিয়াছেন, তাহাও দার্মক।লিক, সার্বভৌনিক এবং সার্বজনীন হওয়া একান্তই আবশ্রক। এই "বেদের" কোনও সন্ধার্গতর व्यर्थ कतित्व, अधिवारका जमश्रीभागिन দোষ আরোপ করা হয়।

ফলতঃ ধর্মের লক্ষণ নির্দেশ করিতে
যাইয়া, মহু যে বেদের উল্লেখ করিয়াছেন,
তাহা যে, আমরা আজ যাহাকে বেন বলিয়া
জানি, ঠিক সেই বস্ত নয়, ইহা অস্বীকার
করা একরূপ অসম্ভব বলিয়াই বোধ হয়।
প্রথমতঃ লোকে যাহাকে সচরাচর বেদ
বলিয়া জানে, সেই বেদই আপনাকে ধর্মের
পরম বস্ত ব্রহ্মবিছা-লাভের একমার
সোপান বলিয়া প্রতিষ্ঠিত করিতে সংকুঠিত
হইয়াছে। উপনিষদ সকল বেনাস্তর্গত
বলিয়া, বেদের মতনই প্রামাণ্য। আর
এই উপনিষদই ৠর্যেদাদিকে অপরা অর্থাৎ
নিকৃষ্ট বিতা। বলিয়া বর্ণনা করিয়াছেন।
মৃগুকোপনিষদে আছে—

শৌনকো হ বৈ মহাশালোহঙ্গিরসং বিধিবছপপন্নঃ প প্রচ্ছ। কশ্মিন্ন ভগবো বিজ্ঞাতে সর্কমিদং বিজ্ঞাতং ভবতি। ভব্মৈ স হোবাচ। দ্বে বিদ্যোবেদিতব্য ইতি হ শ্ম যদ্ ভ্রহ্মবিদো বদন্তি পরা চৈবাপরা চ॥

তত্রাপরা ঋথেদো যজ্কোনঃ সামবেদোহথর্কবেদঃ শিক্ষা কল্লো ব্যাকরণং নিরুক্তং ছলো জ্যোতিধমিতি। অথ পরা যয়া তদক্ষরমধিগম্যতে॥ মহাগৃহস্থ শৌনক অঙ্গিরসের সমীপে যথাবিধি উপস্থিত হইয়া জিন্তানা করিলেন;—

হে ভগবন্, কি জানিশে এই সমস্ত জানা বায় ?
তিনি তাঁহাকে বলিলেন। ত্রহ্মবিদেরা ইং। বলেন থে ছুই বিদ্যা জ্ঞাতব্য; এক পরাবিদ্যা অন্থ অপরা-, বিদ্যা।

ইহাদের মধ্যে ঋথেদ, যজুর্বেদ, সামবেদ, অথব্ধবেদ,
শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিঞ্চন্ত, ছন্দ, জ্যোতিষ (অর্থাৎ
ষড়ক্র সম্দার বেদ) অপরা বা নিকৃষ্ট বিদ্যা; পক্ষান্তরে
যাহা দারা সেই অক্ষর পুরুষকে জানা যায়, তাহাই পরা
ৰা শ্রেষ্ঠ বিদ্যা।

্বিত্রাং মোক্ষসাধনই যদি ধর্মের লক্ষণ হয়, এবং সেই অক্ষয় পুরুষকে না জানিলে যদি

মোক্ষলাভ অসাধ্য হয়, আর শ্রুতি স্মৃতি সকলেরই এই শেষ সিন্ধ্য—তাহা হইলে ঋথেদাদিকে ধর্মের প্রতিষ্ঠা বলিয়া গ্রহণ করা কিছুতেই সম্বব্য়না।

এ কথা যে আমরাই আজ বলিতেছি শ্ৰুতি, তাহা নহে। (যম্ন সেইরূপ কথাই বলিয়াছেন। শ্বতিও এই শ্য্যাশায়ী মহাশুর ও মহাপ্রাক্ত ভীন্নদেব যুধিষ্ঠিরের নিকট মহুর বেদবোধিত-ধর্মে"র লক্ষণই বর্ণনা করিয়াছিলেন। আর মতুর নির্দিষ্ট ধর্মের লক্ষণে বেদকে বিমন প্রচলিত ঋগেদাদির অর্থেই লোকে স্বরাচর গ্রহণ করিয়া থাকেন, মুধিষ্ঠিরও তাহাই করিয়াছিলেন। কিন্তু এইরপ অর্থ করিলে ধ্যোর নিতার রকাকরাযে অসাধ্য হইয়। উঠে, যুধিষ্ঠির ইহা স্পষ্টই লক্ষ্য করেন। তাই তিনি ভীন্নকে পুনরায় এই প্রশ্ন করেন— (মহাভারত শান্তিপর্না—মোক্ষধর্ম ৬০ অধ্যায়)

নে ধর্মপ্রভাবে প্রাণিগনের উৎপত্তি, স্থিতি ও বিনাশ হই তছে, কেবল শার্গ্রপাঠ দারা কথনওই তাহা জাত হওয়া যায় না: অবিপন্ন ব্যক্তির ধর্ম যেরূপ, বিপন্ন ব্যক্তির ধর্ম সেই রূপ নছে। আপদ, অসংখ্য, স্বতরাং আপদ্ধর্মও বিবিধ প্রকার। অতএব শাস্ত্রপাঠ দ্বারা সমুদায় আপদ্ধর্ম কিরুপে বোধগম্য ছইতে পারে। শাস্ত্রে সাধুদিগের আচারকে ধর্ম ও ধর্মানুষ্ঠান-পরতন্ত্র ব্যক্তিকে সাধু বলিয়া নিৰ্দেশ করা হইয়াছে। এই লক্ষণ দ্বারা ইহা স্পষ্ট প্রতীতি হইতেছে যে, ধর্ম ও সাধু ইহারা পরস্পরসাপেক; হতরাং উহা দারা কে সাধু ও ধর্ম কি, তাহা নিরূপণ করা্যায় না। দেপুন শুদুগণ মুমুকু হইয়া ধর্ম-বৃদ্ধির নিমিত্ত বেদাস্তাদি শ্রবণ করাতে তাঁহাদের অধর্ম হইতেছে এবং অগস্ত্যাদি মহর্ষিগণ যজ্ঞার্থ বিবিধ হিংসাকর কার্য্যের **অনু**ষ্ঠান করাত্তেও তাঁহাদের ধর্ম সঞ্চ হইতেছে।

মৃত্রাং ধর্ম কিরপে নির্ণয় করা যাইতে পারে ? আর বের্ন, বেদ দম্নায়ের প্রতি মুগের হ্রাস হইয়া থাকে. তরিবন্ধন সভা, বেতা, দ্বাপর ও কলি এই চারিবুরে পৃথক পৃথক ধর্ম অনুষ্ঠিত হয়। এইরপে যখন কালভেনে বৈদিক কর্মের ভিন্নভাব হইল তথন বেদবাক্য যে যথার্থ বিলিয়া পরিগণিত হয়, ইহা কেবল লোকরঞ্জন মাত্র। বেদ হইতে সম্দায় শ্বতি সম্ভূত হইয়াছে, অতএব যদি বেদশার অপ্রমাণ হইল; ভবে তৎসমূত শ্বতিশারকে অপ্রমাণ করিতে হইবে। আবার অনেক সময় এইরপে ঘটিয়া থাকে যে, ধার্মিকেরা কোন ধর্মের অনুষ্ঠানে প্রায় হইলে বলবান, ছরায়ারা উহার যে অবেণ ব্যাঘাত উৎপাদন করে দেই অংশ দেই অববি একেবারে উন্মলিত হইয়া যায়্

হুতরাং ধর্ম- ১ত্র নির্ণয় করা নিতান্ত সহজ নহে। ফলতঃ আমরা অবগত থাকি বা না থাকি এবং অন্ত কর্ত্তক উপনিষ্ট ইইয়াও বুঝিতে পারি বা না পারি বর্মাতত্ত্ব নে ক্রধার অপেকাও ফুল্ম এবং পর্বত অপেকাও গুরুতর তাহার আর সন্দেহ নাই। যক্ত,দি ধর্ম প্রথমত গন্ধনগরের ভায় অভূতরূপে লিক্ত হয়, কিন্তু যথন পভিতের। উহাকে অনিতা বলিয়া প্যালোচনা বরেন, তথন তাহাদের উহা নিতাও তুল্ফ বলিয়া লোধ হইগা থাকে। মনুধোরা, গোননুধের জল পানার্থ কুদ খাত ও ক্ষেত্রে জল সেচন করিবার নিমিত্ত কুত্রিম নদী প্রস্তুত বরিলে ধেমন ঐ সংক্রায় ক্রমে ক্রমে ভ্রুম হয়, তদ্রপ বেদদেবিত ধর্ম যুগে যুগে ক্ষম প্রাপ্ত হইয়া কলিযুগে একেবারে নিঃশেষিত হইয়। যায়। অসাধু ব্যক্তিরা লোকের অনিহোতাদি ক্টো সমাধান, বেতন এহণ ন্হকারে অধ্যাপনা কাণ্য সম্পানন ও অন্তান্ত কাণ্য দাধনের নিমিও মিথ্যা আচার অবলম্বন করিয়া থাকে। সাধুব্যক্তিরা যাহা ধর্ম বলিয়া কীর্ত্তন করেন, মুচ্ বাজিরা তাহা প্রনাপ বোধ করিয়া সাধুদিগকে উন্মন্ত বলিপা অবজ্ঞ। করে। দেখুন, দ্রোণানি মহায়ারাও থধর্ম পরিত্যাগ পূর্বক ক্ষত্রধর্ম আশ্রয় করিয়াছিলেন; অভএব দৰ্বজন্হিতকারী অচার কুতাপি ব্যবস্ত হয় না। কোন কোন ক্ষত্রিয় ব্রাহ্মণ-আচার অবলখন পূৰ্ণক ক্ষত্ৰধৰ্মাচারী ত্ৰাহ্মণকে নিন্দা করেন এবং কোনও কোনও বান্দণে ব্ৰহ্মধৰ্ম ও ক্ষবিষধৰ্ম উভয়ই

বর্ত্তমান থাকে। অভএব সর্বপ্রকারের আচারেরই বাভিচার দৃষ্ট হইতেছে।"

আর এই সকল বিষয়ের আলোচনা করিলা, মহামতি বুধিষ্টির এই দিলান্তে উপনীত হন যে—

"শ্রুতি বা স্মৃতি ধ্রের নির্ণায়ক নহে।"

ष्यञ्जद जागताहै य आिक कालि (तनानित প্রামাণ্য সম্বন্ধে সন্দিহান হইয়া পড়িতেছি, তাহা নহে। এরপ **স**ন্দেহ চিন্তাশীল সুধীগণের চিত্তকে कतियादः। भागताहे त्य तक्वन वित्तनीय বিভা শিথিয়া, বিজাতীয় সাধনার প্রভাবে, এই সকলের প্রচৌন প্রামাণ্য অস্বাকার করিতেছি তাহা নহে। পুরাকালেও এ প্রামাণ্য অস্বীকৃত হট্যাছিল এবং তাঁহার। ষেমন এরূপ সন্দেহে আন্দোলিত হইয়াও, বেদাদির প্রামাণ্যের একটা মীমাংগা করিয়াছিলেন, আমাদিগকেও **(महेक्ष** महे क्रिटेंट इंटर, नडूरा क्षांक বাঁচাইয়ারাখা অসাধ্য হইয়া উঠিবে। এই জন্তই বেদাদির সত্য অর্থ কি, তার মামাংসা হওয়া প্রয়োজন ৷ আর এ কেত্রে আনাদের পরম সোভাগ্যের কথা এই যে, ভারতের প্রাচীনমীমাংসকগণ আপনাদের অসাধারণ প্রতিভা ও অলোকসামান্ত সাধন-অভিজ্ঞতার সাহায্যে এই মীমাংসার পথ অনেকটা পরিষ্ঠার করিয়া রাশিয়া গিয়াছেন। তাঁহাদের পবিত্র পদাক্ষের অমুসরণ করিয়া চলিলে, আমরাও জমে এই সকল বিষম যুগদমস্থার একটা দ্মীচিন মীমাংদা যে করিতে পারিব না, এমনও মনে হয় না।

শ্রুতি বলিতে যদি আমরা ঋথেদাদি
গ্রুকে, আর স্মৃতি বলিতে যদি কেবল মন্থ
পরাশর প্রভৃতিকেই বুঝি, তবে মহামতি
যুধিষ্ঠিরের সঙ্গে আমাদিগকেও, "শ্রুতি বা
স্মৃতি যে ধর্মের নির্ণায়ক নহে"— একবাকো
এই কথাই বলিতে হয়। কিন্তু মন্থ যে
বেদ ও যে স্মৃতির উপরে বিশ্বধর্মকে
প্রতিষ্ঠিত করিয়াভেন, তাহা যে গ্রুত্তপক্ষে
মহর্ষি বেদব্যাসের সন্ধলিত বেদচত্ত্তীয় অথবা
মন্থাদি স্মৃতি নহে, একটু বিচার করিয়।
দেখিলেই, এই দিদ্ধান্ত অপরিহার্য।
হুইয়া উঠে।

প্রথমে বেদের কথা। মন্থ প্রভৃতি প্রাচীন অধিগণ যে বেদের উপরে ধর্মবস্তকে স্থাপন করিয়াছেন লে বেদ কাহাকে বলে ? অথেদাদি যে সে বেদ নহে, শ্রুতি ও স্মৃতি উভয়েই তার সাক্ষ্য দান করিতেছেন। অত এব এই বেদের যদি অভা কোনও অর্থন। থাকে, তবে মন্বাদি স্মৃতির সার্থকতা আর থাকে না। মন্তর কথা সংয় হংলে, বেদের থার একটা কোনও অর্থ অবগ্রই আছে। সে অর্থটী কি ?

মন্ত্র বলিতেছেন -- যাহা বেদবিহিত তাহাই ধর্ম। এন্থলে মন্ত্রে মানবধর্মেরই কথা বলতেছেন, ইহাও সত্য। কিন্তু সংস্কৃত ধর্মানকের একটা বাাপকতর অর্থও আছে। ধর্মাবলিতে, সংস্কৃতে কেবল মানুষের ধর্মাই বোঝায় না। স্ট্রপদার্থনাতেরই একটা না একটা ধর্মা আছে। আর এই ধর্মের ফুইটা দিক্। একটা তাহার দ্বিতর দিক্, একটা তাহার গতির দিক্। দ্বিয়াধর্মা প্রত্যেক পদার্থের নিজস্ব গুংমাত্র

প্রকাশিত করে। যেমন জলের ধর্ম নৈত্য, অগ্নির ধর্ম উত্তাপ ইত্যাদি। গতির দিক্
দিয়া ধর্ম পদার্থের প্রিণতির বা ক্রমবিকাশের বিধানও প্রকাশিত করে। স্কৃত্যাং
পদার্থের গুণ এবং দেই গুণের বিকাশের ও
পরিণতির বিধান, ধর্ম বলিতে আমরা এই
ছই বস্তই বুলিয়া থাকি। এই দিবিধ
আকারে ধর্ম সর্কাত্র বিরাজ করিতেছেন।
আর এই উভয় ভাবে ধর্ম প্রত্যেক স্থঠ
পদার্থের প্রকৃতির মধ্যেই নিহিত রহিয়াছেন বং দেই প্রকৃতি হইতেই নিয়ত
ফুটিয়া উঠিতেছেন।

হিন্দু যাগাকে ধর্ম বলিয়া জানেন, তাহা প্রত্যেক পদার্থের নিজম্ব প্রকৃতির উপরেই গুতিষ্ঠিত,কোনও বাহিরের নিধি-নিষেধাদির উপরে প্রতিষ্ঠিত নহে। এ ধর্মে বিধিও আ'ছে, নিষেগ্ও আছে। কিন্তু ইহার বিদি এবং নিষেধ উভয়ই জীবের আত্ম-চরিতার্থতা লাভের জন্ম, ভাষার নিজ্য প্রকৃতির আদেশে এবং প্রয়োজনেই প্রচারিত হইয়াছে। জীবের আত্মচরিতার্থত লাভট তার ধর্ম। আর জীব যে আদর্শে স্চ रहेशार्ह, (महे जानगंधी जात मर्या भून-মাজায় ফুটিয়া উঠিলেই সে আপনার ্প্রকৃত চরিতার্থতা লাভ করে। হিন্দ চিরদিনই এই অর্থে ধর্ম-শক্তক গ্রহণ করিয়াছেন। এই ধর্মই যদি আবার বেদ-বিহিত হয়, তাহা হইলে প্রত্যেক পদাং র্থর নিজস্ব আদর্শ যে তত্ত্বকে আশ্রয় কংয়ো প্রতিষ্ঠিত ও অভিব্যক্ত হয়, বলিতে তাহাকেই বুঝিতে হইবে।় বেদের অন্ত কোনও অর্থ করিলে, ধর্মের সর্বাজন-

বিদিত মর্ম্মের সঙ্গে, "যাহা বেদবিহিত তাহাই ধর্ম"— মন্ত্র এই উক্তির সঙ্গতিসাধন সম্ভব হয় না।

অত এব স্তার অন্তরের যে আদর্শকে
আশ্রয় করিয়া এই নিখিল ব্রহ্নাণ্ডের
উৎপত্তি হইয়াছে, উৎপত্ত হইয়া এই
নিখিল ব্রহ্নাণ্ড গাহাতে স্থিতি করিতেছে,
এই নিখিল জগতের গতি যাহাকে লক্ষ্যা
করিয়া, যাহার মধ্যে আপনার চরম পরিণতি
অবেষণ করিতেছে,— শহারই নাম বেদ।

অক্তাদিকে যাগ হইতে এই নিথিল ব্রহ্মাণ্ডের উৎপত্তি হইয়াছে, উৎপত্ন হইয়া এই নিথিল ব্রহ্মাণ্ড যাগতে স্থিতি করিতেছে, এই নিথিল জগতের গতি যাহাকে লক্ষ্য করিয়া, যাহার মধ্যে আপনার চরম পরিণতি গাপ্ত হয়, তাহারই নাম ব্রহ্ম।

"যতো বা ইমানি ভূতানি"—ইত্যাদি
ফাতি, ব্রহ্মবস্তাই এই এ চই লক্ষণ। নির্দেশ
করিয়াছেন। "যাহা হইতে এই ভূত সকল
জানিতেছে; জনিয়া যাঁহাতে এই ভূত সকল
জানিত রহিতেছে; প্রলয়কালে যাহার
প্রতি এই ভূতসকল গমন করে ও যাহাতে
প্রবেশ করে"—তাহাকে বিশেষভাবে
জানিতে ইচ্ছা কর। তাহাই ব্রহ্ম।

অতএব বেদ আর রক্ষ একই বস্তা গীতাদিশা স্ত্রত নানাস্থলে রক্ষ শব্দের দ্বারা বেদক্ষে নির্দেশ করিয়াছেন। যথা—"কর্ম বেলসমূজবং।"

এখন প্রশ্ন এই—বেদকে শাস্ত্রে ব্রহ্ম বলা হইল কেন ? যেমন লোকবি:শিষকে আমরা হরিদাদ বা নবীনচক্র ইত্যাদি নামে ডাকি, এ সকল নামে কেবল ভাহা- দিগকে নির্দেশ করে মাত্র, ইহাদের অন্ত কোনও বিশেষ গুণবাচক অর্থ থাকে না; শেইরূপই কি আমাদের প্রাচীন শাস্ত্রকর্তো-গণ এরূপ স্থলে বেদের নামান্তররূপেই কেশল এই রক্ষ শব্দের ব্যবহার করিয়াছেন, না এই নামের কোনও নিগৃত মর্গ্য, কোনও বিশেষ সার্থকতাও আছে?

বেদের যে কয়টা প্রতিশক্ষ দেখিতে পাওয়া যায়। সকল গুলিরই একটা না একটা বিশেষ অর্থ আছে। বেদ-নিজেও অর্থপুত্র নাম মাত্র নঙে! বিদ ধাতুর অর্থ জানা। ধার্থের অনুসরণ করিলে, যাহাতে সকল জানের প্রতিষ্ঠা তাহাকেই বেদ वना यात्र। (वर्षत हेशहे भोनिक व्यर्थ। এই অর্থেই বেদের বেদ-নান সার্থক হইয়াছে। বেদের আর এক নাম শ্রুত। প্রাচীন কালে শিষ্যগণ ওরুমুখে ভনিয়াই বেদশিক্ষা করিতেন, আজিকালিকার মত গ্রন্থ পড়িয়া বেদাধারন করিতেন না, আর এই জন্মই বেদকে শ্রুতি বলা হইত। এখনও শ্রুতি সেই স্মৃতিকেই জাগাইয়া রাখিয়াছে। বেদের আর একঃনাম আয়ায়। আগ্রায় শব্দের ধার্থ—যাহা কথিত বা উপদিষ্ট হয়। আর বেদের এই আয়ায় নামের সার্থকতাও অতি সম্পষ্টই রহিয়াছে। বেদের আর যে কয়টা নাম আছে, সকল গুলিরই একটা না একটা বিশেষ সার্থিকতা দেখিতে পাই। আর বেদকে যে ব্রহ্ম বলে, ইহারই কি কেবল কোনও সার্থকতা নাই এরপ কল্পনা করাও অসম্ভব।

বেদের আর এক নান শব। আর এই

খানেই, আমার মনে হয়, বেদকে কেন ব্রহ্ম বলা হইয়াছে, তাহার নিগৃঢ় মর্ম্মটী ধরিতে পারা যায়।

বেদকে যে অর্থে শ্রুতি বলা হইয়াছে ঠিক সেই অর্থেই যে শব্দ বলাও হইয়াছে; এমন মনে হয় না। যাহা শোনা যায় তাহাই শক, স্তা। কিন্তু এ শক ধাকোমাক। ধানি বিশেষকে আশ্রয় করিয়া এই শক্তের প্রতিষ্ঠা ও প্রকাশ হয়। প্রাকৃত জনে শব্দ বলিতে ইহাই বুঝিয়া থাকে। কিন্তু এই ধ্বকাত্মক শব্দ নিতাবস্ত নহে। অক্স-পক্ষে বেদকে সর্বদা নিত্য বলিয়াই প্রতিষ্ঠিত করা হইয়াছে। ধ্বকাত্মক শব্দের এই নিতাত্ব-ধর্মানাই। এই শব্দ ভিন্ন ভিন্ন কঠে বিভিন্নভাবে উচ্চারিত হয়। ধ্বকাত্মক শব্দ আকাশে উৎপন্ন হইয়া ক্ষণকাল পরে সেই আকাশেই আবার বিলীন হইয়। যায়। ইহার উৎপত্তি ও বিলয় আছে। বেদ অপরিবর্ত্তনীয়, অনাদিকাল হইতে একই निक श्रद्धाल श्रिक कतिर उरह। त्वन व्यनानि, ইহার উৎপত্তি কখনও হয় নাই। বেদ অনন্ত, ইহার বিলয় কথনও হইবে না। ধ্বতাত্মক শব্দ পুরুষের কঠকে আশ্রয় করিয়া উৎপন্ন হয়। পুরুষ ইহার কর্ত্তা। বেদ অপৌরুষের। স্থতরাং বেদের এই সকল লোক-প্রসিদ্ধ লক্ষণার সঙ্গে ধ্বয়াত্মক শব্দের সঙ্গতি নাই। প্রাকৃতজ্ঞনে শব্দ বলিতে যাহা বুঝে, গেই অর্থে, বেদকে শব্দ বলা যাইতে পারে না। এখানে শব্দের আর কোনও একটা অর্থ না থাকিলে বেদের শব্দ নাম নিরর্থক হইয়া পড়ে।

কিন্তু আমরা যদিও যাহা শোনা যায়

তাছাকেই শদ বলিয়া জ্ঞানি, তত্ত্বদর্শী ঝিষিণা এই ইন্দ্রিয়গ্রাহ্ম ধ্বন্ধাত্ত্বক শদ ব্যতীত, আর একজাতীয় শদের কথাও বলিয়াছেন। 'সে শব্দ কানে শোন' যায় না, তাছা ধ্বন্ধাত্ত্বক নহে। সে শদ অতীন্দ্রিয়, কেবল বৃদ্ধিগ্রাহ্ম মাত্র। সে শদ "ক্ষোটাত্মক।" আর এই অতীন্দিয় ফ্যোটাত্মক শব্দতত্ত্বকে লক্ষ্য করিয়াই বেদের আর এক নাম শব্দ হইয়াছে।

এই ক্ষোটাত্মক শক্ষ স্ষ্টি-মূল। ইহাই জগদীজ নাম ও রূপ। বেদান্তবাদী ইহাকেই মায়া বলিয়াছেন। "কিং পুনস্তং কর্ম যং প্রাপ্তপতেরীশ্বরজ্ঞানস্য বিষয়ো ভবতি ''" "সেই কর্ম কি, যাহা স্ষ্টির পুর্বে ঈখরের জ্ঞানের বিষয়ীভূত হইয়াছিল?" পুর্বেপক্ষের এই প্রশ্নের উত্তরে ভাষ্যকার বলিয়াছিলেন তাহা নাম ও রূপ, ব্রহ্ম হইতে ভিন্নও নহে. অভিন্নও নহে—অবাক্ত কিন্তু বাক্ত হইবার জন্ম চেন্টিত—আমরা ইহাই বলি।" বৈক্ষবেরা ইহাকেই প্রকৃতি বলিয়াছেন। এই ক্ষোটাত্মক শক্ষ গ্রীকদিগের লগস (Logos), ইহাই খৃষ্টিয়ানের বাইবেল-গ্রহাক্ত বাক্য বা Word.

In the beginning was the Word. The Word was with God. The Word was God, বাইবেল 'ই বলিয়া আমাদের শাস্ত্রোক্ত এই ক্ষোট-শন্তর্কেই ব্যক্ত করিতে চেষ্টা করিয়াছেন। এই ক্ষোট-শন্তর্কে লক্ষ্য করিয়াই বেদকে শন্ধ ও ব্রহ্ম বলা হইয়াছে।

এই ক্ষোট-তত্ত্বের উপরেই বেপে

আনাদির, অপৌক্ষের প্রভৃতি ধর্মের প্রতিষ্ঠা হইরাছে। এই ত্রতী না বুরিলে, যাহা বেদবিহিত তাহাই ধর্ম, ধর্মের মন্থ-বর্ণিত এই লক্ষণের মর্ম গ্রহণ অণম্ভব হটবে।

এই ফোটায়ক শদ কি, গুরুত্বপা হইলে, বারান্তরে তাহার আলোচনা করিতে চেঠা করিব।

শ্রীবিপিনচন্দ্র পাল।

রদের-রূপ

বাংশলা ও মাতৃষ্টি

ভালবাদার কি কোনও আকার আছে ?

সাকার-নিরাকার সম্মার বাদ্বিত্ঞায়
কপনও কথনও এই প্রশ্নী তোলা হয়।
আর স্চরাচর ইহাতে সাকারবাদিগণকে
একরাপ নির্বাক্ ও নিক্তর ক্রিয়াই
তোলে। কিন্তু প্রচলিত অর্থে একান্ত
সাকারবাদী না হইয়াও, ভালবাসার কি
কোনও আকার বা স্ত্যু স্তাই
নাই ?—এ প্রশ্নীও বোধ হয় তোলা
যাইতে পারে।

তবে ভালবাদা-বস্তটা একজা গীয়
নহে। ভালবাদা কতকগুলি আন্তরিক
স্মন্তুতির একটা দাধারণ নাম। আমরা
সন্তানকেও ভালবাদি; স্ত্রা বা সামীকেও
ভালবাদি; বন্ধুবান্ধবদিগকেও ভালবাদা।
কিন্তু এই ত্রিবিধ ক্লেত্রে, ভালবাদা তিন
আকারে প্রকাশিত হয়। সন্তানের প্রতি
ভালবাদাকে আমরা বাৎসন্য বলি, সামী
বা স্ত্রীর প্রতি ভালবাদাকে মাধুর্য্য, আর
বন্ধুবাধবের প্রতি ভালবাদাকে মাধুর্য্য, আর
বন্ধুবাধবের প্রতি ভালবাদাকে সন্থ্য বলিয়া
থাকি। এই বাংসন্যা, মাধুর্য্য এবং সন্থ্য
এক জাতীয় কন্তু হইলেও, ঠিক এক বর্ণের
নহে। বাৎসল্যে ও বাংসল্যে পরস্পারের
প্রভেদ বিস্তর। স্মৃতরাং ভালবাদার রূপ

বা আকার ধনি কিছু থাকে, তাহা এই তিন ক্ষেত্রে তিন প্রকারেই প্রকাশিত হটবে। বাংসল্যের ব্লুস যাহা, মাধুর্ব্যের ব্লুস তাহা হ'তে পারে না। আর স্থ্যের ব্লুস এই তুই হইতেই ডিন হইবে।

আর বাংসন্যাদির কি কোনও রূপ বাস্তবিকই নাই ? ভালবাসাটা অন্তরের বস্তু সতা। কিন্তু বাহিরে যে এই আন্তরিক ভাব সর্বাদাই নানাভাবে বাক্ত হইয়া থাকে. ইহাও প্রত্যক্ষ কথা। এইরূপ অভিব্যক্তি বাতীত, আমরা যে একে মন্তকে ভালবাসি ইহা কিছুতেই জানিতে বা জানাইতে পারিভাম না। প্রথমতঃ আমরা ইহাকে ভাষায় ব্যক্ত করিয়া থাকি। সন্তানকে, পতি বা পল্লীকে, বন্ধবান্ধবকে আমবা যে ভাবে স্বোধন করি, তাহার ভিতর দিয়া আনাদের এই সকল বাৎসল্যাদি প্রকাশিত হয়। কিন্তু ভাষায় অন্তরের রুপাদির যে অভিব্যক্তি হয়, তাহাকে রূপ বলে না। ভাষা রুদের সাম্বেতিক চিহ্ন মাত্র; তাহার গুণও নয়, क्षभु नग्न। याज्ञ, वाज्ञा, व्यक्षित निष्, যাটের ধন, এ সকল বাৎসল্য-স্চক কথার স্কে বাৎসন্য-শন্তর কোন অপরিহার্য্য ও অঙ্গালী সুস্থার নাই। কোনও জনক বা জননী অপুনার সন্তানকে এ ভাবে সম্বোধন নাও

করিতে পারেন, অথচ তাহাতে তাঁহাদের অন্তরের বাৎগলাের অভাবও বোঝাইবে না, খার দে রদের ফ্রন্তির কোনও বিশেষ ব্যাঘাতও জনিবে না। যেমন ভাষায় মনের ভাব ব্যক্ত হয়, সেইরূপ বাহিরের আচার-আচরণেও অন্তরের ভাব প্রকাশিত হয়। স্বামীপুত্রের সেবারত ভিতর দিয়া স্তান্বতী স্তীর মাধ্ধ্য ও বাংস্লা আপনার চরিতার্থতা অবেষণ করিয়া থাকে। এই সকল সেবা-যত্নের ভিতর দিয়াও তাঁহাদের অন্তরের ভাব প্রকাশিত হয়। কিন্তু এই সকল সেবা যত্নের সঙ্গেও বাৎসলোর বা মাধুর্য্যের কোনও নিত্য ও অপরিহার্য্য অঙ্গাঞ্চী সম্বন্ধ নাই। কোনও বিশেষ কারণে এই সেবা-যত্ন করা অসম্ভব বা অপ্রার্থনীয় হইতেও বা পারে। কিন্তু এই **দেব:-যত্নের অভা**ব দর্মত্রই যে অন্তবের রদের অভাব বা এ দেবা-যত্নের অল্পতা যে সে রসের লঘুত বুঝাইবেই বুঝাইবে, এমন বলা যায় না। সুতরাং ভাষায় রসবিশেষের যে অভিব্যক্তি হয়, তাহা যেমন সে রুপের রূপ নহে, দেইরূপ আমাদের আচার-আচরণে তাহার যে বহিঃপ্রকাশ হইয়া থাকে, তাহাকেও দে রদের রূপ বলা যায় না ৷

ভাষাতে বা আচার-আচরণে রসের যে
প্রকাশ হয়, তাহা সর্ব্বত্র এক নহে।
আমরা যে কথায় বাৎসল্য প্রকাশ করি,
ইংরেজ ঠিক সে কথা ব্যবহার করেন
না। আমাদের দেশে প্রাচীনেরা পত্র
ব্যবহারে অনেক সময় পুলকে "প্রাণভূল্যেধু"
বলিয়া সংখাধন করিতেন। ইংরেজি

ভাষায় এইরূপ সংখাধন অতিশয়েক্তি বলিয়াই গণ্য হইবেন ইংবেজ সমাজে ইহা শিষ্ট গ্রোগ বলিয়া বিবেচিত হইবে কি না সন্দেহ। অন্তপক্ষে আমাদের দেশে পত্নীকে সকলের সমক্ষে প্রথম যৌবনে ডার্লিং (Darling) বা ডিয়ার (Dear)-বাছাধন বা প্রিয়ত্ম বলিয়া ডাকা, আর বয়োর দ্বতে ক্রমে প্রেম যখন পরিপ্রতা প্রাপ্ত হইয়া "স্বেহদারে" স্থিতি করে, তথন তাঁহাকে মা (Mother) বলিয়া সংখ্যাৰ কখন ওই শিষ্ট প্রয়োগ বলিয়া পরিগণিত হইবে না। দাম্পত্য সম্বন্ধের অন্তরালে যে মাধুর্য্য রস বিভাগান থাকে আমরা এই সকল কথায় স্বেগকেবাক্ত করি না। আমরা এই क्लिक (य मक्न कथा वावदात कति, ইংরেজ বাং জার্মাণ, কাফ্রি বা জুলু দে কথা বা তার জামুরপ অন্ত কোন কথা ব্যবহার করেন না। আর এ পার্থক্য যে সামান্ত তাহাও নয়। আমাদের অন্তরের ভাব যথনই ভাষায় ব্যক্ত হয়, ত্রানই আমাদের নিজেদের সভাতার ও সাধনার, নিজেদের शांतिवांतिक कीवानत ७ ममाक्रार्यत्व মারে৷ অনেকগুলি বিশেষ বিশেষ ভারে বা আদর্শ তার সঙ্গে মিশিয়া যায়। এই কারণে অন্তরের ভাবটা শুদ্ধ ও অমিশ্র হইলেও, বাহিরের প্রকাশটাতে আশেপাশের অনেক বস্ত মিশিয়া থাকে। আর এরূপ মিশ্রণ হয় বলিয়াই, ভাষায় বা আচার-আচরণে একই মানবীয় রদের যে অভিখাজি হয়, তাহা ভিন্ন ভিন্ন দেশে, ভিন্ন ভিন্ন সমাজে বিভিন্ন আকার ধারণ করিয়া থাকে। সুতরাং ভাষায় বা আগার-আচরণেরদ-

বিশেষের যে অভিব্যক্তি হয়, তাহাকে সে রসের রূপ বলা যাইতে পারে না।

কারণ প্রত্যেক বস্তর দঙ্গে গেই বস্তর क्रांश्व मध्यक्री कियु श्रीकार्य निज्ञ आंत স্ক্রই অকাকী। একজাতীয় বস্তর রূপ বা আকার মোটের উপরে এক। মাতুষের क्रिश व। व्याकात मकन मासूर्यत मर्शाहे মোটের উপরে এচ। মাতুষে মাতুষে বর্ণে ৰা গঠনে, চেহারায় বা চলনে যতই পার্থকা থাকুক না কেন, এ সকল বিভিন্নতা মানবীয় রূপের অন্তিক্র্যনীয় সীমা বা স্মতাকে কিছুতেই অতিক্রম করিয়া যাইতে পারে না। থর্নাকৃতি লোমণ কে'ভ-ম্যান (Cave-man) একদিকে; কুঞ্চায় কুঞ্চিতকেশ, স্থূন-অধরোষ্ঠদম্পন কাফ্রি আর এক দিকে; সুগঠিতবপু, খেতবর্ণ রোমক বা গ্রীক আর একদিকে; আমেরিক ইণ্ডিয়ান একদিকে, আর চীনাম্যান বা জাপানী আর একদিকে; এ সকলের মধ্যে বিস্তর আফুতিগত বৈষম্য আছে। কিন্ত এ नकल देवसभा माइ मका मका माइ মাতুষী রূপ বলিয়া যে একটা সামাত বস্ত আছে, ইহা অস্বীকার করা যায় না। এই রূপ ইহাদের স্কলকেই 'অধিকার আছে। এই রূপ আছে বলিয়াই ইহারা পরস্পর হইতে এতটা পৃথক হইয়াও, সকলেই মানুষ হইয়াছে। এই মানুষী রূপের সক্ষেমানবমাত্রেরই একটা নিত্য ও অক্লান্সী সম্বন্ধ রহিয়াছে। যেখানেই মাতুষ দেখানেই এই মাত্র্যী রূপটী ফুটিয়া স্থাছে। ছায়া যেমন আতপের অমুগ্যন করে, আতপ ছাড়া यেमन কোথাও ছায়া থাকে না, থাকা

সম্ভব নহে; আর ছায়া ছাড়াও কোধাও আতগ থাকে না, থাকাও সম্ভবে না; সেইরুণ মামুষের সঙ্গে এই মামুষা রূপেরও একটা নিত্য ও সপরিহার্য্য যোগ বহিয়াছে। প্রত্যেক বস্তুর দঙ্গে সেই বস্তুর রূপের সম্বন্ধ এইরপই নিতা, অলাদী, অপরিহার্যা। ভাষায় বা আচার-আচরণৈ আমরা সচরাচর অন্তরের ভাবকে বা রদ্কে যেরূপে প্রকাশিত করিয়া থাকি, তাহা সর্বারই সমান নংহ। এইজন্ম রুসের এই স্কুল অভিব্যক্তিকে তার রূপ বলা যায় না। রুসের রূপ তার এমন একটা বিশেষ বৃহিঃ-প্রকাশ বা অভিব্যক্তি হওয়া চাই, যার সঙ্গে তার একটা নিত্য, অপরিহার্য্য, অঙ্গাপী সম্বন্ধ আছেই আছে। যেথানেই মানব-অন্তরে কোনও রস্বিশেষ জাগিয়া উঠে, দেখানেই তার এই নিজম্ব রূপটীও প্রকাশিত হইবেই হইবে। এরপ না হইলে, তাহাকে দে রদের রূপ বল। যাইতে পারে ना।

কিন্তু কোনও রস বা ভাব প্রাণে জাগা
মানই যে তার এই রূপটী কৃটিল উঠিবে,
এমনও কোন কথা নাই। রূপ মাত্রেই বস্তবিশেষের বহিঃপ্রকাশ। আর বস্তুর গাঢ়তার
উপরে তার রূপের প্রকাশ হওয়া বা না
হওয়া সম্পূর্ণরূপে নির্ভর করিয়া থাকে।
পণ্ডিতেরা সচরাচর জড়গদার্থের তিনটী
অবস্থার উল্লেখ করেন। এক—তার বায়বীয়
অবস্থা—ইংরেজিতে ইহাকে gaseous বলে।
দিতীয়—তার তরল বা লিকুইড (liquid)
অবস্থা। তৃতীয়—তার কঠিন বা সলিড
(solid) অবস্থা। প্রথমাবস্থায় পদার্থের রূপ

থাকে না; চক্ষে তাহাকে দেখা যায় না।
বিতীয় অবস্থায় পদার্থ চক্ষুগ্রাহ্য হইলেও তরল
পদার্থের যে সাধারণ আকার তাহা ছাড়া সে নিজস্ব কোনও বিশেষ আকার ধারণ করিতে পারে না। তরলাবস্থায় পদার্থের আকার চঞ্চল থাকে, স্থৈয় লাভ করে না। পদার্থ-বিশেষ স্কাপেক্ষা গাঢ়তম কঠিনাবস্থা লাভ করিলেই তার মধ্যে কোনও স্থির ও স্থায়ী রূপ ফুটিয়া উঠিবার অবদর প্রাপ্ত হয়।

আমাদের আন্তরিক রুসেরও এইরূপ তিনটী অবস্থা আছে। জড়পদার্থের বায়বীয় বা গাদাদ (gaseous) অবস্থার নত, আমাদের বাৎসল্যমাধুর্য্যাদিরও একটা অতিশয় হালকা, নায়বীয় অবহা আছে। এ অবহার রসের সাড়া মাত্র অন্তরে অনুভব করা যায়, কিন্তু তাহাকে ভাল করিয়া ধরিতে ছুঁইতে পারা যায় না। এ অবস্থান রস নিতান্ত ছায়ার মত, অশরীরী হইয়া থাকে। বিহাৎচমকের স্থায় অন্তরে ফুটিয়া উঠিয়া, আবার তথনই নিভিয়া যায়। এ অবস্থায় তার রূপের প্রকাশ হয় না৷ জ্ড-পদার্থের তরশাবস্থার স্থায় আমাদের অন্তরের এই সকল রসেরও একটা তরল অবভা হয়। এই অবস্থায় রসকে আস্বাদন করা যায় বটে, কিন্তু ভাল করিয়া প্রত্যক্ষ করা যায় না। এই অবস্থাতেই রস ব্যভিচারী ব্যবহার করিয়া থাকে। এক রস অপর বিরুদ্ধ রুসের মধ্যে ক্ষণে ক্ষণে আপনাকে হারাইয়া ফেলে। অপসার বা রোগগ্রস্ত লোকের মধ্যে এইরপ ব্যভিচারী রসের থেলা সর্বাদাই দেখিতে পাওয়া যায়। হাদিতে হাদিতে ইহারা কাঁদিতে আরম্ভ करत। कां निष्ठ कां निष्ठ धारात हो। হো হো করিয়া হাসিয়া উঠে। ক্ষণে উচ্চু দিত অভয়; ক্ণে অমুরাগ, ক্ষণে তীব্র বিরাগ; এইরূপে প্রবল ঘূর্ণিবায়ুতাড়িত জলবাশির ভায় ইহাদের চিত্ত মুগণৎ বিবিধ বিরোধী ভাবের বাডনায় বিকোভিত হইয়া উঠে ¹ এই তরল অবস্থাতেও রস আপেনার রূপকে ফুটাইয়া তুলিতে পারে না। জড়পদার্থ যেমন কাঠিন্যলাভ করিলেই বিশেষ আমাকার বা রাপ ধারণ করিয়া থাকে, অন্তরের রস্ত সেইরূপ ভির ও গভীর হইলেই আপনার নিজম রুপটাকে ফুটাইয়া তুলিতে পারে। সুত্রাং এ স্কল রুসের রূপ দেখিতে হইলে, যে ক্ষেত্রে ইহারা অনন্যসাধারণ ধ্রৈষ্য ও প্রগাঢতা শাভ করে, সেথানেই তাহাদের নিজ নিজ রূপের অবেষণ করিতে হয়; যেখানে দেখানে, যথন তথন, এ রূপের সাক্ষাৎকার লাভ সন্তবে না।

এই সকল রস আমাদের অন্তরের জন্মে,
অন্তরেই বাড়িয়া উঠে, অন্তরেই বাস করে,
সত্য। কিন্তু তাহাদের নিজ নিজ রূপ
আমাদের দেহেতে ফুটিয়া উঠে। বাহিরের
আলোকের মঙ্গে আমাদের চক্ষের গোলকের
এমন একটা সম্বন্ধ আছে যে, আলোক
ফুটিলেই, গোলকে তার প্রমাণ-পরিচয়
পাওয়া যায়। সেইরূপ আমাদের অন্তরের
রসের সঙ্গে এক দিকে আমাদের সামুমগুলীর
ও অন্তদিকে এই স্নায়ুমগুলীর ভিতর
দিয়াই, আমাদের শরীরের পেশিসমূহের
একটা অতি ঘনিষ্ঠ সম্বন্ধ রহিয়াছে।
অন্তরে কোনও রদের মঞ্চার হইবা মাত্রই,

সায়ুমণ্ডলে তার সাড়া পড়িয়া যায়। এই রস ক্রমে রন্ধি পাইয়া গাড় গা লাভ করিলে, व्यागालित भदोदात (পশিকে श्रामित्र। एथन করে, এবং যে পেশির মঙ্গে যে রস্বিশেষের मयक चनिष्ठं ७ जनाकी, (महे (পণি छनित ভিতর দিয়া, তাহাদের ক্রিয়াবিশেযকে আশ্রম করিয়া, আপনার নিজস রূপটীকে কুঠাইয়া তোলে। ভিন্ন ভিন্ন রদের তাড়নায় यांगारमंत सार्मछान अथरम এवः क्राय আমাদের শ্রীবের বিভিন্ন পেশিসমূহের সাগা**ষ্যে বিবিধ অ**কপ্রতানে বে বিশেষ বিশেষ ক্রিয়া প্রকাশিত হয়, এবং এই সকল यायवीय उ देशिंग ह किया निवसन सामादनत চক্ষে মুণে যে সকল ছবি ফুটয়া উঠে, তাহাই এই সকল রুসের রূপ। এই সকলকে লক্ষ্য করিয়াই থামাদের প্রাচীন রস্শাস্ত্রপ্রণতা-গণ রদের মূর্ত্তির কথা বলিয়াছেন - আজি কালি মুরোপীয়েরাও শারার তত্ত্ব মনো-বিজ্ঞানের দে সকল অভিনব আবিষ্কার করিতেকেন, তাহার প্রতি দৃষ্ট রাথিয়াও, এ সকল রসমূর্ত্তি পুরাণোলিখিত বলিয়া বাস্তবিকই যে একেবারেই কেবল উদাসকল্পনাস্ভূত, এমন কতকটা অসমসাহসিকতা হইবে বলিয়াই মনে হয়।

এই সকল রস-মূর্ত্তির প্রকাশ যে অত্যন্ত বিরল তাহাও নহে। ইহাদিগকে লক্ষ্য করাও যে একান্তই কঠিন, ১মনও বলিতে পারি না। প্রায় সর্বালাই এ সকল রসমূর্ত্তি আমাদের সংসারের দৈনন্দিন ঘটনাদির ভিতর দিয়া, আমাদিগের চারিদিকে ফুটিয়। উঠে। আমাদের রসাম্মভৃতি প্রথন নহে

বলিয়া, দকল সময় আমগা এ গুলিকে (पियां अदिन । प्रशानव शै तम्बी यथन অপিনার সুকুমার শিশুকে কোলে লইয়া, তাহার মুগ দেখিতে দেখিতে, সেই অসহায় সন্তানের মধ্যে আপনাকে একান্ত ডুবাইয়া দেন, তখন তাহাকে কোন্ গৃহস্থ না দেখিয়াছে ? •কিন্ত তাঁর এই রূপের ভিতর দিয়াই যে বাংসল্যরশের নিত্য मृर्खि ने कृषियां উঠে, ইश অन लाटक इ काटन। এই রূপকেই জগতের প্রেষ্ঠতম চিত্রকর ও ভাস্করগণ মুরোপের ম্যাডোনা (Madonna) বা আমাদের গণেশ-জননীরূপে প্রতিষ্ঠিত করিয়াছেন। প্রাক্ত জনে হয় ত ভাবে যে সন্তান কোলে ধরিয়াই ম্যাডোনা ম্যাডোনা এবং গণেশজননী গণেশজননী হইয়াছেন। সন্তান কোলে করিয়া না বদিলে, তাঁহাদের মাতৃত্বের রূপটা বুঝি বা ভাল করিয়া ফুটিয়া উঠিত না। কিন্তু প্রকৃত কথা তাহা নহে। সন্তানকে কোলে করিয়া যখন জননী ভাঁহার সেই সন্তানের মধ্যে আত্মহারা হইয়া যান, তধনই তাঁর মধ্যে বাৎশল্যের সমগ্র রস্টী মূর্ত্তিমন্ত হইয়া উঠে, সতা; কিন্তু সে রসের র্নপটা দন্তানের মধ্যে নহে: কিন্তু তাঁহার আপনার দেহেতেই আত্ম একাশ করিয়া থাকে। এই জন্ম সন্তানের মূপ ধ্যান করিতে করিতে ক্রমে বাৎসল্যে বিভোর হইয়া যে জননীর বাছচেতনা লোপ পাইয়া যায়, তাঁর ক্রোড় হইতে সে অবস্থায় শিশুটীকে ধীরে ধীরে সরাইয়া নিলেও, তাঁর দেহযষ্টিকে আশ্রয় করিয়া বাৎসল্যের যে রূপটী প্রেকট হইয়াছিল, তাহা অপ্রকট হইবে না। পুত্রশোকাতুরা জননী

যধন বিরহের তীব্রতায় বাহজানশূকা বাংদল্যের তমায়ৰ লাভ করিয়া মানদচকে মৃতপুলকে জীবস্তভাবে আপনার ক্রোড়স্থ দর্শন করেন, তথন সম্ভানের দৈহিক সালিখা বাজীতও, বাংসল্যের প্রকৃত মূর্ভিটী তাহার দেহকে আশ্রয় করিয়া স্বচ্ছণেই ফুটিয়া উঠিতে পারে এবং কোনও কোনও ञ्चल कृषिया (य थाक, देश ७ वहत्क **(मिथाहि। यु**ठताः प्रुतात्भत गार्डाना-श्वनित्व वा आगारमत गरनमञ्जननीरक (य ভাবে মাতৃমূর্বিটী ফুটাইয়া তুলিবার চেটা হইয়াছে, তাহা ছাড়া বে এ মুর্তিনী অতি পরিস্ফুটরূপে ফুটিয়া উঠিতে পারে না, এমন नय। फन ३: मेखान (कारन पिया, ম্যাডোনাতে এবং গণেশ্জননীতে মাতৃষ্টির নিজম্বরণটীকে ফুটাইবার দিকে অন্ততঃ কোনও কোনও চিত্রকর ও ভাস্কর নিজেদের माग्निष्ठात (य व्यत्निका) मर्च कतिवात (५४)। করেন নাই, তাহাও বলিতে পারি না। সন্তান যথন কোলে আছে, তথন এ চিত্ৰ বা ভান্ধর্য যে মায়েরই তৈলচিত্র বা প্রস্তর-भूखिं, এ धातना जानना हहेट्ड ज्ञानकिं। জনিয়া যায়। আর সেই জন্ম এই সকল চিত্রপটে বা প্রস্তরফলকে বাৎসল্যের নিজস্ব মুতিটী সত্য সত্য কতটা ফুটিয়া উঠিয়াছে বা উঠে নাই, এ বিষয়ে অনেকেই কোনও বিশেষ অনুসন্ধান আর করে না। মেটের উপরে ছবিখানি বা প্রতিমূর্ত্তিটী নয়নপ্রীতি-কর হইয়াছে কি না. তাহারই খারা তার ভালমন্দের বিচার করিয়া থাকে। সন্তান কোলে লইয়াও যে কোনও জননীর মধ্যে কখনও কখনও তাঁর সত্যিকার মাতৃমূর্তিটী

বাৎদক্ষারদ পিতামাতা উভয়েরই মধ্যে সঞ্জিত হয় সতা; কিন্তু ইহা সন্তানের **जनगीटक स्ट्रिंग পরিমাণে অধিকার করে**, তাহার জনককে সে পরিমাণে অধিকার করে না। কারণ মায়ের সঙ্গে সন্তানের সম্বন্ধটা যত ঘনিষ্ঠ, তাঁর দেহমন-প্রাণ জীবনের গকল বিভাগের ভিতর দিয়া এই শবন্ধ আপনাকে যে ভাবে গড়িয়া তুলে, পিতার সঙ্গে তত্ঘনিষ্ঠ নয় ও হইতেই পারে না'। আপনার সভানের "সঙ্গে মায়ের স্বন্ধ আন্তরিক েকবল নহে, কায়িকও। প্রথমতঃ মা দশ্যাস দশদিন সন্তানকে আপনার গর্ভে ধারণ করিয়া এই কায়িক সম্বন্ধের প্রতিষ্ঠা করেন। এই সুদীর্ঘ গর্ভবাস নিবন্ধন মায়ের সায়ু-মণ্ডলের সঙ্গে সন্তানের স্বায়ুমণ্ডলের একটা অতি নিগুঢ় যোগ স্থাপিত হয়; নাড়ীচ্ছেদের সঙ্গে সঙ্গে এ যোগ একেবারেই চ্ছিন্ন হইয়া

যায় কি না, তাহাও বলা সংজ নহে। আর এই জন্ম জননীর 'সন্তানবাং দলোর মধ্যে অন্তঃ সন্তান ভূমির্গ হইবার পরেও কিছুকাল পর্যান্ত যে একটা শারীরিক দিকও জাগিয়া থাকে, ইহা অধীকার করা অদাধ্য। সুতরাং बननीत वाखरतत वादमनातम यथनहे विरमव গাঢ়তা লাভ করে, তথনই যে তাহা তাঁর মনকে ছাড়াইয়া, দেহকে প্র্যান্ত যাইয়া महर्ष्क्र अधिकात कतिया वर्तम. এवः कात বিভিন্ন অঙ্গত্যকের म(४) নিজম মূর্ত্তিটীকে ফুটাইয়া তোলে, ইহা কিছুই বিচিত্র নহে। জননা যুমন্ত শিশুকে কোলে লইয়া, তাঁর স্থকুমার মুখখানিতে আপ্নার চক্ষু ছটী নিবদ্ধ করিয়া যখন আপনার মাতৃ-ভাবে একেবারে বিভোর হইয়া উঠেন, এবং তার দঙ্গে দঙ্গে যথন তার মুখে, চঙ্গে, প্রত্যেক অঙ্গপ্রত্যাপে, এমন কি প্রতি লোম-কুপের মধ্য দিয়া এই অপূর্বে বাৎসন্যবস প্রবাহিত হইতে আরম্ভ করে, ও সেই রসের আবেগে যখন তার পীনপ্রেগধরমুগল হইতে আপনা হইতে ক্ষীরধারা ছুটিয়া সন্তানের চক্ষে মুখে যাইয়া পড়িতে আরম্ভ করে,--সন্তানবতী জননীকে এ অবস্থায় যে দেখিয়াছে, সে-ই বাৎসল্যর্গের নিজম্ব রূপের সাক্ষাৎকার লাভ করিয়াছে। বাৎস্ল্যর্গের পীডনে জননীর সায়ুমণ্ডলে যে সকল বিপ্লব উপস্থিত হয়, তাঁর চক্ষের, মুখের, উরসের স্বায়ুসকল

ও পেশিদমূহ যে বিশেষ ক্রিয়া প্রকাশ कतिया थात्क, এ छनित्क नक्का कदिया, এই ক্রিয়ার ছবিকে অন্তরে ধারণ করিয়া, যে চিত্রকর বা ভাস্কর তাহাকে চিত্রপটে বা মর্মবর্থণে ফুটাইয়া তুলিতে পারেন, তিনিই স্ত্যু মাতৃষ্ঠি রচনায় সিদ্ধি লাভ করেন। সন্তানের মুথ ধানি করিতে করিতে যে कन्नोत हरक चनीम छा।रनत यहेल मश्क्ब, মুগে ভাগবতী করণার কোমল আভা ফুটিয়া ना छिर्छ, এই कान्स्पा गाँशांत मर्सात्र भूनरक পরিপূর্ণ না হয় এবং তারই সঙ্গে সঙ্গে ক্ষীর-ভারে স্তনযুগল ধেন ফাটিয়া পড়িতেছে, এমনি অবস্থা না ঘটে,—তার মধ্যে বাংসল্যের রূপ প্রকাশিত হয় না, হইতেই পারে না। এই জন্ম যারা আজি কালিকার দিনে,একটা বিমানচারিণী ভারুকতার মোহে পড়িয়া, বাংসল্যের এই সত্য, শারীর ধর্ম-গুলিকে অগ্রাহ্ করিয়া, কেবল একটু চাহনি বা একটা হাবভাব কি পোজের (Pose) সাহাথ্যে,---क्कीनशरप्राध्त ল্পুনিত্ব છ পবাহারী কুণান্ধিনীগণকে শাড়ী পরাইয়া, ছেলে কোলে দিয়া, মাতৃমূৰ্ত্তি অক্কিত ক্রিবার চেষ্টা ক্রিতেছেন, তাঁদের এ চেষ্টা ্যে একান্ত অসহ্যকে আশ্রেষ করিয়া নিতা**ন্ত** নিক্ষন হইয়া যাইতেছে, ইহা আর বিচিত্ৰ কি!

ঐবিপিনচক্ত পাল।

ধর্মকেত্র

()

গোটা দেহ কার বিরাট দেউল, সূবিশাল বেদী, ভূধর শির, অর্ঘ্য কাহার ক্ষেত্র-কানন, ' ি পাছা, শতেক নদীর নীর ? পূজার বাত কীচক রন্ধে; मिन्नू नश्दा, विश्व गात, নিতি উৎসবে আরতি কাহার, আকাশ ভরিয়া আলোর বাণে ? কুশের বলয়ে, ধূপের ভগ্নে, ওমপ্রদাদী পূজার ফুলে, ভরা আলপনা চন্দন দাগে, গৃহ, প্রান্তর নদীর কূলে ? কোথায় সনাই চরণ ফেলিতে শিহরে অঞ্চ ভক্তি-ভরে, প্ৰন কোগায় সন্থাতল. সলিল নিযুত কলুষ ক্ষয়ে ? পে যে গো আমার ধর্মকেত্র. ভারত মাতার কর্মভূমি, **ধক্ত জনম, যাহার জীবন-মরণ-শরণ চরণ চুমি**। () গোধন কোথায় বেখেছে বাঁচায়ে তাপদের তপ দেবের যাগ, নূপের ঋদ্ধি;—জননীকল্লা লভিয়াছে পূজা সেবার ভাগ ? হিংস্ৰ কোণাৰ আমিৰ ত্যজেছে লভিয়া পুণাকুশের গ্রাস, বেদীর মন্ত্রে দীক্ষিত তারা হয়েছে ঋষির দাসাকুদাস.

কেশরী কেশর লুটায়ে লেহিছে জগৎ-ম।তার চরণতল: কালফণী সম পিতার অঙ্গ বেড়িয়া ফেলেছে আঁখির জল; বিহগ কোণায় পরাণ দিয়াছে রুধির উগারি সতীর লাগি, থগরাজ কোথা লুটিয়া পড়িয়া বিভুর চরণে রয়েছে জাগি? (म (य (का व्यामात धर्मात्कव, ভারতমাতার কর্মভূমি ধত জন্ম,যাহার জীবন-মরণ-পরণ চরণ চুমি। (0) দেবের বাজনে সাধের পুছ দিয়াছে কোথায় চমর-বধু, पूष्ट कौरन कतिएह উक्र মধুমকিকা বিতরি মধু ? বহে মুগনাভি নাভিতে হরিণ দিতে দেবতার গরমুখ, দিয়াছে মুক্তা কুম্ভ বিদারি বারণ, শুক্তি বিদারি বুক ? পাধাণ আপন বক্ষ চিরিয়া . দেছে কুন্ধুম সিঁদ্র রাগ, তৃণ তরু দেছে আপন অস্থি, সাধিতে কোথায় দেবের যাগ? কীন কোথা দিয়া আপনার হিয়া পরায়েছে মায়ে ('লাঞ্ল, আপন পরাণে রঞ্জিয়া দেছে জগৎ-মায়ের চরণতল ? (म (य (गा व्यामात धर्मात्मव ভারতমাতার কর্মভূমি, ধতা জনম, যাহার জীবন-মরণ-শরণ চরণ চুমি'। 'কুষ্ণ কুষ্ণ' 'রাম রাম' বিনা কহে না কোথায় সারিকাশুক ? রাগায়ণ-স্রোত দিয়াছে খুলিয়া क्लोक काथाय विमाति वृक ? তিত্তিরি কোথা বিস আশ্রমে উপনিষদের বারতা কয়, কৃতক পুত্র ময়ূর করেছে ঋষি-তন্ধের হৃদয় জয় ? কানন পেলেছে যোগী সন্যাসী অশোক বিল্প বটের ছায়, অানন মলিন হোমের ধ্মেতে, করণা অরুণ নয়নে চায়; ধরেছে বাকল, অক্ষ-মালিকা, ভূঙ্গার কোণা বিটপিকুল, ক্ষণে ক্ষণে ঐ তমু রোমাঞে কুটীয়া উঠেছে কেশর ফুল ? সে যে গো আমার ধর্মকেতা ভারতমাতার কর্মভূমি, नाक, তুণ, हिम्रा পार्याटन पत्रिय (काशा (पट्ट (पट्च शक्ततम, দেবতা দেউলে দহিগা মরণে লভিয়াছে ধূপ, অমর যশ ? গোময় কোথায় করে দেছে শুচি, লক্ষীমায়ের আঙ্গিনাতল ? অর্ঘোরি লাগি কোথা ফুটে ফুল, ভোগের লাগিয়া ধুরে গো ফল ? আশীৰ কোথায় ত্র্কার দল, মলণমাটি মৃগরোচনা?

ধাত্ত কোথায় কমলাদেবীর

বৈশাখদিনে অ্শথ কোথায়

দীপ আলোকিত তুলসীকুঞ্জ

অঞ্লঝরা মুক্তাকণা ?

नष्ड शास्त्रम् योतात वन ?

মরণেতে দেয় অ্মঙ্গল ?

সে যে গো আমার ধর্মকেত্র ভারতমাগার কর্মভূমি। ধতা জনম,যাহার জীবন মরণ-শরণ চরণ চুমি। স্বরগের ঘাটে নিতি খেয়া দিতে জাহ্নী মায়ে রেখেছে কে বা ? কোথায় নশ্ম কৰ্ম-ফলদা সুব্যু, যমুনা, ত্যসা, রেবা ? ঋষির আদেশে কোথায় শৈল নমিয়া পড়িল তাহার পায় ? ভূধর নৃপতি ধরিল আদরে সন্ততিরূপে জগং-মায় 🤊 পুণ্য পুলক-শিহরণ সম সাত্ত্বিক রুসে ভক্তদেহে, শতেক ভীর্থ মদলপীঠ জাগিলা উঠিল কাহার গেহে ? আমূল মর্ম মন্থন করি সিন্ধু কাহার পরাণ পণে, कगना, हेन्द्र, प्रशा, मनात, विञ्तिया मिल प्रवंश करन ? সে থে গো আমার ধর্মকেত্র ভারত্যাতার কর্মভূমি, ধ্য জন্ম, যাহার জীবন-মরণ-শরণ চরণ চুমি'। _{ধ্যু} জন্ম,যাহার জীবন-মরণ-শরণ চরণ চুমি_।'। নরনারী কোণা প্রভাতে দেউলে আর্তির শুভ শঙ্গতানে, জেগে উঠে চায় ভক্তিপ্রণত রক্ততরুণ অরুণ পানে; স্থানপৃত শুচি, সিক্ত বগনে ডেকে আনে গৃহী অনাথজনে অর্পণ করে তর্পণ বারি স্বর্গত যত পি হুগণে প পঞ্চ যজ্জ করিয়া সমাধা অতিথি ভিপারী তুষিয়া নিতি দিবদের শেষে, আমিষবিহীন পৃত

ভোজনের কোথায় রীতি ?

সুপ্তি কোথায় ক্লান্তিহরা ?

ভূঙ্গার জটা বাকল ধরা ?

সন্ধ্যায় শত সাধিয়া কুত্য,

স্বপনেতে কোথায় হেরে গৃংী নিতি

সে যে গো আমার ধর্মকেত ভারতমাতার কর্মভূমি, ধত্ত জনম,যাহার জীবন-মরণ শরণ চরণ চুমি'। নিশাতম দুর আরতি আলোকে, ভোজ্য কোথায় পূজার ভোগ, (मिडेन (मानान मधा (काशाय, চরণামৃত হবে গো রোগ।

বিভূনাম লেখা তিলক ভূষণ, তীর্থের ধূলি অঙ্গরাগ, গার্হপত্য মরণের চিতা,

দেবতার ঋণ শোধিতে যাগ ? পূজার কুমুমে দিন গণে নারী, रति वरल (करल मौर्यान, তনয়ের নাম রাখে কোথা গৃহী

বিভুর চরণ, মাথের দাস ? জননী কোথায় অন্নপূৰ্ণা ছখী তাপী জনে ধরেছে বুকে, জনক কোথায় শ্মশানে বেড়ায় কন্ধাল মালা পরিয়া স্থে ?

সে যে গো আমার ধর্মকেত্র,

ভারত্যাতার কর্মভূমি, ধতা জনম,যাহার জীবন-মরণ-শরণ চরণ চুমি'।

শিল্প কাহার দেউল রচনা ্মূর্ত্তিগঠনে প্রকাশ পায় ? সঙ্গীত কোণা ভাবগদগদ মার পদ বুকে ধরিতে চায়?

কার সাহিত্য, সতীর, সাধুর, (एवड) करनत करवरह (भव) ?

বড় কবি কার করণা পাথার

প্রেমের পাগণ সাধক যে বা 🐔 অনল, অনিল, গ্রহতারা, রবি

লভিয়াছে কোথা পূজার দান ? প্র**জাপতি কো**থা করে সোমরস

সন্ধ্যা উষার স্থোত্রগান ?

কার গৃহে গৃহে শিলার খণ্ড

জাগ্রত দেবু-বেদীর পরে १

সব চরাচর লভে কার পূজা

পরংব্রন্মে বন্দে ধরে १

(म (य (ग) प्यांगांत धर्मात्मख,

ভারতমাতার কর্মভূমি, ধন্য জনম, যাহার জীবন-মরণ-শরণ চরণ চুমি'।

কর্মে কোথায় শুধু অধিকার,

ফল সে ত যায় ধাতার পায়,'

মরণ মিধ্যা, অমর আত্মা

নবীন ব্যন পরিতে চায়।

निक ভাবনায় রহিলে মগন,

কোথায় নিখিল ভূবন ভূলি, অভিশাপ থাসে উন্তত জটা,

বিহ্যং ছটা রোষেতে তুলি' ? नात्री (कांशाकात (नवीत मूर्लि,

मनन मधन हत्रा १८७,

আজীবন কোথা ব্ৰন্দচারিণী,

অথবা পতির চিতায় মরে ? ইহলোক কোথা প্রবাদের মত,

ভোগ হেয় যেন মলিন ক্লেদ, গুহেতে অনল জ্বলিলে কোথায়

গৃহী খুঁজে তার যজুর্কেদ?

সে যে গো আমার ধর্মক্ষেত্র

ভারতমাতার কর্মভূমি, ধতা জনম,যাহার জীবন-মরণ-শবণ চরণ চুমি।

١,

ধর্মাচ গণে বিবাহ কোথায়

উভিলিতে কুল কোথায় স্ত? বৰ্জন তবে অৰ্জন কোথা,

অভিযেক কোধা হইতে পূত ? কর্মবলের লাগি যৌবন,

অতিথির লাগি কেথায় গেহ? পুনর্জনা জিনিতে জনম,

আত্মার লাগি কোথায় দেই ? য়োগের লাগিয়া স্বাস্থ্য কেরথায়,

তপের লাগিয়া,কঠোর যোগ ? চিরনিবৃত্তি লভিবার তরে

কোথায় অচির কালের ভোগ ?

জীবন ধারণ ভূবনের লাগি, ু পুণ্যের লাগি মনের ভাব ? নবীন শক্তি লভিয়া ফিরিতে কোথায় ইচ্ছা মরণ লাভ ? সে যে গো আমার ধর্মকেত ভারতমাতার কর্মভূমি ? ধতা জনম, যাহার জীবন-মরণ-শরণ চরণ চুমি'। কোথা তপঃক্লশ ঋষিতনয়ের ক্ষীণ অঙ্গুলি হেলন ভরে, নুগতির শির, উন্ধত বাজি, উত্ত অসি নমিয়া পড়ে ? রাণীদহ রাজা ধেতুর দেবায় (काथाय कानत्न जृपदा (कदा ? নুপস্ত ঘুরে পথে প্রান্তরে काॅ निया इः थी जन दरत ? শরণাগতের লাগি নরপতি দিতে গেল কোথা আপন প্রাণ ? পাপের শান্তি লাগি দেবর্ষি হেলার করিল অস্থিদান! যুবরাঞ্জ কোথা দখা বলি ডাকি निशाल वानरत धतिन तुरक, মরণের আগে মুক্ত নরেশ কমলার স্থা লভিল সুখে! দে যে গে। আমার ধর্মকেত্র ভারতমাতার কর্মভূমি ? ধতা জনম,যাহার জীবন-মরণ-শরণ চরণ চুমি'। কোথা ভিখারীর ক্ষুদের লাগিয়া বাঁধা ভগবান কুটীর দারে! যমুনার ফেলে পরশ-পাথর কোথায় তুচ্ছ জানিয়া তারে। পতির নিন্দা করিয়া শ্রবণ ঁসতী ত্যঙ্গে কোথায় ঘ্ণায় প্রাণ!

वृष्ट शिषादत (योवन मिन অতিথিরে কোথা পুত্রদান! সারা জীবনের সাধনার ফল কোথা দেয় ব্যাধ গুরুর পায়; পঞ্চ বরুষে রাজার তনয় वरन वरन (कॅरन इतिरत हाम! ভাতার লাগিয়া নিদ্রা কুধায় জিনিল মোদা লালসারণে, প্রজার লাগিয়া জীবনকলা মহিষীরে কোথা পাঠায় বনে ? যে গো আমার ধর্মকেতা ভারতমাতার কর্মভূমি, ধক্ত জনম,যাহার জীবন-মরণ-শরণ চরণ চুমি'। হগ্ধধবল স্নিগ্ধদিঠিতে কে করায় নিতি মোদের স্থান, আকাশে বাতাসে মাতাইয়া ভাসে কোথা নিমায়ের প্রেমের গান। ন্তক্তের সহ কে দেয় কঠে, পাপতাপজয়ী হরির নাম ! আশীৰ কাহার বরের মতন---করে গো পূর্ণ মনস্কাম ! শত্রু জনেরে ক্ষমা কে শিখায়, লুটিতে মিত্র জনের পায়, कीर्जननाठा भथष्नि नास, (क (मग्र मांथार्य नवात गांग ! অঞ্চলি দেয় কুসুমে ভরিয়া, শির গুলি দেয় নোয়ায়ে আর! বংক কে দেয় বিমল শান্তি, চক্ষে জাগায় স্বৰ্গদার i দে যে গো আমার ধর্মকেত্র ভারতমাতার কর্মভূমি ধত্ত জনম, যাহার জীবন-মরণ-শরণ চরণ চুমি।

শ্রীকালিদাস রায়।

উপাধ্যায়ের স্বাদেশিকতা

আমাদের বর্ত্তমান স্বাদেশিকতার আদর্শ কতটা পরিমাণে যে আমরা ব্রহ্মবার্ধর উপাধ্যায় মহাশ্যের নিকট হইতে পাইয়াছি, দেশের লোকে যেন সে কথা ক্রমে ভূলিয়া যাইতেছে। নতুবা এত লোকের স্মৃতিকে জাগাইয়া রাথিবার জন্ম কত চেষ্টা হইতেছে, কিন্তু উপাধ্যায় মহাশ্যের নামে একটা বাৎস্রিক স্মৃতি সভার আয়োজন পর্যান্ত হয় নাকেন ?

উপাধ্যায় সন্ন্যাসী ছিলেন। কিন্ত আমাদের বড়বড় সন্মাদীদের যেমন শিখ-সেবক থাকে, উপাধ্যায়ের সেরূপ শিশ্য-দেবক কৈহ ছিল না। সে আকাজ্ঞাও উপাধ্যায়ের ছিল বলিয়া মনে হয় না। তার সন্ন্যাস অক্ত ধ্রণের ছিল। গীতা যাহাকে সর্বকর্ম-ন্যাস বলিয়াছেন, উপাধ্যায়ের সন্যাস সে জাতীয় ছিল। আপনার বলিতে সংসারে তিনি কিছুই রাখেন নাই। আজন্ম ব্রন্মচর্য্য সাধন করিয়া, তিনি এমন একটা **অবস্থা লাভ** করিয়াছিলেন, যাহাতে তাঁর অহং-জ্ঞানটা ব্যক্তিগত জাবনের শংকীর্ণতর **সম্বন্ধ সকলকে একান্তভাবে অতিক্রম** করিয়া সমগ্র বিষে ছাইয়া পড়িয়াছিল। আমাদের আধুনিক কর্মনায়কগণের মধ্যে উপাধ্যায়ের মতন আর কেহ এতটা পরিমাণে সর্বভূতে লাভ করিয়াছিলেন বলিয়া আত্মদৃষ্টি कानि ना

সন্ন্যাসের অন্তরালে অনেক সময় একটা বুজুরণী লুকাইয়া থাকে। উপাধ্যায়ের অসাধারণ আধ্যাত্মিক শক্তি ছিল। কিন্তু তাঁর

প্রাণটা অতি বড় হইলেও, কোনও মতেই হাঁহাকে প্রচলিত অর্থে "বুজুর্গ" বলা যাইত না। অতিলোকিক কোনও কিছুর দাবী তিনি কখনও করেন নাই। এমন কি আপনি সংসার করেন নাই বলিয়া, সংসারী লোকের প্রতি তাঁহাকে কখনও কটাক্ষপাত করিতেও দেখি নাই।

সন্যাদের সঙ্গে সচরাচর সমাজ-জীবনের একটা বিবোধ জাগিয়া উঠে। সন্নাস লইয়া লোকে প্রায়ই সংসার ছাড়িয়া উপাধ্যায় সন্যাসী হইয়াও **र्हालक्ष स**ाग्र। সংসারত্যাগী হন নাই। ফলতঃ তার মধ্যে চির্দিনই এমন একটা প্রবল ও সঙ্গীব সমাজাকুগত্যের ভাব দেখিয়াছি, যার সঙ্গে আমাদের মধ্যযুগের হিন্দুয়ানীর সন্ন্যাসের আদর্শেশ্ব কোনও প্রকারের আন্তরিক সঙ্গতি-সাধন কথনও সম্ভবপর বলিয়া মনে হয় নাই। আমাদের সন্ত্রাসীরাও কোনও বিষয়ে একান্তভাবেই লৌকিকাচারের বশুতা স্বীকার করিয়া চলেন, সহ্য। উপাধ্যায়ের সমাজামুগত্যের সঙ্গে ইহাঁদের স্মাজাত্মগত্যের ,একটা জাতিগত প্রভেদ ছিল বলিয়াই মনে হয়। আমাদের প্রাচীন মতের স্ন্যাসিগণ লোকসংগ্রহার্থে, কর্মাসক্ত জনগণের বৃদ্ধিভেদ যাহাতে না জন্মায়, তারই জন্ম, লৌকিকাচারের অমুবর্ত্তিহা করিয়া ্উপাধ্যায়ের সমাজানুগত্যের অন্তরালে কোনও লোকসংগ্রহেচ্ছা কথনওই দেখিতে পাই নাই। তাঁর অকৈতব স্বদেশ- ভক্তির উপরেই এই অভূত দমাজারগতা গড়িয়া উঠিয়াছিল ১

আর ইহাই উপাধ্যায়ের স্বাদেশিকতার বিশেষত্ব ছিল। উপাধ্যায় তার নিজের (म्यां के अभाकारक (य ठएक (म्यिट्डन, আমর৷ আজি পর্যান্ত সে চকু লাভ করিয়াছি বলিয়া মনে হয় না। আখাদের স্বদেশ-প্রেম অতি হাল্কা বস্তা। আমরা এ পর্যান্ত গোটা দেশটাকে ভাল বাসিতে শিথি নাই। আমরা দেশটাকে টুক্রা টুক্রা করিয়া দেখি। কিয়দংশ বা তার ভাল, আর তার মন্দ, এরপ ভাবে कियमः न নভ্য ল છ সাধনার ভাল-স্বদেশের মন্দের মধ্যে আমর৷ একটা ভাগ-বাটোয়ার৷ করিয়া, যেটুকু আমাদের চক্ষে বা বিচারে ভাল লাগে, তাহাকেই ভালবাসি; আর বেটুকু ভাল লাগে না, তাহাকে ঘ্ণা করিয়া, তাহা হইতে নিজেদেরে যথাসাধ্য দূরে রাথিতে চেষ্টা করি।

কিন্তু প্রকৃত্ব প্রেমের ধর্ম এ নহে। ভাল-ও-মন্দ-জড়িত যে খোমের পাত্র প্রেমিকের চিত্তকে আকর্ষণ করে, প্রেমিক তাহাকে গোটাভাবেই দেখে এবং গোটাভাবেই তাহাকে প্রীতি করে। যার এ প্রেম নাই, সে এ ভালমন্দ-মিশ্রিত বস্তুর বা ব্যক্তির ভালকেও ভাল করিয়া বোঝে না; মন্দকেও ভাল করিয়া ধরে না। প্রেমকে লোকে অন্ধ বলে। কিন্তু প্রকৃত পক্ষে প্রেমের মতন এমন চক্ষুমান আর কিছুই নাই। প্রেম অপরের চাইতে কম দেখে না; বেশী দেখে। আর বেশী দেখে বলিয়াই প্রেমপাত্রের মন্দের মধ্যেও যে ভালটুকু লুকাইয়া আছে, সে

তাহাকেও দেখে, শুধু মন্টুকুকে দেখিয়াই তাহা হইতে ফিরিয়া আইদে না।

উপাধাায় ভারতবর্ষকে এবং ভারতবর্ষের পুরাগত সভ্যতা ও সাধনাকে এইরূপ প্রেমের চক্ষে দেখিতেন বলিয়াই তাঁর নিকটে স্বদেশ-বস্তু যেরপে আত্মপ্রকাশ করিয়াছিল, আয়াদের মধ্যে অতি অল্লোকের নিকটেই সেরূপ করিয়াছে।. **অনেক সময়** এ বিষয়ে উপাধ্যায়ের সঙ্গে আমার গুরুতর মতবিরোধ উপস্থিত হইয়াছে। **তিনি বে** চক্ষে স্বদেশকৈ ও স্বদেশী স্মাজকে দেখিতেন, আমি দেচকে ঠিক দেখিতাম না। অথচ উপাণ্যায় যে নিরতিশয় রক্ষণশীল ছিলেন, বা বেটী যেমন আছে, সেটী ঠিক তেমনি থাকুক, ইহা যে তিনি চাহিতেন, এমন কথাও বলিতে পারি না। তিনি সংস্কারের পক্ষপাতী ছিলেন। যে সমাজ মুগে যুগে বিবর্ত্তি হয় না, তাহা মৃত, জড় ; তার ভূত-গৌরব যাহাই থাকুক না কেন, ভবিষ্যৎ-আশা যে কিছুই নাই, আমরা যেমন ইহা বুঝি, উপাধ্যায়ও ঠিক দেইরূপই বুঝিতেন। তাঁহাকে প্রকৃত মর্থে কিছুতেই "রি-ম্যাক্ষ-ণারী" (Re-actionary) বলা সন্ধত হইত না। অথচ, অন্তপক্ষে তিনি যে প্রচলিত অংর্থ সংস্থারক বা Reformer ছিলেম, তাহাও নহে।

কারণ তিনি স্বদেশকে যে ভাবে,
যতটা ভাল বাসিতেন ও ভক্তি করিতেন,
কোনও সংস্কারকের পক্ষে তাহা আদৌ
সম্ভব বলিয়াই বোধ হয়় না। সংস্কারকের
অন্তঃপ্রকৃতিটা যে কি, তাহা নিজের জীবনে,
ভার ঘৌবন-কালের চারিপাশের বন্ধুবান্ধব-

দিগের জীবনে সর্বাদাই প্রত্যক্ষ করিয়াছি। সংস্থারক সমাজের দোষভাগের প্রতি যতটা স্ঞাগ থাকেন, তার গুণভাগের প্রতি ততটা সজাগ থাকিতেই পারেন না; থাকিলে তাঁর সংস্থার-বাদনার বেগটা কমিয়া যায়। আর যে প্রতিনিয়ত কেবল কোনও ব্যক্তির বা সমাজের হীনতারই আলোচনা করে, এবং এইরূপ আলোচনা করা কর্ত্তব্য কর্ম বলিয়াই ভাবিয়া থাকে তার পক্ষে দেব্যক্তির বা সে সমাজের প্রতি **স**ত্য ভালবাসা লাভ করা কখনওই সম্ভব হইতে পারে না। ভাগবাসা সুন্দরের সাক্ষাৎ-কারেই জন্মে, স্থুন্দরকেই চায়, স্থুন্দরের मकात्न हे फिर्त । कूर्पिए उत्र शास्त वा पर्भरन বা চিন্তনে, ভালবাদা জনিতেই পারে না, বাড়িয়া ওঠা বা বাঁচিয়া থাকা তে৷ বহু দুরের কথা। অথচ সমাজসংস্কারক প্রায়ই মক্ষিকারতি অবশ্বন করিয়া সমাজ-দেহের ক্ষতস্থানগুলির চা৹িদিকেই সর্বাদা ভন ভন করিয়া বেড়ান; এরূপ না করিলে তাঁর বাবসায় টিকিয়া থাকিতে পারে না। এই কারণে এই জাতীয় সমাজ-সংস্কারক অনেক সময়ই আত্ম-সম্ভাবিত, ও মদায়িত হইয়। উঠেন। আর এ অবস্থায় ইহাদের পক্ষে খদেশকে বা স্থদেশের স্থাজকে স্ত্যভাবে গভীররূপে ভালবাসা যে অসম্ভব হইয়া উঠে, ইহা আর বিচিত্র কি? উপাধ্যায় প্রথম যৌবনে কিয়ৎপরিমাণে এ জাতীয় সমাজসংকারক যে ছিলেন না, এমন বলা কঠিন। কিন্তু ক্রেমে তিনি সে ভাবটাকে ছাড়াইয়া উঠেন। বাংলা দেশে তিনি যে অভিনব দেশভক্তি প্রচার করিয়া গিয়াছেন,

তাহা তাঁর পরিণত বয়দের দীর্ঘসাধনলক বস্তু; যৌবনের পরকীয় প্রীতির মোহের মরীচিকা মাত্র নহে। তাঁরই জক্ত এবস্ত এতটা সাচচা ও সজীব হইয়াছিল।

উপাধ্যায় স্বদেশের ভালটুকুকে, স্বদেশী সমাব্দের শ্রেয়টুকুকে, স্বাদেশিক রীতিনীতির শোভনতাটুকুকেই ভাল করিয়া ধরিয়া-ছিলেন। ইহাতেই তাঁর উদার কোমল প্রাণ মজিয়া গিয়াছিল। তাই তিনি অমন कविशा चाम्मारक ७ चाम्मी नमाकरक. স্বদেশী সভ্যতা ও স্বদেশী সাধনাকে এতটা পারমাণে প্রেম দিতে পারিয়াছিলেন। তার চক্ষে আল্লাদের ভাল, আমাদের মন্দকে ছাপাইয়া উঠিত। আমাদের পৌন্দর্য্য, আমাদের ৰুদ্যাতাকে ঢাকিয়া ফেলিত। আমাদের অব্যক্ত শক্তি প্রকাশ্ত হর্বলতার মায়িকতা ফাত্র প্রমাণ করিত। আমাদের দিলিকে উপেক্ষা করিয়া সাধ্যের ধ্যান করিভেন। আমরা কি করিতেছি বা করিয়াছি তার বিচার না কুরিয়া আমরা কি করিতে পারি তার^ই সন্ধান করিতেন। আর এই জন্ম আমাদের ক্রটি তুর্বলতা প্রভৃতি কিছুতেই তাঁর প্রেমকে ব্যাহত করিতে পারিত না। এ বিষয়ে তিনি র্ভারতের সন্ত-সমাজ-সুলভ প্রেখর অন্তন্নৃষ্টি লাভ করিয়াছিলেন।

আমাদের সাধুসন্তের। মার্ষ কি
ত্মাছে তাহা তত দেখেন না, সে শত্য
বস্তুটী যে কি, ইহা জানেন বলিয়া, তাহার
বর্ত্তমান হুর্গতি বা পাপকল্ব দর্শনে বিন্দু
পরিষাণেও বিচলিত হন না। এ হু'দিনের
কর্মতোগ হু'দিনে ফুরাইয়া ঘাইবে। পথের

धुनामाजै हिद्रिन शास नाशिया थ।किरव না। একদিন না১একদিন এগুলি আপনা হইতেই ধুইয়া মুছিয়া পরিষার হইয়া ষাইবে। এ বিশ্বাস তাঁদের আছে বলিয়া কাহারও প্রতি তাঁহাদের শেমের বা আস্থার বা শ্রদার কোনও অল্লতা হয় না। উপাধ্যায়ও দেইরূপ এই ভারতবর্গ আজি কি ভাবে পড়িয়া আছে,তাহার প্রতি দৃক্পাত করিতেন না। ভারতবর্ষ সত্য বস্তুটী কি, ইহাই জানিয়াছিলেন ও ধরিয়াছিলেন বলিয়া তার বর্ত্তমান এর্গতিতে বা হীনতায় বিল্পু পরিমাণেও তাঁর চিত্তঞ্ল হইয়া উঠিত না। এ মোহ যে ছদিনের, এ মায়া যে ক্ষণস্থায়ী, এ হুর্দ্রশা যে শারদ প্রভাতের মেঘাড়গরের ভাষ আপনা হইতে কালক্রমে কাটিয়া যাইবেই যাইবে;—এ বিশ্বাস উপাধ্যায়ের মধ্যে যেমন দেখিয়াছি, এমন আর কাহারও মধ্যে দেখি নাই। আর উপাধ্যায়ের মধ্যে যে রক্ষণশীলতা দেখা যাইত, তাহা এই অটল বিশ্বাসেরই ফল। স্বদেশের সভ্যতার ও সাধনার, স্বদেশের সমাজ-প্রকৃতির ও লোকপ্রকৃতির উপরে উপাধ্যায়ের যেরূপ আংসা ছিল, এমন আংসা আমাদের মধ্যে আর কাহারও ছিল বলিয়া বিশ্বাস হয় না।

আর এই থানেই আসাদের বর্ত্তমান
স্বাদেশিকতার আদর্শ প্রযুগের স্বাদেশিকতার
আদর্শ ইতে পৃথক হইয়া পড়ে। চলিশ
বংসর পূর্বে আমাদের ইংরেজিশিক্ষিত
সমাজে সে প্যা ট্রিয়টিজম্ জাগিয়া উঠিয়াছিল,
তার মধ্যে স্বদেশের সভ্যতা ও সাধনার
প্রতি এই গভীর শ্রদ্ধা ও স্বদেশের শক্তিসাধ্যের উপরে এই অবিচলিত আস্থা

কখনও দেখিতে পাওয়া যায় নাই। এ বস্ত আমাদের সে'কালের সমাজ-সংস্কারক দিগের মধ্যেও ছিল না, রাষ্ট্রসংস্থারক দলেও পাওয়া যাইত না। আর এই জকুই প্রথম যুগের সমান্তসংস্থার-প্রয়াস ও রাষ্ট্রীয়-কর্মচেষ্টা, উভয়ই একান্ত বহিন্মুখীন ও বিদেশাভিমুখীন 'ছিল। **সুতরাং সে** मगरा जागता आभारतत मगाक-कीवन, কর্মচেষ্টা, রাষ্ট্রীয়-**আ**কা**জ্ঞা** धर्पमाधन, ও আদর্শ,-স্বাদেশিকতার সকল উপকরণ-গুলিকেই ণিদেশীয় স্থাতা ও সাধনার দাড়িপালায় তুলিয়া তোল করিতে যাইতাম। আর পরের মাপে যে বাক্তি সর্বদা এরপ-ভাবে আপনাকে ওজন করিতে যাইবে. তার আত্মজানের ক্ষার্ত্তি কদাপি সন্তবে না। এই কারণে আমাদের প্রথমযুগের সমাজসংস্কার ও রাষ্ট্রসংস্কার সকল্প্রকারের স্বাদেশিক কর্মচেষ্টাই আমাদিগের মধ্যে একটা গুরুতর আত্মবিশ্বতি জনাইয়া দেয়। এবং এই সাংঘাতিক আয়ুণিশ্বতি হইতে একটা প্রমুখাপেকিতার অভ্যাস জনিয়া গিয়া, আমাদের সর্কবিধ শক্তিলাভের আকাজ্ঞা ও আকালনকেই আমাদের আভ্যন্তরীণ হর্মলতা-বৃদ্ধির একটা প্রবল ও নুতন কারণ করিয়া তুলে

প্রচলিত সমাজসংস্কার চেষ্টা এবং
রাষ্ট্রীয় আন্দোলনের এই বিষময় ফল
প্রত্যক্ষ করিয়া, উপাধ্যায় এই উভয়বিধ
কর্ম-চেষ্টারই তীব্র প্রতিবাদ করিতে আরম্ভ করেন। প্রচলিত রাষ্ট্রীয় আন্দোলন
স্ক্রবিষয়ে গ্রণ্থেন্টের মুধাপেক্ষী হইয়া,
দেশের রাষ্ট্রশক্তিকে আত্মন্থ ও প্রিপুষ্ট

হইবার পথে অন্তরায় স্থাপন করিতেছিল। আবেদন-নিবেদনেই দেশের রাষ্ট্রীয় কর্মাকাজ্ঞা আপনাকে নিংশেষ করিয়া ফেলিতেছিল, জনশক্তিকে প্রবৃদ্ধ করিয়াও এই সকণ রাষ্ট্রীয় কর্মচেষ্টা, দে শক্তিকে সংহত ও কার্যাক্ষম ক রয়া তুলিতে পারিতেছিল না। বরং প্রজা-সাধারণের নিজেরহাতে আত্মচেষ্টাতে কোনও স্বাদেশিক কর্মাধনের ইচ্চাও প্রয়াস্থে নষ্ট করিয়াই ফেলিতেছিল।, এই জ্লা উপাধ্যায় রাষ্ট্রীয় জীবনে আত্মনির্ভর ও আত্মচেষ্টার আদর্শটীকে প্রতিষ্ঠিত করিতে চেষ্টা করেন। নিজের কোটে থাকিয়া, গ্রণমেণ্টের দিকে একান্ত-ভাবে মুখ ফিরাইয়া, শান্ত ও সমাহিত আমরা জনশক্তির সংংহিতে সর্ববিধ স্বাদেশিক কার্য্য সাধন করিব,---উপাধ্যায় সর্বাদা এই কথাই বলিতেন। বিরোপ বাঁধানই গবর্ণমেণ্টের সঙ্গে প্রথমাবধি যে তাঁর রাষ্ট্রীয় কর্মচেষ্টার লক্ষ্য ছিল, এমন কথা বলা যায় না। ক্রমে, একটা বিরোধের ঘটনাচক্রে. এরপ স্ত্রপাত হয় সতা; কিন্তু এই বিরোধকে উপাধ্যায় নিজে ইচ্ছা করিয়া জাগাইয়া-ছিলেন, এমন কথা ও বলা যায় না। ফলতঃ দেশের তদানীস্তন অবহাধীনে গ্রণমেন্টের সঙ্গে মিলিয়া মিশিয়া স্বাদেশিক কর্ম করা নীতিসন্মত । না হইলেও, চিরদিনই জনমণ্ডলীর পক্ষে এরপ স্বাতস্ত্র্য করা আবশ্রক বা বাগুনীয় বা সম্ভব, উপাধ্যায় এমনটা কথনও ভাবিতেন বলিয়া বোধ হয় না। সে সময়ে দেশ বোরতর তামসিকভার দারা আচ্ছন্ন হইয়াছিল বলিয়া তাহাকে একটা রাজসিক প্রেরণা প্রদান করা আবিশ্রক হয়। এই জন্মই উপাধ্যায় জীবনের শেষ দশায় এই স্বাতস্ত্রা-নীতি রাজসিকতা করেন। কি স্ত অবলম্বন ভারতের সভ্যত। ও সাধনার চিংন্তন বা

উৰ্দ্ধতন লক্ষ্য যে নয়, উপাধ্যায় ইহা যেমন জানিতেন, এমন আর কেহ জানিতেন विनियाहे (वाथ द्य ना। उत्व त्य माजिक छ। চির্দিনই আমাদের সভ্যতা ও সাধনার চরম লক্ষ্য হইয়া আছে: সেই সাত্ত্বিকতাকে জাগাইতে হইলেই সে অবস্থা, প্রথমে দেশবং।পী তামসিকতাকে রাজসিকতার দারা অভিভৃত কর। আবশ্যক - উপাধ্যায় এ সতাটাকে দৃঢ় করিয়া ধরিয়াছিলেন। রাষ্ট্রীয় কর্মকেত্রেই এই রাজসিকতাকে জাগাইয়। সর্কাপেকা তোলা সহজ ও তাহাতে ভবিষ্যতের সাত্ত্বিকতার পথও উশ্মুক্ত হইবে. অথচ সমাজে কোনও প্রকারের গাংঘাতিক **অ**রাজকতার প্রতিষ্ঠারও কোন বিশেষ আশকা থাকে না। এই জন্মই উপাধ্যায় রাষ্ট্রীয় জীবনে এই অভিনব স্বাতস্ত্রানীতি প্রচার করিয়াছিলেন। দেশের লোকের আশ্বাচৈতনাকে জাগাইয়া তোলা, তাহাদিগের চক্ষকে আপনার উপরে নিবন্ধ করা, নিজের হাতে দেশের কাজ মিলিয়া করিলে যে শিকা, যে সংযম, যে শক্তি লাভ হয়, ইহাতে আপনাদের উপরে যে আসা জনো, ও এই আসার দঙ্গে দঙ্গে প্রাণে যে উৎসাহ, অন্তরে যে আশা, পেশিতে যে বল সঞ্চারিত হর্য়, এই সকলের জ্যুট উপাধ্যায় এই নীতি প্রচার করিতে প্রবৃত্ত হন, নতুবা গ্রথমেণ্টের সঙ্গে গায়ে পড়িয়া বিরোধ বাধানই বে তাঁর অভিপ্রায় ছিল, এমন কথা কিছুঠেই বলিতে পারিনা। , কিন্তু উপাধ্যায় মহাশ্যের স্বাদেশিকতার সত্য আদুৰ্শটীকে ধ্রিতে হইলে, বিশেষভাবে সমাজ-নীতির আলোচনা আবিশ্রক। কারণ এখানেই তাঁর স্বাদেশি-কতার নিজম স্বরূপটা ফুটিয়া উঠিয়াছিল। সময়ান্তরে সে কথা বলিবার বাসনা রহিল। জীবিপিনচক্ত পাল।

২১১ নং কর্ণভয়াণিস ষ্ট্রীট, প্রাক্ষমিশন প্রেদে শ্রী মবিনাশচক্র সরকার দারা মুদ্রিত




বঙ্গদর্শন

নিমাই-চরিত্র

দশ্ম অধ্যায়

পাষ্ঞী-বিদেষ ও আগ্নপ্ৰকাশ





শ্রীবাস পণ্ডিতকে সপরিবারে বাঁধিয়া লইয়া যাইবার জন্য হুইখানা নৌকা বোঝাই লোক পাঠাইয়াছেন।" কিন্তু নিন্দা ভয় প্রদর্শন কিছুতেই কোনও ফল হইল না। ভক্তগণ ভক্তবৎদলের নাম করিয়া নিশ্চিত হইয়া রহিলেন। নিমাই পূর্বেরই মত নিঃশঙ্ক চিত্তে নগর ভ্রমণ করিতে লাগিলেন। বৈষ্ণবদ্বেষিগণ বলাবলি করিতে লাগিল"এরা যে রাজাকেও ভয় করে না। রাজার লোক আসিতেছে শুনিয়াও রাজপুত্রের মত নির্ভয়ে বেড়াইয়া বেড়াইতেছে।" অতি বুদ্ধিমান একজন কহিলেন "এই নির্ভয়তার ভাণ পলাইবার ফিকির বই আর কিছুই নহে।" শ্রীবাস-গৃহে বহিদ্বার রুদ্ধ করিয়া ভক্তগণ কীর্ত্তন করিতেন। অনেকে রঙ্গ দেখিবার জন্য আসিয়া রুত্ত খার দেখিয়া ফিরিয়া যাইতে বাধ্য হইত। ইহাতেও অনেকে বৈষ্ণবগণের উপর ভয়ানক বিরক্ত হইয়া উঠিল, এবং বৈক্তব্দিগকে অপদস্থ করিবার জন্য তাহারা নানারপ উপায় খুঁজিতে

লাগিল। একদিন চাপাল গোপাল নামক এক হুমুখি ব্রাহ্মণ রাত্রিকালে শ্রীবাদের দারসন্মুখস্থ স্থান উত্তমরূপে লেপিয়া তথায় হরিদ্রা, সিন্দুর, রক্তচন্দন, মগ্যভাগু প্রভৃতি ভবানীপূজার দ্রবাজাত রাখিয়া আসিল। শ্রীবাস প্রাতঃকালে সমস্ত দেখিয়া ব্যাপার বুঝিতে পারিলেন এবং স্থানীয় সম্রান্ত লোকদিগকে ডাকিয়া আনিয়া পাষ্ডগণের কাণ্ড দেখাইলেন। ইহার তিনদিন পরে গোপালের শরীরে কুষ্ঠলক্ষণসমূহ প্রকাশিত হইল। যন্ত্ৰায় অভির হইয়া গোপাল रगीरतत भत्र शहर कतिरलन। একদিন এক ব্রাহ্মণ কীর্ত্তন শুনিতে আসিয়া দেখিলেন দার রুদ্ধ। ব্রাহ্মণ মর্মান্তিক ছঃথিত হইয়া ফিরিয়া গেলেন। ইহার কতিপয় দিবস পরে গঙ্গার ঘাটে গৌরকে দর্শন করিয়া ব্রাহ্মণ তাহাকে অভিসম্পাত করিলেন "তুমি আমাকে নিদারুণ মনঃকষ্ট দিয়াছ, আমি অভিসম্পাত করিতেছি—তোমার সংসার-স্লখ বিনষ্ট হইবে।" ত্রাহ্মণের শাপে গৌরের মনে অপার আনন্দের উদয় হইল, তিনি থলথল করিয়া হাসিয়া উঠিলেন।

তটশালিনী তাগীরথীর তীরে দলে দলে গাভীগণ বিচরণ করিতেছিল। নিমাই ভ্রমণ করিতে করিতে তথায় উপনীত হইলেন। গাভীদল দেখিয়া তাঁহার বৃন্দাবন ভ্রম হইল এবং ভাবাবিষ্ট হইয়া "মুক্তি সেই, মুক্তি সেই" বলিতে বলিতে তিনি দৌড়াইয়া শ্রীবাসের গৃহে উপনীত হইলেন। শ্রীবাদ গৃহমধ্যে নুসিংহদেবের আরাধনায় নিরত ছিলেন। ছারে পদাঘাত করিয়া নিমাই কাইলেন শ্রীবাদিয়া, যাহাকে পূজা কছিল,

দেখিয়া যা সে সশরীরে উূপস্থিত।" শ্রীবাসের ধানভঙ্গ হইল। সন্মুখে দৃষ্টিপাত করিয়া দেখিতে পাইলেন, নিমাই চতুভুজ হইয়া বীরাসনে উপবিষ্ট আছেন, এবং শঙ্খ-চক্র-পদাপদা ধারণ করিয়া মত্ত সিংহের মত গর্জন করিতেছেন। এীবাস স্তম্ভিত হইলেন, তাঁহার শরীর কাঁপিতে লাগিল। নিমাই তাঁহাকে সম্বোধন করিয়া কহিলেন "শ্রীবাস. এতদিনেও তুমি আমার প্রকাশ বুঝিলে না ৷ কোথায় তোমার চীৎকারে ও নাডার আমি বৈকুঠ ত্যাগ করিয়া আসিলাম; তুমি কিনা নিশ্চিত হইয়া বসিয়া আছে ? আর নাড়া আমাকে ছাড়িয়া শান্তিপুরে চলিয়া গেল। সাধুর উদ্ধার ও হুষ্টের বিমাশের জন্য আমি আসিয়াছি। আর চিন্তা নাই শ্রীবাস, এখন আমার স্তব পাঠ কর।" প্রেমপুলকিত শ্রীবাস তখন পডিলেন

[>२ वर्ष, माच, ১७১৯

"নৌমীড়া তেহত্রবপুষে তড়িদম্বরায়।
গুঞ্জাবতংস পরিপিচ্ছলসন্মুখায়॥
বক্তমজে কবলবেত্র বিষাণ বেণু।
লক্ষপ্রিয়ে মৃহপদে পশুপাক্ষজায়॥
নিমাই প্রীত হইয়া কহিলেন "শ্রীবাস, স্ত্রীপুত্র
সকলকে আনিয়া আমার রূপ দর্শন কর ও
পূজা কর এবং অভিলবিত বর প্রার্থনা
কর।" তখন সন্ত্রীক শ্রীবাস বিষ্ণুপূজার্থ
আহত গন্ধ, পুপ, ধুপ, দীপ ' দারা
নিমাইর পূজা করিলেন। নিমাই, শ্রীবাস ও
তাহার পরিবারস্থ সকলের মন্তকে চরণার্পণ
করিয়া কহিলেন শ্রীবাস, তোমাকে ধরিতে
যবন রাজা নৌকা পাঠাইয়াছে, শুনিয়া
কি ভয় পাইয়াছ ? আমার ইছ্রার বিক্লেদ্

কে তোমাকে ধরিবে, জ্রীবাস ? যদি সভাই নোকা আইদে স্বাত্যে আমি গিয়া তাহাতে আবোহণ করিব এবং আমিই সর্কাণ্ডো গিয়া রাজার সম্মুধে উপস্থিত হইব। দেখিয়া কি রাজা সিংহাসনে বসিয়া থাকিতে পারিবে ? যদি থাকে, তাহা হইলে তাহাকে বলিব 'হে রাজা, তোমার কাঞ্চীদিগকে বল, তোমার শাস্ত্র পাঠ করিয়া তোমার रुष्टी, **अ**ध ७ পঙ্গকীদিগকে কাঁদাক।' কাজীর সাধ্য নাই যে পশুপকী কাঁদায়। তাহারা যথন হতবুদ্ধি হইয়া বদিয়া থাকিবে, তথন আমি রাজাকে বলিব এই কাজী-দিগের কথায় তুমি সংকীর্ত্তন নিষেধ করিয়াছ? আমার শক্তি দর্শন কর।' তথন শীক্ষ বলিয়া আমি যাবতীয় পশু পক্ষী কাঁদাইব, वाबाटक काँनाइव, তाहात शांतियननिगटक কাঁদাইব। আমার কথায় কি তোমার প্রত্যয় হইতেছে না, শ্রীবাদ ? প্রমাণ চাও ? তবে এখনই দেখ।" এই বলিয়া গ্রীবাসের ভ্রাতৃস্থতা নারায়ণী নামী বালিকাকে সংবাধন করিয়া নিমাই কহিলেন "নারায়ণী, ক্লফ বলিয়া কাঁদ ত।" চারি বৎসরবয়স্কা नाजायनी ज्थन "रा कुर्क" विनया काँ पिया উঠিল। তাহার অঙ্গ বহিয়া নয়ন জল ভূমিতল প্লাবিত করিল। নিমাই আবার কহিলেন "কেমন, জীবাস, এখন বিশাস হইয়াটে, আর ত ভয় নাই।" এীবাস বিগত-ভয় হইয়া নিমাইর স্তব করিতে লাগিলেন। তদবধি শ্রীবাদের গৃহ গৌরের নিত্য বি্হার-यम रहेन ।

একদিন বরাহাবতারের স্তোত্র পাঠ ভনিতে ভনিতে নিমাই বরাহভাবে আবিষ্ট

হইলেন, এবং বরাহের মত গর্জন করিতে করিতে মুরারী গুপের গৃহাভিমুখে ধাবিত रहेरलन। निभारे भूताती क मान मान वर्ष ভাল বাসিতেন। মুরারী তাঁহাকে স্বগৃহে প্রাপ্ত হইয়া সমন্ত্রমে তাঁহার চরণ বন্দনা করিলেন। নিমাই বিষ্ণুগৃহাভিমুথে ধাবিত হইলেন এবং এক জলপূর্ভাও সন্মুখে দেখিতে পাইয়া বরাহের মত দণ্ড দারা তাহা উত্তোলন করিলেন। দেখিতে দেখিতে নিমাইর মানুষমূর্ত্তি অন্তহিত হইল এবং তাহার স্থলে চতুষ্পদ যজ্ঞবরাহ-মূর্ত্তি আবিভূতি হইয়া ভীষণ গৰ্জন করিতে লাগিল। মুরারী ভীত হইয়া স্তব করিতে করিতে বলিলেন "ছে বরাহরপী নারায়ণ, বেদেও যখন ভোমার তত্ত্ব সম্যকরূপে অবগত নহে, তথন ক্ষুদ্র আমি তোমাকে কি বুঝিব ? তুমি আপনিই আপনাকে জান এবং তুমি যাহাকে ক্বপা কর সেই কথঞ্চিৎ তোমাকে জানিতে পারে।" বরাহমূর্ত্তি তথন বেদ নিন্দা করিয়া বলিতে লাগিলেন-

"হস্ত পদ মুখ মোর নাহিক লোচন।
বেদ মোরে করে এই মত বিভ্দন॥
কাশীতে পড়ায় বেটা পরকাশানন্দ।
সেই বেটা করে মোর অঙ্গ খণ্ড খণ্ড॥
বাথানয়ে বেদ মোর বিগ্রহ না মানে।
সর্ব্বাক্ষে হইল কুষ্ঠ তবু নাহি জ্ঞানে॥
সর্ব্ব যজ্ঞময় মোর যে অঙ্গ পবিত্র।
অঙ্গভব আদি গায় যাহার চরিত্র॥
পুণ্য পবিত্রতা পায় যে অঙ্গ পরশে।
তাহা মিথ্যা বলে বেটা কেমন সাহসে॥
ভক্তিবিহ্বল মুরারী রোদন করিতে
লাগিলেন। ওইরপে ভঙ্গণ একে একে

নিমাইর পরিচয় প্রাপ্ত হইয়া পরমানন্দিত হইলেন। পাষ্ণীভয় বিদ্রিত ছইল। হাটে খাটে সর্ব্বত্র ক্লফ্টনাম ধ্বনিত হইতে লাগিল।

একাদ্শ অধ্যায় নিত্যানন্দ ও পুঙরীক মিলন, অবৈত কর্তৃক নিমাইর পরীক্ষা

রাচ প্রদেশে একচাকা গ্রামে হাঁড়াই পরত্বঃথকাতর একজন নামক ব্রাহ্মণ বাস করিতেন। সংসারবিরাগী নিত্যানন তাঁহার জ্যেষ্ঠ পুত্র। নিত্যানন্দের জন্মীর নাম প্লাবতী। নিত্যান্দ শৈশ্ব অতিক্রম করিবার পূর্কেই নিমাই জন্মগ্রহণ করিয়াছিলেন। নিমাই যে মুহুর্ত্তে ভূমিষ্ঠ হন, তখন নিত্যানন্দ এক ভীষণ ছঙ্কার করিয়া গ্রামবাসিগণকে বিস্মিত করিয়াছিলেন। বাল্যকালে পল্লীস্থ বালকগণের সহিত মিলিত হইয়া নিত্যানন ক্লফলীলার ও রামলীলার ক্রিতেন। তাঁহার দাদশ বর্ষ **অ**ভিনয় বয়:ক্রম কালে এক সন্যাসী তাঁহার পিতৃগৃহে অতিথিরূপে উপস্থিত হন। হাঁড়াই সমাদরে অতিথিগৎকার পণ্ডিত পরম क्द्रन । গ্ৰনকালে সন্ন্যাসী ইাডাই ' পণ্ডিতকে কহিলেন "আমার সঙ্গে ভাল ব্রাহ্মণ না থাকায়, তীর্থপর্য্যটনে আমাকে বহু ক্লেশ পাইতে হয়। তোমার জ্যেষ্ঠ পুত্রকে আমার দঙ্গে দেও, আমি তাহাকে পরম যত্নে রক্ষা করিব।" পুত্রবৎসল পিতা ব্রাহ্মণের নিষ্ঠুর প্রার্থনায় মন্মাহত জননীও পুত্রবিচ্ছেদাশঙ্কায় হইদেন. আকুল হইয়া পড়িলেন। কিন্তু অতিথির

প্রার্থনা প্রত্যাখ্যান ক্রিতে অক্ষম হইয়া ধর্মপ্রাণ ব্রাহ্মণদম্পতি সন্ন্যাসীর হস্তে নিত্যানন্দকে সমর্পণ ক্রিলেন।

নিত্যানন্দ সন্ন্যাসীর সহিত বহুদেশ ত্রমণ করিয়া অবশেষে তাহা হইতে বিচ্ছিন্ন হইয়া পড়িলেন এবং একাকী দাক্ষিণাত্য ভ্রমণ কালে পথে একদিন ক্লম্প্রেমোন্মত মাধবেন্দ্র পুরীর দর্শন লাভ করিলেন। মাধবেজকে দেখিয়াই নিত্যানন্দ মুর্চ্ছিত হইয়া ভূপতিত হইলেন। মাধবেক্রও নিত্যা-नत्मत पर्भात मः छ। दौन इटेलन। এই অপরপ দুখ্য অবলোকন করিয়া ঈথরপুরী প্রভৃতি মাধবেক্তের শিষ্যগণ করিতে লাগিলেন। কিছুদিন মাধবেদ্র-পুরীর সহিত অবস্থানের পর নিত্যানন্দ তাহার নিকট বিদায় গ্রহণ করিয়া সেতুবন্ধ-রামেখর, বিজয়ানগর প্রভৃতি তীর্থ দর্শন করতঃ নীলাচলে গমন করিলেন। দুর হইতে জগন্নাথের ধ্বজা দেখিতে পাইয়া নিত্যানন্দের মৃচ্ছা হইল। মৃচ্ছা অপগত হইলে জগরাথ দর্শন করিয়া নিত্যানন্দ किছु निन नी ना हा निष्ठा विश्व विष्य विश्व विष्य विश्व विश्य অনন্তর তথা হইতৈ গঙ্গাসাগর দেখিয়া মথুরায় গমন করিলেন।

নিত্যানন্দ কেবল মাত্র হৃদ্ধ পান করিয়া
মথুরায় অবস্থিতি করিতেছিলেন, এমন
সময়ে নবদ্বীপে গৌরের আবির্ভাব সংবাদ
তাঁহার কর্ণগোচর হইল। তিনি অচিরেই
মথুরা ত্যাগ করিয়া নবদ্বীপে উপস্থিত
হইলেন, এবং নন্দন আচার্য্য নামক এক
পরম ভাগবতের গৃহে অবস্থিতি করিতে
লাগিলেন।

নন্দনাচার্য্যের ্ গৃহে নিত্যানন্দের কয়েক দিন পূর্বে নিমাই ভক্তগণের সহিত একতা উপবিষ্ট আছেন, এমন সময় হঠাৎ বলিয়া উঠিলেন "বন্ধুগণ হুই তিন দিনের মধ্যেই আমরা এক মহাপুরুষের দর্শন লাভ করিব।" নিত্যানন্দের আগমনের দিন কহিলেন "গতরাত্রিতে আমি এক স্বপ্ন দর্শন করিয়াছি। দেখিলাম আমার ছারদেশে এক তালথকে রথ; তৎপঞ্চাতে এক বিশালকায় পুরুষ, তাঁহার স্বন্ধে এক বিপুল স্তম্ভ, বাম হস্তে বেতবাঁধা এক कांगा कूछ, ठांशांत शतिशान नौनवमन, मखरक नौनवासत वादत्व, वामकार् বিচিত্র কুণ্ডল, তাঁহার গতি চঞ্চল; দারদেশে উপস্থিত হইয়া তিনি বারংবার জিজ্ঞাসা করিতে লাগিলেন 'এই বাড়ী কি নিমাই পণ্ডিতের ?' আমি সেই ভীষণ মূর্ত্তিদর্শনে ভীত হইয়া তাঁহার পরিচয় জিজ্ঞাসা করিলে তিনি কহিলেন 'আমি তোমার ভাই, কাল আমাদের পরিচয় হইবে'।" এই কথা বলিতে বলিতে নিমাইর ভাবান্তর লক্ষিত হইল। তিনি इन्धत ভাবে আবিষ্ঠ হইয়া "মদ আন, मन जान" विनश गर्जन कविशा छिठित्नन। তখন

আর্য্যা তর্জা পড়ে প্রভু অরুণ নয়ন।
হীসিয়া দোলায় অঙ্গ যেন সংকর্ষণ॥
প্রকৃতিস্থ হইয়া নিমাই সকলকে কহিলেন
"নিশ্চয়ই কোনও মহাপুরুষ নবদ্বীপে আ্লাগমন
করিয়াছেন। হরিদাস ও শ্রীবাস তোমরা
গিয়া দেখিয়া আইস। হরিদাস ও শ্রীবাস
সমস্ত নবদ্বীপ ভ্রমণ করিয়া কাহারও

উদেশ না পাইয়া ফিরিয়া আসিলেন।
তথন নিমাই ভক্তগণ সহ বহির্গত হইলেন
এবং একেবারে নন্দনাচার্য্যের গৃহে গমন
করিয়া তথায় নিত্যানন্দের তেজঃপুঞ্জ মূর্ণ্ডি
দর্শন করিলেন। নিমাই ও নিত্যানন্দ
পরস্পারের দিকে অনিমেষ নয়নে চাহিয়া
রহিলেন। তখন শ্রীবাস ভাগবত হইতে
আর্তি করিলেন

"वर्षात्रीष्ठः निवतवत्रः कर्गाः कर्णिकातः। বিভ্ৰদ্বাসঃ কণককপিশং বৈজয়ন্তীঞ্চ মালাং॥ तकान् (वरणात्रभतस्याः भूतग्रन् (गाभव्रेन्न-র্নিরণ্যং স্বপদর্মণং প্রাধিশ্দ্গীতকীর্ত্তিঃ॥" ময়ুরপুচ্ছরচিত চূড়া, কর্ণব্য়ে কর্ণিকার কুসুম, কণককপিশবন্ত ও বৈজয়ন্তীমাল। ধারণ করিয়া, নটবরবপু জ্রীক্লঞ অধরস্থা। বেণুরস্ধুসমূহ পরিপূর্ণ করিতে করিতে গোপগণ কর্তৃক ভূয়মা**ন হইয়া** স্বকীয় চরণচিহ্নশোভিত রন্দারণ্যে প্রবিষ্ট হইলেন। শ্লোক গুনিয়া নিত্যানন্দের মূর্চ্চা হইল। নিমাই "পড়, পড়'' বলিয়া শ্রীবাদকে উৎসাহিত করিতে লাগিলেন। मृष्ट्यां ख निमार्डे भिश्टनान कतिया छैठिएनन এবং তাহা শুনিয়া বৈষ্ণবগণ ভয়সন্ত্রপ্তভাবে "রক্ষ ক্রফ, রক্ষ ক্রফ" বলিয়া শ্রীক্রফের শরণ গ্রহণ করিলেন। নিত্যানন্দের ভাবোমাদ লক্ষ্য করিয়া গৌরের গগুস্থল প্লাবিত করিয়া অশ্রধারা ছুটিল। কিন্তু নিত্যানন্দের ভাবা-বেশ সহজে অপগত হইবার নয়। গড়া গড়ি যায় প্রভূ পৃথিবীর তলে, कल्वत পूर्व इहेन नग्नरनत खला॥ বিশ্বস্তর মুখ চাহি ছাড়ে ঘনখাস। अखरत बैनिन करण करण महा होता।

ক্ষণে নৃত্য ক্ষণে গড়ি ক্ষণে বাহতাল ক্ষণে কোড়ে কোড়ে লাফ দেই দেখি ভাল॥ অবশেষে সেই উন্মাদবপু নিমাই স্বীয় ক্রোড়ে ধারণ করিলে, নিতাই নিশ্চেষ্ট হইয়া তথায় বিশ্রাম করিতে লাগিলেন : ক্ষণকাল পরে নিতাই বাহজান 'লাভ করিলে নিমাই কহিলেন "এই কম্প, এই অশ্রু ও এই গর্জ্জন কখনও ঈশ্বরশক্তি ভিন্ন সম্ভাবিত হয় না। শ্রীকৃষ্ণ আমার প্রতি সদয় হইয়া তোমাকে মিলাইয়া দিয়াছেন। এখন কোন্ দেশ হটতে তোমার আগমন হইয়াছে. করিয়া আমাদিগকে কৃতার্থ কর।" নিত্যানন্দ কহিলেন "আমি তীর্থ ভ্রমণ করিতেছিলাম; কৃষ্ণের পদরেণুপৃত বহুসান দর্শন করিয়াছিলাম, কিন্তু কোথাও কুফকে দেখিতে পাই নাই। অবশেষে এক মহাত্মার নিকট যুখন জিজ্ঞাসা করিলাম 'এত তীর্থ প্র্যাটন ক্রিয়াও ক্লফকে দেখিতে পাইলাম না. তিনি কোথায় গিয়াছেন ?' তখন তিনি বলিলেন গৌরদেশে 'কৃষ্ণ গমন করিয়াছেন।' নদীয়ায় সংকীর্তনের কথা শুনিয়া অনেকে আমাকে বলিল 'নদীয়ায় নারায়ণ জন্মগ্রহণ করিয়াছেন। পাতকী এথানে আসিয়া করিতেছে। আমিও পরিত্রাণলাভের আশায় এখানে আসিয়াছি।

কিছুক্ষণ এইরপে প্রেমানন্দে অভিবাহিত হইলে নিমাই কহিলেন "শ্রীপাদ গোঁদাই, আগামী কল্য ব্যাদপ্তার দিন। আপনার ব্যাদপ্তা কোণায় দম্পন্ন হইবে?" নিত্যানন্দ তথন সমীপস্থ শ্রীবাদের হস্ত ধারণ করিয়া কহিলেন "এই ব্যাহ্মণের খরে আমার ব্যাদ- পূজা হইবে।" অনস্তা সকলে শ্রীবাদের গৃহে গমন করতঃ গৃহদার রুদ্ধ করিয়া ব্যাসপূজার অধিবাদের উল্লাস কীর্ত্তন আরম্ভ করিলেন। ভক্তগণপরিবেটিত নিমাই ও নিতাই নৃত্য করিতে করিতে কথনও হুলার কখনও রোদন করিতে লাগিলেন। উভয়ের শরীর স্বেদ, কম্প ও পুলকের লীলাহানে পরিণক হইল। কখনও পরস্পরের আলিঙ্গনে বদ্ধ হইয়া উভয়ের রোদন করিলেন, কখনও বা প্রস্পরের চরণ ধারণের চেটা করিলেন, কথনও বা ভূতলে বিলুক্তিত হইলেন। বাহ্বজ্ঞান বিলুপ্ত হইল, বসন থসিয়া পড়িল।
অচিরেই শাত্রোথান করিয়া উভয়ের পুনরায় বিপুল উল্লামে নৃত্য করিতে লাগিলেন

অনন্তর নিমাই অকমাৎ লম্ফ দিয়া পটার উপর উপবিষ্ট হইয়া "মদ আমন, মদ আন" বলিয়া চীৎকার করিয়া উঠিলেন, এবং নিত্যানন্দকে কহিলেন, "শীঘ্ৰ আমাকে হল-মুষল প্রদান কর।" নিতাই নিমাইর হস্তের উপর স্বীয় হস্ত পাতিয়া দিলেন। কেহ কেহ তথন নিমাইর হস্তে হল-মুষল প্রত্যক্ষ করিয়াছিলেন। অতঃপর নিমাই "বারুণী, বারুণী" বলিয়া ছ'ক্ষার করিয়া উঠিলেন। নিমাইর উদ্দেশ্য বুঝিতে না পারিয়া সকলে কিংক র্ত্তব্যবিমৃঢ় হইয়া রহিলেন। ক্ষণকাল পরামর্শ করিয়া একঘটি পরে সকলে গলাজল লইয়া গেলে, নিমাই তাহা পান করত: "নাড়া, নাড়া" বলিয়া হক্ষার করিয়া উঠিলেন। একজন ভক্ত জিজাসা করিলেন "কাহাকে ডাকিতেছ, প্রভু, স্থামরা ত কিছুই বুঝিতে পারিতেছি না।" তখন নিমাই কহিলেন "আর কাহাকে ডাকিব?

যাহার আহ্বানে আধি বৈক্ঠ ত্যাগ করিয়া আসিয়াছি, সেই নাড়া অবৈত আচার্য্য আমাকে ছাড়িয়া গিয়া এখন হরিদাসের সহিত নিশ্চিম্ব মনে কাল কাটাইতেছে।

সংকীর্ত্তন আরস্তে মোহর অবতার।

ঘরে ঘরে করি কীর্ত্তন পায়ার॥

বিদ্যাধন কুলমদ তপ্যার মদে।

মোর ভক্ত স্থানে যার অপরাধ আছে॥

সে অধম সভারে না দিমু প্রেমধোগ।

নাগরিয়া প্রতি দিমু ব্রহ্মাদির ভোগ॥"

নিমাই ক্ষণকাল পরেই প্রকৃতিস্থ ইইলেন

এবং লক্ষিত হইয়া জিজ্ঞাসা করিলেন "আমি

কি কিছু চাঞ্চল্য প্রকাশ করিয়াছি?"

কিন্তু চাঞ্চল্য প্রকাশ করিয়া প্রকৃতিস্থ করিলেন, এবং তাঁহাকে শ্রীবাদ-গৃহে রাথিয়া

স্বীয় ভবনে প্রত্যাগত হইলেন।

রাত্রিকালে নিতাই স্বীয় দণ্ড-কমগুলু ভাঙ্গিয়া ফেলিলেন। প্রাতঃকালে এই সংবাদ পাইয়া নিমাই শ্রীবাদ-গৃহে আসিয়া দেখিলেন, নিতাই অনবরত হাদ্য করিতেছেন। অনস্তর ভক্তগণসহ নিতাইকে লইয়া নিমাই গঙ্গাম্বানে গমন করিলেন, এবং স্বংস্তে নিতাইর ভগ্গণগু গঙ্গায় বিদর্জন করিলেন। গঙ্গা দেখিয়া নিতাইর আগন্দ উদ্বেশ হইয়া উঠিল। তিনি কগনও বালকের মত নানাভারে সম্ভবণ করিতে লাগিলেন, কখনও বা কুন্তীর দেখিয়া তাহাকে ধরিবার জন্ম অগ্রসর হইলেন। তখন সেই প্রোঢ়-শিশুকে ব্যাস্-পূর্ণার কথা স্মরণ করাইয়া

দিয়া নিমাই তাহার সহিত এীবাস-গৃহে সংকীর্ত্তন আরম্ভ হইল। সেই সংকীর্ত্তনানন্দের মধ্যে নিতাই ব্যাসপূজার স্থগন্ধি মাল্য নিমাইর গলদেশে অর্পণ করিলেন। দেখিতে দেখিতে নিশাইর মান্ত্রমূর্ত্তি অন্তর্হিত হইল। ভক্তগণ শঙ্খ-চক্র-গদা-পদ্ম-হল-মুষলধারী ষড়-ভূজ মূর্ত্তি প্রত্যক্ষ করিয়া ভয়-ব্যস্তভাবে "রক্ষ कुष्क, तक कृष्क'' विनिया एँ क्रिलन । निर्णाई মৃতিহ্ব হইয়া ভূপতিত হইলেন। অতঃপর নিমাই সেই অমানুষীরূপ সংবরণ করতঃ নিতাইর অঙ্কে হস্তার্পণ করিয়া তাহার চৈত্র বিধান করিলেন। তখন চতুর্দ্ধিকে ক্লফ্লধ্বনি সমুথিত হংল। ভক্তগণের বিহ্বল নুভো निवा व्यवमान रहेल। नियारे अला एवं श्व-গুহে প্রত্যাগত হইলেন।

নিতাই ঐীবাদ-গৃহেই রহিয়া গেলেন। **এীবাস-গৃহিণী মালিনী দেবী নিভাইকে** দেখিয়া অবধিই তাঁহাকে অপত্যবৎ স্বেহ করিতেছিলেন। নিতাই মালিনী দেবীকে মাতৃ সম্বোধন করিতে লাগিলেন, এবং তাঁহার সহিত শিশুর মতই আচরণ আরম্ভ क्तित्नन। मानिनौ (प्रवी था ७ शाहेश ना দিলে তাঁহার খাওয়া হইত না; খাইবার সময় অন ছড়াইয়া ফেলা তাঁহার নিত্য অভ্যাদের মধ্যে ছিল। পল্লীস্থ বালকরুন্দ ঠাহার থেলার সাথী হইল। তাহাদের সহিত গঙ্গায় যাইয়া তিনি তাহাদেরই মত সম্ভরণ করিতেন। বিষ্ণুপ্রিয়া দেবীর সহিত তিনি হাস্থপরিহাদে অনেক কাটাইতেন। তাঁহার বালকবৎ উৎপাত অনেক সময় মাত্রা ছাড়াইয়া উঠিত-কিন্ত কেহই তাঁহার উপর বিরক্ত হইতেন না। শ্রীবাসকেই নিতাইর অত্যাচার অধিক পরিমাণে দহু করিতে হইত—কিন্তু ক্ষণ তাঁহার মনে তজ্জ্য জগুও কালের বিন্দুমাত্রও বির্ক্তির সঞ্চার হয় নাই। এক দিন তাঁহাকে পঝীকা করিকার জন্ম নিমাই কহিলেন "শ্রীবাস, এই অবধ্তের জাতি-কুলের ঠিকানা নাই, যদি জাতি রক্ষা করিবার ইচ্ছা থাকে, তবে তুমি সত্তর इँहारक विनाय कतिया रनछ।" श्रीवान বিনীত ভাবে কহিলেন "প্রভু, আমাকে প্রীকা করিতে চাও! তবে শোন। নিত্যানন্দ যদি মদিরা ও যবনী গ্রহণও করেন, যদি তিনি আমার জাতি, প্রাণ, ধন সমস্তই নষ্ট করেন, তরুও তাঁহার প্রতি ভক্তি শিথিন इंडेर्व ना।" আমাৰ निमारे श्रीण रहेशा कहिलन "धीवाम, তোমার এই অচলা ভক্তির জন্ম আমি এই বর দিতেছি যে, তোমার গৃহে দারিদ্রা কথনও প্রবেশ লাভ করিতে পারিবে না।''

ইহার কিছুদিন পার শাচীদেবী এক
অপূর্ধ অপ্র দর্শন করিলেন; নিমাই ও নিতাই
পাঁচবৎসরের শিশু হইয়া মারামারি করিতে
করিতে দেবমন্দিরে প্রবিষ্ট হইলেন, এং
মন্দির হইতে ক্রম্ভ ও বলরামের বিগ্রহ
বাহির করিয়া আনিলেন। নিমাইর হাতে
বলরাম ও নিতাইর হাতে ক্রম্ভ। তথন
বিগ্রহয় নিমাই ও নিতাইকে সম্পোধন
করিয়া কহিলেন "এই সমস্ত দ্ধি, ছ্ম্ম, ঘরবাড়ী আমাদের, তোরা ছ্ই ডাকাইত
কেরে ?" নিতাই বলিলেন "এখন আর
গোয়ালার অধিকার নাই, এখন বান্সনের

অধিকার আরব্ধ হইয়াছে; দধি ছ্গ্ম লুঠিয়া খাইবার কাল আর নাই। এথন যদি অবস্থা বুঝিয়া চলিতে না পার, যদি এই সমন্ত উপহারে ভোমাদের পুরাতন স্বন্ধ ত্যাগ না কর, তাহা হইলে মার থাইবে।" শুনিয়া কৃষ্ণ ও বলরাম গর্জন করিয়া উঠিলেন এবং ক্লফের পোহাই দিয়া নিমাই ও নিতাইকে প্রহার করিতে উন্নত হইলেন। নিতাই কহিলেক "ক্লফের দোহাই আর দিতে হইবে না। এখন আর ক্লফের ভয়কে করে ? বিশ্বস্তর গৌরচন্দ্র আমার প্রত্যক ঈশ্ব।" তথ্ন চারিজনের মধ্যে মারামারি ও নৈবেল্ল কাডাকাডি আরম্ভ হইল। সকলে পরস্পরের হাত ও মুখ হইতে কাড়িয়া খাইতে লাগিলেন। তথন নিতাই শচীকে ডাকিয়া কহিলেন "মা, বড় ক্ষুধা পাইয়াছে, আমাকে থাইতে দাও।" অমনি শচীর নিদ্রাভঙ্গ হইল। প্রাতঃকালে শচী নিমাইকে ডাকিয়া তাহার নিকটে স্বপন্থতান্ত বর্ণনা कतिल. नियारे रामिशा करिलन আমাদের গৃহদেবতা বড়ই প্রত্যক্ষ। আমি অনেকবার লক্ষ্য করিয়াছি, নৈবেত্মের অর্দ্ধেক অদৃশ্র হইয়া গিয়াছে। আমার হইয়।ছিল তোমার বৌ বুঝি নৈবেত চুরি করিয়া থায়। কিন্তু তোমার স্বপ্নের কথা গুনিয়া আমার সে সন্দেহ দূর হইল। অন্তরাল হইতে স্বামীর পরিহাস শুনিয়া বিষ্ণুপ্রিয়া দেবী হাসিতে লাগিলেন। অনন্তর নিমাই মাতার আদেশক্রমে নিতাইকৈ ভোজনের নিমন্ত্রণ করিলেন। নিমন্ত্রণ কার্লেনিতাইকে সাবধান করিয়া নিমাই কহিলেন "নিতাই তোমাকে নিমন্ত্রণ ত করিলাম; কিন্তু ফোনও রূপ চঞ্চলতা করিতে পাইবে না।" নিতাই
মহা গন্তীর হইয়া বিষ্ণু অরণ করিলেন এবং
কহিলেন "আমি কি তোমার মত পাগল ?"
যথাসময়ে নিতাই ও নিমাই ভোজনে
উপবেশন করিলেন। শচীদেবী পরিবেশন
কালে একবার রান্নাঘর হইতে ফিরিয়া

আসিয়া দেখিলেন—পাঁচ বংসর বয়য় ছই
শিশু ভোজন করিতেছে; তরাধ্যে একজন
শুক্রবর্ণ, দ্বিতীয়টী রুফাবর্ণ, উভয়েই চতুভূজ,
উভয়েই দিগদ্ব, কিন্তু রুফাবর্ণ শিশুর অকে
স্বীয় প্তাবধ্ বিরাজমানা। এই অপরপ
দৃশ্রে শচী মৃচ্ছিত হইয়া পড়িলেন। (ক্রমশ)
শ্রীতারকচন্দ্র রায়।

ভারতের ভবিষ্যৎ ও লর্ড হার্ডিঞ্জের শাদন-নীতি

দিলীর বোমা-বিভাট কে ঘটাইয়াছে, এ পর্যান্ত তাহার কোনও সন্ধান পাওয়া যায় নাই, কথনও পাওয়া যাইবে কি না ভগবান জানেন। নানা লোকে নানা কল্পনা-জল্পনা করিতেছে বটে, কিন্তু এই ব্যাপারের অন্তর্বালে এদেশের বা অন্তদেশের কোনও বিপ্লবপন্থীদলের ষড়যন্ত্র আছে কি না, বলা অসন্তব, কিন্তু যে বা যাহারাই এই আততায়ীর কর্মা করিয়া থাকুক না কেন, তাহার বা তাহাদের নীতির বা কর্মের সঙ্গে দেশের লোকের কোনও শ্রেণীর বা সম্প্রদায়ের যে তিল পরিমাণ সহামুভ্তিও নাই, আর এ কথাটা অন্বীকার করা চলে না

পাঁচ বংসর পূর্নে যখন প্রথম এদেশে এই বিদেশী উপদ্রবের আমদানী হয়, তখনও অনেকে প্রকাশ্ত সংবাদপত্রে ও সভা-সমিতি করিয়া, সে অহিতাচারের প্রতি আপনাদের ঘুণা প্রকাশ করিয়াছিলেন সত্য; কিন্তু সে স্কল প্রতিবাদের মধ্যে আজিকার এই গভীর আন্তরিকতা দৃষ্ট হয় নাই

वना वाङ्ना (य, हिखानीन, नमाकन्नी

নীতিজ্ঞেরা কোথাও এ সকল সমর্থন করেন না। কিন্তু সকল দেশেই প্রকৃত নীতিজ্ঞের বা Statesmanuর সংখ্যা অল। প্রকৃত নীতিজ হইতে গেলে একদিকে সর্বাদা আত্মন্ত হইয়া অন্তদিকে লোক-চরিত্তের থাকিতে হয়। গভীর জ্ঞান থাকাও আবগুক। **আত্মস্থ** থাকিয়া, ভালমন্দ সকল অবস্থাতে জন-স্মাজের নিত্য লক্ষ্যটাকে যিনি ধরিয়া থাকিতে পারেন, তিনিই প্রকৃত নীতিজ্ঞ বা Statesman. এইরূপ নীতিজ্ঞ কর্মনায়কই আগন্তুক লাভালাভ বা আক্মিক স্থবিধা অসুবিধাকে উপেক্ষা করিয়া জনসমাজকে ·আপনার সনাতন লক্ষ্যের দিকে পরিচা**লিত** করিতে পারেন।

কিন্ত আধুনিক সভ্য জগতের রাষ্ট্রীয় আন্দোলন-আলোচনার মধ্যে এমন একটা ক্ষুদ্রতা ও সম্প্রেদায়গত রেষারেষি জাগিয়া থাকে যে, এই সকল আন্দোলন-শ্রোতে গা ঢালিয়া দিয়া, অনেকের পক্ষেই যথাযোগ্যভাবে আত্মন্ত হইয়া পড়ে। বিশেষত

ষেখানে শাসক-শাসিতের পরস্পারের স্বত ও অধিকারের প্রতিদ্বনিতার উপরে রাষ্ট্রীয় আন্দোলনের প্রতিষ্ঠা হয়, আর শাসিত সম্প্রদায়ের শক্তি অসংহত ও অকর্মাঠ হইয়া পডিয়া থাকে এবং শাসকদম্প্রদায়ের শক্তি স্থাসমূদ্ধ ও তুর্ম্ব হইয়া শাসিতদিগকে সর্বদা তটম্ব করিয়া রাখে, দেখানে এই শক্তি-সংঘ্রে হর্বলতর পক্ষের অধিনায়ক-গণের অভিমানে পদে পদে নিদারণ আঘাত লাগা একরপ অনিবার্য্য হইয়াই অবস্থায় ইহাঁদের পক্ষে আগ্রন্ত থাকা বা হুরদর্শিনী নীতির অনুসরণ করিয়া চলা সর্বদা সম্ভবও হয় না। য়ুরোপের আধুনিক গণতন্ত্রতার আদর্শ দর্বতেই রাষ্ট্রীয় কর্মকেত্রে, বছবিধ প্রতিদ্বন্দী শক্তিকে জাগাইয়া তুলিয়া, একটা নিতা বিরোধ বিক্ষেপের সৃষ্টি করিতেছে। এই কারণে সকল দেশেই প্রকৃত নীতিজ্ঞতা Statesmanship's স্ত্রবিস্তর বা ক্ষিয়া যাইতেছে ব্লিয়া মনে আর প্রকৃত নীতিজ্ঞতার অভাবে সকল দেশেই রাষ্ট্রীয় জীবনের আদর্শটা স্বল্লাধিক পড়িতেছে। আধুনিক হইয়া সভাজগতের সর্ববিত্রই যে লোকে কোনও কোনও আকারের বৈপ্লবিক ভাবের তাড়নায় ক্রমশঃ একটা প্রলয়ম্বরী অরাজকতার দিকে ছুটিয়া যাইতেছে, নীতিজ্ঞতার অপ্চয়ই ইহার প্রধান কারণ। কেননা, দুরদর্শী ও লোকচরিত্রাভিজ্ঞ নীতিজ্ঞ বা Statesmanই কেবল রাষ্ট্রীয় জীবনেও যে অধর্মের দারা ধর্মের. আততায়িতার দারা স্বাধীনতার, অন্তায়ের

ঘারা স্থায়ের প্রতিষ্ঠা হুয় না ও কখনওই হইতে পারে না, ইহা জানেন ও বুঝেন। বিষেষবিক্ষিপ্ত, আদ্মবিশ্বত, নাক্তদন্তীতি-वानी, चालकनानिन्यु मामूनी वाकनीलिएकत বা Politicianএর পক্ষে এ সহজ নহে। এই জন্মই বাংলায় বোমার আমদানীতে দেশের প্রকৃত নীতিজ্ঞের ভীত এবং ক্ষুদ্ধ হইলেও, দেশের সকল লোকেই যে প্রথমে ইহার অপকারিতা স্মাকরূপে উপলব্ধি করিতে পারিয়াছিল, এমন বলা যায় কি না, সন্দেহ। সে সময়ে দেশে একটা নিদারুণ অশান্তি জাগিয়া ছিল। নানা কার্ণে विष्मीक मानकमञ्जूषाराव সঙ্গে দেশের শাসিত मञ्जलारमञ्ज এक छ। विषय विद्राध বাধিয়া উঠিয়াছিল। সেই বিরোধের বিকেপ-বিক্ষোভের মধ্যে যথন সহসা একটা বোমার ষ্ড্যন্ত্রের সংবাদ প্রচারিত হইল, তথন ব্যাপারটা যে কি ভয়ানক ও গুরুতর সকল লোকে ইহা বুরিয়া উঠিতে পারিল না। স্বদেশ-সেবার নামে, এই জাতীয় আততায়িতা যদি দেশের উদার-অপরিপক্রুদ্ধি যুবকগণের মতি কিন্তু মধ্যে সাধুকর্ম বলিয়া গ্রচারিত ও প্রচলিত হইয়া যায়, তাহাতে যে কেবল রাজার উদ্বেগ বাড়িবে তাহা নহে, কিন্তু প্রজারও সর্বনাশ হইবে,—আমাদের অভিনব স্বদেশ পূজা যদি এই তন্ত্ৰ অবলম্বন করে, তাহাতে আমাদের পুরাতন সভ্যতা ও সনাতন সাধনা, আমাদের বিশেষ সমাজগঠন ও নিজম্ব লোক-প্রকৃতি, যাহাকে লইয়া আমাদের জাতীয়তা ও স্বাদেশিকতা

তাহাতে যে এ সমুদায়ই একেবারে বিপর্যান্ত হইয়া ঘাইবে,--এ সকল কথা সকল লোকে ভাবিতে বা বুঝিয়া উঠিতে পারিল না। এমন কি কেহ কেহ সেই বোমা-ষ্ড্যন্ত্রের মধ্যে কেবল গুটিকতক শুদ্ধ-**চরিত্র, সংদেশ-প্রা**ণ যুবকের অসাধারণ আত্মেৎসর্গের সংক্রই বেখিল। আর এই সকল যুবকেরা গুরুতর অপরাধে অভি-যুক্ত হইয়াও যথন অকুতোভয়ে আপনাদের অপরাধ মুক্তকঠে স্বীকার করিল, স্বজন-वर्त्तत मर्वविध व्यक्ताध-डेभताध डेलका कतिया, कानु अकारत मिथा-अवश्नात আশ্রমে আপনাদিগকে বাঁচাইবার চেষ্টা করিতে রাজী হইল না; প্রাণদণ্ডের বিভীষিকা মাথায় नहें थे। मीर्घकान कातावारमञ यथन हेशांपत रिष्टर्रात वा সংযমের, প্রশান্ততার বা প্রসন্নতার একটুও नापत श्रेन ना ; ज्यन कान । कान ७ অসমাকদৰ্শী লোকে হয় ত এই সকল युवकशालंब वाक्तिगंठ ठितां युक्ष रहेया, তাহারা যে অপরাধ করিয়াছিল, তাহার গুরুত্বের যথাযোগ্য পরিমাণ করিতে অক্ষ হইয়া পড়িকা। আর এই স্কল কাগণেই পাঁচবৎসর পূর্ব্বেকার বোমার উৎপাতের বিরুদ্ধে যে প্রকাশ্র প্রতিবাদ হইয়াছিল, তাহাতে (যন আজিকার গভীর আন্তরিকতা দেখা যায় নাই।

আজ এ সকল্ট পরিবর্ত্তিত হইয়া গিয়াছে। বছদিন পরে: একজন সম্যকদর্শী নীতিজ্ঞ বা Statesman ভারত-শাসনভার গ্রহণ করিয়া, দেশের প্রতিষ্ঠিত রাজশক্তির সঞ্চে

নবোখিত প্রজাশক্তির একটা সঙ্গতি ও শামঞ্জ সাধনের পথ ধরিয়া চলিতেছেন। সকলে না হউক, দেশের লোকনায়কগণের অনেকেই স্বর্গবিস্তর এ কথাটা বুঝিয়াছেন ও বুঝিতেছেন। লাট হার্ডিঞ্কের শাসন-नौिं कान् ऋन्त् नत्कात मनात हिन्याहरू, অনেকেই হয়ত এখনও তাহা ভাল করিয়া ধরিতে পারে নাই। হার্ডিঞ্জের প্রাদেশিক স্বাতস্ত্রানীতি লাট রিপণের স্বায়ত শাসন নীতি অপেকা কত গভীর ও কত উদার-এই নীতির यथारयाना जन्मतरनत छेनात है न एकत ভারতের ও সমগ ত্রিটশসামাজ্যের. এমন কি, সমগ্র সভাজগতের, ভবিষ্যৎ শান্তি ও উন্নতি কতটা পরিমাণে যে করিতেছে—লাট হার্ডিঞ্জ এই নীতির মধ্যে ভারতের স্বারাজ্য-আকাজ্জার সঙ্গে ব্রিটিশের সানাজ্য-সম্পদ-রক্ষার একটা চিরন্তন সঙ্গতি ও সামঞ্জন্তের স্ত্রপাত ারিয়াছেন,—এ সকল কথা অতি অল্ল লোকেই বুঝিয়াছেন বলিয়া মনে হয়। কিন্তু হার্ডিঞ্জ-নীতির নিগৃঢ় মর্ম যাঁহারা বুঝিতে বা ধরিতে পারেন নাই, তাঁহারাও এই নীতিপ্রভাবে বিগত আটদশ বৎসরের তুঃস্বপ্নটা যে ক্রমে ভাঙ্গিয়া যাইতেছে, ইহা স্থুপাষ্টরূপেই অনুভব করিতেছেন। মিণ্টোর আত্মঘাতিনী নীতি যে পরিত্যক্ত হইয়াছে,—প্রকৃতিপুঞ্জের বিক্ষিপ্ত চিতকে উত্তত রাজদণ্ড দেখাইয়া শান্ত সমাহিত করা অসাধা, ইতিহাসের এই সাৰ্বজনীন অভিজ্ঞতাকে লক্ষ্য করিয়া লাট হাডিঞ্ল ষে গ্রজাতাড়ন চেষ্টা পরিহারপূর্বক প্রকারঞ্জন

চেষ্টা করিতেছেন,—শাসক ও শাসিতের মধ্যে কোথাও একটা স্থায়ী বিবোধ জাগাইয়া রাখা নীতিসঙ্গত নহে বলিয়া তিনি যে সম্রাটকে মধ্যস্থ করিয়া, বঙ্গভঙ্গের ব্যবস্থাটা উলটাইয়া দিয়া রাষ্ট্রে শান্তি স্থাপনের পথ পরিষ্ণার क्रियाहिन,--- এ मर्कन कथा माधात्र लाटक अ মোটামূটি বুঝিয়াছে। আর এটা বুঝিয়াছে **रामग्रीहे मकन मध्य**नारम् लाकि नावि হাডিঞ্জকে অহান্ত প্রীতি ও শ্রনার চক্ষে দেখিতে আরম্ভ করিয়াছে। এই জন্মই তাঁহার উপরে এই আততায়িতার আক্রমণে দেশের সকল শ্রেণীর ও সকল সম্প্রনায়ের লোকে এক বাক্যে এমন আন্তরিকতা সহকারে এ সময়ে এতটা সমবেদনা কেবল প্রকাশ করিতেছে তাহা নহে; সত্য সত্যই অনুভবও করিতেছে। অন্তরে অন্তরে

किस नाउँ शार्डि अत माल ममार्यमना किया এই আততায়ী কর্মের প্রতি দ্বণা প্রকাশ कतिया काछ थाकि लारे ठलिए न। किरल ব্যাধির আরোগ্য হয় না। আততায়ী ব্যক্তি বা ব্যক্তিগণ যদি কখনও ধরা পড়ে, এবং রাজ্বারে দণ্ডিত হয়, তাহা হইলেই যে এ উৎপাত একেবারে থামিয়া যাইবে' এমন কল্পনা করাও যায় না। এই উপদ্রব **(क घंठांटेण आ**नि ना, कथन जानिव किना विनाट शांत्रिना, किस (यह घों) क না কেন, সে যে স্বদেশের ও স্বাদেশিকতার বিষম শক্র একধা ভাল করিয়া বুঝিতে ও बुकाहरङ रहेरव। যাঁরা আজ লাট হার্ডিঞ্জের প্রতি স্বল্পবিশ্বর প্রদাবশতঃ এই আততায়ী কর্মের প্রতিবাদ করিয়াছেন, তাঁরাও সকলে যে ১৭ই কাজটা সত্য ম্বাদেশিকতার কত বড় শক্রতা করিয়াছে, ইহা ভাশ করিয়া বুঝিয়াছেন বলিয়া মনে হয় না৷ অপরে এই আততায়ী কর্মের ফলে বুঝি বা দেশে পুনরায় লাট মিণ্টোর কঠোর শাসন-নীতি প্রবর্ত্তিত হয়, এই ভয়ে ইহার প্রকাশ্য প্রতিবাদ করিতেছেন। কি স্ত তাঁহারাও এই তুষর্শের প্রকৃত মর্ম হৃদয়ক্ষম করিয়াছেন কি না সন্দেহ। यङ्गिन (मर्गत जनमाशांत्र) করিয়। বুঝিতে না পারিয়াছেন, ততদিন কোন না কোন সম্প্রদায়ের অন্তরে কোনও ना कान बाकारत विष्माश विश्वव পন্থীদিপের এই সকল আসুরিক কর্মের প্রতি স্কল্লবিস্তর সহামুভূতি থাকা নিতান্ত অসম্ভব নহে।

এই সকল বিপ্লবপন্থীর কর্মচেষ্টার সঙ্গে আমাদের সত্য স্বাদেশিকতার কোনও প্রকারের সঙ্গতি-সাধন যে একেবারে অসম্ভন, চিরদিন ইহা জানিতাম ও বুঝিতাম। त्रानी वात्नानात्र अथगाविध यथगरे এই সকল ভাব বিন্দুমাত্র প্রকাশ পাইয়াছে, প্রাণপণে তাহার তখনই প্ৰতিবাদও করিয়াছি। কিন্তু লাট মিণ্টোর শাসনকালে যথাযোগ্য ভাবে এই বিষম রোগের প্রতী-কার করিবার উপযুক্ত অবসর আমরা পাই নাই। বাজপুরুষেরা তখন আমাদের প্রকাখ প্রতিবাদই চাহিতেন, ইহান্দ প্রতীকারের ভার আমাদের উপরে অর্পণ করিতে সাহস পান নাই। রোগের প্রতীকার করিতে হইলে প্রথমে তাহার মিদান-নির্ণয় আবশ্রক। আর এই নিদান নিূর্ণয় করিতে গেলেই লাট মিন্টোর কঠোর ও অদ্রদর্শী শাদন-নীতিরও করা পমালেগচনা যথাযোগ্য হুইয়া পড়িত। মিন্টোর শাসনকালে এরপ সমালোচনা সম্ভব ছিল না, স্কুতরাং দেশের লোকনায়কগণের পক্ষে স হাভাবে বোগের প্রগীকার-এই সমাকরপে চেষ্টারও অবসর ছিল বিধাতার না ৷ कुभाग्न लाहे नार्जिङ्गत भामनाधीरन অবদর আমরা পাইয়াছি। মিণ্টো-শাদনের নৃতন আইন-কামুন রদ হইয়া যায় নাই দকল বিধি-ব্যবস্থার কিন্তু সে বিভীষিকা দেশে আর জাগিয়া নাই। শাসন-যন্ত্রের পরিবর্ত্তন হয় নাই, কিন্তু বর্ত্তমান বড়লাটের ব্যক্তিগত চরিত্র ও স্মাক্দশী নাতিজ্ঞতার গুণে শাদনের ভাব বদলাইয়া গিয়াছে। বৰ্ত্তমান অপবাত-বেদনা-প্লীড়িত হইয়াও লাট হার্ডিঞ্জ মুহুর্তের জন্মও নীতি-ল্লন্ত হয়েন নাই। ভারতশাধনে তিনি যে নীতি প্রবর্ত্তিত করিয়াছেন, এই সকল আ্মুঘাতী আত্তায়িতার দারা কেশাগ্র পরিমাণেও যে তাহার পরিবর্ত্তন হইবে না, –রোগশয্যায় পড়িয়াও তিনি এই আখাস প্রচার করিয়াছেন। স্থতরাং এ সমর্থে সর্ববেগভাবেই স্বদেশের প্রকৃত হিতাকাজ্জি-গণের পক্ষে লাট হাডিঞ্জের সমীচিন শাসন-নীতির সমর্থন কর। কর্তব্য।

আমাদের স্বাদেশিক ঠার সঙ্গে লাট হার্ডিঞ্চের শাসন-নীতির সম্পূর্ণ সঙ্গতি না থাকিলে' কখনই এমন কথা বলিতাম না। লাট কার্জন এবং তাঁহার পরে লাট মিটো ধেনীতির অনুসরণ করিয়া চলিতেছিলেন,

তাহার সঙ্গে এই সাদেশিকতার সঙ্গতি থাকা पृत्तत कथा, वतः এकि। প্রবল বিবোধই জাগিয়া ছিণ। এ বিরোধ না থাকিলে, এই বৎসর দেশে যে অশান্তি জাগিয়া ছিল তাহাও জাগিতনা) লাট কাৰ্জন সর্ব্বতোভাবে ব্রিটিশের স্বাথকে ভা**রতের** শাসন-ব্যবস্থায় ও রাষ্ট্রীয় কর্মক্ষেত্রে ভারত-বাসীর স্বাদেশিকতার আদর্শের প্রতিকুলে প্রতিষ্ঠিত করিবার চেষ্টা করিয়াছিলেন। ভারতের সাম্রাজ্য-আকাজ্জার ব্রিটিশের সামাজ্যনীতিকে তিনি কিছুতেই মিলাইতে মিশাইতে পারেন নাই। স্বতগাং লাট কার্জনের শাসনকালে ভারতের স্বাদেশিকতা কিয়ংপরিমাণে গভর্ণমেণ্টের দিকে মুখ ফিরাইয়া চলিতে আরম্ভ करत्। लां पिर्णां अ কাৰ্য্য 5ঃ কার্জনের শাসননাতিরই অনুসরণ করেন, সুতরাং তাঁহার শাসনকালেও স্বাদেশিক লোকনায়কগণ গভর্ণমেণ্টের দঙ্গে সাহচর্য্য করিবার অবসর প্রাপ্ত হন নাই। লাট মিণ্টো উত্তত শাসনদণ্ড দেখাইয়া, আমাদের প্রাণগত স্বাদেশিকতাকে বর্জন করিয়া, তাঁহার গভর্ণমেণ্টের একান্ত আমুগত্য গ্রহণ করিবার জন্ম আমাদিগকে আহ্বান করিয়া**ছিলেন**। আৰ those who are not with us, are against us অর্থাৎ যাহারা আমাদের পক্ষে নয় তাহারা আমাদের বিপক্ষে, এই বলিয়া, শুদ্ধ এই সন্দেহের উপরে নির্ভর করিয়া, অপরাধী-নিরপরাধী-নির্বিশেষে দেশের সকল স্বাদেশিকতাকেই ব্রিটশ-শাসনের স্বল্লবিস্তর শক্ত বলিয়া ধরিয়া লইয়াছিলেন। অদুরদশিতার দারা যাহারা বাস্তবিক শত্রু নহে, তাহাদিগকেও যে শক্রভাবাপন্ন করিয়া তুলিতে পারা যায়, লাট মিণ্টো এবং ঠাহার পৃষ্ঠপোষকেরা এ মোটা কথাটাও, মনে হয়, বুঝি বা লক্ষ্য করেন নাই।

লাট হার্ডিঞ্জ ইহা বিশেষ ভাবে লক্ষা করিয়াছেন। শুনিয়াছি তিনি না কি একবার वित्राहित्नन .(व Nagging is not administration; অর্থাৎ খোঁচান আর শাসন করা এক কথা নহে। এই জন্ম তিনি কারণে অকারণে অথবা সামাস্ত খুঁটিনাটি ধরিয়া দেশের কোন ব্যক্তি বা সম্প্রদায়কে খোঁচাইতে চান নাই। অগুদিকে मृन नका ही क আমাদের স্বাদেশিকতার তিনি গ্রহণ করিয়াছেন বুলিয়াও হয়। বিগত বংসর বঙ্গতঞ্চ রদ করিবার প্রস্তাব করিয়া তিনি যে মন্তব্য লিপিবদ্ধ করেন' তাহাই ইহার সাক্ষী। এই মন্তব্যে তিনি মুক্ত কঠে প্রাদেশিক স্বাতন্ত্রোর বা provincial autonomyর আদর্শটীকে ব্রিটশ-শাসননীতির অঙ্গীভূত। করিয়। লইয়াছেন। লাট হার্ডিঞ্জের মত স্মুবিজ্ঞ ও সমাকৃদর্শী নীতিজ্ঞ ব্যক্তি প্রাদেশিক বা provincial autonomy স্বাত্য্রা প্রতিষ্ঠিত করিয়া স্বাদেশিক স্বাতন্ত্র্য বা National autonomyকে যে চিরদিন ঠেকাইয়া রাধা অসাধ্য, এমন সোজা কথাটাও যে বোঝেন না ইহা কল্পনা করাও অসন্তব। Provincial autonomy বা প্রাদেশিক স্বাতন্ত্রোর পশ্চাতে national autonomy वा चारिनक चाउहा य चानित्वरे चानित्व ইহা অবশ্রস্তাবী ও অনিবার্ঘ। স্তরাং লাট হার্ডিঞ্চ প্রাদেশিক স্বাতব্রোর স্বাদর্শ টাকে প্রকাশ্যভাবে গ্রহণ ক্রিয়া, কার্য্য ১:
স্বাদেশিক স্বাতস্ত্র্যের আদর্শও গ্রহণ করিয়াছেন। স্থার এই জ্যুই ভারতের স্বাদেশিকতার দঙ্গে হাডিঞ্জি-নীতির প্রক্বত পক্ষে কোন বিরোধ নাই।

কোন আদর্শের দর্শন লাভ করিলেই অমনি যে তাহা চরিত্রে বা জীবনে, অনুষ্ঠানে বা প্রতিষ্ঠানে একেবারে গড়িয়া উঠে, ভাহা नटि । कि वाक्तिगठ कोवत्नद्ग, कि मामाकिक জীবনের,—সকল উলার ও উন্নত আদর্শ-গুলিকেই গুরুদত্ত মন্ত্রের স্থায়, বহুকাল ধরিয়া ধ্যান ও ধারণা করিতে হয়। দীর্ঘকালব্যাপী শাসন-সংযমের অনুসরণ করিয়া, জীবনের বা সমাজের ক্ষেত্রকে সেই আদর্শের সম্যক্ প্রতিষ্ঠার উপযোগী করিয়া তুলিতে হয়। স্থতরাং মন্ত্রৰাভ আর সিদ্ধিলাভ যেমন এক কথা নহে, সেইরূপ কোন আদর্শকে লাভ করা ও তাহাকে প্রতিষ্ঠা করা এক কথা নহে। অতএব আমরা স্বাদেশিক স্বাতন্ত্র্যের আদর্শ লাভ করিয়াছি বলিয়া, এখনই যে দে স্বাতম্ভ্রা প্রতিষ্ঠা করিতে পারিব, এমন কল্পনাও করা যায় না। এ বিষয়ে এত অধীর হইলে চলিবে না। অধৈর্যা সকল সাধনার বাদী। থেমন ক্ষেত্ৰেই জীবনে সেইরূপ রাষ্ট্রীয়ঞ্চীবনেও দীর্ঘকাল ব্যাপী সাধনার প্রয়োজন। এই সাধনা ক্রিতে ক্রিতে প্রবর্তাবস্থার অনেক ভূল-অভিজ্ঞতার রন্ধির সঙ্গে ভান্তি সংশোধ্যত আপনা' হইতেই যায়। এইরপেই শিশ্ব আপনার পূর্ব্ব-সংস্কার-বশতঃ সাধনে প্রবৃত হইবার সময়ে গুরুদত্ত মল্লের যে কদর্থ করিয়া লয়, সাধনের

অভিজ্ঞতা-ইন্ধির স**দ্বে** সকে তাহাও সংশোধিত হইয়া, অন্তরগত মোকের আদর্শ ক্রমে ক্রমে পরিস্ফুট ও স্থদম্ম হইয়া উঠে। অতএব নবজাগরণের প্রথম উল্লাসে স্বাদেশিক তার যে ছবি আমাদের অন্তরে অঙ্কিত করিয়াছিলাম, চারিদিকের অবস্থা ও বাবস্থার দক্ষে তাহার যথাযোগ্য দঙ্গতি সাধন করিতে যাইয়া যে সেছবির অগ-সমাবেশের কিছু পরিবর্ত্তন হইতে পারে না বা হইবে না ইহাও অসম্ভব। আর এই সকল ভাবিয়া **6ि छित्रा ८ मिश्ल ना** हे हार्डिक व्यापनात মন্তব্যে যে আদর্শের ইঙ্গিত করিয়াছেন. তাহা যে প্রকৃতপক্ষে আমাদের এই স্বাদেশিকতার সত্য আদর্শ নহে, এমন কথাও বলিতে পারি না।

লাট হার্ডিঞ্জ ইংরেজ। ব্রিটিশের ফার্থের প্রতি অন্ধ হইয়া চলা তাঁহার পক্ষে অসম্ভব। ব্রিটিশের স্বার্থরক্ষার জন্মই তাঁহার উপরে ভারতের শাসনভার অর্পি হইয়াছে। ব্রিটেনের অনিষ্ট করিয়া ভারতের ইষ্ট-माधानत क्रम (ठहें। कतित्म, नार्वे शाफिक्षरक বিশ্বাস্থাতকের কর্ম করিতে হয়। স্থুতরাং ভারতের সঙ্গে ব্রিটশের সকল সম্পর্ক চুকিয়া যাউক এমন নীতির অমুসরণ করা তাঁহার পক্ষে অসম্ভব ও অসঙ্গত। তাঁর শাগননীতির **गक्का ७ हेश नहि। व्यक्त किनि क्रांतिन** যে ভারতের সঙ্গে ব্রিটেনের সম্পর্ক বঞ্চায় রাধিতে হট্লে, দেশের এবং বর্তমান অবস্থাধীনে, কার্জ্জনের বা মিণ্টোর নীতির অনুসর্ণ করিলে চলিবে না। সম্প্র জগত যে রাষ্ট্রীয় আদর্শের সন্ধানে ছুটয়াছে,

ভারতের প্রকৃতিপুঞ্জকে সে পথ ইইতে সরাইয়া রাখা রা প্রতিনির্ত করা সম্ভব নহে। সুত্রাং ভারতের নবজাগ্রত স্বারাজ্য-আকাজ্ঞা কি করিয়া নির্মান করিতে হইবে, ব্রিটশ শাসনের বর্তমান সমস্থাও এই আকাজ্ঞার ইহা নহে। কিরুপে যথাযোগ্য পরিত্তিপ্র সাধন করিয়াও, ভারতের দঙ্গে ব্রিটেনের রাষ্ট্রীয় সম্পর্কটা বজায় রাথিতে পারা যায়, ভারত-<mark>শাসন</mark> সম্বন্ধে ব্রিটিশ নীতিজ্ঞদিগের সম্মুধে এই সমস্তাই আজ উপস্থিত হইয়াছে। যে পথে এই সমস্থার মীমাংসা সম্ভব, লাট হার্ডিঞ্জ দেই পথ ধরিয়া**ই** চ**ণিয়াছেন।** সুতরাং ব্রিটিশ সামাজ্যের হিতাকাঞ্জী মাত্রেরই তাঁহার এই সমীচিন শাসননীতির সমর্থন ও অনুবর্ত্তন করা কর্ত্তব্য।

আর ভারতের সতা স্বাদেশিকতার পক্ষেও এই একই বিধান। জগতের সভ্য**তাভিমানী**় জাতি সকল আপনাদিগের দেশে যে সকল অধিকার ও অবসর ভোগ করিয়া থাকে, ভারতবর্ষের লোকেরা নিজেদের দেশে সেই সকল অধিকার ও অবসর লাভ করিয়া সর্বতোভাবে আপনাদের সম্টিগত জাতীয় জীবনের সার্থকতা সাধন করুক, ভারতের স্বাদেশিকতা ইহাই ন্বাদেশিক চায়। স্বাতন্ত্র্যের অন্ত কোন অর্থ আছে বলিয়া জানি না। জগতের আব সকল জাতির সক্ষে স্প্রতোভাবে বিচ্ছিন্ন হইয়া না থাকিলে , জীবনের যে আমাদের জাতীয় সার্থকতা-সাধন অসম্ভব, এমনও বলা যায় আর ব্রিটিশের সঙ্গেও আমাদের একটা সম্বন্ধ তোকল্পনা করিতে

পারা [®] যায়, যে সম্বন্ধের দারা আমাদের স্থাদেশিকতার সার্থকতা সম্পাদনে কোনোই ব্যাঘাত উৎপন্ন হইবে না। ক্যানেডা, অষ্টেলিয়া, দক্ষিণ আফ্রিকা, নিউজিল্যাণ্ড, অন্তৰ্গত ও প্রভৃতি ব্রিটিশ সামাজ্যের ব্রিটিশের সঙ্গে বিবিধ রাষ্ট্রীয় সম্বন্ধে আবিদ্ধ . কিন্তু এ স্বন্ধ তো তাহাদের স্বাদেশিক স্বাতস্ত্রাকে বিন্দু পরিমাণও সন্ধুচিত করে নাই। ক্যানেডা গ্রভৃতির সঙ্গে ব্রিটশের যে সম্বন্ধ আজ আছে; আমাদের স্ফো কখনই সে সম্বন্ধ গড়িয়া উঠিবে না, জানি। मश्य । স্ত্রবিশুর বজের সম্বন্ধ ইংরেজের উপর ভারতের সে পদক্ষের দাবী नाहे, এवः कथनछ इट्टर ना। किन्छ विधिन সাম্রাজ্যনীতি যে পথ ধরিয়া চলিতেছে তাহাতে অল্পকাল মধ্যেই ক্যানেডা প্রভৃতির **সঙ্গেও ইংলণ্ডে**র একটা নূতন সম্বন্ধ গড়িয়া তুলিতে হইবে, নতুবা কেবল বর্ত্তমান রক্তের সম্বন্ধের উপরে এত বড় সাম্রাজ্ঞটাকে ধরিয়া রাখাসভব হইবে না। এই নূতন সম্বন্ধ Federation এর আকার ধারণ করিবে। আর এই Federation এর আদর্শেতে ভারতের স্বাদেশিক স্বাতন্ত্রোর

সঙ্গে ব্রিটিশের সাম্রাজ্য-সম্পদের একট্রা नां हार्डिश हेश সঙ্গতিসাধন সম্ভব। প্রতাক করিয়াছেন এবং তাঁহার শাসন-নীতি এই Federationএর পথ লক্ষ্য করিছাই এই জন্মই তিনি চলিয়াছে। ব্রিটিশ প্রভূশক্তির প্রতিনিধি আমাদের স্বাদেশিক স্বাহস্ত্রের আদর্শনীকে আপনার শাসননীতির মধ্যে বরণ করিয়া जूनिया नहेशारहन।

चात এই সকল দেখিয়া শুনিয়াই, তাঁহার উপরে যাহারা আততায়ীর মত এই আক্রমণ করিয়াছে, তাহাদিগকে সদেশের ও স্থাদেশিকতার ঘোরতর শত্রু বলিয়া মনে করি। বিধাতার রূপায় লাট হাডিজি রক্ষা পাইয়াছেন। তিনি সত্তর আবোগ্য লাভ করিয়া ভারতের, বিলাতের, এবং দ্বগতের কল্যাণ কল্পে আপনার অবশিষ্ঠ জীবন নিয়োগ করুন, ভগবৎ-চরণে এই প্রার্থনা করি। তাঁহার উপরে অব্যবহিত ভবিয়তে ভারতের শাস্তি এবং আমাদের স্বাদেশিক স্বাতম্ভোর আদর্শের যথাযোগ্য ক্ষুর্ত্তি বহুল পরিমাণে নির্ভর করিতেছে। শ্রীবিপিনচক্ত পাল।

জয়দেব ও বিদ্যাপতি

~(>)

জয়দেব বাঙ্গালী, কিন্তু বাঙ্গালী কবি নহেন; মিধিলা-নিবাসী হইয়াও বিভাপতি এখন বালালী কবির মধ্যেই পরিগণিত হইয়াছেন। বাঙ্গালায় বিভাপতির যত আদর মিথিলায় তত আছে কি না জানি না, অন্ততঃ ইহা নিশ্চিত যেঁ বঙ্গদেশে বিভাপতির যে পরিমাণে চর্চা হইয়াছে ও হইতেছে, সেই পরিমাণে চর্চো তাঁহার জন্মভূমিতে হয় নাই। ইহার কারণ এই যে, জয়দেব যে দেশের কবি, সে দেশে কবিত্বের আদর চিরপ্রথিত, সে দেশের জল-বায়ু দ্বেন কবিশ্বময়; অত এব
যাহার যথার্থ কবিশ্ব আছে বঙ্গদেশ তাহাকে
সমাদর করিতে যেন বাধা। জয়দেব বাজালী
হইয়াও বাজালী কবি নহেন, তথাপি বঙ্গভারতী তাঁহার কাছে যে কত ঋণী তাহা
এক মুখে বলিয়া শেষ করা যায় না। জয়দেব
বাজালার শেষ সংস্কৃত কাব্য রচনা করিয়াছেন, যেন সংস্কৃত ভাষা মৃত ভাষা হইবার
পূর্বে অপূর্বে উজ্জ্বল আলোকে চতুর্দ্দিক্
উদ্ভাদিত করিয়া নিভিয়া গিয়াছে। মধুর
কোমল-কান্ত পদাবলী যথার্থই যদি দেখিতে
চাও, তবে গীতগোবিন্দ পাঠ কর, তাহা
দেখিতে পাইবে।

কি প্র ষ ০ই মিপ্ত হউক, গীতগোবিন্দ যদি
সংশ্বত কাব্য মাত্রই হইত, তাহা হইলে আমরা
তাহার এত পক্ষপাতা হইতান না। গীতগোবিন্দ শেষ সংশ্বত কাব্য, কিন্তু আদি
বাঙ্গালা কাব্য। একটা বিশাল রক্ষের পতন
হইলেও, অনেক সময় তাহার শিকড় হইতে
ছোট গাছগুলি যেমন আপনি গজাইয়া উঠে,
তেমনি বিশাল সংশ্বত কাব্য-তক্ষর পতনে,
বাঙ্গালা কাব্যবক্ষের চারা যেন আপনি
গজাইয়া উঠিয়াছিল। গীতগোবিন্দের
গীতগুলি হইতে সংশ্বত বিভক্তিগুলি খনাইয়া
লইলে, তাহারা বাঙ্গালা কবিতার মত
শোনায়।

"চঁল সথি কুঞ্জং সতিমিরপুঞ্জং
শীলয় নীল নিচোলম।"
বাপালা কবিতার উর্জাতন পিতামহও নয়, ঠিক
এক পুরুষ উপরেই। অনেক স্থলে গীতগোবিন্দের পদ অবিকল বান্ধালা বলিয়াই
লওয়া যায়—

- (১) চন্দনচর্চ্চিত নীল কলেবর পীতবসন বনমালী।
- (২) মধুকর নি গর করম্বিত কোকিল কুজিত কুঞ্জ কুটারে।
- (৩) ললিতলবঙ্গলতাপ্রিশীলন কোমল

 মলয় সমীরে।

 এগুলি খাঁটে বাঙ্গালা কাব্যেও বেশ চলিয়া

 যাইতে পারে। অনেক স্থলে ক্রিয়াপদের

 একটু আগটু ব্যতিক্রম করিলেই জয়দেবের

 গান বাঙ্গালা গানে পরিণ্ড হয়। যথা—

বসতি বনে বনমালী।
জন্মদেবের গী থগোবিন্দে একটা **ভোত্ত**আছে, যাহার সাতটী চরণে ও ভার**তচন্দ্রের**বাঙ্গালা স্থোত্র গুলিতে কিছুমাত্র প্রভেদ নাই।
ভারতচন্দ্র লিখিয়াছেন—

ধীর সমীরে যমুনা তীরে

জয় রাম রাঘব, ক্ব**ফ কেশব**কংস দানব ঘাতন।
অথবা জয় জয় হর রঙ্গিয়া,
কর বিকশিত নিশিত পরশু

শভর কর কুরিদিয়া।
ইহার সহিত গীতগোবিন্দের ২নং গীতের
প্রথম সাতটা চরণ মিলাইয়া দেখুন, কিছু
প্রভেদ নাই। বাঙ্গালা কাব্যের মধ্যে যদি
ইহারা স্থান পায়, তাহা হইলে যে না শানে,
দে কথনই বুঝিতে পারিবে না যে, এই স্তোত্তগুলি সংস্কৃত গীতগোবিন্দে আছে। গীতগোবিন্দের ভাষা বাঙ্গালা কাব্যের ভাষার
স্ক্রন। করিয়াছে, দে বিষয়ে সন্দেহ করিবার
কারণ নাই। বাঙ্গালা ভাষার বীজ্ব বপন
করিয়া গীতগোবিন্দে সংস্কৃত কাব্যের শয়ন,
এবং কয়েক শতাকী পরে গীতগোবিন্দের

ভাব, ভাষা ও ছন্দ লইয়া মৈথিল কবি
বিভাপতির ও বাঙ্গালী কবি চণ্ডীদাদের
জাগরণ। গীতগোবিন্দের মত মধুর না
হইলেও, ভাষা ও ছন্দ বিভাপতির পদাবলীতে
কম সমৃদ্ধ নহে, নিতান্ত কম মধুরও নয়।
কিন্তু বিভাপতির ছন্দ যে গীতগোবিন্দের
ছন্দের অমুকরণে সৃষ্ট হইয়াছে এ বিষয়ে
মতভেদ হইবে না।

রতি স্থপারে গতমভিদারে

মদন মনোতর বেশম্।

ন কুরু নিত্তিনি গমন বিলম্বনমন্থ্যর তং হাদয়েশম্।
ধীর সমীরে যমুন। তীরে

বসতি বনে বনমালী॥
নামসমেতং কুতসক্ষেতং বাদয়তে মৃহ বেণুম্
বহু মন্থতে তমু তে তনু সঙ্গত পবন চলিত

মণি রেণুম্।
এই গীতের চন্দই বিভাপতির হস্তে

এই গীতের ছন্দই বিভাপতির হস্তে
কবরী ভয়ে চামর গিরি কন্দরে
মুখ ভয়ে চাঁদ আকাশে
হরিণী নয়ন ভয়ে, স্বর ভয়ে কোকিল
গতিভয়ে গদ্ধ বনবাসে।
এবং

অপরপ রূপ

বিভূবন বিজয়ী মালা।

স্থুম্মর বদন চারু অরু লোচন
কাজরে রঞ্জিত ভেলা।
ইত্যাদি ছম্দে পরিণত হইয়াছে।
তান বিনিহিতমপি হারম্দারম্।
মা মহু তে রুশতন্ত্রিব ভারম্॥
রাধিকা বিরহে তব কেশব।

সন্ত্রসমন্ত্র্যপথি মলয়জ্ব পৃক্ষণ্।
পশ্রতি বিষ্কিব বপুষি সশক্ষম্॥

জয়দেবের এই মধুর ছন্দৃই রূপান্তরিত হইয়া বিভাপতির অনেকগুলি পদাবলীতে প্রকাশিত হইয়াছে—ধ্রথা

- (১) শুন শুন মুগধিনি মরু উপদেশ। হাম শিথায়ব চরিত বিশেষ॥
- (২) এ ধনি কমলিনী শুন হিতবাণী।
 প্রেম করবি অব সুপুরুষ জানি॥
 সুজানক প্রেম (হম সমতুল।
 দহিতে কণক দিগুণ হয় মূল॥
- (৩) শুন শুন এ সধি বচন বিশেষ।
 আজু হাম দেয়ব তোহে উপদেশ॥
 পহি গহি বৈঠবি শয়নক সীম।
 হেরইতে পিয়ামুখ মোড়বি গীম॥
- (8) আবওল ঋতুপতি রাজ বসস্ত। ধাওল অলিকুল মাধ্বী পন্থ॥
- (৫) এ কে ধনী কমলিনী সহজহি ছোট। ॰ করে ধরইতে করে করণা কোটী॥ এইরূপ আরও জয়দেবের অনেক ছন্দ, অন্ততঃ ছন্দের থবনি, বিভাপতির পদাবলীতে করিয়াছে। লাভ প্রবেশ কথিত আছে যে, জয়দেবের কবিতার অনুকরণ করিয়া কবিশেখর বিভাপতি "নবজয়দেব" উপাধি লাভ করিয়াছিলেন। নবজয়দেব ভণি হাযুক্ত পদাবলী বিভাপতির রচিত বলিয়া স্থিরীকৃত হইয়াছে। *

জয়দেবের গীতগুলি যেমন শুধু স্থর ও তালের উপর প্রতিষ্ঠিত নহে, ছন্দাত্মকও বটে, যতি ও মাত্রার উপরও অনেক পরিমাণে নির্ভর করে, বিল্পাপতির পদাবলীও ঠিক সেইরূপ। ইহারা গীত হইলেও কেবল গান নহে, কবিতাও বটে। বিরাম, যতি,

পরিষদ্ সম্পাদিত বিস্তাপতির পদাবলী।

প্রভৃতি ইহাদের দুর্গুলিতেই, প্রায় অবিক্বত ভাবে বিদ্যমান্ আছি। তাই জয়দেবের গীতাবলী ও রিদ্যাপতির পদাবলী এতত্ভয়েরই পাঠকালে যতি-পতনের প্রতি দৃষ্টি রাথিয়া পড়িলে ইহাদের মিইজের কোনও শতি হয় না।

বিদ্যাপতিতে ছন্দের বৈচিত্র্য বোধ হয়
দ্বাদেব অপেক্ষাও বেশী আছে, কিন্তু
কতকগুলি ছন্দ, যেমন দেশী বরাড়ী প্রভৃতি,
দুই কবিরই পদে পাওয়া যায়, এবং ছন্দের
গতি ও মন্থণতা জয়দেবের গীত হইতেই যে
বিদ্যাপতিতে আদিয়াছিল সে বিষয়ে
কোনও ভুল নাই।

্বিভাপতি বাঙ্গালী কবি নহেন, এ কথায় আর এখন কাহারও সন্দেহ থাকা উচিত নয়। কিন্তু বিভাপতি 'যে দেশেরই কবি হউন, তাঁহার প্রভাব যে বন্ধবাদীর উপর অশেষ তাহা অমীকার করিবার উপায় নাই বছৰতাকী ধরিয়া বিভাপতি বালালীর चानि कवि वनिशा थांश श्रेशां हित्नन; এवः বঙ্গদেশের বৈষ্ণবকবিকুল তাঁহাকে ও চণ্ডী-পথপ্রদর্শক দাদকে তাঁহাদের বলিয়া মানিয়া লইয়াছিলেন, এবং তাঁহাদের নমস্বার পূর্বক ভরির্দেশিত পথে চলিয়া-ছिলেন। বৈষ্ণবকবিরাই বঙ্গদেশকে ক্ৰিত্বস্থা পান করাইয়া অমর করাইয়াছেন, এবং ভীগীরথের মত বঙ্গদেশে কৃষ্ণপাদোডবা পীযুষবাহিনী গীতি-ভাগীরপীকে তাঁহারাই প্রথম প্রবাহিত করিয়াছেন। অতএব এই অমৃতধারার জন্ম বঙ্গদেশ চিরকাল বিভা-পতির কাছে ঋণী থাকিতে তথু এই জন্মই নয়, বঙ্গদেশ বিভাপতির কাছে অন্ত কারণেও ঋণী। বিদ্যাপতির পদ ভক্তির অবতার শ্রীচৈতন্তের বড় প্রিয় পদার্থ ছিল; তাঁহার পার্শ্বদগণও বিদ্যাপতির পদাবলী হইতে মধুর স্সমাধন পিপাসা মিটাইতে পারিয়াছিলেন এবং সেই রসের পরিপোষক শিক্ষাও দিতে পারিয়াছিলেন। অতএব বিদ্যাপতির কাছে বঙ্গদেশ পবিত্র বৈষ্ণবধর্ণের পরিপুষ্টির প্রভণ্ড অনেক পরিমাণে ঋণী, তাহা বোধ হয় কেহ অস্থীকার করিবেন না।

বৈষ্ণব কবির মধ্যে বিদ্যাপতির অক্বর্গত্তিই বেশী, তাহার একটা কারণও আছে, ভাহা এ স্থলে বলিবার প্রয়োজন নাই। আমার বক্তব্য এই যে, আজ যদি আমরা জানিতে পারিয়াছি যে, বিদ্যাপতি মৈথিল কবি, বাঙ্গালী কবি নহেন, তাই বলিয়া যে আমরা তাহার ঝণপাশ হইতে মুক্ত হইয়া পড়িয়াছি তাহা নহে। সে ঋণ আমরা কথনও পরিশোধ করিতে পারিব না, কারণ বঙ্গদেশ বিদ্যাপতির কাছে কবিত্-ঋণে এত ঋণী যে সেই ঋণ পরিশোধ করাই অসাধ্য।

সে হেন বিভাপতি জয়দেবের কাছে ওধু ছব্দের জন্ম ঋণী নহেন, ভাবের জন্মও বিশেষ ভাবে ঋণী। জয়দেব বঙ্গদেশে মধুর রসের প্রবর্ত্তক, অতএব বৈষ্ণব কবি মাত্রই তাঁহার কাছে ঋণগ্রস্থ। এ সম্বন্ধে বিভাপতি চণ্ডীদাস কেহই বাদ যান না। জয়দেবের ক্রিড যে কেবল কথার বাঁধুনির বা ছন্দের পারিপাট্যের উপর প্রতিষ্ঠিত নহে, তাহ। হয় তো অনেকে বিশ্বাস করিতেই চাহিবেন না। কিন্তু যাঁহার কাছে বিভাপতি ও চণ্ডীদাস ভাবের জন্ম ঋণী, তিনি ক্রিড্-শক্তির দাবী

করিতে পারেন কি না তাহা সজ্জনেরাই विदिक्ता कित्रदिन । जिनकान विज्ञाहिशाहिः তাই আঞ্চকাল জয়দেবের কবিত্ব প্রমাণের বিষয় হইয়া দাঁড়াইয়াছে। ইহা এক হিদাবে স্থলকণ বটে, কারণ ইহা দারা **মানুষের মনের গতি বৃঝিতে পারা** যাইতেছে। লোকে এখন যে ভালবাসার রাজ্য হইতে वाखविटारक একেবারে বর্জন করিবার পক্ষপাতী হইয়াছে, তাহাতে এক কালে যে স্থফল ফলিবে, দে বিষয়ে আশা করা অসঙ্গত रहेरव ना। किन्न जानत्मंत्र निरक पृष्टि রাখিলেই যে বাস্তবকে একেবারে তাড়াইয়া দিতে পারা যাইবে তাহা সম্ভব নয় এবং বান্তব-বজ্জিত আদর্শ কথনও প্রতিষ্ঠা লাভ করিবে তাহাও হুরাশা মাত্র। আজকালকার এই সমাগোচক কথাটা বিশ্বত হইয়া একটা ঝোঁকের মাথায় সমা-লোচনা করিতে বসেন এবং সমালোচ্য कवित्र ममाठी थूँ बिहा थूँ बिहा वाहित करतन, পরিতাপের বিষয়। সূগ্য দৰ্শী ইহাই সমালোচক জয়দেবে যে প্রভৃত কবিষ-শক্তির পরিচয় পাইবেন তাহাতে অণুমাত্র मामा नारे। चात এक कथा, जग्रामय किया অক্তান্ত বৈষ্ণব কবির কেবল বাহ্ দৃষ্টিতে निर्छत कतिया ममालाइना कता य ठिक नरह তাহা নিরপেক সমালোচক মাত্রেই ব্ঝিবেন। এ কথা গ্রিয়াস্ন প্রভৃতি সারগ্রাহী বিদেশী লোকেরাও বুঝিয়াছেন, কিন্তু ছঃখের বিষয় জয়দেবের স্থদেশী অনেক সমালোচক তাহা বুঝিতে চাহেন না। যাহা হউক, এই দল যদি জন্মদেবের গুঢ়ত অস্বীকার করিয়াই কান্ত হইতেন তাহা হইলে আমাদের বিশেষ

আপত্তি থাকিত না, কিন্তু তাঁহারা যে একটা ধ্যা ধরিয়া জয়দেবের কবিছ-শক্তির অপলাপ করিতে প্রবৃত্ত হ'ন, ইহাতেই আমাদিগের আক্ষেপ।

জয়দেবের কবিতা বহিমুখী, অন্তমুখী নহে, ইহাও জয়দেব সম্বন্ধে জনেকের আপতি। তাঁহার প্রেম দেহনিবন হৃদয়ের সহিত কোনও সম্পর্ক রাথে না, এ কথাও অনেককে শুনিয়াছি। আমরা দেহ বেচারার উপর বেঞ্চায় নারাজ হইয়া পড়িয়াছি, ভালবাদার রাজ্যে বস্তুতঃ তাহার যতই দাবী থাকুক, কাব্যজগতে সে দাবীদাওয়া তাহার করা চলে না, ইহাই আজকালকার নজীর। আমরা এই মতের সম্পূর্ণ পক্ষপাতী না হইলেণ্ড এ কথা বলিতে কুন্তিত নহি যে, ভালবাসার যে অন্তমুখী বুজি তাহাই কাব্য-জগতে শোভা পাইবার যোগ্য, সে বিষয়ে সন্দেহ ৰাই; কিন্তু কোনও অস্বাভাবিক ভাবই কাঝ্যে শোভা পায় না, এই জন্ম দেহ-বৰ্জিত ভালবাসা যাহা জগতে অস্তিৰহীন কাব্যে চিরস্থায়িত্বের করিতে পারে না। ভালবাসার স্থবঃখ কেন হয় ? যাহাকে ভালবাসি তাহাকে यमि পাইলাম, তাহার সহিত কথা কহিলাম, তাহার আদঙ্গলিপা চরিতার্থ **ক**রিতে পারিলাম, তাহা হইলে ভালবাদার সুখ, আর তাহা না হইলেই ভালবাদার হঃখ। ভাল-বাদার নৈরাণ্ডের চিত্র জগতের সকল মহাক্বিই আঁকিয়াছেন। সেই সকল চিত্ৰ বিশ্লেষণ করিলে দেখিতে পাওয়া যায় যে, আসললিপ্সার অচরিতার্থতাই ইহার মূলে অবস্থিত এবং ইহার জন্মই নির্নাশ-প্রণয়ের

यञ्जण। ভालगामात मृत्त याहाई शांकूक, অর্থাৎ দ্ধপই পাকুক, বা গুণই পাকুক, যদি তীব্ৰ লাল্যা মনে উদিত না হয়, তাহা इटेल (म जानशामा कथनहे जारी इर न।। বোমিও রোজালিনকে ভালবাসিত, কিন্তু তাহার দে ভালবাদ। একটা ক্লণবিধ্বংদী ভাব মাত্র, তাহাতে লালসার তীব্রতা আদৌ हिन ना; ठाइ यथन (म (ताका नित्त क्र কবিতা আওড়াইতেছিল, ঠিক সেই সন্যেই জुनिर्युष्ठे (कथिया পাগল হইয়াছিল। তাহার এই ভালবাসায় তীব্র লালসা মিশিয়া ছিল, তাই তাহার জুলিয়েট-প্রীতিই যথার্থ ভালবাসায় দাঁডাইয়াছিল। যদি রোমিও এবং জুলিয়েটের দ্বায়ে অসীম আকাজ্জা ও আদপ্রনিপা না জাগিত, তাহা হইলে তাহারা কবিতা গড়িয়া বেশ পরম্পরকে ভুলিয়া থাকিতে পারিত, প্রণয়ের সর্বনাশী বেগের মুখে আত্মনাশ করিয়া কাব্য জগতে প্রণয়ীর আদর্শ হইয়া থাকিতে পারিত না। ভাল-বাসার রাজ্যে সালসার স্থান নিতান্ত অবহেলনীয় নহে, এ কথা মনুধ্যহাদয়জ্ঞ মাত্রেই স্বীকার করিয়। গিয়াছেন।

তবে লালদাই ভালবাদা নহে; ইহাও
ব্যাইবার প্রয়োজন নাই। লালদার দহিত'
ফারে সংযুক্ত না হইলে তাহা কেবল ইন্দ্রিয়বিকারে পরিণত হয়। ইন্দ্রিয়বিকার যে
ভালবীদা নহে এবং ভালবাদা যে কেবল
ইন্দ্রিয়-চপলতা নহে, তাহাও সকলেই জানেন।
লালদার ছারা যে বাদনার উদয় হয়, তাহাই
ফারে ভালবাদার পুষ্টি দাধন করিতে পারে
ও করিয়া থাকে। তাহা যদি না হইত
ভাহা হইলে জগতে ভালবাদার আয়ুত্যাগ

বলিয়া কিছু থাকিত না। ভুধু गरना कार्य. किस धनरम त्य मानमा नारम, তাহা প্রণয়পাত্তকে আপনার করিতে চায়, এবং সেই প্রবৃত্তি পরিশুদ্ধ ও পরিপুষ্ট হইয়া ক্রমে আপনার বলিয়া কিছু রাখিতে চাহে না, দর্বন্ধ প্রণয়পাত্রকে দুর্মপুণ করিতে চায়। দে ভালবাদা যে কিছুই নয় এবং তাহা যে কণভদুর, তাহা জগতের সকল মহাকবিই শিক্ষা দিয়াছেন। উদাহরণ দিবার প্রয়োজন নাই। যেখানে ভালবাদার কথা আছে. দেইখানেই মহাকবিরা এই কথা বলিয়াছেন। আসঙ্গলিপাকে থাট করিবার ইচ্ছা যে ভাবপ্রসূত্ই হউক না কেন, ভাগবাসার উক্তম প্রতিমূর্ত্তির ভিচরেও ইহাকে খুঁ বিষয়া কবিকে না **জিজাসা** পাওয়া যাইবে। করিয়া যদি আমরা বৈজ্ঞানিকের কাছে याहै, जाहा इटेल आमता উछत्र পाहेत त्य (योन मिलानन (प्यायत छेश्शानक। আকর্ষণই ক্রমশঃ নানা প্রকারে বিভন্ধ হইয়া জগতে ভালবাদার পবিত্র আদর্শে উপনীত হইতে পারিয়াছে। প্রথম পরিণী গ জुनियुष्ठे वनियार्ह्मः --

Oh I have bought the mansion of a love
But not possessed it; and though I am told,
Not yet enjoyed: so tedious is the day
As is the night before some festival
To an impatient child that hath new robes,
And may not wear them.

পেই সম্ভোগলোলুপা জুলিয়েটই অকাতরে পারিয়াছিল। মরিতে রোমিওর জগ্ত জুলিয়েটের পূৰ্কো রোমিওও মরিবার মৃতকল্প দেহে শেষ চুম্বন ও শেষ আলিঙ্গন না দিয়া থাকিতে পারে নাই। এই আসঙ্গ-লিপা মৃত্যুকালেও লোককে ছাড়িতে চাহে সন্তোগ একীকরণের প্রধান সহায়, যদি সে সভোগ মাত্র ইন্দ্রিয়-চপলতার দারা সাধিত নাহইয়াপ্রণয়ের ছারা সাধিত হয়। ষে ইন্দ্রিয়-পরিতৃপ্তি ক্ষণিক উত্তেজনা এস্ত, তাহা নীচ ও ঘৃণ্য, কিন্তু যে আকৰ্ষণে আকৃষ্ট হইয়া প্রণয়ীযুগল পরস্পরের আলিঙ্গনের জ্য লালায়িত হয়, তাহাকে কাব্যজগত হইতে বিদৰ্জন দিবার জো নাই। তা যদি দেওয়া যায়, তাহা হইলে ডেস্ডিমোনা, শকুন্তলা এমন কি দীতা-সাবিত্রীকে পর্যান্ত কাব্য-জগত হইতে বিদায় লইতে হয়। তাই বলিয়াছিলাম যে, ভালবাসাকে আজকাল-কার সমালোচকেরা যতই ছাঁকিতে চেষ্টা করুন, ্ইহা ১ইতে আসঙ্গলিপারপ কীটাণুকে একে-वाद्य वान मिख्या हिलावहें ना। नाद्य कि বৈজ্ঞানিক ভালবাসাকে একটা contagious disease (ছোঁয়াচে রোগ) ঠিক করিয়া প্রণয়-কীটাপুর (Love bascilli) সন্ধানে বাস্ত হইয়া পড়িয়াছেন। তা সমালোচক মহাশয়েরা যতই হাওয়ায় হাত পা নাড়িবার পরামর্শ দিতে থাকুন, দার্শনিক "মদনমুখ চ পেটকা" লিখিতে থাকুন, যদি ভালবাসার অভিত জগতে কুল থাকে, তাহা হইলে সাক্ষাৎ মহাদেবকে অপরাধী মদনকে **भूनकृ**ष्कीविष्ठ कविराज हरेरव, अवः स्म भरक বয়ং দেবতারাই প্রার্থী হইবেন।

সীকার করিতে বাধ্য নই যে, জয়দেবে हेलिए इत् चाकर्षन ७ ^६ देनहिक मस्त्रारन्द কথা বেশী মাত্রায় আছে। আছে বলিয়াই যে জয়দেব ভালবাদা বুঝিতেন না, তাহা নয়। ভিতরকার কথা ছাড়িয়া দিলেও, অর্থাং জয়দেবকে আদি বৈষ্ণব কবি ভাবিয়া বিচার না করিলেও, ইহা মানিতে . হইবে যে, अवस्पार একজন প্রেমিক কবি ও উচ্চ অঙ্গের প্রেমের কবি। জয়দেবের গীত-গোবিন্দ নিরবঞ্জিল কামের গান নহে, তাহা একটু তলাইয়া দেখিলেই বুঝা যাইবে। আজ এমন দিনকাল পড়িয়াছে যে, এ কথাটা বলিতেও একটু ভয় হইতেছে, কারণ জয়দেবে যে কিছু ভাল আছে, এ কথা বিখাস করান নিতাত্ত সহজ কাজ নহে। অনেকের ধারণা যে ইন্তিয়-লোলুপতাই क्यरतर्वं कविठात नर्वत्र धवः एध् এই জন্মই আমরা জয়দেবকে তথা অন্যান্য বৈষ্ণব কবিকে আদর করি। বাঙ্গালী চরিত্তের य(बंडे व्यवनिक इंडेशार्ड, मि विष्यु मक्टेंबर থাকিতে পারে না, কিন্তু তাই বলিয়া আমরা বাঙ্গালী এতই উচ্ছন গিয়াছে যে, কৰিব কাব্যে কেবল এই কুৎসিৎ অংশটুকু ধরিয়াই কবিকে আমরা আদর করি, এ কথা আমি তো স্বীকার করিতে প্রস্তুত নহি। অথচ জয়দেবের আদর বঙ্গদেশে যথেষ্টই আছে তাহা দেখিতে পাই, এবং ইহাতে জানা যাইতেছে যে, বিলাতেও আঞ্চকাল তাঁহার প্রতিপত্তি হইয়াছে ও হইতেছে। আমরা যেন মুখ্যুত্বিৰ্জিত হইয়াছি, কিন্তু সেধানে তো মানুষ আছে, তাহারা কি দেখিয়া আগুরস্ত করিতে জয়দেবকে আদর

করিয়াছে ? অতএব খুঁজিলে যে জয়দেবে কিছু ভাল জিনিষ পাওয়া যাইতে পারে, এ কথা নিতান্ত প্রলাপবাক্য নহে।

প্রথমেই বলিয়া রাখি যে, জয়দেবের গীত-(भाविन्म आमात छान नार्भ, इंशांउ यिन কোনও অপরাধ হয় তাহা হইলে আশা করি পাঠ গে ক্ষমা করিবেন, কারণ **জয়দেবকে আদ**র করার অপরাধ শুধু আমার একা নয়, ভারতবর্ষেএ অপরাধ অনেকে এখনও করিয়া থাকেন। এবং এই অনেকের ভিতর গুণগ্রাহী ব্যক্তিরও অভাব ভারতবর্ষ জয়দেবকে ভালবাদে নাই। অনেক কারণে; ভারত সুরপ্রায়, জয়দেবে ভরা স্থর; সংস্কৃত কোনও কাব্যেই এমন সুরের ঝঙ্কার গুনিতে পাওয়া যায় না। জয়দেবের ভাষাও তেমনি মধুর, তেমনি ঝক্ষারময়ী, তেমনি আনন্দের আধার; যিনি ভাষারসজ্ঞ তিনি জয়দেবের ভাষা দেথিয়া তেমনি আনন্দিত হইবেন যেমন একজন শিল্পরস্ত ব।ক্তি তাজমহলের দলুংখ দাঁড়াইয়া আনন্দিত হন। এই ভাষার আভাদ লইয়া বছৰতাদী পরে বঙ্গের ভারতচন্দ্র "ভাষার তাজমংল" খ্যাতি লাভ করিয়াছেন। সংস্কৃত ভাষার উপর **জন্মদেবের অভুত প্রভুত্ব;** কি অসাধারণ নিপুণতার সহিত তিনি ভাবের সহিত কথার সঙ্গতি সাধন করিয়াছেন, তাহা এক মুখে প্রশংসার অতীত। জয়দেব বলিয়াছেন যদি কোমলকান্ত মধুর পদাবলা গুনিবার ইচ্ছা थारक, जाश इहेरल अव्ररमय मन्त्रक औरक শ্রবণ কর। আমরা বলি ওরুমধুর কোমল-काञ्च পদাবনী नहरू, अन्नरतिय সরস্বতী গন্তীর

রসাত্মক বাক্যাবলী প্রণয়নেও যথেষ্ট কৃতী। ইহার নিদর্শনস্বরূপ "মেবৈমে ত্রমন্বরম্" ইত্যাদি গীতগোবিন্দের প্রথম শ্লোক ও দশাবতার-স্থোত্র প্রভৃতি অরণ করুন। জয়দেব কবি ভাষার বিশ্বকর্মা।

ছদের জ্লাও জয়দেবের কাছে আরতবাদীমাত্রেই ঋণী। ছন্দ এবং সুর এমন সরলও তরল ভাবে, এমন অনায়াদভলির সহিত অপর কোনও কবি মিশাইতে পারিয়াছেন বলিয়া জানি না। জয়দেবের কোমল পদাবলী হরের সহিত, তালের সহিত গান করিবার উদ্দেশ্তে বিরচিত বটে কিন্তু তাহা না করিয়া যদি শুধু আবৃত্তি করিয়া যাও, তাহা হইলেও তাহাদের মিষ্টত্বের কোনও হানি হইবে না, তাহারা সমানভাবেই উপভোগ্য থাকিবে। গীতগোবিন্দের যেখানেই খোল, সেইখানেই এ কণার অভ্ত প্রমাণ মিলিবে।

বাঙ্গালীর কাছে গীতগোবিন্দের
আদরের একটা প্রধান কারণের কথা
পূর্বেই বলিয়াছি; গীতগোবিন্দ সমগ্র
ভারতবাসীর অধিগম্য শেষ কাব্য এবং
বাঙ্গালীর প্রথম কাব্য। গীতগোবিন্দের
ছন্দ লইয়া বাঙ্গালার সমস্ত কাব্য পরিপুষ্ট
হইয়াছে ও হইতেছে। অতএব বাঙ্গালী
জয়দেবকে আদর করিবে না এ কেমন
কথা ?

কিন্তু ইহাই জয়দেবের সর্ববিধন নহে, আমরা সেই কথা প্রতিপর করিবার প্রয়াস করিব, এবং আশা আছে একেবারে অক্ত-কার্য্য হইব না। কিন্তু সে চেষ্টার পূর্ব্বে আমা-দের নিবেশন এই যে, পাঠকগণ তাঁহাদের পূর্ব্বগঠিত সংস্থার, জয়দেব সম্বন্ধে তাঁহাদের আমাদিগের বক্তব্যের প্রতি মনঃসংযোগ অকারণ-সঞ্জাত ভ্রান্ত ধারণা বর্জনপূর্ব্বক করিয়া যেন আমাদিগকে কুতার্থ করেন।

শ্ৰীজিতেন্দ্ৰলাল বস্থ।

চীনে প্রজাতন্ত্র

চীন জাতি যে এত দীর্ঘকাল এমন
অটুটভাবে স্বায়ী রহিয়াছে, তাহার প্রধান
কারণ তাহাদের জাতীয় স্বায়ত্ব-শাসনের
ক্ষমতা। চীন জাতির প্রতি পরিবার মধ্যে
রাষ্ট্রনীতির বাজ নিহিত রহিয়াছে। এই
প্রত্যেক পারিবারিক শাসননীতির দ্বারাই
সমস্ত সামাজ্যের রাষ্ট্রনীতি গঠিত হইয়াছে।

প্রত্যেক পরিবার যেমন স্মরণাতীত কাল হইতে এক নিঃমে শাসিত হইয়া আসিতেছে, সেই মত বহু পরিবারের সমষ্টি একথানি গ্রামণ্ড সেই গ্রামের একজন মোড়ল দ্বারা শাসিত হইয়া পাকে।

কতক গুলি গ্রাম ও সহরের দারা এক জেলা গঠিত। প্রত্যেক জেলায় এক একজন ম্যাজিট্রেট। এই সকল ম্যাজিট্রেট একাধারে শাসনকর্ত্তা ও বিচারকর্ত্তা, এবং ইহারা নানা বিষয়ে বর্ত্তমান মিউনিসিপাল প্রেসি-ডেন্টের কার্য্য করিয়া থাকেন। প্রত্যেক জেলার শাসনকার্য্য ম্যাজিট্রেটের দারা মনোনীত মোড়ল বা পঞ্চায়ত দারা সম্পন্ন হইরা থাকে। কয়েকটা জেলার দারা একটা ডিভিসন এবং অন্কেগুলি ভিভিসন দারা একটা প্রদেশ গঠিত। এক এক ডিভিসনের উপর এক এক কমিশনার এবং এক এক প্রদেশের উপর এক এক গভর্ণন নিযুক্ত। আবার কয়েকজন গভর্ণরের উপর একজন গভর্ণর কেনেরাল নিযুক্ত। কিন্তু প্রতি গ্রাম, পাতি ডিপ্টিক্ট, প্রতি ডিভিসন, প্রতি প্রদেশ স্বায়ত্ত-শাসন-প্রণালী দ্বারা শাসিত। এই প্রাদেশিক স্বায়ত্ত-শাসনের উজ্জল দৃষ্টান্ত ১৯০০ খৃঃ বক্সার যুদ্ধের সময় হ'ও'ন-দি-যাই ও চাং-টি টুংর শাসনপ্রণালী দ্বারা প্রকাশ পাইয়াছিল। এবং সেই স্বায়ত্ত-শাসনের জ্বলন্ত দৃষ্টান্ত বর্ত্তমান প্রজ্ঞাতন্ত্রের জনেক গভর্ণর, ও গভর্ণর জেনেরালগণ দেখাইজেছেন।

এই সকল প্রাদেশিক স্বায়ত্ব-শাসনের
সমষ্টির উপর পেকিনের রাজকীয় গভর্ণমেন্ট।
এই রাজকীয় গভর্গমেন্টের মূলমন্ত্রই এই থে,
"প্রত্যেকেই স্বতন্ত্রভাবে শাসিত হউক।"
প্রত্যেক প্রদেশ হইতে নিমন্নমত
রাজস্ব আদায় এবং প্রত্যেক প্রদেশে শান্তি
স্থাপিত থাকিলে পেকিন গভর্গমেন্ট সম্ভুষ্ট
থাকিতেন।

তবে চীনের প্রাদেশিক স্বায়ত্ব শাসনের প্রধান দোব এই বে, ম্যাজিষ্ট্রেট হইতে গভর্ণর জেনেরাল পর্যান্ত সম্রাট কর্তৃক মনোনীত হইয়া থাকেন। প্রাক্তাগণের এই অনোনয়ন-কার্য্যে কোন হাত নাই। কিন্তু সম্রাট স্বেচ্ছাচারভাবে মাণ্ডারিন্গণকে নিযুক্ত করিলেও জাঁহাকে ,সময় সময় প্রজাগণের অসংখ্য উৎপার্দন্থারী মাণ্ডারিনগণকে জনসাধারণের অভিপ্রায়ান্থ্যারে বরধান্ত করিতে বাধ্য হইতে হয়।

চীন জাতির স্বায়ত্ত-শাদনের আর একটী
আশ্চর্য দৃষ্টান্ত তাহাদের গুপ্তামতি
সকলের গঠনপ্রণালী। সমস্ত চীনদেশে যত
ক্ষুদ্র বা রহৎ ও প্রদিদ্ধ সমিতি আছে
তাহাদের সভ্য-সংখ্যা ন্যুনকল্লে ৬০ লক্ষ
হইবে। বর্ত্তমান রাষ্ট্রবিপ্লবের প্রধান যন্ত্রই
এই গুপ্তসমিতি সকল।

গত তিন চারি বংশর মধ্যে এই সকল
সমিতির অক্সতম সভা ডাঃ স্থন-ইমেট-সেন
ইহার সভ্য-সংখ্যা রদ্ধি করিতে এবং নানা
দেশ হইতে অর্থ সংগ্রহ করিতে প্রাণপণে
চেন্তা করিতেছিলেন। এই সকল গুপুসমিতির ধারা এত সম্বর এই প্রকাণ্ড ফুরহ
ব্যাপার দাধিত হইয়াছে যে পশ্চিম জগতের
একেবারে তাক্ লাগিয়া গিয়াছে। এই
সকল গুপুসমিতির লোকে মাঞ্ সমাটের
দিংহাসনের নিমে যেন ডিনামাইট পুতিয়া
রাথিয়াছিল, কেবল একটু অগ্নিসংযোগ
সাপেক ছিল।

চীন ব্লাতির মার এক আশ্চর্য্য ক্ষমতা—
তাহাদের সামাজিক Guild বা ব্যবসায়িক
সমিতি। পরস্পারের সাহায্যের জন্ম প্রত্যেক
সহরে এই সকল সমিতি আছে। কোনসভ্য প্রকারে ক্ষতিগ্রস্ত হইলে, দেউলিয়া
হইয়া পড়িলে বা, মন্ত কোন কারণে বিপদ্শুস্ত
হইলে অপর মেম্বরগণ তাহাকে সাহায্য
করিয়া বিপদ হইতে উদ্ধার করিয়া দেয়।
এই গিল্ড (Guild) সমিতির ক্লম্ট ইহাদের

বাবসায়ে এত সমৃদ্ধি ও ইহার। এত কার্ণাতৎপর। বর্ত্তমান ডাকবিভাগ ও ব্যাক্তের
ফ্টির বহু পূর্ব হইতেই চীনাদের ব্যাক্ত ও হণ্ডির কার্য্য চলিয়া আদিতেছে।

এই প্রকার বাণিজ্য, ব্যবদায় ও স্বায়রশাসনপ্রণালীতে যুাহারা অভ্যন্ত, তাহারা
কেন আমেরিকার প্রণালীতে রাজ্যশাসন
করিতে পাঁরিবে না ?

চান-শাসননীতির ইহাই উচ্ছা থংশ। বাষ্ট্রবিপ্লবকারী সর্দারগণের সন্মূথে অধুনা কি বিষম সমস্যা উপস্থিত, তাহা একবার বিচার করিয়া দেখা যাউক।

এখন প্রশ্ন এই বে রাজকীয় শাসন-প্রণালীর নীতি ও ভাব এককালে লোকের অন্তঃকরণ হইতে সম্পূর্ণরূপে দ্রীভূত করিয়া একদমে প্রজাতন্ত্র-শাসন-প্রণালী লোকের হুদয় অধিকার করিতে পারিবে কি না চু

সহত্র সহত্র শতাকী হইতে চীন রাজ্ভন্ধ-প্রণালী দারা শাসিত হইয়া আসিতেছে।
এ কথা সত্য যে, এদেশের শাসন-প্রণালী
প্রজাতন্ত্রের নিয়মামুসারে কতকটা হইলেই
প্রজাগণ রাজাকে পবিত্রভাবে দেখিত।
এখন তাহারা সেই রাজার পরিবর্ত্তে একজন
প্রেসিডেন্টকে সেই ভাবে কথনই ধারণা
করিতে পারিবে না। চীন সম্রাট পবিত্র,
স্বর্গজাত এবং স্বর্গীয় দেবতার প্রতিনিধি
রূপে রাজ্য শাসন করিতেন।

তিনি জনসাধারণের পিতা ও সর্বশ্রেষ্ঠ গুরু-পুরোহিত রূপে অবস্থিত ছিলেন। প্রকৃত পক্ষে সম্রাট একাধারে সমাজনীতি, রাষ্ট্রনীতি ও ধর্মনীতির কেক্সন্থল ছিলেন।

পেকিনের দক্ষিণ পূর্ব কোণে মনোহর নিকুঞ্জবন সদৃশ একটা উদ্যান আছে। তাহার মধ্যে খেত-প্রন্তর-নির্মিত স্বৰ্গ-মন্দির (Temple of Heaven) স্থাপিত। চতুষ্পার্যস্থ বৃক্ষশ্রেণী তাহার বেষ্টনী এবং উপরম্ভ নীলাকাশ তাহার চন্দ্রাতপ। এই খেতমর্মর-প্রস্তর-নির্মিত মুক্ত বেদীর মধ্যস্থলে একখণ্ড খেত-মর্মার-প্রত্তর-ফলক স্থাপিত। সেই প্রস্তার-ফলককে বিশ্ব-কেন্দ্র ক্রপে মনে করা হইয়া থাকে। কোন মূৰ্ত্তি স্থাপিত নাই। এই ছাদ ও বেষ্টনীশূন্ত বেদিতে আসীন হইয়া সম্রাট শৃক্তস্থ নয়নাগোচর দেবতাকে আরাধনা করিতেন। এবং অবনতজামু হইয়া প্রজা-বর্গের মঞ্চল কামনা এবং রাজ্যের স্থধ-শান্তির কামনা করিতেন। এই ভাবে সমাট ও প্রজাবর্গের মধ্যে পিত। পুত্র সম্বন্ধ। এই ভাবে চীন-সামাজ্যের অস্থি-মজ্জা গঠিত। এই ভাবের উপর কনফুসিয়ানের রাজ-নৈতিক ও দার্শনিক মত স্থাপিত।

কন্ফ্সিয়ানের পাঁচটা উচ্চ আদর্শঃ—
রাজার ও প্রজার, পিতা ও পুত্রে, স্বামী
জ্ঞীতে, জ্যেষ্ঠে ও কনিষ্ঠে এবং বন্ধু ও বন্ধুতে
বে সম্বন্ধ ও ভাব, রাজতন্ত্রশাসনপ্রণালা সেই
সকল সম্বন্ধের উপরে প্রতিষ্ঠিত। যে নৈতিক
বলের দ্বারা চীন সমাজ শাসিত এবং
যাহার দ্বারা রাজ্যে শান্তি ও সুশৃঙ্খলা বিরাজ
করে তাহা রাজ-ভক্তি, দয়া-ধর্ম, অতীতের
প্রতি সম্বান, বয়সের প্রতি শ্রদ্ধা এবং বন্ধুবাদ্ধবের উপর বিশ্বস্তা।

এই সকল সামাজিক ও দার্শনিক নীতি পুঝারুপুঝারূপে বিচার করিয়া দেখিতে গেলে পাশ্চাত্য দেশের দহিত তুলনায় ইহার কোন কোন নীতিতে এত পার্থক্য বোধ হয় যে, তাহা উত্তর মেরু হইতে দক্ষিণ মেরুর পার্থক্যের সদৃশ। এ কথা সত্য যে চীনে পার্চীন অনেকগুলি নীতি বর্ত্তমান কালামুযায়ী অপ্রযোজ্য, এবং কন ফুসিয়ানের কোন কোন মত এখন পরিত্যক্য।

প্রজাতন্ত্র বা ডিমক্রেটিক ভাবের মূলমন্ত্রই বাক্তিগত স্বাধীনতা ও দায়িত্ব। এই ব্যক্তিগত স্বাধীনতা ও দায়িত্ব চীনদেশে রাষ্ট্রনীতির সম্পূর্ণ অধারিচিত। চীনদেশে ব্যক্তিগত স্বাধীনতা ও দায়িত্ব এক একটী পরিবার মধ্যেই নিহিত। মৃত ও জীবিত ব্যক্তির সমষ্টি এক পরিবার মধ্যে গণ্য। পূর্ব্বপুরুষের পূজা দারা এই সামাজিক নীতি গঠিত।

এই ব্যক্তিগত স্বাধীনতা ও দায়িত্বের ভাব এক দিনেই জন্মে না। পূর্ব্বে বলা হইয়াছে যে, চীন-সমাজ প্রজাতন্ত্র নহে। চীনের রাষ্ট্রনীতি রাজতন্ত্র এবং ইহাই এই জাতির পক্ষে স্থবিধাজনক বলিয়া প্রমাণিত হইয়াছে।

যাহা বহুশতান্দী যাবৎ চলিয়া
আদিতেছে ভাহাকে হঠাৎ ফেলিয়া দিয়া
তৎপরিবর্ত্তে বিদেশী নীতি অবগ্রমন কি
পুবিধান্তনক ? কোন জাতির পক্ষে'কি ইহা
মঙ্গলক্ষনক ?

্টীনের বর্ত্তমান রাষ্ট্রবিপ্লব ফরাসী রাষ্ট্রবিপ্লবের মত নহে, দেখানে প্রাজ্ঞশক্তিকে ধ্বংস করিয়া দেই ধ্বংসাবশেষ-ভিত্তির উপর প্রজাতন্ত্রের ভিত্তি স্থাপিত হইন্নাছে। চীনের রাষ্ট্রবিপ্লবের প্রধান কারণ মাঞ্রাজবংশের প্রতি বিবেষ, প্রজীতদ্বের পতাকা উজ্জীয়মান করিয়া, সেই মাঞ্বংশের নির্বাসন।

চীনেরা মাঞ্ ভাড়াইয়া আপন জাতীয় রাজবংশ কি রাজপাটে বসাইতে চাহে না ? রাজার পরিবর্ত্তে প্রেসিডেণ্ট বসান চীন জাতির ধারণা ও সংস্কারের অতীত। ইউন-সি-আই যে প্রথম অবধারণ করিয়াছিলেন যে চীনের 🖧 অংশ লোক রাজতন্ত্রের পক্ষপাতী, সে কথা মিথ্যা নয়। সম্রাট চলিয়া গিয়াছেন, সাম্রাজ্যের এক তাবন্ধন কি দৃঢ় থাকিবে ?

এখন প্রশ্ন হইতেছে যে, মঙ্গোলিয়া, তিবেত, তুর্কিস্থান, মাঞ্চরিয়া প্রভৃতি চীন সামাজ্যের একতা স্থত্তে আবৃদ্ধ থাকিবে কি না ? না, তাহার মাত্র আঠারটী প্রদেশ শইয়াই চান সম্ভপ্ত থাকিবে ? সেই আঠারটী প্রদেশেরও পরস্পরের মধ্যে বিভেদের সম্ভাবনা আছে। ক্যাণ্টন হয় ত স্থন-ইয়েট-সেনকে প্রেসিডেণ্ট মনোনীত করিবে তাহাতে কি উত্তর চীনের লোকে রাজি হইবে ?

চীনের দ্বিতীয় সমস্তা এই যে চীন প্রক্রোতন্ত্র-শাসনের উপযোগী হইয়াছে কিনা ?

মন্টেকিউর Monteque) ধারণা এই যে
কোন ব্রহদায়তনের দেশের পক্ষে রিপাবলিক বা প্রকাতন্ত্র-শাসন-প্রণালী অসম্ভব
ভবে আমেরিকার যুক্তপ্রদেশের কথা
স্বতন্ত্র। সেখানে রেল টেলিগ্রাফ ও ষ্টিমারাদি
হারা একদেশ হইতে অন্ত প্রদেশের দ্রহ
স্থানেক পরিমাণে গ্রাস হইরাছে। কিন্তু

চীনের কথা সতন্ত্র। চীনে হইতে অপর প্রদেশে বা এক সহর হইতে যাতায়াতের সহরে অস্থবিধা রহিয়াছে। সমস্ত চীনদেশে মাত্র ২৭০০মাইল রেলপথ-কুদ্র জাপানের হাংকাও হইতে ছিছোয়ানের রাজ্ধানী চেংঠো পৌছিতে ৪০ দিন লাগে। চীন প্রস্নাতন্ত্রের প্রেসিডেণ্ট হইবার প্রার্থীকে সমস্ত প্রদেশ ভ্রমণ করিয়া লোক স্কলকে বুঝাইয়া দিতে এবং তদ্বারা ভোট সংগ্রহ করিতে তিন বৎসরের প্রয়োজন। অসুবিধা ভিন্নও ভাষার অস্থবিধা গুরুতর সমস্যা। প্রত্যেক প্রদেশে এক এক স্বতন্ত্র ভাষা। এমন কি এক প্রদেশেও নানা প্রকার উপভাষা ব্যবহৃত হয়।

कााफीन (পिकत्नत्र ভाষা বোঝে ना। তাহারা একে অন্তের সঙ্গে কথা বলিতে হইলে হয় ত মাণ্ডারিন্ ভাষায় কথা বলে, না হয় অন্ত কোন বিদেশী ভাষা বাবহার করে। ইহা ভিন্ন এক প্রদেশের লোকের সঙ্গে অন্ত প্রদেশের লোকের তাদৃশ শহাত্ত্তি নাই। होन প্রদেশের লোকে ক্যাণ্টনিকে মাঞ্ অপেক্ষাও বিদেশী মনে করে ৷ এক প্রদেশের লোকের ভাষা ও আচার-ব্যবহারের সলে অন্য প্রদেশের লোকের ভাষা ও আচার-ব্যববারের বিশেষ পার্থ া রহিয়াছে। এক প্রদেশের সম্বন্ধে যাহা সত্য, অন্ত প্রদেশের সম্বন্ধে তাহা মিথ্যা বলিয়া প্রমাণিত হইবে। এ অবস্থায় এই বিপ্লবকারীদিগের সন্মুখে কি সমস্যা উপস্থিত তাহা আমরা সহজেই অমুমান করিতে পারি।

শ্রীরামলাল সরকার।

विषिनीत्वत (छ। कथारे नारे, कामालित यश्य वात्रक रे, द्वारक दकन चार्याकृत्यम । अनि शं वना हरेगा है, देशा প্রকৃত মর্ম গ্রহণ করিতে পারেন না। প্রাকৃতজনে স্বধর্মে আস্থাবান হইয়া অনেক সময়ে ইহার একটা অতি প্রাকৃত অর্থ করিয়া বসেন। কোনও অলোকিক উপায়ে পরমেশ্ব মমুধ্য-সমাব্দে তত্ত্তান ও ধর্মামুশাসন প্রচার করিবার উদ্দেশ্রে প্লথেদাদির প্রতিষ্ঠা করিয়াছেন, সাধারণ লোকে এমনও কল্পনা করিয়া থাকে। পশুতেরাও যে সর্ববর্গাই এরূপ কল্পনার পোৰকতা করেন না, এমনও বলা যায় मा। भानतौष्ठ युक्तित्व এই व्यर्थ त्रापत প্রামাণ্য প্রতিষ্ঠিত করা অসন্তব। আর (राम्ब्र श्रीमांग मश्य প্রাক্বতজ্বনের এই কদর্থ গ্রহণ করিয়াই, আজিকালি অনেকে বেদের অধিক।রকে অগ্রাহ্য করিয়া পাকেন।

প্রকৃতপকে হিন্দুর মীনাংসা শাল্পে বেদপ্রামাণ্যের এরপ কোন অতি প্রাকৃত অর্থ
পুঁজিয়া পাওয়া যায় না। স্টের সজে
সক্রেই বেদেরও উৎপত্তি হইয়াছে। স্টি
একটা ঘটনা-বিশেষ অথবা আর এক
দিক দিলা দেখিলে ইহাকে একটা নিরবছিল
ঘটনা-প্রবাহ বলিতে পারা যায়। এই
স্টেট হয় সার্থক, না হয় নিরর্থক। ইহা
দিনিরর্থক হয়, অর্থাৎ এই
মধ্যে কোন প্রকারের কার্য্য-কারণ-স্বদ্ধ

किया छे भाव-छे एक एअ व भारता ग ना था कि. তাহা হইলে ইহা কোন জ্ঞানগম্য হইতে পারে না। সে অবস্থায় কোনও জ্ঞানের উপরে যে সৃষ্টি প্রতিষ্ঠিত, এরপ অনুমান করাও অনাবশ্রক হয়। স্থু হরাং এরূপ স্থাইর সঙ্গে সর্ববজ্ঞান-মূল যে বেদ তাহার প্রতিষ্ঠা করারও আর কোনই প্রয়োজন থাকে না। অতা পক্ষে স্ষ্টি যদি একটা সার্থক ব্যাপার হয়. অর্থাৎ কৃষ্টি বলিতে আমরা যে ঘটনা বা ঘটনা-প্রশাহ বুঝি, তাহার যদি কোনও অর্থ থাকে, কার্য্য-কারণসম্বন্ধে প্রতিষ্ঠা, কিলা উপায়-উদ্দেশ্যের সংযোগ যদি এই সৃষ্টিব্যাপারের একটা অপরিহার্য্য লক্ষণ হয়, তাহা হইলে এই সৃষ্টির সঙ্গে সংগ্রই সর্বজ্ঞানমূল বেদের প্রতিষ্ঠাও অবশ্রস্থাবী হইয়া উঠে। এই অর্থেই বেদকে জগতের যাবতীয় জ্ঞানের আধার বলা হইয়া থাকে। এখন প্রশ্ন এই, এই স্ষ্টি-ব্যাপার নিত্য না অনিত্য। স্রষ্টা কোন বিশেষ কালে স্ষ্টিকার্য্য সম্পাদন করেন, এরপ সিদ্ধান্ত বা কল্পনা করিলে এই স্মৃষ্টিকে কোন মতেই নিত্য বলা যাইতে পারে না। আর সে অবস্থায় স্রস্থাও পরিবর্তনশীর ইইয়া পড়েন, তাঁর নিতাত্বও আর রক্ষা করা যায় না। কর্মের পূর্বে কর্মীর' যে অবস্থ। থাকে, কর্মকালে বা কর্মের পরে সে অবস্থা আর থাকে না, থাকা সম্ভব নহে। স্তরাং কালবিশেষে স্টে হইরাছে, এরপ

যদি মনে করিতে হয়, তাহা হইলে স্টির পূর্বে স্রষ্টার যে অবস্থা ছিল, এই স্টে-কার্যানিবন্ধন সে অবস্থার পরিবর্তন ঘটল, এই সিদ্ধান্ত পরিহার করা অসম্ভব হয়। স্ক্ররাং স্রষ্টার নিত্যত্ব-ধর্ম রক্ষা করিবার জন্ম স্টিকে বিশেষ কালে সংঘটিত ঘটন-বিশেষরূপে ব্যাখ্যা না করিয়া অনাদিরত কর্মপ্রবাহ বলিয়া ব্যাখ্যা করা আবশুক হয়। অর্থাং স্টেতেও নিত্যত্ব ধর্ম আরোপ করিতে হয়।

হিন্দু কল্প-স্ট বলিয়া এক প্রকারের স্টির কল্পনা করিয়াছেন। কল্লারন্তে এই স্টির স্চনা এবং কল্লান্তে ইহার বিনাশ হয়। কিন্তু বেদ যে স্টির সহচর এবং সেই জ্লাই নিত্য, তাহা এই ক্ল-স্টি নহে। কল্লারত্তে বেদের নূতন স্টি হয় না, কিন্তু সেই নিত্য বেদেরই পুনঃ প্রকাশ হয় মাত্র। আর কল্লান্তে স্টির সজে সক্লে বেদের বিনাশ হয় না। কেবল যে প্রয়োজনে স্টির ক্লিয়াতে বেদের বহিঃপ্রকাশ হইয়াছিল, সেই প্রয়োজন আর রহিল না বলিয়া, বেদ তাহার নিত্য আশ্রেয় সর্ক্জানাধার পরম চৈত্তপুক্ষের চিদাকাশেই বিরাজ করে।

একটা দৃষ্টাপ্ত দিয়া এই তর্ঘী হয়ত কিয়ৎ পরিমাণে বিশদ করিতে পারা যায়। কোন চিত্রকর বা ভাশ্বর চিত্রপটে বা মর্শ্মর-ফলকে প্রতিমূর্ত্তিকে অন্ধিত বা খোদিত করিবার পূর্ব্বে আপনার মানস-পটে ধ্যান্ধোগে সেই মূর্ত্তির একটা প্রতিক্তি ফুটাইয়া ত্লিয়া থাকে। সেই মানসী মূর্ব্তিটিই তার রচিত চিত্রে বা

ভামর্গো প্রকট হইয়া উঠে। শিল্পীর অন্তরে এই চিত্রের বা ভাস্কর্য্যের চিন্ন ভিন্ন অংশের বা অক্সের যেরপ সমাহার ও সমাবেশ হুয়, ঠিক তাহারই আদেশে বাহিরের পটে বা প্রস্তরে সেই মূর্বিটা ফুটিয়া উঠে। শিল্পীর মানদী মূর্ত্তির সঙ্গে তাঁহার চিত্রিত বা থোদিত প্রতিমূর্ত্তির সমন্ধ নিতা৷ একটাকৈ ছাডিয়া আর স্টি অসম্ভব। অথচ শিল্পী শিল্প রচনায় नियुक्त शहेरात शृत्विहे वा ममकात्न है शान-যোগে আপনার মানসী মূর্ব্রিটীকে সম্পূর্ণরূপেই প্রাপ্ত হইয়া থাকেন। আর সেই পূর্ণ আদর্শই খলে অলে তাঁহার চিত্রে বা ভান্ধর্যো ক্রমবিকাশ প্রাপ্ত হয়। শিলীর অন্তরে সেই মূর্বিটী পূর্ণভাবেই ফুটিয়া থাকে। কিন্তু চিত্রে বা প্রস্তারে তাহা উত্তরোত্তর পূর্ণতা প্রাপ্ত হয়। যতক্ষণ না, চিত্রটী নিঃশেষভাবে অন্ধিত হইয়াছে, ততক্ষণ সেই মানসী মূর্ত্তিটী চিত্রপটের বা প্রস্তর-ফলকের ক্রমশঃ প্রকাশিত মূর্ত্তি অপেকা বড় হইয়া রহে, এবং প্রতিপদে দেই মানসী मृर्खित निकटि वहेगा शिशाहे এই वा**हिरतत** চিত্রের বা ভাস্কর্য্যের সত্যাসত্যের ও পূর্ণতা-অপূর্ণতার বিচার করিতে হয়। বাহিরের চিত্র বা ভাস্কর্যাকে বুঝিঙে গেলে, শিলীর অন্তরের সেই মানদী মূর্ত্তিকে ধরিয়া চলিতে হইবে। বাহিরের চিত্র বা ভাস্কর্যা শেব হইবার পূর্বের কিম্বা শেষ হইবামাত্রই যদি শিল্পী তাহাকে নষ্ট করিয়া ফেলেন, তাহাতেও তাহার মানসী মূর্ত্তির কোন ক্ষয় বা অপচয় হইবে না। যথন ইচ্ছা তথনই তিনি পুনরায় এই মানসী মূর্ত্তিকে জাগাইয়া তুলিয়া আবার

নুতন করিয়া চিত্রপটে বা প্রস্তর-ফগকে তাহাকে প্রাকট করিতে পারেন বাহিরের চিত্রের বা ভাক্কর্যোর লোপে সে মানসী মূর্ত্তির লোপ হয় নাই।

অষ্টাকে যদি এই চিত্রকরের সঙ্গে তুলনা কর। যায়, আর তাঁর এই সৃষ্টি-ব্যাপারকে যদি এই চিত্রান্ধনের সঙ্গে তুলনা করা যায়, তাহা হইলে হিন্দু মীমাংসকেরা বেদ বলিতে যাহা বৃকিতেন, দে বস্তুটী যে कि. এবং সেই বেদের সঙ্গে সৃষ্টি-ব্যাপারের সম্বন্ধ কেন যে নিতা ইহা কিয়ৎপরিমাণে বোধগমা হইতে পারে। অনাদি কাল হইতে স্রষ্টার অন্তরে এই স্কটি-লীলার যে নিত্য আদর্শটী জাগিয়া রহিয়াছে, দেই निधिन टिज्जा मार्था, जुवाखनानित त्य নিত্য সম্বন্ধ প্রতিষ্ঠিত, সেই আনন্দোম্ভাসিত

চিত্তপটে যে সকল রস্মৃর্ত্তি নিত্য ফুটিয়া রহিয়াছে, **१ हे या** দেশকাশের ক্ষুদায়ত্র রক্ষঞে এই সৃষ্টি-লীল। পটে পটে ফুটাইয়া তুলিতেছে। এখানকার কার্য্যকারণ-দম্বন্ধের অর্থ, সেই জ্ঞানের মধ্যে যে সকল অর্থ প্রতিষ্ঠিত. উপায-উদ্দেশ্যের এথানকার সংযোগের সার্থকতা সেই থানে, যেখানে সকল সাধনা চিত্রসিঙ্কি লাভ করিয়া রহিয়াছে. (महे दिह्ना वाह्य का दिला कि दिला. দৃগুমান ৰিখের সার্থকতা আর থাকে না। আর দেই চিদ্রাজ্যের নিখিল সম্ম্বস্থ্ই সত্যকার বেদ। এই বেদ যে নিত্য, এই (वन (य कानविद्यांत भूक्षविद्यांव कर्ड्क রচিত হয় মাই, তাহাও কি আবার বলিতে হয়।

্ ১২শ বর্ষ, মাঘ, ১৩১৯

শ্রীবিপিনচন্দ্র পাল।

বিলাতের পুলিশ

লগুনের পাহারাওয়ালা

পাহারাওয়ালা সহরের জগতের একটী অপূর্ব্ব সৃষ্টি। ফরাদীদে বা আমেরিকায়, ইতালী কি জর্মাণীতে, পাশ্চাত্য জগতেও এ বন্ধনী আর কোথাও পাওয়া যায় না। আমেরিকার নিউইয়র্ক সহরের পুनियोत राष्ट्र अकृषा सूनाम नाहै। स्थानक সময় উচ্চ-নীচ অনেক পুলিশকর্মচারী রীতি-মত সহরের চোর, জ্বারী এবং বারাদনা-দিগের সঙ্গে নিজেদের একটা উপরি আয়ের वावश्वा कतिशा थाटकन, এमन ७ ७ न। यात्र। कतानीरमत পूनिम এडिंग পরিমার্ণে উৎকোচ-

গ্রাহী কিনা জানিনা। কিন্তু পারিদের পাহারাওয়ালা যে কার্য্যদক্ষতায় লগুনের পাহারাওয়ালা অপেকা ফরাদীদ-পর্টকেরাও একবাক্যে এই কথা স্বীকার করিয়া থাকেন। স্বেচ্ছাতন্ত্র প্রজা-পীড়নশীন ক্ষদামাজ্যে পুলিশের প্রভাব যত বেশী, য়ুরোপের আর কোধায়ও তত নহে। রুদ্ধের পুলিশ অনেক দ্ময় নিজেরা ষ্ড্যন্ত্র করিয়া, নরহত্যা প্রভৃতি গুরুতর পাপের আয়োজন করিয়া থাকে, এ কথা কিছুকাল হইতে ছনিয়ায় রাষ্ট্র হইয়া

পড়িয়াছে। যতদিন দেশে বিপ্লবের বহি হইবে, তিত্দিন রুষ্দায়াজ্যে পুলিশের প্রভাবও অপ্রতিহত থাকিবে। পুলিশবিভাগের কর্মচারিগণ এ কথা বিলক্ষণ জানেন ও বোঝেন, সুতরাং তারা অনেক मगर (गांभरन (गांभरन *बिट्डा*न र পাঠ। ইয়া, विश्ववभन्नो निगटक विभवगामी कविश থাকেন। আজেফ্নাথে পুলিশের একজন গুপ্তার এইরুণে ক্ষিয়ার বিপ্লবপদ্বীদিগের সহিত মিলিয়। অনেকগুলি নরহত্যার আয়োজন করিয়াছিল, এখন সভা জগতের সকলেই এ কথা জানেন। আর আজেফের हेिडान इंहेटडे क्षियात পুলিশের প্রকৃতির সুন্দর পরিচয় পাওয়। যায়। জর্মাণীর পুলিশের কথা বিশেষ কিছুই জানি না, কিন্তু ক্ষের পুলিশের মত এতটা দুর্দান্ত ও ত্রাচারী না হইনেও, ইংরেজের পুলিনেব সঙ্গে, কি কার্য্যক্ষমতায় কি সন্ধরিত্রে কোন विषया है कर्या भीत भूनित्नत (य जूनना है रय ना, निःमक्षार्ठं व कथा वना याहेर्ड भारत । পুলিশের কুতির ও সাধুতা জগতের সর্বরই তুইটী বস্তুর উপরে সম্পূর্ণরূপে নির্ভর করিয়া थारक । श्रथम, (नर्भर्यं मात्रन-यञ्ज यज्ञ-विखत পরিমাণে প্রকৃতিপুঞ্জের কর্তৃহাধীন হওঁয়া আবশুক; দ্বিনীয় দেশের লোক-প্রকৃতির मर्सा এक है। श्रेवन या हैन- या जूग हा नर्स ना জাগিষা থাক। চাই। ফলতঃ এই ছইটা **छित्र वश्च नरह। এक हे वश्च द्र इहे**। पिक्-মাত্র। শাসন মন্ত্রের উপরে যেথানে পুঁকৃতি-পুঞ্জের কর্ত্তর গুতিষ্ঠিত হয়, সেণানে দেশের আইন-কামুন প্রজা-মতের অমুবর্ত্তিতা করিয়া চলে। হার সে অবস্থায় প্রজাসাধারণে

नर(करे (मर्गत याहेन-कालूरनत अनूगड হইয়া বহে। শাদনের বিধি ব্যবস্থার সঙ্গে প্রজাসাধারণের মতামতের কোনও প্রকারের তীব্ৰ বা স্থায়ী বিৰোধ এ ক্ষেত্ৰে জনিতেই পারেনা। সুতরাং প্রজামগুণীর শাসনের বিধি-ব্যবস্থাকে পরাস্ত বা উপেকা করিবার ইঙ্ছাও জন্মে না। ইংরেজের শাসন-বাবস্থা মোটের উপরে ইংরেজ প্রজা-সাধারণের কর্ত্তরাধীন হইয়া আছে। এইজন্ত বিলাতের পুলিশ ক্ষুদ্তম প্রজারও সত্ত্ব-সার্থের উপরে অযথ। হস্তক্ষেপ করিতে সাহস পায় না। কোথায়ও কোনও পুলিশ কর্মচারী ভুলক্রমে বা হঠকারিতাবশতঃ কাহারাও উপরে অষ্থা অত্যাচার করিলে. দেশময় হুলস্থুল পড়িয়া যায় এবং গেই অত্যা-চারের প্রতিবিধানের জন্ত, হোম সেক্রেটারী হইতে আরম্ভ করিয়া, দেশের সমগ্র শাসক স্মাঞ্জ ব্যতিবাস্ত হইয়া পড়েন। একবার লণ্ডন সহরে একজন পাহারাওয়ালা মিদ্ ক্যাস্ নামে একজন গৃহস্থ মহিলাকে বারজনা-বৃত্তি অবলম্বন করিয়াছে বলিয়া সন্দেহ করে, এবং তাঁহাকে রাজপথ হইতে ধরিয়া লাইয়া याय। भिन कारित धनवन वा भनवन কিছুই ছিল না; বেচারী থাটিয়া আপনার সামান্ত জীবিকা উপার্জ্জন করিতেন। তথাপি এই ঘটনা লইয়া ইংলণ্ডের সকল শ্রেণীর মধ্যে পুলিশের বিরুদ্ধে তুমুল আন্দোলন উঠিয়াছিল। দেই আন্দোলনের কথা আমরা এ দেশেও পড়িয়াছিলাম এবং পড়িয়া বিশ্বিত ও হইয়াছিলাম।

ইংরেজের রাষ্ট্রীয় স্বাধীনতা সত্যই আছে, এ কথা মনে করি না। ইংরেজ-

সমাজের এক শ্রেণীর লোকের প্রাণে অপর শ্রেণীর লোকের প্রতি যে একটা গভীর স্বেহ বা সহাত্ত্তি আছে, এমনও দেখি নাই। ধনিগণ ব্যবসায়-বাণিজ্যের প্রতি-যোগিতায় নিধ নদিগকে নিৰ্ম্ম ভাবে নিম্পেষিত করিতে যে বিন্দু পরিমাণেও কুন্ঠিত হন, এমন কথা বলিতে পারি না। ইংরেজ-স্মাজের বিভিন্ন শ্রেণীর ও ব্যক্তির মধ্যে ণে কোনো প্রকারের একপ্রাণতা আছে, এমনটী কোখায়ও প্রত্যক্ষ করি নাই। বরঞ প্রতিযোগিতাপ্রধান বিলাভী সমাজের প্রকৃতির মধ্যে সর্বাদ। একটা স্বার্থপর স্বাতস্ত্রের ভাব জাগিয়া আছে, ইহাই অস্বীকার করা অসম্ভব। কিন্তু এ সত্তেও ইংরেজ-প্রকৃতির মধ্যেই নিজেদের প্রত্বার্প রক্ষার জন্ম একটা ব্যাকুলতাও সর্বাদা জাগিয়া রহিয়াছে। এবং এই বাাকুলতা इटेट रे यथनटे द्यथात भागक-मच्छानाय ক্ষুদ্রতম প্রকার জায় অধি গারের উপরে व्ययभा रुखाक्रिय करतन, उथन (मर्गत (नाक আর সকল ভূলিয়া গিয়া সেই গরীবের স্বর রক্ষার জভ বদ্ধপরিকর হইয়া দাঁড়ায়। এমনটী ইউরোপের আর কোথাও দেখা যায় না। আর ইংরেজ-চরিত্তের এই বিশেষত্ব নিবন্ধনই বিলাতের পুলিশ এমন অপূর্ব্যন্ত হইয়া আছে।

বিলাতের পুলিশকর্মচারিগণ জানেন ষে, তাঁরা প্রজাসাধারণের ভ্তা; ভাহাদের প্রভুনহেন। প্রজার স্বত্ব রক্ষা করিবার জন্তই তাঁহারা রাজকর্মের রত হইয়াছেন, সে স্বত্ব সক্ষোত্র বা হরণ করিবার জন্ত নহে। আর এই জন্ত একদিকে যেমন ইহারা হৃষ্টজনকে দমন্ করিবার জন্ত প্রাণপণ যত্র করেন, দৈইরূপ অন্তদিকে স্ক্রিধ বিষয়ে সমাজের শিষ্টজনকে যথাসাধ্য সাহায্য করিতেও চেটা করিয়া থাকেন। আর বিলাতী পুলিশের এই সাধারণ লক্ষ্যগুলি লগুনের পাহারাওয়ালার মধ্যে মৃত্তিমন্ত হইয়া উঠিয়াছে।

একদিকে যেমন বিলাতের প্রকৃতি-পুঞ্জের সত্ত-স্বার্থকে কথনই উল্লন্ড্রন করিয়া চলে ना. (महेन्न्य अग्रिक জনসাধারণেও পুলিশের বিধি-সম্মত আদেশকে কখনই থামাকা অমাত कतियां हत्न ना। श्रुनिम यनि (नर्भव লোকের শ্বস্থার্থকে সন্মান না করিত, আর দেশের লোক যদি পুলিশের স্থায় আদেশকে মানিয়া চলিতে অভ্যন্ত না হইত; ভাহা হইলে বিলাতের পুলিশ-শাসন এবং পুলিশ-চরিত্রও কিছুতেই এতটা অনক্সাধারণ উৎকর্ষ লাভ করিতে পাতিত না। লগুনের পাহারাওয়ালাটীকে ঠিক বুঝিতে হইলে এতগুলি কথা মনে রাখা আবশ্রক।

লওনের পাহারাওয়ালার মধ্যে প্রায়শঃই २ उर्केश्वनि विद्राधी श्रापत चार्वि ममादिष যায়। অতি দে থিতে পাওয়া সামান্য লোক হইলেও ইহাদিগের চরিত্রে কতকগুলি মহৎ গুণ প্রকাশিত ইইয়া থাকে। ইহারা বজ্রাপেকা কঠোর এবং কুসুমদল অপেকাও কোমল। ইহারা যখন वृद्धं लाकिनिरगत नगतन श्रव् इत्रः তখন ইহাদিগের মধ্যে এই বজ্ঞের কঠোরতা দেখিতে পাওয়া ষায়। আবার

লোকসংঘট্টের মধ্যে পথহারা অসহায় শিশুদিগের হাত ধরিয়া ল্ভনের পাহারাওয়ালা তাহাদিগের পিতামাতা বা অন্য অভিভাবককে খুঁজিয়া বেড়ায়, তখন তাহার মধ্যে কুম্বনের কোমলভা ফুটিয়া উঠে। পুলিশ প্রহরীর ভিতরে কোন একারের मोजना थाकिए भारत, हैश এ मिरमंत কল্পনাতেও আসে না। কিন্তু লণ্ডনের পাহারাওয়ালার সৌজ্ঞের স্থ্যাতি সভ্য জগতময় ছাইয়া গিয়াছে। লওন সহর না সাহারা অনেক সময় বুঝিয়া উঠিতে পারা যায় না। জগতের আর কোথাও এরপ জনাকীৰ্ণ বিজনতা আছে বলিয়া জানি না। चात এই সহतে यनि এই পাহারাওয়ালাগুলি না থাকিত, তাহা হইলে বিদেশীয়দিগের পক্ষে যথা ইচ্ছা চলা ফেরা করা একেবারেই मछव इहेज ना। लखन महद्र भीर्चकाल বাদ করিয়াও আমি তার াদক্নির্ণয় করিতে এখনও সুমর্থ হই নাই। আমাদের কলিকাতার মত আট দশটা সহর লওনের ভিতর পুরিয়া দিলেও তাহার সকল স্থান व्यधिकांत्र कता याहेरव कि ना मत्नद। এक পল্লীর লোকের নিকটে অপর পল্লীর পথ-ঘাট অনেক সময় একান্তই অপরিচিত° **২**ইয়া থাকে। এ অবস্থায় কোন অপরিচিত পলীতে যাইতে হইলে, বিচক্ষণ পথ-প্রদর্শকৈর আবিশ্রক হইত। আর হয়না এই জন্ম যে সহরের খাটিতে ঘাটতে লওনের এই পাহারাওয়ালাওলি দাঁড়াইয়া,

করা মাত্রই অংশব সৌজন্য সহকারে অনভিজ্ঞ পথিককে আপন আপন গস্তব্য পথ দেখাইয়া দেয়। কোন পথিককে নিতান্ত অসহায় দেখিলে, আর তাঁহার গন্তব্য স্থান অতি দুরে যদি না হয়, তাহা হইলে কথন কথন পাহারাওয়ালা নিজে দক্ষে করিয়া লইয়া গিয়া তাঁহাকে দে স্থানে রাখিয়া আদে, এমনটাও দেখিয়াভি।

লণ্ডন সহরে পথে ঘাটে ফ্রেমন লোকের জনতা, সেইরপ গাড়ীরও ভিড। পদত্রকে যারা যাতায়াত করে, তাহাদের পক্ষে বড় বড় রাজপথগুলি পারাপার হওয়া, একেবারেই নিরাপদ নহে। কিন্তু লণ্ডনের পাহারাওয়ালা এই বিপদ্ধনক পথকেও, পথিক জনের পক্ষে সর্বাদা নিরাপদ করিয়া রাখে। যথনই কোন ভীক পথিক গাড়ীর ভিড় দেখিয়া রাজপথে অগ্রসর হইতে সাহস পায় না, তথনই নিকটস্থ পাহারাওয়ালা পথের মাঝখানে যাইয়া আপনার হাতখানি তুলিয়া ধরে; আর অমনি দ্রুতগামী শকটশ্রেণী যে যেখানে আসিয়া পঁছছিয়াছিল, সেইখানেই থামিয়া যায়, এবং পথিকেরা নির্বিদ্নে রাজপথের একপার্য হইতে অপর পার্খে চলিয়া যাইতে পারে। এইরপে যে সকল লোক রাস্তা পাড়ি দিবার জন্য দাড়াইয়াছিল, তাহারা এধার হইতে उधारत हिन्या (गतन, शाहाता उपाना अ হাতথানি নামাইয়া সরিয়া যায়, এবং গাড়ী, ট্যাক্সী, বাস্ প্রভৃতি আবার রাজ্পথ জুড়িয়া যাতায়াত **আ**রম্ভ করে। **লণ্ড**নের পাহারাওয়ালা যখন পথের মাঝধানে দাড়াইয়া থাকে, তথন তাহাকে মাতুষ বলিব না প্রস্তর-মূর্ত্তি বলিব বুঝিয়া উঠি নাই। মুখ দেখিয়া তাহার মনের ভিতর

কি খেলিতেছে তাহা বোঝা অসম্ভব। হ্নিয়ায় তাহার কোন ভাবনা, কোন ভয়, কোন আশা, কোন নিরাশা, কোন প্রেম, কোন অপ্রেম, চিত্তবিক্ষেপের কোন কারণ আছে কি না সন্দেহ হয়। শণ্ডনের পাহারাওয়ালা যে যোগী পুরুষ এমন কথা বলিব না, কিন্তু যোগস্থ হইয়া আপনার কর্ত্তবা কর্ম কি করিয়া সাধন করিতে হয়, এই নিগৃঢ় সঙ্কেতটী বুঝি বা সে সম্পূর্ণর পেই আয়ত্ত করিয়াছে, তাহাকে দেখিয়া শুনিয়া অনেক সময় এমনটাই মনে আসে। কর্ত্তব্যান্থরোধে সে কঠোর হইতে পারে, কিন্তু সে কঠোরতার মধ্যে কখনই কোন প্রকারের ঔদ্ধত্যের চিহ্ন পর্য্যন্ত দেখিতে পাওয়া যায় না। রাষ্ট্রের 'আইন যেমন নিরপেক্ষ ও নির্শ্বম, কিন্তু নিৰ্দ্দয়ও নহে, উদ্ধতও নহে,

পুলিশও দেইরূপ আগ্রের পুতৃত বলিলেও চলে, কলেই যেন তারা চলে, কলেই যেন তারা ফিরে, আর ঠিক কলেরই অাপনাদের যথায়থ কৰ্ত্তব্য সাধন করিয়া যায়

च्या वह प्रकल लाटक तह यत चाटक. সংসার আছে, স্ত্রী আছে, ছেলে আছে, ঋণ আছে, দায়-আদায় সকলই আছে। আর এ সকলের সঙ্গে সঙ্গে গার্হসঞ্জীবনস্থলভ চিত্তবিক্ষেপের কারণই বিদ্যমান রহিয়াছে। দেখানেও যে তাহারা এইরূপ কলের মত চলে ফেরে যোগ-সিদ্ধি ইহাদের এমন নছে। সে অনেক দূরে; কিন্তু তাই বলিয়া আপনার কর্মজীবনে ইহারা যে যোগ-শক্তি অর্জন কারে, তার মূল্য অল্প নহে।

বিলাত-ফেরত।

(1) *

লেডি ভোরিস্ ভারনন্ তার সুসজ্জিত ক্ষুদ্র কন্ষটিতে বসিয়াছিল—তার কুসুম পেলব স্থুন্দর মুথে আজ একটা স্পষ্ট রিম্রোহের ভাব ফুটিয়া উঠিয়াছে। বাহিরে আকাশে মেঘ, কন্কনে শীতের হাওয়া, আর কুয়াসার ঘন অন্ধকার—কিন্তু তার কক্ষটিতে বাহিরের প্রকৃতির কোন দৌরাত্মা প্রবেশ করিতে পারে নাই—তাহা আরামের বহুমূল্য উপাদানে ভরা ় কিন্তু এ সোণার পিঁজিরায় ভোরিসের মনে সুথ কোথায় ?

ভোরিস অনেককণ ধরিয়া পড়িবার

ইংরাজী হইতে অনুদিত।

ভাণ করিল-শেধে বিরক্ত হইয়া চাকর ভাকিবার ঘটটো ধরিয়া টান দিল। ক্লের পুতৃলের মত আরদালি আসিয়া হাজির— 'ভোরিস্ জিজ্ঞানা করিল—"নার্ ফিলিপ এখনও ফেরেন নি বোধ হয়।"

"গাজ্ঞা, না,—তিনি বাহির হইবার সময় বলিয়া গিয়াছেন সম্ভবত তাঁর রাত্রে আসিতে দেরী হ'বে--আপনি যেন তাঁর জন্ম অপেকানা করেন।"

"আছা! আমার চা আনতে বল---আর মনে রেথো আমি আব্দ কারো সঙ্গে দেখা করবো না—এক মিঃ থালে। ছাড়া।" লেডি ভোরিস্ এক নিঃখাসে কথাগুলো বলিয়া ভৃত্যকে বিদায় দিল।

তারপর সে বসিয়া বসিয়া নিজের কথা ভাবিতে লাগিল—তার অভিজাতবংশীয় পিতার দারিদ্রা—শৈশবে জ্ঞানোনোষের পূর্বের লক্ষপতি সার ফিলিপ ভারননের সহিত বিবাহ-একে একে সব কথা মনে আসিতে লাগিল। মনে পড়িল, তাহার রাল্ফ থালেরি সহিত বাল্য-প্রণয়, তার প্রেমহীন বিবাহ—তারপর তার স্বামীর ব্যবহার। সে ত আপনার পূর্বক্থা মন হইতে ধুইয়া মৃছিয়া ফেলিয়া স্বামীকে ভাল বাসিবার জন্ম প্রস্তুত হইয়াছিল। কিন্তু কৈ তার সামী ত একদিনও তার ভারবাসা প্রকাশ করেন নাই। সার ফিলিপ গন্তীর প্রকৃতির লোক, বালিকা স্ত্রীকে ছেলেমান্ত্রী আদর করিয়া ভালবাদা দেখান তাঁহার আদিত না। তা'ছাড়া, তিনি মনে করিতেন যে ভোরিস্ অর্থলোভী দরিদ্র পিতার আগ্রহেই তাঁহাকে বিবাহ করিয়াছে। এমনি করিয়া স্বামী-প্রীর মিলনের মধ্যে একটা হল ভ্যা বাধার স্ট হইগাছিল।

বহিদ্বারের ঘণ্টাথ্বনিতে লোড ভোরিসের চিন্তান্রোতে বাধা পড়িল—দে সোজা হইয়া বিদিন। তার বুঝিতে বাকী রহিল না—এ অভ্যাগত কে! ভাবিতে তার মুখ আরক্তিম হইয়া ভিঠিল এবং তার অশান্ত হনর সহস্র চেষ্টাতেও ক্রত ম্পন্দিত হইতে লাগিল।

ভোরিদ্ দাঁড়াইয়া অভ্যাগতকে অভ্যর্থনা করিল, বলিল—''আ: মি: থালোঁ,— বাঁচলুম। আমি ত একা একা প্রায় পাগল হইবার মত হইয়াছি!— যে বিশ্রী দিন।
এদিকে এসে আগুনের কাছে দাঁড়াও। চা
খাবে ত! সব প্রস্তত।" তারপর চাকরকে
চা আনিবার জন্ম আদেশ কবিল।

রাল্ফ, ভোরিদের হাত ছু'টি ধরিয়া
বলিল— "আমি কিন্তু ভোমাকে একা পাইবার
জন্ত পাগল হইতেছিলাম। ভোরিস্, তুমি
আজকাল আমার উপর কেন এত নির্দিয়
হইয়াছ ? কাল তুমি আমার সজে দেখা
করিলে না কেন ?"

ভোরিস, রাল্ফের স্পর্শে কাঁপিয়া উঠিল, বড কম্বে নিজেকে সংযত করিয়া বিদ্রুপচ্চলে বলিল-- "এ আবার কি কথা! আমি কি কাল বাড়ী ছিলুম-কাল লেডি ক্লোনেলের বাড়ী যে আমার তাস খেলার নিমন্ত্রণ ছিল। দে কথা যা'ক-তুমি অমন পাগলামী করে। না—গম্ভীর হইলে তোমাকে বড বিশ্রী দেখায়!—চা এসেছে—এস চা থাও— মেজাজটা ঠিক হবে।" বলিয়া ভোরিস্ চা প্রস্তুত করিতে মন দিল—কিন্তু তার সংযম-সত্ত্বেও যে হাত হু'টি কাঁপিতেছিল, দেটুকু রাল্ফের দৃষ্টি এড়াইল না। রাল্ফের দৃষ্টি নিনিমেষে ভোরিসের পিপাসিত দৌন্দগ্য স্থা পান করিতেছিল--সে হঠাৎ জিজ্ঞাসা করিল—"ভোরিস্, সার ফিলিপ কোথায় ?"

'ভগবান জানেন কোথায়! তিনি কোথায় কোথায় ঘ্রিয়া বেড়ান—তা' আমি ত তাঁর অভিভাবক নই যে সব ধবর রাখব!" রাল্ফ ধীরে ধীরে বলিল,—''হাঁ, আমি তা' জানি।"

ভোরিস্ স্থির দৃষ্টিতে রাল্ফের দিকে চাহিয়া বণিল,—"অর্থাৎ—?" "অর্থাৎ আবার কি ? আমি কোন
অর্থ ভাবিয়া তোমাকে এ কথা জিজ্ঞাসা
করি নাই—অন্তত আমি এমন কোনো কথা
বলিতে চাহি নাই—- যা তোমার ভাব্বার
মত।"

'কিন্তু, তুমি ভনে রোধ হয় আশ্চর্য্য হবে না য়ে আমি আমার স্বামীর কথা ভাবিয়া থাকি।''

রাল্ফ একটু রুষ্টস্বরে বলিল—"তা বুলিয়া তুমি বোধ হয় আশা কর না যে, আমি কোনও স্বামীর সম্বন্ধে যে কোন ভিত্তিহীন কুৎসা রটবে তাই গিয়া তার স্ত্রীর কাছে বালব!"

ভোরেস্ আর সামলাইতে পারিল না, বলিল,—"বিস্ত এমন করিয়া ইসারায় বলার চেয়ে স্পষ্ট কথা ভাল। রালফ, আমি মনে করিতাম তুমি আমার বন্ধু—হিতৈবী।"

"ভোরিস, তুমি জান যে আমি তোমার হিতৈষী বন্ধু চেমে বেশী। আমাদের প্রথম মিলনের কথা কি আমি ভূলিতে পারি।"

ভোরিস্ তাহাকে বাধা দিয়া বলিল—
"তার সঙ্গে আমাদের বর্তমান প্রসঙ্গের কি
সংবন্ধ ? আমার স্বামীর সম্বন্ধে তুমি যা গুনেছ
তাই বল।"

রাল্ফ যেন একটু বিব্বক্ত হইয়া বলিল,—
"নিশ্চয় বলতে হবে ?"

"ڴٵ"

রাল্ফ থালোঁ ধীরে ধীরে বলিতে
লাগিল—''তবে শুন, ভোরিস্,—সকলেই
বলিতেছে আজকাল সার ফিলিপ,
মিসেস্ ছারির সহিত একটু বেশী
মিলিতেছে— তার বাড়ী যাতায়াত কিছু

বাড়িয়া গিয়াছে। ফোমাদের বিবাহের পূর্বেনা কি সার ফির্লিপের সহিত ইহার বড় ভাব ছিল। তুমি অবশু মিসেস্ হারিকে জান না—সেত তোমাদের সমাজের নয়। মিসেস্ হারি—স্থলরী, বৃদ্ধিমতী—সম্প্রতি বিধবা হইয়াছে। ভোরিস্, আমার অবশু এ সব শোনা কথা, বিখাস করিবার প্রহৃতি হয় করিও—আমি ইহার সত্যমিথা। কিছুই জানি না। তবে এটুকু আমার নিজে দেখা যে মিসেস্ হারির চালচলন এখন বড় মালুবের মত। গাড়ী, ঘোড়া, বাড়ী এ সব সে কোজার পাইল—তার স্থামী ত দরিদ্র ছিল বলিলেই হয়। লোকে বলে বালাসিঙ্গনী দরিদ্র প্রতিবেশীকভার প্রতি সার ফিলিপের দয়া।"

রাল্ফ চুপ করিল, ভোরিস্ও কোন কথা বলিল না। ঘরের মধ্যে গভীর নিস্তর্ধতা, কেবলমাত্র ঘড়ীর টিক্টিক্ শব্দ শুনা যাইতে-ছিল— সে নীরবতা ক্রমশ উভয়ের পক্ষে অসহ হইয়া উঠিতেছিল। হঠাৎ ভোরিস্ বাম্পরুদ্ধ কঠে বলিয়া উঠিল—''না, না, আমি এ সব বিখাস করিতে চাহি না, বিখাস করিব না— এ সব, সব মিথাা।"

"হাঁ, এ সব কথা নিশ্চয়ই মিথ্যা,— লোকে কত না বলে, সবই কি বিশ্বাস করিতে হইবে!"

ভোরিস্ এ কথার উত্তর করিল না।
সহস্র স্মৃতি তার হাদয় মথিত করিতেছিল,
অবিশ্বাস তার সহস্র বিষাক্ত ফণায় তার
ক্ষুদ্র হাদয়কে জর্জনিত করিতেছিল। কুলদত্তের নিপীড়নে ভোরিসের কুয়ম-পেলব
অধর রক্তিম হইয়া উঠিল—সে ছুই হাত

বক্ষে চাপিয়া পাঞ্চরের মূর্ত্তির মত নিশ্চল হইয়া বিসিধা রহিল। অনেকক্ষণ পরে বলিয়া উঠিল—"তবে কি হুইবে?—আমি—আমি কি করিব?'—তার সে স্বরে কি নিরাশা, কি কাতরতা, তার অঞ্চলেশহীন চক্ষে কি মর্মান্তিক বেদনা! রাল্ফ ভোরিসের উপর ঝুঁকিয়া পড়িয়া তার কর্ণমূলে মুখ আনিয়া বলিল—"কি করবে?—কেন, সে অবিখাসীর উচিত শান্তি দিয়া ত্মি আমার কাছে এস! প্রিয়তমে, আমাদের আবাল্য প্রণয়ের মধ্যে সার ফিলিপ কে ? চল, আমার সঙ্গে, চল।"

রাল্ফের কথায় ভোরিস্ভীত, চকিত হইল, বলিল,— "না, না, না, ও কথা বলো না—আমি তা পারব না।"

"না, তোমাকে আদিতেই হইবে! প্রিয়তমে, আমার কথা গুন। তোমার অবিখাসী স্বামীর মত আমি লক্ষপতি নই—
কিন্তু আমাদের তু'জনের চণিবার মত আমার যথেষ্ট আছে— আর আছে আমাদের ত্ব'জনের আজীবনের ভালবাসা! প্রিয়তমে, চল আমরা কোন এক ত্র দেশে গিয়া নিভ্তে স্থপে শান্তিতে প্রেমে জীবন কাটাইয়া দিই। জগদীশ্বর সাক্ষী,—আমি তোমাকে চিরদিন হৃদয়ে স্থান দিব—• ভোমাকে স্থথে রাখিব! চল, ভোরিস্— আমরা আজই—এই রাত্রেই পলাই

ভোরিস্ ছই হাতে মুখ ঢাকিয়া বিদিয়া রহিল—সহস্র ভাবনায় ভাহাকে পীড়িত করিতেছিল। অনেক্ষণ পরে—সে ভারকঠে বলিয়া উঠিল—"থাম, থাম,—আমাকে ভাবিবার সময় দাও। তুমি ষা'বলছ তার মানে কি তা কি ভাবিয়াছ—ভোমার জন্ম

আমাকে স্বামী, গৃহ, সম্মান, ধর্ম সব ছাড়িতে হইবে।"

"আমার আজীবনের ভালবাসায় কি তার পূরণ হইবে না! না, ভোরিস্, ও সব ভাবিও না। চল আমরা পলাই, আজই রাত্রে ন'টার গাড়ীতে আমরা ফ্রান্সে রওনা হইতে পারি। তুমি ন'টার দশ মিনিট আঁগে 'তেঁশনে পৌছিও—দেখানে টিকিট লইয়া আমি প্রস্তুত থাকিব। আর দ্বিধার সময় নাই, একবার এ প্রেমহীন গৃহ ছাড়িতে পারিলে—আমরা চিরজীবন স্থবে কাটাইব।" ধীরে ধীরে ভোরিস্ বলিল—"রাল্ফ তুমি ত কখনও আমাকে অষত্ম করিবে না?"

অষত্ম । কৰা ভোৱস্! ভোমাকে
অষত্ম !--আর না, আর দিধা নয় ! আমি
গমস্ত ঠিকঠাক্ করিতে চলিলাম--দেখো-এসো !---কেম্ন ?"

স্থির কঠে ভোরিস্ বলিল,—"হাঁ, আসিব।"

দে রাত্রে ন'টা বাজিবার দশমিনিট
পূর্ব্বে লেডি ভোরিস্ ভারনন্ ষ্টেশনের
একপ্রান্তে পদচারণা করিতেছিল—ভাহার
প্রতি পদক্ষেপে তার হৃদয়ে অস্থিরতা,
উদ্বেগ, এবং মনে যে তুমুল ঝড় বহিতেছিল—
তাহা প্রকাশিত। কৈ রাল্ফ ত আসে
নাই—ভার ত অনেক পূর্বেই পৌছিবার
কথা! সেও কি তবে অবিশ্বাসী। ভাবিতে
ভোরিসের মন ক্ষোভে, ঘৃণায়, রাগে ভরিয়া
উঠিতেছিল।রাল্ফ কি জানে না যে রাল্ফের
ভালবাসার জন্ম সে কতটা ভ্যাগ স্বীকার
করিতে ব্রিসাছে!—স্বামী, গৃহ, ধর্ম্ম

এক কথায় স্ত্রীলোকের সর্বাপ সে রাল্ফের ছল অতল জলে ডুবাইতে বসিয়াছে—আর সে কি না—না, না, সে নিশ্চয় আসিবে! কি অার ত পাঁচ মিনিট বই সময় নাই! তবে? আর চার মিনিট,—ভিন মিনিট—কৈ সে? ওই যে তার রাল্ফ। অভিমানে ভোরিস্ বলিল্—"রাল্ফ, তুমি জান, আমি প্রায় দশ মিনিট তোমার জল্ম 'অপেক্ষা করিতেছি—আর একটু হইলে আমরা ট্রেণ পাইতাম না।"

রাল্ফ তাহার দিকে সম্নেহে চাহিয়া রহিল—তার স্থন্দর মূপে কি যেন একটা ছঃখের ছায়া পড়িয়াছে। তাকে বড় মান দেখাইতেছে – অন্তত ভোরিস্ তাই ভাবিতে-ছিল। রাল্ফ বলিল—"প্রিয়তমে, গৃহে ফিরিয়া যাও।"

মূহুর্ত্তে ভোরিসের সমস্ত দেহে যেন
আগুন ছুটিয়া গেল—সে শুনিতে ভুল করে
নাই ত—রাল্ফ কি তাহাকে এমনতর
অপমান করিতে পারে। শুক্তকঠে ভোরিস্
শুধাইল—"রাল্ফ, তুমি এ কি বলিতেছ?"

রাল্ফ বলিতে লাগিল—"ভোরিদ্,
আমার সঙ্গে আসিও না! তোমার স্বামীর
কাছে, তোমার গৃহে ফিরিয়া যাও! তোমার
স্বামী তোমাকেই মাত্র ভালবাসে—আর
কাহাকেও না! আমি ভোমাকে পাইবার
জন্ত মিথ্যা বলিয়াছিলাম—আমাকে ক্ষমা
করে গৃহে ফিরিয়া যাও।"—রাল্ফের কণ্ঠস্বর
যেন এ পৃথিবীর নয়, সে যেন কোন দ্র
হইতে কথা কহিতেছে

হঠাৎ ট্রেণের বাশীর শব্দে ভোরিদের চমক ভাঙ্গিল-সে দেখিল ফ্রান্স বাইবার টেণ ষ্টেশন ছাড়িয়া গেলন ভোরিস্পাশের একথানা বেঞ্চের উপর বিসিয়া পড়িয়া ছই হাতে মুখ ঢাকিয়া বড় কোভে কাঁদিতে লাগিল। অনেক কণ পরে মুখ তুলিয়া দেখে, রাল্ফ ত তার পাশে নাই, সে নিচুর তাহাকে একটা সাস্ত্রনার কথা না বলিয়া, বিদায় না লইয়া চলিয়া গেছে।

নিকটে একজন রেলের কর্মচারী এক দৃষ্টে তার দিকে চাহিয়া ছিল—ভোরিস্
সাহস করিয়া তাকে জিজ্ঞাসা করিল—"এই খানে একজন ভদলোক ছিলেন, কোধায় গেলেন বলিতে পার।"

সে ক্ষবাক হইয়া তার দিকে অনেক কণ চাহিয়া থাকিয়া বলিল—"ভদ্রলোক ?" "হাঁ, যিনি আমার সঙ্গে কথা কহিতেছিলেন ?" "কই না, আমি ত এই পনর মিনিট ধরিয়া আপনাকে লক্ষ্য করিছেছি—কই কোন ভদ্রলোককে ত আপনার সঙ্গে কথা কহিতে দেখি নাই।" ভোরিসের আর কোন কথা জিজ্ঞাসা করিবার সাহস হইল না—সে ধীরে ধীরে ষ্টেশন ত্যাগ করিল।

* * * *

সে রাত্রে ভোরিণ্ অন্ধকারে অত্যের অলক্ষ্যে নিজের ঘরে আদিয়া শুইয়া পড়িল। সার ফিলিপ তথনও গৃহে ফেরেন নাই! শুইয়া শুইয়া ভোরিস্ আপনার কথা ভাবিতে লাগিল—কৈ রাল্ফের উপর হ'তার রাগ হইতেছে নাণ যে তাহাকে উপেক্ষা করিল—তার উপর রাগ হওয়া দ্বের কথা বরং মনে হইতেছে যেন সে তাহাকে ত্যাগ করিয়া রক্ষা করিতেছে!

সার ফিলিপের গুদশব্দে ভোরিস্ উঠিয়া বসিল। ভার সামী বলিলেন,—''এ কি ভোরিস্ তুমি এখনও ঘুমাও নাই!—ভা' ভাল হইয়াছে।''

"কেন, কোন বিশেষ ধবর আছে না কি ?"—বলিতে ভোরিসের বুক কাঁপিয়া উঠিল।

'হাঁ,—রাল্ফ থালে । সম্বন্ধে । তোমার সজে না কি তার ছেলে বেলা হ'তে বড় ভাব—তাই ধবরের কাগজে পড়ার আগে তোমাকে বলা সঙ্গত মনে করিগাম। বেচারা আজু ফ্রান্সে বেড়াইতে যাইতেছিল— টেশনে যাওয়ার পথে মোটর গাড়ী উন্টাইয়া—"

"না, না—বলো না ! বাঁচিয়া আছে ত ?" "বাঁচিয়া নাই, ভোরিস্--বেচারার সঙ্গে সঙ্গেই মৃত্যু হইয়াছে।"

হ'জনে অনেকক্ষণ কেহ কাহারো সক্ষে
কথা কহিল না। শেষে ভোরিস্বলিল—

ক'টার সময় এই ঘটনা হয়।"

''ন'টা বাঞ্জিতে প্রায় কুড়ি মিনিটের সমুয় ! , কি ভীষণ ব্যাপার ! ভাবিতেও কষ্ট হয়।"

ভোরিস্ কাঁপিতেছিল—তার মুথে রক্তের থেন লেশমাত্র নাই— দে হঠাৎ তার স্বামীর বৃকে পড়িয়া কাঁদিয়া উঠিল – বলিল,—"হে আমার দেবতা, আমার স্বামী, আশার প্রিয়তম, আমাকে ধরিয়া রাথ, ধরিয়া রাথ, আমাকে পথভ্রম্ভ হইতে দিও না। আমি, তোমারই।"

শ্রীস্ক্রবোধচক্র মজুমদার।

হদের রূপ

দাস্থ-মূর্ত্তি।

রূপ কথাটা লইয়া, দেখিলাম আমার কোনও কোনও নবশিক্ষিত বন্ধু একটু গোলে পড়িয়াছেন। রূপ আর আকার কি এক? এই গ্রাটাই কেহ কেহ ভুলিতেছেন। এক নয় কি? আকার কাকে বলি? আকার আমাদের পঞ্চেন্দ্রের মধ্যে বিশেষভাবে কোন্ ইন্দ্রিয়ের ঘারা আমরা ধরিতে পারি, ও ধরিয়া থাকি? মূলতঃ চক্ষুই কি আনাদের আকার-জ্ঞানের মুখ্য ইন্দ্রিয় নহে? অন্ধেরা বস্তুর উপরে হাত বুলাইয়া, তার দৈর্ঘ্য-প্রস্থাদির জ্ঞানলাভ করিয়া থাকে বটে, আর কেবল দৈর্ঘাপ্রস্থানি যদি আকারের লক্ষণ হয়, তাহা হইলে, তাহাকে ঠিক রূপের এক পর্যায়ত্ত করা নাও বা যাইতে পারে। কিন্তু সে অবস্থাতেও, চক্ষু দিয়াই যে মুখ্যতঃ আমরা বস্তর আকারের জ্ঞান পাইয়া থাকি, ইহা অস্বীকার করা যায় না। স্পর্শ ঘারাও এ জ্ঞানলাভ হয় বটে, কিন্তু চক্ষুর ঘারাও হয়, এই কথাই বলিতে হয়; কিন্তু আমাদের দেশের মনোবিজ্ঞান শাতোঞাদিকেই স্পর্শের বিশেষ বিষয় বলিয়াছেন; রূপ বলিতে যাহা আমরা বুঝি, তাহা বিশেষভাবে চক্ষুরই বিষয়। এইজন্য চক্ষুর অন্তর্শিহিত দৃষ্টি-শক্তিকে পামাদের মনোবিজ্ঞান রূপত্নাত্রা

বিশিয়াছেন। আর রদের রূপ কথাটা এই জন্মই আমি ব্যবহার করিয়াছি যে, রদ জীবদেহে, দেই দেহের সায়ুমগুলকে অবলঘন করিয়া, তাহার মঙ্গ প্রত্যক্তে পেশি-সমূহের ভিতর দিয়া, যে বাহানকণগুলি ফুটাইয়া তুলে, তাহা মুখ্যতঃ আমরা চক্ষ্ ঘারাই দেখি। হাত দিয়া ধরিতে বা ছুইতে, নাদিক। ঘারা আঘাণ করিতে, রদনা ঘারা আখাদন করিতে পারি না। এইটকু বিচার করিয়া দেখিলে, এ ক্ষেত্রে রূপ শক্ষের প্রয়োগ দ্ধনীয় বলিয়া হয় ত বোধ হইবে না।

আর একটা কথা। অরূপ আর নিরাকার একই কথা নয় কি? পরমতত্ত্ব সম্বন্ধে যে আমরা নিরাকার শব্দ ব্যবহার করিয়া থাকি, তাহা একটা বিশেষ ব্যাপক व्यर्थरे रादश्व रहेशा थारक। এ श्रुल আমরা নিরাকার আর অতীন্তিয় একই অর্থে ব্যবহার করি। ব্রহ্মবস্ত নিরাকার, অর্থ এই যে তাহা কোনও ইন্দ্রিরের দারা গ্রহণ করা ঘায় না। আমাদের দেশের माद्य मनदक्ष हे खित्र वना हत्र, এ क्षांहे। उ এ স্থলে ভুলিলে চলিবে না। স্থতরাং নিরাকার বস্তু কেবল যে চক্ষুরাদি ইন্দ্রিয়ের গ্রাহ্ম নহে, তাহাও নয়, সে বস্তুমন দিয়াও ধরিতে পারা যায়ন।। এই জ্লাই শ্রুতি বলিয়াছেন—''ঘতো বাচ নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ"—ইত্যাদি।

আর নিরাকারের সত্য অর্থ যদি এই হয়, তবে রস-বস্তকে নিরাকার বলা যায় কি ? কারণ রস-বস্ত যে জাতীয়ই হউক না, তাহা যে ইন্দিয়গ্রাহ্ হউক আর নাই

হউক, ইক্রিয়-জ্ঞানের সঞ্চে একরূপ অঙ্গালী সম্বন্ধে আবদ্ধ এ কথাটা অস্বীকার কর। অসাধ্য। আমরা য¦হাকে রদ ইংরেজিতে তাহাকে ইমোষণস (Emotions) বলিয়া থাকে। এই রস আমাদের বিষয়-জ্ঞানের একটা মুখ্য অঙ্গ। ফলতঃ রুস্ ব্যতীত জ্ঞান আপনি কিছুতেই পূৰ্ণতা প্ৰাপ্ত হয় না। বস্তুদাক্ষাৎকার জ্ঞানের পূর্বার্ত ব্যাপার বা ঘটনা বা কর্ম। এই জন্ম জ্ঞান मार्ट्या वर्षा वर्षा वर्षा न । इंशा रायन সার্কজনীন সভা; সেইরূপ এই জ্ঞানও যে নিয়তই জ্ঞাতার অন্তরে কোনও না কোনও বদের স্থার করে, ইহাও সার্বজনীন সত্য। যেখানে বোধ মাত্র জন্মে, কিন্তু রদের সঞ্চার হয় না, সেখানে এই বোধটাকে অত্যন্ত ক্ষীণ, আছে কি না এমন মনে করিতে **ट्टेर्त्। (वास यिशान्ट्रे প्रिक्टू हे, स्थान्ट्रे** তারই দঙ্গে দঙ্গে রদের সঞ্চারও অনিবার্যা। রদ যেখানে ফুটে, সেখানে কর্মচেষ্টাও অবগ্রস্তাবীরূপে প্ৰকাশিত रहेरवरे रहेरव। चात (वाध, तम, (हड़ी वहे ত্রিপাদে জ্ঞান পূর্ণতা প্রাপ্ত হয়। এই তিনের সঙ্গতি ও সামঞ্জন্ত যেখানে হয়— শ্বর্থাৎ বোধ যেখানে তার যথাবিহিত রসের স্ঞার করে, এই রস যেখানে তার যথাযোগ্য চেষ্টাকে জাগাইয়া তুলে, —আর ইহারা তিনে মিলিয়া যেখানে পরম্পরে পরম্পরের যাঁথার্থ্য সম্বন্ধে সাক্ষ্যুদান করে, সেখানেই সত্যের প্রতিষ্ঠা হয়। এই কথাটা ভাবিয়া দেখিলেও त्रतित्र मान्य प्रशेष भाष्य ध्वमिष्क हेल्यिय-বোধের ও অন্তদিকে কর্মচেষ্টার সমন্ধ যে কত ঘনিষ্ঠ ও অঞ্চাঙ্গী, ইহা বুঝিতে বড়

গোল হইবার আশিকা আর থাকে না।
আর তথন রসের রূপ যে নিভান্ত নিরাকার
হইতেই পারে না, এ সিদ্ধান্তটাকেও ঠেলিয়া
ফেলা সম্ভব হয় কি না সন্দেহ।

আমার পূর্ব প্রবন্ধের মুখবন্ধে ভালবাদার আকার বা রূপ সম্বন্ধে যে কথাটা তুলিয়াছিলাম, তাহাকে আর একটু বিশদ করিবার জন্ত, এখানে এতগুলি কথা বলা হইল। এমন সোজা কথাটা যে কেহ গোলমেলে ভাবে বুঝিবেন, বা বুঝিতে পারেন, ইহা তখন ভাবি নাই, নতুবা সেইখানেই ভালবাদা প্রভৃতি রসের সম্বন্ধে রূপ-কথাটা ব্যবহার করা যে অসঙ্গত নয়, ইহার আলোচনা করিতাম।

আমি যদিও রুসের ত্রপ কথাটা ব্যবহার করিয়াছি, আমাদের দেশের এতদপেক্ষা একটা বেশি গুরুতর শব্দ প্রযুক্ত হইয়াছে। তাঁরা থোলাখুলি ভাবে রদের মূর্ত্তির কথাই বলিয়াছেন। সঙ্গীত সম্বন্ধে ভিন্ন ভিন্ন রাগ-রাগিণীর মূর্ত্তির কথার উল্লেখ আছে। রস-শাস্ত্রের বদ-মূর্ত্তির কথা শুনিতে পাওয়া যায়। আর সর্বশ্রেষ্ঠ রস-শাস্ত্র যে ভক্তিশাস্ত্র, তাহাতে ভক্তির উপজীব্য ভগবানকে "নিখিলরসামৃতমৃর্ত্তি' বলিয়া বর্ণনা করিয়াছেন। এ মূর্ত্তি সাকার, অর্থাৎ ইন্দ্রিয়গ্রাহ্য নহে। নিরাকার অর্থাৎ **সর্কবিশেষণশূ**ন্যও নহে। কৈন্ত চিন্মুর্বি। মহাপ্রভু কাশিধামে প্রকাশানুদ সামীর সঙ্গে বিচারে বলিয়াছেন—

ত্রন্ধ শব্দ মুখ্য অর্থে কছে ভগবান চিলৈখর্য্য পরিপূর্ণ, অনুদ্ধ সমান। তাঁহার বিভূতি দেহ সব চিদাকার

চিষিভূতি আচ্ছাদিয়া কহে নিরাকার॥
ভগবানের "নিথিলরসামৃতমৃর্তিটা" চিদ্মৃতি,
জড়মূর্তি নহে। স্থতরাং রসের রূপের কথা
তুলিলেই যে সে রূপকে সর্বাথা জড়ধর্মাপর
বলিয়া নির্দেশ কর্মা হয়, এমন কথা ভাবিয়া
লইবার কোনও হেতু নাই।

অন্ত পক্ষে, এই রূপ যে, অন্ততঃ আমাদের চক্ষে ও জ্ঞানে, সর্বপ্রকার জড়সম্পর্কশৃত্ত, এমন কথাও বলিতে পারি না। আমাদের জ্ঞান বিষয়তন্ত্র: চক্ষুরাদি ইন্দ্রিয়কে অবলম্বন করিয়া প্রকাশিত হইয়া থাকে। কোনও রস যতক্ষণ না আমাদের ইন্দ্রিয়গোচর. বিশেষতঃ আমাদের চক্ষুগোচর হয়, ততক্ষণ তাহার যে রূপ আছে, ইহা আমরা জানিতে বা বুঝিতে পারি না। স্থতরাং রদের রূপ বলিতে আমরা রুসবিশেষের আবিষ্ঠাবে জীবদেহে যে সকল বিশেষ লক্ষণ প্ৰকাশিত হয়, কেবল সেই বস্তকেই জানি ও সেই বস্তকেই বুঝিয়া থাকি। বাৎস্ল্যভাব যথন জননীকে অভিভূত করিয়া, তাঁহার স্নায়ু-মণ্ডলকে অধিকার করে ও সেই সায়ুমণ্ডলের সাহায্যে তাঁহারা শরীরের শোণিত-প্রবাহ ও পেশিসমূহকে উত্তেজিত করিয়া তাঁহার দেহুষ্টিতে একটা বিশেষ ছবি ফুটাইয়া তুলে, সেই ছবিটাকেই বাংসল্যের স্ত্যুকার রূপ বলি। এরপ নিত্য অর্থাৎ বাৎসল্য একটা বিশেষ ক্ষুর্ত্তিপ্রাপ্ত হয়, সেথানেই এই ছবিটী কুটিয়া উঠে। এই রূপ সাৰ্বজনীন অৰ্থাং সভ্য-হসভ্য, খেতকৃষ্ণ, বিজ্ঞ-অজ্ঞ সকল জননীতেই ফুটিয়া উঠে। এই ব্লপ গার্ক্সভৌমিক—সকল দেশেই ইহার প্রকাশ হইয়া থাকে।

আর রসের ়িএ সকল প্রকাশ জীব-দেহেতেই হয় বলিয়া, তাহার রূপ বা মৃর্তি আছে বলা কিছুতেই অসক্ষত হয় না।

ু পুর্বপ্রবন্ধে আমি বাৎস্ল্য-রদের রূপ বা মাতৃমূর্ত্তির কথাই বিশেষভাবে ও বিস্তৃত-বলিয়াছি। আগ্ৰ সর্বপ্রথমেই বাৎসল্যের ও মাতৃমূর্ত্তির আলোচনা क्तिशाहि এই জग्र (य এই মূর্ত্তিটী অনেকেই, ভাগাগুণে, স্বচকে নিজের ঘরে বা প্রতি-বেশীদের ঘরে কখনও না কখনও দেখিয়া ্থাকিবেন বলিয়াই আমার বিখাদ। কিন্তু ্যেমন বাৎসাল্যের, সেইরূপ অক্সান্ত রুদেরও ্এক একটা নিজ নিজ মূৰ্ত্তি আছে। যেভাবে বাৎসল্যের মূর্ত্তি জননীর দেহ-যষ্টিকে আশ্রয় ক্রিয়া তাঁহার অঙ্গপ্র হাঙ্গে ফুটিয়া উঠে, সেই ভাবে যথন যে রস কোনও ব্যক্তির অন্তরে জাগিয়া তাঁহার মনপ্রাণকে অধিকার ও অভিভূত করে, সেই রসের আপনার বিশেষ মুর্ব্রিটী সেই ব্যক্তির দেহে অঙ্গপ্রতাঙ্গকে আশ্রয় করিয়াই প্রকাশিত হয়। কোনও রসের মূর্তিই নিতান্ত বিদেহী নহে।

এইরপে যেমন বাৎসল্যের সেইরপ
মাধুর্য্যেরও একটা নিজস্ব মূর্ত্তি আছে।
দাস্থ এবং সংখ্যরও আছে। এ সকলের
মধ্যে দাস্থরসের মূর্ত্তিটিই সর্কাপেক্ষা সরল।
কারণ দাস্যরসও তত জটিল নহে। প্রভূতে
একান্ত আত্মসমর্পণ ও প্রভূর সেবাতে
চরম ক্বতার্থতা লাভ করাই দাস্যরসের ধর্ম।
প্রভূর প্রতি সম্ভ্রম, তাঁহার সেবাতে নিষ্ঠা,
ও সর্ক্বতোভাবে তাঁহার আত্মগত্য সাধনেই
দাস্যরস তৃঞ্জিলাভ করে। স্মৃতরাং এখানে

সম্রম ও আমুগত্যের ভবিটাই প্রধান। এই সম্রম ও আফুগভ্যেরও একটা রূপ আছে। এই রূপও আমাদের মুখের ভাবে, চক্ষের চাহনিতে, চলাফেরার, বসা দাঁড়ানর ধরণেতে ধরা পড়িয়া যায়। যাঁহাকে অতিশয় সম্ভ্রম করি, তাঁহার দিকে চাহিতে গেলে, চক্ষ আপনা হইতেই আনত হইয়া আইসে। শরীরের সমস্ত পেশিগুলি শিথিল হয় না, কিন্তু কেমন যেন একটা নমভাব ধারণ করে। আর প্রত্যেক অঙ্গপ্রত্যঙ্গে একটা প্রগাঢ় অকিঞ্নতা ফুটিয়া বাহির হয়। এই রূপের মধ্যে ভয়ের চিহ্ন নাই, কিন্তু বশুতা আছে; লোভের চিহ্নাই, অপচ দেবার আকাজ্জ। আছে; হীনতা-বোণ নাই, কিন্তু অপূর্ব দীনতা আছে; স্পর্দা नारे, किन्न विकल्प आकात आहि। मधा, বাং দল্য, মাধুর্য্য যতটা জটিল, দাদ্যরদ ততটা জটিল নয় বলিয়া ইহা যে একান্ত একটা সরল বস্তু, ইহার মধ্যেও যে অদ্ভুত, অপুর্ক বিচিত্রতা নাই, এমন মনে করা সঙ্গত নহে। দাস্যরসেও অশেষ প্রকারের তরঙ্গরঙ্গলীলা প্রকাশিত হইয়া থাকে। আর এই রুদ যখন জীবের অন্তরে জাগিয়া তাহার অন্তর্বাহ্ন সমুদায় বৃত্তি ও ইন্দ্রিয়গ্রামকে অধিকার করে,—প্রভূই যথন জীবনের একমাত্র লক্ষ্য ও উপজীব্য হইয়া বদেন,—তথন এই রদ দাদের স্বায়ুমণ্ডলীকে অধিকার ও তাঁহার পেশিসমূহে শক্তি সঞ্জি করিয়া, তাঁহার অঙ্গপ্রতাঙ্গের ভিতর দিয়া, আপনার নিজম্ব রূপটীকৈ ফুটাইয়া তুলে। দৈনন্দিন জীবনে সচরাচর আমরা দাস্যমূর্ত্তিটা দেখিতে পাই না। কারণ

আমাদের সমাজেই দাস্যরস একেবারে শুকাইয়া গিয়াছে। কিন্তু উচ্চশ্রেণীর রঙ্গমঞ্চে স্থনিপুণ অভিনেতা বা অভিনেতীর মধ্যে, কথনও কথনও এ রূপটী দেখিতেও পাওয়া গিয়া থাকে।

সথামূর্ত্তি

স্থ্যরস্টী দাস্যরস অপেক্ষা অধিক জটিল। "পূর্ব্ব পূর্ব্ব রুসের গুণ পরে পরে বৈসে।" বৈষ্ণবসম্প্রদায়ের রসিক স্কুজন-দিগের বিচারে দাস্যরস স্থারসের নিচে। স্তরাং দাস্যের গুণ স্থোতে থাকিবেই, किन्न मर्था (य अकठा स्थानाथूनि गनागनि ভাব, যে একটা সাম্য-সম্বন্ধ থাকে, দাস্যে তাহা সম্ভবে না। দাস্যরস যথন বিশেষ গভীরতা লাভ করে, তখন দাসের দেহের সায়ুমণ্ডলকে যাইয়া অধিকার করে, এবং তাহারই জন্ম তাহার মুখে চক্ষে ও অপরাপ্রর অঙ্গপ্রত্যঙ্গে, চালচলনে সকল বিষয়েই একটা বিশেষ ছবি ফুটিয়া উঠে। সংখ্যতেও তাহা হয়। আর সখ্যের রূপ বা ছবিটা ঠিক দাস্যের মতন হয় না। স্থাও স্থার মধ্যে আপনাকে ডুবাইয়া দিয়া তলাতপ্রাণ হইতে পারেন। স্থাও স্থার **দেবা করিতে পারেন, সখ্যেতেও সম্ভ্রম** এবং আমুগত্য সুকলই আছে, কিন্তু ক্ষেত্ৰগুণে এ সকল বস্তু এখানে যে আকারে ফুটে তাহা দাসোতে এগুলি যেভাবে ফুটে, তাহা অপেক্ষা কতকটা ভিন্ন। প্রভু স্বাধ্যে কোনও বিষয়ে কোনও আকারে উদাসীনতা প্রকর্ণ পাইলে দাস্যরস নষ্ট হইয়া যায়। প্রভুর উপস্থিতির বা প্রভুর সেবা বিষয়ে দাসের কোনও ভাবের, কি বাহিরের কি ভিতরের,

বিন্দু পরিমাণ অনবধানতা বা ওঁদাসিতা থাকিতে বা জনিতে পারে না। জনিলে তাহাতে রসভঙ্গ হইয়া, অপরাধ হইয়া থাকে। কিন্তু এরপ অনবধানতা স্থারসের কোনও সাংঘাতিক ব্যাঘাত উৎপন্ন নাও করিতে পারে। 'সখার উপস্থিতিতে স্থা উঠিয়া দাড়ান বা বদিয়া থাকুন, তাঁথাকে প্রজ্যালামন করিয়া আফুন বা না আফুন, তার পায়ের নীচে বসুন কিদা ঘাড়ের উপরে চড়ুন, এ সকলে তাঁর প্রাণগত স্থারসের কোনও ইতর্বিশেষ হয় না, হওয়া সম্ভব নহে। স্মৃতরাং দাস প্রভুর নিকট দাঁড়াইলে তাঁর অন্তরগত রসের পীড়নে, চক্ষে মুখে, দাঁড়াইবার ভঙ্গীতে, এ সকলে যে মৃত্তিটী প্রকাশিত হইবে, দখা যথন স্থার কাছে যাইয়া দাভান, তথন কোনও মতেই সে মূর্ত্তিটী কুটিবে না। স্থার্স দাস্যরস অপেক্ষা সম্ধিক জটিল বলিয়া, এ রসে যতটা বৈচিত্র্য ফুটিবার অবসর আছে, দাস্যরসে ততটা নাই। সখ্যের রসবৈচিত্র্য ও রদলীলা দেখিতে হইলে, কিশোর-কিশোরীদিগের মধ্যেই তাহার অমেষণ করিতে হয়। আর বড় বেশি অম্বেষণ করারও প্রয়োজন হয় না; ঘরে ঘরে, পল্লীতে পল্লীতে এ রদের শত শত প্রাণবিমোহন ছবি দিনের ভিতরে কতবারই না চক্ষে পড়ে। ইংরেঞ্জিতে যে বস্তুকে School boy বা School girl love বলে, তাহাতে এই অপূর্ব স্থারসেরই বিচিত্র মূর্ত্তি সকল কৃটিয়া উঠে। সে বয়সে এই রস্ই সর্কশ্রেষ্ঠ। স্কুতরাং এই অন্ত্য-প্রতিধন্দিতা নিবন্ধন, কিশোর বয়সের এই প্রেমতেই এই সখ্যের নিত্যকার ও স্ত্যকার রূপটী অতি পরিষ্ঠাররূপে দেখিতে পাওয়া যায়। আর একটা অতি অন্তত কথা এই যে, বয়ঃসন্ধিকালে— শৈশব আর যৌবন যেথানে গঙ্গাযমুনার মত মিলিয়া যাইতে আরম্ভ করে তখনকার সখোতে এমন, সকল বৈচিত্রা ফুটিয়া উঠে, যাহা বস্ততঃ সচরাচর কেবল মাধুর্যোতেই দেখা গিয়া থাকে। এই বয়ঃ-**দন্ধিকালের বালকে বালকে ও বালিকা**য় বালিকায় যে অপূর্ব্ব স্নেহের, প্রেমের, শাম্যের, স্পর্দার, ওদ্ধত্যের, আন্দারের, মানের, কখনও অনুরাগের কখনও বিরাগের, ক্ষণে কলহ ক্ষণে মিলন, ক্ষণে ক্রোধ ক্ষণে ক্ষমা,—এ সকল ভাব যাহা দেখিতে পাওয়া যায়, তাহাই সখ্যের বিচিত্র স্বরূপ। এই সকল বিচিত্র ভাবের তাড়নায় ক্ষণে ক্ষণে এই সকল প্রণয়িগণের মধ্যে যে

রস উচ্চলিত হইয়া তাশ্চাদের চক্ষে মুখে, অঙ্গে প্রত্যঙ্গে, সর্ব্ব শরীরে ছাইয়া পড়ে, ও তাহার দরুণে ইহাদের দেহকে আশ্রয করিয়া যে জীবস্ত ছবি সকল ফুটিয়া উঠে, তাহাই সখ্যের রূপ। ক্রফ্ট-লীলার অভিনয়ে, গোষ্ঠের পালায় এ ক্ষুৰ্ত্তি ও মূৰ্ত্তি দেখিতে পাওয়া কিন্ত তাহা করিতে হইলে, সুকুমার বালক-গণকে লইয়াই ভিন্ন ভিন্ন চরিত্রের ভূমিকা করা প্রয়োজন হয়। কারণ তাহাদের সুকোমল ও কামসম্পূর্কশূন্য (मरहर७३ কেবল শত্য সখ্যের বিশুদ্ধ রূপটী ফুটিবার অবসর প্রাপ্ত হয়। যাহারা অনাচারে ও অত্যাচারে বন্ধচর্য্যন্ত্র হইয়া হইয়া পড়িয়াছে, তাহাদের দেহে এ রসের মূর্ত্তিটাকে ধারণ করিবার শক্তি থাকে না। শ্ৰীবিপিনচক্ত পাল।

ি ১২শ বৰ্ষ, মাঘ, ১৩১৯

মানবের জন্মকথা

যে সকল যন্ত্র শব্দ উচ্চারণে এক্ষণে ব্যবহৃত হইতেছে, প্রথম হইতে ঐ সকল যন্ত্র পুষ্ট ও পূর্ণতা প্রাপ্ত হইল কেন, অন্ত যন্ত্র কেন পুষ্ট হইল না, তাহা বুঝা কঠিন নহে। পিপীলিকাগণ ভূঁড় বারা পরস্পরের সহিত অত্যন্ত অধিক পরিমাণে ভাব বিনিময় করিতে পারে; হিউবার পিপীলিকার ভাষা স্বস্ধে একটি সম্পূর্ণ অধ্যায় লিখিয়। ইহা প্রমাণ করিয়াছেন। আমরাও প্রথম হইতে চেষ্টা করিলে অলুলিকেই বাক্ষল্পে পরিণত করিতে পারিতাম; কারণ ধাঁহার অঙ্গুলি-চালনা অভ্যাস আছে, তিনি, প্রকাশ্য সভায়

কোন বক্তা জতবেগে বক্তৃতা করিলেও বধির ব্যক্তির নিকট অঙ্গুলি চালনা ছারাই তাহা জ্ঞাপন করিতে পারেন। কিন্তু হস্তকে এই কার্য্যে ব্যবহার করিলে অন্ত কার্য্য সম্বন্ধে যে ক্ষতি হইত তাহা অত্যন্ত অসুবিধাজনক হইত। আমাদিণের বাক্ষয় যেরূপ ভাবে গঠিত, উচ্চশ্রেণীয় জন্তগণেরও তদ্ধপই, এবং উভয়েই উহা ভাব-বিনিময়ের নিমিত্ত ব্যবহার করি ও করে ; সুভরাং ভাব বিনি-ময়ের শক্তি রৃদ্ধি করিতে হইলে'ঐ বাক্ষন্তও অধিকতর পুষ্টতা প্রাপ্ত হওয়া সম্ভব, ইহা म्लाहेरे रम्या यारेराज्छ। এर कार्या निकरिवर्जी

উপযুক্ত যন্ত্রাদির অর্থাৎ জিহ্না এবং ওঠা-ধরের সহায়তায় সিদ্ধ হইয়াছিল। নিশ্চয়ই উচ্চশ্রেণীর বানরগণের বৃদ্ধিবৃত্তি প্রচূর পরিমাণে উন্নতি লাভ না করা হেতুতেই উহারা বাক্য উচ্চারণ নিমিত বাক্যন্ত্র ব্যবহার করে না। উহারা বাক্য উচ্চারণ করে না, কিন্তু দীর্ঘকাল অভ্যাদ করিলে বাক্য উচ্চারণে সমর্থ হইত এরপ বাক্যস্ত্র উহাদিগের আছে; অনেক পক্ষীরও গান করিবার উপযুক্ত যন্ত্র আছে, কিন্তু কখনও গান করে না। ঐ বানরগণের ও পক্ষিগণের অবন্থা তুল্য। বুল্বুলের ও কাকের বাক্-যন্ত্র সমভাবে গঠিত; কিন্তু বুল্বুল বিচিত্র গান করিবার নিমিত্ত উহা ব্যবহার করে, অথচ কাক কেবল কা কা করিয়া থাকে। यिन (कह बिष्ठांना करतन (य, मान्नूरवत (य পরিমাণ বুদ্ধিরভির উন্নতি হইয়াছে, বানরের তাহা হইল না কেন, তবে কেবল সাধারণ ভাবে তাহার উত্তর দেওয়া যাইতে পারে। বিশেষ ভাবে উত্তর পাইবার আশা করাও সঙ্গত নহে, কারণ প্রত্যেক জন্তু কি প্রকারে ক্রমে ক্রমে উন্নতি লাভ করিয়াছে, তৎ সম্বন্ধে আমরা নিতান্ত অজ্ঞ।

বিভিন্ন জাতীয় জীবের উৎপত্তি একং বিভিন্ন ভাষার উৎপত্তি একই প্রকার; উভয়ই ক্রমে ক্রমে পুষ্ট হওয়ার প্রমাণও একই প্রকার। ইহা আশ্চর্গ্যের কথা। কিন্তু জীবের অপেক্ষা ভাষার গঠন আমরা বেশি দুর পর্যান্ত মূল অমুসন্ধান করিতে পারি, কারণ অনেক শব্দ নানাবিধ ধ্বনির অমুকরণে কিরূপে জাত হইল তাহা আমরা বুঝিতে সমর্থ হই। পৃথক্ পৃথক্ ভাষা ঐ

ভাষা হইতে উৎপন্ন হওয়া হেতু অনেক স্থলে বিষ্ময়কর একতা দেখা যায়, এবং উহাদিগের গঠন এক প্রকারে হওয়ায় গঠন-সাদৃশ্রও লিক্ষিত হয়। কভিপয় অক্ষর অথবা ধ্বনি পরিবর্তিত ইইলে অন্যান্য অক্ষর এবং ধ্বনি যে ভাবে পরিবর্ত্তিত হয় ভাহা [জীবতত্ত্বের] সহ-পরিবর্তনের ভাষ। ভাষা ও জীব---উভয় কৈতেই অধিকাপত দৃষ্ট হয় এবং দীর্ঘকাল নিয়ত বাবহারে পরিণাম ফল ইত্যাদিও ভুলা। উভয় ক্লেন্তেই লুপ্তাবশিষ্ট অঙ্গ বিভ্যান থাকে, ইহা আরও উল্লেখ-যোগ্য। "Am" শদের m অক্ষরের অর্থ "l" সুতরাং "lam" পদে অনাবশ্রক লুপ্তাবশেষ বিদ্যমান আছে! বর্ণবিক্যাসে অনেক সময় প্রাচীন কালীয় উচ্চারণের লুপ্তাবশিষ্ট অক্ষর রহিয়া যায়। জীবের ক্যায় ভাষা সকলেরও শ্রেণী বিভাগ করা যায়; এবং উৎপত্তি অমুসারে অথবা অন্ত লক্ষণ অনুসারে বিভক্ত করা যাইতে পারে। প্রধান ভাষা অথবা ভাষার কোন বিশেষ গঠন* প্রধান হইলে বহুবিজীর্ণ হইয়া পড়ে এবং অন্তান্ত ভাষাকে বিনষ্ট করিয়া एक एन, भात हान भ नारमन वर्णन का छित्र ন্যায় ভাষাও একবার বিনষ্ট হইলে পুনরায় জাত হয় না। এক ভাষার হুই জনস্থান থাকে না। ভিন্ন ভিন্ন ভাষা মিশ্রিত হইয়া ভাষার সঙ্কর উৎপন্ন করে। প্রত্যেক ভাষার পরিবর্তনশীলতা আছে; শক সর্বাদাই উৎপন হইতেছে। কিন্তু স্বতি-শক্তির দীমা আছে, স্থতরাং এক একটী শব্দও সমগ্র ভাষাটীর স্থায়, বিনষ্ট হইয়া

^{*} Dialects.

থাকে। ম্যাক্স্য্লার ভালই বলিয়াছেন, "প্রত্যেক ভাষাতেই শব্দম্হের মধ্যে এবং ব্যাকরণসম্মত রূপ সকলের মধ্যে প্রতিনিয়ত জীবন-সংগ্রাম চলিতেছে; যাহারা হ্রম, সরল, উত্তম তাহারাই জয়ী হইতেছে। তাহাদিগের অন্তানিহিত উপয়োগিতাবশতঃই জয়ী হইতেছে।" এই সকল গুরুতর কারণে কতিপয় শব্দ অপরাপর শব্দের স্থান অধিকার করে। এতদ্বাতীত আরও হুইটী কারণ আছে, নৃতনত্ব এবং রুচি; কারণ মানবন্মন সকল বিষয়েই অল্প পরিবর্ত্তন খুব ভাল বাসে। জীবন-সংগ্রামে কতিপয় শব্দ টিকিয়া যায় অথবা রক্ষিত হয়, ইহাই প্রাকৃতিক নির্বাচন।

অনেক অসভ্য জাতির ভাষা-গঠন অতি সুশুঙাল এবং জটিল, ইহা হইতে অনেকে বিবেচনা করেন যে ঐ সকল ভাষা ঈশবদত্ত অথবা উহাদিগের নির্মাতাগণ সভা ও খুব কৌশলী ছিলেন। এফ, ডন্, শ্লেগেল লিখিয়াছেন, "অতি নিয়শ্ৰেণীয় বুদ্ধিহীন জাতিগণের ভাষা মধ্যেও আমরা অনেক সময় উত্তম ব্যাকরণসন্মত গঠন-কৌশল দেখিতে পাই; বাস্ক, ল্যাপোনিয়ান এবং আরও কতিপয় অ্যামেরিকান ভাষা সম্বন্ধে বিশেষরূপে সত্য। কথা ভাষাকে শিল্প বলা নিশ্চয়ই ভ্ৰম, কারণ শিল্প শব্দে মনুষ্য কর্ত্তক যত্নপূর্ণকি বিধিমত গঠিত বুঝায়। ভাষা তর্বিদ্ণণ এক্ষণে স্বীকার করেন যে বিভক্তি ওপ্রহায়গুলি পূর্বে পৃথক পৃণক শব্দ ছিল, তংপর অন্ত मंत्र युक्त इरेग्नाह्य ; किन्न ये मकन मक् পুর্নেবস্তু ও ব্যক্তির সম্বন্ধবাচক থাকায় আদিকাল হইতেই প্রায় সমস্ত জ্বাতি উহা দিগকে ব্যবহার করিয়াছে। ইহা আশ্চর্য্যের

বিষয় নহে। নিয়ের দৃষ্ঠান্ত হইতে বুঝা যাইবে যে ভাষার পূর্ণতা সম্বন্ধে কত সহজে ভ্রমে পতিত হইতে পারি; একটী জীবের কথন কখন দেডলক্ষ থোদা উহারা অতি উৎকৃষ্ট ভাবে ব্যাদার্দ্ধ রেখার স্থায় সজ্জিত; কিন্তু কোন জীবতত্ত্বিৎ এই শ্রেণীর জীবকে সমন্বি-পার্শ্বিক জীব অপেকা অধিক উন্নত বোধ করেন না, যদিও ইহা-দিগের তত অধিক অংশ নাই, এবং যাহা আছে তাহাও অসম, কেবল দেহের হুই পার্বস্থ অংশগুলি তুলা। দৈহিক যন্ত্র সকল পৃথক পৃথক হওয়া এবং নির্দিষ্ট অংশে নিৰ্দ্দিষ্ট কৰ্ম্ম নিসান হওয়াকেই জীবতত্ত্ব-বিদাণ উন্নতির (পূর্ণতার) লক্ষণ বিবেচনা করেন; ইছাই সঙ্গত। ভাষা সম্বন্ধেও তাহাই। यে 'সকল ভাষা শৃঙ্খলাহীন, সংক্ষিপ্ত, মিশ্র অথবা সঙ্কর; যাহারা স্থুস্পষ্ট শব্দ, অথবা প্রয়োজনীয় গঠন পদ্ধতি বিজেত্ কিম্বা বিজিত জ।তির অথবা নবাগতগণের ভাষা হইতে গ্রহণ করিয়াছে, সেই সকল ভাষাকে [ঐ হেতুতে] শৃঙ্খলাযুক্ত জটিল ভাষা হইতে অধিক উন্নত বিবেচনা করা সঙ্গত নহে।

এই সকল অসম্পূর্ণ এবং অন্নসংখ্যক রন্তান্ত হইতেই আমি বিবেচনা করিতে পারি যে, অনেক অসভ্য জাতির ভাষা-গঠন সুশৃঙ্খাল এবং জাটল হওনাতেই ঈখর কর্ত্তক পৃথক সন্ত বলিয়া-প্রমাণিত হয় না এবং স্পন্ত উচোরিত বর্ণাশ্মক ভাষা, কেবল মানুষেরই আছে, এ হেতুতেও নিয়তর জীব হইতে মানবের উৎপত্তি হওয়া বিশ্বাস করিবার অলজ্যনীয় বাধা হয় না। ক্রেমশ)

উপাধ্যায়ের সমাজ-নীতি

উপাধ্যায় ব্ৰহ্মবান্ধব মহাশ্য স্বদেশ-বস্তুকে কতটা যে ভাল বাসিতেন, তাঁর ঐকান্তিক সমাজাত্মগতাই ইহার প্রকৃষ্ট প্রমাণ। হিন্দু সাধনা পরিহার করিয়া, গ্রহণ করিয়াও তিনি সাধনান্তর স্মাজামুগত্য বর্জন করেন নাই। এই বিদেশীয় ধর্মগাধনকেই, আপনার জীবনে, मण्पूर्वत्रत्भ, निष्कत (मत्मत मभाक विधातन সঙ্গে মিলাইয়া লইবার জন্ম প্রাণপণ চেষ্টা করিয়াছিলেন।

কেহ কেহ উপাধ্যায় মহাশয়ের এই সমাজাত্মগত্যের অন্তরালে কেবল একটা অৰ্থহীন હ व्यायोक्तिक द्रक्रभीनठाई দেখিতেন। প্রথম বয়দে উপাধ্যায় না কি ব্ৰাহ্মসমাজে যোগ দিয়া ধর্ম ও সমাজ-পক্ষপাতী হইয়াছিলেন। সংস্কারের জন্ম তাঁরে পরিণত বয়সের এই সমাজাতু-গত্যকে কেহ কেহ, বিশেষতঃ তাঁর পূর্বকার পুরাতন কুদংস্বারের দিকে ধর্মবন্ধুগণ, পুনরাবর্ত্তন বা রি-অ্যাক্ষণ (re-action) বলিয়া মনে করিতেন। কিন্তু উপাধ্যায়কে এ জাতীয় রক্ষণশীল বা এই শ্রেণীর भूनतावर्जनकाती वा ति-व्याकश्वादी (re-वना गारेट भारत कि actionary) ना मेरमर।

উপাধ্যায়ের মধ্যে একটা প্রকৃত শ্রন্ধার ভাব ছিল, এ কথাটা সকলে জানেন না ও বোঝেন 'না। "সন্ধ্যা"-পত্রিকার সম্পাদক বলিয়াই বাঙ্গালী সমাজে উপাধ্যায় বিশেষ ভাবে পরিচিত হইমাছিলেন। আর "সন্ধ্যাতে" প্রায়ই সমাজের, বিশেষ নব্যশিক্ষা-ভিমানী সম্প্রদায়ের, কোনও কোনও শ্রেষ্ঠজন সম্বন্ধে এরপ কঠোর, তীত্র, কখনও কখনও বা গভীর বিদ্রুপাত্মক প্রবন্ধ প্রকাশিত হুইত ্যে এগুলি পড়িয়া অপরিচিত লোকে কোনও প্রকারেই সম্পাদককে এক জন শ্রদাশীল লোক বলিয়া কল্পনা করিতে পারিত না। কিন্তু উপাধাায়কে জানিতেন. তাহার ঘনিষ্ঠভাবে তাঁর কথাবার্তায় কথনও প্রকৃত শ্রদ্ধাশীলতার অভাব দেখিয়াছেন কি না সন্দেহ। পল্লীর স্বাস্থ্যরক্ষার জন্ম, পল্লীবাদীর কাহাকেও না কাহাকেও তার আবর্জনরাশি পরিষ্কত করা অত্যাবশ্রক হয়। এ অত্যাবশ্রকীয় কর্ম যে করিতে যাইবে, তার হাতে ও গায়ে কিছু না কিছু ময়লাও লাগিবেই লাগিবে। কিন্তু দশের হিতের জন্ম এ কাজ করিতে প্রবৃত্ত হইয়াছে বলিয়া দে ব্যক্তি যে সভাৰতঃই व्यावर्क्जना छान वारम, अभन कथा रयभन वना সঙ্গত হয় না, সেইরূপ স্থয়বিশেষে স্মাজের নৈতিক বা রাষ্ট্রীয় আবর্জনা পরিদ্ধার করা প্রয়োজন হইলে, সমাজের শ্রেষ্ঠজনকেও সর্বস্মক্ষে অপদস্থ করা আবিশ্রক হইতে পারে। আর সে অবস্থায়, সে অপ্রীতিকর কর্ম যদি কেহ করে, তাহাতে তাহাকে সন্নবিস্তর হীনতাও স্বীকার করিতেই হয়। কিন্তু তাই বলিয়া সে নির্বিকার-চিত্ত দেশ-**मित्रक हो नहित्र क्वांक विशा भरन** করা কখনই সঙ্গত হয় না। সদল্পেও এই কথাই খাটে। "সন্ধ্যা"পত্রিকার

সমাজের কোনও কোনও শ্রেষ্ঠ জনকে যখন
তথন তীব্রভাবে আক্রমণ করা হইত
বলিয়া, সম্পাদকের প্রকৃতিতে যে একটা
আভাবিকী শ্রদ্ধানীলতা ছিল না, একেবারে
সরাসারিভাবে এমন সিশ্বাস্ত করা
যায় না।

ফলতঃ উপাধ্যায় "সন্ধ্যা" পরিচালনা कतिरा याहेया, व्यापनात व्याखतर् कार्या পরিমাণে যে নিপীড়িত করিতেন, বছদিন কাছে থাকিয়া, এক দঙ্গে কাজকর্ম করিয়া, তাহা প্রতাক্ষ করিয়াছি। এ সকল আক্রমণ যে সর্বাদা তিনি নিজে লিপিবন্ধ করিতেন, তাহাও নহে। তবে অপর শেখকদিগের প্রবন্ধাদির উপরে তিনি প্রায়ই হস্তক্ষেপ করিতেন না। আর সমাজের "মেকি" প্রভাব নষ্ট না নেত্র ও হাদেশ-সেবার হইলে, সত্য ও সঞ্জীব স্বাদেশিকতা কখনওই ফুটিয়া উঠিবে না, ইহাও তিনি মনে করিতেন। এই জন্ম আর কোনও কিছু বিচার না করিয়া উপাধ্যায় এ সকল পেখা পত্রস্থ করিয়া দিতেন। নতুবা, সত্য সত্যই যে লোকনিন্দায় তাঁর আনন্দ হইত, তাহা নয়। আর এ সকলে তাঁর প্রাণগত শ্রদাশীলতার অভাবও হচিত হইত না।

প্রকৃতিগত শ্রন্ধাশীলতা হইতে, সর্বত্রই

এক প্রকারের রক্ষণশীলতাও জন্মিয়া থাকে।

এই জাতীয় রক্ষণশীলতা উপাধ্যায়ের মধ্যে

বেশই ছিল। তারই জন্ম উপাধ্যায়ের হাত
প্রাচীনের ও প্রতিষ্ঠিতের উপরে আ্বাত

করিতে সর্বাদাই সদ্কৃতিত হইত। এই জন্মই
উপাধ্যায় প্রথম বয়সে আ্পনার কৌলিক

ধর্মে আ্বাহাহীন হইয়াও, একেবারে উৎকট

ধর্মাণস্কারক বা সমাজ-সংদারক হইয়া উঠেন ব্ৰাহ্মদমাজে আদিয়া, ত্রাহ্মসমাজে যোগ না দিয়া, কেশবচন্দ্রের শিষ্যত্ব গ্রহণ করিয়া, ভারতবর্ষীয় ব্রাহ্মসমাঞ্চে প্রবেশ করেন। কেশবচন্দ্রের চরিত্রে একটা রক্ষণশীলতা এবং তাঁহাব শিষ্যবর্গের মধ্যে একটা শ্রন্ধাশীলতা সর্বদাই বিভ্যান ছিল। এ বস্তু ব্রাহ্মসমাজের অপর শাখায় তত্টা পাওয়া যায় নাই। উপাধ্যায়ের প্রকৃতিগত শ্ৰদাশীলভা শাস্ত্রগুরুবর্জিত বান্ধর্যেতেও বেশি দিন তৃপ্তিলাভ করিতে পারিল না। এই শ্রদ্ধাশীলতার প্রেরণাতেই, আমার মনে হয়, উপাধ্যায় ব্রাহ্মসমাঞ ছाড়িয়া এথমে প্রোটেট্ট্যাণ্ট খুষ্টীয় মণ্ডলীর ও শেষে রোমান ক্যাথলিক খুষ্টীয় সজ্যের আশ্রয় লইয়াছিলেন। আর এই থানেই, তাঁর প্রকৃতিগত শ্রদাশীলতা ও রক্ষণশীলতার প্রভাবে উপাধ্যায়ের শেষ বয়সের সমাজ-নীতির মূল ভিত্তিটী গড়িয়া, উঠিতে আরম্ভ করে।

সর্বত্তই ব্যক্তিষাভিমানী অনধীনতার আদর্শের সঙ্গে সমাজাহুগত্যের একটা নিত্য বিরোধ জাগিয়া বহে। যেথানেই এই অনধীনতার ভাবটা প্রবল হইয়া উঠে, সেই থানেই সমাজাহুগত্যটা ধর্মবিগর্হিত বলিয়া, পরিত্যক্ত হয়। প্রোটেষ্ট্যাণ্ট খুষ্টীয়ান্ সম্প্রদায়ে এই ব্যক্তিষাভিমানী অনধীনতার ভাব খুবই প্রবল। এই জন্ম ইহাদের মধ্যে সমাজাহুগত্যও ক্রমশই কমিয়া গিয়াছে, এখন নাই বলিলেও চলে। আনুদিকে রোমান ক্যাথলিক খুষ্টীয় সঙ্গে, শান্ত্র ও জক্র উভয়ের প্রাধ্ন নুন্ধ্যাদা সমভাবে রক্ষিত

হইয়া, ধর্মসাধনে ও সমাজ-জীবনে, উভয়
কেত্রেই ব্যক্তিত্বাভিমানী অনধীনভার
ভাবকে অনেকটা সংযত করিয়া রাখিয়াছে।
এই জয় এখানে সমাজামুগতা যে
ধর্মের একটা শ্রেষ্ঠ অঙ্গ, এ ভাবটা এ পর্যান্ত একবারে নন্ত হইয়া যায় নাই। এই
কারণেই, রোমক-সজ্বের আশ্রম গ্রহণ
করিবার সঙ্গে সংক্ষেই উপাধ্যায়ের সমাজান্
হুগত্যের ভাবটাও পরিপূর্ণ হইয়া উঠিতে
আরম্ভ করে।

অত এব এই সমাজামুগতাটা ভাল হউক
মন্দ হউক; যুক্তিসঙ্গত বা অযৌজিক
আর যাহা কিছুই হউক না কেন, ইহার
অন্তরালে যে একটা বিরাট ধর্মতত্ত্ব ও
সমাজ-তত্ত্ব বিদ্যমান ছিল, এ কথাটা
অস্বীকার করা যায় না। একটা খেয়ালের
চাপে উপাধ্যায় প্রাচীন সমাজ শাসন
পরিত্যাগ করেন নাই; খেয়ালের চাপে
তাহার পুনঃ-প্রতিষ্ঠার চেষ্টাতেও প্রবৃত্ত
হন নাই। এই জন্ম তাঁহাকে পুনরাবর্ত্তনকারী বা বি-আ্যাক্ষণারীও বলা যায় না।

ফলতঃ আমাদের সমাজের যাহা যেরপ আছে, তাহা সেইরপই থাকিবে বা থাকা বাগুনীর, উপাধ্যায়কে কোনও দিন এমন কথা বলিতে শুনি নাই। "বন্দে মাতরম্" পত্র প্রতিষ্ঠার সময়ে এই সম্বন্ধে উপাধ্যায়ের সঙ্গে আমার অনেক কথা হয়। নৃতন কাগজ সমাজ-সংস্কার সম্বন্ধে কি নীতি অবলম্বন করিবে, ইহাই আমাদের উভ্যের বিচার্য্য বিধয় ছিল। বন্দে মাতরম্ সর্ব্ বিষয়ে উলার সংস্কারের সমর্থন করিবে, আমি এই কথা বলি। উপাধ্যায় এ বিষয়ে

একটু আপতি করেন। তাঁর মূল কথাটা আজিও আমার মনের মধ্যে জাগিয়া আছে। তিনি বলেন—"সমাজ-সংস্থারের আমি নই। কিন্তু বর্ত্তমান অবস্থাধীনে সমাজ-সংস্কার বলিতেই বিদেশীয় সভ্যতা সাধনার প্রভাবে, কতকগুলি বৈদেশিক আদর্শের স্বল্লবিস্তর অমুবর্তন্ই বুঝাইয়া থাকে। এই জ্ঞাতীয সমাজ-সংস্কারে আমাদের স্থাজের বিশেষত্বটুকু ক্রমে লোপ পাইতেছে, আমরা ফিরিঙ্গীর একটা নকলের নকলের মতন হইয়া উঠিতেছি। এটা আমি চাই না। ইহাতে সমাজের স্বাদেশিকতা নষ্ট হইয়া, সমাজের ও লোক-চরিত্তের সাংঘাতিক বিপর্যায় উপস্থিত হইবে। এই বিদেশীয় শক্তির প্রভাবকে আটকাইতে হইবে। স্বদেশের সমাজকে ও স্বদেশের জনগণকে সর্ব্বাদে আত্মন্ত করিতে হইবে। তারা আগে জাগুক। নিজেরা নিজেদের চিনিয়া লউক। তারপর. তারা নিজেরাই নিজেদের প্রকৃতি ও প্রয়োজনামুরূপ নিজেদের সমাজকে গড়িয়া পিটিয়া শুধরাইয়া লইবে।"

এই কথাগুলিতেই উপাধ্যায়ের সমাজ-নীতির যেমন, তেমনি তাঁর সাদেশিকভারও স্থন্দর পরিচয় পাওয়া যায়।

বস্ততঃ উপাধ্যায় ভিন্ন ভিন্ন মানবসমাজকে এক একটী স্বতন্ত্ৰ, বিশিষ্ট জীবের
মতন মনে করিতেন বলিয়া বোধ হয়।
Social organism বা সমাজ-জীব আধুনিক
বিদেশীয় সমাজ-বিজ্ঞানের এই পরিচিত
পরিভাষাটী তাঁর মুখে কখনও শুনিয়াছি
বলিয়া মনে পড়ে না। কিন্তু তাঁর কথা-

বাৰ্ত্তায় তিনি যে ই আধুনিক সমাজ-তত্ত্বীকে দৃঢ় করিয়া ধরিয়াছিলেন ইহা খুবই বুঝিয়াছিলাম। আব প্রত্যেক স্মাজকে এইরূপ বিশিষ্ট জীবধর্মাবলঘী বলিয়া মনে করিতেন বলিয়াই সকল সমাজেরই ভাল ও মলের মধ্যে যে নিগৃঢ় অসাঙ্গী যোগ **অ**তি আছে, এ কথাও তিনি বলিতেন। এইজন্মই বিলাতী সমাজের মন্দটীকে ছাড়িয়া শুদ্ধ ভালটীকে গ্রহণ করা আখাদের পক্ষে যেরূপ আমাদের নিতান্ত অসাধ্য, সেইরূপ নিজেদের সমাজের ভালটুক্কে নিথুঁত ভাবে রক্ষা করিয়া, কেবল তার মন্টুকু:ক একান্ত ভাবে পরিহার করাও একান্ত অসম্ভব। জীবদেহে যখন প্রাণশক্তি ছব্বল হইয়া পড়ে, তখনই কেবল তাহার অন্তরস্থ রোগের বীজামু সকল প্রবল হইয়া অশেষ উৎপাত ও অমঙ্গল ঘটাইতে আরম্ভ করে, প্রাণীর স্মন্থ সবল অবস্থায়, তারা নিজীব ও অপকার সাধনে অক্ষম হইয়া পড়িয়া থাকে, এ থেমন সত্য; সমাব্দের ভাল-মন্দ স্বয়েরও ইহাসেইরূপই স্তা। স্মাজ মধ্যে যখন প্ৰাণশক্তি সতেজ ও সবল থাকে তখন সমাজের রীতি-নীতি এবং শাসন-সংস্কারের ভালটুকুই প্রবল হইয়া রহে ও তাহার মলটুকু হতবল ও হীনভেজ হইয়া অপকার সাধনে অক্ষম হইয়া যায়। কিন্তু সমাজের প্রাণশক্তি হ্রাস হইতে আরম্ভ করিলেই এ সকল অন্তর্নিহিত উৎপাত ও অমঙ্গলের বীজ অঙ্কুরিত হইয়া; সমাজকে বিপর্যন্ত করিয়া তুলিতে থাকে। স্নুতরাং সমা-জের প্রাণশক্তিকে জাগাইয়া তোলা,সেখানে

বল সঞ্চার করা, এ সকলই সমাজসংস্কার সাধনের প্রথম ও মুখ্য কর্ম। এটা করিছে পারিলে, সমাজ একবার সজীব ও আত্মস্থ হট্য়া উঠিলে, সামাজিক ব্যাধি সকলের বীজাকুণ্ডলি আপনি মরিয়া যাইবে বা মুমুর্ হইয়া পড়িয়া থাকিবে।উপাধ্যায় এই কারণেই স্ক্রাণ্ডে ও স্ক্র-প্রয়ত্ত্ব, স্বদেশী স্মাঞ্চের প্রাণমধ্যে এই শক্তি সঞ্চার করিবার জ্ঞাই ব্যগ্র ছিলেন; বাহির হইতে উত্তেজক ঔষধ দিয়া, সমাজ-দেহের ভিন্ন ভিন্ন স্থানীয় উপদ্রব সকলকে প্রশমিত করিবার জন্ম হাতুড়ে চিকিৎদার আশ্রয় গ্রহণ করিতে চাহেন নাই। এ কথাটী না বুঝিলে, উপাধাায় কেন যে শেষ জীবনে সমাজ-সংস্কারের কথা তেমন বেশী বলিতেন না, ইহার প্রকৃত মর্ম গ্রহণ করা সহজ্ব রা সম্ভব হইবে না।

উপাধ্যায়ের ভূয়োদর্শন এই ভাবটীকে বিশেষভাবে বাড়াইয়া তুলিয়াছিল। বিলাত যাইবার পূর্নের, করাচীতে যথন রোমক খৃষ্ঠীয়-ধর্মোর অনুশীলন করিতেছিলেন, তথন, উপাধ্যায় যতটুকু পরিমাণে সমাজ্বসংস্কারের পক্ষপাতী ছিলেন, বিলাত হইতে ফিরিয়া আসিয়া ততটুকুও ছিলেন কি না, সন্দেহ। করিতে যাইয়া সমাজ-সংস্কার কোন্ পথে চলিতেছি, এই পথ ধরিয়া চলিলে পরিণামে কোন্ স্থানে যাইয়া পৌঁছাইতে হইবে,—বিলাতে যাইয়া ইরেজ-সমাজের গতিবিধি ও রীতিনীতি, মত ও আদর্শ এবং ভাবস্বভাব স্থন্মভাবে পর্য্যবেক্ষণ করিয়া, উপাধ্যায় তাহা বেশ করিগা ধরিতে পারিয়া-ছিলেন। আর ঐ পথ যে আমাদের পক্ষে

ভয়াবহ পরধর্মের পথ,—উপাধাায় ইহাও বিশাস করিতেন। এই কারণেই বিলাত হইতে ফিরিয়া আলিয়া তিনি কতকটা পরিমাণে স্বদেশের সামাজিক জীবনের ও সামাজিক আচার-ব্যবহারের পক্ষপাতী हरें इंडिन। कार्याभ्या ध्वान राविन কালে যারা বিলাত যান, তাঁদের কথা यादाई रुष्ठिक ना (कन, (वनी वश्राम, विरम्बडः প্রকৃত ধর্মজীবনের কথঞিং অভিজ্ঞতা লাভ করিয়া, যাঁহারা বিলাতী সমাজের ভাব-স্বভাব ও মতিগতি পরীক্ষা করিবার প্রত্যক্ষ ष्यवमत প্রাপ্ত হন, তাঁহাদের অনেকেই, বোধ হয়, স্বদেশের রীতিনীতি ও আচার-ব্যবহারের সমধিক পক্ষপাতী হইয়া বিলাত হইতে সদেশে ফিরিয়া আইসেন! অস্ততঃ উপাধ্যায় মহাশয় সম্বন্ধে এরপ্ট ঘটিয়াছিল। এই জন্মই উপাধ্যায় মহাশয় শেষ জীবনে সমাজ-সংস্কারকার্য্যে হস্তক্ষেপ করিতে এতটা শৃক্ষিত হইতেন।

এরপ শকা যে একান্তই অসাভাবিক বা নিতান্তই অয়োক্তিক, এমনই কি বলিতে পার। যায় ? ইংরেজি শিথিয়া, যুরোপীয় ঝাঁঝের ব্যক্তিত্ব। ভিমানী অনধীনতার ও গণতস্ত্রতার আদে ৠ হইয়া, আমরা এক সময়ে ৢসমাজ-সংস্কারব্যাপারটা যত সহজ মনে করিয়াছিলাম, বাস্তবিক যে তাহা তত সহজ নহে, এ জ্ঞান অনেকেরই অল্লে অল্লে জানিতেছে। বিশেষতঃ য়ুয়োপীয় সমাজ-চিত্রের ধ্যানে এই জ্ঞান বাড়িয়া উঠে বৈ হাস হয় না। এক এক করিয়া, আমাদের বর্ত্তমান সমাজ-সংস্কারের মুখ্য প্রয়াসগুলিকে ধারভাবে তাকাইয়া দেখিলেই, ইহা বুঝিতে পারা যায়। উপাধ্যায় এটা থুব ভাল করিয়া বুরিফাছিলেন বলিয়াই, এতটা সরাসরিভাবে সমাজসংস্কারের চেষ্টায় আপনিও প্রবৃত্ত হন নাই, অপরকেও এ কার্য্যে প্রোৎসাহিত করিতেন না।

প্রচলিত ব্লংস্কার-প্রয়াদিগণ আমাদের জাতিভেদ-প্রথাটা ভাঙ্গিয়া দিবার জ্ঞ্স নিতার বাগ হইয়াছেন। এ সাভাবিক। বর্ত্তমানে এই জাতিভেদ-প্রথা যে আকার ধারণ করিয়াছে, তাহাতে সমাজের স্থবিরতা যে অনেকটা বাড়িয়া গিগাছে, ইহা অধীকার করাও যায় ন।। আর পূর্ব পূর্ব মূগেও মহাজনেরা সময়ে সন্যে, এই বংশগত জাতিভেদপ্রথার সংস্কার সাধন যে করেন নাই, তাহাও নহে। জাতিভেদের কঠোর শাসন সত্তেও বছ कानाविव हिन्दूनभारक (य वोक-मिश्रन परिया আদিয়াছে, ইহাও বোধ হয় প্রমাণ করা কঠিন নহে। এইরপ বীজ মিশ্রণে কেবল বিবিধ বর্ণসঞ্জবেরই উৎপত্তি হয় নাত, যাঁরা ममार्क मुक्कतवर्ग विनिधा शतिविष्ठ नरहन, তাঁহাদের মধ্যেও যে এরপ বীজমিশ্রণ ঘটিয়াছে, ইহারও প্রমাণ-প্রতিষ্ঠা অসাধ্য নহে। এতদ্বাতীত বৈঞ্চব ও শাক্ত উভয় মার্গের मारक ও मञ्जनाय-প্রবর্ত্তকগণের মধ্যে কেহ কেহ প্রকাশ্র ভাবেই এই জাতিভেদ-প্রথাকে স্তল্পবিস্তার ভাগিয়া দিয়াছেন, অস্বীকার করা যায় না। স্বতরাং বর্ত্তমানেও যে এ প্রথার সংস্কার প্রয়োজন নর, অথবা সংস্কার হইবে না, এমন কথা কে বলিবে ? উপাধ্যায় কথনও এমন কথা বলেন নাই, তিনি জীবনের কোনও বিভাগে

স্থবিরতা ও বদ্ধভাবের পক্ষপাতী ছিলেন না, এ কথা দৃঢ়ভাবে বলিতে পারা যায়। কিন্তু তথাপি যে ভাবে আমাদের বর্ত্তমান জাতিভেদ-প্রথাকে সমাজ-সংস্থারকেরা ভাঙ্গিতেছেন বা ভাঙ্গিতে চাহিতেছেন. উপাধ্যায় তাহার সমর্থন ৃকরেন নাই। আর করেন নাই এই জন্ম যে আমরা এই পথে আমাদের প্রাচীন জাতিভেদ-ल इक्षार्थ কবিয়া. প্রথার সাধন বিদেশের আমদানী আর এক প্রকারের ঘুণাতর ও সহস্রগুণে অধিক অমঙ্গলকর জাতিভেদের প্রতি**ঠা করিতে ব**িমাছি। ইহাকে জাতিভেদ বিদেশীয় সমাজে বলে না বটে। তাঁহারা ইহাকে (ज्येगी एक वर्णन। किन्न य नारमह निर्मिष्ठे रुष्ठेक ना रकन, रुष्ठ इंगे अक ना रहेरलंख যে নিতান্তই স-জাতীয় ইহা কি অস্বীকার করা যায় ? আর এখানে প্রশ্ন এই যে সামাজিক স্থবিরতা-পোষক যে বংশগত জাভিভেদ আমাদের দেশে প্রচলিত আছে, তাহার যতই দোষ থাকুক না কেন, ইহার বদলে আমরা, সংস্থারের নামে, সমাজের বিপ্লবসাধক, পদগত বা ধনগত যে বিলাতী শ্রেণীভেদকে জ্ঞাতসারেই হউক আর অজ্ঞাতসারেই হউক, আমাদের সমাজে করিয়া লইতেছি, তাহার দোষ তদপেক্ষা বেশি কি না ? এই বিষয়ে উপাধ্যায় এই প্রশ্নটাই তুলিতেন। আর এই প্রশ্নের সোজা উত্তর কেবল একটা---বিলাতী শ্রেণীভেদের দোষ আমাদের ব্লাতিভেদের দোষ অপেক্ষা আকারে ভিন্ন र्हेरमु७, ७ म् त्र न्य न्य আমাদের

জাতিভেদ মান্থবের মন্থ্যত্ত-বস্তকে হয় ত কোনও কোনও হলে চাপিয়া রাখে, বিলাতী শ্রেণীভেদ তাহাকে পিষিয়া মারে। স্কৃতরাং যেরূপ করিয়াই হউক, এই পুরাগত জাতি ভেদকে ভাঙ্গিয়া দিলেই যে আমাদের সমাজ উন্নতির পথে ও কল্যাণের পথে অএসর হইবে, উপাধ্যায় এমনটা বিশ্বাস করিতেন না।

জাতিভেদের সংস্কার সম্বন্ধে যে কথা, অন্তান্ত সমাজসংস্কার সম্বন্ধেও সেই কথা! যেটাকে ভাঙ্গিয়া যেটাকে গডিতে যাইতেছি. তাহা কি বেশি ভাল ? যেমন প্রচলিত জাতিভেম, সেইরূপ বর্ত্তমানে যে আকারে বাল্যবিবাহ-গ্রথা দেশে প্রবর্ত্তি আছে. তাহাও সমাজের উন্নতি ও কল্যাণের ঠিক সহায় বে নয়.—এ কথা উপাধ্যায় জানিতেন এবং মানিতেন। এ কুপ্রথা এক সময়ে আমাদের সমাজেও ছিল না। কোন যুগে, कि कादरा, रकान विराध व्यवस्थारीत देश প্রচলিত হয়, স্থির করা বহু-বিস্তৃত-ও-সুশু গবেষণা-সাপেক্ষ। কিন্তু যখন এবং যে কারণেই ইহা প্রথমে প্রবর্ত্তিত হউক্ না (कन, हिन्दूमभाटक यथन প्रांगमंजि श्रवन ছিল, তথন সমাজ আপ্র ইইতেই ইহার আমুসঙ্গিক অমঙ্গল ফলগুলি, একান্ত ভাবে না হউক, অন্ততঃ বছল পরিমাণে নিবারণ করিবার উপায় উদ্ভাবন করিয়া লইয়াছিল। সমাজের সে প্রাণশক্তির হীনতা নিবন্ধন ক্রমে এ সকলও বার্থ বা নষ্ট হইর। গিয়াছে। ত্মতরাং আজ বাল্যবিবাহ-প্রথা মৃত্যা অনিষ্টকর হইয়া উঠিয়াছে, কিছুকাল পূর্ব্বেও তত অনিষ্টকর ছিল না। এ সকলই সত্য।

সকলে না হউক, অতি নিষ্ঠাবান অথচ
চিন্তাণীল হিন্দু গাঁহারা, তাঁহারাও এ সকল
স্বীকার করেন। কিন্তু এই প্রথাকে
স্বোর করিয়া বন্ধ করিলে, আর তাহার
বদলে বিলাতা ছাঁচের যৌবন-বিবাহ ও
যুননির্বাচন-প্রথা প্রবর্ত্তিত হইন্দে, আমরা
কোথার গিয়া দাঁড়াইব, তাহাতে আমাদের
সমাজের বেশি অমঙ্গল আশঙ্কা হইবে কি
না, এ সকল ভাবিয়া চিন্তিয়া, তাঁহারা
সহসা এ সংস্কার-কার্যো হস্তক্ষেপ করিতে
সাহসী হন না।

এইরপে আমাদের সমাজবিধানে যে
সকল মন্দ জানিয়। উঠিয়াছে, টু তাহাকে
জার করিয়া উপড়াইরা দিলে, তার
ভাল যাহা স্লাছে, তাহাও. নই হইয়া
যাইবে কি না, এই ভয়েই উপাধ্যায়
মহাশয় সমাজ-সংস্কার বিষয়ে এতটা শক্ষিত
হইয়া চলিতেন। নতুবা আমাদের সমাজে
বর্তুমান অনিষ্ট চর প্রথা সম্বন্ধে তিনি যে
অন্ধ ছিলেন, কিলা এ সকলের পরিবর্ত্তন ও
সংশোধন ইচ্ছা করিতেন না,—এমন কথা
কিছুতেই বলা যায় না।

অন্ত প্রদক্ষে যাহা বলিয়াছিলাম, উপাধ্যায়ের সমাঞ্চাহগত্য ও সমাজনীতি সম্বন্ধেও তাহাই বলিতে পারি। উপাধ্যায় यानी मभाकत्क, त्वारक त्वरात मन्द्रिक य हरक (न(थ, ८मरे हरक (मिथ(धन। **ए**क লোকেও প্রয়োজন হইলে আপনার দেবতার মন্দির ভাঙ্গিয়া থাকেন, কিন্তু ভাঙ্গিবার জন্ম তাহা ভাঙ্গেন না, অন্য দেবতার প্রতিষ্ঠার জ্মাও তাহাকে নত করেন নাণ আপনারা দেবতার নেবার সৌকগ্যার্থেই থাকেন এবং ভাঙ্গিবার সময়, শান্ত সমাহিত, শুদ্ধ বুদ্ধ হইয়া, ভক্তির সঞ্চেই ভাঞেন। এরপভাবে যদি কেহ হিন্দুসমাজের সংস্কারে প্রায়ত হন, উপাধ্যায় তাহার সে চেষ্টাকে মাথায় করিয়া লইতেন, ইহা জানি। আর প্রচলিত স্মাজ-সংস্কার-চেষ্টার মধ্যে এই সংযম, এই শ্রন্ধা ও এই ভক্তির প্রতিষ্ঠা দেখিতে পান নাই বলিয়াই তিনি ইহার সমর্থন করিতে পারেন নাই। তিনি স্বদেশ-বস্তুকে কেবল ভালবাসিতেন যে তাহানয়, আন্তরিক ভক্তিও করিতেন। তাঁর সমাজাতুগভাের মধ্যে ও স্মাজনাতির মূলে এই অপুর্ব বদেশভক্তিটা সর্বদা জাগিয়া থাকিয়া, তাঁহার চরিতের এই বিশিষ্টতাকে কুটাইয়া তুলিগাছিল।

শ্রীবিপিনচন্দ্র পাল।

মহাভারতের ঐতিহাদিকতা

পাওবগণের জন্ম।

সেই সেই দেবতাগণের দৈবসঙ্গমে ঠুন্তীর
গর্ভে যুধিছির, ভীম ও অর্জ্জুন যথা ক্রমে
জন্মগ্রহণ করেন। মাদ্রী ঐ ব্যাপার দেখিয়া
কুন্তী যাহাতে ভাঁহাকে ঐ মন্ত্র দেন তজ্জ্য

পাতৃকে অনুরোধ করিলেন। কুন্তী সপদ্ধীকে দেবতাবিশেষের ধ্যান করিতে বলিলেন। মাদ্রী অধিনীকুমারদ্বয়কে ধ্যান করিলেন। কুন্তী মন্ত্র দারা জাঁহাদের আহ্বান করায় তাঁহারা মাদ্রীকে যমন্ত্র পুত্র দেন। পাণ্ডব- গণের এই জন্ম অমামুষিক ব্যাপার বটে, কিন্তু তাঁহাদের বহু পরেও বাঁহারা সীয় গুণে মুম্বাজাতির উপাস্য হইয়াছেন, তাঁহাদের সম্বন্ধেও এইরপ অমামুষ জন্মের উরোছে। ঈর্বরপ্রেমান্মত, আধুনিক স্থান্ড জগতের উপাস্য পরমহংস সিদ্ধি বিশুর জন্মত্বান্তও এইরপ অল্লোকিক। তাঁহার মাতাও জন্মজনার্জিত পুণ্যফলে বিনা পুরুষসংখাগে কুমারী দশার পরম ভাগবত যিশুকে গর্ভে ধারণ করিয়া জন্ম সার্থক করিয়াছেন। হে পাশ্চাত্য পণ্ডিত-পুন্থবাণ! একবার ভাবিয়া দেখুন যে যদি প্রস্কাণ, একবার ভাবিয়া দেখুন যে যদি প্রস্কান, রুষিষ্টিরাদির এই দৈবজন্ম কেন অবিয়াদ করিবেন

বাঁহারা যিশুর অলোকিক জন্ম বিশ্বাস করেন না, তাঁহারাও ঐ জন্মবশতঃ যিশুর অন্তিত্ব সম্বন্ধে কোন সন্দেহ করেন না। ঐরপ দৈবজন্ম অতিরঞ্জিত বলিতে হয় বলুন, কিন্তু তা বলিয়া যে যুধিষ্ঠিরাদির অন্তিত্ব ছিল না ইহা বলা যায় না। যে সমস্ত কুতার্কিক যিশুর অন্তিত্বেও সন্দিহান, তাঁহাদের নিকট যদি আমরা প্রমাণ দিতে পারি যে যুধিষ্ঠিরাদি যথার্থই ছিলেন, তাহা হইলে তাঁহাদেরও বিশ্বাস করা উচিত্ত।

কুপ, কুপী, দ্রোণ, ধার্ত্তরাষ্ট্র, দ্রোপদী ও ধৃষ্টত্বায়ের জন্মও অলোকিক। অনেকে বলিতে পারেন যে যদি কেবল পাণ্ডবদের জন্ম অলোকিক হইত, তাহা হইলে তাহা না হয় অতিরঞ্জিত বলিয়া ঐ অংশ ত্যাগ করিয়া অবশিষ্ট ইতিরত্ত বিশ্বাস করিতাম,

কিন্তু মহাভারতের অধিকাংশ চরিত্রেরই যখন জন্ম অলোকিক তখন ভারতীয় ইতিবৃত্তকে কবির কল্পনা ভিন্ন আর কি তাঁহারা বলিতে পারেন ধৃতরাষ্টের ঔরসে গান্ধারীর গর্ভে একশ্ত পুত্র হওয়া এবং গান্ধারীর একটা মাংসপিও প্রদব করা ও দেই মাংস্পিগুকে ব্যাদের বিভাগ করা এবং তাহা বিহল্পডিম্বের লায় ক্রমে ক্রমে ফুটিয়া উঠা ঠাকুরমার গল। সেইরূপ শর্বনে পতিত বীর্য্য হইতে ক্লপ ও কুপীর জন্ম, জোণে পতিত ভরদাজের বার্য্য হইতে দোণের জন্ম এবং যজ্জবেদি হইতে যাজ ও উপযাজের আছতিবলে ধৃষ্টব্যুম ও যাজ্ঞসেনীর জন্মও উপকথা মাত্র। সত্য বটে, জগতে সাধারণতঃ যে নিয়মে মনুষ্য আবাদে, সেই নিয়ম অনুসারে বলিতে গেলে এরপ জনা সম্ভব নহে; কিন্তু পরমাত্মার শক্তি বিশ্বতোমুখী। ভক্ত কবি যে গাইয়াছেন "অসম্বন্সব তোমাতে সম্ভব; প্রহলাদে রাখিতে শুম্ভেতে উদ্ভব" তাহা মিথ্যা নহে। প্রকৃতির শক্তির দীমা নাই। দেখুন কিছুদিন পূর্বে মহুষ্য উড়িতে পারে বলিলে কতই উপহাস করিতেন; রাবণের পুষ্পকরথ শুনিয়া কতই হাসিতেন, বাবণ অগ্নিকে ও বায়ুকে বাঁধিয়া-ছিলেন ইহা পাঠ করিয়া উপকথা মনে করিতেন। কিন্তু এক্ষণে উডিবার যন্ত্র আবিভূতি দেখিয়া, বৈহাতিক আলোক ও বৈহ্যতিক তালবৃক্ত দেখিয়া বাল্মীকির কথা সম্ভবপর মনে করিতেছেন। বিজ্ঞানের বলে যত অদ্তুত অদুত আবিকার হইতেছে ততই অসম্ভব সম্ভব হইতেছে। আধুনিক

বৈজ্ঞানিক প্রথা • ও প্রাচীন ঋষিদের প্রথার পার্থকা এই যে, বৈজ্ঞানিক প্রথা এক জড়শক্তির দ্বারা অপর জড়শক্তির জয়। ঋষিগণের প্রথা ছিল যে প্রকৃতির কারণীভূত চিচ্ছক্তি দ্বারা প্রকৃতিকে জয়। তাহাও যে কতক সন্তব ইহা, হরিদাস সাধু, বৈলঙ্গমানী, ভাঙ্করানন্দস্বামী, বামা ক্রেপা বাবা শভ্তি আধুনিক সাধুগণ দেখাইয়াছেন। স্মৃতরাং কি ব্যাসের, কি ভরদ্বান্ধের, কি যাজ উপ্যান্ধের তপোবলে যে প্ররূপ অলৌকিক ব্যাপার ঘটতে পাবে তাহা অসম্ভব নহে। আর তপোবল বিশ্বাস না করিলেও মহাভারতের মূল অংশ অবিশ্বাস করিবার কোন কারণ নাই।

মহাভারতের মূল ইতিবৃত্ত

সংক্ষিপ্ত ইতিবৃত্ত কুরুপা ওবগণের মহাভারতের বঙ্গীয় সংস্করণের ৬১ অধ্যায়ে দেওয়া আছে। ১ম অধ্যাথেও ধৃতরাষ্ট্র-বিলাপ মুখে মুল ঘটনা স্লিবেশিত। মূল ইতিবৃত্ত এই যে, ধৃতরাষ্ট্র ও পাওু বিচিত্রবীর্য্যের ক্ষেত্রজ পুত। ধৃতরাষ্ট্র জনাক বলিয়া রাজ্য পান নাই। পাণ্ডু রাজা হইয়া দিখিজয় করতঃ সমটে হন। পরে 'নির্বেদপ্রযুক্ত রাজ্য ত্যাগ করিয়া তিনি কুন্তী ও মাজা এই ছুই' পন্নী সমভিব্যাহারে বাণপ্রস্থাশ্রম অবলম্বন করেন ও হিমালয়ের উত্তরে শতশৃঙ্গ পর্বতেওঁ মুনিগণের সহিত বাস করেন। তপস্থার ফলে দেববরে কুন্তীর গর্ভে যুধিষ্ঠির, ভীম, অর্জুন এবং মান্ত্রীগর্ভে নকুল ও সহদেব পাতুর এই পঞ্চ পুত্র হয়। তাঁহাদের বাল্যাবস্থায় পাওুর মৃত্যু रहेरल माजी मश्मृठा इन। कुछी ও পঞ

পাণ্ডবকে ঋষিগণ হস্তিনাপুরে দিয়া যান। ধৃতরাষ্ট্র ও ভীম তাহাদিগকে পাওুপুত্র বলিয়া গ্রহণ করেন। ধৃতরাষ্ট্রের ছর্য্যোধন ছঃশাপন প্রভৃতি বহু পুত্র হয় । কুরু-বালকদের শিক্ষার ভার ক্লপের উপর পড়ে। অল্লদিন কুপাচার্ক্যের নিকট শিক্ষা পাইবার পর্ই কুপের ভগ্নীপতি দ্রোণ উহাদের আচার্য্যরূপে ব্রতী হন। দ্রোণের নিকট উহাদের শিক। সম্পূর্ণ হয়। শিক্ষাগুণে অর্জুন আচার্য্যের প্রিয়ত্ম শিষ্য হন। কুরুবালকদের সাহায্যে দ্বোণ ক্রপদকে জয় করিয়া, ক্রপদ যে তাঁহাকে পূর্ব্বে অপমান করিয়াছিলেন তাহার প্রতিশোধ লন; কিন্তু ঔদাৰ্য্যবশতঃ তাঁহার রাজ্য তাঁহাকেই দেন। দ্রুপদ বৈরনির্য্যাতন আশায় দ্রোণঘাতী যজ্ঞের অনুষ্ঠান করেন। সেই যজ্ঞ লৈ তাঁহার এক পুত্র ও এক কন্সা হয়। পুত্র ধৃষ্টহায় দ্রোণাচার্য্যের নিকট অন্ত শিক্ষা করিতে আদিলে, তাঁহাকে হন্তা জানিয়াও, গুরু দ্রোণ তাঁহাকে শিষ্যত্বে গ্রহণ করেন। कन्रा क्रक्षवर्गा थाकाय क्रका ७ यङक्टल হওয়ায় যাজ্ঞদেনী নাম পান। এদিকে পাগুবগণের শৌর্যাবীর্গা দর্শনে ছর্য্যোধনের দৈধাৰহি প্ৰজ্লিত হইল। তাঁহাদের বধ-সাধন জন্ম হুর্য্যোধন বিবিধ উপায় অবলম্বন করিলেন, কিন্তু তাঁহার অসহ্দেশ্র সফল হইল না। ধার্মিক ধতরাষ্ট্র যুধিষ্ঠিরকে যৌবরাজ্যে অভিষেক করিলেন। কুটবুদ্ধি হুর্য্যোধন নিরীহ পাণ্ডবগণকে দক্ষ করিবার অভি গায়ে বারণাবতে পাঠাইলেন। বিহুরের সাহায্যে পাণ্ডবগণ জতুগৃহ হইতে तका পाईँ लग। किन्न वाहित्त প্রচার

हरेन (य कुछीनर भक्षभाख्य मक्ष रहेग्राहि। পথে ঘোর নিশীথে বনে হিডিছকে ভীম নিপাতিত করিয়া হিডিম্বাকে বিবাহ করেন। হিডিম্বার সহিত বিবাহ কবির विनाटि इस वनून, ठाँशात गार्ड घाटी। करहत উৎপত্তি অমামুষিক নহে।,পরে পাণ্ডবগণ বান্ধণ বেশে একচক্রানগরে আসিয়া বান্ধণ-গুহে অতিথি হইয়া বক রাক্ষদকে বর্ধ করতঃ ঐ প্রদেশ নিরুপদ্রব করিয়া দ্রৌণদীর স্বয়ন্বরে উপস্থিত হইলেন। অর্জুন ব্রাক্ষণ-বেশে লক্ষাবিদ্ধ করিয়া দ্রৌপদীকে লাভ করিলেন। দ্রোপদীর সহিত পঞ্চল্রাতার বিবাহে ক্রপদ প্রথম অসমত হইলেও পরে ব্যাসদেবের কথায় তাহা স্বীকার করিলেন। তথন পাভবগণের প্রকাশ হইল। বিহুরের মন্ত্রণায় ধৃতরাষ্ট্র তাঁহাদিগকে হস্তিনাপুরে প্রত্যানয়ন করতঃ তাঁাদিগকে খাণ্ডবপ্রস্থ ও হুর্য্যোধনকে হস্তিনাপুরের সিংহাসন দিতে প্রস্তাব করিলে ধর্মপ্রাণ যুধিষ্ঠির তাহাতেই সম্মত হইয়া থাগুবঞান্থের অরণ্য কাটিয়া वाकशानी देख श्रेष्ठ পত्रन कवितन। क्राय পাণ্ডবগণের শৌর্যাবীর্য্যে ইন্দ্রপ্রস্ত প্রধান হইয়া উঠিল। ভীমাৰ্জ্জুন নকুল **সহদেব** দিগ্রিজয়ে বহির্গত হইয়া নিখিল আগ্য-অনাধ্য রাজবর্গকে পরাজিত করিয়া অগ্রহ্ণ যুধিষ্ঠিরকে সম্রাটপদভাক্ করাইল। রাজস্থ যজের অধিষ্ঠান হইল। পাণ্ডব-গণের ঐর্থা ও গৌরবে পাপী হুর্য্যোধনের ঈর্ষা আবার জ্বলিল। তথনশকুনি কর্ণ প্রভৃতি क्मञ्जीत मञ्जनात्र कूठको दर्यगापन यूपिछितरक দ্যুতে আহ্বান করতঃ তাঁহার রাজ্যধনজ্জন প্রভৃতি কাড়িয়া লইলেন। যুধিষ্ঠির আত্মহারা

হইয়া শেষে আপনাকে ও চারি ভ্রাতাকে এমন কি পত্নী দ্রোপদীকে পর্যান্ত পণ করিয়া থেলিলেন ও হারিলেন। দ্রৌপদীর উপর হঃশাসন অনাগ্য ব্যবহার তেজ্বিনী ক্ষত্রিয়বালার উক্তিতে গ্রতরাষ্ট্রের छारनामग्र रहेन। তিনি নিজ কুপুত্রকে করিয়া যুধিষ্ঠিরের তিরস্কার বাজ্যাদি ফিরাইয়া দিলেন। গৃহ-বিবাদ ষেন মিটিয়া কিন্ত বিধির নির্বন্ধে আবার স্ব ঘুরিয়া গেল! আবার দ্যুতক্রীড়া হইল। পণ রহিল—যে পক্ষ পরাজিত হইবেন সেই পক্ষ ুৱাজাচ্যত হইয়া দাদশবর্ষ বনবাদ ও এক বংদর অজ্ঞাতবাদ করিবেন এবং অজ্ঞাতবাদকালে জ্ঞাত হইলে পুনরায় ঐরপ দাদশবর্ষ বনে ও এক বৎসর অজ্ঞাতবাস বাবস্থা হইল। যুধিষ্ঠির হারিলেন। ভারতের তুৰ্দিন আসিল। এই গৃহবিৰাদে যে অনল জলিল, তাহাতে নিখিল ভারতের ক্ষতিয়-শক্তি পুড়িয়া ভশ্মীভূত হইল। বিহুর ইহা বুঝিয়াছিলেন তাই তিনি রাজা ধুতরাষ্ট্রকে ष्यत्नक निरंघेष कतिर्वान, किन्न रेपरवत বিচিত্রগতি; ধার্মিক যুধিষ্ঠির স্বীয় সত্য পালন করিয়া ত্রয়োদশ বর্ষের পর স্বরাজ্য কিরিয়া চাহিলেন। পাপী ছর্য্যোধন বিনা থুদ্ধে স্কাগ্র পরিমিত ভূমি দিতে চা্হিলেন না। উভয় পক্ষ যুদ্ধের বিপুল আয়োজন করিলেন। ভারতের যাবতীয় ক্ষত্রিয়ঞ্চতির এমন কি আর্য্যাসমাজের আশ্রিত অথচ সেই সমাজ বহিভূতি দরদ পল্লগ্ন চীন হুন প্রভৃতি জাতিও যুদ্ধে নিমন্ত্রিত ইইলেন : কুরুরাব্যের জন্ম যে ভীষণ যুদ্ধ ঘটিল ফলে ভারত হীনবীর্য্য হইয়া

পড়িল। এই ভীবঁণ যুদ্ধে ক্রমে ক্রমে ভীম, দোণ, কর্ণ, শণ্য প্রভৃতি কৌরবসেনাপতি পদে রত হইলেন ও একে একে
প্রাণ দিলেন। উভয় পক্ষের লোক-সংক্ষয়ে
তদানীস্তান স্থসভা জগৎ নিস্তেজ হইল।
রুগ্যোধনও প্রাণ হারাইলেন।

इर्त्याधरनत पृशु घरित करशालारम বীরগণ অদাবধান হইয়া मिनिद्र मध्न क्रिलन, (मृहे सूर्यात्र অখখামা, রূপ ও দ্রোণ নিশীথে তস্করের ন্যায় করিয়া স্বপ্ত বীরগণকে হতা করিলেন। দ্রৌগদীর পঞ্চপুত্রও হত হইল। সৌভাগ্যক্রমে পাগুবগণ ও সাত্যকি ও কৃষ্ণ অপর স্থানে শয়ন করায় রক্ষা পাইলেন। পর দিন অখখামা ভীমার্জ্জন হত্তে পরাজিত হইলেন, কিন্তু গুরুপুত্র বলিয়াই প্রাণে রক্ষা পাইলেন। যুধিষ্ঠির জ্ঞাতিগণের ঔর্দাদিহিক কার্যাদি করাইলেন, অন্ধ জ্যেষ্ঠতাত ও জ্যেষ্ঠতাতপত্নীর এবং কুরুনারীগণের দশ। আত্মীয়-বধ হেতু তিনি কাতর হইয়া পড়েন। ক্লফের ও ব্যাদের বাক্যে ঐ মোহময় নির্বেদ তাঁগরি তিনি শুভদিনে হস্তিনাপুরের সিংহাসনে অভিষিক্ত হন এবং অশ্বনেধ্যজ্ঞের অমুষ্ঠান করেন। বিহুর সঞ্জয়

মন্ত্রিত্ব পাইলেন। ভীমাদির উপর কার্য্যের ভার পডিল। প্রাণপণে তাঁহারা প্রজা-মুরঞ্জনে ব্যাপৃত **र**हेरनन । ধর্মারাজের শাসন গুণে ধরায় আবার ধর্মরাজ্য সংস্থাপিত হইল। এইরূপে অনেক বংসর কাটিবার পর যত্বংশ স্থরান্ধেবীর প্রভাবে আত্মকলহে ধ্বংসু হইল। শ্ৰীকুষ্যও ভূচার করিয়া অন্তর্হিত হইলেন। যুধিষ্টির দেই সংবাদে ব্যথিত হইয়া অভিমন্থ্যুর পুত্র পরীক্ষিৎকে রাজ্যে অভিষিক্ষ পঞ্জাতা ও দ্বোপদীর সহিত মহাপ্রস্থান কবিলেন।

মহাভারতের এই মূল র্ত্তান্তে অবিধাস করিবার কোন হেতু নাই। ইহার প্রতি বিধাস ভারতে চিরদিন দৃঢ় প্রতিষ্ঠিত। পাওবগণের চরিত্র মহনীয় এবং তাঁহাদের অবদান, অন্তুত। শোর্য্য; বার্য্য ও ধর্ম্মে পঞ্চ-পাওব ভারতবাসীর উপাস্ত। তাঁহাদের জন্ম বিবরণে ও কর্মে যে অলৌকিকতা, তাহার কারণ ব্ঝিতে হইলে, মনে গাখিতে হইবে যে মহাভারত-কাহিনী তাঁহাদেরই বংশধর অবিচলিত প্রতাপ নরপতি জন্মেজয়ের নিকট কার্ত্তিত হইয়াছিল এবং সে কাহিনীর মুখ্য উদ্দেশ্য ভক্তিপ্রাণ ভারতে মহাপু রুষদিগর চরিত্র কীর্ত্তন।

🔊 হরিচরণ গঙ্গোপাধ্যায়।

করক্ষ *

ছোট গল্পের, প্রধান একটা লক্ষণ, এই যে, তাহা একদিকে যেমন সরস ও কুত্হলো-শীযুক্ত স্থীক্রনাথ ঠাকুর প্রণীত ছোট গল্পের বহি।
মূল্য ॥০ কলিকাতায় প্রধান প্রধান পুরকালয়ে প্রাগ্রা। দ্দীপক হইবে, দেইরূপ অন্তদিকে অত্যস্ত হালকাও হইবে। পড়িতে কোনও প্রকারের ক্লান্তির উদ্রেক হইবে না। বুঝিতে ভারনা ব্যয় করিতে হইবে না। সন্তোগে কোনও প্রকারের অবসাদ পশ্চাতে রাধিয়া যাইবে না। বাসন্তী বনস্থলীর বরণ-কিরণ-সৌরভ-সন্তার লোকে যেমন সহজে সন্তোগ করে, দেখে আর মুয় হয়, আর সন্ধ্যাসমাগমে নগরের ধ্লিকোলাহল-পূর্ণ জনতার মধ্যে ফিরিয়া আসিলে, কেবল দেই সন্তোগের স্বিয় স্বতিটুকু মারে প্রাণেজাগিয়া থাকে, সাহিত্যে ছোট গল্পও সেইরপ হইলেই সর্কোক্ত উৎকর্ষ লাভ করিয়া থাকে। পড়া সাঙ্গ হইলে একথানি পরিষার ছবি, একটী সংযত রস, একটা ভাবের হাওয়া, নীরবে, ধীরে, মাদকতা ও চাঞ্চল্য-শৃত্য হইয়া মনের মধ্যে জাগিয়া থাকিবে।

বর্ত্তমানে বঙ্গদাহিত্যে ছোট বড়

অনেকেই ছোট গল্প লিখিতেছেন, এই সকল
গল-লহরীর একটা সবিস্তার সমালোচনা
করিতে পারিলে, আধুনিক বিশ্বদাহিত্যের
এই বিভাগেও বাঙ্গালী কতকটা ক্রতিত্বলাভ
করিয়াছেন, দেখিতে পাওয়া যায়। আর
আমার মনে হয় য়ে, আজি কালি বিলাতে
সচরাচর উচ্চাঙ্গের পত্রিকাদিতেও য়ে সকল
ছোট গল্প প্রকাশিত হইয়া থাকে, তার
তুলনায় আমাদের ছোট গল্পগুলি স্ক্রতোভাবেই শ্রেষ্ঠতর বলিয়া গৃহীত হইবে।

কিছুদিন হইতে ইংরেজি সাহিত্যে
এক জাতীয় বর্কার রস অতিমাত্রায় ফুটিয়া
উঠিতেছে বলিয়া বোধ হয়। অসভ্য
লোকেরা রসের নিতান্ত বাহ্যপ্রকাশকেই
সর্কাপেক্ষা বেশি সম্ভোগ করিয়া থাকে।
দুখ্যে বর্ণের আতিশয়, কর্মে আক্ষালনের
প্রাবন্য, এগুলিতেই বর্কার্যাধনা-স্থলভ

রদের বিশেষ প্রকাশ হইঁয়া থাকে। আর আজি কালি বিলাতের কি রঙ্গমঞে কি শাহিত্যক্ষেত্রে এই colour and actionটা অত্যন্ত প্রবল হইয়া উঠিয়াছে। যে সংযম উচ্চাঙ্গের রদ-সম্ভোগের প্রধান অঙ্গ, যে সমাহিত ভাবের ভিতর দিয়াই গভীরতম রসের শ্রেষ্ঠতম অভিব্যক্তি হইয়া থাকে. **পেথানে আজি কালি চারিদিকেই তাহার** একান্ত ব্লভাব দেখিতে পাওয়া যায়। আর এই জন্ম গল্পের রাজ্যে অসংযত কল্পনার আশ্রমে Penny Dreadful এরই প্রসার অত্যন্ত বাডিয়া উঠিয়াছে। মাসিকে. সাপ্তাহিকে, এখন কি দৈনিক সংবাদপত্রে পর্যান্ত, এ জাতীয় গলের ছড়াছড়িতে ইংরেব্দের রুচিবিকার জন্মিতেছে। ফলতঃ হার্পার প্রভৃতি মার্কিণী মাসিকপত্রে যে সকল ছোট বড় উপন্তাস প্রকাশিত হইয়া থাকে, সাহিত্যকলার দিক দিয়া বিচার করিলে, বিলাতের মাদ্রিকপত্রে তেমনটা সচরাচর দেখিতে পাওয়া যায় না। আর বর্ত্তমান ইংরেজি সাহিত্যেও যে এ বিষয়ে এতটা হীনতা দেখা যাইতেছে, ইহার অনেক কারণ আছে সত্য, কিন্তু তার মণ্যে দর্মপ্রধান কারণ বোধ হয় এই যে যাবতীয় সাহিত্য-চেষ্টার মধ্যে ছোট শল্প লেখা সর্বাপেক্ষা কঠিন কাজ।

আর এটা এমন কঠিন কাজ এই জন্ত যে এখানে বহুবিধ অবাস্তর বিষয়ের সাহাযো লেখক কিছুতেই অপিনার অন্তরের কবিকল্পনার নিজস্ব দীনতাকে ঢাকিয়া রাধিবার অবসর পান না। ইহার তুলনায় একটা বড় গল্প লেখা অনেকটা সহজ। कांत्र (म क्लांज वर्गना-वाल्या नानाविध व्याक्रमिक िं क्रिकेश क्रिका क्रिका, श्राह्म व প্রাণভূত যে লোক-চরিত্র, তাহা কতটা ফুটিয়া উঠিয়াছে কি না উঠিয়াছে, দে মূল প্রশ্নটা কিয়ং পরিমাণে চাপিলা রাখিতেও পারা যায়। বিশেষতঃ যেথানে অনক্সদাধারণ मक् मुम्लान যেখানে তিনি কবিতার ভাষার সাহায্যে আপনার বর্ণনাদিতে বিবিধ ব্যভিচারী রুদ ফুটাইয়া তুলিতে পারেন, সেখানে গল হিসাবে কোনও গ্রন্থ অতি অকিঞ্ছিংকর হইলেও. ওদ আানার রচনা-নিপুণতাগুণে, তাহা ক্রিয়া লোকের চিত্রপ্রন সাধারণ সাহিত্যে একটা অল্পবিস্তর স্থায়ী স্থানলাভ করিতেও পারে। কিন্তু ছোট গল্পে ইহার কোন ওই সম্ভাবনা নাই। চিত্র কলায় যাহাকে pastel drawing or chalk drawing বলে, সাহিত্যকলায় ছোটগল্প অনেকটা তারই ममर्थानीत । प्रशिकाद्यान (काकविष्युधन প্রতিকৃতিকে অতি অল্ল সময়ের মধ্যে গোটাকতক স্থল রেখার সাহাযো, পরিষার রূপে ফুটাইয়া তুলিতে হয়। ছোটগল্পেও ঠিক দেইরূপ। এখানে গুটিক এক ঘটনাকে আশ্রম করিয়া, অতি অল পরিস্বের মধ্যে, ছচারিটা লোকের ভিতরকার প্রাণটাকে ফুটাইয়া তুলিতে হয়, নতুবা সার্থকতা লাভ হয় না। এই জাতীয় ছোটগল রচনায় বাঙ্গালী ঔপক্তাসিকদিগের মধ্যে, আমার মনে হয়, শ্রীযুক্ত সুধীজনাথ ঠাকুর মহাশয় যে পরিমাণে কৃতিব্লাভ করিয়াছেন, আর কেহ তাহা করিয়াছেন কি না সন্দেহ।

স্থীবাবুর গল্পের একটা প্রধান গুণ এই

বে, এগুলি প্রায়ই অতিশয় ছোট। "করচ্কের" প্রথম গল্লটী স্বল্লায়তন পৃষ্ঠার চৌদ্দটী পৃষ্ঠা মাত্র পূর্ণ করিয়াছে। পড়িতে বোধ হয় ১০।১২ মিনিট সময় লাগে। অথচ এই সামাভ চিত্রপটে, ছুই তিনটী সাহাণ্যে, তিনি (১) দরিদ্র ভদ বিধ্বা •স্থবো•ধর মা (২ জমিনার-পত্নী 'হাবলা'র মা, (৩) স্থবোধ (৭) হাবলা—এই চারিটী চরিত্রকে কেমন উজ্জ্লরপে ফুটাইয়া তুলিয়াছেন। পড়িতে পাড়তে মনে হয়, এঁরা সকলেই দেন আমাদের পরিচিত. কতবার যেন ইংগাদের দেখিয়াছি, কতদিন বেন ইহাদের চরিত্রের আলোচনা করিয়াছি। ভদ্রগৃহত্বের বিধবাটী কিরূপে সামান্ত আয়ের উপর নির্ভর করিয়া আপনার একমাত্র পুত্রটীকে প্রতিগালন করিতেছেন, জমিদার-গৃহিণীর ইদানীস্তনলক ধনের মত্তায় কত আভিজাত্য-মৰ্য্যাদা প্রাচীন হইতেছে, আর এঁদের পুরহুটী এইরূপ বৈষয়িক অবস্থার বৈষম্য সত্ত্বেও, কেমন সরণভাবে. ক তটা ঔদাৰ্য্য সহকারে, পরস্পরকে কতনা ভালবাদে,— এ সকল (यन आभारतत श्रीठितितत कोवरनत चनिक्र অভিজ্ঞতা হইয়া আছে—সুধীবাবুর 'মিতে' পড়িতে পড়িতে তাহাই মনে হয়। এখানে কিছুই অলোকিক, কিছুই বিশ্বয়কর, কোনও কিছুই প্রতিদিনের জীবনের অভিজ্ঞতার বাহিরের কথা নাই। অথচ আছোপান্ত কেমন চিত্তাকর্ধক !

বেমন তাঁর "মিতে'' দেইরূপ "কাসিমের মুরগী"ও অতি ছোট, অতি সরস, অতি সরল, অথচ অতিশয় কলাকুশলতাপূর্ণ একটা চিত্র। এখানেও একটা বালক ও তার মাতা, কটাএ বৃদ্ধ, ও গোটা হুই তিন মুরগী, এই মাত্রই গল্পতির সরঞ্জাম। আর ইহার সাজ-সজ্জারও কোনও আহিশ্যা বা বাহল্য নাই। কিন্তু ছবিটী যাহা ফুটিয়া উঠিয়াছে, তাহা একান্তই নিথুঁত। ইখানি কাটি নাড়িয়া বাঙ্কিকর যেমন কত কি না দেখায়, সুধীবাবৃও দেইরূপ চুচারিটী সামান্ত বস্তু, ব্যক্তি ও ঘটনাকে নাড়িয়া চাড়িয়া এই অডুত সৃষ্টি প্রকাশ করিয়াছেন। অথচ ইহাতে ঐশ্রদালিক কিছুই নাই। তাঁর প্রত্যেক ঘটনাটী, প্রত্যেক মানুষগুলো, নিরেট সতা। সর্বদাই এ সকল ঘটনা ঘটতেছে। স্বত্তি এ লোকগুলো চলা ফেরা করিতেছে। আর এই স্বাভাবিকতার দরুণই স্থাবাবুর এই গল্প গেল এমন অসাধারণ উৎকর্ষ লাভ করিয়াছে।

তার পর "ঠাকুর দেখা"। এই গল্পটীতে সুধীবাবু আপনার কবিপ্রতিভার একটা দিক্ ফুটাইয়া তুলিয়াছেন। "মিতে" ও "কাদিমের মুরগী" এই হু'টী গল্পের রদেতে জটিলতা বড় নাই। হুইটীর মধ্যেই স্থারস ফটিয়াছে। কারণ বালক কাসিমের मुद्रशी क'ते जाद (थलादहे मन्नी हिल। किन्छ "ঠাকুর দেখা" শীর্ষক গল্পে, সুধীবার গভীরতর ও জটিলতর স্ত্রী-চরিত্রাঞ্চনের চেষ্টা কবিয়াছেন। এ গল্পের অবলম্বন ও আশ্রয় নহে কিন্তু মাধুৰ্য্য। "ভগবতী" ধনগর্বিত!, মুখরা, অপ্রিয়ভাষিণী, সকলই স্তা। এইজ্ঞ সরলচিত্ত, উদারহৃদয়, ধর্মপ্রাণ "মহেক্র" বড় ছঃখে তাঁহাকে তাাগ করিয়াছিলেন। কিন্তু "ভগবতীর"

শত দোৰ সব্বেও, সে নারী, পতিপ্রেম-পিয়াদিনী। কি করিয়া দে প্রেম পাইতে হয়, বেচারী তাই জানিত না। অবোধ বালকে যেমন স্থমিষ্ট কমলালের স্বত্তে মুহুহন্তে ছাড়াইয়া থাইতে জানে না বলিয়া. সবটাই মুঞ্ পুরিয়া দাঁত দিয়া চিবাইয়া. খোদার তিজরুমে বিরক্ত হইয়া "থু থু'' করিয়া ছুড়িয়া ফেলে, অথচ সে নেবুর প্রতি যে তার লোভ ছিল না বা নাই, এমন নহে ; হতভাগিনী "ভগবতী"ও তাহাই করিয়াছিল। তার অপ্রিয়ভাষণ, কল্ছ-মুখরতা, সকলই পতিপক্ষে ফলতঃ ও মূলতঃ মাধুণ্যেরই বিকার ছিল। মহেজ তাহা না। তাই মানিনীর মানও ব্ৰিলেন ভাঙ্গাইতে পারিলেন না। কিন্তু সে হুর্জ্জয় মান, কেমন করিয়া, একদিন বাঁধের মতন ভাঙ্গিয়া গেল, স্থানপুণ তুলিকায় সে করুণছবিটী অঙ্কিত করিয়া,—ভগবতীর পূর্ব্বজীবনের কর্কশতা ও যে প্রকৃতপক্ষে কেবল তাঁর প্রাণগত প্রেমেরই বিকৃতি মাত্র ছিল, ইহা চাকুষ করিয়া তুলিয়াছেন। "মিতে" বা "কাসিমের পড়িয়া গভীরতর ও রসাঙ্কনেও যে গ্রন্থকাবের এমন অসাধারণ নিপুণতা আছে, ইহা বোঝা যায় "ঠাকুর দেখা"তেই ইহার প্রমাণপরিচয় পাওয়া যায়।

"করন্ধের" প্রায় প্রত্যেক চিত্রই এইরপ বিবিধ রস ফুটাইরা পাঠকের চিত্ত হরণ করিয়া থাকে। বাংলার সকল ছোট গল্পের বই যে আমি পড়িয়াছি, এমন কথা বলিতে পারি না। কিন্তু যতটা পড়িয়াছি, তাহাতে স্থাবারু বাংলাসাহিত্যে ছোট গল্পের লেথকশ্রেণীর মধ্যে অতিশয় উচ্চস্থান অধিকার করিয়াছেন, ইহা অস্বীকার করা সম্ভব বলিয়া মনে করি না।

শ্রীবিপিনচক্র পাল।



নিমাই-চরিত্র

নিত্যাননদ স্কাদাই বাল্যভাবে বিভোৱ इहेग्रा थाकिएजन। (अश्वीना मानिनी (नवी তাঁহাকে পুত্রবং স্নেহ করিতেন। নিতাই ক্রমে তাঁহার গুলুপান করিছে আরম্ভ করিলেন। মালিনী দেবী অসহায় শিশুর মত সদা স্কানা তাঁহার সেবা করিতেন। নিতাই বালকের মত দকলের সহিত কলহ করিয়া বেড়াইতেন। তজ্জন্ত এক নিমাই তাঁহাকে কহিলেন "নিতাই, এ বয়সে সকলের সহিত কলহ করা কি ভাল ?" গুনিয়া নিত্যানন্দ "বিষ্ণু, বিষ্ণু" করিয়া উঠিলেন এবং নিমাইকে বলিলেন "আমি কি পাগল ? আমি কি চঞ্চত, করিয়াছি বল (पथि ?'' निमारे कशिलन —"(कन अन्तर्षे ত তোমার নিত্যকার্য্যের মধ্যে।'' নিতাই উত্তর করিলেন "আমার দোষ ধরিয়া আমাকে ভাত দিবে না, ভাহার ছলা খুঁজিতেছ বুঝি" এই বলিয়া খল খল করিয়া হাসিয়া উঠিলেন এবং উলঙ্গ হইয়া মন্তকে বস্ত্র বন্ধন করতঃ জোড়ে জোড়ে লম্ফ দিতে লাগিলেন। তখন গোর তাঁহাকে ধরিগা কাপড় পরাইয়া দিলেন।

একদিন শ্রীবাদের গৃহ হইতে একটা পিত্তলের ৰাটী কাকে লইয়া যায়। বাটীটী গৃহদেবতার দ্বতপাত্র ছিল। ঠাকুরের পাত্র কাকে নিয়াছে, এই কথা শ্রীবাস জানিতে পারিলে কুন্ধ হইবেন মনে
করিঁয়া মালিনীদেবী কাঁদিতে লাগিলেন।
এমন সময় নিতাই আসিয়া সমস্ত অবগত
হইয়া কাককে বাটী প্রত্যর্পণ করিতে
আদেশ করিলেন। তথন কাক বাটী
আনিয়া যথাস্থানে রাখিয়া দিল।

একদিন বিফুপ্রিয়ার সঙ্গে গৌর নিজগৃহে
আলাপে রত আছেন এমন সময় দিগম্বর
বেশে নিত্যানন্দ তথায় উপস্থিত হইলেন।
গৌর জিজ্ঞাসা করিলেন "উলস্ব হইয়াছ
কেন ?" নিত্যানন্দ কেবল "হয় হয়'
বলিতে লাগিলেন। গৌর বলিলেন
"কাপড় পর।" নিতাই বলিলেন "আমি
আজি চলিয়া মাইব," গৌর বলিলেন
"এ কি করিতেছ ?" নিতাই উত্তর করিলেন
'আর থাইতে পারি না।"

গৌর –জিজ্ঞাসা ক'র এক, জবাব দেও আর, এর মানে কি ?

নিতাই— শবার থাবো।

্ গৌর তথন জুদ্ধ হইয়া বলিলেন "নিতাই সাবধান, শেষ আমাকে ছ্যিতে পারিবে না।"

তখন নিতাই বলিলেন ''এথানে ত খাই নাই।''

গৌর পুনরায় মিনতি করিয়া ব**লিলেন** ''নিতাই দয়া করিয়া কাপড় পর।'' নিতাই— থামি ভোজন করিব। অপারগ হইয়া গৌর নিতাইকে ধরিয়া কাপড় পরাইয়া দিলেন।

শতীদেবী সকলই দেখিয়াছিলেন, তিনি
তথন নিতাইকে লইয়া ভোজন করাইতে
বিদলেন। নিতাই কিছু ধাইলেন—কিছু
ছড়াইয়া ফেলিলেন। শতী তাহাতে তিরস্কার
করাম নিতাই বলিলেন "ফেলিব•না, এক
ঠাই দিলেন কেন?"

শ্চী—আর ত ধরে কিছুই নাই—আর এখন কি খাবে ?

তখন নি চাই বলিলেন "তুমি ঘরে গিয়া দেখ—নিশ্চয়ই সন্দেশ আছে।" শচীদেবী গৃহ মধ্যে গিয়া দেখিলেন "চাবিটী সন্দেশ রহিয়াছে।" বিস্মিত হইয়া সেই সন্দেশ আনিয়া শচীদেবী নিতাইকে প্রদান করিলেন, নিতাই আনন্দে তাহা ভক্ষণ করিলেন।

নিতাইকে গৌর এমনি শ্রদ্ধা করিতেন কিন্তু পরক্ষণেই অ যে এক দিন নিতাইএর নিকট হইতে সম্বোধন করিয়া বলিলে তাঁহার একখানা কৌপিন লইয়া শত কেন তুমি আচ্দিতে অ খণ্ড করতঃ ভক্তগণ মধ্যে বিভরণ করিলেন করিলে ?'' তথন রো এবং ভক্তির সহিত তাহার পূজা করিতে রামাঞি বলিলেন "মা এবং নিতাানন্দের পাদোদক পান করিতে, তুমি ত সকলই জান ? সকলকে উপদেশ দিলেন।

প্রীবাদের গৃহে সংকীর্ত্তন চলিতে লাগিল।
প্রত্যহ যাবতীয় ভক্ত সমাগত হইতেন
এবং গৌর ও নিত্যানন্দকে বেষ্টন করিয়া
উন্মত্তভাবে কীর্ত্তন করিতেন। একদিন
সংকীর্ত্তন কালে, নিমাই হঠাৎ ভাবাবিষ্ট
হইয়া পড়িলেন এবং শ্রীবাস-ভ্রাতা রামাঞি
পঞ্জিতকে ডাকিয়া কহিলেন "রামাঞি,

তুমি শান্তিপুরে গিয়া অবৈতকে বল 'যাহার क्रज विश्वत व्यातासना कतिशाहित्त. याशाव জন্ম কত ন' ক্রেন্দন করিয়াছিলে, যাহার জন্ম কত দিন উপবাস করিয়াছিলে, তিনি প্রকাশিত হইয়াছেন। তোমারই জন্ম তিনি বিতরণ উদ্দেশ্যে ভক্তিযোগ **অ**বতীর্ণ হইয়াছেন—তুমি শীঘ্ৰ আসিয়া তাহাকে দেখিয়া যাও।' নি । ানন্দের আগমনবার্তাও তাঁহাকে জানাইবে এবং আমার পূজো-পুকুর্কণ সহ তাঁহাকে সন্ত্রীক আসিতে অনুরোধ করিবে।" রামাঞি কাল বিলম্ব না করিয়া, শান্তিপুরে অবৈতভবনে গমন कत् ठः भगन्न ठाँशास्य निर्वात कतिरानन। শুনিয়া আচাৰ্য্য আনন্দে বিহবল পডিলেন, কিন্তু প্রকাণো রামাঞির বাক্যে উপেক্ষা প্রদর্শন করিয়া কহিলেন "কোণায় গোসাঞি আইলা মাত্র ভিতরে। কোন্ শান্তে বলে নদীয়া। অবভরে॥'' কিন্ত পরক্ষণেই রামাঞিকে আবার সম্বোধন করিয়া বলিলেন "বল বল রামাঞি, কেন তুমি আচ্দিতে আমার গৃহে আগমন করিলে ?" তথন রোদন করিতে করিতে রামাঞি বলিলেন "মামি আর কি বলিব ?

যার লাগি করিয়াছ বিস্তর ক্রন্দন।

যার লাগি করিলা বিস্তর আর্থানন।

যার লাগি করিলা বিস্তর উপবাদ।

দে প্রভু কোমার লাগি হইলা প্রকাশ।
ভিক্তিযোগ বিলাইতে তার আগমন।

তোমারে দে আজ্ঞা করিবারে বিবর্তুন॥"
তথন আচার্যা উর্দ্ধবাত আনন্দবেগ ধারণে

অসমর্থ হইরা মৃদ্ধিত হইখা পড়িলেন।
ক্ষণকাল পরে কথিকিং প্রকৃতিস্থ হইরা
"প্রভুকে অংমিই আনিরাছি" বলিরা হুলার
করিরা উঠিলেন এবং "আমারই জন্ম আমার
প্রাণনাথ বৈকুঠ ছাড়িরা আসিয়াছেন"
বলিয়া ভূতলে লুক্তিত হইলেন।

কিয়ৎকাল পরে প্রকৃতিস্থ হইয়া আচার্য্য বলিলেন—"রামাঞি, যদি তিনি আমারই প্রভূহন, তাহা হইলে তাঁহার ঐর্ধ্য তিনি আমাকে নিশ্চয়ই দেখাইবেন। তাহা যদি দেখিতে পাই, আমার মন্তকে যদি চরণ তুলিয়া দেন, তবে জানিব তিনিই আমার প্রাণনাথ।" এই বলিয়া পূজার সমস্ত উপকরণ লইয়া সপত্নীক রামাঞির সভিত নবদ্বীপাভিমুখে যাত্রা করিলেন। পথি মধ্যে কি ভাবিয়া রামাঞিকে বলিলেন "আমি নন্দন আচার্য্যের গৃহে গিয়া লুকাইয়া থাকিব; তুমি গিয়া প্রভুকে বলিবে অবৈত আদিল না।" এই বলিয়া অবৈত নন্দন আচার্য্যের গৃহাভিমুখে প্রস্থান করিলেন।

শ্রীবাদগৃহে গৌরচন্দ্র ভক্তগণ সহ বদিয়া
আছেন। অকল্পাৎ হুক্কার করিয়া বিকৃপটায়
উঠিয়া বদিলেন এবং "নাড়া আদিতেতে,
নাড়া আদিতেতে, নাড়া আমার ঠাকুরভাব
দেখিতে চালিতেছে" বলিতে লাগিলেন।
তথন নিভ্যানন্দ তাঁহার মস্তকে ছত্র ধারণ
করিলেন সদাধর তামুল কর্প্র প্রদান
করিলেন, ভক্তগণ যুক্ত করে স্তব পাঠ
করিতে লাগিলেন। এমন সময় রামাঞি
আদিয়া উপস্থিত হইলেন। রামাঞি কোনও
কথা বলিবার প্রেই গৌরচন্দ্র বিলয়া
উঠিলেন "আমাকে পরীক্ষা করিবার জন্ত

নাড়া তোমাকে পাঠাইয়াছে। আচার্য্যের ঘরে লুক।ইয়। থাকিয়। আমার পরীক্ষার জন্ম তোমাকে পাঠাইয়াছে। তুমি এখন ফিরিয়া গিয়া তাহাকে লইয়া আইস। রামাঞি তৎক্ষণাৎ অধৈতকে আনিতে ছুটিলেন। অবৈত সমস্ত শুনিয়া আনন্দিত চিত্তে শ্রীবাসগৃহে আগমন করিলেন, এবং দ্র হইতে স্তবপাঠ ক্রিতে করিতে সপত্নীক গোরের সম্বাথ উপস্থিত হট্লেন। উপস্থিত হইয়া যাহা দেখিলেন, ভাহাতে তাঁহার বাক্রোধ হইল - দেখিলেন জ্যোতিমায় দহ বিশ্বস্তুর বিশ্বরূপ ধারণ করিয়া বিরা**জ** করিতেছেন, দেবগণ তাঁহার স্তৃতি করিতে-ছেন, অনন্ত তাঁহার মন্ত:কাপরি ছত্র ধারণ করিয়া আছেন। তখন স্তন্তিত লাচার্যাকে সম্বোধন করিয়া গৌর জিজ্ঞাসিলেন "কি দেখিতেছ আচাৰ্য্য তোমারই রোদনে আমি অবতীর্ণ ইয়াছি।" তথন অবৈত নানাভাবে গৌরের স্তব করিয়া সন্ত্রীক তাঁহার চরণে প্রণত হইলেন। স্তর্ত-বংদল গৌরও অবৈতের মস্তকে চরণ অর্পণ করিয়া তাহাকে নূতা ও কীর্ত্তন করিতে আদেশ করিলেন। তগন সেই ভক্তগণ •মধ্যে প্রেমের বস্তা প্রবাহিত मःकीर्त्ततः भख श्रेशा मक*र्ला* हे नृष्ठा कतिर्द्ध নুত্যান্তে আপনার লাগিলেন। গলায় অর্পন করিয়া গৌর অধৈতের কহিলেন 'আচার্যা, তোমার অভিমত বর প্রার্থনা কর।" তথন নিষ্কামযোগী ভক্ত-রাজ অধৈতাচার্য্য কহিলেন ''আর কি যাহা চাহিয়াছি সকলই বর চাহিব? পাইয়াছি।

তোমার সাক্ষাতে করি আপনে নাচিন্ন।

চিত্তের অভীষ্ট যত সকলি পাইন্ন।

কি চাহিমু প্রভু কি বা শেষ আছে আর।

সাক্ষাতে দেখিনু প্রভু তোর অবতার॥

কি চাহিমু কি বা নাহি জানহ আপনে।

কি বা নাহি দেপ তুমি কি বা দরশনে॥
কাকাল পরে পুনরায়—

অবৈত বোলেন যদি ভক্তি বিলাইবা।

ত্তী শূদ্র আদি যত মুর্থেরে সে দিবা॥

বিদ্যাধন কুল আদি তপস্থার মদে।

তোর ভক্ত তোর ভক্তি যেচে মনে বাধে॥

সে পাপিষ্ঠ সব দেখি মকক পু্ডিয়া।

চণ্ডাল নাচুক তোর নাম গুণ গায়্যা॥"

একদিন সংকীর্ত্তনাম্ভে উপবিষ্ট হইয়া গৌর "পুগুরীক, পুগুরীক বিদ্যানিধি" বলিয়া রোদন করিতে অবিরাম माशित्मन। পুত্রীক শীক্ষের নাম। ভক্তগণ প্রথমে ভাবিলেন বুঝি বা এক্লিঞের উদ্দেশ্যেই গৌর বোদন করিতেছেন, কিন্তু বিদ্যানিধি উপাধি শুনিয়া তাঁহারা দংশ্রাপর হইয়া, গৌর প্রকৃতিস্থ হইলে জিজাসা করিলেন কাগার জন্ম তিনি রোদন করিতেছিলেন। গোর বলিলেন "পুগুরীক চট্টগ্রামে ব্রাকা-কুলে জন্মগ্রহণ করিয়াছেন। তিনি বাহ্যিক বিষয়ীর আচার পালন করেন – কিন্তু অন্তরে তাহার মত ভক্ত হণ ভ। তাহার অদর্শনে স্থামি বড় কষ্ট ভোগ করিতেছি।"

এই ঘটনার কয়েকদিন পরে পুগুরীক বিদ্যানিধি বছসংখ্যক দাস দাসী সমভি-ব্যাহারে নবদীপে সমাগত হইলেন। মুকুন্দ দত্তের নিবাস চট্টগ্রামে। তিনি বিদ্যানিধিকে জানিতেন। একদিন প্রিয়- বকু গদাধরের সহিত মুকুন্দ বিদ্যানিধির সহিত সাক্ষাৎ করিবার জন্ত গমন করিলেন। গদাধর দেখিলেন বিদ্যানিধি রাজপুত্রের জায় মহামূল্য চক্রাতপ তলে বিচিত্র আন্তরণ শোভিত খট্টার উপর উপবিষ্ট আছেন। ছইজন ভূত্য ময়্রপুচ্ছ-নির্ম্মিত পাখাদারা তাঁহাকে ব্যজন করি:তছে। বিদ্যানিধির ভোগবিলাদের প্রাচুর্য্য দেখিয়া গদাধরের মনে অবজ্ঞার উদয় হইল। তথন মুকুন্দ স্বীয় স্বাভাবিক স্কুক্টে ভাগবত হইতে আর্ম্ভি করিলেন।

"অহো বকী যং স্তনকালকুটং

किचाः मग्राभ्याग्रम्भागास्यो । লেভে গতিং ধাক্র্যচিতাং ততোহন্তং कः वा प्रशानुः भवनः खाक्य ॥" व्यमाक्ती बाक्तमी शूल्या याहात वरश्व्हाय কালকৃটসম্প ত ন্ত তাহাকে করাইয়াও তাহার নিকটে তাহার ধাত্রীর উপযুক্ত গতি লাভ করিয়াছিল তদপেকা मग्रान यात (क व्याट्स—यांशात भात्र नहेर ? এই শ্লোক পঠিত হইবামাত্র বিদ্যানিধির নয়নে বন্তা ছুটিল। তিনি প্রেমে পুলকিত হইয়া "বেশি বেশি" বলিয়া নৃত্য করিতে লাগিলেন। তাঁহার বাহুজান বিলুপ্ত হইন এবং তিনি উন্মত্তের মত "কুঞ্রে বাপরে" বলিয়া করুণ কঠে অবিরাম রোদন করিতে লাগিলেন। এই দৃগু দেখিয়া গদাধর বিশ্বিত হইলেন-এবং ঈদৃশ ভক্তের প্রতি ষ্বত্তা করিয়াছেন বলিয়া নিতান্ত অমুত্থ হইয়া স্বীয় পাপের প্রায়শ্চিত্তের তাঁহার নিকট মন্ত্রদীক্ষা গ্রহণ করিবার অভিথায় জ্ঞাপন করিলেন। বিদ্যানিধি

পরমানন্দে তাঁহায়কে আ। লিঙ্গন করিলেন ; দীক্ষার দিন স্থির চরিয়া গদাধর মুকুন্দের স্থিত প্রস্থান করিলেন।

সেইদিন রাত্রিকালে বিদ্যানিধি গৌরচক্রকে দর্শন করিবার অভিপ্রায়ে অলক্ষিত
বেশে শ্রীবাসগৃহে প্রবিষ্ট হইলেন, কিন্তু
গৌরের দর্শন লাভ করিয়াই ইন্ছিত হইয়া
পড়িলেন। ক্ষণেক বাহুজ্ঞান লাভ করিয়া
"ক্রফ্টরে বাপরে" বলিয়া রোদন করিয়া
উঠিলেন ভক্তগণ ভাঁহাকে চিনিতে
পারিলেন না, কিন্তু ভাঁহার কাত্র ক্রন্দনে

সকলেই কাঁদিতে লাগিলেন। তথন
বিশ্বস্তর অগ্রসর হইনা বিদ্যানিধিকে কোলে
তুলিয়া লইলেন এবং "বাপ পুঞ্রীক আজি
তোমাকে দেখিয়া পরি কৃষ্ট হইলাম" বলিয়া
হৃদ্যের আনন্দ জ্ঞাপন করিলেন। গৌরের
নয়ন জলে বিদ্যানিধির দেহ দিক্ত হইল।
গৌর বলিলেন "প্রেমভক্তি বিতরণ করিতে
ইহার জন্ম। আজি হইতে ইহার নাম
হইল পুঞ্রীক প্রেমনিধি।"

যথাকালে গদাধর প্রেমনিধির নিকট মন্ত্রদীক্ষা গ্রহণ করিলেন।

শ্রীতারকচন্দ্র রায়।

জয়দেব ও বিদ্যাপতি

₹

জয়দেব অপেক। বিভাপতির বিষয় বহু বিস্তৃত, কিন্তু জয়দেবে লালসার যেরূপ উদ্দাম গতি, যেত্বপ উত্তপ্ত নিঃশাস, বিদ্যা-পতিতে তাহা দেখিতে পাওয়া যায় না জয়দেবে পূর্বাগ ও প্রথম মিলনের চিত্র नारे, बाजारन जाशासत छेन्ररागी जाता-বলীর নির্দেশ করা মাছে মাতা। জয়দেবে প্রবাস্চিত্রও নাই, অতএব শতবর্ণবালী প্রিয়বিরহ হেতু শ্রীরাধার দারণ ব্যথার চিত্রও নাই। তাঁহার কাব্যের বিষয় অতি সংশ্বিপ্ত; বসন্ত-সমাগমে শ্রীকৃষ্ণ ক্ষণিকের উদ্ভান্তি বশতঃ তৎপ্রণয়বিধুরা শ্রীরাণাকে ত্যাগ ক্রিয়া অন্ত যুবতীরন্দের সহিত আমোদে প্রবৃত্ত হইয়াছেন; সেই চিত্র শ্রীরাধা আপন চক্ষে দেখিয়া আদিয়া শ্রীক্ষারে বিরহজনিত থেদে কাতর হইয়া-

ছেন। শ্রীক্ষাও ক্লিক মোহের অবসানে শ্রীরাধার জন্ম উদিগ্ন হইয়া পডিয়াছেন। পরে স্থার সাহায্যে উভয়ের মিলন, মান-ভঙ্গন ও বিহার। সংক্ষেণ্ডঃ এই কয়টী কথা লইয়া গীতগোনিন বিরচিত। কাণ্যের ভিতর মাত্র তিনটী চরিত্র,—শ্রীক্লঞ্চ, শ্রীবাধাও স্থী। তাহার মধ্যেও আবার স্থী নিজের কথা কচেনা, শ্রীক্ষণ ও শ্রীরাধার কথাই কহে, অতএব বিস্তৃত ভাবে হুইটী হৃদয়ের কথাই গীতগোবিন্দে লিপিবদ্ধ। ইহাতে শাসনাদি নাই, সখীতে সখীতে সম্ভাষণ বা জল্পনা নাই, সুবাগ্মিতার সহায়তা গ্রহণ নাই, ছল-কপটতা নাই, লুকোচুরি नाहे, (इंग्रानी-প्राक्त नाहे, বিপ্রকর্ষণ নাই; আছে কেবল ছুইটা হৃদ্ধের প্রবল, . সর্ব্যাসী আকাজ্ঞার অনিবার্যা আে । গীতগোবিনে দেশিতে পাই যে ভালবাদার মুখে দকলই ভাদিয়া ঘাইতেছে।
বিল্যাপতির পদাবলীতেও এই ভাব শেষ
কালে আদিয়াছে, কিন্তু সে বড় শেষে।
প্রথমে তাঁহার কাব্যে অনেক হাবভাব,
অনেক ছলচাত্রি, আলুগোপন, সংদার ও
প্রেমের ছল্ দেখিতে পাওয়া যায়।
কিন্তু গীতগাবিন্দ সে দকলের ধার ধারে
না।

গীতগোবিন্দের এরাধার চরিত্র লইয়া বিচার আরম্ভ করা যাউক। পথমেই কবি দেখাইয়াছেন যে শ্রীরাধা শ্রীক্ষের ক্ষণিক বির্তেই কঙ কাতর; সেইস্বল্পণস্থায়ী বিরহের ব্যথাও তিনি সহু করিতে না পারিয়া বসন্তকুত্বমস্কুমার (দহকে প্রপীডিত করিয়া বনে বনে শ্রীক্লকে অবেষণ ক্রিয়া বেড়াইতেছেন, প্রবল চিন্তায় তাঁহার মর্ম ব্যাকুল হইখাছে, আকাজ্জায় উবিগ্ন হইয়াছে। জয়দেব কবি বসস্থের কোকিলের পঞ্চম তানের মত স্থমধুর স্থরে বসন্তের গান ধরিয়াছেন, সে গান জীরাধার বিরহব্যথারূপ অনলে ঘৃতসংস্পর্শের কাজ করিয়াছে, আমাদের কাণের ভিতর দিয়া প্রবেশ করিয়া হাদয়ে একটা মধুর আবেশের সৃষ্টি করিয়াছে। ললিতল্**বজ**লতার কোমল আখেষে সাজ মলয়সমীরণ উৎফুল হট্য়া বেড়াইতেছে, গেই কোমলস্পর্শে निष्कि (कामन रहेग्राष्ट्र। आक निर्न ज्जा পৃথিবীর অবস্থা দেখিয়া, গাছগুলাও ফুলের হাসি হাগিয়া नहेर्डिह, এगन সময়ে- এমন চুরন্ত সময়ে কি না বিহরতি হরিরিহ সরস বসস্তে,

নৃত্যতি যুবতীজনেন সমং সধি
বিরহিজনস্য ত্রস্তে।
ফুরদতিমুক্তলতা-প্রিরস্তণপুল্কিতমুকুলিত-চুতে।
বৃন্দাবন-বিপিনে প্রিস্র-্রিগতযমুনা-জল পূতে॥

প্রকৃতির দৌরাত্মা, তাহার উপর প্রিয়বিরহ। তোমার হৃদয়ে হঃখ আছে বলিয়৷ বাতাস ফুলের রেণু ছড়ানও বহু করে া, এবং কে হকার গন্ধ মাথিয়া তোমায় গায়ে আগুন ছডানও বন্ধ করে না: "ইহ হি দহতি চেতঃ'' বলিয়। মধুকরনিকর চুণ করিয়া বসিয়া থাকে না, কোকিলও কুন্ত কুহু রবে শিক্ সকল মুখরিত করিতে ছাড়ে কবি বসন্তের শোভা তিল তিল १ तिया मधौत यूच निया वर्गना कतियादहन। শুধু তাহাই নহে "চন্দনচর্চিত নীলকলেবর भी ठवमनं वनशाली" यूनकी तृत्वत महिक কিরপ.ভাবে ক্রীড়া করিয়াছেন, তাহারাই বা কত হাবভাব প্রকাশ করিয়া তাঁহাকে ভুলাইবার চেষ্টা করিতেছে, স্থী তাহাও কাছে প্ৰকামুগ্ৰক্ষাপে বৰ্ণনা করিয়াছে, শ্রীরাধা স্থীর সহিত দাঁড়াইয়া मां ए। हेश (गई मकल लोला (मिश्रा हिन। গীতগোবিন্দকে যে ভাবেই দেখা যাউক, এই বর্ণনাগুলির যথেষ্ট সার্থকতা আছে। জয়-দেবের সহজ কবিত্ব এই সকল বর্ণনায় উছলিয়া উঠিয়াছে-৷ এক একটা শ্লোকে এক একটা নৃতন ভাব ফুটিয়া উঠিয়াছে। ইহাদের বর্ণনায় কবির উদ্দেশ্য দেই মনয়ো-পযুক্ত পারিপার্শ্বিক ঘটনাবলীর যথায়থ সংস্থাপন একটা environment এর সৃষ্টি।

সেই জ্ব্যুট জ্বাদেব প্রীক্ষের চতুর্দিকে ই জিয়াকর্মণের সকল উপচার,—সন ভূলাইবার
সকল প্রকার উপায়—স্তরে স্তরে সাজাইয়াছেন, এবং সেই সকল অবস্থা ও দৃশু স্থী
সহচারিণী জীরাধাকে দেখাইয়াছেন। এই
মধুর উল্লাসময় বসস্ত কালে কোথায় প্রিয়বধু তাঁহার সহিত প্রেমরসে নিম্মা থাকিবেন,
তা না করিয়া কি না তিনি শত স্ক্রী
পরিবৃত হইয়া তাঁহাকে ভূলিয়া—

মৃগ্ধ বধৃনিকরে

 * * * বিলস্তি কেলিপরে।
 গুধু তাহাই নহে, রাধাকে স্থী দেথাইতেছেন থে শ্রীকৃষ্ণ

শ্লিষ্যতি কামপি চুম্বতি কামপি কামপি রময়তি রামাম্। পশ্রতি দ স্মিত চারু-পরামপরামমুগচ্ছতি

বাশাম্॥

বৈষ্ণব যাঁহারা তাঁহারা জানেন যে এইরপ ঘটনা সংস্থাপনের কি উদ্দেশ্য, কিন্তু সে কথা পরে বলিতেছি। যাঁহারা শুধু কাণ্য হিসাবেই গীতগোবিন্দকে দর্শন করিবেন তাঁহারাও বুঝিবেন যে জ্রীকৃষ্ণ ও জীরাধার ভালবাস। ফুটাইবার জ্লুই কবি হুই জনকেই এই পরীক্ষানলে ফেলিয়াছেন। .

প্রথমে দেখা যাউক, এই বিসদৃশ দৃগ্র দেখিয়া জ্রীরাধার মনে কি ভাবের উদয় হইল। কবি বলিয়াছেন যে এই দৃশ্য দেখিয়া জ্রীরাধার মনে ঈর্ষার উদয় হইল—হওয়াই সম্ভব; কারণ যাহারা তাঁহার প্রাণাধিককে তাঁহার কাছ হইতে ছিনাইয়া লইয়াছে, তাহাদের প্রতি ঈর্ষা না হওয়া বড়ই অস্বাভাবিক, বিশেষতঃ যাহারমনে ভালবাদা

আছে, তাহার পক্ষে এমন হওয়া অসম্ভব বলিয়াই মনে হয়। অতএব রাধা আর **সে**থানে দাড়াইতে পারিলেন না, অন্যত্ত চলিয়া গেলেন, ইহাও স্বাভাবিক। আর একটা ভাব উপস্থিত হইন তাহাও পাভাবিক। "গ্রীকৃষ্ণ আমাকেই অপেকা ভালবাদেন" তাঁহার এই গর্ব টুটিয়া গৈল, এবং দেই বোধের সহিত হৃদয়ও ভাঙ্গিয়া গেল; তাই তিনি আৰু অতি দীনা, বুঝি মাথা তুলিয়া কথা কহিবারও তাঁহার শক্তি ও প্রবৃত্তি নাই। বৈফবশাস্ত্রে এই গর্বহানির বিশেষ উপযোগিতা বর্ণিত হইয়াছে। সেই বিষয়ের প্রতি অঙ্গুলি निर्फाण कतिया कवि "माधात्रण अगरय हरतो" এই বিশেষণ বাবহার করিয়া হরির অপক্ষ-পাতিত বর্ণনা করিয়াছেন। বৈঞ্চব মাত্রেই दुरक्षन (य ভগবাन मुक्तकहे ভाগবাদেन, শুধু একজনকেই ভালবাদেন না, এবং ভগবৎ সম্বন্ধেও গর্বা অনেক সময় স্বাভাবিক इहेरलंड छान नरह, जाहे खीतांतिका, विनि ভগবানের ফ্লাদিনী শক্তির প্রতিমৃর্ত্তি. তাঁহাকেও এই গর্ম পরিত্যাগের শিক্ষা (म ७३१) श्रद्धां जन रहेग्राहिन। ভাবে বিভোর হওয়া চাই, -- দানহীন হইয়া, দেমাকের উপর নহে। এই হলেই আবার ভক্তের পরীক্ষা এবং প্রণয়েরও পরীক্ষা, তাই पशीत প্রয়োজন। বৈকাৰ নিদানে স্থীর খান বড় উচ্চ, ফলে দখী ব্যতিরেকে রাণা-কুঞ্নীলারস পুষ্ট হয় না। নিঃস্বার্থ ভক্তি এই স্থীদের, ইহারা নিজেদের জন্ম কিছু চাহে না, নিজেদের বিষয় ভাবে না, ভক্তকে ভগদত্নুখী করিয়া, .ভক্তের ভক্তি পরীক্ষা করিমাই পরিত্প্ত হয়, নিজের সুখ চাহে না, রাধাক্তকের মিলন সাধিয়াই কু তার্থ হয়। ইহাই জয়দেবের স্থীচরিত্রের মূল স্থত এবং বৈষ্ণব
সাহিত্যে জয়দেবই প্রথম স্থী-চরিত্রের
স্রুষ্টা; এ চরিত্র তিনি কোনও পুরাণে পান
নাই। স্থীর চরিত্র অবলম্বনে রাধার
চরিত্র তিনিই প্রথম ফুটাইয়া তুলিয়াছেন।
আমরা এখন রাধাচরিত্রের শারুসরণ
কবিব।

আমরা দেখিয়াছি যে প্রণয়গর্বিতা রাধিকা আজ 'দীনা" তাই তিনি মধুকর-ক স্বিত কোনও একটা কুঞ্জবনে বসিয়া— বসিয়া বলিলে ঠিক হয় না---যেন মাটির সহিত মিশিয়া "লীনা" হইয়া স্থীকে মনের কথা নিবেদন করিতেছেন : কি সে মনের कथा ? अञ्चरांग नाहे, अखिरांग नाहे, কেবল সেই রূপের স্বৃতি সেই মর্মডেছদী দুখোর মধ্যে তাঁহার প্রাণনাথকে উজ্জন দেখাইতেছিল তাহারই বর্ণনা, আর এততেও, এত দেখিয়াও তাঁহার মন সেই বিশাস্বাতী প্রণয়ীকে স্মরণ করিতেছে কেন, ইহাতে বিক্ষয় প্রকাশ। এই কি হৃদয়হীনার পরিচয় ? আমাদের আদর্শ ও মনের ভাব বদলাইয়াছে যে "ভ্ৰমর" বোধ হয় এখন ঘরে ঘরে, অথচ ভ্রমর কেবল লোকমুখে গুনিয়া, চোথে কিছুনা দেখিয়াই স্বামী পরিত্যাগ করিতে পারিয়াছিল। কিন্তু রাধা নিজের চ'থে প্রণয়ীর বিশ্বাসবাতকতা দেখিয়াও তাহারই চিন্তায় ব্যাকুল। স্থী বলিতেছে, "তবে তাহাকে ভাব কেন[্]'' তাহার উত্তরে শ্রীরাধার মুখে কি উদার, কি গভীর প্রণয়পূর্ণ বাক্যই না কবি জয়দেব
বসাইয়াছেন—
গণয়তি গুণগ্রামং ভামং ভ্রমানপি নেহতে
বংতি চ পরীতোমং দোমং বিমুঞ্তি দুরতঃ।
য়্বতিয়্ বলয়ৃষ্ণে বিহারিণি মাং বিনা,
পুনরপি মনো বামং কামং করোতি করোমি
কিম্

বৈষ্ণৰ কুত অনুবাদ,—

শুন স্থি মোর মন বিপ্র্যায় হৈল। কুষ্ণ গুণগ্ৰাম মন জপিতে লাগিল। স্থী কহে জ্ঞন রাধা আমার বচন। তোমা ছাড়ি অতা সহ কর্য়ে র্মণ॥ তবে কেন তুয়া মন তাহারে স্ক্রে। বুঝিতে ন। পারি কথা কহ দেখি মোরে। রাধা কহে শুন স্থি আমার আকুতি ক্লফ বিনা মোর মন না চলয়ে কতি। ভ্রমেতে না করে ক্রোধ ক্রম্ম গুণ বিনে ক্লফ পরিতোষ সদা করিছে ধেয়ানে ॥ দোষ দুৰে ত্যাগ কৈল চাহি দেখিবারে। আপন মরম স্থি কহিল তোমারে ॥ যুবতীর মধ্যে ক্লফ করিছে বিহার। আমা বিনা নানা সুথ বাড়িল অপার॥ পুনরপি মনোরমা করিছে কামনা। ক্রি করিব কহ স্থি বাক্যের যোজনা। প্রতিকূল সমালোচককে প্রশ্ন করি—এই কি क्रम्य ना थाकात अभाग ? बहे कि हे खिय লোলুপার কথা ? এই একাগ্রহা, এই ক্ষমা, এই তিতিক্ষা এই একনিষ্ঠতা কি কেবল ইন্দিয়ন্ত্রাসাদনের ফল, না ইহাকে ভাল বাসা—ভালবাসা তো একট। ক্ষীণ, হাল্কা কথা-প্রগাঢ় প্রেম বলা যাইতে পারে? इ जियुष् इ जात्वयी देखिए य পরিতৃপ্তি

ক্লেদময়ী, অবদাদময়ী, ক্ষণিক প্রীতি ভিন্ন তাহার সাধ্য নাই যে হৃদয়ে কোনও স্থায়ী ভাবের पृष्टि करत। (य खर् टेलिय पूर्व (शांक, তাহার কাছে কি প্রিয়বিরহে জগৎ স্থখ্য হয়, চাঁদের জ্যোৎসা মান হইয়া যায়, ফুলের হাসি ওথাইয়া যায় ? তার কাছে কি এমন সরস্বসন্তস্মশোভিতা সৌন্দর্য্যময়ী প্রকৃতির কিছই ভাল লাগে না থার ভালবাসা অত্যন্ত প্রবল, অত্যন্ত পরিপক না হইয়াছে সে কি এমনি করিয়া আত্মাভিমান বর্জন করিতে পারে পে কি এমনি করিয়া व्यक्तियनभी, निजायक्रकतम् इट्टेंट शास्त्र তাহা যদি হয় তাহা হইলে তাঁহাদিগকে স্বীকার করিতে হইবে যে কবি জয়দেবের শ্রীরাধিকা ইন্দিয়চপলা নায়িকা মাত্র নহেন, তাঁহার দেহের সহিত তাঁহার মন. প্রাণ ও প্রণয় মহাযজ্ঞের আত্তি হইয়া তাঁহার হৃদয়-দেবতার চরণে উৎদর্গীকত হইয়াছে। আর এইরূপ হইয়াছে বলিয়াই শ্রীরাধার অন্ত কোনও চিন্তা নাই, অন্ত কোনও বিষয়ের স্মৃতি নাই, তাঁহার প্রবল প্রণয়ের স্রোত সহস্র বাধাকে অতিক্রম করিয়া প্রিয়ত্মরূপ মহাসাগরের দিকেই ধাবিত হইয়াছে। এমন অবস্থাতেও যাহার মনে প্রথম স্থাগ্ম-লজ্জা হইতে আরম্ভ করিয়া थिय्र उद्मतं नकन तहना, नकन विनाम, नकन আদর ইদয়ে অনস্ত গ্রভুত্ব বিস্তার করিতেছে. म यिष প্রণারিনী না হয়—তবে প্রণারিনী কাহাকে বলা যাইতে পারে তাহা তো বুনিতে পারি না। এত দুর্যদি তাঁহারা শীকার করেন, তাহা হইলে তাহাদের ইহাও মানিতে হইবে যে, জয়দেবের গীত-গোবিন্দে ভাল জিনিষ আছে।

কি অছুত সহিষ্ণুতা এই জয়দেবের

শ্রীরাধার! তাঁহার মনের কি অপুর্ব্ব
একাগ্রতা; তিনি স্বচক্ষে দেশিয়া আসিয়াছেন যে তাঁহার শ্রীকৃষ্ণ অতাসক্ত, তিনি
নিজে বৃঝিয়া আসিয়াছেন যে তাঁহার ভালবাসা বিফল, খাশাহীন, তথাপি তাঁহার
মুখে এক কথা—

"গোবিন্দং ব্রজ্ফুন্রীবৃতং প্রভাষি

ষ্যামি চ॥" বিদ্যাপতিব শ্রীরাধাও প্রেমিকা, কিছ বলিতে কি তিনিও বোধ হয় জয়দেবেব রাধার মত এত অন্সচিন্তাপরারণা নংনে, বঝি তাঁহাতেও এত আত্মাতিমানবৰ্জন দেখিতে পাই নাই। যথন বিদ্যাপতির রাধিকা দেখিলেন যে তাঁহার শ্রীক্লফ সম্পর্ণকেপে তাঁহার নয়-তখন তিনি বড় রাগ করিলেন এবং ক্লের সহিত মিলন সাধনে যাহারা সাহায় করিয়াছিল, তাহাদের বড় অমুযোগ ও ক্ষের প্রতি কটু বাকা প্রয়োগ করিতে ছাড়িলেন না। বোললি বোলে উত্তিম পত্র রাখ। নীচ সবজ জন কী নহি ভাধ॥ হনে জে উত্তিম ফুল গুংমতি নারি। এত বা নিতা মনে হলব বিচারি॥

"উত্তম লোক প্রতিশ্রতি রক্ষা করে,
নীচসবন্ধ (নীচ কুলোন্তব) ব্যক্তি কি না
বলে
পু অমি উত্তম কুলের গুণবতী নারী,
ইহা নিজের মনে বিচার করিও।"—পরিষদ
সম্পাদিত বিদ্যাপতি ও তাঁহার টীকা।

ইহাও কিন্তু অস্বাভাবিক নয়, কারণ বিদ্যাপতির রাধিকার তথনও শ্রীক্লক ও নিজের মাঝধানে একটা বিরাট ব্যবধান

١

हिन-मश्मात । किन्न खग्रत्यत ताथिका নিজের ও শ্রীক্লঞের মাঝখানে কোনও ব্যবধান রাথেন নাই, তাঁহার পক্ষে "তুমি আর আমি মাঝে কেহ নাই।" তাই তিনি স্থীকে কাত্র ভাবে করিতেছেন-স্থি। আ্নিথে তাহার দোষ দেখিতে পাই না, তাহার উপর রাগ করিতে জানি না, সব অবস্থাতেই তাহার উপর সম্ভন্ত আছি, এই দেখ সহস্র যুব হীর অটল ব্যবধান ভেদ কবিয়াও খামার নয়ন তাহাকে দেখিতেছে, আমাকে দেখিয়া সেই সময় তাহার যে বিমায়বিকারিত হাদির রেথা ফুটিয়া উটিয়াছিল, তাহা আমি দেখিতে পাইতেছি ও জনর আনন্দময় হইয়া উঠিতেছে; তার বিরহ ্য আমার অসহনীয়৷ তাই বলি

স্পি হে কেশিম্থনমূদার্ম্। রুময় ময়। সহ মদন্মনোর্থ ভাবিত্যা

স্বিকার্ম্.

তারপর জয়দেবের গীতগোবিন্দে শ্রীক্ষের জাণরণের কথা বর্ণিত আছে, কিন্তু আমরা শ্রীরাধার বিষয়ে বক্তব্য শেষ করিয়া পরে দেকণা বলিব। যাহার হৃদয়ে অত আকাজ্ফা, অত লালসা তাহার বিরহ-যাতনা কত নিদাকণ তাহা আমরা সহজেই বুঝিতে পারি যথনই শ্রীরাধার মনে উদয় হইয়াছে যে বুঝি তিনি শ্রীকৃষ্ণকে হারাইলেন, তখনই তাঁহার স্থাশান্তি অন্তর্হিত হইয়াছে—মনের বাঁধন ছি ড্রাছে—দেহের আদর ঘ্রিয়াছে

ক্লে তাঁহার জীবনের সাধই যেন মিটিয়া গিয়াছে। এই নৈরাশ্যময় হৃদয় বহিয়া ভাহার যে কি অবস্থা হইয়াছে তাহা কবি

করিয়াছেন,—নিজের কথায় নয়, কথায়। স্থী ভিন্ন রাধার মনের কথা কেহও বঝিতে তাই স্থী সেই অবস্থা বৰ্ণনা করিয়াছে--কি স্থলর বর্ণনা, কি সুস্ম দৃষ্টি! বিরহিণী রাধিকার বর্ণনায়--কবির কলনা উল্পিত হইয়া শত স্থল্য ভাবের সৃষ্টি করিয়াছে—দেই সুন্দর ভাবাবলী লইয়াই পরে বিদ্যাপতি ও অন্তান্ত বৈষ্ণব কবিবা काराम्य भागनिनौ শ্রীরাধার वाँ किशा हिन। अग्र (एव वित्र हर्वा कि कित्र व পরিমাণে প্রচুর ক্ব তিম্ব দেখাইতে পারিয়াছেন, এবং বিপুল উৎসাহের সহিত এই অবহার বর্ণনা করিয়াছেন। কেবল নিপুণ ভাবচিত্তার কথা ধরিলেও এই বর্ণনা গুলি উপাদেয়--

নিলতি চলনমিলুকিরণমন্থবিলতি

(थन मशौत्रम्।

ব্যাল-নিল্ম-মিলনেন গরলমিব কলয়তি মল্যুসমীরম্।

সা বিরহে তব দীনা। মাধব মনসিজ-বিশিধ-ভয়াদিব ভাবনয়া ভয়ি শীনা।

অবিরল-নিপতিত-মদন-শ্রাদিব ভবদবনায়[°]বিশা**লম**।

স্ব-হাদয়-মর্ম্মণি বর্ম করোতি সঞ্চল নলিনীদল-জাক্ম ॥

কুস্থম-বিশিথ-শর তল্পমনল বিলাসকলা-

কমনীয়ম্।

ব্রতমিব তব পরিরস্ত স্থায় করোতি কুহুম-শর্ণীরম্ বহতি চ বলিত-বিলোচন-জ্ঞলধর-মানন-কমলমুদারম্। বিধুমিব বিকট-বিধুস্কন-দন্তদলন-গলিতাম্ত-ধারম্॥ বিলিথতি রহসি কুরস-মদেন ভবন্তমসমশ্র-

ভূতম্। **প্রাণম**তি মকরমধো বিনিধায় করেঁচ শরং নবচ্তম্॥

প্রক্রিপদমিদমপি নিগদতি মাধব তব চরণে প্রতিতাহম্।

স্থায়ি বিমূধে ময়ি দপদি সুধানিধিরপি তন্ত্ত তন্তুদাহম ॥

ধ**ান-লায়েন পুরঃ পা**রকল্লাভবস্তম্তীব তুরাপম্।

বিশপতি হসতি বিধীদতি রোদতি চঞ্জি 'মুঞ্জতি তাপম্॥

ইহার ভাষা এত সরল যে ইহার অন্থ্রাদ দেওয়ার প্রয়োজন নাই। এই পদাবলার এক একটা শোকে এক একটা নূহন ও কমনীয় ভাব ও চিত্র ফুটিয়া উঠিয়াছে। বৈষ্ণব কবিতায় ও নৈফাব দর্শনে শ্রীরাধাকে মহাভাবময়ী বলিয়া উল্লেখ করা হয়—তাঁহার সম্বন্ধে কোনও ভাব অসন্তব্বলিয়া উড়াইয়া দেওয়া যে চলে না তাহা ভক্তির অবতার শ্রীশীমহাপ্রভু প্রমাণ করিয়াছেন। তাই আদি বৈষ্ণব কবি জয়দেব তাঁহার সম্বন্ধে বহাঁবিধ ভাবের বর্ণনা করিয়াছেন—

স্তানবিনিহিত্যপিহারমুদারম্
সা মস্তে ক্লশতকুরিব ভারম্। ;
রোধিকা তব বিরহে কেশব॥
হে কেশব তোমার বিরহে রাধার আর কোনও অলক্ষার ভাল লাগিতেছে না, বুকের হারও সে ভার মনে করিয়া খুলিয়া কেলিয়াছে, ভাহার কণতন্ত্র বৃঝি সে হারটা বহন করিবারও ক্ষমতা নাই। এই ভাব ভাবিত হইয়াই বিদ্যাপ্তির রাধিকা ব্যিয়াছেন

শশুকর চ্র বসন কর দ্র
তোড়হ গজনতি হাররে।
পিয়া শ্বদি তেজল কি কাজ শিঙ্গাবে
যামূন সলিলৈ সব ভাররে॥
বলা বাহল্য এই অল পরিসরের মধ্যে জয়দেব
যে ভাবাবলী রচনা করিয়াছেন, তাহাই
রপান্তরিত ও বিস্তৃত হইয়া বিভাপতির
বিরহ বর্ণনার অঙ্গ পুষ্টি করিয়াছে।

সরসমস্থমিপি মলয়জ-পঞ্জন্। পশুতি বিষমিব বগ্ৰি সশঙ্কম্॥

ত্যজ্ঞতি ন পাণিতুলেন কপোলম্। বাল-শশিনমিব সায়মলোলম্॥ হরি-রিতি হরি-রিতি জপতি সকামম্। বিরহ-বিহিত-মরণেব নিকামম্॥

বিরহবিহিত মরণা হারাধার সেই নিষ্ঠুর
প্রিরতমের নাম জপ কত উচ্চ ভাবের
ব্যক্তক তাহা প্রতিক্ল সমালোচক একবার
ভাবিয়া দেখিলাছেন কি
পু এততেও কি
তাহারা গীতগোবিন্দে মানের প্রভাব দেখিতে
পান না
শু শীরাধার ক্ষণ্টিন্তার এত
একাগ্রতা বে, সেই চিন্তা করিতে করিতে
ভাবার নিজের অন্তির পর্যন্ত বিশ্বত হইয়া
তিনি সম্পূর্ণ মাত্রায় শ্রীক্তেকে লীন হইয়া
যান—নিজেকে শীক্তক ভাবে ভাবিতে
পাকেন—

মৃত্রবলোকি ত-মণ্ডন লীলা

মধুরিপুরহমিতি ভাবনশীলা। ইহাই বিদ্যাপতির পদাবলীতে অন্ত আকারে শ্রীরাধার দিব্যোনাদ বর্ণনে প্রকটিত হুইয়াছে

অনুক্ষণ মাধব মাধব সোঙরিতে
সুধামুখি ভেল মাধাই।
কৈ অপূর্ব সেই দিব্যোন্মাদ! এমন অবস্থার
উন্নীত হইবার জন্ম মনের কত একনিষ্ঠতা,
চিন্তার কত প্রগাঢ়তা, কত অন্তলীনতার
প্রয়োজন তাথা ভাবিয়া দেখিবার বিষয়
নহে কি?

শ্লিষাতি চুম্বতি জ্বলধর-কল্পন্।
হরিরুপগত ইতি তিমিরমনল্লম্॥
এই শ্লোকের ভাব আধ্যাত্মিকতার উলীত
হইরাছে, জ্রীরাধার জগন্মর প্রীক্তমক্রুর্ত্তি
হইতেছে। ভক্তি-সাহিত্যে বোধ হয়
জ্রীজ্পনেব প্রথমে বিরুহের চিন্তাকে এমনি
করিয়া আধ্যাত্মিকভাবে ব্যক্ত করিয়াছেন।
এই ভাবে ক্রমে বৈশ্তব ভক্তগণ ভাবুক
হইয়াছিলেন—বঙ্গের প্রথম ও প্রধান বৈশ্লব
কবি এই ভাব লইয়া তাঁহার জ্রীরাধার চিত্র
জ্যাকিয়াছিলেন। তাই বলিয়াছি যে
জ্রীজ্পন্তের কাছে বৈশ্লব কবি মাত্রেই
মহাঝণে আবদ্ধ।

বিভাপতির তো কথাই নাই। বিদ্যাপতি

শ্রীক্ষমদেব কবির ভাবে পূর্ণমাত্রায়
অমুপ্রাণিত। তাঁহার পূর্ব্বরাগই বল,
মিলনই বল, মানই বল, বিরহই বল, সভোগই
বল—সর্বত্রই মহাকবি জয়দেবের প্রভাব
স্পষ্ট। কোথাও তিনি ভাবের, কোথাও বা
হন্দের ঋণ গ্রহণ করিয়া নিজ ক্দম্গ্রাহী

পদাবলা রচনা করিয়া নব জ্বয়দেব উপাধি অর্জন করিয়াছেন।

তবে জয়দেবের শ্রীরাধার ও বিদ্যাপতির শীরাধার চরিত্রগত কিছু পার্থক্য আছে। এ পার্থক্য যদিও চরিত্রের প্রকৃতিগত নহে. তথাপি অমুভবনীয় বটে। আমরা দেখিতে পাই যে হুইজনেই প্রেমিকা- হুইজনেই লাল্যাম্য়ী, তুইজনেই কুঞ্গতপ্রাণা: কিন্তু বিভাপতির রাধিকা সরলা ক্রীড়াময়ী, চঞ্চলা, তরলা লজ্জালুলিতা। অস্থ্যদেবের রাধিকার চঞ্চলত বা তর্লতা নাই, তিনি গভীর লালসাম্যী, প্রেমমন্ত্রী, অন্তঃচিন্তারহিতা: তাঁহাকে আমরা যথন প্রথম দেখিতে পাই তথনই তিনি ক্লফপ্রেমে উন্নাদিনী, তাঁহার ক্লফসঙ্গ ভিন্ন মুখ নাই, ক্ষাপ্ত ভিন্ন জীবনের কোনও সার্থকতা নাই, তাঁহার লুকোচুরি নাই, ভাবগোপনের চেষ্টা নাই, তাঁহার জগৎ नाहे. विश्व नाहे, चाह्न এक डीक्स-জীক্ষরসাম্বাদন-পিপাসা: সঙ্গাকাজ্ঞা. ফলে শ্রীকৃষ্ণ ভিন ত্রিঙ্গতে তাঁহার আর किছूरे नारे। তाँशांत वितर, उाँशांत मान, তাঁহার সম্ভোগ, তাঁহার প্রগল্ভতা, তাঁহার আদর-আবদার সকলই সেই পীতাম্বরকে অবলম্বন করিয়া। তাঁহার প্রেমের এই প্রগাদৃতাই জীজয়দেব কবির বৈঞ্চবকুলকে প্রধান দান ও সেই জ্বুন্থ বৈষ্ণব কবিকুল তাঁহাকে মাথায় ধরিয়া রাথিয়াছেন ও রাখিবেন তিনি রাধাক্তফের মিলনের কবি – রাধাক্লফের সম্ভোগের কবি—ভিনি মনের কবি-তিনি দেহের কবি, কারণ বৈষ্ণৰ জানে যে সর্কেন্দ্রিয় স্বারা কৃষ্ণদেবাই

পরম পুরুষার্থ, তাই শ্রী শ্রী মহাপ্রভু
চণ্ডীদাস বিদ্যাপতি, রায়ের নাটক গীতি
ক্ষণামৃত শ্রীগীতগোবিন্দ।
লইয়া নিজের অপরূপ ভক্তির পুষ্ট সাধন

লইয়া নিজের অপরণ ভক্তির পুষ্ট সাধন করিয়াছেন। আমরা নাসিকা কুঞ্চিত করিতে পারি, কিন্তু যাঁহারা বৈষ্ফ্রবশান্ত্রের মর্ম্মগ্রাহী তাঁহারা এই সম্ভোগাদি ব্যাপারে নাসা কুঞ্চিত করিবেন না তাহা নিশ্চয়।

আসলে কিন্তু শ্রীজয়দেব নীচ ইন্দ্রিয়-বুত্তির চিত্রকর নহেন, তাহা আমরা দেখাইয়াছি, আমরা দেখাইবাক চেই। করিয়াছি যে জয়দেবের শ্রীরাধার হৃদয় আছে, প্রণয়ের গভারতা আছে, আকাঞ্চার আধ্যাত্মিকতা আছে, শালসার তীব্রতা আছে। বিদ্যাপতির রাধারও হৃদয় প্রেমাপ্লুত, তবে তাঁহার রাধিকা যেন একটী পার্বতাতটিনী, আরত্যে জীলা, কথনও জীতা কখনও প্রপ্রোপ্লেহত হইয়াচঞ্চলা ও মুখরা. বীচিবিকুরা, কথনও আবার হৃদ্ধকায়, কিছু তাঁহারও গতি সেই সমুদ্রের পানে, এবং সমুদ্রের ভিতর সম্প্রমণে আত্মোৎসর্গ করিবার পূর্বে সেও জয়দেবের প্রিবার মত একটানা বিশালকায় নদীতে পরিণত হুইয়াছে।

ঐজিতেন্দ্রলাল বস্তু।

জন্মজনান্তরে

জন্ম হ'তে জনান্তরে মোরা ত্রনার
সমকর্মফলভোগী, সহ্যাত্রী দোঁহে
চলেছি অনস্ত পথে সুথে ত্রংথ মোহে
পুণ্য পাপে অবিচ্ছিন্ন। অনস্ত যাত্রায়
ঘূর্ণ্যমান কোটি জন্মমূল্য আবর্তনে
ছটি পান্থ পাশাপাশি। কত শত লোকে
সহস্রযোনিতে মোরা জনমে মইণে
ভ্রমণ করেছি দোঁহে। অরুণ আলোকে
এক রুস্তে ছটি কলি বিচিত্র কুসুমে
হর্ষে উঠেছি ফুটি। জানি না কেমনে
কোন শুভলরে মোরা কোন পুণ্যভূমে
উপনীত হ'ব ধীরে; মন্থর চরণে
বহিতে হ'বে লা আর জীবনের ভার
প্রেমের নির্বাণ মোকে হব একাকার।

বীণাবাদিনী

এ বক্ষ বীণার মাঝে শ্রখতন্ত্রীগুলি
রূপ রস শক গন্ধ পরশ আঘাতে
কম্পিত বাস্কত সদা। নিশিতে প্রভাতে
চারিদিক হ'তে যেন সহস্র অস্কুলি
নিয়ত জাগায়ে তোলে মিশু কোলাহল,
অর্থহীন ধ্বনি শুরু ছন্দ স্তর নাই।
বিরামবিশ্রামহারা আঘাত চঞ্চল
বীণাটিরে আপনার ক্রোড়ে দিলে ঠাই
টানি' নিলে বক্ষোপরি, হে বীণাবাদিনি,
নিপুণ করুণ করে বাধি নিলে স্কর।
হে আমার মূর্র্রিমতী নিখিল-হাগিণী,
জনতার শক্জাল করি দিলে দ্র
অঙ্গুলি ইন্ধিতে তব; মোহন ঝ্লারে
বাঞ্গালে তোমার গান মোর তারে তারে।

লোকশিক্ষা

সর্ব সাধারণের জন্ম শিক্ষার যে প্রস্তাব হইয়াছে শ্রীযুক্ত বিপিনচন্ত্র পাল তাহার विद्रां वी । সকলে য!হা চায়. বিপিনবারু তাহার বিরোধী হইলেন, সে সম্বন্ধে তাঁহার স্পষ্ট বাণী আমরা পৌৰ মাদের 'বঙ্গদর্শনে' প্রাপ্ত হইয়াছিল তিনি मर्वामाशाहरणत निकात विद्वाधी गर्यन । তবে যে প্রণালীতে শিক। দেওয়া হইবে. তিনি সেই প্রণালীর বিরোধী। **কাঁহার** কথাটা এই,—আমাদের সমাজ শাসনের উপর প্রতিষ্ঠিত, পাশ্চাত্য সমান্ত ব্যক্তিহের উপর প্রতিষ্ঠিত। পা×চাতা আমাদের এই বিশেষভাবটা নই হইয়। যাইবে এবং আমরাও আমাদের বিশেষত্ব-ভ্রষ্ট হইয়া কাফ্রি বা গাপানীদের মত কিন্তৃত্তিমাকার জীব হট্য়া দাঁড়াইব। ব্যক্তিত্ব ছাড়া মান্তব মনুষ্যপদবাচ্য নহে, বিপিনবাবু তাহা জানেন বলিয়াই খোলাসা বলিয়াছেন, রাথিবার জন্ম হিন্দুশ|সনও ব্যক্তিবের চূড়ান্ত মীমাংসা করিয়াছেন এই যে, সমাজে শাসন আব সন্ন্যাদে ব্যক্তির। যতদিন মারুষ সমাজে থাকিবে ততদিন তাহার জন্ম কেবলই শাসন, স্ন্যাস গ্রহণ করিয়া দে ব্যক্তিত্ব ভোগ করিবে। হিন্দুর এই সমাধান যে হিন্দু পরে পরিত্যাগ করিতে বাধ্য হইয়াছেন, ইহার বিষময় ফলে যে সমাজজীবন মৃতপ্রায় হইয়াছে, মামুষ সামাজিক জীবনে যে অভিজ্ঞতা লাভ করে পঞাশেকে তাহা लहेश ककरल हिल्सा গেলে মানব-সমাজের সমূহ ক্তি অর্থাৎ

मांगांकिक कीव गांकुरवत कीवरनंत गर्न প্রধান সমস্তার মীমাংসা যে অতি সামাজিক হইতে পারে না, নিপিনবার এই কথাটা ठानाहेबा (मर्थन नाहे विनिधार है हैहा लहेबा হালাম। করিয়াছেন। মাকুষের জ্ঞানে শ্রিয় ও কর্মেন্সিয়ের মধ্যে যতই বিবাদ থাকুকু না কেন, উভয়কে এক ম থাকিতেই হইবে। মানবদমাজ জীবদেহেরই কার Organism, শাসন ও ব্যক্তিত্ব অঞ্চাঞ্চী-ভাবে জড়িত। উভয়কে পৃথক করা যায় শাস্ববিহীন বাজিয় বাজিজই নয়; আবার যেখানে ব্যক্তির নাই দেখানে শালন অর্থনীন। উভয়কে মিলিত করা শক্ত বলিয়া এক অবস্থায় শাসন ও এক অবস্থায় ব্যক্তিষের ব্যবস্থা শুনিলেই ইলিয়ট সাহে-বের একবেলা ভাল আর একবেলা ভাতের কথা মনে পড়ে। চির খাবন ব্যক্তিরলোপী শাসনের মধ্যে থাকিয়া ব্যক্তিত্ব কথনও লাভ হইতে পারে না। পাথীকে সর্বাদা খাঁচার মধ্যে বন্ধ রাখিয়া একদিন হঠাৎ তাহাকে ছাড়িয়া দিলে, দে উড়িতে পারে না, আবার ুখাঁচার মধ্যে আসে। তাই "পঞ্চাশোর্জং বনং ব্রখেৎ" ব্যবস্থা থাকিলেই শতবর্ষেও কেহ ঘরের বাহির হয় না। আরু স্ল্যাসী नागधाती परनत मर्या कठायाती মণ্ডিত দশ বছরের বালকের অসম্ভাব নাই! জীবন্ত দেহকে ধড় ও মন্তক এই হই ভাগে বিভক্ত করিলে কি হয় ? এইরূপে বিভক্ত হ্ইয়া আমাদের সমাজও স্লাস হুইই वकर्षना इहेग्राहि।

বিপিন বাবুর মূল আপত্তি এই বে, ব্যবস্থা যথন আমাদের হাতে শিক্ষার থাকিবে না, তখন সে শিক্ষাদারা আমরা চবিত্র ধ্বংস করিতে हांडे জাতীয় না। এখন প্রশ্ন এই, আমরা কি কখনও একটা জাতীয় শিক্ষার উদ্ভাবন ক বিয়া আমাদের জাতীয় বিশেষত্বের র্ক্ষণ আশা পারি ও এইথানে বলিয়া করিতে রাখা ভাল, যে এই বিশেষত্ব বজায় রাখার প্রয়োজনীয়ত। সগত্যে আমি বিপিনবারর সঙ্গে এক মত নহি। কেননা, এখন আমাদের পক্ষে একান্ত ব্যক্তিত্ববিহীন দামাজিক চরিত্রকা করার চেষ্টার আমরা व्यामात्मत जा जो स की बनत्क विनात्भत मित्क লইয়া যাইব। আমরা এখন আর ভিতর হইতে গড়িয়া উঠিতেছি না। বাহিরের চাপ অমোদিগকে গড়িতেছে। এই চাপের সঙ্গে মিলাইয়া যতটা জাতীয় বিশেষত রক্ষা করিতে পারি, তাহাই আমাদের কর্ত্তব্য। পারিপার্থিক অবস্থানিচয় আমাদের নিরপেক হইয়াই গড়িয়া উঠিতেছে, দেগুলির উপর যেমন এক দিচে হাত नाईं. अज्ञिनित्क (मध्याति इ.स এড़ाইবারও শক্তি নাই। তথন রাগ করিয়া ঘরের দরজা বন্ধ করিলে মৃত্যুকেই ডাকিয়া আনা হয় না কি ? আর, যে বিশেষৰ বঞায় রাখিবার জন্ত এই প্রয়াস, তাহা আমা-দিগকে কল্যাণের পথে লইয়া যায় নাই। তাগার পুরিবর্ত্তন প্রয়োজন হইয়াছে। সার্বজনীন শিক্ষা প্রচলনের ঘারাই এই পরিবর্ত্তন সাধিত হইবে। এখন সে শিক্ষা আমরা চাহিয়া লইলে ইহার উপর আমাদের কিছু হাত থাকিলেও থাকিতে পারে এবং টানাটানি করিয়া এই পরিবর্ত্তিত ও পরিশোধিত বিশেষত্বের একট স্থানও করিয়া লওয়া বাইতে পারে। পরে সে স্থোগও থাকিবে নাঃ জগতে সক্ষত্ৰ ধীৱে ধীৰে বাধ্যতামূলক সাকিজনান শিক্ষা প্রচলিত হইতেছে। জগতের সঙ্গে যে আমাদের থোগ তাহা আমাদের ইচ্ছার উপর নির্ভর করে না। স্তরাং গগতের সঙ্গে যোগ কাটিবার আ্যাদের শক্তি নাই। গুগতে যাহা इइेट्डिइ डाहा थागारमत्त्व इहेरत्। (भिन তো এ স্রোভ থামাইতে পারিব না। স্কুতরাং স্রোতে ভাগিয়া যাইবার পূর্বে ঘর সাম্লাইয়। লইলে ভাল হয় না কি? আমরা নিজেরা রাষ্ট্রনিরপেক্ষভাবে যে নিজেদের শিক্ষার ব্যবস্থা করিব তাহার সম্ভাবনা নাই, এবং ব্যক্তিহবিহীন শিক্ষার ব্যবস্থার প্রয়োজনও गाई। Practical politics এর বাহিরে তাহা লইয়া আন্দোলন নিফল এবং বিড়াগের সঙ্গে বাদ করিয়া নিরামিধ ভক্ষণের স্থায় হাস্থকর।

নিপিনবাবু যে পাশ্চাত্য শিক্ষাকে একে বারে নিরদ্ধন ব্যক্তিত্বপ্রধান ও শাসন-বিহীন মনে করিতেছেন, সেটা ঠিক নহে। তিনি কি দেশিতেছেন না যে এই প্রতিযোগিতার মধ্য হইতেই কেমন স্থানর সহযোগিতা কুটিয়া বাহির হইতেহে ? আর আনাদের ব্যক্তিহনিহান সহযোগিতা বিরাট্ অমনোযোগিতায় পরিণত হইয়াছে। ইহাই স্বাভাবিক। ব্যক্তিগণই শাসনাধীন হইতে পারে। শাসন প্রতিষ্ঠিত করিতে হইবে ব্যক্তিত্বের প্রতিষ্ঠা আগে চাই। তাহা না

হইলে যে শাসনের প্রতিষ্ঠা, তাহা জড় পরমাণুর উপরে প্রতিষ্ঠিত শাসন। তাই আমাদের দেশের যত Co-operation no-operation এর জনা দিমা সমগ্র জাতীয় জীবন তমোপ্রধান হইয়া উঠিয়াছে। বিপিন বাবু কি দেখিতে পাইতেছেন না, কেন হিল্পুর এত সাধের একারণতী পরিবার-প্রথা ভান্নিয়া চুরমার হইয়া যাইতেছে ? উহা বাক্তির সমষ্টি না হইয়া ইট্ পাট্থেলের সমষ্টি ছিল বলিয়া এত সহজে ভূমিসাৎ হইয়া গেল। এ বিপদ হইতে উদ্ধারের একমাত্র উপায় ব্যক্তিহকে জাগাইয়া তোলা। ব্যক্তিগণ যথন শাসন স্বীকার ক্রিয়া একত্রিত হয়, তথনই বাস্তবিক বাজিত ও শাসনের সমস্তা থিটিয়া যায়। ইহার পূর্বেযে মিল, তাহা গোঁজা মিল। আমরা গোঁজা মিল দিয়াছিলাম বলিয়া আজ আমাদের জাতীয় জীবনের থাতায় শৃক্ত দেখিতেছি। আমর যদি সতাই মনে করি যে, ব্যক্তিত্ব একটা অভি খাঁটি ও উচ্চ বন্ধ, তবে ভাহার প্রতি সন্যাসের ব্যবস্থা না করিয়া আমাদের সমাজ ও পরিবারে তাহার জন্ম একটু স্থান করিয়া দেওয়া চাই, তাহা হইলে এই খাঁটি বস্তর मः आर्म बामारमञ्ज मगाज এवः পরিবার খাটি হইয়া উঠিবে। তমোগুণ পরিহার করিয়া প্রতিষ্ঠিত দিয়া রজোগুণের মধ্য इहेर्द। नजूरा ५३ राजिपविशेन भागन চির্দিনই তমোগুণের আকর হইয়া আমাদের উপর রাজত্ব করিবে। আমাদের সমাঞ্জপ্রকৃতির পরিবর্ত্তন এই দিক্ দিয়া প্রয়োজন হইয়া পড়িয়াছে। বিশেষ

গমাঞ্চের উপরের দিকু যে শিক্ষা লাভ করিতেছে তাহা হইতে সর্প্রসাধারণকে বঞ্চ রাথিলে অতা নানারকমের জটিলতা আদিয়া সমাজ-দেহকে আক্রমণ করিবে! সমাজ দেহকে এরপভাবে দ্বিখণ্ডিত হইতে দেওয়া ভবিয়তের পক্ষে মঞ্চলকর হইবে না। এইটাই পরিণামে একটা গুরুতর সমস্তায় পরিণত হইবে। ভাহার সমাধানের জন্ম তথন হয় তো আজ যে শিকা পায়ে ঠেলিতেছি, সর্বসাধারণের জ্ञ করিয়া লইতে হইবে। তাহাই বরণ বিশেষতঃ রাজনৈতিক ক্ষেত্রে যে ব্যক্তিত্বের माधना अवध अङ्गीय विषया भरन कतिर छि, স্মাজে তাহার উপেক্ষা করিবার কোন সঙ্গত কারণ খুঁজিয়া পাওয়া যাইতেছে না। এরপ চেষ্টা কখনও ফলবতী ২ইতে পারে না। যাঁহারা মানব-মন ও মানব-সমাজকে এখন Organism বলিয়া ধরিতে না পারিয়া অন্ধকারে ঘুরিতেছেন এরপ বিফল প্রয়াস তাহাদের পক্ষেই সম্ভব। যাঁহারা মনে করেন, শাসন যেখানে উন্নত বজ্বের ভাগ বাক্তিত্বকে নিয়মিত করিতেছে সেই কঠোর রাষ্ট্রীয়**ু ক্লেত্রে** ব্যক্তিত্বের প্রতিষ্ঠা করিয়া গৃহে আদিয়া আমরা মেষ-শাবকের ভায় শুইয়া থাকিব এবং আমাদের সমাজপ্রকৃতি অজুগ্রই পাকিবে, তাহারা যে মানব-প্রকৃতি সম্বন্ধে নিতান্ত ভ্রান্তক্সত পোষণ করেন সে কথা আমরা বলিতে বাধ্য। এক্ষেত্রে বিপিন বাবু একটা ideal এর পক্ষে ওকালতি করিয়াছেন, কাঞ্ছে তিনি যথন যে দিক্টা দেখেন, অপর পক্ষের সে সম্বন্ধে কি বলিবার আছে, তখন

দেদিকট। তিনি আদে দৃষ্টিপথে রাথেন না। ইহাতে একটা দিক বেশ প্রপ্ত হয়, সন্দেহ নাই। তবে বিপদৃ. এই যে, তিনি যদি ঘটনাক্রমে তুই দিকেরই কথা বলিতে বাধ্য হন, তবে এই ছই দিকই সমান পূৰ্ণতা প্রাপ্ত হট্য়া পরস্পারকে আঘাত করে। আমার মনে হয় পৌষের 'বল্দর্শনে' এইরূপ বিপদ্ঘটিয়া গিয়াছে। সার্বজনীন শিকার প্রতিবাদ করিতে যাইয়া তিনি যে ব্যক্তিত্বের প্রদার অত্যন্ত হানিজনক মনে করিয়াছেন. উপাধ্যায় ব্রহ্মবান্ধবের প্রশংসা করিতে যাইয়া দেই ব্যক্তিত্বের প্রতিষ্ঠাকেই জাতীয় তামসিকতা দুরীকরণের একমাত্র অস্ত্র 'বলিয়া প্রচার করিয়াছেন। আমি পূর্বেই বলিয়াছি, মাতুষ যে ক্লেত্ৰেই কাৰ্য্য করুক না কেন, মনটি তাহার দামার্জিক আবেষ্টন বিপিনবাবু যদি রাষ্ট্রকে হিন্দুর সল্ল্যাদের ভায় মালুষের সামাজিক ছীবনের বাহিরে স্থাপন করিয়া থাকেন, তবে তিনি একটা ত্রম করিয়াছেন। মারাত্মক মানবজীবনকে এমন করিয়া খণ্ড খণ্ড করিয়া দেখিলে মানব-প্রকৃতিকে একেবারেই वूका इहेरत ना। बाह्ने क्लाब्ज यूनि वाक्तिवी-ভিমানকে জাগাইয়া তোলাই জাতায়. জীবনের পক্ষে অবশ্য করণীয় হয়, **তবে সমাজ**ক্ষেত্রেও গত্যন্তর নাই। বাহিশ্বে সিংহ, ঘরে মেষ—এ অভিনয় বেশী দিন চলে না। ফলে, অল্লিনের অভিনয়ের পর আবার মুষিকই হইতে হয়। ব্ৰক্তিম জাগাইবার চেষ্টায় যদি ব্রহ্মবান্ধবের প্রশংসা নিহিত থাকে, তবে দে প্রশংসা সমাজ-

সংস্থারক ও শিক্ষা-সংস্থারক সকলেরই প্রাপ্য। বিশিনবাবু যে এ সকলের মধ্যে অসামঞ্জ দেখিয়াছেন, তাহার কারণ এই নে, তাহার শেখার প্রাতে Philosophyর অসম্ভাব এবং অতিরিক্ত ওকাল্তি-প্রিয়ভা। বিপিনবাবুর আর এফট কথার উল্লেখ করিয়াই এ প্রবন্ধ শেষ করিব। তিনি বলেন সংস্থারকেঁরা সমগ্র প্রাণ দিয়া ভাল বাসিতে পারে না। তাহা হইলে নাকি ভাহাদেব বাবসাই মাটি। এই উপলক্ষে তিনি স্বীয় জীবনের যৌবনকালের আভক্ততার হাঁডিটা হাটের মাঝথানে ভারিয়া দিয়াছেন। বিপিনবার তো সন্তানের পিতা -- জিজ্ঞাসা করিতে পারি কি তিনি যখন পুত্রের দোষ দেখিয়া তাহার সংশোধনের জন্স, মৌথিক নহে, কিন্তু কার্য্যতঃ চেষ্টা করিয়াছেন, তথন কি কথনও মনেও সন্দেহ উপস্থিত হইয়াছে যে তিনি পুলকে প্ৰাণ দিয়া ভাল-বাদেন নাণু না চেষ্টার তীব্রহাটা ভাল-বাদার তাঁবতারই পরিচারক বলিয়া মনে হইয়াছে। যেখানে সে চেষ্টা দেখি না সেখানে ভালবাসাটা ভালবাসার বিকার বলিয়াই মনে করি। যে পিতা পুলের দেখিয়াও দেখেন না, ভাবেন আমার পুজের অনেক গুণ আছে দোষটা মায়া, চলিয়া যাইবে ভাহার জন্ত সমাজের হস্তে বহিয়াছে। চীন্দেশে পুলিশেরও ঐ রকম একটা কি ব্যাহা আছে।

শ্রীধীরেন্দ্রনাথ চৌধুরী।

ইহা ভালশ্যা হইতে পারে, কিন্তু উথা

তামসিক ভাৰগাযা।

কামরপের দামাজিক প্রথা*

কামরূপের সামাজিক প্রথা সম্বন্ধে গুটিকরেক বিষয় সংক্রেণে আসনাদের নিকট উপস্থিত করিঙেছি। পুঞারুপুঞ্জরূপে সামাজিক যথার্থ তথ্য অবগত হওয়। সহজ নহে; বিশেষতঃ এমন একটা বিষয় কেবল একটা মাত্র ক্ষুদ্র প্রবন্ধে প্রকটিত করাও সম্ভব্পর নহে।

कामक्रापत हिन्तूनमाज वाकान, कायुष्ठ, কলিতা, কেওট, কোচ, কামার, কুমার, নমশুদ্র, নদীয়ান, বৃতিয়ান, প্রভৃতি লানা বর্ণের লোক লইয়া গঠিত। ধলাচরণীয় ও জল-অনাচরণীয় এই তুই প্রধান খেণীতে স্মাজ বিভক্ত। স্কলেরই জাতিগত ব্যবসায় আছে এবং সকল শ্রেণীর লোকেরাই বিশুদ্ধ রাতি-নীতির হিন্দুশাস্ত্রদম্ম হ অনুসরণ করিয়া সমাজ রক্ষা করিতেছেন। महा भूक मीय ७ नारमान तीय देव स्व व सर्घ है এথানকার অধিকাংশ লোকের সাম।জিক ধর্ম। শাক্তসম্প্রদায়ত্ব লোকের সংখ্যা স্বল্পতর।

মনিষী ৬পীতাম্বর সিদ্ধান্তবাপীশ কর্তৃক সংকলিত প্রাচীন স্মৃতিমতে সমুদায় ক্রিয়া-কাণ্ড নিষ্পন্ন হইয়া থাকে। কেবল পর্বকীয়া গোস্বামী এভূগণের শাক্ত শিষ্যদিগের মধ্যে কতিপর লোকে কোন কোন স্থলে রঘুনন্দন স্মার্কশিরোমণি মহাশ্যের নহাস্মৃতি মত ক্রিয়াকাণ্ড সম্পন্ন করিয়া থাকেন। এখান-কার ব্রাহ্মণসম্প্রদায় শাস্ত্রোক্ত দশকর্মের যথাবিহিত অমুষ্ঠান করিয়া থাকেন।

উত্তর বঙ্গ দাহিত্য-স'ন্মলনে পঠিত

এদেশে মিতাক্ষরীণ ব্যবস্থারই প্রাধান্ত ছিল। বর্ত্তমানে ব্রিটিশ শাসনাধীনে শাসন-সৌকর্য্যার্থে বিচারালয়ে দায়ভাগের ব্যবস্থা প্রাধান্ত লাভ করিলেও সামাজিক বিবয়ের মীমাংসাধি মিতাক্ষরা মতেই হইয়া থাকে

অক্সান্ত জাতি—যথা কাছাড়ি, গাবো,
প্রভৃতি পার্বত্য জাতি—কোন এক নির্দিষ্ট
কাল অথাদ্য ভোজনাদি হইতে বিরত
থাকিলে এবং নির্দিষ্ট বিধির অনুসরণ
করিলে গুরু তাহাদিগকে শরণ বা দীক্ষা
দিয়া হিন্দুসমাজভুক্ত করিয়া লইতে
পারেন। ইহারা শরণীয়া নামে অভিহিত।

এখানকার সকল শ্রেণীর হিল্পুদিগের বিবাহেতেই , শাস্ত্রান্থায়ী নাল্মিয়ুখ শ্রাদ্ধ, হেংমাদি ক্রিয়া, কন্তাসম্ভাদান প্রভৃতি অমুষ্টিত হইয়া থাকে। ব্রাহ্মণদের প্রথম গর্ভধারণের জ্রষ্টম মাসেতে গর্ভাধান, পুংসংন ও সীমস্তোন্মন সংস্থার-কার্য্য হইয়া থাকে। বাদ্যভাত্যিদি এবং আয়তির গীত বা এয়োদের সংগীত আবশ্রকীয় মান্দলিক ক্রিয়ারপে পরিগণিত হয়। স্ত্রী-আচারাদিও যথাবিহিত্তনরপে সম্পন্ন হইয়া থাকে

নিমন্তরের লোকদের মধ্যে কোন কোন স্থলে কেবল স্ত্রী-আচার অনুষ্ঠিত হইয়াই যে বিবাহ ক্রিয়া সম্পন্ন হয় না এমতও নুনহে। কিন্তু এইরূপ বিবাহকে সমাজ শ্রদ্ধার চক্ষে নিরীক্ষণ করেন না।

কতা ঋহুমতী হইবার পূর্বেই পাত্রন্থ করা সকলেই স্পৃহনীয় মনে করেন। এ।ক্ষণ কায়স্থ এবং উচ্চশ্রেণীর কলিতা প্রস্তির। ইংা তাঁহাদের অবশ্য কর্ত্তব্য বলিয়াই মনে করেন, কিন্তু ব্রাহ্মণ, কায়স্থ জাতির কন্যা সম্প্রদানের পূর্ব্বে ঋতুমতী হটুলে পতিতা বলিয়া গণ্য হয়, অন্য শ্রেণীর লোকেদের মধ্যে তাহা হয় না।

ব্রাহ্মণেতর জাতির মধ্যে বিলোম ক্রমে কন্সাসম্প্রকানের প্রথা প্রচলিত সাঁছে।

কন্সার কেশ।র্চন-বিবাহ না হওয়া পর্যান্ত স্বামীগৃহে প্রেরিতা হয় না। বিবাহে শুভদৃষ্টিকালীন দম্পতীর পরপের দর্শনের পর কেশার্চ্চন (দিতীয় বিবাহ) না হওয়া পর্যান্ত পরস্পারের দর্শন বা আলাপাদি নিষিদ্ধ।

এ অঞ্লে কিছু পূর্বে কন্তাপণের গত্যস্ত প্রাত্রভাব ছিল, অনেকে কন্তাপণের দায়ে একেবারে নিঃম্ব হইয়া ঘাইতেন, কেহ বা অর্থের অনাটনে চিরজীবন অবিবাহিত রহিয়া যাইতেন। ব্রাহ্মণশ্রেণীর মধ্যে ইহার অত্যন্ত প্রভাব ছিল। অনেক সম্ভ্রান্ত ভদ্রলোক এই প্রথা নিবারণকল্পে সভার অনুষ্ঠান করেন। ১৫ र हेल বংসর मञ्जाखनः स्माखन चरममन प्रवासनारी শ্রদাম্পদ বন্ধু শ্রীযুক্ত উত্তমচন্দ্র বরুয়া, এবং শ্রীযুক্ত নারায়ণচক্র শর্মাদনৈ এবং পণ্ডিতা--গ্রগণ্য সুপণ্ডিত শীযুক্ত শিবনাথ বুদ্ধব বরুয়া শ্বতিতীর্থ প্রভৃতির উদ্যোগে উক্ত কুপ্রথা ক্রমশঃ দুরীভূত হইতেছে।

স্থানে স্থানে সভাসমিতি হইয়া বিবাহের বায়ের হার নির্দ্ধারিত হইতেছে। ৃকেহ গোপনে পণ এহণ করিতেছে কি না তিষিষয়ে শক্ষ্য রাথা হইতেছে। টোলের সংস্কৃতজ্ঞ পশ্তিতগণ ও তাহাদের ছাত্রবর্গ এ সম্বন্ধে অগ্রণী হইয়া কার্য্য করিতেছেন। শিক্ষিত লোকেরা ইহাতে যোগ দিয়াছেন, কাজেই এই কুপ্রথা যে অধিক দিন স্থায়ী হইবে না ইহা নিশ্চিত। পূর্দে যে স্থলে ১০০০ ব্যর হইত এখন সে স্থলে ১৫০০। ২০০০ মধ্যে কার্য্য সম্কুল্ন হৃততেছে

বরপণ এদেশে একেবারেই নাই। আসোমের কুলাপি ইহা দৃষ্ট হয় না।

বিধবাবিবাহ এদেশে প্রচলিত আছে সত্য, কিন্তু সমাজের চক্ষে ইহা তেমন শ্রদ্ধার জিনিষ নহে। ব্রাহ্মণের ভিতর বিধবা-বিবাহ নাই। যদি কেছ এরপ কার্য। করেন তবে তিনি পতিত হন। কায়স্তেরা পতিত হন না বটে, কিন্তু ভাঁচারা কায়স্থ-সমাজে স্থান পান না। কলিতা জাতি বিধবা বিবাহ করিয়া জাতিচ্যত না হইলেও সমাজে হীনাচার রূপে পরিগণিত হন। তদিত্র জাতির মধ্যে যদিও বিধবাবিবাহ প্রচলিত আছে সভ্য, কিন্তু ভেমন শ্রদ্ধার স্থিত যে উক্ত বিবাহে লিপ্ত খন তেমন মনে হয় না। কায়স্তজাতীয় বিধবার বিবাহ কায়ত্বেত্র জাতির সহিত হইয়া থাকে। স্বজাতির মধ্যে হয় না। পুনর্বিবাহিত বিধবার পক্ষে সংবাদের মত কোন মাঙ্গলিক কার্য্যে যোগ দেওয়া নিষিদ্ধ তাঁহাদের পক্ষে সধবার চিহ্ন সিন্দুর ব্যবহার ও সিঁথি কাটা অবিহিত।

কেশার্চন-বিবাহের পর যিনি বিধবা হন—তাঁহার বিবাহ যেনন হেয় বলিয়া সমাজ মনে করেন, কেশার্চনবিবাহের পূর্ব্বে যিনি বিধবা হন তাঁহার বিবাহকে তেমন হের মনে করেন না। বিশেষ এই শ্রেণীর বিধবা বিবাহিতা সধবার স্থায় সিন্দূর ব্যবহার করিতে ও সিঁথি কাটিতে পার্নে, ভাহাতে কোন বাধা নাই।

এই শ্রেণীর বিধবার কেশার্চনক্রিয়া বা বিবাহ বিতীয় পতির সহিত সম্পন্ন করিতেই হয়। এই কার্যটী যথাবিহিত শাস্ত্রামুযায়ী অমুষ্ঠিত হইয়া থাকে।

স্বৰ্গীয় মহাত্মা বিদ্যাসাগর মহাশ্ম যেরূপ বিধ্বাবিবাহ বঙ্গদেশে প্রচলনের জন্ম অক্লান্ত শ্রম করিয়াছিলেন তাহা আসামে স্মরণাতীত কাল হইতেই ব্রাহ্মণেতর জাতিতে বিভ্যান রহিয়াছে।

কিন্তু অক্সপ্রকার বিধবাদের বিবাহে শাস্ত্রীয় কোনরূপ ক্রিয়াকাণ্ডের অন্তর্গান হয় না, কেবল স্ত্রী-আচারেই উহা পর্য্যবসিত হইয়া থাকে।

এথানকার ভদুমহিশারা দাধারণতঃ
অবগুন্তিতা হইয়া আত্মীয় পুরুষদের দল্পুথে
উপস্থিত হন এবং সত্ত অতি সন্তর্পণে
লক্ষাশালতা এবং স্কুচি-রক্ষণে যত্নবতী
থাকেন। স্থানান্তরে কার্য্যোপোলক্ষে যাইতে
হইলে যানাদিতে গ্যন করেন।

দরিদ্র-অবস্থা বা নিয়ন্তরের লোকেরাও স্থকচিসঙ্গতভাবে বস্ত্রাদি পরিধান করিয়া অবগুঠনবতী হইয়া আত্মীয়দের সঙ্গে গমন করিয়া থাকেন।

উপর আসামে ভদ্রমহিলার সঙ্গে দাস
বা দাসী বড় ঝাপি বা রহৎ ছত্র ধারণ
করিয়াও গমন করেন। সেই রহৎ ছত্রটী
যে কোন অবস্থায় আবিশ্রক হইণেই ভদ্র
মহিলাকে পথিকের বা অন্ত লোকের দৃষ্টি
বহিভূতি করিবার জন্য আবরণ স্বরূপে
ব্যবহাত হইতে পারে।

স্ত্রীলোকের বেশভ্ষা যে অতি স্থক্ন চিসঙ্গত তদ্বিষয়ে সন্দেহ করিবার কারন
নাই। ইহারা মেথলা এবং তছ্পরি এক
থণ্ড বস্ত্র ধাহাকে বিহা বা আন্তরণ বলা
যায় সর্বদা ব্যবহার করিয়া থাকেন।
তবে স্থানান্তরে ঘাইতে হইলে অতিরিক্ত
এক থানি উপরেণী বা খনিয়া ব্যবহার
করেন।

হস্ত, কণ্ঠ ও কর্ণে অল্ফার পরিধান করিয়া থাকেন, সাড়ি ব্যবহার এ অঞ্চলে প্রচলিত রহিয়াছে। বিবাহকালে, সাড়ি পরিধান করাইয়া কন্সাকে পাত্রস্থ করা হইয়া থাকে। মৃতা স্ত্রীলোককে চিতারোহণের পুর্বে সাড়ি পরাইয়া দিতে হইবে মেখলাপরিহিতা অবস্থায় দাহক্রিয়া সম্পন্ন হয় না।

পতিশোকাতুরা বিধবা অশোচকাল সাড়ি পরিধান করিবেন ইহাই এ অঞ্লের বিদি। বিবাহাদি মাঙ্গলিক ক্রিয়াতে প্রায় সাড়ি পরিধান করিয়া থাকেন

আসামে সর্ব্ব এ নিয়মটী প্রচলিত
নাই, তাই অনেকে মনে করেন যে সাড়ি
পরাটা এদেশ বাঙ্গানীদিগের নিকট প্রথম
শিক্ষা করিয়াছে। কামরূপের অনেক
সম্রান্ত পরিবারে দেখা যায় যে ২০০
বৎসরাধিক কাল একখানি পট্টবন্তের সাড়ি
অতি যত্নের সহিত রক্ষিত হইভেছে।
শাশুড়ী যে বন্দ্র পরিধান করিয়া পাত্রস্থা
হইয়াছিলেন পুত্রবধ্ আবার সেথানি পরিয়া
বিবাহিতা হইলেন, এইরূপে বংশাকুক্রমে
এই বন্ত্র ২০০ বৎসরাধিক কাল ব্যবস্থত
হইতেছে।

বিধবাদের সধ্বাদের যত অল্জার
পরিধান করায় দোষ না হইলেও উহার।
কণ্ঠে ও কর্ণের উপ্পর কোনরূপ অল্জার
পরিধান করেন না ও সীমন্তে সিন্দুর
ব্যবহার করেন না এবং বিধবারা
কেশভেছদন বা মন্তকও মুগুন করেন না।
তবে গয়া প্রভৃতি তীর্থাদি গমন করিয়া
তীর্থের নিয়মাম্বয়ায়ী মন্তক মুগুন করেন,
সে স্বভন্ত কথা।

এথন এদেশের উৎস্বাদির বিষয় সংক্ষেপে বলিয়া প্রবন্ধের উপসংহার করিতেছি।

এখানকার দোমাহি বা বিহুই জাতীয়
উৎসব। কাতি বিহু অর্থাৎ আখিনের সংক্রান্তি,
মাঘ্য বিহু অর্থাৎ পৌষের সংক্রান্তি এবং
বহাগ বিহু অর্থাৎ হৈত্রের সংক্রান্তি এই তিন
কাতির বিহু কঙ্গালী, মাঘ্যের বিহু
ভোগালী এবং বহাগ বিহু রক্লালী বঁলিয়া
কথিত হয়। কাতি বিহুতে কোনরপ
ভোজনাদির আড়ম্বর নাই বলিয়া ক্রেপালী,
মাঘ বিহুতে লড্ডুক, পিউক প্রভৃতি চব্য
চুম্ম নানাবিধ ভোজনের ব্যবস্থা আছে
কাজেই ভোগালী। এবং বহাগ বিহুতে
নানাবিধ আমোদ-প্রমোদের, রঙ্গ-তামাদার
অনুষ্ঠান হয় বলিয়া উহার নাম রঙ্গালী।

কার্ত্তিক বিহুতে এদেশবাসারা ধান্তক্ষেত্র এবং গৃহাদিতে দেবোদেশে প্রদীপ ও নৈবৈদ্যাদি দিয়া থাকেন। গৃহে গৃহে নামকীর্ত্তন হইয়া থাকে এশং সমস্ত কার্ত্তিক মাসে আকাশ-প্রদীপ দিয়া থাকেন্। এই মাস পবিত্র মনে করিয়া নানাবিধ ধর্ম-কার্য্যের অফুষ্ঠান করেন। অনেকে সমস্ত মাস নিরামিধ ভোজন করেন।

মাব বিহু দিবদ অর্থাং পৌষের সংক্রান্তি দিনের পূর্মরাত্রে বালক ও বুবকগণ মাঠে গৃহ নির্মাণ করে ও সকলে এক ত্রত হইয়া দলভাত বা ল ভাতখায় অধীং আমোদ-আফ্লাদ ও ভোজনাদি করে। পরে প্রাতে ঐ ঘরে অগ্রিদান করিয়া- প্রাতঃস্থান পূর্বক অগ্নি দেবন করে। পরে সক্ল গৃহস্থই নিজ নিজ গৃঁহে নামণীর্ত্তনাদি করিয়া গুরুগৃহে উপহার।দি লইয়। গমন করেন। মধ্যাহে নাম্বরে সকলে গ্মণেত হইয়া শাড়ধর নামকীর্ত্তন ও শ্রীমন্তাগবত প্রবণ করেন। রাত্তিতে দেবোদেশে ভোগ দান করিয়া থাকেন; গুরুজনাদিকে প্রণাম এই দিবদের অবগ্র প্রতিপাল্য কর্ত্তব্য। পরে আগ্রীয় বন্ধু বান্ধৰ প্রতিবেশী গুছে গমন করিয়া লাড়ু, পিঠে, কোমন চাউল ইত্যাদি ভক্ষণ করেন। এরং সম্ভব্মত ভোজন করান। ডিমখেলা, মলক্রীডা, দৌড়াদৌড়ি,লাফান প্রভাতর যথেষ্ট আয়োজন হয় এবং আবালমুদ্দ সকলেই প্রচুর আনন্দ উপভোগ করেন, এই কারণেই বিহুকে ভোগানা বলা হয়। সকলে নিজ निक कार्गा इटेंटि (भेटे मिन ও পরের मिन অর্থাৎ ১লা মাঘ্ বিরত থাকিয়া বিশ্রাম ও আমোদ সম্ভোগ করেন। এই দিবসও নামসংকীর্ত্তন,গুরুজনকে প্রণাম, লাড়ু পিষ্টক ভক্ষণাদি অপেকাকত অল্ল সমারোহের সহিত সম্পন্ন হয়। यनिও এইদিনকে তাহারা বড় দোমাহি বা বড় বিহু নামে অভিহিত করিয়া থাকেন। এই মাদকেও পবিত্র মনে করিয়া সকলে धर्मा | ह्रा के विशेष ও চতুপাঠী গুলিতে সমস্ত মাসব্যাপী গীত। পাঠ হয়, গৃহস্থেরাও সকলে অন্ততঃ নিজ নিক্ত গৃহে একদিন গীতা পাঠ করাইয়া ধাকেন।

বিহু—লডডুক পিইকাদির বহাগ ব্যবস্থা মাণ্ডবিত্র মতই। হু:খী ধনী मकरलाई निक निक माधारूमारत नवतन्न পরিধান করেন ও আগ্রীয় স্বন্ধনকে দান করিয়া থাকেন। আপনারা হয়ত মনে করিতেছেন যে বাজার হইতে বস্ত্র ক্রয় করিয়া দান করেন, কিন্তু তাহানহে। खोलारकता निक राख यद यह कतिहा थारकन। এখানকাব ত্রাহ্ম। হইতে অধস্তন मकल कार्कित (लारकरमत खोलारकता वस বয়ন করিয়া থাকেন। বস্ত্রবয়ন স্ত্রীলোকের বিশেষ গুণ। বস্ত্রবয়নের ক্রতিত্বের উপর ক্যার সংপাত্র লাভের বিশেষরূপে নির্ভর করে। এথানে বস্ত্রবয়ন বারা জাতি চ্যুতির ভয় নাই। সেদিন মান বঙ্গদেশ এই বিষয়টী বুঝিতে পারিয়াছেন, কিন্তু এইদেশে আবহুমানকাল এই স্থন্দর প্রথাটী প্রচলিত রহিয়াছে। সে কথা যাক, যাহা বানতে ছিলাম কামরূপে প্রায় প্রদিদ্ধ গ্রাম সফলে এই বিহুতে বাঁহবিয়া ক্রিয়া উপলক্ষে মেনা বসিয়া থাকে, সেই মেলাতে দেশীয় তামাসা अ मल्लाकियानि अ इरेया थारक। वैश्वित्राद বিবরণ সংক্ষেপে উলেথিত হইতেছে। গ্রামের লোক বাশ যোড়া দিয়া যত উচ ক্রিতে পারেন ক্রিয়া তাঁহারা সমস্ত গ্রামের লোককে আহ্বান করেন, যেন ঐটী বয়দরা কন্সা টাকেও কে নিতে পারেন অর্থাৎ যে গ্রামের বাঁশ তাহা হইতে অধিকতর

উচ্চ হইবে সেই বাশ স্বয়ম্বরা লাভে সক্ষম হইবে এবং ঐ গ্রামের লোকেরা জ্য়ী হইবে। বাশের উচ্চ চা অক্টাবলোনী মন্থমেণ্টের প্রায় তুলাই হইয়া থাকে।

এই উৎপন 'উথেলী' নামে প্রদিদ্ধ। প্রায় সমস্ত মান বিশেষ সাতবিত্ত অর্থাৎ বৈশাপের ৬ দিন পর্যাস্ত এই ব্যাপার চলিতে থাকে। প্রায় সকল কন্তারা এই বিহুতে পিত্র'লয়ে আগমন করিয়া থাকেন।

বিহুর দিন গৃহপালিত পত্ত সকলকে তৈলমর্কন করাইয়া সান কগান হয়। লাউ বেগুনের মালা গাঁথিয়া গলায় পরান হয়। কোমল রক্ষ পত্র লইয়া মৃহ মৃহ আঘাত করা হয়। এবং নিয়লিখিতরপ বচন বলা হয়

> দীঘা লাউর দীঘল পাত গরু বাচর জাত জাত। লাউ থাবি না বাকাল খাবি ্প্রতি বচরেবারি যাবি।

প্রাতন, পাখা পরিবর্ত্তন করিয়া
নববস্ত্রের ভাষ নৃতন পাখার ব্যাহার হয়।
প্রথমে দেবতা, গো, অন্নি পরে
গুরুজনকে বাজন করিয়া নৃতন বর্বের জভা
গৃহস্থ ব্যজনা ব্যবহার করেন। কুটুমাদি গৃহে
বানন উপহার দ্বা বা নববন্তাদান লইয়া
সকলে পরস্পর যাতায়াত করেন।

উপর আসামে ভাধনি উৎসব নাই।
কেবল নিম্নশূলীর-লোকেরা পুরুষ স্ত্রী এই
উৎসব উপলক্ষে একত্রিত হইয়া সমস্ত
বৈশাখ মাস নৃত্যগীতাদি করিয়া খাকে।
কামরূপে কিন্তু এরূপ নৃত্যগীতাদির প্রচার
নাই। ফাল্কন মাসের সংক্রান্তি দিবস

হইতে অস্টম দিবস পর্যান্ত চতুপায়ীর ছাত্রবর্গ প্রত্যেক হিন্দু গৃহস্থবরে ভিক্ষা করেন। সকলেই শ্রেদ্ধার সহিত কিঞ্ছিৎ ভিক্ষা দিয়া থাকেন। ঐরপে ভিক্ষালন্ধ দ্রব্য চহুপ্রাস্তার অব্যাপকের প্রাপ্তা। এই ব্যাপারের দারা প্রাচীন কালের ব্রন্ধচন্যা-শ্রমের চিত্র নয়নপথে প্রতিত হয়।

প্রবন্ধের উপসংহারে এই বক্তব্য, এদেশ-বাদীরা বিশুদ্ধ আর্য্য রীতিনীতির ঐক্যন্তিক অনুসরণ করেন। থার্যাসভাতার মনোমুক্ষকর উজ্জ্ব জ্যোভিতে এদেশ উদ্ভাদিত।
হিন্দু শাস ওব বস্থা অবলঘনে জাভিগত যে
সকল গুণ পরিলক্ষিত হইতে পারে, সমুদায়
এই দেশে বিন্যান।

পরিশেষে এই প্রবন্ধের উপকরণ-সংগ্রহে বন্ধবর শ্রীযুক্ত উত্যচন্দ্র বড়ুয়া মহোদয় বথেষ্ট দাহাযা করিয়াছেন, তজ্জভা তাঁহাকে অশেষ ধঙাবাদ জ্ঞাপন করিতেছি।

শ্রীগোপালচন্দ্র দেব।

নারদ

মহাভারত, রামায়ণ প্রভৃতি আমাদের জাতীয় মহাকাব্য ও অন্তান্ত প্রচৌন কথাবা কাহিনীতে মহর্ষি নার্দ একটা বিশেষ স্থান জুড়িয়া রহিয়াছেন মহর্ষি নারদ কল্লিত হউন আর সতাই হটন, দেবতা স্মাঞ্চে তিনি যে বিশেষ প্রতিপত্তি লাভ করিয়াছিলেন সে विषएम मत्निर नारे। एनवजानन जांशाक যথেষ্ট ভক্তি শ্রদ্ধা করিতেন এবং স্বর্গলোক হইতে মর্ত্তালোকে সংবাদ প্রেরণের আবশুক হইলেই মহর্দ্বি নারদের ডাক পড়িত। প্রত্যেক কাহিনীতেই নারদ সংশ্লিষ্ট আছেন। মহাকাব্য লেখকগন নারদের এই আবতারণা দারা মাতুষকে একটি পরম শিক্ষ দান করিয়াছেন। নবীন অরুণা-লোকের মধ্যে মধুর বীণাুধ্বনিতে সমস্ত আশাশ প্লাবিত করিতে করিতে, মহর্ষি নারদের আগমন অধিকাংশ প্রাচীন কাহিনীতে দেখিতে পাওয়া যায়। নানদের মৃর্ত্তিকে কোনোও প্রাচীন লেখক বা কবি

রাত্রির অন্ধকারে উপস্থিত করেন নাই,— দিবালোকের সুস্পষ্ট আলোকের সহিত তাহার স্মৃতি জড়িত। মহাক্বিদের বর্ণনা পাঠ করিলে দেখা যাইবে যে জটাজুটমণ্ডিত ন্দিগ্ধ প্রশান্ত ঋষির বীণাধ্বনির মাধুগ্য প্রতি-দিনের অরুণালোকের মতই মধুর তাহার পর আরও একটি আশ্চণ্য এই যে নারদের গতি স্পত্র অধারিত, তাহাকে কেহ কথনে বাধা দিতে পারে নাই। স্বর্গের রা**জা** ইন্দ্র হইতে মর্তের নূপতিগণ পর্যান্ত সকলেরই ভবনদার তাঁহার কাছে উন্মৃক। এমন সর্বলোকবিহারী বিশ্বজন-বন্ধু ঋষি আর বিতীয়টি নাই। অগচ এই ঋষিটি কথনো কি দেব, কি মানব, কাহারো অন্তায় সহ করিতে পারিতেন না। স্বর্গের দেবেন্দ্র হউন অথবা মর্ত্তোর রাজেন্তাই হউন কাহার বিকল্পে কোনো অন্থায় দেখিলে তিনি কিছুতেই ক্ষমা করিতেন না। স্বৰ্গ বলিতে আমরা একটি পাপশ্য, ওললোকের কলনা করি,

কিন্তু সংস্কৃত কাব্যে এমন অনেক বর্ণনা দেখা যায় যে, স্বর্গের দেশতা পর্যন্তও অপরাধে মর্ত্তালোকে নামিয়াছেন। নারদ যেন স্বর্গমর্ত্তোর পাপতিমিরবিনাশকারী একটি উজ্জ্বল নির্মাণ ধর পুণা-শিখা।

সেই জন্মই বলিতেছিলাম নবীন অরুণালোকের মধে। তাঁহার অভ্যাদর অতি মনোরম। জমাট অন্ধকার যেমন প্রভাতের কিরণালাতে বিনষ্ট হটয়া যায়, নারদের চরিত্রেও
তেমিন একটি পুণাপ্রভা দ্বিতে পাই,যাহার
সন্মুথে বছদিন সঞ্চিত পাপ এবং অন্তায়
মুহুর্ত্তমাত্র তিন্তিতে পারে না। তাঁহার রোষ
ক্যায়িত তাঁর দৃষ্টির সন্মুথে স্বর্গাধিণতির
সিংহাসনও কম্পিত হয় অথচ সকল দেবতা
এবং সকল মানবের সহিত তাঁহার একটি
পর্মসৌন্বর্যাবন্ধন আছে।

অভিমানী দক্ষ শিস-রহিত যজ্ঞ করিবার বাসনা করিয়া মহাদেব ব্যতীত অভাভ সকলকেই যজ্ঞে নিমন্ত্রিত করেন। শিবদেষী দক্ষের স্পর্কা চূর্ণ করিবার জভ্ঞ যথাকালে তাঁহার সমীপে নারদ উপস্থিত হইলেন। তিনি দক্ষের পক্ষ হইয়া মহাদেব ব্যতীত ত্রিভূবনের সকলকেই নিমন্ত্রণ করিয়া আসিলেন। শিবকে যিনি অপমানিত করেন অর্থাৎ মক্ষল ব্যতীত যে ব্যক্তি নিজের জীবনকে প্রতিষ্ঠিত করেন বা কোনো কার্য্য করেন, তাঁহাকে কি শাস্তি ভোগ করিতে হয় এই দক্ষকে দণ্ড দিয়া, নারদ তাহা বিশ্বজনের সমক্ষে সপ্রমাণ করিয়া দিলেন।

প্রাচীন কাহিনীর অধিকা শ কলহ এবং গগুগোলে নারদের নাম পাই; কেন না তিনি কলহ করিয়া অশিবকে, মনোমালিগ্র ও পাণকে দুর কেরিয়া. দেন। পাপের মলনতার বিনাশ অতি সহজ হয় না; বহু সংগ্রামে এবং বহু জয়-পরাজয়ের পর পাপের বিনাশ হইয়া থাকে অস্ককারকে ভেদ করিয়া যেমন আলোকের প্রকাশ, পাপকে ছিন্নভিন্ন করিয়া দিয়াই তেমনি পুণ্যের উজ্জ্বল মৃর্ত্তির প্রকাশ। ইহার মধ্যে কত ঘাত কত প্রতিঘাত, কত কস্ট ও কত হংখ তাহার ইয়য়া নাই। পাপের বিনাশ-সাধনকারী বিধাতার উদ্যত হস্ত যথন প্রসারিত হয়, তথন তাহা আমাদের নিকট চক্রচ্ছিন্ন-পৌনী-দেহধারী ক্রদ্দেবের তাওব নৃত্যের স্থায়ই বোধ হয়

আমাদের মনের সমস্ত পাপ, দৈত ঈবর জানিতেছেন; অবশেষে কোনো একসময় বিশ্বকাণ্ডের নারদ ঋষিটি যখন আমাদের সমস্ত খবর বিধাতার কাছে হাঙ্গির কবিবেন তথন দৈখিৰ সব উল্টা; কাল যেমন স্থ-লাল্সে নিদ্রিত হইয়াছিলাম, আজ দেখি আমার অবস্থা অন্তর্প। আমি দারিদ্র অথচ হঃথের এই প্রকাশ আমার নিকট সহস্রগুণ তিক্ত ঠেকিলেও সতাই তাহা আমার নিকট মঙ্গল, শিব। মুগল তুঃখের ছুলবেশ ধরিয়া উপস্থিত হয় মাত্র। হঃখের দিন সেই জন্তই ঈখরের দান,--শিক্ষা বলিয়া অতি অল্প লোকেই গ্রহণ করিতে পারে। মহাকাব্যের ঘধ্যে যেমন একটি ভারদ ঋষি পাপমলিনতা দুর করিবাল জন্ম একদিন বিমূল প্রভাতে পুণ্য জ্যোতিরূপে উপস্থিত হন। মানবের জীবন-কাব্যের মধ্যেও তেমনি এক শুভ मृद्द्र केंचर देव मलन वानी मान्य एवं नमल भान,

মলিনতা দ্র করিবার জন্ম আবিভূতি হইয়া পাপীর পাপ দেই নারদের মঙ্গল বাণীরূপে ঈশ্বরের কাছে পৌছায়--তাহার পর বিধাতার রুদ্রমূর্ত্তি জাগ্রত হয়। তখন পাপীর সমস্তই লওভও, সমস্তই **उन्हां ना**न्हा इहेब्रा यात्र ।

(य को दन अनदत्र अर्थ मक्षर्य अकदा হইয়াছিল-বিধাতা তাহার উপর এমন আঘাত করেন, যাহাতে সে অর্থ ছাড়িয়া দেয় -- কিন্তু সে বড় যন্ত্ৰণা, বড় তুঃখ পাইয়া কবিগণ তাঁহাদের গ্রস্থের নানাখানে, নানা কাহিনীতে নারদের অবতারণা করিয়া মানুষকে এই শিক্ষা দান করিতে প্রয়াস পাইয়াছেন যে, "অভায়, পাপ, কলম্ব কখনো অপ্রকাশিত থাকে না, যে মৃঢ় যত গোপনে যত পাপই করক্ না তাহা বিশ্বজনের সমক্ষে প্রকাশ হইয়া পড়িবেই। সেই জন্মই অপাপবিদ্ধ পুণাত্মা ঋষিগণ কাহিনীর মধ্যে ভক্তি-নম্র চিত্তে নারদের অবতারণা করিয়াছেন। এবং मिट्टे कारिनी नांत्रापत क्या पिया मन्त्रा করিয়াছেন।

আমাদের প্রত্যেকের জীবনের প্রত্যেক কর্ম বিধাতা জানিতে পারিতেছেন এবং•

তাহার যথোপযুক্ত বিধানও করিতেছেন। সম্পূর্ণ মৃক্ত, সম্পূর্ণ নির্মাল। আমাদের প্রত্যেক জীবন এমন হউক रान विशालात कार्ष्ट नातम आधारमत নামে আর কিছু নালিস করিতে না পারেন এবং নারদের সহিত আমাদের যেন পৌলাত স্থাপিত হয়। নিতা প্রভাতকালে পুর্কাকাশ-ভালে বাণাহন্তে ভল্রবেশগারী ঋষিটি প্রতাহই উঠিয়। আসিতেছেন। তাঁহার অনুগম কিরণ-বীণার মধুর ঝন্ধারে জগতের প্রত্যেক কার্য্য অতি সুশৃঙ্খল ভাবে সম্পন হইতেছে

হে নারদ! তোমার বীণার পবিত্র ঝঙ্কারে আমানের অন্তর হইতে সমস্ত পাপ যুছিয়া ফেল। প্রত্যেক এভাতে তোমার উদয় আমার চক্ষের সম্মুখে যেন স্পষ্ট প্রভিভাত হইয়া উঠে এবং সমস্ত দিবস যেন তোমার সঙ্গীত চিত্তকে নম্র করিতে থাকে। প্রাচীনকালে ঋষিগণ তোমার যে স্থন্দর বর্ণনা করিয়াছেন তাহা কল্পনা নহে— অত্যুক্তি নহে। আজি ভূমি তোমার শুল বেশ धात्रण कतिया वीपाद छादत सकःत माछ। তুমি আমাদের পবিত্র, শান্ত, সংযত নিশ্মল কর।

শ্রীত্রিগুণানন্দ রায়।

মহাভারতের ঐতিহাসিকতা

মূল ইতিবৃত্ত সত্য মূল ইতির্তু যে সত্য তাহা প্রমাণ করা ভগাবশেষ ও লেখ্য ভেদে তিন প্রকার। ছঃসাধ্য নহে। ঐ ইতিবৃত্তের প্রমাণ প্রধানতঃ হুই প্রকার। প্রথম আভান্তরীণ,

দিতীয় বাহা। বাহা প্রমাণ খাবার প্রবাদ, আভ্যন্তরীণ প্রমাণ

আভা্তুরীণ প্রমাণ অর্থে মহাভারতের

ঐতিহাদিক হা সম্বন্ধে মহাভারতের কি মত।
মহাভারতের মতে কুরুপাণ্ডবের ইতির্বন্ত সত্য
পুরারক্ত আদিপর্ব্বের প্রারম্ভেই নৈমিষারণ্যবাসী মুনিগণ জিজ্ঞাসা করিতেছেন যে,
ভারতস্তেতিহাসস্ত পুণ্যাং গ্রন্থর্যংযুতাম্।

জনমেজয়স্ত যাং রাজো বৈশম্পায়ন উক্তবান্।

*

*

*

সংহিতাং শ্রোত্মিজামঃ পুণ্যাং পাপভয়াপ্রাম্॥

পুণ্য ভারত-ইতিহাস যাহা বৈশম্পায়ন জয়মেজয় রাজাকে বলেন সেই পাপনাশিনী সংচিতা আমরা গুনিতে ইচ্ছা করি।

ইহার উত্তরে সোতি বলিলেন—– আচক্ষুঃ কবয়ঃ কেচিৎ সংগত্যাচক্ষতে পরে। আখ্যাস্তন্তি তথৈবাক্য ইতিহাসমিমং ভূবি॥

কোন কোন কবি এই ইতিহাস পূর্ব্বে ব্যাখ্যা করিয়াছেন। অপের কেহ ইহা এখনও ব্যাখ্যা করেন। ভবিষ্যতেও অন্যে ইহ। পৃথিবীতে প্রচার করিবেন।

আদিপর্কের দিতীয় অধ্যায়ের ৩৬ শ্লোকেও মহাভারতকে ইতিহাসরূপে নির্দেশ করা হইয়াছে—

ইতিহাসঃ প্রধানার্থঃ শ্রেষ্ঠঃ সর্বাগমেম্বয়ম্। এই ইতিহাস গভীরার্থক ও সমস্ত আগমের মধ্যে শ্রেষ্ঠ।

আদিপর্কের ৬০ অধ্যায়ের শেষে ব্যাস-দেব বৈশম্পায়নকে আদেশ করিতেছেন— কুরূণাং পাগুবানাঞ্চ যথা ভেদোহভবৎ পুরা। তদীয়ে সর্ক্মাচক্ষ যুৱাতঃ শ্রুত্বানপি॥

আমার নিকট তুমি কুরুগণের ও পাণ্ডব-গণের ভেদ সম্বন্ধে যাহা শুনিয়াছ তাহা ইঁহার নিকট সমস্ত বল। ্তাহার পর লেখা হইমাছে —
গুরোব চনমাজ্ঞায় স তু বিপ্রের্যভন্তদা।
আচচক্ষে ততঃ সর্কমিতিহাসং পুরাতনম্ ॥
গুরুর আদেশ পাইয়া সেই বিপ্রবি তখন
সেই প্রাচীন ইতিহাস আমূল বলিলেন।

৬১ অধ্যায়ে প্রাগুক্ত সংক্ষিপ্ত বিবরণ দিয়া বৈশস্পায়ন বলিতেছেন— এবমেতৎ পুরাবৃত্তং তেষামক্লিষ্টকর্ম্মণাম্। তেনো রাজ্যবিনাশায় জয়শ্চ জয়তাং বর ॥

হে কেতৃগণের প্রধান, সেই ছাফ্লিট-কর্মা পাণ্ডবগণের পুরারত এইরূপ। রাজ্যের জন্ম তাঁহাদের কলহ হয় এবং এইরূপে তাঁহারা জয়লাভ করেন।

মহাভারতের মতে যে মহাভারত ইতিহাস, তিষ্বয়ে ভূরি ভূরি নিদর্শন দেওয়া যাইতে পারে। এক্সেণে বিবেচ্য যে ব্যাসদেব সীয় মাতার কভাদশায় বিবাহওগোপন করেন নাই, যিনি উর্দ্ধবাহ হইয়া কাঁদিয়া বেড়াইয়াছেন যে— ধর্ম হইতেই অর্থ কাম পাওয়া যায়, অতএব হে জীব! কোন অবস্থায় ধর্ম ত্যাগ করিও না—ি যিনি সতোর মাথাত্মা জলদগন্তীর-নাদে গাহিয়াছেন, সেই মহর্ষি কি কল্পিত চরিত্র লিথিয়া 'মেই উপন্তাসকে ইতিহাস কলিবেন ? বেদব্যাস মিথ্যাবাদী বিশ্বাস করিতে যাঁহারা বিখাসকে তিনি তাঁহাদের ध्या । ইতিহাস বলিয়াই কেবল স্বীয় ক্নতিকে নিরস্ত হন ন্ট্ ঐ ইতিরতে তাঁহার ঘনিষ্ঠ সম্বন্ধও দেখাইয়াছেন। তিনিই ধৃতরাষ্ট্র ও পাড়ুর জন্মদাতা, তিনিই গাওব-গণের বিবাহ দ্রোপদীর সহিত দেন, তিনিই রাজস্ম যজের প্রধান পুরোহিত,

সঞ্জয়কে প্রজ্ঞাচক্ষ্ণ দেন, বলিয়া উল্লেখ
করিয়াছেন। যদি এই সমস্ত কথা
কাল্পনিক হয় তবে তাঁহার ন্যায় মিণ্যাবাদী
আর জগতে কেহ থাকিতে পারে
না। পৃথিবীতে অসংখ্য উপন্যাস লিখিত
হইয়াছে, কিন্তু কোন উপন্যাসকার ঐ
উপন্যাদের ঘটনাবলিতে আপনাকে মাজ
পর্যান্ত ইরূপ ভাবে উপস্থাপিত করেন নাই।

হোমার, ভার্জিল প্রভৃতি কোন দেশের কোন কবি কাল্পনিক বৃত্ত দিতে গিলা কখনও ঐ বৃত্তের সহিত আপনাদিগকে মিশান নাই। ব্যাসদেব যে নিথাগলে মিথ্যা আপনাকে জড়াইনেন এ বিধাস কি তবে যুক্তিযুক্ত ? বিশেষ যদি ব্যাসদেব এত ই মিথাবাদী হইতেন তাহা হইলে তিনি তত্ত্বদর্শী, জ্ঞানী, সত্যবাদী ঋষি বলিয়া প্রসিদ্ধি লাভ করিতেন না, তাহার পরবর্তী গ্রন্থকার-গণও কখনই কুরুপাগুবগণকে স্তাচরিত্র বলিয়া বিধাস করিতেন না।

প্রথম বাহ্য প্রমাণ -- প্রবাদ

যদি আবহমান কাল কোন প্রবাদ কোন দেশে প্রবর্ত্তিত থাকে তাহা হইলে তাহার মূলে সত্য আছে বিশ্বাস করা উচিত। যুধিষ্টিরাদি যে আমাদের ক্যায় রক্ত-মাংসেক শরীরে পৃথিবীতে লীলা করিলাছেন তাহা আবহমান কাল ভারতের লোকে বিশ্বাস করিগ্না আদিয়াছে। যদি আবার পুরাণ, ব্যাকরণ, বৈদ্যশাস্ত্র, জ্যোক্তিশ্রাস্ত্র, ঐতি-হাসিক গ্রন্থ, কাব্য, অলঙ্কার, এমন কি নিথিল সংস্কৃত স্পহিত্য সেই প্রবাদের সত্যতা সম্বন্ধে সাক্ষ্য দেয়, যদি দেখেন যে যুধিষ্ঠিরাদির বংশ বলিয়া মধ্যকালের নুপতিগণ নিজ্ব নিজ

পরি5র নিয়াছেন, यपि যুধিষ্ঠিরের প্রচলিত কোন কোন দেশে যদি নবাবিষ্ণ ত যায়. দেখা তামশাদনে তাঁহাদের ভূরি ভূরি উল্লেখ থাকে, এবং সর্কাশেষে যদি সেই যুধিষ্ঠিরের ভাতৃ-প্রপৌত্র জ্নমেজয়ের দানপত্র দেখিতে পাই তাহা হইলে মনে অনুমাত্রও সংশয় থাকা যু,জিযুক্ত নহে।

দিতীয় বাফু প্রমাণ —ভগাবশেষ

এখনও যুধিষ্টিরের হুর্গ, যজ্ঞস্কু, নীলছ্ঞী প্রস্থৃতি ভগ্নাবশেষ তাহাদের অস্তিষ্টের পরিস্যু দিতেছে। বংশপরম্পরাক্রমে দেইগুলি ধুধিষ্টিরাদির বলিয়া প্রান্ধির সেই হুর্গাদি যে মুদলমান সমাটগণের রচিত নহে তদ্বিষয়ে সন্দেহ নাই। পৃথী-রাঙ্গের পূর্ব্বেও তাহাদের অস্তিত্ব ছিল। তাহাদের রচনা প্রশালী দেখিলে বোধ হয় যে উহা প্রাচীন বৌদ্ধ শিল্পও নহে। স্কুত্রাং বুদ্ধদেবের অপেক্ষা তাহার। প্রাচীন।

প্রসিডেন্সি কলেজের ভূতপুর্ব অধ্যাপক উইলসন্ সাহেব কয়েক বৎসর পূর্দের্ন গভর্গনেন্ট কর্ত্বক নিযুক্ত হইয়। দিল্লীর নিকট কোন কোন তান খনন করতঃ কতকগুলি অদুত প্রাচীন কারুকার্যাখিচিত চৌবাচচা বাহির করেন। ঐগুলি দেখিলেই বোধ হয় যে উহারা সহম্মদীয় ব৷ বৌর শিল্প নহে, প্রত্যুত প্রাচীন হিন্দু শিল্প। এই সমস্ত দেখিয়। এখন আমাদের রাজপুরুষের।ও মুধিষ্টিরের অশ্বনেধ্যক্রস্থলাদির সত্য কথিঞ্চং বিধাস করিতেছেন।

তৃতীয় বাহ্ প্রমাণ—লেখা
বৃধিষ্টিধাদি মে কল্লিত জীব নহে,

তাহার যথেষ্ট সম্পাম্যক ও পরবর্তী লিখিত প্রমাণ আছে। সেই সব লেখ্যের দোষ এই यरमभा, विरमभी नरह। তাহার। যু(। ঠিরাদি অন্যুন চারি সহস্র বর্ধ পূর্বের ভারতরক্ষে অভিনয় করেন। তখন ইউরোপ ও আমেরিকা বনময়। ,ইউরোপবাসি-গণ তখন অস্ভ্য, নগ্ন, বক্তমাংসভোজী, বর্ণ-মালার নামগন্ধও জানেন না। তাহার অন্ততঃ একহাজার বর্ষ পরে ফিনিসিয়গণের নিকট ইউবোপীয় সভ্যতার জননী গ্রীস বর্ণ-भाना পाইয়া জ্ঞানচর্চ। আরম্ভ করেন। গ্রীদের পরে বোমের অভ্যুদয়। ফ্রান্স, প্পেন, পটুগাল, জার্মানি প্রভৃতি রোম ভাঙ্গিয়া >00012600 পূৰ্ব্বে বৎসর হইয়াছে। ইংলণ্ডের ইতিহাসও ১৫০০ বংদর মাত্র আরম্ভ হইয়াছে। আদিম রুটনের ইতিরুত্ত ২০০০ হাঞার বংসর পুর্বে পাওয়া যায় না, স্থতরাং গণের সময়ে ইউরোপীয় কোন দেশের সহিত ভারতের কোনরূপ সম্বন্ধ হওয়ার সম্ভব ছিল মা ও হয় নাই। ঐ সব দেশের সাহিত্য হইতে কুরুগণের ইতিরতেরপরিপোষক প্রমাণ আশা করা বাতুলতা মাত্র। এজন্ম বিদেশী প্রমাণ ভিন্ন যদি মহাভারতের ঐতিহাদিকত। বিখাস করিতে না চান তাহা হইলে चार्यात्रत थ्राम चत्राम (तानन गाउ। এ স্থলে মনে রাখা উচিত যে কোন জাতিই স্বীয় প্রাচীন ইতিহাসের পরিপোধক প্রমাণ অপর জাতির ইতিহাস হইতে দিতে পারেন না। গ্রীকদের প্রাচীন ইতিহাস গ্রীক পুস্তকাদি হইতে বিশ্বাদ করিতে হয়। রোমের ইতিহাস কোমীয় পুস্তকেই পাওয়া

যায়। সেইরূপ ভারতের প্রাচীন ইতিহাস ভারতের প্রাচীন গ্রন্থেই প্রাপ্য

কুরুপাণ্ডবের তিহাসের জ্বলন্ত **লেখ্য** প্রমাণ—

১। প্রাণ

সকল পুরাণেই কুরুপাগুবগণের ইতি-হাসের কোন না কোন অংশ আছে। কোন পুরাণের বক্তা ভীল্মদেব, কোন পুরাণে আবার বাস্তুদেবার্জ্জুনের নরনারায়ণত্ব প্রতিপন।

বিষ্ণু, ব্ৰহ্মাণ্ড, বায়ু, ভাগবত ও মৎস্য এই পঞ্জাণেই চন্দ্রণশের পরিচয় আছে, এবং পাঙ্বগণের মূল ইভিন্নত ভারতে ফেরপ দেওয়া আছে সেইরপই দেওয়া হইয়াছে। পুরাণে দেবাসুর-সংগ্রাম, স্বৰ্গনরকাদি-বর্ণনা প্রভৃতি নানা অলোকিক ঘটনা আছে সত্য, কিন্তু তৎসঙ্গে স্থ্যবংশ ও চক্রবংশ বর্ণিত। ঐ বংশাবলী অবিখাস করিবার কোন সঙ্গত কারণ নাই। ইংরাজি প্রসূত্রবিদ্যাণ্ড এক্ষণে চন্দ্রবংশের শেষাংশ বিশ্বাস করিতেছেন। তাঁহাদেরও মতে ভারতের ইতিহাস এক্ষণে চন্দ্রগুপ্তের তিনশত শতাকী পূর্ব হইতে আরম্ভ হইয়াছে। পুরাণের উল্লিখিত জ্বাসন্ধবংশ বিশ্বস্তনা হইলেও उৎপরবর্ত্তী পঞ্চ প্রদ্যোত, দশ স্থন্গ, নব নন্দ, প্ৰভৃতি যে সত্য জীব ইহা তাম্ৰশাসন ও মুদ্ৰাদি আবিষ্কত হওয়া বিশ্বাস করিতেছেন। পুরাণের পরবর্তী বংশাবলী এইরূপে প্রামাণিক হওঁয়ায় পূর্ব্ববর্ত্তী বংশালনী যে বিশ্বাসযোগ্য তাহা প্রমাণিক হইতেছে। অন্ততঃ এ পর্যান্ত বলা যাইতে পারে জরাসন্ধবংশ বিশ্বাস 'করিবার সঙ্গত কারণ আছে। যদি পুরাণের বংশবলী ধূর্ত্ত ব্রাহ্মণগণ আধুনিক পঞ্জিত

মণ্ডলীকে প্রবঞ্চনা করিবার বাসনায় বিজ্
মনোমত দিয়া থাকিতেন তাহা হইলে ইহাতে
সেই বংশাবলীর শেষ গুই-তৃতীয়াংশ সত্য হইত
না। ঐ বংশাবলীর কতদূর এক্ষণে সত্য
সপ্রমাণিত হইগাছে তাহা পরে এই প্রবজ্ঞে
প্রকাশ পাইবে। যথন আবার বিরেচনা করা
যায় যে কোন্ রাজা কত বংসর রাজ্
ফরিয়াছিলেন তাহাও পুরাণে পুজ্ঞান্পুস্থ
লিথিত তথন সেই বর্ণনা অবিধাস করা

হঃশাহস মনে হয়। অভএব পুরাণের প্রমাণে যুদিন্তিদির অন্তিত্ব অনশ্র স্থীকার্য। যাবতীয় পুরাণ আলোচনা আবশুক নাই। কেবল নিষ্ণু পুরাণ, বায়ু পুরাণ, ভাগবতপুরাণ, মৎসাপুরাণ ও অক্ষাণ্ড-পুরাণ হইতেই দেখাইতে পারা যায় যে পরীক্ষিতের সময় হইতে ইন্নীয় পঞ্ম শতাকী পর্যান্ত যুদ্দিন্তিরাদির ঐতিহাসিকতা স্বীক্ষত।

🔊 হরিচরণ গঙ্গোপাধ্যায়।

বেহার-চিত্র

দে ওয়ানজি

,(বেহারের লালা কর্মচারী)

জীবনের প্রত্যাদেই মুন্সী ছেদি প্রস্থাদের
চরিত্রে বিষয়বৃদ্ধির স্থতীক্ষ অন্ধর দেখা
গিয়াছিল। অভাভা অল্পুদ্ধি বালকেরা
যথন "লেঙ্গ ডু গুরুজির" বৃক্ষতলস্থ পাঠশালে
বিদিয়া সময়রে "ও নামাদি ধং গুরুজি পতং"
আর্ত্তি করিত, বালক ছেদি তথন পাঠশালা
হইতে পলায়ন করিয়া নদীত্রীরস্থ আত্রকুঞ্জে বড়লোকের নইস্থভাব ছেলেদের সঙ্গে
'জুয়া' খেলিয়া ছই পয়সা উপার্জনের
চেষ্টা করিত এবং বাবু গণেশলালের নির্জন
উল্পান হইতে প্রতিদিনের ব্যবহার্য্য তরকারি
সংগ্রহ করিত। স্নানের সংগ্রহ ব্যাপারে ও
ছেদির অন্ধরাগের অভাব ছিল না।

সাধু-সন্যাসীর দেবা করিয়া কৈশোরেই ছেদি তামুকুট হইতে গঞ্জিকার সোপানে আরোহণ করিয়াছিল। মাঠের থর্জুর বৃক্ষ হইতে গোপনে আহরিত 'লাড়ি'র রসাধাদও তাহার অবিদিত ছিল না।

স্কুমার কৈশোরেই পৌত্রের এই
সর্নতামুণী প্রতিভা দেখিয়া বৃদ্ধ দামড়িলাল
সর্ববদাই পুলকিত চিত্তে ভবিয়াৎ বাণী
করিতেন যে এ ছেলে বাঁচিয়া থাকিলে
'দেওয়ানজি' না হইয়া ছাড়িবে না।

বয়:ক্রম র্দ্ধির গঙ্গে সঙ্গে প্রথরবুদ্ধি ছেদি আরও ছই একটা ওলভি বিছা। সহজেই আয়ত্ত করিয়া লইল। তাহার মধ্যে সর্ব্বপ্রধান—হিসাবে গোঁজামিল দেওয়ার বিভা এবং একজনের লেখা দেখিয়া অবিকল সেইরূপ লিখিবার কৌশল।

ছেদির পিতার একটী ক্ষুদ্র মস্লার দোকান ছিল। এই দোকানই, ছেদিকে এই ছুই বিভালাভে দাহায্য করিয়াছিল। ছেদির পিতা ভূখনলাল মধ্যে মধ্যে দোকানের জন্ত জিনিদ কিনিতে যাইতেন। দেই সময়ে দোকানের ভার ছেদির উপর পড়িত। ছেদি এই স্থযোগে দোকান হইতে কিছু কিছু অর্থ দেগ্রহ করিয়া গ্রাহকদের নামে থরচ লিখিয়া রাথিত এবং বিশেষ মনোযোগের সহিত হালের

পাঠশালা ছাড়িয়া ছেদি কিছুদিন তাহার মাতৃলের নিকটে বিষয়কার্গ্য সম্বন্ধে শিক্ষা লাভ করিতে আসিল। ছেদির মাতৃল মুন্সী রামশরণ লাল জমিদারের 'পাটোয়ারি' ছিলেন। দলিল দস্তাবেজ লিথিতে সে অঞ্চলে না কি তাহার সমকক্ষ কেই ছিল না। ছেদি মাতৃলের নিকট থাকিয়া অল্লনের মধ্যেই "এই ছল্ভি 'দলিল মুসাবিদা' বিভাগ প্রগাড় জ্ঞান লাভ করিল। বাহুল্য এই উমেদারি অবস্থাতেও ছেদির অর্জ্জনম্পৃহা একান্ত সূর্প্ত থাকে নাই।

পক্ষাস্তরে ছেদি একাক উন্নতির পক্ষপাতী ছিল না। বিভাশিক্ষার সঙ্গে সংক্র মাদকদেবন এবং ইন্দ্রিয়পরতার ব্যাপারেও গে সমভাবে উন্নতিসাধন করিতেছিল।

বিংশতি বর্গ বয়সে শিক্ষা সমাপ্ত হইলে ছেদি কর্মসংগ্রহের জন্ম ব্যগ্র হইয়া উঠিল। বহুদিন নানাস্থানে খোরাবুরি করিয়া অবশেষে মাতুলের সাহায্যে সে এক জমিদারের বহুদ্রবর্ত্তী 'মাহালে' পাঁচ টাকা বেতনের এক পাটোয়ারির পদ লাভ করিল। এই পাঁচ টাকা

সম্বন্ধেও সর্ত্ত রহিল যে প্রজাদের হুরস্ত করিয়া দিতে না পারিলেছেদি পূর্ণ বেতন लाज्ज अधिकातो इहेरव ना। (म अकल গ্রণমেটের জরিপ আর্ড হইবার কথা হইতেছিল। জরিপে একবার খাজনার হার নির্দারিত হইয়া গেলে দে হার আর সহরে বর্দ্ধিত করা হঃদাধ্য। স্থতরা: পূর্ব হইতে খাজনা বাড়াইয়া লইতে না পারিলে জ্মিদারের সমূহ ক্তি। তাই মালিক রামপ্রতাপ দিং বহুদিন হইতে একজন উপযুক্ত কর্মচারীর অমুসন্ধান করিতেছিলেন। ইতিমধ্যে ছুইবার পাটোয়ারি পরিবর্ত্তি হইয়াছিল। কেহই জমিদারের উদ্দেশ্য সাধনে সমর্থ হয় নাই! ছেদি আশিয়া 'কড়ার' করিল যে তিন বংসরে মধ্যে যদি সে খাজনা বাড়াইয়া দিতে না পারে তাহা হইলে সে বিনা আপত্তিতে 'বর্থাস্ত' হইবে এবং যত্দিন না নেস কাৰ্য্য সিদ্ধ করিতে পারিবে তভদিন সে পাঁচ টাকার স্থলে তিন টাকা মাত্র বেতন গ্রহণ করিবে।

সম্ভষ্ট হইয়া জমিদার ছেদিকেই উপযুক্ত কর্মচারীরণে মনোনীত করিংন।

-2

কার্যভার গ্রহণ করিয়াই সুচত্র ছেদি প্রজাদের সঙ্গে আগ্রীয়তা স্থাপনে যত্রবান হইল। প্রথম সাক্ষাতেই সে প্রজাদের নিকট জনিনারের যথেষ্ট নিন্দাবাদ করিল এবং ক্ষমিদার যে এরপ অত্যাভারী এ কথা পূর্ব্বে ঘুণাক্ষরে জানিতে পারিলে সে যে কদাচ এই কর্ম গ্রহণ করিতে সম্মত হইত না এ কথা ভাহাদের বিশদ্রূপে বুঝাইয়া দিল। ছে,দির অকপট আগ্নীয়তা্য সরলচিত প্রজাৱন বিমুদ্ধ হইল।

বৎসরাত্তে খাজনা, আদায় করিয়া ছেদি কাহাকেও রসিদ দিল না। সকলকে বুঝাইয়া দিল যে ছাপ। রসিদ আনিতে লোক গিয়াছে, আসিলেই সকলকে রসিদ পাঠাইয়া দেওয়া হইবে।

পর বংশরও ছেদি খাজনা লইয়া রুসিদ
দিল না। প্রজাদের বলিল যে রুসিদ
আসিয়াছিল বটে, কিন্তু রুসিদে জ্বমিদারের
স্বাক্ষর ছিল না। সেইজন্ত সে সমস্ত রুসিদ
জ্বমিদারের নিকট ফেরত দিয়াছে।
জুয়াচোর জ্বমিদার তাহাদের সরল
পাইয়া ঠকাইবার চেষ্টা করিতে পারে,
কিন্তু মুন্সী ছেদিপ্রসাদকে যিনি ঠকাইবেন
তাহাকে 'গন্ধাঞ্জি'তে মুথ পুইয়া আসিতে
হইবে।

পাটোয়ারির চতুরতা এবং প্রজালীতি দেখিয়া প্রজাৱন অধিকতর বিমুগ্ধ হুইল।

তৃতীয় বৎসরে ছেদি প্রজাদের ডাকাইয়া গোপনে বলিল যে পাবও জনিদার তাহাদের থাজানা সম্বন্ধ কি একটা গোলযোগ করিবার চেঠায় আছে, এই-সমুদ্ধ হইতে তাহাদের এ বিষয়ে সাবদান হওয়া কর্ত্তব্য, নহিলে ইহার পর বড় বিপদে পড়িতে হইবে। প্রজারা ব্যগ্র হইয়া জিজ্ঞাসা করিলে এজন্ত কি উপায় অবলম্বন করা কর্ত্তব্য। ছেদি বলিল তাহাদের যাহার নিকটে যত, পুরাতন রিসদ আছে, সমস্ত যদি তাহারা তাহার কাছে আনিয়া দেয় ভাহা হইলে সে অবশ্রই একটা সহ্পায় বাহির করিতে পারে। প্রজারা তাহাই

করিল। ছেদিপ্রগাদ রসিদগুলি লইয়া गिन्तूरक जूनिया ताचिल। अजारमत विलन, এ সম্বন্ধে একবার সদরে পিয়া উকীলদের সঙ্গে পরামর্শ কর। আবিশ্রাণ। এই স্থােগে ছেদি প্রজাদের তৃতীয় বৎসরের থাজনারও রসিদ দিল না। চতুর্থ বৎসরের প্রারম্ভে ছেদি কমিদারের উদ্দেশে উচ্চকঠে অপ্রাব্য 'গালি দিতে দিতে প্রজারন্দকে জানাইল যে পাষ্ঠ জমিদার শতক্রা ৫০১ টাকা হিদাবে অধিক খাজনা দাবি করিয়াছে। প্রথমাবধিই পাষণ্ডের এই প্রকার হুরভিসন্ধি ছিল, কিন্তু ছেদি তাহাকে বহু কষ্টে এতদিন নিরস্ত করিয়া রাখিয়াছিল। দক্রোধে ছেদি প্রজাদের আদেশ করিল তাহারা যেন কোন মতেই এই তত্যাচারী জমিদারের অভায় আদেশ পালনে সন্মত ना इस ।

কিন্তু কিছুদিন পরেই প্রবাঞ্চত প্রজাবর্গ সভয়ে জানিল যে তাহাদের নামে তিন বৎসরের বাকি খাজনার নালিশ হইয়াছে এবং ছেদিপ্রসাদের ফিন্টুক হইতে প্রজাদের সমস্ত পুরাতন রিদদ জমিদারের গুপ্তচর কর্ত্ত অপস্ত হইয়াছে। প্রজারা আদিয়া ছেদির কাছে কাঁদিয়া পড়িল। শুনিয়া ছেদিপ্রসাদ ক্রোধে আত্মসম্বরণ করিতে পারিল না "উঃ এতদূর অত্যাচার, এরপ ভীষণ বিখাস্ঘাত্কতা!" বলিতে বলিতে ছেদি নিতান্ত উত্তেজিত হইয়া উঠিল। কিন্ত ফল কিছুই চইল নাঃ বিনার্সিদে খাজনা দেওয়ার কথা আদাণতে গ্রাহ হইবার সন্তাবনা ছিল না-পুরাতন রসিদের অভাবে খীজনার হার সম্বন্ধে

বিলুপ্ত হইয়াছিল। কাজেই বাধ্য হইয়া প্রজাদের নৃতন করিয়া জনিদারের নামে বিশ্বিত হারে কর্লিয়ত লিখিয়া দিয়া মোকদনা নিটাইয়া লইতে হইল।

বেদিন সমস্ত কর্লিয়ত রেজিষ্টারি হইয়া গেল সেইদিনই ব্যথিত হৃদয়ে ছেদি-প্রসাদ উদ্যত রোধে সর্ক্রমক্ষে কঠোর প্রতিজ্ঞা করিল যে, সে যদি আরি এক মাসের অধিক এ কর্মে নিযুত্ত থাকে তাহা হইলে সকলে যেন তাহার জন্ম সম্বন্ধে যথেষ্ট সন্দেহ করে!

দৃঢ়প্রতিজ্ঞ ছেদি আপনার প্রতিজ্ঞা রক্ষা করিল। একমাদের মধ্যেই সে নিজের কর্মদক্ষতার পুরকারস্বরূপ তহণীলদাবের পদে উ ইইয়া মহেশপুর ত্যাগ করিয়া গেল!

Ò

তহশীলদার নিযুক্ত হইয়া দৌলতপুরে
আসিয়া ছেদি দেখিল যে নৃতন করিয়া
জমির বন্দোবস্ত না করিতে পারিলে
উত্তমরূপ অর্থ-সংগ্রহের স্থযোগ নাই।
স্থতরাং ছেদি প্রজাদের নিকট 'নোটিস্'
পাঠাইল যে তাহাদের অধিক্বত সমস্ত
জমির পুরায় জরিপ করাইতে
হইবে; কেননা তাহারা কব্লিয়ত-লিখিত
জমি অপেক্ষা অনেক অধিক জমি বিনা
খাজনায় অভায় পূর্পক দখল করিতেছে।

দৌলতপুরের প্রজারা অধিকাংশই বাভন'। ছেদির অভিসন্ধি বুঝিয়া তাহারা মন্ত্রণা করিয়া লোকমুখে ছেদিকে জানাইল যে এখানে কোন প্রকার 'লালাগিরি' থাটবে না, তাহাদের জমিতে

যে, পদার্পণ করিতে ইচ্ছা করিবে তাহাকে মস্তকটী স্থানাস্তরে রাথিয়া আসিতে হইবে।

ছেদি বুঝিল মহেশপুরের কৌশল এখানে থাটিবে না। এথানকার জন্ম রীতিমত প্রস্তুত হইতে হইবে। স্মৃতরাং সর্কাগ্রে সে জমিদারের স্ঞ দাক্ষাং করিয়া প্রকাদের অন্তায় অত্যাচারের কথা স্বিস্তারে তাঁহাকে বুঝাইয়া বলিল। রাজ্ञ-বৃদ্ধির আশায় লুক জমিদার হুকুম দিলেন যে এজন্ম যত টাকার প্রয়োজন ১ইবে সমস্ত 'সরকার' হইতে প্রদত্ত হইবে। কোন প্রকারে কার্য্যসিদ্ধি হওয়া চাই। জমিদারের কথায় আশ্বস্ত হইয়া ছেদি প্রথমেই দারোগা সাহেবের গঙ্গে সাক্ষাৎ করিল। দারোগা-জয়ের অব্যর্থ মন্ত্র হৃচতুর ছেদিপ্রসাদের অবিদিত ছিল নাঃ অল্ল দিনের মধ্যেই দারোগা সাহেব ছেদির একান্ত বশীভূত হইয়া পড়িলেন।

দ্রারোগাকে হন্তগত করিয়া ছেদি এক দল লাঠিয়াল সংগ্রহ করিল এইরূপে স্বপ্রকারে স্থরক্ষিত হইয়া ছেদি সমুখ যুদ্ধে অবতীর্ণ হইল।

বিদ্রোহীদলের অগ্রণী ছিল হুর্ধর্ধ বাহন' বাবু রামলোচন সিং। ছেদি
সর্ব্বপ্রথমে রামলোচনের নিকট সংবাদ
পাঠাইল যে প্রদিন প্রত্যুষ হইতে তাহার
জ্মির প্রমাইদ সুক' হইবে।

শুনিয়া নুরান্দলোচন সিংহের মত গর্জিয়া উঠিল, মাহার মাথার উপর মাথা আছে সেই যেন রামণোচন সিংহের জ্বমি দথল করিতে আসে। গোপনে সংবাদ লইয়া ছেদি জানিল যে রামলোচন রাত্রির মধ্যে বিশুর লোকজন সংগ্রহ করিয়াছে। স্থতরাং
সন্মুখ-মুদ্ধে অবতীর্ণ হইতে ছেদির সাহসে
কুলাইল না। ছেদি 'গোপনে লাঠিয়ালদের
হুকুম দিল যে, রাত্রির অন্ধকারে এক শত
মহিষ লইয়া তাহারা যেন রামলোচনের
ক্ষেত্রস্থিত পরিপুষ্ট ধান্তশ্রেণী সমস্ত 'চরাইয়া'
দেয়। কিন্তু এ সংবাদ কেমন করিয়া
রামলোচনের কালে পৌছিল।

ফলে নিশাচর লাঠিয়াল সম্প্রদার লগুড়াঘাতে জর্জারিত দেহে যুদ্দক্তে পরিত্যাগ করিতে বাধ্য হইল এবং তাহাদের ক্ষুধাতুর মহিষয়থ নিকটবর্ত্তী 'পাউণ্ডে' প্রেরিত হইল।

নিক্ষল কোধে গর্জিতে গর্জিতে ছেদি রামলোচনের সর্বনাশের জন্মনে মনে এক ভীষণ প্রতিজ্ঞা করিল।

তিন মাদ ধরিয়া নানা কাগজপুর मनिन-पछार्यक नहेश ছেদি যুদ্ধের আয়োজন করিতে লাগিল, पारवांगा मार्ट्रदेव मुद्भुष्ठ मर्द्या मर्द्या (भागत গভীর মন্ত্রণা চলিতে লাগিল। তিন মাস পরে একদিন প্রত্যুষে সহসা দারোগাসাহেব সদলে দৌলতপুর, 'আক্রমণু করিলেন। দেখিতে দেখিতে রামলোচন ও তাহার ছয়জন প্রধান সাগাদ্যকারী গ্রেপ্তার হইল। অভিযোগ গুরুতর—ডাকাতি, স্ত্রীলোকের প্রতি অত্যাচার, গৃংদাহ। অভিযোগের মর্ম শুনিয়া রামলোচন ও তাহ্বে সহচরগণ স্তম্ভিত হইয়া গেল। তাহারা ইহার বিন্দুবিদর্গও জানিত না।

স্ক্রিত্র ছেদিপ্রসাদ মহেশপুর পরিভাগ কালে এক নিয়শ্রেণীর যুবতীকে শংগ্রহ করিয়া আনিয়াছিলেন। গ্রামের এক নির্জ্জন প্রান্তে তাহার জন্ত এক ক্ষুদ্র গৃহ নির্মিত হইয়াছিল। অভিযোগকর্মী সেই যুবতী এবং তাহার এক দাসী।

যুবতী অবলীলাক্রমে আদালতে সকলকে
সনাক্ত করিল এবং দাসী ভাগার প্রত্যেক
কথার সমর্থন করিল। প্রমাণ-প্রয়োগের
কিছুমাত্র অভাব রহিল না। সর্বাপেক্ষা
অকাট্য প্রমাণ হইল রামলোচনের স্বহস্তলিখিত এক পত্র।

রামলোচন তাহার সঙ্গী গঙ্গাধর সিংকে এই পত্র লিখিয়াছিল। পত্রে অভিযোগের প্রায় সকল কথাই ইঞ্চিতে লিখিত ছিল এবং সঙ্গীদের নামেরও সুস্পষ্ট উল্লেখ ছিল। পত্র অর্দ্ধির অবস্থায় যুবতীর ভন্মীভূত গৃহে পাওয়া গিয়াছিল। বামলোচনের লিখিত নানা দলিলের লেখার সঙ্গে মিলাইয়া দেখা গেল যে পত্রের লেখা অবিকল দলিলের লেখার অন্তর্মণ। সাদ্গু দেখিয়া স্বয়ং রামলোচনই বিন্মিত হইয়া গেল। একপ প্রভূত প্রমাণের পর নিম্কৃতি লাভের সন্তাবনা কোথায় গ

দায়বার বিচারে রামলোচন এবং
তাহার স্পীদের প্রত্যেকের ৫ হইতে ৭
বৎসর করিয়া কঠোর কারাদণ্ডের আদেশ
হইল। ইহার পর কাহার সাধ্য প্রবলপ্রতাপ ছেদিপ্রসাদকে বাধা দেয় ? ছেদি
যাহা বলিল প্রজারা তাহাতেই স্বীকৃত
হইল। জমিদারের থাজনা অর্দ্ধেকের অধিক
বাড়িয়া গেল এবং প্রভুভক্ত ছেদি শুদ্ধ
দেলামিতেই প্রায় পাঁচ হাজার টাকা
উপার্ক্তরী করিল। নিভান্ত প্রীত হইয়

क्षिमात (ছिमिटक मनदतत नारग्रदत भरन नियुक्त कतिरामन।

8

मन्द्र वानिशा (इनि (निश्न (य দেওয়ান জিকে স্থানচাত করিতে না পারিলে তাহার পক্ষে পূর্ণ প্রতিপত্তি লাভের সন্তাবনা নাই। দেওয়ানজি তীক্ষবুদ্ধি, বিখাসী এখং প্রভুভক্ত, স্মৃতরাং সহসা তাঁহার অনিষ্ট করা ত্বরহ। স্বতরাং অতি সন্তর্পণে ছেদিকে এ পথে অগ্রসর হইতে হইল। ছেদির কীর্ত্তিকাহিনী ইতিপূর্ব্বেই দেওয়ানজির কর্ণগোচর হইয়াছিল। সুত্রাং ভাহার সম্বন্ধে দেওয়ানজি পূর্বে হইতেই যথেষ্ঠ সতর্কতা অবলম্বন করিয়াছিলেন। ছেদি এ কথা বুঝিতে পারিয়া প্রথম হইতেই দেওয়ানজির প্রতি গভীর শ্রদ্ধার ভাব দেখাইতে লাগিল এবং প্রত্যেক বিষয়ে তাঁহার পরামর্শ লইয়া চলিতে লাগিল।

ছেদির কপটতা বুঝিতে না পারিয়া দেওয়ানজি ক্রমে ক্রমে ছেদি সম্বন্ধে অনেকটা আখন্ত হইয়া উঠিতে লাগিলেন।

সক্ষে সংস্ক ছেদি প্রভুর চরিত্রটাও ভাল করিয়া বুঝিয়া লইবার চেষ্টা করিতেছিল। অল্পদিনেই সে বুঝিল যে প্রভুর চরিত্রে হর্মলতার অভাব নাই। মন্মুচরিত্রে যে পথ ধরিয়া সমতান প্রবেশ করিতে থাকে বাবু রামপ্রতাপের চরিত্রে তাহার অধিকাংশই উন্মুক্ত। ছ্রাকাজ্ঞা, লোভ, ইন্দ্রিমপ্রামণতা, মাদক দ্রব্যের প্রতি অন্মরাগ—সকলগুলিই রামপ্রতাপের চরিত্রে অল্পাধিক প্রবল মৃর্ত্তি ধারণ করিয়াছিল, অথচ বুদ্ধির তাদৃশ তীক্ষতা ছিল না সুযোগ বৃঝিয়া তীক্ষুবৃদ্ধি নায়েব প্রথমেই
 প্রভুবশীকরণে প্রবৃত্ত ছইল।

ছেদি উৎকৃষ্ট স্থবা প্রস্তুত করিবার কৌশল অবগত ছিল। সে গোপনে স্থরা প্রস্তুত করিয়া প্রভুকে উপহার দিতে লাগিল। তাহার প্রয়ন্তে রামপ্রতাপের বিলাসভবন দেখিতে দেখিতে নব নব নর্ত্তকী ও বিলাসিনীতে পরিপূর্ণ হইয়া উঠিল। অতি অল্পদিনের মধ্যে রামপ্রতাপ নরকের পথে বহুদুর অগ্রসর ইইলেন।

তথন 'কোকেন' মাদক দ্রব্যের মধ্যে অধিকার বিস্তার করিতেছিল। ছেদি প্রভূকে ইহাতেও দীক্ষিত করিল।

ক্রমে ক্রমে রামপ্রতাপের কাওজ্ঞান লোপ পাইতে লাগিল। ছেদি তাঁহাকে দিয়া যাহা ইচ্ছা করাইয়া লইতে লাগিল।

র্দ্ধ দেওয়ানজি প্রভুকে অনেক বুঝাইলেন, ছেদি সম্বন্ধে তাঁহাকে সহক হইতে বলিলেন, কিন্তু কাণ্ডজ্ঞানহীন রামপ্রতাপ সে কথা কাণে তুলিলেন না। অবসর বুঝিয়া ছেদি দেওয়ানজির সর্কানাশ করিবার সুযোগ অবেষণ করিতে লাগিল।

'হোলি'র উৎসব মহাসমারোহে আরক
হইয়াছে। রামপ্রতাপের বিলাসকুঞ্জে
বিলাসের স্রোত উদ্বেল হইয়া উঠিয়াছে—
সুরা, ভাঙ্, গঞ্জিকা, কোকেন, চণ্ডুর অবাধ
প্রচার আরম্ভ হইয়াছে। নানাদেশ হইতে
সমাগত ক্রুক্রীকুল লালসার অগ্রিকুণ্ডে
ক্রেমাগ্র ইন্ধন যোগাইতেছে। হামপ্রতাপ
ধীরে ধীরে পশুত্বের নিম্নত্বম "সোপানে
অবতীর্ণ হইতেছেন। এমন সময় সজলচক্ষু ছেদি আসিয়া ভাঁহার সম্বুংগ দাঁড়াইল।

ছেদিকে দেখিয়া শিথিশবেশ বামপ্রতাপ বাহু প্রদারণ করিয়া স্থুরাজড়িতকঠে বলিয়া উঠিলেন 'আও মেরা,ভাই জান!' ছেদি তাঁহার উদাত বাহুপাশ হইতে দূরে সরিয়। গিয়া অঞ্গদ্গদ কঠে বলিল যে, সে তাঁহার চরণে চিরবিদায় গ্রহণ করিতে আংসিয়াছে। উত্তেজিত রামপ্রতাপ বলিলেন "কেঁও ১" সুযোগ পাইয়া নানা অলক্ষার সংযোগ করিয়া ছেদি প্রভুকে বুঝাইয়া দিল যে দেওয়ানজি তাঁহার প্রতি যেরূপ ব্যবহার করিতেছেন, তাহাতে আর তাহার 'সরকারে'র বাটীতে কাজ করা অসম্ভব। এরপ ভাবে অপনানিত হইয়।কার্য্য করা **অণেকা ভিকা**করিয়া প্রাণধারণ করাও শ্রেয়ঃ। বলিতে বলিতে ছেদি উদ্বেশিত অভিমানে অশ্রু সংরণ করিতে পারিল না। 🐫

বিক্তৃতিত রামপ্রতাপ তৃষ্কার করিয়। বলিলেন "বোলাও শালে নেওয়ানকে।।"

ক্ষণকাল পরেই দেওয়ানজি আসিয়া উপস্থিত হইলেন! দেওয়ানজিকে দেখিয়া রামপ্রতাপ চীৎকার করিয়া ছেদিকে विनित्न "नागा अ भाना (म अयानत्क। विभ জুতি হামারা দাম্নে" – প্রভুর মবস্থা দেখিয়া দেওয়ানঞ্জি স্থান ত্যাগ করিতে উদ্যত रहेरनम । ছেদি প্রভুর কাণে কাণে বলিয়া দিল—"দেখিতেছেন উহার বেয়াদ্বি, আপনাকেও গ্রাহ্ম করিতেছে না।" ক্রোধে রামপ্রতাপ বিকট চীৎকার, , করিয়া (ए अप्रान किरक, अयथ। शाल निया (भवान) एक ছকুম দিলেন "উস্কো কাণ পাকড়কে নিকাল দেও।"

দেওয়ানজি দেখিলেন এ সংসারে আর

ভদুছতা নাই। স্কুতরাং অণমানিত বৃদ্ধ ছেদির প্রতি একবার তীক্ষকটাক্ষ নিক্ষেপ করিয়া বিদীর্গ্যমান হান্যে প্রভুগৃহের নিকট নীরবে চিরবিদায় গ্রহণ করিয়া গেলেন। গেই নর্ত্তকীকণ্ঠম্থরিত, সুরাসিক্ত, অহিক্লেন ও গঞ্জিকাধ্যান্ধকার নরকে ছেদিপ্রসাদ তৎক্ষণাৎ দেওয়ান্জির গুদ্ উল্লীত হইলেন।

বহুকটে চিরপ্রার্থিত উন্নতি লাভ করিয়া এইবার ছেদিপ্রসাদ প্রাণ ভরিয়া ভোগস্থাে মনোনিবেশ করিলেন। রামপ্রতাপকে বুঝাইয়া দিলেন যে একটু 'ধুমধাম' না করিলে গভর্ণমেন্টের নিকট সন্মানলাভ করা অসম্ভব।

রামপ্রতাপ ও দেওয়ানজি উভয়ের জ্বস্ত নুতন করিয়া বিশাল অট্টালিকা নির্মিত হংল। সুদৃখ্য রক্ষলতায়, চিত্রে মর্মারে, মূল্যবান গৃহসজ্জায় অট্টালিকাদ্বর স্থুশোভিত रहेन-रङो, **अ**थ, (भाषेत ७ किंद्रेत्त्र অভাব রহিল না। নৃত্যগীত, আমোদ-প্রমোদ, উৎসব, প্রীতিভোক গৃহের নিত্য সহচর হইল। চারিদিক হইতে কলাকুশলা সুন্দ্রীকুল সমাস্ত হইতে লাগিল। সঙ্গে সঙ্গে খেতাঙ্গসমাজের যোড়শোপচারে পূজা চলিতে লাগিল। তাঁহাদের মৃগয়া-ব্যাপারে, প্রীতিভোজে, নৃত্যোৎসবে রঙ্গতকণিকা বৃষ্টি-धातात जाग्न व्यवस्थात বৰ্ষিত হইতে লাগিল। দেওয়ানঞ্জির ঐশ্বর্যা ও স্মৃদ্ধি দেখিয়া লোকে শুস্তিত হইয়া তাহার রাজোচিত বেশভূষা তাঁহার যান-অকাতর আতিথেয়তা, বাহন, তাঁথার

তাঁহার মুক্তহন্তে অর্থর্টি—যে দেখিল সেই বিশ্বিত হইল। রামপ্রতাপ কর্মচারীর কার্য্য-কুশলতা দেখিয়া মুগ্ন হইলেন।

কিন্তু এরপ অপব্যয়ে রাজার ঐখর্য্যও লুপ্ত হইয়া যায়, রামপ্রতাপের মত ক্ষুদ্র **জমিদারের ত**্কথাই নাই। স্থতরাং ঋণের স্ত্রপাত হইল। রামপ্রতাপ চকু বুজিয়া সাদা কাগজে স্বাক্ষর করিখা দিতে नागितन এবং দেওয়ांनिक यथिष्ठ शास्त्र चूरित यरथेष्ठ भाग शहर कित्र का शिर्वन। দেখিতে দেখিতে ঋণভার দিনে দিনে বন্তার মত ফীত হইয়া উঠিতে লাগিল।

কিন্তু ভাহাতে কি আদিয়া যায় ? টাকা বড়না 'ইজ্জত' বড়? সুতরাং এ অবস্থাতেও ৫০,০০০ টাকা ব্যয় করিয়া রামপ্রতাপের হুই ক্সার বিবাহ হুইল। ব্যর ভার সমস্তই ছেদিপ্রসাদের নিশ্চিন্তচিত্ত রামপ্রতাপ কেবল বিলাসের অনন্তশ্য্যায় শয়ন করিয়া স্থরারঞ্জিত নেত্রে যুবতীর বিদ্যাধরে ফর্গের সুষমা দর্শন করিতে লাগিলেন।

কিন্তু ক্রমশঃ ঋণের মাত্রা জমিদারীর মুল্য ছাড়াইরা উঠিল। ছেদিপ্রদাদ ঋণ-গ্রহণের সময়ে স্থদের দিকে আদে দুক্পাত করেন নাই। যে যাহা চাহিয়াছিল তাহাতেই সন্মত হ'ইয়াছিলেন। স্থুতরাং ঋণের পরিমাণ অতি জতবেগে রৃদ্ধি পাইতেছিল। এত দিনে মহান্সনেরা অধীর হইয়া নালিশ করিতে উগ্নত হইল।

ব্যাপার দেখিয়া রামপ্রতাপের বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজন ব্যাকুল হেইয়া রাম-

প্রতাপকে ধরিয়া বিদিলু যে এখনো দাবধান ना श्रेटल प्रस्तनाम श्रेटर ।

বিহ্বলচিত্ত রামুপ্রতাপ বলিলেন, "এ বিষয়ে যা বলিতে হয় আমার দেওয়ানজিকে বল। আমার টাকা পয়সার হিসাব করিবার অবসর নাই।"

বরু বান্ধবদিগের এই অন্যায় উপদ্রবের কথা অবগত হইয়া দেওয়ানজি দীলি হইতে **इ**रेजन न्**ठन नर्खको व्यानारे**शा जिल्लान। রামপ্রতাপের অবসর আরও কমিয়া গেল !

হতাশ হইয়া হিতৈষীরুদ কালেক্টর সাহেবকে ধরিয়া বদিল যে তিনি সাহায্য না করিলে বহু কালের একটা পুরাতন বংশ विनूख हरा।

কালেন্টর গাহেব সন্তুদয় ব্যক্তি। সকল ব্যাপার শুনিয়া তিনি রামপ্রতাপের সম্পত্তি 'কোট অব্ওয়ার্দে'র তত্তাবধানে দিবার জাঠ চেষ্টা করিতে স্বীকৃত হইলেন।

ু শুনিয়া দেওয়ানজি উদিগ হইয়া উঠিলেন। কিন্তু কালেক্টর সাহেবের চেষ্টাই मकन रहेन। (मध्यानिक मानिकरक निम्ना আপত্তি করাইয়া, ডাক্তার সাহেবের প্রশংসা-পত্র সংগ্রহ করিয়া 'রেভিনিউ বৈার্ডে' 'কারোয়াই' করিয়াও কোন মতে 'কোর্ট অব ওয়ার্ডদে'র ভীষণ কবল হইতে প্রভুর সম্পত্তি রক্ষা করিতে পারিলেন না।

তিন মাদের মধ্যেই কালেক্টর সংহেবের নিকট হুইতে আদেশ আসিল যে এক মালের মধ্যে কোট অব্ ওয়ার্ডদ্' কর্তৃক निश्क गानिकांत्रक नमस्य . हिनाव अ मल्गाखि वृक्षादेया मिटा हरेटा।

বিপন্ন দেওমানজি বহু কালের পর ধূলি-

ধ্দরিত পুরাতন, খাতাপত্র টানিয়। বাহির করিলেন। কিন্তু র্থা চেষ্টা। বহুকাল হিদাব লেখাই হয়,নাই। প্রাঞ্চানের নিকট ক তই বা বাকি আছে, আর ক তই বা আনায় হইয়াছে, কিছুই ব্রিবার উপায় নাই। অনেকক্ষণ দেখিয়া দেওয়ানজি উত্রীয় বঙ্গে ললাটের ধেদ মোচন করিলেন।

হিণাব দিবার আর ত্ই দিনমাত্র বাকি। সমস্ত কাগঙ্গপত্র আফিস-দরে স্থুসজিংত। দেওয়ানজির মুখমগুল চিন্তালেশহান।

সন্ধাকালে আকিন হইতে বাড়ী
যাইবার সময় দেওয়ানজি আফিসের চৌকিদারকে ডাকিয়া বলিয়া গেলেন যে, সে যেন
ধুব সাবধানে পাহারা দেয়। আফিসে
বিস্তর মূল্যবান কাগজপত্র রহিল। চৌকিদার মস্তক অবনত করিয়া সেলাম ক্রিল।

চৌকিদার চারি দিক দেখিয়া রাত্রি
দশটার সময়, অভ্যাসমত আপাদ • মস্তক
বস্ত্রাবৃত করিয়া খাটিয়ার উপর শয়ন করিয়া
প্রগাঢ় নিদ্রায় অভিভূত হইল।

গভীর রাত্তে বিকট শব্দে চৌকিলারের নিদ্রাভঙ্গ হইল। • সৈ জাগিয়া উর্দ্ধে চাহিয়া দেখিল হতাশনের লোলরসনা দিগন্ত প্রদান্ত করিয়া আকিস-গৃহের বংশনির্মিত চালে ভীষণ প্রতাপে নৃত্য করিতেছে। ছুটিয়া গিয়া সে দেওয়ানজিকে এই ভীষণ সংবাদ ভাপন করিল।

নিদ্রাঞ্জভ়িতচক্ষু দেওয়ানজি সংবাদ পাইয়া শিথিলবস্তে ছুটিয়া বাহিরে আসিয়া

(ठोकिनांत्ररक उ९क्मपा९ भूमिरन मःवान দিতে পাঠাইলেন। তাহার পর যথন দেখিলেন অগ্নিশিখা গৃহের চারিদিক পরিব্যাপ্ত করিয়াছে, তখন শিধিল-বম্বে উন্ন:তর মত দহুগান গুহের চারিদিকে ছুটিয়া বেড়াইতে লাগিলেন। পুলিশ আসিয়া দেখিল দেওয়ানজি অর্দ্ধবিস্তবেশে •আফি-া-গৃহের চারিপার্থে উন্মতের স্থায় চীৎকার করিয়া বলিতেছেন "হায় হায় আমার সদনাশ হইল। ওই ঘরে আমার চিরজীবনের সম্বল ১০ হাজার টাকার খুচরা নোট ছিল। আগুন নিভাও, আগুন নিভাও। এক এক কলদী জল, এক এক মোহর। বাঁচাও ভাই, বাঁচাও।"

দারোগাকে সম্মুখে দেখিয়া দেওয়ানজি উনতের মত ভাষণ অগ্নিতরঙ্গ মধ্যে ঝাঁপ দিতে উদ্যত হইলেন। কিন্তু দারোগা ছুটিয়া আসিয়া তাঁহাকে ধরিয়া ফেলিলেন। চাৎকার করিয়া দেওয়ানজি বলিতে লাগিলেন "হায় হায় হামারা সব গিয়া, আর হামকো ভি জানে দিজিয়ে।"

অগ্নি যখন নির্বাপিত হইল, তখন সমস্ত ভগ্নাবশেষে পরিণত হইয়াছে। হিসাবের একথানি ছিন্ন কাগজ পর্যাস্ত অবশিষ্ট নাই।

তৃতীয় দিনে শোকার্ত্ত দেওয়ানজি
ললাটে করাবাত করিতে করিতে ম্যানেজার
সাহেবকে শৃত্ত থলি -বং কয়েক লক্ষ
টাকার ঋণভার সমর্পন করিয়া আনতমুশে
আপনার জন্মভূমিতে ফিরিয়া গেলেন।

শ্রীযতীক্রমোহন গুপ্ত।

রামাবতী

()

বাঞ্চালার পালবংশীয় রাজাদিগের ণেব রাজধানীর নাম 'রামাবতী'। ইতিহাস-বিমুথ বাঙ্গালাদেশের অধিবাসিগণ তাহার নাম পর্যান্ত ভুলিয়া গিয়াছিল। মালদহের অন্তর্গত পাণ্ডুয়ার বড় দরগায় 🤄 দেখ শুভোদয়া নামক] একথানি হস্তলিথিত পুথি বছদিবস হইতে রক্ষিত হইয়া আসিতে-ছিল। তাহার প্রতি যখন পণ্ডিতসমান্তের প্রথম দৃষ্টি নিপতিত হয়, তগন তাহার এক স্থলে 'রামাবতী'র নাম দেখিতে পাওয়া গিয়।ছিল। দে অনেক দিনের কথা। রামাবতী যে একদিন বাঙ্গালাদেশের রাজ-ধানী ছিল, সে কথা তাহাতেও দেখিতে পাওয়া যায় নাই। তাহার পর ক্রমে ক্রমে 'রামাবতী'র অনেক পরিচয় প্রকাশিত হইয়াছে।

উনবিংশ শতাকার প্রথম ভাগে বুকানন হামিল্টন্ বরেক্সভূমির নানাস্থানের পরিদর্শনকার্য্য শেষ করিয়া এক 'রিপোর্ট' লিপিবদ্ধ করিয়াছিলেন। কালক্রমে ভাহা বিলাতে এবং এদেশেও মুদ্রিত হইয়াছিল। সেই প্রস্থে একটি দ্ধনকাতি উল্লিখিত হইয়াছিল। ভাহার মর্ম্ম এই যে,—"প্রায় এক হাদ্ধার বংসর পূর্বের, বরেক্রভ্মিতে এক কৈবর্ত্ত রান্ধার অভ্যুদয় হইয়াছিল;— ভাহার কীর্ত্তিকলাপের কিছু কিছু নিদর্শন দেখিতে পাওয়া যায়;—ভীম নামক এক রাদ্ধার নামও লোকমুখে ভনিতে পাওয়া যায়।" একশত বংসরের মধ্যে সে দ্ধনকাতি

আরও তুর্বল হইয়। পড়িয়ংছে। এখনও ভীমরাজার নাম শুনিতে পাওয়া যায় বটে; কিম্ব এখনকার জনশ্রুতি তাঁহাকে আর সহস্রবৎদর-পূর্বকালবর্তী নরপতি বলিয়া বর্ণনা করে না—তাঁহাকে [মধ্যম পাণ্ডব] ভীম বলিয়াই প্রচারিত করে! বরেন্সভূমির দক্ষিণ-পশ্চিম থান্তে বাজসাহীর অন্তর্গত গোদাগাড়ী অঞ্চলে] এবং উত্তর-পূর্ব্ব প্রান্তে [বগুড়ার অন্তর্গত 'মহাস্থানে'র নিকটে] স্থানে স্থানে যে সকল পুরাতন মৃৎপ্রাচীরের ধ্বংদাৰশেষ দেখিতে পাওয়া যায়, তাহা এখন [রাজসাহী অঞ্লে] 'ভামের ডাইঙ্গ', এবং [বঞ্ড়া অঞ্চলে] 'ভীমের জঙ্গণ' বলিয়া পরিচিত। ভাহার সহিত যে 'রামাবতী'র কোনরণ সম্বন্ধ ছিল, তাহা কল্পনা করিবারও উপায় ছিল না। এই সকল উচ্ভত্মির রহস্তভেদের জন্ম কোন কোন রাজপুরুষ চেষ্টা করিয়াছিলেন; কিন্তু তাঁহারা ইহাকে कनक्षातन-निवाद्यपद 'वैष' मत्न कदिशान, সম্পূর্ণরূপে সংশ্রশৃত হইতে পারেন নাই। ু ১৮৯২ খুৱান্দে বারাণদীধামের নিকট-বতী কমৌলিগ্রামে বৈদ্যদেবের তাম্রশাসন আবিষ্কত ও স্থপণ্ডিত ডাক্তার ভিনিস্ কর্তৃক প্রকাশিত হইলে * জানিতে পারা গিয়া-ছিল,—বিগ্রহপালদেবের রামণাল দামক এক পুত্র।জা হইয়াছিলেন। তাঁহার কণা তায়শাসনে এইরূপে উল্লিখিত আছে,—

Epigraphia Indica, Vol. II.

"তন্মোর্জ ধনপৌরুষস্থা নৃপতেঃ

তীরামপালোহতবং

প্রের প্রেক্টারি বিবরণ

পুরঃ পালকুলাকি-শীউকিরণঃ সামাজ্য-বিখ্যাতিভাক ।

েবনে যেন জগত্রয়ে জনকভূ-লাভাং

য়ুপাবৎ যশঃ

কোণী-নায়ক-ভীমরাবণ বধাৎ

যুদ্ধার্থবাল্লন্তানাৎ

ইংতে দেণিতে পাওয়া গিয়াছিল,—
রামপাল অযোধ্যাপতি জীরামচক্রের মতই
(মথাবৎ) যশঃ বিস্তার্প রুকরিয়াছিলেন।
কারণ, উভয়েই 'য়য়ার্পণ উল্লেছ্যন করিয়াছিলেন; উভয়েই 'জনকভূ'লাভ করিয়াছিলেন; উভয়েই 'ভীমরাবণ' বধ করিয়াছিলেন। অধ্যাপক ভিনিস্ এই শ্লোকের
[রামপাল-পক্ষের] বাখ্যায় লিখিয়াছিলেন,
—রামপাল [জনকভূ মিণিলা জয় ক্রিয়া,
ভীম নামক মিথিলারাজকে নিহত করিয়াছিলেন;—কিন্তু ভীম নামক কোনও য়াজা
ফখন মিথিলার রাজা থাকা জানিতে পারা
যায় নাই বলিয়া, অধ্যাপক ভিনিস্ আত্মসিদ্ধান্তে সংশয় প্রকাশ করিয়া, নিরস্ত
হইতে বাধ্য ইইয়াছিলেন।

তংকালে এই শ্লোকের প্রকৃত তাৎপর্যা হাদয়পম করিবার পক্ষে অন্তরায়ের অভাব ছিল না। 'জনকভূ'-শদের এক পক্ষের অর্থ (সীতাদেবী) সুগম হইলেও, অন্ত পক্ষের অর্থ স্থাম ছিল না। কারণ, পাল-রাজগণ যে বাঙ্গালী ছিলেন, সে ক্থা তথন অনেকেই' জানিতেন না; যাঁহারা বা জানিতেন, তাঁহারাও মানিতেন না। স্তরাং জনকভূ-শক্ষের 'জনাভূমি'-অর্থ গ্রহণ না করিয়া, অধ্যাপক ভিনিস্ মিথিলা অর্থ গ্রহণ করিতে বাধ্য হইয়াছিলেন।

তারানাথ বরেক্রভ্মিকে পাল-নরপালগণের জন্মভ্মি বলিয়া বর্ণনা করিয়া
গিয়াছেন,—হাহিল্টন্ত সহস্রবংসর-পূর্বাকালবর্তী ভীম• রাজার নামোল্লেখ করিয়া
গিয়াছেনু। তংপ্রতি লক্ষ্য করিলে, এই
লোকেই বুবিতে পারা যাইত,—ভীমরাজাকে
নিহত করিয়া, বরেক্রভ্মির উদ্ধার সাধন
করিয়াছিলেন বলিয়া, রামপালদেবও শ্রীরামচক্রের তাায় হিথাবং ইয়াং বিতীর্ণ করিয়াছিলেন। কিন্তু এ প্র্যান্ত বুবিতে পারিলেও,
সকল কথা বুবিতে পারা যাইত না।
বিগ্রহপালদেবের রাজ্যে ভীম কেমন করিয়া
অধিকার লাভ করিবার স্থোগ প্রাপ্ত
হইয়াছিলেন, তাহার রহ্মভেদ করা সন্তব
হইত না।

১৮৯২ খৃষ্টাব্দের ছয় সাত বংসর পরে,
দিনাজপুরের অন্তর্গত মনহলি গ্রামে
আবিষ্কৃত রামপালদেবের পুত্রের মদনপালদেবের) তাম্রশাসনথানি বন্ধুবর
শ্রীযুক্ত নগেজনাথ বস্থ প্রাচ্যবিদ্যামহার্ণব
মহাশয়ের হস্তগত হয়, এবং তাঁহারই
অধ্যবসায়ে তাগর পাঠ বন্ধীয়-সাহিত্যপরিষং-পত্রিকায় এবং বন্ধীয় এসিয়াটিক
সোসাইটির পত্রিকায় প্রকাশিত হয়।
তাহারও একটি শ্লোকাংশে দেখিতে পাওয়া
য়ায়,—

"এতস্থাপি সংগদরো নরপতি দিব্যপ্রকানির্ভর ক্ষোভাত্ততবিধূত-বাসবধৃতি: শ্রীরামপালোহভবং॥''

এই তামশাসনেই জানিতে পারা যায়. —বিগ্রহপালদেবের পুত্র মহীপাল রাজা হইবার পর, তাঁহার কনিষ্ঠ শুরপাল রাজা হন: এবং তাঁধার পর, তাঁহার সংহাদর [এতস্থাপি সহোদরো] রামপালও হইয়াছিলেন। [ভৎকালে] শ্লোকটির পাঠোদ্ধারে -কিছু গোলযোগ থাকিলেও, মোটের উপর জানিতে, পারা গিয়াছিল, স্বৰ্গাধিপতি ---রামপাল রাজার সঙ্গে 'বাস্বে'র কোন না কোন বিষয়ে তুলনা করা হইয়'ছে। রাজকবি কোনু বিষয়ে কিরূপ তুলনার অবতারণা করিয়া, ইঙ্গিতে কোন্ ঐতিহাসিক তথ্যের আভাস দিয়া গিয়াছেন, লিপি-পাঠ মুদ্রিত করিবার সময়ে, তাহার রহস্ত ভেদের জন্ম যথাযোগ্য চেষ্টা প্রকাশিত হইতে পারে নাই।

১৯০০ খুষ্টাব্দের মার্চ্চমাদের 'এসিয়াটিক্ সোদাইটির প্রসিডিং' প্রকাশিত জানিতে পারা গিয়াছিল,— মহামহোপাধ্যায় পণ্ডিতবর দীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্, এ মহোদয় নেপাল হইতে সন্ধ্যাকরনন্দি-বির্চিত 'রাম্চরিত্ম' নামক সংস্কৃত কাব্যগ্রন্থ আনয়ন করিয়াছেন; ভাহাতে [বিগ্রহণালদেবের युर्गीरवाहराव भव रिक्वर्ड-विश्वर वरविष्टी ভীম রাজার হস্তগত হইবার, ও [রামপাল-দেব কর্তৃক ভীম নিহত হইবার পর] বরেন্দ্রী হইবার বিবর্ণ রামপালদেবের হস্তগত উল্লিখিত আছে। আরও জানিতে প:রা গিয়াছিল যে,—এই দকল ঐতিহাসিক অবসানে, রামপালদেব কর্তৃক ঘটনার 'বামাবতী' নিশ্মিত হইয়াছিল।

এই বিবরণের সাহায্যে মদনপালদেবের

এবং বৈদ্যাদেবের তামশাননোক্ত রামপাল-দেবের কীর্ত্তিবিজ্ঞাপক কবি-প্রশস্তির প্রকৃত তাৎপর্যা উদ্ধাটিত করিবার স্থবিধা ঘটলেও, তাহ। প্রচারিত না হইয়া, যাহা প্রচারিত হইয়াছিল, তাহা পূর্বেই উল্লিখিত হইয়াছে। ১৯১০ খ্রুষ্টাব্দে 'রামচরিতম্' কাব্যথানি **দোসাই**টি কর্ত্তক মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। এখন সকলেই জানিতে পারিয়া-(छन,—'टेकवर्ख-विश्वव'—'ভौমরাজার উত্থান ও পতন',—তাহার অবসানে 'রামাবতী' নগর নির্মাণ,—বাঙ্গালীর ইতিহাসের উল্লেখ-যোগ্য ঘটনা এবং বরেক্র অমুসন্ধান-সমিতির 'গোড়রাজমালা' এতেও ভাহা উল্লিখিত হট্যাতে।

তথাপি এখনও অনেক কথা তর্কসম্পূল হইয়া বহিয়াছে। তাহার গুধান কারণ এই বে,—'রামচরিতম্' মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে বলিয়াই, তাহার সকল কথা স্কাংশে বোধগম্য হইতে পারে নাই। 'রামচরিতম' শ্লিষ্টকাব্য বলিয়া, এক অর্থে শ্রীরামচন্দ্রের 'সীতা-উদ্ধার' এবং 'ররেন্দ্রী-উদ্ধার' অর্থে রামপালদেবের বিরত করিতে গিয়া, [শ্লেষের অন্থরোধে] সন্ধ্যাকর নন্দী তাঁহার কাব্যথানি ছুর্বোধ করিয়া দিয়াছেন। কিয়দংশের টীকা প্রাপ্ত হইলেও, [অমুবাদের অভাবে] সচীক শ্লোকগুলিও সকলের বোধগম্য হইতে পারে শান্ত্ৰী নাই। মহামহোপাধ্যায় মহাশয় ভাষায় লিখিত] ভূমিকায় ্ইংর'ঞ্জ কাব্যোক্ত বিষয়ের যে সংক্ষিপ্ত পরিচয়-প্রদানের জ্বন্ত যত্ন করিয়াছেন, তাহাতে স্কল কথা যথাযোগ্যভাবে আলোচিত

হইতে পারে নাই। এমন কি, 'রামাবতী'
কোথায় নির্মিত হইয়াছিল, তাহাও নিতান্ত
সংক্ষিপ্ত ভাবেই আংলোচিত হইয়াছে; এবং
পূর্মবঙ্গের রামপাল নামক স্থান 'রামাবতী'
বলিয়া [পার্ম টীকায়] ইঞ্জিত মাত্রেই স্থাচিত
হইয়াছে।

এথন আর 'রামাবতী'র কথ। কল্পনার সাহায়ে আলোচিত হইতে পারে না। এখন এই গ্রন্থেক স্নোকাবলীর সাহায্যেই অত্-मसान कार्या পরিচালিত করিতে হইবে;— 'রামচরিতম্' কানোর সকল কথা যথাযোগ্য ভাবে বুঝিবার জন্য, [প্রয়োজন হইলে,] নানাস্থান পরিদর্শনের ক্লেশ ও অর্থব্যয় সাকার করিতে হইবে। গৃহে বসিয়া 'সর্বজ্ঞ' দাজিবার প্রলোভন অতিক্রম করিয়া, তথাা-নুসন্ধানের আশায় যেথানে যাওয়া উচিত भारत रहेरत, रमथारनहे भारत कतिवात अना यात्मवामी (क छे प्राप्त मान कति (क इहेरव ; कथन कथन विकनभरनातथ शहेशां अ छा। वर्छन করিতে বাধ্য হইলে, পরাজয়কেও ভবিয়তের বিজয়লাভের সোপান বলিয়া গ্রহণ করিতে इटेर्टा रेक्ड्रानिक ठथा। क्रमनान भगानी এইরণেই ক্রমে ক্রমে বাঙ্গালীর অভান্ত इडेश डेडिर्टर।

মহানহোপাধ্যার শাস্ত্রী মহাশ্রের
ন্যায় বহুদর্শী স্থপণ্ডিত যে উপাদের
প্রন্থের আবিষ্কার সাধন করিয়াও,
চহুদ্দশ বংসরের প্রশংসনীয় অধ্যবসাথের
পূর্ব্বে তাহন স্থা-সমাজে প্রকাশিত করিতে
অপ্রদরণ হন নাই, সে কাব্য যে বিলক্ষণ
হরহ, তাহাতে সংশয় নাই। বাঙ্গালীর
ইতিহাসের মধ্যেই যে [এক সমরের]

সমগ্র প্রাচ্চভারতের ইতিহাসের মৃলস্ত্রের সদান-লাভের আশা আছে, এই ত্রহ কাব্যের আলোচনায় তাহা ক্রমণঃ প্রকাশিত হইয়। পড়িবে। তখন এই কাব্য বাঙ্গালীর ঘরে ঘরে গৃহ-পঞ্জিকার নাায় সমাদর লাজ করিবে। যিনি এরপ শুন্তের আবিদার-সাধন করিয়াছেন, তাঁহণর জীবন সন্ধ্যা এই সৎকাব্যের আ্লান্ত্র-প্রদাদেই চরিতার্থতা লাভ করিবে; এবং শাস্ত্রা মহাশয়ের এই প্রস্থাবিদ্ধারের কথা একদিন না একদিন স্থাক্ষিতে লিখিত হইবার যোগ্য বলিয়াই স্বীকৃত হইবে।

পাল-রাজনংশের শাসনসময়ে তাঁহাদিপের দামাজ্য বহুদংখাক 'সামন্তচক্রে' বিভক্ত ছিল। ধর্মপালদেবের [থালিমপুরে আবিস্কৃত) তাম্মশাসনে 'মহাশামন্তাধিপতি'র উল্লেখ থাকায়, তাহার আভাস মাত্রই প্রাপ্ত হওয়া গিয়াছিল;—'রামচরিতম্' কাব্যে বিস্তৃত পরিচয় প্রাপ্ত হওয়া গিয়াছে। অমর-কোষে [২৮।২] দেখিতে পাওয়া যায়,—

"রাজা তু প্রণতাশেষ-সাম হঃ স্থাদধীশ্বরঃ।"
যিনি 'অধীশ্বর' [চক্রবর্তী বা সার্দ্ধভৌম]
তাগার 'শ্ব-দেশের' অব্যবহিত ভূমির
রাজগণ 'সামন্ত' পদবাচ্য; তাঁহারা সার্শ্বভৌমের আশ্রয়ে আপন আপন রাজমণ্ডলে
শাসন-ক্ষমতা পরিচালিত করিতেন। ভামুজী
দীক্ষিতের টাকায় ইহার পরিচয় প্রাপ্ত হওয়া
যায়। যধা,—

''সমন্তারাঃ বংদেশাব্যবহিত-ভূমে রিমে রাজানঃ।" সমন্ত 'রাজমণ্ডলে' বা 'সামন্ত চক্রে' ভ্রমণশীল 'চক্রবর্তা'র সর্বাত্র অব্যাহত গতি থাকিলেও, যাহা তাঁহার 'বদেশ' তাহাতেই তাঁহার সাক্ষাংশাসন প্রচলিত ছিল বলিয়া প্রতিভাত হয়। সামস্তগণের রাজধানী 'সামস্তচক্রে', —চক্রবর্তীর রাজধানী তাঁহার 'বদেশে'—প্রতিষ্ঠিত থাকিবার কথা। বরেন্দ্রী বাতীত অন্ত কোনও স্থান পালবংশীয় নরপালগণের 'বদেশ' বলিয়া পরিচিত থাকিবার পর্মাণ আবিষ্কৃত হয় নাই। পক্ষান্তরে, 'রামচরিতম্' কাবো বরেন্দ্রী তাঁহাদিগের 'জনকভূমি' বলিয়া পুনঃ পুনঃ উল্লিখিত হইয়াছে। তাহার 'অব্যবহিত্য ভূমি' রাঢ়া, বঙ্গ [পুর্ববঙ্গ] ইত্যাদি স্থান 'সামস্তচক্রে'র অন্তর্গত ছিল।

देकवर्त्त विश्वत्व भानवः शेष नवभानगणव জনকভূমি [বরেক্রী] কিয়ৎকালের জন্ম হস্তচ্যত হইবার পর, সামস্তগণের সহায়তায় রামপালদেব বহু ক্লেশ্েতাহার উদ্ধার সাধন করিয়া, 'রামাবতী' নির্মাণ করিয়াছিলেন,— ইহাই 'রামচরিতম্' কাব্যের আখ্যানবস্ত। বাসব [ইন্দ্র] যেমন স্বর্গবিচ্যত হইয়াও, मीर्घकारमञ्ज व्यथानमार्य ধৈৰ্য্যাবলম্বনে পুনরায় স্বর্গরাজা হস্তগত করিয়াছিলেন, রামপালদেবও সেইরূপ ধৈর্যোর [ধৃতির] পারচয় প্রদান করায়, বাদবের সহিত তাঁহার তুলনা দিবার অবদর লাভ করিয়া, রাজকবি [মদনপালদেবের তামশাসনে] রামপাল-দেবকে 'বাদব-ধৃতিঃ' বলিয়া বর্ণনা করিয়া গিয়াছেন। যিনি এইরপে বছকালে, বছরেশে জনকভূমির উদ্ধার সাধন করিতে স্মর্থ হইয়াছিলেন, তিনি সেই "বদেশ" প্রিত্যাগ করিয়া, বঙ্গের [পুর্ববিঙ্গের] সামন্তচক্রের **অ**ন্তর্গ**ত রামপাল না**মক স্থানে রাজধানী

নির্মাণে ব্যাপৃত হইবেন কেন, ভাহাতে সহজেই সংশয় উপস্থিত হইতে পারে। 'রামচরিতম্' কাব্যেও এরূপ পরিচয় প্রাপ্ত হওয়া যায় না। তাহাতেই সংশয় অধিক বদ্ধমূল হইয়া পড়ে; এবং মহামহোপাধ্যায় শাস্ত্রী মহাশ্র ভূমিকার পর্শ্বেটীকার রামপালকে 'রামাবতী' বলিয়া ইঞ্জিত করিয়াছেন কেন, তাহা বোধগম্য হয় না। মনে হয়,—ইহা হয় ত মুদ্রাঙ্কনের ক্রটি মাত্র। যে ভাবে এই গ্রন্থ মুদ্রিত হুইয়াছে. তাহাতে এরপ ক্রটি ঘটিবার সজ্ঞাবনার অভাব ছিল না। এসিয়াটিক সোদাইটি কর্ত্তক প্রকাশিত रहेला ७. এই গ্রন্থের মুদ্রাকার্য্যে এত অধিক ক্রটি ঘটিয়া গিয়াছে যে, শিক্ষার্থিগগের পুনঃ পুনঃ পথত্র ইইবার আশক্ষা আছে। তুই একটি উদাহরণ উদ্ধৃত করিলেই তাহা বুঝিতে পারা যাইবে।

শাস্ত্রী মহাশ্যের ভূমিকার [৮ পৃষ্ঠায়]
একস্থানে মৃদিত হইয়াছে,—গুরবমিশ্রের
শিলালিপি 'রঙ্গপুর' জেলায় প্রাপ্ত হওয়া
গিয়াছে। বলা বাছল্যা, তাহা চিরকাল
দিনাজপুর জেলার মধ্যেই স্বস্থানে প্রতিষ্ঠিত
আছে। ভূমিকার আর এক স্থানে [৯পৃষ্ঠায়]
মৃদ্রিত হইয়াছে,—দ্বিতীয় বিগ্রহপালের
অব্যবহিত পরবর্তী রাজার নাম মহীপাল,
'তিনি গোপালের একতম পুত্র।" বলা
বাছল্যা, মহীপাল দ্বিতীয় বিগ্রহপালেরই
পুত্র ছিলেনু। ভূমিকার আরও এক স্থানে
[১৩পৃষ্ঠায় মৃদ্রিত হইয়াছে,—নর্পাল্দেবের
পঞ্চাল রাজ্যসম্বাদ্যর গ্রাধামে যে মন্দির
নির্দ্রিত হয়, তাহার ফলকলিপি 'বৈন্ত-বজ্রুপাণি' কর্ত্বক রচিত, এবং তাহা শীঘ্রই

[বাবু আর, ডি, বানাজ্ঞি কর্ত্ক] প্রকাশিত হইবে। শাস্ত্রী মহাশয় 'বৈদা বজ্রপাণি'র নাম কিরপে পাইয়াছিলেন, ইহাতে ত হার আভাস থাকিতে পারে৷ বলা বাহুল্য, এই লিপির এক প্রতিকৃতি বহু পূর্বে কনিং-হাম কর্ত্ব প্রকাশিত হংয়াছিল; এবং 'রামচরিতম্' মুদ্রিত হইবার পূর্বেই, জীযুক্ত মনোমোহন চক্রবর্তী মহাশয়ের যত্নে এই লিপির পাঠও মর্ম এসিয়াটিক দোদাইটীর পত্রিকায় মুদ্রিত হইয়াছিল: -- ফলকলিপি 'বাজিবৈদ্য সহদেব' কর্ত্তক রচিত ;—তাহ। স্থীসমাজে স্থপরিচিত। 'বৈদ্য-বজ্রপাণি' নূতন আবিষার, হয় ত মুদাকরপ্রমাদ, অথবা পূর্ববপঠিত পাঠের পুনশ্চ পাঠোদ্ধার চেষ্টার অভিনৰ নিদৰ্শন ৷ এইরূপ ক্রটিতে কেবল বে ইংরাজী ভাষায় লিখিত 'ভূমিকা' মাত্রই ক্ষতিগ্রস্ত হইথাছে, তাহা নয় ;—মুন্গ্রস্তের মুদ্রাক্ষণেও স্থানে স্থানে [ইহার প্রভাবে]

তাৎপর্যা নির্ণয় করা কঠিন হইয়াছে;—ছই এক স্থনে প্রকৃত তাৎপর্যোর বিপরীত অর্থপ্ত স্চিত হইয়াছে!

'রামাবতী' কোথায় ছिल, তাহার তথ্যান্তুসন্ধানে প্রবৃত্ত হইতে হইলে, 'রামচরিতম্' অবলম্বন করিয়াই তথ্যাফু-সন্ধান ক্রিতে হইবে। এই দকল মুদ্রণ-ক্রটির জন্ম তাহার উপর সকল স্থলে নিঃদংশয়ে নির্ভর করিবার উপায় না থাকায়, প্রথমে মুদ্রিত প্স্তক-থানির সংশোধন-কার্য্যে হস্তক্ষেপ করা কর্ত্তব্য। বাহারা তাহার চেষ্টা না করিয়া পাল-নরপালগণের শেষ শাসনসময়ের ইতিহাস রচনা করিবার চেষ্টা করিবেন, তাঁহাদের উদ্দেশ্য এবং অধাবদায় প্রশংদনীয় হইলেও, ভাহার नकल कल अनःमनीय शहेवात मञ्जावना गाई।

শ্রীঅক্ষয়কুমার নৈত্রেয়।

চরিতচিত্র।

শ্রীযুক্ত স্থার তারকনাথ পালিত।

বাংলা দেশের বাহিরে প্রীযুক্ত তারকনাথ পালিতের নাম এভাবৎকাল যে থুব সুপারিচিত ছল তাহা নহে। আপনার দীর্ঘ জীবনের সমুদায় সঞ্চিত সম্পতি জড়বিজ্ঞান-শিক্ষার স্বরাবস্থার জন্ম কলিকাতা বিখ-বিদ্যালয়কে দান করিয়া, পালিত মহাশয় আজ একটা ভারতব্যাপী খ্যাতি লাভ করিয়াছেন। দেশবিদেশের সংবাদপত্র সকল তার গুণগানে মুখবিত হইয়া উঠিয়াছে।
রাজপুক্ষেরা তার এই অনক্সদাধারণ
বদাক্তরার পুরস্কারস্বরূপ তাহাকে "নাইট"
শ্রেণীভূক্ত করিয়াছেন। আজি পর্যান্ত
বাংলা দেশে এক হাইকোর্টের জ্ঞ্জেরা
ব্যতীত অপর ক্ষেহ এরূপ সন্মান প্রাপ্ত হন
নাই। বেস্বাইএ পারশী ধনকুবেরদের
মধ্যে কেই কেহ আপনাদের বদাক্তরার

দ্বন্ত এইরপ ভাবে সম্মানিত হইয়াছেন বটে, কিন্তু বাংলায় পালিত মহাশয়ই সক্ষপ্রথমে এই প্রতিপত্তি লাভ করিলেন।

বছদিন হইতেই বাংলার লোকে পালিত **মহাশয়ের নাম গুনি**য়া আসিয়াছে। বয়সে বিলাত যাইয়া তিনি বারিষ্ঠার হইয়া আসেন। সেকালে বিলাত যাওয়া এতটা সহজ ছিল না। আরে বাঙালী বারিষ্টারের সংখ্যাও দেশে অতি অল্ল ছিল। স্বৰ্ণীয় উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় বোধ হয় পালিত মহাশয়ের পূর্নেই বারিষ্টার হইয়া আসেন। বর্গীয় মনোমোহন ঘোষ পালিত মহাশয়ের সমকালীয় লোক। কিন্ত মনেবে হিন ঘোষ বা উমেশচন্দ্র বন্যোপাধ্যায় আপন আপন ব্যবসায়ে যে প্রতিপত্তি লাভ করিয়া-ছিলেন, পালিত মহাশয় তাহা করেন নাই। অথচ পালিত মূহাশয়ের শক্তিসাধ্য যে ইহাঁদের অপেকা বড় বেশি হীন ছিল, এমন কথা কিছুতেই বলা যায় না। বরং বুরির তীক্ষতায় পালিত মহাশয় ইহাঁদের অপেক্ষা কতকটা শ্রেষ্ঠ ছিলেন বলিয়াই মনে হয়। কিন্তু এ জগতে সর্পত্রই একটা অদ্তুত ক্ষতিপূরণের নিধ্ন প্রতিষ্ঠিত আছে। বিধাতা যাহাকে একদিকে কিছু বেশি দান অন্তদিকে দেই আতিশয্যের "পাষাণ ভাঙ্গিবার" জন্মই বা বুঝি, তাহাকে কিছু খাট করিয়াও রাথেন। একটু তলাইয়া দেখিলে অনেক বুঝিতে পারা যায়। তীক্ষ বৃদ্ধি যার থাকে, ধীরতা তার তেমন থাকে না। সহজে যে জটিল বিষয় ধরিতে বা বুঝিতে পারে, গভীর বিষয়ে দীর্ঘকাল ধরিয়া মনোনিবেশ করিবার প্রবৃত্তি ও অভ্যাস তরি

প্রায়ই দেখা যায় না। মেধা ও শ্রমণীলতা কচিৎ এক দঙ্গে বসবাস করে। পালিত মহাশয়ের তীক্ষ মেধাই ু বোধ হয় কিয়ৎ পরিমাণে তার ব্যবদায়ে অন্তুস্বার্ণ ক্তিম্বলাভের অওরায় হইয়াছিল। আর এই জন্মই তিনি অধিকাংশ সময় ফৌজদারী মামলাতেই নিযুক্ত হইতেন। ফৌজদারী মামলায় এক সময়ে বাঙালী বারিষ্টারদিগের মধ্যে <u>শ্রী</u>যুক্ত ভারকনাথ পালিত মহাশ্যের মতন এমন সুদক্ষ লোক আব কেহ ছিলেন না, বলিলেও হয়। মনোমোহন মহাশয়ের প্রতিপত্তি কতকটা বেশি ছিল সত্য, কিন্তু ঘোষ মহাশয় কেবল আপনার বাবহার-কুশলতাগুণে এই প্রতিপত্তি লাভ করিয়া-ছিলেন कि ना. कि वना याग्र ना। (पाय. মহাশয়ের যে কঁর্মকুশলতা, যে লোকরঞ্জন-শক্তি, যে ধৈৰ্য্য ও স্থৈয় ছিল, সে সকলগুণ সে মাত্রায় পালিত মহাশয়ের থাকিলে, তিনি কোনও অংশে যে ঘোষ মহাশয় অপেকা অল্ল খ্যাত্যাপন হইতেন, এমন মনে হয় না। কিন্তু বিধাতার রাজ্যে এ সকল 'যদি'র স্থান নাই। তার নিরপেক্ষ বিচারে আমাদের প্রত্যেককে আমানের উপযোগী শক্তিসাধ্য দান করিয়া থাকে। একদিকে কাহাকে একটু কিছু বেশি দিলে আর একদিকে একটু কাটিয়া ছাটিয়া সমান করিয়া দেয়। ঘোষ মহাশয়ের যাহা ছিল পালিত মহাশায়ের তাহা ছিল না, আর পালিত মহাশয়ের যাহা আছে, '(ঘাষ মহাশয় তাহা থান নাই, এইরপে গড়ে মামুষ একটা বিচিত্র ক্ষমতা লাভ করিয়া থাকে।

শ্রীযুক্ত তারকনাথ পালিতের অনেক

চরিতচিত্র

শক্তিসাধা আছে-১য়ে স্কল শক্তিসাধা থাকিলে লোকে ব্যবহারজাবীর ব্যবসায়ে ক্বতিবলাভ করে, পালিত মহাশয়ের তাহ: বিলক্ষণ ছিল। আর যে ফুযোগ পাইলে এ সকল শক্তিসাধ্য সফলতা লাভ করিয়া থাকে, পালিত মহাশ্যের ভাগ্যে সে সুযোগও থে জুটে নাই, এমন কথাও বলা যায় না। কিন্তু তাঁর প্রকৃতির মধ্যে এমন একটা কিছু আছে যাহাতে এ সকল শক্তি এবং সুযোগ সত্ত্বেও তিনি আপনার ব্যবসায়ে সর্কোচ্চস্থান অধিকার করিতে পারেন নাই। লোকে সচরাচর ব্যবহার-বাব্যায়কে याधीन वावनाय विषया थाटक वर्षे; কৈন্ত এখানেও যে স্বাধীনতার খুব আদর থাকে বা প্রতিষ্ঠা সম্ভব এমন যায় না। উকিল বারিষ্টারকৈও আদালতের মুখ চাহিয়া এবং হাকিমের মর্জি বঝিয়া চলিতে হয়। না পারিলে ব্যবসায় চলা ভার হইয়া উঠে। 🗪 র অনভসাধারণ আইনজ্ঞতা বা কশ্বকুশলতাগুণে ব্যবসায় চালাইতে পারিলেও স্কল সময়ে স্মব্যব-সায়ীদের মধ্যে গর্ন্দোচ্চহান অধিকার কর: শন্তব হয় না। পালিত মহাশ্যু চিবুদিনট অতিশয় স্বাধীনচেতা লোক বলিয়া পরিচিত ছিলেন। লোকের মুখ চাহিয়া চলিবার কৌশলটী তিনি কথনও শিক্ষা করেন নাই। যে ন্দ্ৰতা থাকিলে এ শিক্ষা সহজ হয়, পালিত মহাশয়েব প্রকৃতিতে তাহ্য ছিল না এবং নাই। । খাতির কাহাকে বলে, তিনি তাহা জানেন ন।। চক্ষ্ণজ্ঞা-বস্তুটাও তাঁর আছে বলিয়ামনে হঃ না। আর এ সকল যে উকীল-বারিষ্টারের নাই,- তাঁর পক্ষে

আপনার ব্যবসায়ে উচ্চতম সোপানে আরোহণ করা আদৌ সম্ভবে না। পালিত মহাশ্ধের প্রকৃতি একটু রুক্ষ। মনে হয় যেন সহজেই তিনি উত্তেজিত হইয়া পড়েন। সতাং ক্রাৎ প্রিয়ং ক্রয়াং, মা ক্রয়া**ং সত্য-**মপ্রিয়ং--মহাভারতের এই মুমাচীন নীতি অনুসরণ কৰিয়া চলা তাঁকে প্রেক অসম্ভব বলিয়। বোধ হয়। মোলায়েন করিথা কথা বলার অভ্যাসটা তিনি কখনও লাভ করেন নাই। আর এই জন্মই এত শক্তি শাধ্যও থাকিতেও তিনি আপনার ব্যবসারে উন্নতিলাভ করিতে যথাযোগ্য इन नाहै।

আর ঠিক এই কারণেই দেশের তথা-ক্থিত জন্হিত্কর কর্মেও পালিত মহাশয় এ পর্যান্ত নেতৃ-পদ গ্রাপ্ত হন নাই। এ আকাজ্জাও যে তাঁর ক্রখনও ছিল, এরূপও মনে হয় না। বর্গীয় উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় জীবনের শেষ ভাগে, আর মনোমোহন ঘোষ মহাশয় আয়েবনই দেশহিতকর অফুষ্ঠানে লিপ্ত ছিলেন। মনোমোহন বোষ বাল্যা-ব্ধিই লোক্যতগঠন করিবার করিয়া আসিয়াছিলেন। বিলাত যাইবার পূর্কে, যুখন তিনি অজাতশাশ্র যুবক মাত্র, তথনই "ইভিয়ান মিরার"(Indian Mirror) পত্রের সম্পাদকীয় ভার বহন করিয়াছিলেন। "ইভিয়ান মিরার" তথন সাপ্তাহিক ছিল: তার বহুকাল পরে দৈনিক আকারে পরিণত হয়। কিন্তু সে কালে একখানা ইংরেজি সাপ্তাহিক পত্র পরিচালনাও সামান্য ব্যাপার ছিল না। বিশেষতঃ "ইণ্ডিয়ান মিরার'' তথন নবোদিত **রান্ধ**-

সমাজের মুখপত ছিল। কেশবচল্র বক্তৃতা-মঞ্চে যে সুর জাগাইতেছিলেন, ইণ্ডিয়ান মিবারের স্তম্ভে সেই সুরই ভাঁজিতে হইত। ইহাতেই একদিকে মনোমোহনের শক্তি-অন্যদিকে লোক-হিত্রতে **সাধ্যের** কি মে গভীর অমুরাগ **তাঁ** ব বিলক্ষণ পরিচয় পাওয়া, যায়। মনোমোহন এইরূপে প্রথম যৌবনাবধিই লোকনায়কের পদ গ্রহণ করিয়াছিলেন। এই উচ্চাভিশাষ আমরণ পর্যন্ত তাঁহার অন্তরে জাগরুক ছিল। কিন্তু পালিত মহাশ্যের মধ্যে এ বস্তুটী কখনও দেখা গিয়াছে কি না সন্দেহ, যে সকল সরঞ্জাম থাকিলে লোকে জননায়কের পদ লাভ করিতে পারে, পালিত মহাশ্যের সে সকল সর্ঞামও কথনও ছিল বলিয়া বোধ হয় না। যেমন ব্যাহার ব্যবসায়ে হাকিমের মুখ চাহিয়া কথা বলিতে হয়, সেইএপ জননেতৃহলাভ করিতে হইলে অনেক সময় জনগণের মন যোগাইয়া চলা আবিশ্রক হয়। মাঁহারা অনঅসাধারণ বাগ্মীতাশক্তি বা সাহিত্যপ্রতিভার গুণে প্রথমে অগ্রিত লোক্মতকে প্রবৃদ্ধ ও গঠিত করিয়া সেই জনশ্তির অ গ্রণীরূপে লোক-সংহত নায়কের পদশাভ করেন, তাঁহাদের পক্ষে এরপভাবে লোকমতামুবর্ত্তিতা না করিয়াও (मइेशक तका कता मख्य रहेर्ड भारत। किन्छ याँशास्त्र व मिक्ट नारे, छांशास्त्र পকে লোকমগুলার মুখাপেকী হইয়া না চলিত পারিলে, আধুনিক দেশহিতকর অমুষ্ঠানাদিতে অগ্রণীদলভুক্ত সম্ভাবনা অত্যন্ত অল্ল। আমাদের

এ পর্যান্ত যাঁহারা লোকনেতৃত্ব করিয়াছেন, একদিকে স্বর্গীয় কেশবচন্দ্র সেন ও অন্তদিকে কিয়ৎপরিমাণে এীযুক্ত সুরেত্র-বন্দ্যোপাধ্যায় ভিন অ'র সকলকেই স্বল্পবিস্তর লোকের মন যোগাইয়া চলিতে হটুয়াছে। আর সুরেন্দ্রনাগও এক সময়ে যতটা সাধীন ছिলেন, পরে সে স্বাধীনতা ততটা রক্ষা করিতে পারেন নাই। কিন্তু যেসকল গুণ থাকিলে এরপ ভাবে, পদ ও প্রতিপত্তির লোকে আপনাকে চাপিয়া গে চেড রাথিতে পারে, **্রী**যুক্ত তারকনাথ পালিত মহাশয়ের প্রকৃতিতে দে যে সাধীনচিত্তার জন্য তিনি আপনার ব্যবসায়ের চূড়ায় উঠিতে পারেন নাই, **সেই স্বাধীনচিত্ততার জন্মই তিনি আমাদের** আধুনিক সমাজস সারের বা রাষ্ট্রীয় কল্মীর দলে নেতৃত্বলাভ করিতে পারেন নাই। এরপ কোনও আকজ্যাও তাঁর মধ্যে কখনও জাগিয়াছে কি না সন্দেহ। অথচ পালিত মহাশয় নিজের পরিবারে আর দশলন বিলাত প্রত্যাগত বাঙ্গালী হিন্দুর আধুনিক স্থার্জ সংস্কার্যের আদর্শের অন্থ-পরণ করিয়াই চলিয়াছেন। কিন্তু কখনও এ সকল लहेश। একটা एड्यूग करतन नाहै। রাষ্ট্রীয় আন্দোলন-আলোচনাতেও তিনি (यात्र निया व्यानियाद्यता **এইরূপেই** প্রয়োদন মত কংগ্রেসের সাহায্যার্থে যথা সাধা অর্থদান করিয়াছেন। তার সমশ্রেণীর আর দশজনে যেমন এ সকল ব্যপ:রে অর্থ-সাহায্য করিয়াছেন, পালিত মহাশ্য়ও সেরূপ করিয়াছেন। কিন্তু কখনও এ সকল দানের জন্ম কংগ্রেসের রঙ্গমঞ্চে আরোহণ করি-বার কোন লিপা তার মধ্যে দেখিতে পাওয়াযায় নাই।

ফলতঃ এরূপ নেতৃত্বলাভের যোগ্যতাও তার নাই; কিন্তু পালিত সর্বাপেকা বেণী প্রশংসার কথা এই যে, তিনি আপনার ঠিক ওজনটী জানেন। তিনি কি করিতে পারেন ও কি করিতে পারেন না, ইহা যেমন পরিকাররূপে ছানেন. তাঁর সমশ্রেণীর লোকেরা অনেকেই তাগ জানেন না। এই জগই যাঁরে যে কার্য্যের কোনও শক্তি ও সরঞ্জাম নাই, সেও আপনার পদের বা ধনের জোরে সে কার্যো কেবল হাত দেয় যে তাহা নহে. নে হত্ব পদে যাইয়া চঙ্িয়া বসিতে চাহে। বাংলা ভাষায় ইহাকেই বোধ হয় হামবা বলে। এই বস্ত হইতেই ইংরাজের হামাগিজমের (Humbugismএর) উৎপত্তি হয়। যার প্রকৃতির ভিচরে এই বাংলা হামবাটী নাই, তার পক্ষে ইংরেজি হামাগিজম করিবারও কোন প্রয়োগন উপস্থিত হয় না। ষার যে শক্তি নাই, সে সেই কাজ করিতে গেলেই হামাগ (Humbug) হইয়া উঠে। যার প্রকৃতিগত আজিকাবৃদ্ধি নাই সে যদি ধার্মিকের আদনে যাইয়া বণিবার জ্য লালায়িত হয়; যাঁর বাক্শক্তি নাই সে যদি করতালি লাভের লোভে বক্তৃতানঞ্ যাইয়া দাড়াইতে চাহে; যার রিনয় স্থাব-দিদ্ধ নয় সে যদি বিনয়ীর মণণিপায় এই• মহং ওণের অভিনয় করিতে ব্যস্ত হয়; যার বুদ্ধি ও বিভা নাই, আছে কেবল ধনের উত্তাপ্, দে যদি লোকমত পরিচালনার জ্ঞা জননেতৃত্ব দাবী করিতে আরম্ভ করে;---তাহা হইলে তার পক্ষে এই হাফ্রার জন্ম হামবাগ্না, সালা অসম্ভব ও অসাধা, হইয়া দাঁভায়। পালিত মহাশয়ের মধ্যে এ রূপ কোন হাম্বা নাই বলিয়া, তিনি এই ত্জুগের যুগেও এ পর্যান্ত হালাগু হইয়া উঠেন নাই।

তাঁর রুক্স সভাবের জন্ম পালিত মহাশয় বাবসায়ে যেমন অনকাসাধারণ কুডিম লাভ করিতে পারেন নাই, সেইরূপ মামাদের সামাজিক বা রাষ্ট্রীয় কর্মজীবনেও কোনও প্রকাবের নেতৃত্বমর্য্যাদা প্রাপ্ত হন নাই। আর এই জন্ম তাঁর মেধার বা প্রভাবও অামাহদর সম্প্রদায়ের মনোরাজ্যেও কোন্ত খকারের আধিপতী লাভ ना है। ক র ইংরাজিতে যাহাকে public man কলে, ^{হা}যুক্ত তারকনাথ পালিত সে জাতীয় জীব নহেন। তাঁর প্রকৃতির মধ্যে লোকতেত্ব লাভ করিবার উপকরণও নাই। **অ**গুদিকে जीवरन, व्यापनात वसूवासविन्तरात्र मरसा, আবৈশ্বই তিনি অশেষ প্রভুষ ভোগ করিয়া আসিয়াছেন অকুত্রিম বন্ধুবাৎসলা তার চরিত্রের একটা বিশেষ লক্ষণ বহুকালাব্ধিই জানা গিয়াছে। আর বন্ধবান্ধবদিগের উপরে আপনার অন্তর্গ তার একটা মোহিনী শক্তিরও পরিচয় অনেক পাওয়া গিয়াছে। ইহাঁরা পালিত নহাশয়ের সকল প্রকারের ক্রেটী চর্বলতা উপেক্ষা করিয়া, চির'দন তারে মুখাপেকী হইয়া চলিয়াছেন। একবার যে তার বন্ধতালাভ করিয়াছে চিরদিন পালিত মহাশয়, প্রাণপ্রে তাঁহার প্রতি সুহৃদ্জনোচিত সর্বাবন কর্ত্তব্য পালন করিয়া আসিয়াছেন। অক্সপক্ষে তাঁর শক্ততা যে একবার করিয়াছে, বা তাঁর বন্ধ-বান্ধবদিগের কোনো ও প্রকারের অনিষ্টের চেষ্টাতে যে একবার লিপ্ত হইয়াছে, জীযুক্ত ভারকনাথ পালিত জীবনে কথনও ভাহাকে ক্ষমা করিতে পারেন নাই। এই কারণে তার বন্ধর সংখ্যা অল্ল, শক্রের সংখ্যা অনেক বেশি হইয়া গিয়াছে। কিন্তু কার শক্র বা অসম্পর্কত লোকের প্রতি পালিত মহাশয় কথনও উদার ও কোমল ব্যবহার করিতে পারেন নাই বলিয়। তার প্রাণটাবে খুব কঠোর এমনও মনে করা সঙ্গত হইবে না। কারণ এই কঠোরতার সঙ্গে সংগই

পরিচয় তার কোমলচিত্তরারও অনেক পাওয়া গিয়াছে। একদিকে যেমন পালিত মহাশয়কে নিরতিশয় কঠোর-প্রকৃতির বলিয়া মনে হয়, অক্তদিকে সময়ে সময়ে তাঁর সেইরূপ অসাধারণ কোমলতারও গিয়াছে। পা ওয়া वक्त्वाक्रविष्ठितः मयस्क्रहे । (य নিরতিশয় কোমণচিততার প্রমাণ দিয়াছেন, তাহা নহে; কখনও কখনও নিতান্ত নিঃদম্পর্কিত লোকদিগের প্রতি গভীর ও উচ্ছাসত সহাকুভূতিতে **কার मृत्रतिंगिनि । शांता अवाहिल इहेट (म्या** গিয়াছে। শাতীয় শিক্ষা-পরিধদের প্রতিষ্ঠার দিনে অমেরা স্বচকে ইহার প্রমাণ পাইয়া-ছিলাম। সেদিন একটী যুবকের প্রার্থনা ভূনিয়া পালিত মহাশয় কাঁদিয়া ফেলিয়াভিলেন, অথচ আমাদের মধ্যে আর কাহারও চক্ষেই সে জন্ম কিছু পরিমাণও অ্ফুপাত হয় নাই। পালিত মহাশ্যের আপাতঃ কঠোরতাও রুক্স স্বভাবের সঙ্গে এই ভাবোচ্ছাদের মৃতটা অদঙ্গতি আছে বলিয়া মনে হইতে পারে, ফলতঃ ত্রুটা অসক্ষতি এ হু'এর মধ্যে একেবারেই নাই। তুই ই ভাবুক তার লক্ষণ। যাঁরা অতি সহজে কুর হইয়া উঠেন, তারা যে বস্ততঃই অতিশয় নির্মান প্রকৃতির লোক, তাহা নহে। প্রকৃত নিশ্মন লোকেরা লোকের সর্বনাশ করিতে পারে, কিন্তু হঠাৎ কাহারো উপরে চটিয়া যায় না। যাঁদের প্রাণ নিরতিশয় কোমল তাঁরাই একদিকে সহজে ক্রোধের বশবর্ত্তী হন, আর অন্তদিকে স্নেংমমতার আবেগেও আ্আুহারা হইয়া যানঃ এ বস্তুটী অনেক লোকহিত্ত্রত মহাপুরুষের মধ্যেও দেখ। গিয়াছে। পুণাশ্লোক বিদ্যাদাগর মহাশয়ের চরিতে ইহা দেখিয়াছি। বিদ্যাদাগর যেমন সহজে চটিয়া যাইতেন, সেইরূপ অতি সহজেই আবার গলিয়াও যাইতেন। ফলত: কোনও কোনও বিষয়ে পালিত মহাশয় বিদ্যাসাগর চরিত্রকে শ্বরণ করাইয়া থাকেন।

অব্ভ হুজনার এক নিক্তিতে তৌল কর: চলে না। বিদ্যাদাগর মহাশয়ের দেবত পালिত মহাশ্যের মধ্যে সব দেখা যায় নাই; কিন্তু বিদ্যাসাগর মহাশ্যের মামুধী ভাবগুলি অনেক সময় পালিত মহাশ্যের মধ্যেও দেখা িয়াছে। বিদ্যাদাগর মহাশয় অতিশয় স্বাধীনচেত্য মহাপুরুষ ছিলেন; পালিত মহাশয়ের স্বাধীনচিত্ততাও লোকপ্রসিব্ধ। বিদ্যাপাগর মহাশয় কাহারও মুখ চাহিয়া কখনও কথা কহিতে পারিতেন না; পালিত মহাশয়ও তাহা পারেন নাই। বিদ্যাদাগর মহাশ্যের কোমলাচত্ততাও কিয়থ পরিমাণে পালিত মহাশ্যের মধ্যে পাওয়া যায়। তবে ব্রাহ্মণাপ্রকৃতিসুলভ যে নিতান্ত নির্লোভ ভাব বিদ্যাদাগর মহাশয়কে এতটা বড় করিয়াছিল, ক্ষাত্রপ্রকৃতি ইংরেন্সের রজত-ু প্রধান স্ভাতার আদর্শে অভিভূত, ব্যবহার-জীবী পাক্ষিত মহাশ্রের মধ্যে সে নির্লোভ ও দে ত্যাগের প্রমাণ কেহ কথনও অবেষণ ক্মিতে যায়ও নাই, কেহ কখনও পায়ও নাই, আর'শেষ জীবনে পালিত মহাশয় যে ভ্যাগের দৃষ্টান্ত প্রদর্শন করিয়াছেন, তাহাও বিলাদাগরের জাইনব্যাপী ত্যাগের সম-জাতীয় বস্তু নহে। এ ত্যাগেও বিলাতা গন্ধ আছে, বিদ্যাসাগরের ত্যাগে সাত্তিকতা-ব্ৰাহ্মণ্য-আভাও দেখা যাইত। প্রধান এই পার্থক্য সত্ত্বেও, আধুনিক শিক্ষার ইতিহাসে উভয়েই অক্ষয় 'কীর্ত্তি স্থাপন করিয়াছেন। আর পালিত মহাশয় জীবনের সন্ধ্যাকালে এইরূপ ভাবে আপনার যথাস্কস্ত স্বদেশী যুবকগণের শিক্ষার সুব্যবস্থা করিবার জন্ম দান করিয়া, প্রথমজীবনে সঞ্চিত সমুদায় কুম্মণে একান্ত ভাবে ক্লালন করিয়া, বাংলার আধুনিক সমাকের ইতিহাদে, বিদ্যাদাগর মহাশরের একাসনে নহে, কিন্তু একই মন্দিরে, অক্ষয়-कौर्डि बर्जन कतिशाह्न ।

শ্রীবিপিনচক্র পাল।

৺জগদীশনাথ রায়

ন্যুনাধিক ৮৬ বংদর পূর্বে, আধাঢ় मार्ग-- तथशाखात मिन, नमीश (कनात অন্তর্গত, স্থাবিখ্যাত কাঁচড়াপাড়া গ্ৰামে. **৵জগদীশনাথ রায় জনা**গ্হণ ক্রেন। কাঁচড়াপাড়া এককালে সমৃদ্ধিশালী পল্লীগ্রাম ছিল, অনেক ব্ৰাহ্মণপণ্ডিত এবং প্ৰতিভাশালী विकिৎमक **रे**वना এখানে বাস করিতেন। ভক্ততিলক মহাপ্রভু চৈত্রুদেবের কুপার পাত্র শিবানন্দ সেন, তাঁহার অলৌকিক ['] শক্তিসম্পন পুত্র কবিকর্ণপূর, নৈয়ায়িক-শ্রেষ্ঠ প্রেমচাঁদ তর্কবাগীশ, কবি এবং "প্রভাকর" সংবাদপত্রের জন্মদাতা ঈশ্বরচন্দ্র গুপ্ত, কবি হরিমোহন সেন, ভারতবাদীদের মধ্যে সর্বপ্রথম লণ্ডন বিশ্বনিদ্যালয়ের এম ডি উপাধিধারী মেজ্র গোপ্রালচক্স রায় প্রাকৃতি रामत गृथाञ्चनकाती जातक भशाया এह স্থানে জন্মগ্রহণ করিয়াছিলেন। কাঁচড়াপাড়া পুর্বে নরহট্ট বলিয়া প্রচারিত ছিল, এই मत्रराष्ट्रे (मन गिरानांन्यत खंरान मदाश्रञ् **চৈত্রতাদেব অনেকব।**র আগমন করিয়াছিলেন এবং বিখ্যাত কবিবর রামপ্রসাদ সেন ৩০ বংসর বয়স পর্যান্ত কাঁচড়াপাড়ায় বাস করিয়া हिल्नं, । एक गनी मनाथ রায়ের পিতামহ- ✓ (गांक्नांक्नांक्न तां य वार तां म वार्गांक्न नांक्नांद
 राम वार्गांक्न नांक्नांद
 राम वार्गांक्न नांक्रांद
 राम वार्गांक्न नांक्रांद
 राम वार्गांक्र नांक्रांद
 राम वार्गांक्र नांक्र ना মাসিত পিন্নিত ভাই ছিলেন, সেই জিল রামপ্রসাদ গোকুলচন্দ্রের ভবনে ৩০ বংসর বয়দ পর্য্যন্ত বাদ করিয়াছিলেন, তৎপরে হালিসহরে বিবাহ করিয়া সেই খানেই

वात्र करतन। जगनीयनाथ त्रारम्न भूक-পুরুষগণ পশ্চিমাঞ্চল হঁইতৈ প্রাণম , বীরভূমে আসিয়া বাদ করেন, তাঁহাদের এই উপনিবাদের নাম মৌড়েখর গ্রাম এবং উহা মৌরাখ্য নদীতীরে স্থিত: এই মৌড়েশ্বর গ্রাম মহারাজ বলাল সেন ইহার পূর্বপুরুষদিগকে জায়গি**র স্বরূপ** প্রদান করেন, তামফলকে এই জায়গির-দানের কথা অন্ধিত আছে। বৈদ্যদমাৰে এই পরিবার বিশেষ সম্রান্ত এবং ইহাদের পরিচয় দিতে হইলে মৌড়েগরগ্রামী পদ্ধের উল্লেখ করিতে হয়। বলিয়া জগদীশনাথ রায়ের बःশ, वल्लाल (সনের (लोहिज्य गौग्र ; পরিবার বৃদ্ধি হওয়াতে, भोएएयती वामी, भोलाना भावीय, वह পুরের সন্তান রায়বংশীয়েরা কতক কতক বর্দ্ধান জেলার অন্তর্গত স্বাই গ্রামে এবং তৎপরে সরস্বতী-কৃলে শঙ্খনগরগ্রামে আসিয়া করেন; শন্থানগরে ইহাদের গড়ধাই কাটা বদ্তবাটী, দেবালয় প্রভৃতি ছিল। বিগাত বর্গির হালামার সময় মহারাদ্রীয়েরা তুইবার পুরা লুঠন করে, সেই জন্ম গোকুল দেন রাজ-পুরোহিতগণকে বাটী ও বেবালয় দান করিয়া গঙ্গা পার হইয়ানরহট গ্রামে পলাইয়া আদেন এবং সেই থানে শিবানন্দ পরিবার মধ্যে বিবাহ করেন। ঠাহার একমাত্র পুত্র ৺গুরুপ্রাদ রায় क्रमीननाथ রায়ের পিতা।

রায় সংস্কৃত, বাঙ্গালা, পার্শি, আরবি এবং ইংরাজি ভাষায় সুপণ্ডিত ছিলেন, ইনি ফোর্ট উইলিয়াম কলেজে আরব্য ভাষা শিক্ষা দিতেন এবং "শব্দরত্লাকর" বলিয়া এক সুরুহৎ সংস্কৃত অভিধান প্রস্তুত করিয়া গিয়াছেন, উইলুদ্ন গাহেব, সংস্কৃত কলেজের অধ্যাপকেরা এবং রাজা রাধাকান্ত দেব এই অভিধানের ভূষদী এশংদা করিয়াছেন: সঙ্গীত বিদ্যাতেও গুরুপ্রসাদ রায় পারদর্শী ছিলেন, ইঁগার পিতা গোকুলচন্দ্র ताश **७शारतन् ८**इष्टिश्म मारहरवत्र व्यथीरन মুর্শিলাবাদ সহরে কাজ করিতেন। সাহেব यथन मूर्निकाल जान कतिश आरमन. গোকুলচন্দ্রও তাঁহার সঙ্গে পলাইয়া আদেন এবং প্রায়ন করার দরণ তিনি সর্বস্থান্ত হয়েন। ইনি বড় ধার্মিক ছিলেন এবং এই ধর্মজীবন তাঁহার পুত্র এবং প্রপৌতে বিশেষ রূপে লক্ষিত হয়। আধুনিক কাঁচড়াপাড়ায় ভূতপূর্ব ইংলণ্ডেশ্বর এবং ভারত-সমাটের পিতৃব্য ডিউক অব্ এডিন্বরা এবং লাট সাহেব লর্ড মেয়ো শিকার করিতে যান।

জগদীশনাথ রাষের এক পূর্বপুরুষ
মৃক্তারাম বাং বঙ্গেশর আলিবর্দি থাঁর
দেওয়ান ছিলেন নবাব ইহার কার্যাকুশলভায় সন্তুষ্ট হইয়া, ইহাকে "রায় রৈ এ"
উপাধি প্রালান করেন, সেই পর্যান্ত এই
পরিবার "রায়" বলিয়া পরিচিত। পূর্বের
ইহাঁদের মুসলমান দত্ত 'সরকার' উপাধি
ছিল। জগদীশনাথ রায়ের পিতামহ গোকুল
চক্ত রায়, যে সময় নরহটে (আধুনিক
কাঁচড়াপাড়া) বাস করেন, সেই সময়
কলিকাতাতেও ভাঁহার আবাস-বাতী ছিল।

এই গোকুলচন্দ্র রায়ের ন্ত্রী পতির মৃত্যুতে
শব লইয়া সহমরণে যান, ইনি যেমন ধার্মিকা
তেমনি তেওবিনী ছিলেন। ইংগর সহস্ত-রোপিত একটে আমর্ক্ষ অদ্যাপিও কাঁচড়াপাড়ার রায় ভবনে বিরাজ করিতেছে।

জগদীশনাথ রায়ের পিতার সঙ্গীত-भाख विंदमय निश्रुगठा এवः हेश्त्राजि লেখাতেও বেশ হুয়শ ছিল। তখনকার যত গ্রণর জেনারেল ছিলেন, তাঁহাদের অভিনন্ন-লিপি ইহাঁরই হস্ত লিখিত। ইনি স্থবিখ্যাত ধনকুবের নিমাইচরণ মলিকের দিক্ষিণহস্ত স্বরূপ ছিলেন, তাঁহার কার্য্যই সম্পাদন করিয়া দিতেন। গুরু-প্রদাদ রায় নিজ বাটাতে বহু ভদ্রসন্তান- » দিগকে অনুদানের সঙ্গে সজে বিদ্যাদান করিতেন। ইহাদের পুরাতন বাটীটি কলু-টোলা ষ্ট্রীটে পড়িয়া যাওয়ার শেষে ইঁহারা হোগলকুঁড়িয়ায় আসিয়। বাস করেন। স্থপরি-চিত ডেপুটা মেজি্ট্রেট ৺ঈশ্বরচক্র মিত্রের नांगिंगे शृदर्स देशामत हिन वरः হইতেই জগদীশনাথ রায় লেখা পড়া করেন। भक्षम वर्ष वस्रतम कैं। इस्ताना साम करानी मनाथ বাবের হাতে থড়ি হয়, অতি অল্পিন গুরু মহাশ্যের নিক্ট পড়িয়া জগদীশ কলিকাতায় আদিয়া হিন্দু কলেজে ভর্ত্তি হন এবং তথা হইতে জুনিয়ার দিনিয়ার উভয় স্কলারসিপ পান ইনি সাত বংগর উপযুর্গিরি মাসিক ৪০ ্ট।কা বৃত্তি লাভ করেন। তথন বৃত্তি রিটেন করা বলিয়া একটা ব্যবস্থা ছিল, সেই নিয়ম অনুসারে জগদীশনাথ রায় সাত বংসর ধরিয়া স্লারসিপ্রিটেন করেন। রিটেন করার অর্থটা কি তাহা বুঝাইয়া দেওয়া

আবিশ্রক। ধরুন পরীক্ষায় একটা পুত্তি পাইলাম, সে বৃতিটি এক বংসরকাল র হল। বংসরের পর নৃত্য ছাত্রদিগের সঙ্গে পরীকা দিলাম এবং উচিত স্থান এছে করেরা বুতিটি রক্ষা করিলাম, এই প্রকার সাত বংদর ধরিয়ানূতন নূতন ছাত্রেরে সঞ্জে সাতবার পরীক্ষা দিয়া জগনীশনাথ তাঁহার ৪০ টাকার বৃত্তিটি রক্ষা করেন; ইহাতেই তাহার মেধা-শক্তির পরিচয় পাওয়া যায়। ইনি কলেজে প্রবেশ করিয়া শেষ পর্য্যন্ত বরাবর শীর্ষপুল গ্রহণ করিয়াছেন, কখন পিতীয় হন নাই। তথন লাই ব্রব্নী-মেডেল বলিয়া একটি স্বর্ণ-भारक **अर्ह्म वर्**षत अल्ड इडेड, शिन्तू কলেজ লাইব্রেরীতে যত পুস্তক আছে, এমন কি স্বাইলাদ, দফোক্লেস্, এবং তরজমা করা পুকস্তগুলিও পাঠ করিতে হইত, কোন পুস্তক निर्फिष्ठे ६ न ना,--- (य कान भूषक, इन्टिं প্রশ্ন দেওয়া হইত, সেই পুস্তকরাশি পাঠ সমাপনাতে মিনিয়াল কলারেরা পরীকা দিতেন, যিনি সর্কোচ্চ স্থান গ্রহণ করিতে পারিতেন, তিনিই স্থবর্ণপদকথানি পাইতেন। উপত্রপরি রায় **छ श**नी मना थ যখন তুইবার মেডেল পাইলেন, তথ্ন কাইনদেল অব্ এডুকেশন হইতে হকুম হইল থৈ ইনি পুনরায় পরীক্ষা দিলে সর্কোচ্চ হইলেও পদক পাইবেন না, যিনি বিতীয় হইবেন তিনিই পদক্ষানি পাইবেন;ইঁহার মতন कुठी উচ্চদরের ছাত্র তথনকার কালে ছিল না বলিলে অত্যক্তি হয় না।

জগদীশনাথের লেখা পড়াশেষ হইলে হিন্দুকলেজে ছয় মাসের জভা একটি অধ্যাপকের আবিশুক হয়, কর্তৃপক্ষীয়েরা ইংকেই মনোনীত করেন, এবং ইনি অতিশয় দক্ষতার সহিত সে কার্য্য সম্পাদন করেন। তাহার ছাত্রদিগের মধ্যে ঘাঁহারা কার্যক্ষেত্রে গণ্য মাল্য হন, তাঁহাদের কথেক জনের নাম উল্লেখ করিতেছি—মহারাজা সার ঘতীন্দমোহন ঠাকুর, 'ক্থ্যাত নাট্যকার দানবল্প, মির, সুপরিচিত উপ্টাল্লন্ন যুরলীধর সেন এবং রমানাথ লাহা প্রভৃতি, (সমধ্যামী-দিগের ভিতর যে করেকজনের নাম মনে আছে)—ভূদেব মুখোপাধ্যায়, প্যারিচরণ সরকার, মাইকেব মধুহদন দত্ত, রাজনারায়ণ বন্ধু, গৌরদাস বদাক, ঈশ্ররচক্র শিংহ, জ্ঞানেক্রমোহন ঠাকুর, নগেক্রনাথ ঠাকুর প্রভৃতি।

জগদীশনাথ রায় সঙ্গীতবিদ্যায় বিশেষ পারদর্শিতা লাভ কবেন, ইনি স্থাপঠ ছিলেন এবং সকল থকার বাদ্যযন্ত্র বাজাইতে পারিতেন। ইংরাজি বাংলা সমস্ত ক্রীড়া, ঘোটকারোহণ, অস্ত্র-विषा। প্রভৃতি সকল কার্যোট ইনি দক্ষ ছিলেন। কথিত আছে, সঙ্গীত শিক্ষা দিবার জন্ম হিন্দুকলেজে একটি পিয়ানো কেনাহয়, অধ্যাপক ছাত্রদের স্বর জানিবার জন্ম বাজনার গ্হিত পুর মিলাইতে বলেন, কেহই কিছু পারিলেন না। কিন্ত জগদীশনাথ রায়ের কঠের স্বর বাদ্য-সঙ্গে মিলিয়া গেল এবং সর্বা শেষ 'কি' পর্যান্ত উঠिन। তাঁহার স্বর যু ক্তকণ্ঠে সুখ্যাতি করিয়া অধ্যাপক বলিলেন "ইনি একজন উৎকৃষ্ট গায়ক হইবেন।'' কলেজ ছাড়িবার সময় সমস্ত অধ্যাপকেরা ইহাকে উচ্চ গাটিফিকেট

ণেন, তন্মধ্যে কাউন্সেল অব্ এডুকেশনের ছইজন নেতার সাটিফিকেট হইতে কয়ছত্র তুলিয়া দিলাম-

"His educational attainments are of such a high and superior order, that we feel po hesitation in stating that since the foundation of the Hindu College up till now, we have never seen a student who could be compared with him" এই সার্টিফিকেটট লিখিয়াছিলেন বিখ্যাত ভাক্তার মটেরেট এবং সার সিসিল্ বিভন। এই বিডন সাহেব পরে বাজালার লেফ টেনেণ্ট গবর্ণর হন। সুপ্রসিদ্ধ বিটন Drinkwater Bethune (Hon'ble দাহেব ইহার সঙ্গে বরুর ভায় আচরণ করিতেন এবং লড এলেনবো, কাপ্তেন রিচার্ডসন, ক্লিণ্ট প্রভৃতি অনেক মহান্মা ইহাকে রাশি রাশি পুস্তক প্রদান করিয়া গিয়াছেন। ছাত্রাবস্থায় সকলেই ইঁহার > পে বন্ধুর ন্থায় ব্যবহার করিতেন।

কাপ্তেন ডি, এন, রিচার্ডদন ইহাকে
বড় ভাল বাদিতেন, বলিতেন "দেক্ষপিয়র
পাঠে তোমার স্থায় দক্ষতা এবং অভিজ্ঞান
দেশীয়দিগের মধ্যে বিরল।" কলেজের আর
একজন অধ্যাপক লিওনার্ড ক্লিন্ট সাহেবের
দক্ষে রিচার্ডদনের মনের বড় মিল ছিল না,
যালালী ছাত্রেরা রিচার্ডদনের বিদ্যার
প্রশংসা করিলে ক্লিন্ট সাহেব বলিতেন
"what a ship is in Calcutta is
but a boat in London." জগদীশনাথ
লাম্মের নিকট অনেক ক্লুতবিদ্য বিলালী

সেক্ষপিয়র অধ্যয়ন করিতে আসিতেন, তন্মধ্যে "রিস্ এবং রায়তের" সম্পাদক শস্ত্র্যুপোপাধ্যায় এবং মিষ্টার এস, পি, সিংহের আত্মীয় স্থযোগ্য ডেপুটা মেজিষ্ট্রেট প্রতাপনারায়ণ সিংহের নাম উল্লেখযোগ্য। পূর্বে সিনিয়ার স্কলার্নিপ পরীক্ষার সত্ত্তর ছাপা হইত, জগদীশনাথ রায়ের অনেক-শুলি প্রবন্ধ এবং প্রশ্লোন্তর এই ভাবে ছাপা আছে।

পাঠ করিবার সময় ইনি এত নিবিষ্ট-চিত্ত হইতেন যে অপর কোন দিকেই তাহার লক্ষ্য থাকিত না, ইহার পিতা গুরু-প্রদাদ রায় মহাশয়ের হঠাৎ বুকে বেদনা ধরিয়া মৃত্যু হয়; যখন ব্যথা ধরিয়াছে, তখন ইঁহার অগ্রন্ধ রায় মহাশ্য়, বাটীর চারিদিকে "জগদীশ, জগদীশ" বলিয়া উচৈচঃ-স্বরে ডাকিতে লাগিলেন, কোন উত্তর না পাইয়া জগদীশনাথের শ্যুনকক্ষ ঘরের ঘারে নলপূর্বক আঘার, করিতে লাগিলেন, তখন ভিতর হইতে ইনি বলিয়া উঠিলেন "দাদা, কি হইয়াছে, কেন আমায় ডাকিতে-চেন ?" পিতার পীডার কথা শুনিয়া দ্রুত-বেগে তাঁহার নিকট গিয়া, হাত দেখিয়া বলিলেন "বাবার নাড়ি নাই, যদি তীরস্থ করিবার মানস থাকে, তবে এই দণ্ডে করুন।" রুদ্ধকে তীরস্থ করা হইল এবং তিনি সজ্ঞানে গুগালাভ করিলেন। ইংগদৈর বংশে পরে সকলেই এই প্রকার দেহত্যাগ করিয়াড়েন, ভুগিয়া অপরকে কষ্ট দিয়া কেছ মহাপথের পথিক হন নাই।

কলেজ ছাড়িবার কিছুদিন পরে হাওড়ায় -নিমক্আফিনের সেরান্ডাদারী থালি হয়, এই কর্মটির বেতন ছিল মাসিক ১০০ টাকা। ১৬৩ বংসর পূর্বে একশত টাকা বেতনের চাকুরি একটা কম জিনিষ ছিল না। পাইবার জন্য यत्तरक है (ठ है। कतिए नागितन। क्षानीन-নাথ রায়ও কর্ম াথী হইয়া বিডন সাহেবের স্থপারিদ-পত্র লইয়া নিমক স্থারিণ্টেণ্ডেণ্ট পিকক সাহেবের সঙ্গেসাক্ষাৎ করিলেন। পিকৃক্ দাহেব তাঁহার অনুরোধ গুনিয়া বলি-লেন "আমি বড় ছঃথিত হইলাম যে বিডন সাহেবের অন্তরোধ রক্ষা করিতে পারিলাম না। কথা কি, আমি প্রতিজ্ঞাপাশে বদ হইয়াছি যে হিন্দু কলেজের স্বাশ্রেষ্ঠ ছাত্রকে এই কর্মটি দিব এবং ংজ্জ্য কাপ্তেন ডি, এল, রিচার্ডসনকে লিখিয়াছি, পত্রের উত্তর আদিলেই যে ছাত্তের নাম আসিবে তাহাকে পদস্থ জুগদীশ-করিব:" এই কথা শুনিয়া नाथ धीरत धीरत मारहरवत घत নিজ্ঞান্ত হইলেন্, খাকিক দুর আসিয়াছেন আবার একজন চাপরাসী আসিয়া বলিল "মহাশয় আপনাকে সাহেব ডাকিতেছেন।" ফিরিয়া গেলে তিনি বলিলেন "আমি বড় হঃখিত হইতেছি যে' কৰ্মটি' কোমায়, দিতে পারিলাম না ৷ এই দেখ রিচার্ডসন সাঙেব জগদীশনাথ রায়কে দিতে বলিতেছেন।" জগদীশনাথ রায় হাসিতে হাসিতে বলিলেন "বিভন সাহেব যাঁহাকে দিতে বলিতেছেন, তাহার নামটি কি?" তখন উহাতে क्रमीमनाथ दाप्र लिथा আছে एमिश्रा मारहर 'रफ्डे चास्लामिठ इहेरलन এरः कर्षां छैंशाकरे मिलन।

প্রথম যেদিন জগদীশনাথ রায় কর্মে

বসিবেন, সেইদিন আফিসে লোকারণ্য, সকলেই দেখিতে আসিয়াছেন কলেজের ছোকরাট কিরূপ, যে এত বড় কর্ম ক্রিবে এবং যে কর্মে হাবড়ার বাঙ্গালবারু রামরতন বম্ প্রতিষ্ঠিত ছিলেন। তখনকার সময়ে মাসিক একশত টাকার 'প্ৰ বড উচ্চ পদ বলিয়া, লোকের ধারণা ছিল। পাথুরিয়াঘাটার অমুকুলচন্দ্র মুখেপোধ্যায়, যিনি বাঙ্গালার হাইকোটের জন্ম হইয়াছিলেন, তিনি জগ-দীশনাথ রায়ের সেরেস্তাদারীর সময়, হাবড়া क्षांक्रमात्री व्यामानर्ज्य गांक्रित हिल्लन. বেতন মাসিক দশটাকা মাত্র ছিল। কিছুদিন এখানে সেরেস্থাদারী করিয়া, জগদীশনাথ ব্লেভেনিউ বোডের গেরেন্ডাদার সেখান হইতে খুলনা জেলায় এক সাহেব নিমক-স্থপারিটেণ্ডেণ্টকে কার্য্য শিক্ষা দিতে যান। এ সম্বন্ধে একটি স্থুনর গল্প আছে, যে সাহেবকে ভিনি শিক্ষা দিতে যান, তিনি একজন যুবাপুক্ষ, কোন এক লর্ডের দিভীয় কিমা তৃতীয়াত্মজ, সাহেবের মাসিক ৪০০১ টাকা বেতন ছিল, কিন্তু ঐ টাকাটা তাহার স্থাম্পেন স্রাপেই ব্যয় হইত, অন্ত খরচের জন্ম জার পিতা মাসে মাসে প্রচুর অর্থ পাঠাইতেন। সে বৎসর খুলনা জেলার নিমক মহলের কার্যা এত ভাল হই মাছিল যে, রেভিনিউ বোর্ড ঐ জেলাকে শীর্যস্থান প্রদান করিয়াছিলেন এবং মন্তব্যের মধ্যে, 'বিলাভের বড় ঘরের ছেলেরা অলদিনের মধ্যে কার্য্যকুশলতা প্রাপ্ত হইয়া দক্ষতার কি সুচারু দুঁষ্ঠান্ত প্রদান করিতে সক্ষম, ইত্যাদি ভাবে সাহেবের গুণামুবাদ ও ধ্যাবাদ করিয়া, গ্রণ্মেন্টকে

এবং গাইন্মেণ্টও বোর্ডের সঙ্গে একম্ভ হইয়াযুবা দাহেবটিকে স্পেদিয়াল ধ্তাবাদ প্রদান করেন। সাহের ধ্রাবাদ-পত্র পাইয়। হাদিয়া আকুল, তিনি জগদীশনাথ রায়ের निक्रं (मोड़िश शिश विनित्तन "(मथ, (मथ, कि मजात कथा, बागि बाज उ कारक छाड़, কাকে পরওনা বলে তাহা জানিং না, আমি মাত্র দস্তথত করিয়াহি, আর তুনি সমস্ত কার্যা করিয়াল। তোমায় ধ্রুবাদ ना निया आभारक वज्यान नियादा। कि মজার কথা, আমি লিখিব, এই ধলুবাদ পাইবার আমি উপযুক্ত নহি, যদি কাহার ধন্তবাদে দাবী থাকে সে তোমার এবং তোমাকে আমি গ্ৰণ্মেণ্ট হইতে ধ্ৰুবাদ প্রদান করাইব।" যে কথা সেই কাজ। তখন জগদীশনাথ গ্ৰণ্মেণ্ট বায়কে প্রদান করিতে ধ্যুবাদ বাধ্য উচ্চ, উদার এই হইলেন। ইংরাজ আপনি সুখ্যাতি না লইয়া, যথার্থ পাত্তকে দেওয়াইল সত্যের ধ্যাবাদ পরাকাঠা দেখাইলেন।

থুলনার কার্য্য শেষ হইলে অতি অল্ল দিনের জন্ম জ্গদীশনাথ রায় বার্ডে পুনরায় ফিরিয়া আসেন। বেঙ্গল গবর্ণ-মেণ্টের একটি আজা ্রেজোলিউসান্) নিমক মহলে লিপিবন্ধ ছিল যে. কোন দেশীয় লোক বসিতে উচ্চপদে পাইবেন না. জগদীশনাথ রায়ের কার্য্য-দক্ষতায় এবং সততায় গ্ৰণ্মেণ্ট এত তৃষ্ট হইয়াছিলেন যে, উল্লিখিত নিয়মটি রদ্ করিয়া, তাঁহাকে নিমক-বিভাগের উচ্চপদ (আসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট)

করিয়া **⇔**লেখরে বদলি করেন। জলেখর হটতে ইহার পুনরায় পদোর্দ্ধি হওয়াতে স্থপারিণ্টেণ্ডেণ্ট रहेश (यिनिनी-পুরে বদলি হড়েন, মেদিনীপুর হইতে তমলকে আপেন এবং এখানে প্রায় আঠার বংসর কাল কার্যা কবিয়াছিলেন। তখন-কার সময়ে একটি নৃতন প্রথা প্রচলিত ছিল, পোষ্টাল বিভাগের তখন উন্নতি হয় মূত্র গং উচ্চপদন্ত গাজকর্মচারীরা পোষ্ট মাষ্টারের কার্যা করিতেন, কেরাণি থাকিত, কিন্তু পোষ্ট মাষ্টার রাজ-জগদীশনাথ কর্ম্মচারী। বায় এই জন্য জলেশ্বর, স্কমলুক ইত্যাদি স্থানে একস্ পোষ্টমাষ্টার ছিলেন : নিমক-অফিসিও বিভাগের হাকিমদের মেজিটেটের ক্ষমতা ছিল, নিমকদংক্রান্ত মকলমার ইহারাই বিচার করিতেন এবং জরিমানা, মেয়াদ।দি দিতেন। এইজন্ম নিমক কাছারীতে জেল ছিল, তাহাতে কয়েদীরা থাঁতিত এবং বর্কন্-मारक्षत्रा নিয়মিতরূপে পাহারা জগদীশনাথ রায় ৩রা নভেদর ১৮৪৮ সালে প্রথম কার্য্যে ব্রতী হয়েন, ১৮৫০ ইংরাজী সালে জলেখনে ধান, বিংসরেক পরেই মেদিনীপুরে ভাষেন এবং মেদিনীপুর হইতে তমলুকে আসিয়া ১৮৬৩ ইংরাজী অন্দ পর্যান্ত (मथारन थारकन। हैः ১৮५८ मरन हैनि कलि-কাতার হাটখোলার 'নিমক স্থপারেণ্টেণ্ডেণ্ট' হইয়া বদলি হৈয়েন; হাটথোলার আফিস থুব জাঁকালে। ছিল, ৩০০ এর উপর 'টিপনবাস ছিল, প্রায় ৪০০ কয়াল ছিল। ইহা ব্যতীত (मरत्रञ्जानात, (%मकात, महारक्ष, व्यत्नक ইংরাজ-সেরেস্তার কেরাণি. मारताना.

বরকলাল প্রভৃতি ছিল, প্রায় বৎসর।ধিক এই কর্মে প্রতিষ্ঠিত থাকিয়া জগদীশনাথ রায়, প্রথমেণ্টে রিপোর্ট করিলেন যে राष्ट्रेरशानात मुक्त-सूनादिक्तिर्छक्त তাঁহার আফিদ রাথা নিতান্ত অনাবশ্রক, **ক্ষতি ব্যতীত উপকার খুব কম** নিম্ক-স্পারিণ্টেণ্ডেণ্টের কার্য্য স্থচারুরূপে কল্টম কালেক্টারের দ্বারা সম্পাদিত হটতে পারে, तिरा विषया हारन र्योहिस्त मारहत महतन একটা গোল পড়িয়া গেল, অনেক সাতেবের ইচ্ছে: এ পদ থাকে । বাণ্য হট্য়া গ্ৰণ্মেণ্ট একটি কমিসান নিযুক্ত করিশেন, তাহার সভা হইলেন- বোর্ডের সিনিয়ার মে**মা**র সক সাহেব, পুলিসের ডেগুটী কমিসনার মেজার রেভলি, নিমক-বিভাগের কর্মচারী ওয়েন সাহেব এবং জ্গলীশনাথ রায়, অনাবেবল এড্লি ইডেন সভাপতি মনোনীত হইলেন। জগদীশনাথ আপনার মত সমর্থন করিতে লাগিলেন এবং ওয়েন সাহেব পদ রাখিবার পকে দও্যিমান হইলে । বহু তর্ক । বিতর্কের পর জগদীশনাথের কখা গ্রাহ হই এবং হাটখোলার আফিস উঠি । গেল। ইতিপূর্কে নিমকবিভাগের উচ্চপদন্ত কর্মচারিগণকে বেঙ্গল-পুলিদে ভর্ত্তি করা **१३०, २०**३११ कामीमनागड বে সল পুলিশে প্রবেশ করিলেন এবং তাঁহাকে প্রেসিয়াল আদিষ্টান্ট স্থপারিন্টেণ্ডেন্ট করিয়া আনিপুরে কর্ম দেওয়া হইল। হাটথোলার আফিদ উঠিয়া যাইরে স্থির হইল এবং জগদীশনাথ কি কর্ম করিবেন তাহার আলোচনা হইতেছে, তখন প্রকাশ इहेन, इंडाँक मानम्ह किनाम (७९)

माक्षिर्द्वेषे कता श्रेत्राष्ट्र। विक्रम, मीनवज्ञ, ঈধর ঘোষাল, ঈশর মিত্র প্রভৃতি অনেক বন্ধুগণ সমবেত হইয়া বলিশেন "তুমি ডেপুটী মেজিষ্টেট হইও নিমকবিভাগে ના. দেশীয়গণের প্রবেশের উপায় ছিল না, তুমি প্রবেশ করিয়া দার উ্রোচন করিয়াছ, তোমার পর স্থাকান্ত বলিয়া একজন ভদ্ৰেকি নিষক মহলে উচ্চকৰ্ম পান, এখন তুমি পুলিমে ডি^৯্ট সুপারিটেওে**উ** হইয়া যদি এ বিভাগে বালালীর প্রবেশ-পথ প্রিষ্কার করিয়া দাও, তাহা হইলে একটা মহৎ কাৰ্য্য সম্পাদিত হয় এবং তুমি বাঙ্গালীর কুভজ্ঞতাভাক্তন হও।" জগদীশনাথ বন্ধুবর্ণের পরামর্শ মত ডিপুটা মেজিট্রেটি গ্রহণ করিলেন না, পুলিশেই প্রবেশ করিলেন এবং ভারতবর্ষের সমগ্র দেশীয়দের মধ্যে প্রথম ডিটি ট স্থপারি-ণ্টেণ্ডেণ্ট হইয়া দেশীয়গণের একটা উপকার করিয়া দিলেন : ৫০ বংসর পূর্ণের এ পদটি বড় মান্যের ছিল, িলিটারী অফিসারেরাই এই কণা পাইতেন,অন্ত সাহেব যাঁরা হইতেন তারা দকলেই বড় ঘরের ছেলে। কর্মটি পাইতে জগদীশনাথ রায়কে একটু বেগ পাইতে হইয়াছিল। যথন তিনি দেখিলেন ডিপার্টমেণ্টের সাহেবেরা একজোট ইইয়াছেন এবং উহাকে এ পদ হইতে বঞ্চিত রাখিতে বিশেষ চেষ্টা করিতেছেন, তথ্য তিনি সার উইলিয়াম থে লেফ্টেনেণ্ট গ্ৰণরের কাছে এক আংশেদন করিলেন। আংবেদনের মন্তব্য ছিল—কেন তিনি এই পদ পাইবেন না, বিদ্যা বৃদ্ধি কার্যাদক্ষতায় তিনি উচ্চ ছিলেন, তবে কিশ্বস তাঁকে এ প্ৰ দেওয়া হইতেছে

না এবং কেন তাঁহার নিমন্ত কর্মচারীরা তাঁহার উপরে উঠিয়া যাইতেছে। এচ্, এল্ ডাম্পিয়ার তখন প্রধান সেক্রেটারী ছিলেন, তিনি ইহার পক্ষ হইয়া জোর করিয়া লিখিলেন. ছোটলাটও ইংগার পক্ষ হইয়া লিখিলেন, नारिभार्य लाई लादक विल्लान दें हात মতন বিহান সুদক্ষ কর্মচারীকে এপদ দেওয়া উচিত। কাগজ পত্র বিলাতে স্টেট সেক্রে-টারীর নিকট গেল তিনি জগদীশনাথ রায়কে এ কর্ম দিতে অনুমতি প্রদান করিলেন, জগদীশনাথ এপ্রিল ১৮৬৮ সালে এ কর্ম পাইলেন, সেই বৎসরের বাঙ্গলার শাসন-বিভাগের রিপোর্টে ছোটলাট গ্রে সাহেব লিখিয়াছেন যে "এই প্রথম আমবা একজন હે છે দেশীয়কে কৰ্ম্ম প্রদান করিলাম।" গেছেট হইবার পূর্ণে এই পদ প্রাপ্তির ক্রা হিন্দু পেট্রাট সম্পাদক কুষ্ণদাস পাল, নিজের সংবাদপত্রে প্রকাশ করেন, সাহেবেরা তথনও এ কথা সত্য বলিয়া বিখাস করিলেন না। এলিফ বরিয়া একজন পুলিশ স্থারিটে-তেণ্ট বলিমাছিলেন "প্যাট্টিয়াটের কথা

বিখাস করি না, জগদীশনাথ রায় কথনই এ পদ পাইবেন না। যখন আমরা তাঁহাকে বলিলাম মাসিক হাজাব টাকা পর্যান্ত ভোমার বেতন হইবে বরাববেই এই আলিপুরে থাকিবে. তিনি আমাদের কথা গ্রাহ্ম করিলেন না। कगनीगनाथ तांत्र विवाहितन, ৫০০টাকায় চিরদিন ভারতবর্ষের এক প্রান্তে. পড়িয়া থাকিব। তবুও আমার এই পদ পাওয়া চাই! এখনি তিনি নিজের ভুল বুঝিবেন। Distinguished officers object on political grounds to a native being placed in charge of a District." ফলে জগদীশনাথ রায় যথন এ কর্ম পাইলেন, তখন দেশীয়েরা বড়ই উল্লাসিত ছইলেন এবং বাসালা ইংরাজি সকল সংবাদপত্রে তাঁহার সংক্ষিপ্ত জীবনী প্রকাশিত হইল। এই নূতন পদ পাইয়া প্রথমেই তাঁহাকে নােুয়াথালিতে যাইতে নোয়াখালি তখন ডাকাতের আবাদ-ভূমি ছিল। (ক্রমশ)

a:--

বেদের কথা

বেদকে আমাদের শাস্ত্রে কেবল সকল জ্ঞানের মূল বলিয়াই নির্দেশ করা হয় নাই; যাবতীয় স্ষ্টিও এই বেদ হইতেই উৎপন্ন হইয়াছে, এমন কথাও বলা হইয়াছে। উভয় কথারই সার্থকত। স্ফুটবাদের উপরে প্রতিষ্ঠিত। আর যাহা সকল জ্ঞানের মূল, তাহা ত সকল সৃষ্টির মূলে পাকিবেই

থাকিবে। কারণ এই স্টিব্যাপার লইয়াই ত আমাদের সকল জ্ঞান। এই জড়ও এই জীব, এই দেশ এবং এই কাল—এ সকলই ত আমাদের জ্ঞানের বিষয়। এ সকলকে আশ্রয় ও অবলম্বন করিয়াই ত আমরা আমাদের যাবতীয় জ্ঞানলাভ করিতেছি। জ্ঞানের এ সকল বিষয় যদি

না থাকিত, তাহা হইলে কি বিষয়জ্ঞান, কি আত্মজ্ঞান, কোনও জ্ঞানই সন্তব হইত না। অত্পব এই বিধব্যাপাবের সঙ্গে আমাদের জ্ঞানকিয়ার এবং জ্ঞান-বস্তর সন্ধা এমনই ঘনিঠও অঙ্গালী যে যহা জ্ঞানের মূল, তাহা অনিবায়ারপেই স্টেবও মূল হইবেই হইবে।

প্রচলিত কথায় বলে, যাহানাই ভাওে তাহা নাই ব্লাণ্ডে। আপাত্তঃ ওনিতে ক্ষাটা কেমন কেমন ঠেকে। বিশ্বহ্নতে কত কি না রহিয়াছে, শহার কোনও কি ই অ মার ভ ভে. অর্থং আ্যার ম:নর ভিতরে नारे। এ पिक् पित्रा कथांछ। पृष्ठे • ३ रे मिथा। কিন্তু অন্ত দিক্ নিয়া দেখিলে, এই কথাটা একান্ত সতা বলিয়াই প্রতীত হইবে। কারণ, বিখে এমন অনেক বস্ত আছে ও থাকিতে পারে, যাহা আমার ভিতরে নাই-'কিন্তু আমার ভিতরে যাহা নাই, তার কোনও জ্ঞানলাভ মামার পকে ত্রো আদৌ সন্তরে না। এ কথাটাই কি অস্বীকার করিতে পারি ? যিনি মা হন নাই, তাঁর অসুবে মাতৃ:স্বহ বস্তুটী নাই। তাঁর ভাওে স্থানের প্রতি মার যে অকৈত্ব, মর্মগ্র বাংসল্য এ বস্তুনাই। স্কুতরং অক্তর্মণীর মধ্যে ইচা থাকিলেও, বন্ধার পকে এ বস্তর জ্ঞানলাভ আদৌ সন্তঃ বাং তার ভাতে এ বস্তু গাই বলিয়া, ব্রহ্মাণ্ডে এ বস্তুর থাকা না থাকা তার পক্ষে উভয়ই সমান। এইরূপ অদ্ধের ভিত্রে বর্ণবোধশক্তি নাই∙বলিয়া, এই বিশ্বের বরণকিরণমেলা থাকানা গাকা তার পঞ্চে স্মান। যে ব্যক্তির কাণে, व्यर्था९ मत्न, त्कान প्रकारतत्र स्वत्वाध

নাই, তার পক্ষে সঙ্গীতও নাই। যাহা কথ,টার এই অর্থ। ইহা আমাদের জ্ঞানের একট। সাধারণ ও সার্বাজনীন ধর্মকে নির্দেশ করিতেহে। অমাদের জ্ঞানকেবল ভিতরে নয়, কেবল বাহিরেও নয়। _জ্ঞানের ছাঁচ-গুণো আমাদের মনে থাকে, এগুনি ভিতরের বৈস্তঃ (জ্ঞার বিষয় গুলি এই বিশ্বে প্রতিষ্ঠিত আছে, সেওলি বাহিরের বস্তা এই ছাচ-গুলোই আমাদের ভাও। এই জে। বিষয়-রাজাই ব্রহ্মাও। বাহিরের বিষয়গুলির গুণাগুণ আমাদের ভিতরের ছাঁচে পড়িয়া, তবে আমাদের জ্ঞানগোচর হয়। নহুবা তারা নিজেরা দোলামুদ্রি অ'সয়া আমাদের জ্ঞানে কুটিয়া উঠতে পারে না। আমাদের জ্ঞান-পক্তির ও জ্ঞান ক্রিয়ার সঙ্গে বাহিরের বিষয়রাজ্যের ও বিশ্ববাঞ্যের এই নিতান্ত ঘনিষ্ঠ, নিতান্ত অঙ্গালী, একান্ত অভেদা ও নিতাযোগ রহিলছে বলিলাই, · आभारतत ८० ठ छ। अत्र प्राचित । उन्हें काणिया আছে, সেই বস্তুই আবার বাহেরের এই বিশাস ব্রহ্মান্ডকে গড়িয়া পিটিয়া তুলিয়াছে ও তুলিতেছে বলিয়াই আমাদের যাবতীয় জ্ঞান্তিয়া সন্তব হইয়াছে ৷ আর এই জ্ঞাই জ্ঞানের মূলে যাহা তাহাই আবার সৃষ্টিরও মূলে রহিয়াছে, নতুবা জ্ঞান সম্ভব হইত না। অতএব বেদ যদি স্কল জ্ঞানের মূলও স্কল জ্ঞানের আশ্রে ও প্রতিষ্ঠা হয়, তবে ভাহাকে সেই কারণেই যাবতীয় সৃষ্টির মূল ও বিশাল ব্রহ্মাণ্ডেরও আশ্রয় হইতেই হয়। যাহা বিখের মূলে নয়, যাহা কৃষ্টির আ্রায় ও প্রতিষ্ঠা নহে, তাহা

কোনও মতেই আমাদের জ্ঞানের মুগ ও জ্ঞানের প্রতিষ্ঠা হইতে পারে না।

ভিতরের ও বাহিরের, ভাণ্ডের ব্রহ্মাণ্ডের, বিষ্ণী ও বিষয়ের, এই মুই'এর মধ্যে যে একাপী সম্বন্ধ রহিয়াছে, তাহার উপরেই ঞড়বিজ্ঞান, 🔊 ববিজ্ঞান, মনোবিজ্ঞান, তত্ত্বিদ্যা প্রভৃতি, যাবতীয় জ্ঞানই প্রতিষ্টিত হইয়াছে। অভ্নাদা কথনও কথন্ও মনে করেন ঘটে যে, তার ণিজ্ঞানটা কেবল ব্রহ্মাণ্ড লইয়া, ভাণ্ডের দঙ্গে তার বড় একটা সম্বন্ধ নাই, কিন্তু ইহা তাঁর কল্পনামাত। কারণ যে সকল কার্য্যকারণাদি সম্বন্ধের উপরে যাব গ্রীয় জড়বিজ্ঞ।নের প্রতিষ্ঠা হইয়া থাকে, দে সকল সম্ম কড়ের মধ্যে প্রকৃত পক্ষে नाहे, व्याभारतत्र भरनर ७३ व्याद्ध। कार्ग्र-কারণ সম্মটা হুইটা বস্তুর উপরে প্রতিষ্ঠিত। একটা ঘটনা পূর্বে, ঘটলে, আর তার অবাবহিত পরে আর একটা ঘটনা এই পুর্ববতা ঘটনার ক্রিয়াফগরণে প্রকাশিত হয়, তবেই ইহার একটীকে কারণ ও অপরটাকে আমরা কার্য্য বলি। সুতরাং এই যে কাথ্যকারণ সম্বন্ধ ইহার মন্যেএকটা পৌঝাপর্যা যোগ বহিয়াছে। অর্থাং বালকে আশ্রে করিয়া এই সম্বন্ধের প্রতিষ্ঠা হয়। কাল বলিতে আমরা ঘটনাপারস্পর্য বুঝয়া থাকি। এই ঘটনা-প্রবাহ যতক্ষণ থাকে, ততক্ষণ কালের জ্ঞান আমাদের হয় না। গভার স্বপ্নহান নিদ্রাবস্থায়, এই এন্ত, व्यामामित कालात कान এक वादाहे नुश्र হইয়া যায়। অভাপকে যখা অনেক বানা একটার পর আর একটা ক্রতবেগে ঘটতে থাকে, আর এ সকল ঘটনাপরপারা

আমাদের মনের উপরে গভীর দাগ রাথিয়া চলিয়া যায়, তখন অতি সামাল্য কালকেও আমাদের অভিশয় দার্ঘ বলিয়া বোধ হয়। অন্যদিকে, গভার ধানে, যথন মন একাগ্র-ভাবে কোনও একটা বিষয়েতে নিব্র থাকে. তখন অতি দীৰ্ঘকালও অতি সামাক্ত কাল বলিয়া বোধ হয়। অতএব ঘটনা-এবাহ व्यामात्मत मत्नत्र छेलद्र त्य भक्न मार्ग दािश्वा हिल्या यात्र, टारावरे उपदं कात्नव প্রতিষ্ঠ। হয়। কাল আমাদের মনের ধর্ম; জড়ের ধর্ম নহে। যে কালের উপরে জড়ের কার্য্যকার্ণ্দম্বরের প্রতিষ্ঠা হয়, ভাহারও चरिष करक नार्ज, मान ; बक्ताएक नार्ट, ভাণ্ডে। জড় কারণও বুঝে না কার্যাও লানে না। আম্রাই তার কাছে দাড়াইয়া তার ক্রিয়ার পারম্পার্যা লক্ষ্য করিয়া, আমা-দের মনের ভিতরকার ছাঁচে ঐ বাহিরের क्रिया खेलाटक दक्षिया ७ हानारे कतिया, তবে, জড়বিজ্ঞানের, বিবিধ বিধানসকলের প্রকাশ ও প্রতিষ্ঠা করিয়া থাকি।

ফলতঃ ভড় ও মন ইংগ্রা যদি একান্ত ভাবে প্রস্পর হইতে সভন্ত হইয়া থাকিত, ভাহা হইলে ভড়বিজ্ঞানের প্রতিষ্ঠা একেন্টারেই অসম্ভব হইত। জড়বিজ্ঞান জড়বল্প নহে, মানসিক সিদ্ধান্ত মাত্র। জড়ের ক্রিয়াকলাপ প্র্যবেক্ষণ করিয়া, তাহাদের মধ্যে পূর্ব ও পর, কারণ ও কার্যা, সম ও বিষম ইত্যাদি সম্বন্ধর প্রতিষ্ঠা করিয়া, মন নিজ-ধর্মান্ম্যায়ী জড়বিজ্ঞানের স্পৃষ্টি, করিভেছে। আর ঠিক আমাদের মনের ধর্মান্ত্যায়ী যদি জড়ের বিকাশ ও বিধ্তনে না হইত, ভাহা হইলে, আমরা কোনও মতেই

জ্ঞানল†ভঁও **চে** দাক ১ কখন ও জ্যের করিতে পারিতাম না এবং জড়বিজান প্রকারের প্রণালী १क বলিয়া কেনেও করিতে अहि क বিজ্ঞানেরও সমর্থ হইতাম না। বাহিরে, জড়লগতে একটা বিধান আছে—ইংরাজিতে ইহাকে Natural order বলে। আর ঠিক এই জড়জগতের বিধানের বা Natural orderএর অনুরূপ আর একটা বিধান আমাদের অভুরেও আছে, ইহাকে ইংরাজাতে Mental order বলে। এই বাহেরের জড়ঙ্গাতের বিধানের সংক্ষ, ভিত্রের মনোজগতের বিধানের ু একটা সৃষ্ঠি ও সামঞ্জ আছে ব লগাই, আমরা জড়বিজানের প্রতিষ্ঠা করিতে পারিতেই। আনর্শের সঙ্গে,বান্তবের যে প্রক্র, মনোগত ভাবের সঙ্গে বাহিরের সেই ভাবপ্রশাশক বস্তর যে সদস্ক, চিত্রকরের বা ভাষ্ক:রর অন্তরে যে ছবি জাগিয়া উঠে, তাঁহারা চিত্রপটে বাশ্মরকলকে যে 'চিত্র মুৰ্ত্তি অক্ষিত বা খেলেই করিয়া থাকেন, তাহার দকে ঐ অন্তরগত ছবির ষে দথকা; আমাদের মনোরাভ্যের সঙ্গে বাহিরের জড়রাজ্যের কতকটা সেই প্রস্থা ক ১কট। বলিতেছি এই জ্বল্প যে চিত্রকর বা ভাস্কর নিজের অন্তরের আয়ত ছবিটী বাহিরে নিজেরাই ফুটাইয়া তুলেন; এই স্কল চিত্রের বা ভাস্কর্য্যের প্রটা তাগারা নি: জরাই। অমবা এই জড়জগতের স্থাবা কর্তানই। কেবল জ্ঞাতামাত। আবে আমবা এই জগংকে জানিতে, বুঝিতে, তাহার বিবিধ मधदावनी ७ कार्याकार्यादक खनानीवन করিয়া তাহা হইতে সার্বজনীন সত্যের ও

স্থ্রের, নিয়্মের ও গতির জ্ঞান লাভ করিতে পারি হৈছি এই জন্ম যে, যে হাঁচে এই জ চজগংব। Natural order গঠিত হইখাছে. পের জাঁঃ আমানের মনের মধ্যেও আছে। অর্থাং স্রঠার হাতের কাজগুলা বাহিরের জড়ে, আর তাঁর মনের ভাবে ও আদর্শগুলা আমাদের ভিতরে তিনি क्रिटिङ्ग। यागास्त्र छ्वात्नद्र (यमन इरे**डे। फिक, -- क्र**केडे। वाश्ति आत अकडें। ভিত্তে প্ৰম জ্ঞান্ত্ৰ সেইরপ্—এক দিক তার বিষয়ের দিক, প্রকাশের দিক, বিবর্ত্তনের দিক, স্টার দিক, ৩টার্থ দিক: অন্তাদিক তার ভিতরের দিক, আদংশরি দিক, নিতা ও তুরীয় দিক। আমাদের নিজেদের কুত্র ওপরিমিত, দেশকালের चनीन विषयुष्ठान (यभन वामावित वाश्वतित মানসিক ছাঁচের বা mental order এর উপরে নির্ভর করিতেছে, বিশাল কিখের এই অদম অনন্ত জ্ঞানপ্রবাহও সেইরূপ বিশপ্তির অন্তরের নিত্য জ্ঞানের যে ছাঁচ তারই উপরে প্রতিষ্ঠিত রহিয়াছে। সেই নিতা জ্ঞানের নিতা ছাঁচের অহুরপেই বিশ্ববিবর্ত্তনের ক্রমশঃ প্রকাশ্য জ্ঞানক্ষ্যোতিঃ ফুটিগা উঠিতেছে। আর দেই আমাদের অগরে পরিণামী নিতারূপে বিরাক করিতেছে বলিয়া, আমরা এই বিশ্বের জ্ঞানরাজ্যকে উত্তরোত্তর অধিকার করিতে পারিতেছি। আর এই যে ছঁ'চটী, (১) যাগ নিতা ভাবে ত্রীয় চৈততে অনাদিকাল হইতে প্রতিষ্ঠিত রহিয়াছে, (২) খাহা পরিণামী নিতারপে নিহিত বহিয়াছে, আর (৩) যাহা জড় ও জাবের স্থিতি ও গতির আশ্র ইইয়া
বিশ্ববিবর্ত্তনে নিয়ত প্রেকট ইইতেতে,—
তাহারই নাম বেদ। ইহুলীরা ইংকেই
Sophia বলিতেন। গ্রীয়োনেরা ইহাকেই
Logos বলিতেন। গ্রীয়ানেরা ইহাকেই
Christ বলেন। বৈফরেরা ইহাকেই
জালীত বলেন। বৈদান্তিকেরা ইহাকেই
জালীত বলেন। বৈদান্তিকেরা ইহাকেই
আমানের সমুদায় জ্ঞানাব্ঞানের একমাত্র
ও নিত্য আশ্রা জড়ের ধর্ম ও জীবের
ধর্ম, ব্যক্তির ব্যক্তিগত ধর্ম ও সমন্তির

সামাজিক ধর্ম, সাধনধর্ম ও লৌকিক ধর্ম, বিবর্তনের স্থিতির দিক ও গতির দিক, এ সকলই এই বেদের উপরে প্রতিষ্ঠিত এবং এই বেদকে আশ্রয় করিয়া প্রকাশিত হইয়াছে ও চইতেছে। এই বস্তকে লক্ষ্য করিয়া মর্মধর্মকে শেলমূলন বলিয়াছেন। এই বেদই শক্ত আশ্রয় করিয়া বিশাল সৃষ্টির প্রকাশ হইতেছে, ইহা সেই ক্টোট শক্ষা এই ক্ষেটেশক্ষতত্ত্বর উপরেই যাবতীয় জ্ঞানবিজ্ঞানাদির প্রতিষ্ঠা হইয়াছে ও হইতেছে।

এ বিপিনচন্দ্র পাল।

বিলাতের টিক্টিকী

()

টিকটিক। কথাটার 'বৃহৎপত্তি কি, লানি
না। কেন যে পুলিশের গোরেন্দাকে বাংলা
ভাষাতে টিক্টিকী বলে, ঠিক বুঝি না।
কিন্তু ইংরেজের চল্তি কথায় ইহাদিগকে
টিক্ বাটেক্ tec) বলা হয়, ইহা জানি।
এই টিক্ বা টেক্ ইংরেজি ডিটেক্টভেরই
সংক্ষিপ্ত সংস্কংশ মাত্র। এই টিক্ হইতেই
কি আমাদের টিক্টিশীর উংপত্তি হইয়াছে ?

দেশী টিক্টিকীর কথা আগরা আজি
কালি অনেকেই জানি। ইহাদের শিক্ষা
দীক্ষা, চালচারত্র কিছুই আমাদের আজ
অবিদিত নহে। ইহারা যে কি করিতে
পারে, আর কি না করিতে পারে, দেবতারাও
তাহা জানেন না, মর্ত্রাদের ত কথাই নাই।
এরা যে ভাবে গোয়েন্দার কর্মা করে,
হাহাও আম্রা স্বল্পবিজর বিলক্ষণই জানি।

কিন্ত, বিলাতের পুলিশের সঙ্গে যেমন আমা-দের পুলিশের তুলনা হয় না, বিলাতের টিক্টিকীর সঙ্গেও সেইরূপ আমাদের দেশের টিক্টিকীরও কোনও বিষয়েই তুলনা হয় না। বিলাতের সাধারণ পুলিশ প্রহরীর মতন, টিক্টিকীগুশাও আমাদের ভদ্রসন্থান পুলিশ ক্ষ্টারী অপ্রেক্ষা আংশ্রন্ত্রে ভদ্রাকে, হৈহা স্বীকার করিতেই হইবে। কিন্তু এজন্ত আমাদের পুলিশ কর্মচারীদিগকে দায়া করা যায় না। এরা যে শাসননীভির অংধীন থাকিয়া কান্ধ করে, এক দিকে সেই নীতি, ও অক্তদিকে যে সমাজের ভিতরে বাঙ্গ करत दिभारे समारखत सामातम स्थाक-श्रकृति,🖥 এই তুই ইহাদের কর্মাকর্মের ও ভাল-मत्त्वत क्रज मण्पूर्वत्य नाथी। এ तिर्म আসিয়া কাজ করিতে হইলে, বিলাতের

পুলিশের কর্মচারিগণও ঠিক এদেরই স্বতন হইয়া মাইবে। ইহা জল ও মাটিরই সাহায়া।

দেশে থাকিতেই আমার ভাগ্যে স্ব.দৰা টি কৃটিকার পরিচরলাভ ঘটেরাহিল। স্বংক্রা चारिकामारगत प्राना श्रेर ७३ पूर्वित्व প্রভূগণ আখাণ গতিনিধি পর্যাকেলণ করিতে আরম্ভ করেন। এখন পর্যান্ত তাঁহাদের ভালু 🕏 এ পরিবের উপর হইতে সরিয়। शिवाद्य विवास मत्न इस ना। कि इ এक-বার একজন লোক ছাড়া আর কেহ কখনও আমার সঙ্গে কোন প্রকারের অনব্যবহার करत नाहै। अथम रा वांकि जामाव गाँछ-বিধি শক্ষ্য করি:তান্যুক্ত হয়, সে অতিণয় ভাল মাহুষ ছিল। বহুদিন প্রান্ত দে যে আমার পেরুনে লাগিয়াছে, ইহা আমি অমুভাই করিতে পারি নাই। একজন মিউনিসিপ্যাল কর্মচারা আমাকে ত্বার কথা নাবলিলে হয় ত আরো বহুকাল তাহার পরিচয় অংশি প্রিজীম না। তথুন আমি রসাবোডের উপরে হাজরা পুকুরের পৃলে, একটী বড়ে'তে বাস করিতাম। আর বাজি দিবারাত্র হাজর। পুরুরের বাগানের ভিডরে বসিয়া আমার বাড়া পাহার। দিত। আনি যান বাহিরে य हे शाय, (प्रव काम'त मान मान याहे ठ, व्यथम दित्न यथन वाभि हेश लका कतिनाम, (म नि॰ इ (न ध्वा निशा एक निना अ मि টে: यে উঠিয়। हि. एक वि ८१७ (में ज़िया वा निया ট্টান ধৰিল। আমমি অমন টুনি হইতে मार्थियो পড়িলাম, দেও অমনি নামিয়া গেল। আমি তথন তার নিকটে গিয়া জিঞাদা করিলাম--"তুমি কি আমার উপরে

মোতায়েন হইয়াহ ?" (नहातीत মৃথখানি खकाहेबा (গन-नम्बाटात विनम-·वात मार्टिन, कि क'त्रव, (भटित भारत এड কারিতে হটতেইে। তবে আম। অপিনার কোনও আনত্ত হংবে না। অপিনার স্কল সভাতেই আন্ম উপস্থিত थाकि 🕶 व्याताने या तत्का, जाहा अनिया থাক। আপনি তে। আমাদেরই ভালোর জন্য এত কট্ট ভূগিতেছেন, হল জ্বান্ত বুঝি কংশের রাজ্যে যেমন অকুর ছিল, আমাকেও পেইরিব মনে করিবেন। আমা र. (७ अभिनात (काने ७ अभ्यन रहे(य न ," কথা গুনিয়া আমার চক্ষে জল আসিল। অন্ম তাহাকে বলিলাম—"তা তোমার কর্ত্তব্য তুমি করিবে, ভাতে আর দোষ কি ? তবে আমার পিছনে কে চলে ফেরে, ইহা আমি জানিতে চাই মাত্র। ষ্মার আশার কোনও আপতি নাই।"

বিলাতেও ঠিক এই এপই ঘটরাছিল।
আমার পশ্চাতে যে টিক্টিণী লাগেয়াছে
বহুলিন পর্যন্ত আমা হছা জানিতে পরি
নাহ সেধানেও যে আমাকে নঞ্জবন্দী
করিয় রাখা হুইবে, ইহা কর্মাও করি
নাই। স্বত্রাং প্রথম পাঁচ ছ্য সপ্তাহ কে
সঙ্গে যালো না যায় কেহ সর্বাদী সঙ্গে যালো না যায় কেহ সর্বাদী সঙ্গে নাই।
একদিন লণ্ডন সহরের উত্তরাংশে এক
স্থানে ডাক্তার র্থাক্লোডের একটা বক্তুতা
হয়। র্থার্ফে ড ত্থন পালেতি কেটের সভ্য

ছিলেন। खूर्बर (Surat) यथन कः अत्मत

८१५क, रुष, तम नभरत्र देनि अ:पर्न कार्मिया-

ছিলেন এবং কংগ্রেসেও উপস্থিত।ছলেন।

আমি তথন বক্লারে ব দী। আমার সঞ্চেত্রই দেখা সাক্ষাং হল নাই, কিন্তু বিলাভ গোলে অনুনিনের মণ্যেই বেশ অলাণ আল্লায়তা হইরা থায়। এদিন তিন ভারতবর্ষ সথকেই বক্তৃতা করিবেন, এরণ বিজ্ঞাপন দেওরা হল। অনুনেক বিলাভ ব্বাসা ভারতব্যা এই সভাতে যাইয়া উল্লাহত হল। অমার সঙ্গের একটা পার্লি বন্ধ এবং তাঁর সহবর্ষিণাও এই বক্তৃতা হলতে ফান। এই দিনই, এই বক্তৃতা হলতে ফিনিবার কালে, আমার পিহনে যে তিক্টকা লাগেরাছে, সে কথা থামি প্রথম জানিতে পাই।

ু অং মরা "বাদে" (Bus) চড়িয়া বাড়ী ফিরিতেছিলাম। বাদের ভিতরে আমার পার্শি বন্ধুটী, তাঁর গৃহিণী, এবং আমি, আমরা এই তিন জন: এদেশীয় লোক ছিলাম। অপরাপর ভারতাগ র। অনেকে বাসের উপরে তলায় খোলা হাওয়াতে যাইণা বসিয়াছিলেন। "বাদের" কন্-ডাকটার আমাদের টিকিট দিয়া উপরের যাত্রীদের ভড়ো আনায় করিতে গেল। দেধান হইতে ফিরিখা আদিয়া আমায় বলিল – "স্থারু আপনার কোনও বন্ধাকে কি উপরে আছেন ?" আমি উত্তর দিবার পূর্বেই আমার পার্শি বন্ধুটী বাললেন—"আমা (भत्र व्यानक वसूरे (ट। উপরে व्याध्न." কন্ডাকটার ব'লল---"না, আমি আপনা-(म्र > र्मम्वामीराव कथा वल्छि नः। (कःमख ইংবেজাক আপনাদে সঙ্গে আছে ?"অ মণা বলিলাম "না", তথন সে বলিল "তাহা ়ু ইলে **এक्क्न (नाक जा**शनात्तत (भडू नहेशां हि।"

"তুমি কি করিয়া জানিলে ?'' "দে ব্যক্তি আপনারা কোথাকার কিনিয়াছেন ইহা ভিজ্ঞাদা করে। তপন আমি বলিলাম 'আপনারা মার্কেল আর্চের টিকিট নিয়াছেন—বোধ হয় খার টিকিটও আপনারাই 'কিনিয়া থাকিবেন! তংন দে ব্যক্তি বলিল—'না তাঁরা আমার টিকিট নেন নাই—তুমি আমাকেও এতেই আমার সন্দেহ হয় এ ব্যক্তি আপণাদের কগো (follow) কছে।" আমর। তথন ব্যাপারধান। কি বুঝিলাম। আমার বন্ধুনী 'বাদে'র কনডাকটারের হাতে একটা ছয়-স্থানি রূপার ছয় পেনী) দিয়া वनिर्मन-"वामना यथन (नर्व सान, उथन তুমি ইশারা করিয়া দেই লোকটীকে আমায় দেখ। ইয়া দিও।'' সে যথাসময়ে তাগাই করিল। তথন বাস্ হইতে নামিয়া আমার বৃদ্ধী এই বাজির পশ্চাতে পশ্চতে গেলেন। দে একটা গড়োর ছায়ায় লুকাইয়া व्याभता (कान् পरंश याहे, त्विश्वात (हंशे করিল, আমার বন্ধুটিও সেইখানে ঘাইয়া তার কাতে দাঁড়াইয়া তার চেহাবানী লক্ষ্য क्तिरंड नागित्नन। (त्र न्तिया (गन, তিনিও সরিয়া গেলেন। এইরপে হুজনে খঃনিকটা বেশ দীলাখেলা হংল। ইচি মধ্যে অংমার বন্ধুর গৃহিণীও তাহাকে বেশ করিয় চিনিয়া লইলেন। খানিকক্ষণ পরে আমার বর্দী আমাদিগকে অগ্রাণর হইতে विवाश এह शतिव छिक् छैकी (वहाडीत (পছूरन নিজে টিক্টিকীর কর্ম করিতে লা গলেন। সে (१थिन चात चामारमत (१५ न ७ तो मखनभत

নহে; তথন আরু এক পথ ধরিয়। চুলিয়।
গেল। আমার বকু ীও তথন দ্রুত পাদবিক্ষেপে আমাদের সংস্থে থাসিয়। জুটলেন।
বিশ্বা টিকুটকার সংস্থোমার এই
প্রথম পরিচয়।

हेरात कि हूनिन পরে আমার এই বন্ধর গৃৃহিণী, তাঁহার এক স্বজাতীয় আমার পুত্র, আমার সেক্টোরা—একটা আইরিশ মহিলা, এবং আমি, আমরা তু পাঁচজনে মিলিয়া লগুনের একটু বাহিরে ইলফোডনামক উপনগরে একটা সভায় যাই ৷ পথে লণ্ডন ব্যাঙ্কের নিকটে আমার পার্শি বন্ধুটাও আমাদের দঙ্গে আগিয়া (৵াটেন। আমেরা লিভরেপুলঞ্জীট রেল ষ্টেশনে গাড়ী চাপিয়া ৩বে ইলফোর্ডে যাইব, এরপ বন্দোব ও ছিল। বসকের পাশ দিয়া ষ্টেশনে যাইভেছি, তথন সন্ধ্যা 'হইয়া গিয়াছে। পথে গ্যাস জলিতেটে, সময় প্রায় ৭॥ • টা। আমার বন্ধুর সৃহিণী এক-বার কি কারণে পিঁচাতের দিকে চাহিয়া দোৰলেন একটা লোক আমাদের পণ্চাতে আগিতেছে। তিনি বলিলেন—মিঃ— আঁপনার শরারর্ক্ক ঐ আস্ছ। আমরা সকলেই তথন তাহাকে দেখিবার ক্ল দাড়াইয়া গেলাম। আমাদের ভাব বুঝিতে পারিয়া গরিব শেচারী একেবারে লগুন ব্যাকে চুকিয়া প'ড়ল। রাত্রি সাড়ে সাতটায় ব্যাক্ষে ঢুকিতে যাওয়াই ভাব মুর্থতা হটয়।ছিল্৷ সুতরাং তাহাকে না এদিখিয়াই আ। মাণের সঞ্চেহ দূর হইয়া গেল—পে যে আমারই পিছদে চলিয়াছে ইহা স্থির পিদ্ধান্ত হইল। ক্রমে আমরা ঔেশনে

ছকিয়া পড়িলাম। আমার বন্ধুটা টিকিট लहेर इ (गरनन। (मयार्ग याहेस। (क्यिनन লোকট। দুরে দা।।ইয়া আছে, তার কেমন ছগামি করিতে ইচ্ছা গেল; তাই টিকিট বিক্রেভাকে বাললেন—"দ্যাথ, ঐ ব্যক্তি আমার স্ত্রীর পেছ্রান লাগ্যাছ —আমরু কোথাঃ যাঞ্জিতাহাকে বলিও মা।" ^{*}তথন সে ব্যাক্ত একটু উত্তেজিত হইয়া বলিল "সে কি কথা মুখায় ? এক্ষণি একে আমি পুলিশে निष्डि।" (यहे वना **०**म्नि पूर्वन छाका। পুলিশের পাহারা ওয়ালা এই ভূনিব। মাএই সে ব্যক্তিকে ঘাইয়া পাকড়াও করিল। তখন হুজনে টিকিট ঘরে ঢুকিয়া গেল এবং পাহারাওয়ালা ভার কাগঙ্গ পত্র দেখিরা, অত্য দর্জ। দিয়া সরিয়া পড়িল। আমরা তথন প্লাটফরমে আসিয়া দাড়াইয়া ট্রেণের প্রতীশা ক্রিতেছি। আমার টিক্টিকা তথন আমার কাছে আবিয়া সমন্ত্রমে টুপা বুলিয়া বলিল-"মঃ—আমার কোনও অপরাধ নাই— মিদেস অনুষ্ঠ ভড়কিয়া গিয়া এই গোলটা মি:সণ—ঈষং হাসিয়া বাধাইলেন।'' বলিলেন-"তুমি বুঝ তাই ভাবছো ৷ আমি তোমার চিনেছিলাম। তোমাকে অপ্রস্তুত করার জনাই এ ফাঁদে পাতা হয়েছিল।" তখন লোকটা আমার দিকে মুখ ফিরাইয়া বলিল -- "মি:-এ শাজটা বে আনার মনোমত তাভাববেন না। সময় সময় নিজের উপরে ঘুণাহয়। কিন্তু কি করি ক্র'পুত আছে, তাদের রুটর ব্যবস্থা করিবার জ্বতা এমন কাজও করিতে হচ্ছে।" থানিক পরে, আমর। তখন ইলফোর্ডে নামিয়াছি, স্থামার কাছে আসিয়া বেচাবি আবার বলিল-"মি:--আজকের এ ব্যাপারটা যদি খবরের ক'গজে বাহির হয় বা কর্তাদের কানে উঠে, গরিবের অর শারা যাবে। কারণ আমানের আপ নাদের কাছে জ্লানা বা কোনও প্রকারে আপেশাকে উ । তুমুন কি আমরা যে আপনার পিছনে পিছনে ঘুরি,' ইহা चूनाक्षरत ७ व्यालनारक का∘रङ (मध्या ∸चरतीक्रज প্রকাশ করে নাই।

ফামাদের পক্ষে অতিশয় দ্ওনীয় ব্যাপার। আপ ন আমায় ধনিয়া ফেলিয়াছেন, এটী রাষ্ট্র হলে একণি আমার কাজটী যাবে।" বেচারার মুখ দেখিয়া আমার বড় রূপা হইল। আমি তাহ:কে সভয় দিয়া বলিলাম—"আমা হটতে ভোমার কোনও অনিষ্ট হইনে না।" তদক্ষি এ বাক্তি আমার ণয়ু হট্য়া গেল; কখনও কোনও

গ্রীবিপিনচন্দ্র পাল।

বিশ্বের প্রেম

ভানবাসে পাথী, প্রভাত-আলোকে নিতি সে শুনায় গান; ছায়া দানে মোর ভালবাদে তক্ন, জু গায় তাপিত প্রাণ ! ভাগবাদে উধা, 🧴 প্রতি নিশি-শেষে । (मात शृंदर (१व (१थ);---চুমিয়া সোহাগে নিমীল নয়ন; মুছে স্বপনের লেখা! ভাৰবাদে মেঘ নীল অঞ্লে দেয় থররবি ঢাকি'; करत (भ वोजन মলয়-প্ৰন কুত্বম-সুরভি যাখি'। অস্ত-অ5লে কনক তপন — করুণ বিদায়-ছবি— মোর পানে চাহি' ডুবিতে না চায়, ভাগবাসে মোরে রবি।

ভালবাসে নিশি, দিবা-অবসানে মোর কাছে আগে ধীরে; ছড়ায়ে জড়ায়ে কুণ্ডল রাশি 🐑 স্থামারে রাখে গো বিরে। প্রিয়াগমতন বঁথে মোরে ভার নিবিড় ে ুমের পাশে; তেমনি ক্রিমি মিশে যাই যেন নিভূ হ"তেমনি (भारह (नैशिकांत चारम ! িখের প্রেম শতধারে আসি পশিছে, আমার প্রাণে; হালেটিক, আঁধারে, বরণে, গন্ধে কত রদে, কত গ নে। ဳ মনের পাত্র ভরি লইয়ীছে আসাদ দে সবার ; ধক্ত আমি ুদে. কু ভার্থ আমি, ্নমি সবে বার বার। 🔄 গিরিজানাং: মুখোপাধাায়।





<u>---6)(6)---</u>

(চট্টগ্রামে, সাহিত্য সন্মিলনীর ষষ্ঠ অধিবেশনে)

সভাপতির অভিভাষণ

মা দঙ্গীত-সাহিত্য মাতা, জননী ভারতি ! ভারতের এই প্রান্তপ্রদেশে আবার ভারতি ! তোমার আরতি করিব। এই সম্বৎসর আমার নিভূত নিলয়ের নিস্তব্ধ কক্ষে আমি নিত্যই তোমাকে ডাকিয়াছি;—কিন্তু আজি আর এক ভাবে তোমায় ডাকিব। এখানে মা! আমার কণ্ঠস্বর ঘতই ভগ্ন হউক, এই সহস্র সাহিত্য-সেবকের প্রাণের ঝঙ্কারে আমার কর্কশ কণ্ঠের কঠোরতা বিলুপ্ত হইবে; আমার ক্ষুদ্র তাল সেই ঝঙ্কার অতি বিপুল করিয়া তুলিতেছে। তোমার সহস্র সেবকগণের শক্তির সহিত মিলিত হইয়া আমার ক্ষীণা শক্তি মহতী মূর্ত্তি ধারণ করিয়াছে। দাও মা ! তোমার অভয়[°] চরণের শীতল ছায়া.— আমরা সেই ছায়াতলে শুমবেত হইয়া, প্রাণের সমস্বরে ঋষভ পঞ্চমে তোমার আরতি গান করি। এস ভাই ! সকলে উত্তরবঙ্গ দক্ষিণবঙ্গ পূর্ববিঙ্গ পশ্চিমবর্গ ভূলিয়া, আমরা ভারতে ভারতী দেবীর বন্দনা করি। রল ভাই। সকলে মিলিয়া বল, - মা। আমরা যেন তোমার মন্দিরে আসিয়া ছেষাছেষি রেষারেষি চিরদিনের জন্ম ভূলিয়া যাই। যেন বৌদ্ধ আন্দ,

হিন্দু-মুসলমান সকলে প্রাণের সহিত বলিতে পারি,---

"তুমি বিদ্যা তুমি ধর্ম, তুমি জদি তুমি মণ্ট, ত্বং হি প্রাণাঃ শরীরে;

বাহুতে তুমি মা শক্তি, হৃদরে তুমি মা ভক্তি, তোমারই প্রতিমা গড়ি মন্দিরে মন্দিরে।"

চট্টগ্রামের অভ্যর্থনা-সমিতি আমার মত অকৃতী অধমকে সাহিত্য-সন্মিলনের সভাপতি নির্বাচন করিয়া, এই সমগ্র বিদ্বংসভ্য দেই নির্বাচন অন্তুমোদন করিয়া এবং অধমকে সভাপতিত্বে বরণ করিয়া আমার গৌরব বুদ্ধি করিয়াছেন। এ কথা আপনারা বিনয়ের মামুলি কথা বলিয়া অগ্রাহ্য করিতে পারেন, কিন্তু এই কার্য্যে যে আপনারা আপনাদের গৌরব বৃদ্ধি করিয়াছেন, সে কণা অগ্রাহ্য করিবার উপায় নাই। রাজা মহা-জগদ্বিখ্যাত রাজাকে, প্রফুল্ল-জগদীশের মত স্থবী মনীধীকে দভাপতি সকলেই করেও করিতে পারে। কিন্তু **আ**মার মত **অক্নতী** সাহিত্য সেবীকে কদমতলার কোণ টানিয়া আনিয়া যে এই মঞ্চের সর্ব্বোচ্চ স্থানে অধিষ্ঠাপিত করিয়াছেন, এই কার্য্যের মহত্ব তন্মহত্বং মহত্বং—যতদিন বঙ্গসাহিত্য থাকিবে, ততদিন ঘোষিত হইবে।

আমার একটি শিষ্যের মত, সাহিত্য-সেবা-রত ভদ্রলোক আমাকে সেদিন চুপি চুপি জিজ্ঞাসা করিতেটিছলেন, "অভিভাষণ" কাহাকে বলে গ আমি বলিলাম, ''তা'ঙ জ্ঞানি না : গত বৎসরের পূর্ব্বে অতবড় কঠিন কথা আমি কখনও ব্যবহার করি নাই।" আবার প্রশ্ন হইল.—"যেখানে অভিভাষণ হয়. দেখানকার কথা কি বলিতে হয় ?" আমি বলিলাম.—"মহারাজ তাই করিয়াছিলেন. আমাদিগকে মহাকবি কালিদাসের কুটুম্ব কবিবাব উদ্যোগ কবিয়াছিলেন। আমি ত সে সব কিছু পারিব না: চট্টগ্রামের কথা আমি ত কিছ জানি না। বৈবাহিকের "বিশ্বকোষ" উল্লাটন কবিষা কতর্কটা বিদ্যা জাহির করা যায়, ক্রিস্ক তাহাও পারিব না।" "তবে আপনি বলিবেন কি ?'' আমি উত্তর করিলাম,—"আমি বলিব সাহিত্য সম্বন্ধে, ভাষা সম্বন্ধে, আর আমার চিরদিনের কথা বাঙ্গালার স্বাস্থ্য সম্বন্ধে।" এবার শিষ্য গুরু সাজিলেন, বলিলেন,—'ও শেষ কথাটা বলিয়া আর কোন ফল নাই।" আমিও গম্ভীরভাবে আমার গুরুত্ব রক্ষা করিয়া গীতা আওড়াইয়া বলিলাম,—

"কর্মণ্যবাধিকারত্তে মা ফলেষু কদাচন।"
আমার গুরু গান্তীর্গ্যে শিশ্য ভূফীন্তৃত হইলেন।
বাস্তবিক আমি চট্টগ্রামের প্রায় কিছুই জানি
না। জানিতাম সেই একজনকে—চট্টগ্রামের
একমেবাদ্বিতীয়ং সেই নবীনচন্দ্র সেনকে।
জানিতাম কেন বলি, তাঁহার সহিত বিশেষ
বন্ধছই ছিল। কিন্তু সেনবীন ত আর নাই।

শোককাহিনী আর বাড়াইব না। আমার বড় পান্সে চোথ, অশ্রুবর্ষণী লেখনী এখনই সভা নষ্ট করিবে। বরং এমন করিয়া বলি, যিনি হাসিতে হয় হাস্থন, আর যিনি কাঁদিতে হয়, কাঁদিতে থাকুন।— আজি আমার এই ক্লম্থ-মূর্ত্তির বাম গার্শ্বে দেই নবনীত-নিন্দিত কান্তি, হাস্তোজ্জলমূথ, ফুর্ত্তমুথক্তী, স্থবিক্তস্ত-কেশকলাপ, জলভরা প্রাণভরা বিশাল-চক্ষ্ যদি বসাইতে পারিতাম, তাহা হইলে আপনারা সেই অপূর্ব্ব যগলমূর্ত্তি নিরীক্ষণ করিয়া মোহিত হইতেন। কিন্তু সে নিত্যনবনীতক্ত্রী আর ত দেথিতে পাইব না।

আর এথানকার শ্রীযুক্ত আবহুল করিম সাহেবের স্কুপায় আমরা জানিয়াছি যে, অনেক গুলি মুসলমান কবি বাঙ্গালায় রাধারুফলীলা প্রভৃতি অতি গুহু বিষয়ে, অতি স্থন্দর পদাবলি লিখিয়া ভক্তিসাধনা পরিতৃপ্ত করিয়াছেন এবং ভক্ত বলিয়া বিখ্যাত হইয়াছেন। করিম সাহেবই সর্ব্ধ প্রথমে কৈ জ্বিলালিওয়ালের পরিচয় আমাদের নিকট দেন এমন নহে, তিনি আরও বিস্তর ছোটবড় হিন্দু মুসলমান কবির পরিচয় আমাদিগের কাছে দিয়াছেন; তাহার মধ্যে মুসলমান শৈয়দ মর্ক্ত জা আলি, এতিম নাছির, সৈয়দ সোলতান, নুরমহম্মদ, সৈয়দ আমাইদ্দিন, উন্ধীর আলি পণ্ডিত এবং হিন্দু কবি নটবল্লভ, দ্বিজ রঘুনাথ, ভবানন্দ, বাস্থদেব প্রভৃতির পদাবলিও তিনি প্রকাশিত করিয়াছেন। করিম সাঁহেব এই জন্ম সমগ্র সাহিত্য-দেবীর কাছে ধ্রত্থবাদ পাইবার যোগ্য । চট্টগ্রামের সাহিত্য-সেবার আর যাহা কিছু পরিচয় পাইয়াছি, তাহা পরিশিষ্টে বলিব।

এইথানে দাঁড়াইয়া যদি বলি, সৌন্দর্যাময়ের

জগৎ সৌন্দর্য্যের ভাণ্ডার, বোধ হয় জাহা হইলে কেহই আমার প্রতিবাদ করিবেন না। এই মধুমাসে মধুর সন্মিলন, মধুর মলগা-নিল সাগর-বক্ষ বাহিয়া প্রাণ শীতল করিতেছে, নানাবিধ বিহল্পের কলকাকলি রবে স্বভাবের কুঞ্জভবন সকল মুখরিত হইত্তেছে। ফুল ফুটিয়াছে,সৌরভ ছুটিয়াছে; আম্রশাখা মুঞ্জরিত, মধুমক্ষিকা সকল 'ম' 'ম' শব্দে অনবরত মধ্যম পঞ্চম স্থরে ঝঙ্কার দিতেছে। শাখিবর লতার বহুধারা বাহুলতা বেষ্টনে স্তব্ধপ্রায় হইয়া, ''প্রিয়তমা নিদ্রা যায়, পাছে বিল্ল হয় তায়,

নাহি নড়ে, কথা নাহি কয়।"
চারিদিকে দৌন্দর্য্যের ছড়াছড়ি দেখিবার জিনিষ, উপভোগের সামগ্রী। কিন্তু সকলে দেখিতে পার না, উপভোগ করিতে পারে না। উপভোগ করিতে পারে না। উপভোগ করিতে না পারিলে মনুযুত্ব কৃমিয়া যায়, মনুযু বর্বার থাকিয়া যায় বা ক্রমে, হইয়া পড়ে। সকলরূপ সৌন্দর্যা উপভোগের ক্ষমতাই প্রকৃত মুমুষ্যুদ্ধের নিদর্শন।

এই সৌন্দর্য্য আকাশে পাতালে, ভূতলে পর্বাত নিথরে—সকল দিকে, সকল সমরে অজ্ঞ ছড়ান আছে। রথাশগজপদাতি-সেবিত নূপতি যেমন হীরামরকতমাণিক্য-মণ্ডিত প্রাসাদে সৌন্দর্য্য দেখিতে পান, দীনদরিদ্র পর্ণকৃটীর্বাসী ক্ষষকও সেইরূপ তাহার শস্ত-শ্যামল ক্ষেত্রে নয়ন ভরিয়া সৌন্দর্য্য দেখিতে পার। তবে উপভোগের প্রবৃত্তি ও ক্ষমতা হয় ত সমাটেরও কথন কথন থাকে না, তিনি হয়কেননিভ শায়ার শায়িত হইয়াও মর্ম্মনাহনে দয় হন, আবার দীনহীন দরিদ্র তাহার পর্ণ-শ্যায় শায়িত হইয়া পোন্দর্যমরের আনন্দ-রূপে বিভোর হইয়া থাকে।

ভগবান্ বৈচিত্তা-প্রিয়; জগৎ বৈচিত্তাময়।
ভগবান্ শৃঙ্খলাপ্রিয়, জগৎ শৃঙ্খলাময়।
বৈচিত্তোর সঙ্গে সঙ্গে যে শৃঙ্খলা,—বহুর মধ্যে
এক ভাব, তাহাই জগতের মূল; বৈচিত্তোর
মধ্যে যে শৃঙ্খলা তাহাই সৌন্দর্য্যের মূল। এই
সৌন্দর্য্য যিনি উপলব্ধি করিতে পারেন, তিনি
পরিত্পাহ্রন, প্রফুল্ল হন; তাঁই রিং মনে মঙ্গলময়ের মঙ্গলভাব জাপনা আপনি উদিত হয়।
অল্লবিস্তর সকলেরই হয়,—হয় ত ভারতবাসীর
এবং য়ূদীয়াবাসীর অধিক পরিমাণে হয়। সেই
জন্মই অন্য জাতি বিশ্বতির অতলে বিল্প্তা
হইলেও, ভারতবাদী ও য়ৃদী আজিও জীবস্তা
রহিয়াছে, শত নির্যাতনেও তাহারা জীবস্তা।

স্থকুমার সাহিত্য-দেবায় এই সৌন্দর্য্য উপভোগের ক্ষমতা জন্মায়, বৃদ্ধি পায় এবং হয়।

রস-রচনার নাম সাহিত্য। সৌন্দর্য্যের
নাড়া চাড়া করিলে রস বাহির হয়। "ধার্ম্মিক লোক সংসারের শ্রেষ্ঠ জীব" বলিলে শ্বরূপ উক্তি হয়, সত্য কথা বলা হয়, কিন্তু "ধার্ম্মিক লোক পৃথিবীর অলঙ্কার" বলিলে সেই একই কথা স্থান্দর করিয়া বলা হয়, তাহাতে রস জন্মায়। প্রথমটি কেবলমাত্র ভাষা, দ্বিতীয়টি সাহিত্যের টুকরা নমুনা।

বছকালের শিক্ষার এবং অভ্যাদের গুণে, জলবায়ুর প্রক্কতিবশে আমরা একরূপ কোমল-সভাব হইয়াছি; আমাদের মাতৃভাষা এত সহজে স্থন্দর হয় যে, আমরা মনে করিলেই সাহিত্যের সৌন্দর্য্য স্বচ্ছন্দে উপভোগ করিতে পারি। "ভালবাসি",একটি অতি সাধারণ কথা। 'আমি ত্যোমাকে ভালবাসি' কি না—ভাল বলিয়া জানি ও বিশাস করি। কথাটি বৈদিক नम्, मःऋठ नम्, विष्मि नम् - थां हि वाक्रमा কথা। কিন্তু ঐ কথাটির ভিতর কেমন স্থলর ভাব লুকাণ্ণিত বহিগাছে! "ভালবাদি তাই আদি" চিরিয়া দেখাইতে গেলে মানে হয়. তোমাকে ভাল বলিয়া বিশ্বাস করি, তাই তোমার কাছে॰ আসি। ক্রিস্ক চিরিলে ত সাহিত্য থাকে ন'। ''ভালবাসি তাই আসি'' এই ক্ষুদ্র আয়তনেই রদবিন্দু অতি স্থন্দর পরি-পুষ্ট হয়। আর একটি যৌগিক শব্দ 'দেখন-হাসি'-পরম্পর দেখা হইলেই মুথে হাসি আপনা আপনি আসে; হৃদয়ে রস উথলিয়া উঠে, মুথে তাহার মৃহ তরঙ্গ থেলিতে থাকে। এমন বহুতর কথা দেখান যাইতে পারে। এই-রূপে ছোট ছোট কথার বিচার করিয়া, জয়-দেব-চণ্ডীদাস হইতে রবীক্স-দেবেক্স পর্যাস্ত কবিকুলের রচনার ভঙ্গী দেথিয়া আমরা বলিতে পারি যে, দাহিত্য আমাদিগকে ঘিরিয়া রাথিয়াছে। অতি শৈশবের দেই ঘুমপাড়ানি গান – "বাটাভরে পান দিব, গালভরে থেও"। আর অস্তিমে দেই হরি-সঙ্কীর্ত্তন-সমস্তই সাহিত্য-মাথা। এই জাতির পক্ষে সাহিত্য-मिल्रानार स्नुन्तत् वावस्था। यनि कौन পথে আমাদের প্রকৃত সন্মিলন হয়, উন্নতি হয়, বিকাশ হয়, তবে এই স্থকুমার সাহিত্যের পথেই হইবে

সাহিত্য ছাড়া আমাদের আর কি আছে বলুন ? আমাদের প্রকৃত প্রাতন সনাতন সমাজ, অসাড়, অনড়, নির্মাত, নিঙ্কপ্প বিরাট দেহে বিশাল বক্ষে তর করিয়া জমি লইয়া পড়িয়া আছে; আর সেই দেহের্র উপর তাওব নৃত্য চলিতেছে,—নাচিতেছেন নীতি-ুসংস্কারক, ধর্ম্মসংস্কারক, সমাজসংস্কারক !!! সংস্কার

শইয়া দ্যালন হয় না ভাঙ্গার পর গড়া ছইলে সংস্কার হয়। কিন্তু : ফুর্ভাগ্যবশে আমরা ভাঙ্গিতে মঞ্জুবুত, গঠনে অপটু। স্থতরাং সংস্কারক-সন্মিলন আমাদের মধ্যে হইতেই পারে না। রাজনীতির আলোচনা দিল্লী প্রভৃতি পীঠস্থান ছাড়া, নির্বাচিত পুরো-হিতগণ মধ্য বাতীত সাধারণের পক্ষে একে-পর বিজ্ঞান। বারেই নিষিদ্ধ। তাহার আমাদের মধ্যে বিজ্ঞানরত্ন আছেন, কিন্তু दिक्छानिक मिलालात मगर अथन अ इस नारे। আমাদের সাহিত্য-সন্মিলনের একচালার পর-চালা হইরা বিজ্ঞান গত বৎসর হইতে কথঞ্চিৎ-রূপে জাবন রক্ষা করিতেছে। স্থতরাং এক সাহিত্য-সম্মিলনই আমাদের একমাত্র অবলম্বন।

ু আর আমাদের প্রকৃতি, প্রবৃত্তিও সাহিত্যের দিকে আক্কৃষ্ট। বহুকাল হইতে আমরা কীর্ত্তন-কবি, যাত্রা-কথকতা, পাঁচালি লইয়া সৌন্দর্য্যের নীজ্কগুড়া , করিয়া বাঙ্গালি-জীবন সার্থক করিয়া আসিতেছি।

সৌন্দর্য্য হইতে রস; রস-রচনায় সাহিত্য ভাবুকে দ্বিধি উপায়ে রস উপভোগ করেন, আর উপভোগ করান—এক সৃষ্টি করিয়া, আর এক দৃষ্টি করিয়া বা দেথাইয়া দিয়া। সৃষ্টির ক্ষমতা অল্ল লোকেরই থাকে, দৃষ্টি সাধনা করিলে অনেকেরই হইতে পারে। এই সৃষ্টি-দৃষ্টির সমন্বরে সকলক্ষপ সাহিত্য জন্মিয়া থাকে। বাঙ্গালি সংস্কৃত পুরাণ, ইতিহাস, কাব্য, আথান হইতে অসংখ্য নরনারীর অবতারণা করিয়াছেন। রচনার ভঙ্গিতে, বিচিত্র রঙ্গেতে সেই সকল আমাদের একেবারে নিজস্ম হইয়াছে। মেনকা যে কবি-কল্পনা-সন্তৃতা, তাহা আমরা ভূলিয়া গিয়াছি, —নিজগৃহে, প্রতিৰেশিগৃহে যেমন আর দশজন 'মা' দেখিতে পাই,
মেনক। তাহাদেরই মঁত একজন —মেরে মেরে
করিয়া পাগল। কার্ত্তিকের মুথে নবনীত দিতে
গিয়া ভূলিয়া উহা উমাকেই থাওয়াইয়া কেলেন;
তিন দিন পরে ভালড় জামাতা মেয়েকে লইয়া
যাইবেন, প্রথম দিনেই তাহা মনে পড়িয়াছে,
বলিতেছেন,—

"আমার কিদের ঘরকরা। বংসর অন্তর আসেন গোরী তিন দিন বৈ রনা ॥" ভাগবতের যশোদা গোপী হইয়াও রাজমহিষী। এমনট নিজস্ব আর আমরা যশোদাকে করিয়াছি যে, তাঁহাকে ঘাঘরা-পরা দেখিলে নানিকা কুঞ্চিত করি। দেইরূপ রাম, লক্ষ্ণ, দীতা, দাবিত্রী দমস্তই আমরা মামাদের মত করিয়াছি। পুর্বেই বলিয়াছি, যাহাকে আমরা ভাল বলিয়া বিখাস করি, তাহাকে ,নিজস্ব করিতেই প্রাণ চায়। রামপ্রসাদ জগজ্জননী জগদস্বাকে আমাদের এএবনই নিজস্ব করিয়া দিয়াছেন যে, উহার ভিতর যেন একট। রূপক বা আরোপ আছে, তাহা কিছুতেই মনে করিতে পারি না। ভারতচক্রের ''অন্নদা-মঙ্গল'' স্থন্দর গ্রন্থ : "র ক্ষুদ্রু অথচ অতি স্থন্ব। তবে ভারতচক্র অতি কুক্ষণে অনুদাম 🕉 লের মধ্যে ''বিত্যাস্থলর" গছাইয়া দিয়াছেন। কেহ কেহ বলেন যে, বৰ্দ্দানকে অপদস্থ করিবার 'নমিত্ত তিনি ত্ররূপ করিয়াছিলেন। আবার কৈহ কেহ বলেন, তাঁধার পিত্রাজ্যগ্রাদকারী বঁর্নমান-রাজের উপর তাঁহারও আফোণ ছিল। থাকিতে পারে; বিচিত্র কি ? যাহাই হউক চোর-কবির বিম্বা চুরি করিয়া তিনি বিম্বাস্কুন্দর লেখাতে বর্দ্ধমানরাজ অপদস্থ হউন আর নাই হউন, ক্ষমতা থাকিতেও তিনি স্বয়ং অপদস্থ হইরাছেন। ''বিছার মত বিছুষী কন্তা আমাদের হউক'' —কোন বাঙ্গালিই প্রাণ ধরিয়া এমন কামনা করেন না। আর আমাদের সাহিত্য-সম্রাট, শাথার মণি, ' গুঞার ময়র-পাথা বৃদ্ধিমচন্ত্র তেমনই কুক্ষণে ১ইংরাজি হইতে নায়ক নায়িকার স্পরতারণা করিয়াছিলেন। আমাদের নবীনচন্দ্র, তোমাদের নবীনচন্দ্র তোহা স্থন্দররূপে ধরাইয়া দিয়াছেন। সেকথাও এথানে বলা আবঞ্চক। তিনি লিখিয়াছেন, —

"বঙ্গদাহিত্যে বঙ্কিমবাবু অমর। তাঁহার উপন্যাসগুলিতে অতি উচ্চ শিল্প ও শিক্ষা আছে। কিন্তু আদর্শচরিত্র নাই। রামায়ণ-মহাভারতের কল্যাণে ভারতের গৃহে গৃহে ধে আদর্শ পিতা, আদর্শ পুজ, আদর্শ ভাগনী, আদর্শ মাতা, আদর্শ কল্যা, এমন কি আদর্শ ভ্তা পর্যান্ত আছে, তাহা জগতে নাই। বঙ্কিমবাবু এ সকল আদর্শ তাঁহার সাধারণ প্রতিভার আঘাতে বরং ভাঙ্গিয়াছেন,—গড়িতে পারেন নাই। * * * * বঙ্কিমবাবুর উপন্যাসগুলি ম্রেপীয় উপন্যাদ হিসাবে উৎকৃষ্ট উপন্যাদ। ভারতীয় সাহিত্যের হিসাবে উৎকৃষ্ট সাহিত্য নহে।"

এরপ ভাবে না বনিলেও, বাঙ্গালির
যশোদা, মেনকা, জগদস্বার উল্লেখ করিয়া
আমি বন্ধিমবাব্র হাতে পায়ে ধরিয়া তাঁহাকে
মাতৃচিত্র অভিত করিতে বারবার অন্ধরোধ
করিয়াছিলাম। সকলেই জানেন, সে অন্ধরোধ রক্ষা,হয় নাই। এখনও অনেক ক্তিলেখককে সেইরপ অন্ধ্রোধ করিয়া থাকি,

তাহাতেও বিশেষ ফল হয় না। আমাদের তুর্দশাই এই, আমরা দূরে পশ্চিমদিকে নিয়তই नम्न नित्का करिया आहि, कथन आपनात्नत **फिटक, आ**পनात्मत्र घत्रत निटक, आপनात्मत्र গৃহস্বালির দিকে, আপনাদের কাব্যের দিকে मृष्टि निक्कल करि ना। अ ममालाहक नवीन-চ अक्ति नवीराहर अत्या कृणना कि कि विश्वाह দেখুন না। তিনি বঙ্কিম্চক্রের সমালোচনা কালে কেমন আমাদের আদর্শের কথা তুলিলেন, কিন্তু তাঁহার কাব্যের স্বভদা, স্বলোচনা, শৈলজা-এ দকল কি ? তাঁহারই কথার হয়.—ভারতীয় ইচছা করিতে জিজাস সাহিত্যের হিসাবে উৎকৃষ্ট কি ? সেই যে কুক-ক্ষেত্র সমরের অবদর সময়ে রাত্তিকালে হিন্দু-রুমণী দীপ লইয়া হতাহতের অনুসন্ধান করিতে-ছেন—সেটি কি ফ্লোরেন্স নাইটিংগেলের এক-রূপ সংস্করণ নয় ?

অতিথি ভারতে চিরদিনই পূজা। সেই
অতিথি অঙ্গনে উপস্থিত; কুলবধ্ তাঁহাকে অর্ঘা
দিবার জন্ত করঙ্ক পরিষ্কার করিতেছেন, এমন
সময়ে তাঁহার স্বামী পথশ্রাস্ত হইয়া আদিলেন।
সেই মহাত্রত আতিথ্য পড়িয়া রহিল, অতিথি
স্বাগত-সেবা না পাইয়া দাঁড়াইয়া রহিলেন,
কুলবধ্ করঙ্ক অথোত রাথিয়া দিয়া পতিসেবার
জন্ত বাস্ত হইলেন।—এই না হৈল আমাদের
সধবা কুলবধ্র আদর্শ। ধদি স্বামিসেবা বিস্বৃত
হইয়া কুলবধ্ পরপুরুষের হতাহতের সেবায়
ব্যাপ্ত হন, তাহা হইলে সেই আদর্শ থাকে
কি ? কথনই থাকে না। প্রাচীন উচ্চ আদর্শ
আমাদের সাহিত্যে রাথিতেই ইইবে। পুরাণইতিহাসের আদর্শ যদি সমাজে না থাকে,
সমাজের আদর্শ যদি সাহিত্যে প্রতিফলিত না

হয়, তবে বিক্কৃত সাহিতোর দোষে সমাজও বিক্কৃত হইবে। আমাদের গৃহস্থালির মধ্যে যে শাস্তি, যে প্রীতি, দরা-মারা, আতিথা, দেবভক্তি, গুরুজনে ভক্তি আছে, তাহা ক্রমে লুপ্ত হইবে,—আমরা মন্থ্যাত্ব হারাইয়া সর্বাস্ত্র হইবে।

এখন ভাষার কথা। বঙ্গাক্ষরে লিখিত বা মুদ্রিত হইলেই বঙ্গভাষা হয় না; বঙ্গীয় শব্দ বিগ্রস্ত হইলেও বঙ্গভাষা হয় না। ভাষা-শরীরের অভ্যস্তরে একটি প্রাণপদার্থ আছে, সেইটি বাঙ্গালির মত হইলে তবে বাঙ্গালির উপযোগী ভাষা হয়।

ভাষা ব্ঝিতে হইলে প্রাণ-পদার্থ ব্ঝিতে জিনিষ। হয়। জ্ঞাষা প্রাণের প্রাণের ব্যাকুলজায় শিশুদিগের ভাষা ফুটিতে থাকে। কথিত ইইয়াছে যে, নঞ্বাচক শব্দ সভ্য অস্ভ্যা অনেক ভাষাতেই তুলা রূপ; 'ন' দিয়া আরম্ভ। ন, না, নেহি, no. not, nil ইত্যাদি। কেন এমন-ক্ইল । প্ৰকল দেশেই দেখা যায়, ছেলেরা হুধ খাইতে বড় নারাজ,— তা মাতৃন্তন হইতেই কি আর পত্রপুট ৰা কোনরূপ মূল্যবান্ পাত্র হইতেই বা কি। মা ছেলেকে ফোলে ফেলিয়া বলপুর্বক হুধ খাওয়াইবার চেষ্টা করিতেছেন, আর ছেলে দাঁত টিপিয়া, মাথা নাড়িয়া প্রাণের বারকুলতার কোনরূপ নিষেধবাচক বা অসম্মতি স্চকৃ শব্দ বাহির করিবার চেষ্টা করিতেছে,—দাঁত টিপিয়া থাকিলে আঁর কি শব্দ বাহির হইতে পারে---(ছলেটি বলিতেছে, "न न न देन नि नि" ইত্যাদি। এই সার্ব্বদৈশিক ব্যাপার হইতে 'ন' হইয়াছে নিষেধবাচক বা অসম্বতিস্চক। এই ভাষাপুরাণের মধো কতটুকু ইতিহাস

আছে, তাহা বলিতে পারি আর নাই পারি, তথাণের ব্যাকুলতায় যে ভাষার উৎপত্তি সেকথা নিশ্চয়। পশুপক্ষীর কি প্রাণের ব্যাকুলতা নাই ? আছে বৈ কি। তবে তাহাদের মধ্যে আমাদের মত ভাষা নাই কেন ? ইহার উত্তরে আবার একটি বিচিত্র রহস্তময় কুথা বলিতে হইতেছে।

মামুষের প্রাণ তিনটি। দার্শনিক মতে পঞ্চ প্রাপ্তের কথা আছে, সে বায়ুগত প্রাণ; তাহার কথা এখন ধরিব না। প্রাণ তিনটি; দেই জন্ম **শান্তে প্রা**ণ নিত্য বহুবচনান্ত পদ.— ত্বং হি প্রাণাঃ শরীরে। তিনটি প্রাণ কোগা হইতে আসিল ? একটি পিতৃস্থানে ঔর্সে পাইয়াছি, একটি মাতৃস্থানে জঠরে পাইয়াছি. আমার নিজস্ব--- কর্ম্মপুত্রে একটি পাইয়াছি। সংস্কৃত বচন তুলিয়া প্রবন্ধ দূর্ব্বোধ্য করিব না; কিন্তু অনেকে আমার কথা প্রতাক্ষ করিয়া থাকিবেন। মনের ভিতর শ্রেয় ও প্রেম্বর মধ্যে বিবাহন আঁতি প্রাচীন শাস্ত্রে আছে: উপনিষদে আছে। স্থমতি-কুমতির কলহ অনেক বাঙ্গালী গ্রন্থকারও লিপিবদ্ধ করিয়াছেন। কিন্তু এই শ্রেয় প্রেয় ব স্থমতি-কুমতি কলহে একটি তৃতীয় প্রাণ মধাস্থরূপে প্রকাশিত হন,— এ কথা স্পষ্ট করিয়া কেই ना निश्चित्रनञ्ज, जामि वनि जाभनारमत मरधा কেহুনা কেহ অবশ্য প্রতাক্ষ করিয়াছেন। ফল কথা প্রাণ তিনটি, ব্যষ্টিভাবে দেখা যাউক আর নাই যাউক, সমষ্টিভাবে অনেকী সময়েই অমুভূত হইরা থাকে। পিতামাতার চেহার', ধরণধারণ, আক্বতি-প্রকৃতি, স্বভাব-মেজাজ— এই সকল যে সম্ভানে পায়, তাহা অনেকেই জানেন ও মানেন। আমরা পৃথক্ পৃথক্ প্রাণও

পিতা মাতার নিকট হইতে পাইরা থাকি।
আমরা কে ? আমি কে ? সেই কল্মফ ভোগী
পুরুষ। তবেই তিনটা জড়াইরা একটা হইল।
এই প্রাণ বা মহাপ্রাণ আছে বলিয়াই আমরা
প্রাণের আবেগ প্রকাশ করিতে পারি—
তাহারই নাম আ্যা। যে ভাষার প্রাণ নাই, সে
ভাষাই নাহুঃ।

এক সময়ে ভারতবর্ষে ঋষিমুনিদের বান্ধণদের প্রাণ ছিল। সেই প্রাণের ক্রিতে দেবভাষায় মন্ত্রশক্তিবলে প্রাণের <u>তাঁ</u>হাবা দেবতার সহিত সম্পর্ক পাতাইয়াছিলেন। এক সময়ে ক্ষল্রিয়ের প্রাণ ছিল। সূর্যাচন্দ্রবংশীয়ের। সেই প্রাণের বলে পুরাণ ইতিহাসে অধিনায়কত্ব করিয়াছেন। এক সময়ে বৈশ্বের বা পণিকের বা বণিকের প্রাণ ছিল। তাঁহারা সমুদ্রপথে পোতারোহণে একদিকে ফিনিসিয়া ও বিনিস. অগুদিকে যবদ্বীপ, স্কুমান্ত্রা, বলি, বণীয়, চীন, জাপান-এমন কি কাহারও কাহারও মতে, স্থদুর আমেরিকা পর্যাপ্ত ভারতের বাণিজ্য . বিস্তার করিয়াছিলেন। কিন্তু তে হি নো দিবসাঃ গতাঃ। সে দিন আর নাই। সেই প্রাণীদিগের প্রাণবস্তঃ আর নাই। যদি থাকেন ত লোক-চক্ষুর প্রায় অগোচরে, সমাজের নিভৃত নিলয়ে লুকাইয়া আছেন। ভারতের প্রা**ণ** বাঙ্গালার ক্ষীণ প্রাণ এখন কেবল শস্তোৎ-পাদক ক্বয়কের হত্তে। এই জ্বন্ত ইংরেজেরা বলেন, ভারতবাদী প্রধানতঃ ক্ববিজীবী। বিতা সাহেবদের ঠিক কথা। ক্ষত্রিয়ত্ব গোরার কাছে; কলকারথানা, রেল-গাড़ी, हिमात-फैकलरे मारश्वरानत कारह। ভারতবাসীর কোন দিকে যদি কিছু উৎপন্ন করিবার ক্ষমতা থাকে ত সে কেবল চাষে।

চাষেই আমাদের প্রাণ বাচে, চাষেই আমাদের প্রাণ আছে।

সে প্রাণে আড়ম্বর নাই, জয়ডকা নাই, সভা নাই, বক্তৃতা নাই, সম্মিলন নাই, আফালন নাই—এ সকল কিছুই নাই, তবু প্রাণ আছে, উৎপন্ন করিবার, শক্তি আছে; তোমার আমানু কাহারও তাহা নাই। মেছ্র্যি জন্ বাইটের মহন্বাক্য স্মরণ করুন,—''A nation lives in the cottage" কুটীরবাসীকে লইয়াই দেশ বা জাতি।

ঐ কথা ইংলণ্ডের মনীধী-মুখে। যে ইংলণ্ড প্রতাপে অদিতীয়, শৌর্যোবীর্য্যে অসামান্ত্র, দেনা-সভ্যের রণতরীসাকল্যে জগতে হর্দ্ধ—সেই ইংলণ্ডের জন বাইট বলিতেছেন,—কুটীরবাসী লইয়াই দেশ। আর, আমাদের উপরিস্তরে কিছু নাই বলিলেও চলে, অথচ আমরা নিম্ন-স্তরের গৌরব বৃঝি না; যেখানে সমাজের প্রাণ সেথানকার গৌরব বৃঝি না। নিম্নস্তরকে অবহেলা করিলে দেশের প্রাণে অবহেলা করা হয়। নিম্নস্তরের ভাষায় অবহেলা, অবজ্ঞা, উপহাস হৃণা করিলে আমরা নিশ্চরই প্রাণ হারাইব।

অবহেলা করিতে সংস্কৃত পারেন, ল্যাটিন পারেন, হীক্র পারেন, গ্রীক পারেন, আরবি— হয় ত পুরাতন পারসীও পারেন; কিন্ত ইংরাজি পারেন না, ফরাসি পারেন না, জর্মাণ পারেন না—মৃত ভাষায় পারেন, জীবস্ত ভাষায় পারেন না। আমরা যদি আমাদের মাতৃভাষাকে জীবস্ত প্রাণবস্ত করিতে বা রাখিতে চাই, তাহা হইলে আমাদিগের নিমন্তর্রের ভাষাকে অবহেলা করিলে চলিবে না। ভাষাতে যাহু-ঘরের মত রাশি রাশি কন্ধাল, পেটে-মসলা-পুরা পঞ্চপক্ষী রাখিলে চলিবেনা; চিড়িয়াখানার মত জীবন্ত পশুপক্ষী বন্দী করিয়া রাখিলেও চলিবে না, সেখানেও প্রাণ কম। ভাষাকে একটি বড় দেশী মেলার মত করিতে হইবে। তাহার মধ্যে জনতা চাই, ক্রেভাবিক্রেতার চলাচল চাই, জনতার মধ্যে উচ্চ রোল চাই, হর্ষের উল্লাস চাই, বিষাদের বার্ত্তা চাই, স্থথ-ছংখজড়িত উচ্চ নীচ মানবসজ্বের সংঘর্ষণ চাই—অর্থাৎ চলস্ত প্রাণ চাই।

কুলীন-মৌলিক, অপ্রাক্বত-প্রাক্বত, সম্ভান্ত ইতর,—সমাজের নানা স্তরে এইরূপ বিভেদ করিয়া আমরা বি র গণ্ডগোল করিয়া থাকি। মাতৃ-ভাষার মহিমময়ী শাখাশ্রেণীতে আবার সেইরপ কুলীন-মৌলিক বিভেদ করিয়া আর গণ্ডগোল না করিলেই ভাল হয়। পুর্বে দেশ-প্রচলিত ভাষার তিনটি অঙ্গ ছিল; (১ তৎসম অর্থাৎ সংস্কৃতসম, (২) তদ্ভব অর্থাৎ সংস্কৃতোদ্ভব, এবং (৩) দেশজ। এখন আমাদ্দের অদৃষ্টবশে হইয়াছে চারিটি; - आत একটি বিদেশজ। কিন্তু ইহাদের মধ্যে কুলীন-মৌলিক কোন বিভেদ থাকিতেই পারে না। ঐ বিদেশী ডাক্তার আদিয়া, জুতাগুদ্ধ তোমার ছেলের, বিছানার পাশে 'বসিয়া, ঘড়ি খুলিয়া নাড়ীর স্পন্দন গণন। করিতেছেন, উঁহাকে কতদিন আর বিদেশী বলিয়া ঘূণার চক্ষে

এরূপ বলাতে কেহ মনে করিবেন না

দেখিবে বল ? উনি তোমার সস্তানের প্রাণ-

দাতা, তোমার মহোপকারী বন্ধ। তাঁহাকে

তোমার সংলারের একজন না ভাবিয়া কিরূপে

থাকিবে ? তবে তাঁহাকে ঠাকুরবরে প্রবেশ

कतिराज मिरव ना- श्रांग शासाय मिर्रव ना.-

সে স্বতম্ব কথা।

যে, আমি অল্লীল বাঁ অশ্রাব্য ভাষাকে পাধু
পদবীতে প্রতিষ্ঠিত করিবার চেষ্টা করিতেছি।
আল্লীল, অশ্রাব্য সংস্কৃতেও আছে। তা
যেথানেই থাকুক, দে সকল ত্যাজ্য। আমি
বলিতেছি, 'পাথী সব করে রব রাতি
পোহাইল"—আমাদের ত্যাজ্য নংই,—আবার
'পৈক্ষিসর্ক রবকারী, রাত্রি প্রভাতা''—
আমাদের গ্রহণীয় নহে। বরং যদি উভয়ের
মধ্যে বাছনি করিতে হয়, তাহা হইলে
শেষেরটি ফেলিয়া প্রথমটিই আমাদিগকে
লইতে হইবে।—ইহাতে প্রাণের কথা বুঝান
হইল না, মোটামুটি আমি কি চাই, না চাই
তাহাই বুঝান হইল।

গতবৎদর সন্মিলনে জিজ্ঞাসা করিয়া-ছিলাম, "রাম রাজপদে প্রতিষ্ঠিত হইয়া অপত্যনির্কিশেষে প্রজা পালন করিতে লাগিলেন"--এইরূপ বলিলে যদি লক্ষ •লোক বুঝিতে পারে, কিন্তু ''রাম অযোধ্যায় রাজা হইয়া বাপে যেমন সন্তানদের পালন করেন, করিয়া প্রজা পালন করিতে সেইরূপ লাগিলেন''---এইরূপ বলিলে যদি কোটি লোকে ব্ঝিতে পারে, তবে এই ছই-এর কোন্টি ভাল? দঙ্গে দঙ্গে বলিয়াছিলাম, যদি লোকশিক্ষা কথাটা একটা ভণ্ডামি না হয়, তাহা শ্বইলে আমাদিগকে শেষোক্ত ভাষা গ্রহণ,করিতেই হইবে। অর্থাৎ আমি বলিয়া-ছিলাম যে, ভাষা যত অধিক লোকের বোধ-গমা হয়, তত ভাল। এবার বলিতেছি যে, প্রাণের আবেগে ভাষার সৃষ্টি এবং উন্নতি; নিম্নস্তরের লোকের এথনও যৎকিঞ্চিৎ প্রাণ আছে,--তাহাদের ভাষা অসাধু বা অকুলীন বলিলা অবহেলা না করিয়া সংস্কৃতসম বং সংস্কৃতোদ্ভব ভাষার সহিত ভূরোপরিমাণে দেশজ মিশাইয়া লইতে পারিলে ভাষার প্রাণ থাকিবে বা হইবে।

আমার সম্মুথে একথানি উত্তম পুস্তক রহিয়াছে। অনেক পরিশ্রম ও একনিষ্ঠার ফল এই "ঢাকার ইতিহাস" ইইতৈ ভূমিকার প্রথম ছত লইলেই আমাদ্র কথা একটু পরিষার হইবে। ·গ্রন্থকার লিখিয়াছেন.— "জাতীয় জীবন সংশোধনের প্রধান উপায় দেশেরই ইতিহাস।'' প্রথমতঃ জাতীয় কথাটা নেহাত বিজাতীয় ! ভাহার পর "জাতীয় জীবন'' আরও অবোধ্য। সেইজগু আমি বলি, 'দেশে প্রাণ সঞ্চারিত করিতে হইলে প্রথমে দেশের পরিচয় জানা প্রয়োজন ? তাহা ত বটেই। আর দঙ্গে দঙ্গের পরিচয় পাইয়া, ভাহার পর দেশের সাধারণ লোকের ভাষা শিক্ষা করা কর্ত্তব্য। তাহার পর সেই ভাষা আপনাদের ভাষার সহিত মিলাইতে পারিলে, তবে দেশে প্রাণ বাড়িবে, সজীবতা বাড়িবে। আমাদের পূর্ববর্তী যুগের মনীষি-গণ যে প্রকারে বিদেশী ব্রাণ্ডির আমদানি করিয়া দেশের প্রাণবৃদ্ধির চেষ্টা করিয়াছিলেন, দেরূপ ভাবে বিদেশী তীব্র ই<mark>গ্র ভাব সকল</mark> বাঙ্গলা ভাষায় আমদানি করিলে স্থফল ২ইবে না বরং বিপরীত ফল হইবে।

্ অল্পবয়সী যুবতী জননী যেমন ক্রপ্প সন্তানকে অতি সন্তর্পণে কোলে শোয়াইয়া ধীরে ধীরে তাহার গায়ে হাত বুলান, অতি ধীরে ধীরে বাতাস করিয়া তাহার শুক্রমা করেন, একটু একটু করিয়া বলকারক পথা দিয়া তাহার শরীরে বলাধানের চেষ্টা করেন, তেমনি করিয়া আমাদিগকৈ এই মাতৃসেবা করিতে হইবে। হঠকারী সেবককে রোগ-শ্যা হইতে সূদূরে রাথিতে হইবে। যাঁহারা খট্থট্ 'বুট' বিহার করিয়া রোগের বিষয়ে সদয় জিজ্ঞাসা (kind enquiry) করিতে আদেন, দূর হইতে তাঁহাদিগকে বিদায় দিতে হইবে 🖰 বলগীনে বল সংযোগ বড় বিষম বিজ্যনা। প্রথমতঃ চিকিৎসকৰে রোগীর ধাতু বুঝিতে ২ইবে। দেখুন, ধাতু না বুঝিয়া পথ্যপ্রয়োগে কিরূপ অনর্থ হইতেছে। যেখানে দেখানে একটি কথা দেখিতে পাই 'প্রবর্ণ স্ক্রোগ'—'এ স্কর্বর্ণ স্ক্রোগ আমরা ছাড়িব কেন ?' মনে করুন কোন একটি দেশে, কোন একটি প্রবল রাজিদক জাতির মধ্যে স্থবর্ণ সঞ্চয়ই জীবনের প্রধান লক্ষ্য। কাজেই তাহাদের ভাষাতেও স্থবর্ণ সর্বাদা উজ্জ্বল বর্ণে প্রতিভাত হইবে। time, Golden opportunity, Golden deeds ইত্যাদি। এখন তাই দেখা দেখি ভূমি যদি তোমার মাতৃভাষার বলাধান করিতে গিয়া বলিতে গাক যে, স্থবর্ণ সমন্ন, স্থবর্ণ স্থযোগ, স্থুবৰ্ণ কাৰ্যা, তাহা হইলে বাস্তবিক কি ভাষার বলাধান হইল ? না ভাষার সঙ্গে সঙ্গে আমাদের সমাজের মৃশস্তে মহাবিপ্লব বাধিল ? আমরা শান্ত্রের উপদেশে সাধুলোকের দৃষ্টান্তে, সমাজের ছন্দে বন্দে শিথিয়াছি যে, স্কুবর্ণ আমাদের जीवरनत लका नरह, धर्म **आ**गारनत लका, মঙ্গল আমাদের লক্ষ্য, শুভ আমাদের লক্ষ্য, দেইজন্ম আমরা বলি, "এই শুভ স্থযোগে আমাদের এই কার্যা করিতে হইবে।" সেই সমাজ যথন বলে, হীরক জুবিলি রজত জুবিলি, আমরা দেই সমর বলিব, গুভ জুবিলি, क्विनि मन्न है:गोनि।

• বিপিনচন্দ্র ধরাইয়া' দিয়াছেন, পিতা পুত্রকে লেখেন, ''প্রাণতুল্যেষু''। সেইরূপ পিতাকে আমরা লিখি, ''পরম পূজনীয়''। ইহার পরিবর্ত্তে ''প্রিয় পিতা'' বলিলে কি ভাষায় কিছু লাভ হইতে পারে ? না ''প্রিয় প্রিয়'' বলিনা পিতার সঙ্গে তুল্য-মূল্য হইবার প্রবৃত্তি বাড়িয়া যায় ? সেটা কি ভাল ?

প্রাচীন সমাজে. সেই সমাজের ভাব-ভঙ্গির সহিত, চাল-চলনের সহিত ভাষা এরূপ ভাবে জড়াইয়া থাকে যে, বিদেশী ভাষা তাহার সহিত বলপূর্ব্বক যোগ করিতে গেলে সমাজের সমস্ত গ্রন্থি শিথিল হইয়া যায়। যাঁহারা সমাজ ভাঙ্গিতে বদ্ধপরিকর, তাঁহারা ভাষার উপর বল প্রয়োগ করুন, তাঁহাদিগের কার্য্যে আমাদের কোন কিছু বলিবার অধিকার নাই বলিলেও চলে, কিন্তু যাঁহারা এই পুরাতন সমাজের অগ্রে স্থিতি, পরে শুনৈঃ শুনৈঃ উন্নতি কামনা করেন, তাঁহারা ভাষার উপর দৌরাত্ম্য ক্রিলে আমাদের কপালে করাঘাত করিতে ইচ্ছা করে।

পূৰ্ব্বেও বলিয়াছি, এখনও বলিতেছি, ভাষা একটি জীবন্ত প্রবাহ। তাহার গৃতি আছে,, বেগ 'আছে '। তাহাতে আবৰ্ত্ত খাছে, প্রপাত আছে ; আর প্রবাহের ধারে ধারে চড়া আছে, শস্ত-শ্রামলা ভূমি আছে, কর্কশ কঠিন পর্বতমালা আছে। ইহার জলরাশি কমে বাড়ে বটে, কিন্তু নিম্নতই প্রবহ-মান ; চলিতৈছে—কখন কুলুকুলু রবে, কখন বা গভীৱ গৰ্জনে। এই প্ৰবাহে **অন্ত কুত্ৰ** প্রবাহ সকল পতিত হয় বটে, কটিৎ বিবর্ণ করে বটে, কিন্তু প্রায়ই কিঞ্চিৎ দূরে গিয়া মিলিয়া যায়। এই প্রবাহের গতি না ব্ঝিয়া

প্রবাহের সংস্কার "করিতে যাওয়া একদ্ধপ বাতুলতা মাত্র।

সামাজিক কোন ব্যাপারই গড়াপেটা জিনিষ নহে। সকল ব্যাপারই ক্রমে ক্রমে গজাইয়া উঠে। অসার সংস্কারকেরা মনে করেন, কোন ধর্ম, রীতিনীতি বা ভাষা যখন কোন শক্তিশালী পুরুষের স্পষ্ট বা নির্ম্মিত. তথন আর একজন বা দশজন তাঁহার মত শক্তিশালী লোকে কেন তাহার সংশোধন বা পরিবর্ত্তন অথবা উচ্ছেদ সাধন করিতে পারিবেন না ? এই ভুগ ধারণা হইতেই মহা অনর্থপাত হইতেছে। একদিকে কিছু শক্তি থাকিলেই, অনেক লোকে মনে করেন, আমি অনেক বিষয়ে শক্তিশানী। কোপে বৃহৎ ছাগচ্ছেদের সামর্থা আছে বলিয়াই আমি সম্ভরণে গঙ্গাপার হইতে পারি! ভাষার উপর এই যে নিষ্ঠুর অত্যাচার, ইহাও এইরূপ নির্বাদ্ধিতার ফল। ভাষাও একটি জীবন্ত জিনিষঃ কুন্তকীরের প্রতিমার মত বা গৌরীপুরের কলের মত গড়াপেটা পদার্থ নহে। ইহার প্রবাহ বুঝিতে হইবে, গতি বুঝিতে হইবে। স্রোতে স্রোত মিলাইয়া থাল কাটিয়া জল আনিতে পার ভালই, কিন্তু প্রবাহ একটানা গস্তব্য পথে যাইবেই; কোন দক্ষিণ-বাহিনীকে উত্তর-বাহিনী থানেই ক্রিতে পার না। পৃথক্ বঙ্গলিপি यদি বুদ্ধদেবের পূর্বেও ছিল এমন বোধ হয়, তাহা হইলে পৃথক্ ভাষা তথন ছিল না, মনে করিতে হইবে কি ? না, এমন মণে করিতে হইবে যে, সে সময়ে অবশ্য একটি পৃথক্ ৰঙ্গভাষা ছিল। তা যদি থাকে, আমরা ত সহস্র বৎসর পূর্বের:::বঙ্গভাষার নমুনা পাইয়াছি। প্রবাহ বুঝিবার মত আমাদের যথেষ্ঠ জ্ঞান হইয়াছে।

বাঙ্গলা ভাষায় একটি পরিষ্কার স্থান্দর সহজ ঠাট অনেক দিন হইপ্লাছে। তবে পদ্য বলিয়া যদি বুঝিতে না পার, আমারা একটু গদ্যের নমুনা দিন্ত,

মহারাজ ক্লফ্চন্দ্রের দানপত্র

"প্রাণাধিক প্রিয়তম বাজপেয়ী দ্রীয়ক্ত শিবচন্দ্র রায় পরম কল্যাণাম্পদেয়ু।

''আমার বয়ঃক্রম যে হইয়াছে, ভাহাতে এখন সদর সক্ষলমলকি কোন বিষয়ে মামলত যে আমমি করি তাহার সময় নছে। লোকিক যে যে ব্যাপার ভাহাই আমার কর্ত্তবা এ কারণ আপনি স্বচ্ছন্দরপে 🗼 🌸 * তোমাকে সমস্ত লিথিয়া দিলাম শ্রীশ্রীত দেবদেবা প্রভৃতি ও জগীদারী লওয়া জমাথরচ আথরাজাত ও নফা লোকসান সমস্ত তোমারই, তোমার ভ্রাতা ও ভ্রাতৃপ্রুলিগের সহিত এলাকা নাহি, প্রাণাধিক প্রিয়তম বাজপেয়ী গ্রীযুক্ত শস্তুচক্র দেবের পোষ্য অধিক এ কারণ আমার মোশাহেরা সরকারে যে পাওনা আছে তাহার মধ্যে সালিয়ানা পনের হাজার তাঁহার ও প্রাণাধিক প্রিয়তম বাজপেয়ী গ্রীযুৎ মহেশ দেবের দশ হাজার ও প্রাণাধিক প্রিয়তম বাজ-পেয়ী ত্রীযুৎ ঈশানচক্র দেবের দশ হাজার ও ভৈরবচন্দ্র দেবের পোষ্যপুত্র প্রাণাধিক প্রিয়তম বাজপেয়ী শ্রীযুৎ মাধবচক্ত দেবের আড়াই হাজার ও হরচক্র দেবের পোনাপুত্র প্রাণাধিক প্রিয়তম বাজপেয়ী শ্রীযুক্ত যজ্ঞচন্দ্র দেবের আড়াই, হাজার একুনে এই চল্লিশ হাজার টাকা এহাদিগের থরচের নিমিত মোকরার

कविशा मिलाम। এই नियम एर कविलाम देशव উন্নজ্যন তাঁহার৷ এবং তুমি কেহ কথন করিবে না। যদি কেই কথন এ নিয়মের অভাযত আচরণে উদ্যত হও, তবে লোকত ধর্মত এবং হাকিমানে সে নামগুর। ইতি সন ১১৮৭ শন এগার শত সাক্রাশী শন তারিথ নই জৈষ্ঠদা।'' লক্ষ্য করিরেন 🙉 এই দানপত্রের ভ্রামা, ছুই একটি পাদী কথা ছাড়া, দম্গুই গাঁটি বাঙ্গলা : মর্থাৎ এখন যেরূপ মাকৃতি প্রকৃতি দেখিয়া আমরা বাঙ্গলার বিশেষত্ব বুঝিতে পারি সে সমস্তই উহাতে আছে। এ কথা ভাল করিয়া দেখাইতে গেলে অনর্থক গুরুমহাশর্গিরি করা হইবে; তাহা করিব না। এটি হইল একশত বত্রিশ বৎসর পূর্বের লেখা। যে কৃষ্ণচল্রের সভাদদ ভারতচন্দ্র, বুরিভোগী রামপ্রসাদ, তাঁহার দানপত্র যে বিশিষ্ট লোকদিগের দারা त्वथान श्रेशां हिल. (प्र कथा ना विलाल छ हाल । কিন্তু আমি ভালমন্দের বিচার করিতেছি না, কেবল ভাষার ভঙ্গি যে পূর্ব্ব হইতে একই ভাবে রহিয়াছে, তাহাই দেখাইতেছি। ইহার কিছু পরের আর একটি লেখা দেখাইব।

পরেরটি রেবরেশু কেরি সাহেবের লেখা।
তিনি ১৮০১ খৃষ্টাব্দে একথানি গ্রন্থ ছাপাইয়াছিলেন; পরে ১৮১২ খৃষ্টাব্দে, এখন হইতে
ঠিক একশত বৎসর পূর্বের ছাপান "ইভিহাসমালা"। তথন ইতিহাদ বলিলে গল্প কাহিনীও
বৃধাইত। একটি কাহিনী এইকপ;—

''এক ক্লুষক লাঙ্গল চসিতে গিয়া কোন খালে গোটা চব্বিশেক মৎস্ত ধরিয়া গৃহে আসিয়া আপন গৃহিণীকে পাক করিতে দিয়া আপনি পুনর্বার চসিতে গেল। তাহার গৃহিণী সেমৎস্ত কয়টি পাক করিয়া মনে বিবেচনা করিল যে মংশ্র পাক করিলান কিন্তু কি প্রকার

হইয়াছে চাথিয়া দেখি ইহা ভাবিয়া কিঞ্চিৎ
ঝোল লইয়া থাইয়া দেখিল যে ঝোল স্থরস

হইয়াছে। পরে পুনর্বার মনে ভাবিল মৎশ্র
কিরূপ হইয়াছে তাহাও চাথিয়া দেখি, ইহা
ভাবিয়া একটি মৎসা থাইল। পুনর্বার চিন্তা
করিল ওটি কিরূপ হইয়াছে তাহাও চাথিতে
হয়, ভাবিয়া সেটিও থাইল। এইরূপে থাইতে
থাইতে একটি মার অবশিষ্ট রহিল। পরে
ক্ষক ক্ষেত্র হইতে বাটী আইলে তাহার গৃহিণী
সেই মৎশ্রটি আর অয় তাহাকে দিল। ক্ষমক
কহিল যে এ কি ? চবিবশটি মৎশ্র আনিয়াছি
আর কি হইল ? তথন তাহার স্ত্রী মৎশ্রের
হিসাব দিল,—

ৰাছু আনিলা ছয় গণ্ডা हिल निन घुरे गंखा ু ৰাকী রইল যোল। তাহা ধুতে আটটা জলে পলাইল॥ ", তবে থাকিল আট। তুইটায় কিনিলাম তুই আটি কাট॥ তবে থাকিল চয়। প্রতিবাসীকে চারিটা দিতে হয়॥ তবে থাকিল গ্ই'। তার একটা চাথিয়া দেখিলাম মুঁই॥ তবে থাকিল এক। অই পাত পানে চাহিয়া দেখ। এখন হইস যদি মান্ষের পো। তবে কাঁটাথানা থাইয়া মাছথান থো॥ [']আমি যেঁই মেয়ে। তেঁই হিসাব দিলাম কয়ে॥

তেই হিসাব দিলাম কয়ে॥ এইরূপে মৎভোর হিসাবে ক্নয়কের প্রত্যয় জন্মাইল্।' হিসাবের পভাট কেরি সাহেবের বহু
পূর্ব হইতে প্রচলিত ছিল, ঐটকে উপলক্ষ্য করিয়া ক্লয়ক-গৃহিণীর রহস্থায়ী
কাহিনী লেখা হইয়াছে। এ লেখার সহিতও
এখনকার লেখার কোন বিশেষ পার্থক্য
নাই

ক্লফ্ডডেরে সময়েই কি আর কেরি দাহেবের সময়েই কি, বাঞ্চলা ভাষা সংস্কৃতজ্ঞে দেখিয়া শুনিয়া দিতেন। দানপতের প্রথমেই আছে 'বয়ংক্রম', এই বিদর্গেট পণ্ডিতের পাণ্ডিতা; 'কেরির রচনায় বার বার আছে 'ক্লব ক-পৃহিণী'। তিনি ঝোল রাঁধিয়াছিলেন, তাঁহার নিজের কথাতেই 'স্থরদ' হইয়াছিল। এ দকল অবান্তর কথা। আদল কথা আমি দেখাইতে চেষ্টা করিতেছি যে, আমাদের ভাষার ঠাট, কায়দা, ভঙ্গি, রীতি বভূদিন হইতে একভাবে চলিয়া আসিতেছে। পদা বছদিন হইতে, গদা স্বস্ততঃ ভারতচন্দ্রের সময় হইতে। এই ঠাট একটা বাধি ঠাট। ञांगात्वत मगादक यनि किছू वीथन शादक, তাহা হইলে ভাষারও আছে। গাঁহারা विलादन, वाँधन क्लानित्क थाकात ८५८॥ না থাকাই ভাল, তাঁহাদের সঙ্গে আদাদের (कान कथा नाहे। याँहाता मरन करतन. স্মাজের ঠাট বজায় রাথিয়া স্মাজের উর্লিত আবশুক, তাঁহাদিগ'কে আমরা বলি, ভাষাতেও দেইরূপ ঠাট বঙ্গায় রাথিয়া উন্নতি আবশ্রক। তবে আমাদের ভাষার ঠাট কির্নু, তাহা ব্ঝিতে হইলে একটু দৃষ্টি আবগুক, আর যৎকিঞ্চিৎ পরিশ্রম আবশ্রক। মাতৃভাষার ভক্তি থাকিলে এবং ভাষাবেওয়ারিশ ময়দা নয়, ছেলেখেলার সামগ্রী নয়,—এ জ্ঞান থাকিলেই, দে দৃষ্টি সহজেই আদে এবং সে পরিশ্রম করিতে সকলের ইচ্চা হয়।

এ যে ভাষার প্রবাহ ইহাতে মধ্যে মধ্যে বক্তা মাদে, চল নামে। এই বক্তা বা চল নাখিলে ভাষার পুষ্টি হয় বটে, কিন্তু ভাষার ভাবভঙ্গির বৈলক্ষণা ইয় ন।। চক্রের সময় একটি বক্তা ২য়৾৾৸ তাহার পর কেরি প্রভৃতি নিশনরি শাহেবদের সময় আর একটি। তাহার পর মুক্তারাম বিদ্যাবাগীশ, নদনমোহন তকীলঙ্কার, তারাশঙ্কর, বিভা-অক্ষুকুমার, রাজেকুলাল প্রভতি বাঙ্গলা গদ্য ওঙ্গমঞ্ছে অবতীৰ্ণ হইয়া অপুৰ্ব্ব রঙ্গ দেখাইতে থাকেন। বাজলার গ্রা একটা শিক্ষার উপায় এবং উপভোগের সামগ্রী হয়। সাহিত্যের প্রদার তথন আর কবিতায় সীমাবদ্ধ থাকে নাই –গদ্যকেও আত্ম-সাৎ করিয়াছিল : **ঈখ**র গুপ্তের সহিত **ঈখ**র বিদ্যাসাগ্রেব নাম সমানে বিছোষিত হইয়াছিল। এই সমস্ত লিখিত ভাষার কথা। এই ভাষার দঙ্গে দঙ্গে চিরকাল্ট কণিত ভাষা ছিল. থাকিবেই। কিন্তু মৃত্যুঞ্জয় ও মিশনরিরা দেশীয় লোকের কথোপকথন প্রভৃতি যথন গ্রন্থমধ্যে সন্নিবেশিত করিতেন,তথন সেই ভাষা ব্যবহার করিলেও, কোন গ্রন্থকার সেই ভাষা আপনার ভাষা বলিয়া ব্যবহার করিতে সাংস করিতেন না, অথবা দ্বণাবোধ করিতেন। এই সময়ে তুইজন কাম্বস্থপুরুষসিংহ তুর্জ্য সাহদে বঙ্গ-ভাষার রঙ্গমঞ্চেও দেখা দিয়া ভাষায় যুগাস্তর উপস্থিত করিলের। প্যারীচাঁদ নিত্র বা টেক-চাঁদ ঠাকুরও বঙ্গভাষায় মহাভারতের অন্তবাদের উল্লোগকজী এবং 'ভতোমগ্যাচার নকা"-লেথক কালী প্রসন্ন সিংহ।

প্যারীচাঁদ মিত্রের লেখা সম্বন্ধে বঙ্কিম-বাবু বলিয়াছেন,—

''যে ভাষা সকল বাঙ্গালির বোধগম্য বাঙ্গালি কৰ্ত্তক 'ব্যবহৃত এবং সকল প্রথমে তিনিই তাহা গ্রন্থ প্রণয়নে ব্যবহার করিলেন। "এবং তিনিই " প্রথমে ইংরাজি ও সংস্কৃতের তাঁগুার পূর্ব্বগামী বেথক দিগের উচ্ছিষ্টাবশেষ অনুসন্ধান না করিয়া স্বভাবের অনম্ভ ভাণ্ডার হইতে আপনার বরণীয় উপা-मान मः श्रष्ट कतिरमन। এवः 'আमारमत ঘরের তুলাল' নামক গ্রান্থে এই উভয় উদ্দেশ্ত দিদ্ধ হইল। 'আলালের ঘরের ছলাল' বঙ্গ-চিরস্থায়ী ও চিরস্মরণীয় ভাষায় আলালের ঘরের তুলাল দারা বাঙ্গলা সাহিত্যের যে উপকার হইয়াছে. অন্য কোন বাঙ্গণা গ্রন্থের দ্বারা সেরূপ হয় नार्डे, এবং ভবিশ্বতে হইবে कि ना मत्नह।

"উহাতেই প্রথম এই বাঙ্গলা দেশে প্রচারিত হইল যে, বাঙ্গলা সর্বজনমধ্যে কথিত এবং প্রচলিত, তাহাতে গ্রন্থ রচনা করা যায়, সে রচনা স্থলরও হয় এবং যে সর্বজন-হৃদয়-গ্রাহিতা সংস্কৃতান্ত্র্যায়িনী ভাষার পক্ষে হল ভি, এ ভাষার তাহা সহজ গুণ। আর তাঁহার দ্বিতীয় অক্ষয় কীর্ত্তি এই যে, তিনিই প্রথমে দেখাইয়াছিলেন যে, সাহিত্যের প্রকৃত উপাদান আমাদের দরেই আছে; তাহার জন্ম ইংরাজি বা সংস্কৃতের কাছে ভিক্ষা চাহিতে হয় না। তিনিই প্রথম দেখাইলেন যে, যেমন জীবনে তেমনই সাহিত্যে দ্বের সামগ্রী যত স্থলর হয় না। তিনিই প্রথম দেখাইলেন যে, যিদি সাহিত্যের দারা দেশকে উন্ধত করা যায়, তবে বাঙ্গলা

দেশের কথা লইয়াই সাহিত্য গড়িতে হইবে।
প্রাক্ত পক্ষে আমাদের জাতীয় সাহিত্যের আদি
'আলালের ঘরের ছলাল।' প্যারীচাঁদ মিত্রের
এই দ্বিতীয় অক্ষয় কীর্ত্তি। অত এব বাঙ্গলা
সাহিত্যে প্যারীচাঁদের স্থান অতি উচ্চ।"

বিশুদ্ধ সহজ বাঙ্গলায় স্থুন্দর গভা হয়, প্যারীচাঁদ হইতে ইহা শিধিয়াছিলাম। তাঁহার সঙ্গে কালীপ্রসন্ন সিংহের নাম করিতেই হইবে। বঙ্কিমবাবু মিত্রজার গ্রন্থ দেখাইয়া "রভোদার" করিতেছিলেন, তখন তাঁহার কালী প্রসন্মের কথা বলিবার প্রয়োজন হয় নাই. —আমাদিগকে এখন বলিতে হইবে। আমরা যখন নিভাস্ত বালক, তথন "হতোম পাঁচার নকা" প্রকাশিত হইল। তাহার ভাষার ভঙ্গিতে, রচনার রঙ্গেতে একেবারে মোহিত বুঝিয়াছি. হইয়াছিশান। তথন হইতে আমাদের সহজ মাতৃভাষায় বাজি থেলান যায়, তুবড়ি ফুটান যায়, ফুল কাটান যায়, ফুয়ারা ছোটান যায়। আমাদের মাতৃভাষা সর্বাঙ্গে রঙ্গময়ী।

তাহার পরের যুগের প্রবর্ত্তক, প্রতিষ্ঠাতা, পরিচালক – সমাট্ বৃদ্ধিমচন্দ্র। তিনি কালীপ্রসারের, প্যারীটাদের গ্রাম্যতা-দোষ-পরিহার পূর্বক ভাষাকে একটু বিশুদ্ধ করিয়া তাহার প্রবাহ বৃদ্ধি করিলেন। সেই পথে যে বাঙ্গলা ভাষা এখনও চলিতেছে এবং সেই পুছা যে বাঙ্গলার সমগ্র সাহিত্য-সেবীর অহুমোদিত, তাহার জ্বস্ত প্রমাণ-—এই সভায় সমবেত সাহিত্য-সেবিগণ কর্ত্বক আমার মত অকৃতি লেথককে সভাপতিত্বে নিয়োগ।

প্যারীচাঁদের গ্রন্থ-সমালোচনা অবসরে বঙ্কিমবাবু যাহা বলিয়াছেন, সেই কথাগুলি ব্যতীত আমি আর 'একটি কথা আপনাদের সমক্ষে উপস্থাপিত করিয়াছি;—দে কথাটি এই যে, ভাষায় তেজ, আবেগ, বল, জীবন, প্রাণ আনিতে বা রাখিতে হইলে লিখিত ভাষায় কথিত ভাষায় অধিকতর সংস্রব রাখিতে হইবে। সকল বিষয়েই আমরা প্রাণয়হারইতে বিসয়াছি, যদি ভাষায় বা সাহিত্যে একটু প্রাণ রাখিতে পারি বা আনিতে পারি, তাহা হইলেও আমরা ক্রমে সকল বিষয়েই প্রাণ পাইতে পারি। প্রাণের একটা দৃষ্টাস্ত দিব।

বিভাগাগর মহাশরের স্থানে আমরা ভাষা ও সাহিত্য শিক্ষা করিয়াছি। তিনি সংস্কৃতারুবায়িনী ভাষার অদিতীয় শায়েন শাহা সমাট্—
তথনও বেমন এখনও তেমনই। সেই বিদ্যাসাগর মহাশন্ধ যখন দেশাচারের উপর খজাহস্ত
হুই লাজের মস্তকে পদার্পন করিয়াছিদ্, ধর্মের
মর্মাভেদ করিয়াছিদ্ ইত্যাদি।'' দেখুন,
এখানে বিদ্যাসাগর মহাশন্ধকেও ইত্র লোকের
মত্ত 'তুই মুই' করিতে হইয়াছে। পূর্কেই
বিলিয়াছি, নিমন্তরের প্রাণের ভাষা না লইলে
প্রাণের আবেগ প্রকাশ করা যার্ম না।

প্রাণ, নিমন্তরে; নিমন্তরের ভাষা আমা
দিগকে লুইতেই হইবে। লিখিত ভাষা যত
কথিত ভাষার সহিত কাছাকাছি থাকিবে
তত লিখিত ভাষার জীবন পাওয়া যাইবে।
লিখিত ভাষা কথিত ভাষাকে যত দুকে ফেলিয়া
রাখিবে, তচই আপনি জীবন হার্নাইবে,
সংস্কৃত, ল্যাটিন, গ্রীকের মত হইবে, নানা গুণ
থাকিলেও জীবন্ম তবং পড়িয়া থাকিবে।
এখনও যে সংস্কৃত ভাষায় একটু একটু প্রাণ

ধুক্ ধুক্ করে. সে কেবল দেবারাধনা কোথাও কোথাও একটু আধটু জীবিত আছে বলিয়া।

ভাষাকে জীবস্ত রাখিতে হইলে, তাহা সাধারণের বোধগমা করা আবশুক; আর ভাষাকে স্থন্দর করিতে হইলে তাহাতে রস সংযোগ করা আবশুক। রসমীয়ী ভাষাই সাহিত্যের আধার।

এই সময় বৃষ্ণিমবাবুর কথা আর এক-বার বলিব। এবার বন্ধভাবে, শিষ্য ভাবে নহে, বিরোধ ভাবে বলিব। আমরা বিরোধে সাজুয়্য শাঘ লাভ করা বঙ্কিমবাবু লিখিয়াছেন, 'স্ষ্টে-কৌশল কবির প্রধান গুণ, কবির আর একটি বিশেষ গুণ —রসোদ্ধাবন। রসোদ্ধাবন কাথাকে বলে. আমরা বুঝাইতে বাদনা করি, কিন্তু রদ শক্টি ব্যবহার করিয়া আমরা দে কাঁটা দিয়াছি। এ দেশীয় প্ৰাচীন আল-স্কারিকদিগের বাবজত শব্দগুলি এ কুালে পরিহার্যা; ব্যবহার করিলেই বিপদ ঘটে---* এবম্বিধ পারিভাষিক শব্দ লইয়া সমালোচনার कार्गा হয় না। আমরা যাহা বলিতে চাহি, তাহা অন্ত কথায় বুঝাইতেছি। আলক্ষারিকদিগকে প্রণাম করি।" আমরা ভাঁহার উপদেশ গ্রহণ করিতে পারিলাম না; তাঁ হাকে প্রণান করি।

'রস'শক, বিজিমবাব্র বাঙ্গভাবে প্রণম্য অভাগা আলঙ্কারিকদিগের স্ফুট শক নছে। অলঙ্কার শাস্ত্র স্টুট হইবার বহু বহু পুর্কের অধিরা এই রসে টল্টলায়মান ছিলেন;

''বেদ ল'য়ে ঋষি রসে ব্রহ্ম নিরূপিলা।' ভারতচন্দ্রের এই লিষ্ট লোকার্দ্ধে তাহারই পরিচয় আছে। "রসো বৈ সং" ইহা ঋষিদেরই উক্তি। আল্কারিকগণ রনের লক্ষণা করিতে পারেন নাই,—বলিয়াছেন, রস ব্রহ্মানন্দের মত অপূর্ব্ব পদার্থ। সেই রসামুবোধ-ক্ষমতা আমাদের কমিয়াছে বটে, আর ইংরাজিতে প্রতিশক্ষ নাই বলিয়াই কিংরস-শক্ষ পরিহার করিতে হইবে । বাঙ্গলার রসশেখর লেখকের পক্ষেরস পরিহাসের কল্পনা একটা অভুত রসের কথা বটে।

আকাশের কি বুঝি, আকাশের কি লক্ষণ করিতে পারি ; কিছুই পারি না। কিন্তু আকাশ সকলেই বুঝে। রস সেই আকাশের মত সর্কব্যাপা, সর্কত ওতপ্রোত রহিয়াছে। ঐ যে নবোঢা কিশোরী প্রথম সমাগম অবসরে প্রকুল্ল যুবক স্বামীর শহ্যাপার্শ্বে খটাঙ্গ-দণ্ডধরিয়া ক্ষৌম বসনে বদনসগুল আবৃত করিয়া, ব্রীডাবিক্ঞিত অঙ্গে নৃষ্ক্ষম ভঙ্গিতে দাঁড়াইয়া রহিয়াছে, আর ঐ যে তরুণ যুবক পূর্ব হইতে পুষ্পবাসিত শ্ব্যায় শ্বান আছে, মৃত্ মৃত্ দক্ষিণ, পদ কম্পন করিতেছে, আর মুচকি মুচকি হাসিয়া তর্কণীর লঙ্গাতরপ লক্ষা করিতেছে ভাল, ইহারাই কি রস বুঝিয়াছে, আর আমরা এই প্রোঢ় বয়সে কি তাহার কিছুই উপলদ্ধি করিতে পারি না ? ঐ যে প্রবাদ-গামী পতি পার্শ্বে প্রণায়নী কি বলিতে গিয়া नि नि कतिया आत निएं भातिन ना, সরমে মরমের কথা তাহার বলা হইল না, দেই প্রণয়ী প্রণয়িনীই কি রস বুঝিয়াছিল, আর আমর কেহ কিছুই বুঝি না? ঐ যে অর্ন যুবতা, অর্ন কিশোরী, অর্ন অবগুঠন-বতী বন্ধাভ্যম্ভর হইতে একটি স্কঠাম স্থগোল মাতৃস্তন বিকশিত করিয়া ছুরস্থিত কথঞ্চিং

চলচ্ছাক্তবিশিষ্ট শিশু সন্থানকে সাগ্রহ আহ্বান করিতেছে, আর সন্থান উঠিতেছে, পড়িতেছে, আবার উঠিতেছে, টলিতে টলিতে দৌড়াইতেছে, এ বঙ্গজননী আর ঐ বঙ্গ শিশুই কি রস ব্ঝিয়াছে, আমরা কেহ ব্ঝি না ? আপর ঐ যে,

"বধ্র বাঁশী বাজে বুঝি ঐ বিপিনে, নহে কেন অঙ্গ অবশ হইল, স্থা বরষিল প্রবণ," ঐ বংশীধর বন্ধু আর অবশ-অঙ্গিনী গোপীগণই কি রস বুঝিয়াছিলেন, আমরা কেহ বুঝি না ? তা কেন ? "ঘন বিজন কানন বা তরুশৃত্ত মরুদেশ, প্রথর রশ্মিপ্রদীপ্ত মধ্যাহ্ণ সময় বা ঘোরা বিপ্রহরা তামসী বিভাবরী, তর্পযৌবন বা পরিপক্ষ প্রবীণকাল, সর্বস্থানে, সর্বকালে, সর্ববিস্থার প্রাংপর পরমেশ্বরের ঐশ্বর্যা সৌন্দর্য্য সাক্ষাংকার করিয়া ভক্তিমানের চিত্ত রসসঞ্চারে ভক্তিভরে পরিপ্লাত হয়।"

রসময়ের রস সর্বত্ত ছড়ান আছে: ছড়ানই বা কেন বলি, ততপ্ৰোত আছে; তবে এই রম উপভোগ করিবার ক্ষমতা गकरनत मर्भाग गरह। जकन विषय् अञ्चीनग-সাপেক্ষ। রদের ও অফুশীলন করিতে হইবে। যে ভাষায় জননীর আদর, পত্নীর সোহাগ, ছেলেদের আকার, বন্ধুর প্রিয় সম্ভামণ পাইয়াছি, সেই মাতৃভাষায় সাহিঙ্য সেবা করাই বসামুশীলনের সরস উপায়। রস-রচনার অনুশীলনে জদয় কোমল হইবে, প্রাণ শীতল হইঁবে, মন সরল হইবে; দয়া মায়া. শ্রদ্ধাভক্তি বৃদ্ধি প্রাপ্ত হইবে , কপট্ডা, নিষ্ঠুরতা, নির্শ্বমতা কমিয়া যাইবে, আরে সঙ্গে আমাদের মনুষ্যত্ব বাড়িয়া যাইবে। আমরা কোমলপ্রাণ জীব, নাই বা পারিলাম মারামারি করিতে, নাই বা পারিলাম উল্লুক্ন প্রলক্ষন করিতে, পুরের জন্ম প্রাণ থুলিয়া কাঁদিতে ত পারি, তাহাতেই আমাদের মন্থ্যত্ব বৃদ্ধি হইবে, জগৎ শতমুখে বলিবে বাঙ্গালি পরের ব্যথা বৃ্থিতে দর্বশ্রেষ্ঠ এবং দেবা-ধর্মে পরম গরিষ্ঠ।

সাহিত্য-পরিষৎ বঙ্গ-সাহিত্য-দেবার স্কুযোগ বঙ্গ সমাজে দান করিয়া আমাদের সকলেরই ধন্তবাদার্হ হইয়াছেন। গত বৎসর আমি সাহিত্য-পরিষদ্কে অধিকতর কক্ষঠ করিবার অভিপ্রায়ে আমার অভিভাষণে অনেক কথা বলিয়াছিলাম।

বে যাহারে ভালবাসে,
সে তাহারে সদা দোবে।—
এই রীতি সকল দেশেই আছে। এ
বংসর সে সকল আকার কিছু করিব না ি

এ বংসর সাহিত্য-পরিষদের অতি তুর্বং-সর। যে রাম-স্বভাব রা**নেন্দ্র** শত্কর্ম থাকিতেঁও এই সন্মিলনের স্থাপন গঠন কার্য্যে মহারাজ মণীক্রচক্র প্রভৃতির প্রধান সহায় ছিলেন, আপনার শত শত গুরুতর কার্য্য পাকিলেও যিনি কোন দির পরিষৎ-সেবায় বিরাম দেন নাই, সেই রামেক্রস্কর এথন হইয়া পড়িয়াছেন। বহিলেও শরীর ত আর বহে না পরিষদের সম্পাদকতার অক্লান্ত পরিশ্রমে তাঁহার দেহ একবারে রুগ্ন ভগ্ন হইয়াছে। সেই বিখ্যাত বিজ্ঞানবিং, অথচ সাহিত্য সেবায় • অক্লান্ত কর্মবীর এথন শুক্রস স্থাণুর ভাগে অবস্থান করিতেছেন। সেইরূপ সাহিত্য-পরিষদে তাঁহার প্রধান সহায় শ্রীমান ব্যোমকেশ মুস্তফীও অনিয়ত পরিশ্রমে জীর্ণ, শীর্ণ, রোগ- গ্রস্ত হইয়াছেন। তাহাতেই বলিতেছিলাম,
এ বংসর সাহিত্য-পরিষদের অতি তুর্বংসর।
এ বংসর আমরা আকাজ্ঞা-আকারের কথা
তুলিব না। ভগবানের নিকট, সাহিত্য মাতা
সরস্বতীর নিকট কায়মনোবাক্যে প্রাথনা
করি, রামেক্রস্থনর, বোমকেশ পুনরায় সবল
ও স্বস্থ ইউন, এবং আবার পূর্বমত যত্ত্ব,
পরিশ্রম সেবায় সাহিত্য-পরিষৎকে গরিয়সী
কক্ষন।

এইবার সমস্ত বঙ্গের স্বাস্থা-ভঙ্গের ক্থা এই বিপুল সাহিত্য-সজ্ব-সমক্ষে কাতরক্তে নিবেদন করিব।

আমরা প্রায়ই ভূলিয়া বাই, পল্লীগ্রাম লইয়াই পৃথিবী। সহর, নগর,—ব্যবসায়-বাণিজ্যের স্থান, সরকারী কর্মচারীদের কার্য্যস্থান। প্রধানত পল্লী লইয়াই প্রদেশ। কিন্তু পল্লীগ্রামের উপর কাহারও দৃষ্টি নাই। বিনি একটু 'মাথাতোলা' হইলেন, তিনিই সহরে গিয়া মাথা ঘামাইতে লাগিলেন। বলেন, দেশের উন্নতি করিতে হইবে। দেশ কি কেবল কলিকাতা আর ঢাকা?

পল্লীর উন্নতি দ্বে থাকুক, এমন কি পল্লীর স্থিতির জন্য কাহারও কোন উদ্যোগ নাই। পল্লীগ্রাম দকল জীপলে পূর্ণ হইতেছে, কত বিশিষ্ঠ গণ্ডগ্রাম হইতে গোক বাছুর বাবে লইয়া বাইতেছে, জরে ওলাউঠার দেশ উজাড় হইয়া বাইতেছে; জলকষ্টে, জল আনিবার কষ্টে, আর হুই তিন ক্রোশ দূর হুইতে জল আনিবার সময় স্থয়েগ স্থবিধা হওয়ায়, বলতে লজ্জা হয়, হৃঃথে বুক ফাটিয়া যায়, কুলবধ্ কুলের বাহির হইয়া যাইতেছে। এতকল কথা আমরা প্রামই ভাবি না। কিস্ক

এখন দিনকতক আমাদের ঘরের কথা আমাদিগকে ভাবিতে হইবে, নহিলে আর যে চলে না।

ক্ষিতি, অপ, তেজ, মরুৎ, ব্যোম-এই পাঁচটির পাঁচটিতেই আমরা সাধারণ ভারত-বাদী, বিশেষত বৃদ্ধাদী নানার্রপে বিভন্নিত। আমরা ভ্রম মাটীতি বাদ করিতে পাই নাঃ মান, পান ও রন্ধনের জন্ম পরিষ্কার জল পাই না; পল্লীগ্রাম দকল জঙ্গলে পূর্ণ হইয়াছে কাজেই প্রচুর স্থ্যালোক পাই না;মাটী-পচায়, গাছ-পঢ়ায়, জল-পঢ়ায়, পাট-পঢ়ায় বায়ু আনেক স্থানে বিষম দৃষিত হইয়াছে.—বিশুক বায়ু আমরা সেবন করিতে পাই না; বরাগক্লিষ্ট শোকগ্ৰস্ত, অন্নাভাবে শীৰ্ণ, অকালে জীৰ্ণ কোট কোটি নরনারীর আর্ত্ত রবে আকাশ পর্যান্ত দ্বিত হইয়াছে, শৃত্যপ্রাণে শৃত্যপানে চাহিয়াও আমরা সাস্তনা পাই না। ছর্দশায় আমাদের স্বস্তি, শান্তি অন্তর্হিত হইতে বদিয়াছে। কি করিব আমরা নির্বাচিত সদস্তপূর্ণ মন্ত্রণা-সভা লইয়া ? কি করিব কমিটি, বোড, কাউনসিল লইয়া ? কি করিব উচ্চ নীচ,স্থলভ হুল ভি শিক্ষা শইয়া ? কি ব রিব বিচারক ও শাসকের পার্থক্য শইয়া **৭ কি করিব সভাগৃহমধ্যে রাজকর্ম**চারী দিগকে অবাধ প্রশ্ন কুরিবার ক্ষমতা লইয়া ? তবে, শত ধন্তবাদ দিই মহারাজ রণজিৎ দিংহকে আর রায় সীতানাথ রায়কে; তবু ছুই জন লোক, বড় লোক হইয়াও আমাদের স্বাস্থ্যবিভ্রাটের কথা বড়গাটের সভায় উপস্থাপিত कतिश्राहित्नन, मत्मत जान वनिराज स्टेरव। নিতান্ত বিপন্ন, দীনহীন পড়িতেছি,—আমরা যে বাস্তর মাটী পাই না, ত্যপ্রার জল পাই না,শীতে রৌদ্র পাই না, গ্রীয়ে

বিশ্বদ্ধ বায়ু পাই না। আমরা বিষম দেশব্যাপী জরে হয় জড়সড় হইয়া কাল কাটাই, নয় উজাড় হইয়া যাই। আমরা যে প্রচুর আহারের অভাবে দিন দিন ক্ষীণ হইতেছি; দেহের বল কমিতেছে, হৃদয়ের সাহস কমিতেছে, প্রাণের ফ র্ডিনাই বলিলেই চলে।

রাস্তা, বাঁধ, জঙ্গল, সড়ক—সমগ্র ভারতে
নিতাই বাড়িতেছে,—গোলোক-ধাঁধার মত
রাস্তার জটিলতার পথ হারাইয়া ফেলিতে হয়;
রাস্তার জাল দিয়া সমস্ত ভারতবর্ষ ঘিরিয়া ফেলা
হইয়াছে,—তাহাতে স্থলপথ স্থলার হইয়াছে
বটে, কিন্তু জলনিকাশের পথ প্রচুর না
থাকার রৃষ্টির জল, বস্থার জল নিকাশ পায়
না, মাটীতে ক্রমাগত জল ব'সতে থাকে।
কাজেই ভূমি হইয়াছে ম্যালেরিয়ার বিহারক্ষেত্র,। ৰালকেরা শিশু-শরীরপালন পাঠ
করিয়া, শুক ভূমিতে বাস করিতে শিক্ষা
পাইতেছে, কিন্তু ভূমিতে জল বসিলে ভূমি
শুক্ষ থাকে কিরপে; কাজেই বাস্তভূমি সকল
বিক্রীত হইয়াছে।

আবার নদীগর্ভ সকল ক্রমেই ভরিয়া উঠিতেছে। এক যশোহরের রায় যহনাথ মজুমদার ব্যতীত কেইই সে দিকে মনোযোগী নহেন। বাঙ্গলার অনেক স্থলের নদী সকল কাটাইয়া না দিলে রীতিমত জল নিকাশ হইবে না; দিলে জল নিকাশের ব্যবস্থা হইবে, স্নানের ও পানের জল সঙ্গলান হইবে এবং বাণিজ্য ও যাতায়াত স্থগম হইবে। ভাগীরথী কাটাইবার কথা বাঙ্গলার লাট সভায় উপস্থাপিত করিয়া মহারাজ রণজিৎ আমাদের পুনর্বার ধন্তবাদার্ছ ইইয়াছেন।

পুর্বেষ ধনী ও মধ্যবিত্তের ধর্মপ্রাণতা

ছিল। পুরাতন , পুক্রিণীর পক্ষোকার ও নব পুক্রিণীর প্রতিষ্ঠা প্রায়ই হইত। এখন সে ধর্মপ্রাণতা নাই। কিন্তু প্রাণ রক্ষাত চাই। ভাল জলের সংস্থান না করিলে নদীবিহীন পল্লীগ্রাম টিকিতেই পারে না।

তা**হা**র পর দেশে জঙ্গল বাড়িতেছে। কতক আমাদের উদাদীনতায়, কতক আমা-দের আলস্তে, আর কতক আমাদের রুদনার উপাদনায়। বাগাত জমিতে গাছপালা চিরকালই মাছে ও থাকিবে, নতুবা বাগাত হইবে কি প্রকারে? কিন্তু বাস্ত উদাস্ত — আমরা রদনা পরায়ণ হইয়া আমের কলমে, লিচুর কলমে ভরিয়া ফেলিতেছি। আছে সে বাগাত জমিতে বাগান কর, কিন্তু বাস্ত-উদ্বাস্ত জঙ্গল করিও না; মাঠান জমিও বাগাতে পরিবর্ত্তন করিও না। জঙ্গলে ভূমি শুক হইতে পারে না। তাহাতে ^{*} বাস্তর বিলক্ষণ ক্ষতি হয় এবং ক্ষেত্রে বাগান করিলে শশুসম্ভার কমিয়া যায়। "উত্তর কলা, দক্ষিণখোলা' — গৃহস্থ লোকের বাসের দক্ষিণে থানিকটা থোলা জমি রাথা নিতাস্ত আবশুক। দক্ষিণে খোলা জমি থাকিলে বাঙ্গলায় রৌদ্র, বাতাদ হুইই পাওয়া যায় ৷ আগাছা একটু वड़ रहेरनहे भूर्त्व लारक जानानित कृष्ट কাটিয়া ফেলিত ; এখন অনেক স্থলে পাথুরে কম্বলাঁ জালানি হওমায় আগাছার তত টান নাই। বড় বড় আগাছায় গ্রাম নগরের উপকণ্ঠ একেবারে ভরিয়া উঠিতেছে। আলম্ভে এবং উদাদীনতায় আমরা পেগুলি कां हो हो ने वार्य कि कि का विकास की वार्य की वार की वार्य की वार की वा করিলে আর ত চলে না। আপনার অবস্থা, আপনার গ্রামের অবস্থা, আপনার জেলার

অবস্থা ধীরে স্থেস্থ বিবেচনা করিয়া দেখ,
দেখিলে বেশ বৃঝিতে পারিবে যে, আমাদের
স্বাস্থ্যভঙ্গ হওয়াতে আমাদের ইহকাল পরকাল
নষ্ট .হইতেছে। যাহাতে আপন গ্রামে,
আপন ভিটায় আমরা স্থস্থ শরীরে বাস
করিতে পারি, তাহার চেপ্তা সকলকে করিতে
হইবে, —জঙ্গল কাটাইতে হইবে, পুন্ধরিণীর
পিকোদার করিতে হইবে, নদী সকল যাহাতে
বহতা হয়, তাহার চেপ্তা করিতে হইবে।

শরীর বহিলে তবে কর্ম্মাধন হয়, লোক-যাতা সাধন হয়। শরীর স্কস্থ না থাকিলে কোন কিছুই হয় না, কোন কিছু ভাল লাগে ना। भिका वन, विना वन, खन्ना वन, धन वल, यभ वल, भंतीत वहित्लहे मव। যাহাতে আমরা দেই শরীর স্বস্থ রাথিয়া বসবাস করিতে পারি, তাহার জন্ম অথ্যে আমা দিগকে চেষ্টা করিতে হইবে। সেই চেষ্টাকে আত্মন্তর নীতি বলিতে হয়, বল ; প্রজানীতি বলিতে হয়, বল; খাস্থানীতি বলিতে হয়, বল: এই জন্ম রাজপুরুষগণের কাছে যে कुन्मन, আবেদন, নিবেদন—তাহাকে রাজ-নীতি বলিতে হয়, বল,— যে নামে বলিতে হয়, বলু—কিন্তু এই চেষ্টা এথন কিছু দিন করা চাই। সর্ব্রেপ আন্দোলনে বিশ্রাম দিয়া এই পর্ম মঙ্গলকর কার্য্যে লাগিয়া যাও; আর উদাসীনতায়, আলভে, নিব্দিতায় আসল 'থোগ্নাইয়া নকলের জন্ম লালায়িত হইও না।

কতবার বলিয়াছি, আবার বলি, সমস্ত বাজে কথা আর কাজের কথা ফেলিয়া রাখিয়া এখন দিন কতক বাঙ্গালিকে বাঙ্গালির স্বাস্থ্যের কথা ভাবিতে হইবে। যাহার যতটুকু সাধ্য, স্বাস্থ্যোর্মতির জন্ম তাহাকে ত টুকু চেষ্টা করিতে হইবে। যে মহাপুরুষ,—তিনি সন্ন্যানা হউন,গৃহী হউন, হিন্দু হউন, মুসলমান হউন,—
বাঙ্গালি জনসাধারণের মন এ বিষয়ে লাগাইয়া
দিতে পারিবেন, তিনিই বাঙ্গালির পরম বন্ধু।
আর যিনি এখন অন্ত বিষয়ে বাঙ্গালিকে মন
লাগাইতে উপদেশ দিবেন, তিনি বাঙ্গালির
পরম শক্র। আমরা অস্বাস্থা-তরঙ্গে নিমজ্জমান
হইতেছি, হাবুড়বু থাইতেছি,—অপ্রে
আমাদের উদ্ধার সাধন কর, তাহার পর
আমাদিগকে অন্ত উপদেশ দিও।

বিগত বর্ষে এমনই দিনে, এমনই **ন্ত্রীগোরাঙ্গের পুণাজন্মদিনে, এমনই ভারতব্যাপী** বসস্তোৎসব-ফল্ৎসবের দিনে, আমি পঞ্চম সাহিত্য-সন্মিলনের অভার্থনা-স্মিতির সভাপতি রূপে বিশেষভাবে আমার হুগলি জেলার এবং সামাগুভাবে সমগ্র বঙ্গদেশের হুর্দশার কথা অতি কাতর কঠে, অতি আর্ত্তস্তরে সমগ্র সাহিত্যদেবিগণ সমকে অশ্রপূর্ণ লোচনে নিবেদন করিয়াছিলাম; বলিয়াছিলাম, সাহিত্য-সেবিগণ। আমি দেশের অবস্থা পর্যালোচনা করিয়া ব্ঝিয়াছি, দেশের স্বাস্থ্যোন্নতি না হইলে, সাহিত্যের উন্নতি হইবে না। স্থতরাং যাঁহারা সাহিত্যােলতির অভিলাষী তাঁহারা স্বাস্থ্যোন্নতির জন্ম একটু চেষ্টা করুন। বলিয়া-ছিলাম, অন্ত কাহারও কাছে আমি কথন এমন করিয়া আবেদন নিবেদন করি নাই। व्यापनानिगटक है व्यामि वन्नु विनिन्ना, व्याजीन विशा, मूक्क्वी विषश कानि ७ गानि । आभि আপনাদের দরবারে যেরপেই হই হাজির হইয়াছি-আপনারাই আমার জ্জ. আপনারাই আমার জুরি, আপনারা আমার অঞ্-পাতে দৃষ্টিপাও করুন, আমার ক্রন্সনে কর্ণ-

পাত করুন, স্বাস্থ্যোলতির দিকে মন দিন। আমার সেই অভিভাষণের ভূয়ো প্রচার হইয়া-हिन, अप्तक अनश्मा शृहेश्वाहिन, यश्किकिए নিন্দাও হইয়াছিল, কিন্তু এমন কথা একজনও বলেন নাই বা লেখেন নাই যে, সাহিত্য-সন্মিলনের অভিভাষণে দেশের স্বাস্থ্যের জগ্র এতটা কাঁদাকাটি করা ভাল হয় নাই। ইহাতেই আমার স্পর্দ্ধা বাডিয়া গিয়াছে। আমি অতি প্রয়োজনীয় কথার অবতারণা করিয়াছি ৰলিয়া আমার ঐকাস্তিক বিশ্বাস. তাহাতে আপনাদের প্রশ্রম পাইয়া আমার আন্দার, আনার প্রদির্গা, অত্যন্ত বাড়িয়াছে; আর বাড়িয়াছে আপনাদের কৃত কার্য্যে, আপনাদের অর্থাং চট্টগ্রাম সাহিত্য-সন্মিলনের অভ্যর্থনা-সমিতির সভ্যগণের অনুষ্ঠিত কার্য্যে। আপনারা আমার মত নিগুণ, নিঞ্চিয়, নিষ্কৃতি লোককৈ সভাপতিত্বে বরণ করিরার পূর্বের অবশ্রহ আমার পূর্ব অভিভাষণ পাঠ করিয়া-ছिলেन य, प्राप्त . इर्फगात मिरक मकरनत মন আঁক্লষ্ট করিবার জন্ম 'আমার একটা অসাধারণ ঝোঁক, অসাধারণ টান, অসাধারণ আবেগ আছে: এটা জানিয়া গুনিয়াও যথন আপনারা আমাকে সভাপতিতে বরণ করিয়া-ছেন, তথন সেই ঝোক, সেই টান, সেই আবেগ যে নিতাস্ত উপহাসের ব্যাপার বা অবহেলার সামগ্রী, তাহা কথন আপনারা মনে করেন নাই। তাহা যখন করেন নাই, তথন আমি সৃষ্কৃতিত হইব কেন ? অসঙ্কোচ ত বটেই; অধিকন্ত এমন আশা করাও অসঙ্গত হইবে না যে, আপনারা আমার ক্রন্দলে এই-বার প্রক্কতই কর্ণপাত করিবেন।

আবার নিরাশার কথা বলি! এই সম্বং-

সর ধরিয়া বাঙ্গলার অনেকগুলি মাদিকপত্র করিলাম.—কৈ ঐ পৰ্য্যালোচনা গুৰুত্বের উপলব্ধি ত কোথাও দেখি নাই। সাপ্তাহিক পত্ৰেই বা কৈ ? 'স্থলভে' বিছু কিছু থাকিত, তা স্থলভ ত আর নাই।''অমৃত-বাজার'', "বঙ্গবাসী" প্রভৃতি হুই একথানি পল্লীদম্পর্কিত পত্রে ৷কছু কিছু থাকে,— তাহাতেও বড় আশা হয় না। ''অমুতবাজার'' বলেন, কলিকাতার লোকে জ্বরকষ্ট বা জলকষ্ট किছूरे दूरवा ना, प्रारेक्ण किছूरे लाए ना। বাঙ্গণা কবন্ধ হইলেও কলিকাতা অ মাদের মাথা,-মাথায় না লাগিলে কাহারও মাথাব্যথা হইবে কেন্ গুল, কলিকা ভায় বড় গোক-পদের সাহায্য যদি না পাওয়া যায়, সহুরে কংগ্রেস यिन এ विषया উनामीन थाटकन, भामक-সম্প্রদায়ত যদি পুর্বের মত গয়ংগচ্ছ করেন, তবে আমরা এই দামান্ত মধ্যশ্রেণীর সম্প্রদায়, এই সমগ্র সাহিত্য-দেবীর দল, এই মার্দিক, সাপ্তাহক, দৈনিক পত্তিশির সম্পদকর্ণ, এই कवि-ल्याकर मन, এই ঐতিহাসিক বৈজ্ঞানিক সম্প্রদায়—আমরা আপনারা চেষ্টা করিয়া কিছু করিতে পারি না কি ? নাই বা হইলাম রামমূর্ত্তির মত জোয়ান, স্থরেন্দ্র বাবুর মত বক্তা, ডাক্তার ঘোষের মত আইনজ ও, ইংরাজি-সাহিত্যরত, ঠাকুর কুমারের মত ধন-শালী,— নাই বা হইলাম আমরা এ সব কিছু; আম্রাণএই সামাতা বলবিত বিদ্যাবুদ্দি লইয়া প্রতি জনে জনে ঐকান্তিক চেষ্টা করিয়া কিছুই কি করিতে পারিব না ? যদি এভিগবংনের সহায়ে আমার এই প্রাণের কথ। আপনাদের দশজনেরও প্রাণে লাগাইতে পারি, তাহা इटेलिटे खाना कतित वाजनात युशास्त्र

উপস্থিত হইবে, স্বাস্থ্যোরতির সঙ্গে সঙ্গে বাঙ্গণার সাহিত্য, ইতিহাস, বিজ্ঞান, শিল্প— সকল বিষয়েরই উন্নতি হইবে।

जन्मत्, तार्थ, द्रात्वत भर्ष यथन (मर्गत जन বন্ধ ইয় নাই, যুখন দেশের ছোট বড় সকল লেংকে পল্লীগ্রাম প্রিয়তর বলিয়া জানিত, নদী-গুলি যথন ভরাট হইয়া উঠে নাই,—তথন দেশের যে অবস্থা ছিল, এখন তাহা মনে করিতে গেলেও চক্ষে জল আসে। তথন দেশে অর ছিল,—তুর বেলা তুই মুঠা মোটাভাত দকলেই খাইতে পাইত; দেশে বিস্তর তম্ভ-বায় ও জোলা ছিল, —মোটা কাপড় সকলেই পরিতে পাইত। আর ছিল-মাতা-গান, কবি, পাঁচালি, কথকতা : ক্বন্তিবাসী কাশীদাসী পাঠ হইত; চণ্ডীর গান, পারের গান গীত হইত, আর হইত পূজা, অর্চনা, আরাধনা, আজান; মেলা-মহোৎসুব নিত্ট হইত; বারমারিতে হিন্দু মুসলমানের সমান উৎপাহ; সর্বত্রই হাসিথুসি, গলগুজব, গান-বাজনা। পূর্ব্যঞ্চলে নদীর উপর সারিগান ও ভাটিয়াল গান পদার মত ভীষণ নদীর প্রবাহ ছাইশা রাথিত। এখন দেশ অস্বাস্থাকর হওয়াতে ঐ সকল অত্যন্ত কমিয়া গিয়াছে; সে উদ্যোগ बाहे. (म উৎमार बारे; (म প्राण बारे, (म ফুর্ত্তি নাই ; সে প্রফুল্লতা নাই, সে রদ নাই— সে সব কিছুই নাই। আছে কেবল জ্ঞানের মায়া, বিজ্ঞানের ছায়া, সভার আড়ম্বর, আর বক্তৃতার বিড়ম্বনা; আছেন—উকীল মোক্তার, কৌন্দিলি ও ডাক্তার। আর আছে বাঙ্গলা অক্ষরে ইংরাজের সংবাদপত্র এবং ইংরাজের নকলে দেশের ইতিহাস। অতি বিনীতভাবে কাতরে জিজাসা করি, ঐ সকল খোরাইয়া, এই সকল ছারা লইয়া কি বাঁচিরা থাকা যার ? আপনারাই বলুন, এই জরানীর্ন দেহে এই বিষম চিস্তার ছর্বাহ ভার আবে কতকাল বহন করিব ?

আপনারা অপূর্ক বাঙ্গলা সাহিত্যের সেবক। সাহিত্য সেবার উপকরণস্বরূপ হৃদয়ে প্রফুল্লতা আবার আনিতেই হুইবে বাঙ্গলার সাহিত্যায়তি করিতেই হুইবে; আপ-নারা এই বিষয়ে বর্মপরিকর হউন, আমি আপনাদের সর্কাঙ্গীন উন্নতি কামনা করিয়া ভগবতী ভারতীর এই পীঠ মধ্যে, তাঁহার ক্বপ'-ভিক্ষা করিয়া আপনাদের জয়গান করি। প্রসীদ ভারতি! ভারত-সম্ভানে।

পরিশিষ্ট

অাপনারা জানেন, আমি মাদিক পত্তে ও সংবাদ-পত্রে নিধ্নিত সাহিত্য-দেবা করিতাম। সাংসারিক বিঘটন ঘটায়, সংসারের সেবায় অধিক সমন্ব দেওয়া প্রশ্নোজন হওয়ায় সাহিত্যের নিয়মিত সেবা আমার দারা আর হয় না। তবে অভ্যাদ দোষে চোরের যেমন রোগ ছিল, আমারও সেইরূপ সাহিত্য-তুষী নাড়া চাড়া করা রোগের মত দাঁড়াইয়া গিন্নাছে। সাহিত্য-দেবা ছই প্রকারে হয়, এক পঠনে আর এক লিখনে। পঠন জীবনের চির সহচর, সে ত আছেই, লিখনও এক এক সময় বিশেষ বন্ধুত্ব করিয়া থাকেন। এইরূপে 'পূর্ণিমা'য় নিয়মিত লেথক হইয়া পড়িয়াছিলাম। আমার সৌভাগ্যে বা হুর্ভাগ্যে "পূর্ণিমা' মাসিক্পত্র লীলা দ্বরণ করিয়াছে; করিয়াছিলাম. আমি আমিও মনে থালাস পাইলাম। কিন্তু পূর্ণিমায় এক ব্ৎসর সমালোচনা করিয়াছিলাম বলিয়া গ্রন্থকারগণ আমাকে পাইয়া বিদিয়াছেন। তাঁহারা
অন্থাহ করিয়া আমাকে প্রুক উপহার
দেন, আবার নিগ্রহ করিয়া সমালোচনার
দাবী করেন। নিগ্রহ কেন বলিতেছি, বলি।
লেখাপড়া কিছু না শিথিয়া অনেকের
লিথিবার বাসনা হয়। অনেক লেখা বুঝিতে
পারা যায় না,—সমালোচনা একটা নিগ্রহ
হইয়া উঠে। তাহার পর অভ্যাস দোষে গ্রন্থের
দোষগুলা চোথের সম্মুথে পড়ে, সেই দোষ
দেখা একটা রোগে পরিণত হয়; যৌবনে
এ কথাটা ঠিক বুঝিতে পারি নাই, এখন
বুঝিয়াছি; ছাড়িতে চাই, কিন্তু উপরোধ
অন্থরোশ্ব এড়াইতে পারি না।

তাক্লার পর অধিকতর বিড়ম্বনা গত বৎসর হইতে। আমার ঘরের কাছে সাহিত্য-সন্মিলন কর্ণরতে সারদাবাবু সঙ্কল্প করিলেন; স্থামি বোগশবাায় শায়িত, শ্যাপার্থে সারদাবাবু আদিয়া আমাকে, অভ্যর্থনা-সমিতির সভাপতি হইতে অহুরোধ করিলেন, → আমি তাঁহাকে 'না' বলিতে পারিলাম না, স্বীকার করিলাম। দেই দন্মিলনের দিন হইতে রাশি রাশি পুস্তক পুষ্টিকা, পত্র প্রত্তিকা আসিতে লাগিল। আমি ুসামান্ত লোক,—আমার সাহিত্যের সেরেস্তা নাই, ভাণ্ডার নাই; যে গ্রন্থণী আছে, তাহারই সুশৃঞ্লায় স্থান সংক্লান করিতে পারি না। স্তরাং অঙ্গর পুত্তকাগমে আমি ব্যতিবাঞ্ হইয়া আছি। কতক হারাইয়াছে; কত্ত্ব বিশৃঙ্খাশার বিস্তৃত হইয়া,পুড়িয়া আছে, যেগুলি সন্মুথে পাইয়াছি, আপনারা **অহ্**মতি করিলে, আপনাদের সন্মুথে সেগুলির একটু আধটু পরিচয় দিবার চেষ্টা করিতে পারি।

এটা যদি দস্তর হয়, দস্তর হরন্ত হইল ; আরু যদি দস্তর না হয়, গোস্তাকি মাফ্ করিবেন।

প্রথমেই স্ত্রীলোকের লেখা পুস্তকের কথা বলিতে হইতেছে। তিনন্ধন সন্ত্রান্ত মহিলার লিখিত চারিখানি পুস্তক পাইয়াছি। তাঁহাদের মধ্যে একটি ব্রাহ্মণকত্যা, একটি বৈদ্যকত্যা, আর একটি কায়স্তকত্যা। ব্রাহ্মণকত্যা অক্রমণা দেবীর "পোযাপুত্র" নামে একথানি গল্লের বই। বৈশ্বকত্যার "স্পৃষ্টি রহস্তা" নামে একথানি অতি গন্তার দর্শনের পুস্তক, আর কায়স্তকত্যার একমাত্র পুত্রের অকাল বিয়োগে "মর্মান্ডেদী" ক্রন্দন; এই সকল গ্রন্থের একান সমালোচনা সন্তব নহে।

গুইখানি এতদঞ্চলের মুদলমান লিখিত গ্রন্থ। একথানি ''কারবালা,'' বা মহ-রমের মুদ্ধের বিবরণ। নোয়াখালি মাইজানী হইতে শ্রীস্থাবহুলবারি প্রণীত; আর একথানি ভোলার মোজাম্মেল হক্ প্রণীত ''জাতীয় মঙ্গল,'' দ্বিতীয় সঞ্জরণ, ১০১৮ সালে মুদ্রিত; হুইখানিই কবিতাময়; কবিতাগুলি সরল ও ভাবপ্রবণ।

চট্টগ্রাম পটিয়ার শ্রীবিপিনবিহারী নন্দী প্রাণীত ১৩১৮ সালে প্রকাশিত "দাচিত্র সপ্তকাণ্ড রাজম্থান" নামক বৃহৎ অবয়বে ১০০ পৃষ্ঠায় পদ্যময় পুস্তক। পদ্যের ভাষা অতি প্রাঞ্জল, পরিচয় স্বরূপ কয়েক পংক্তি উদ্ধৃত করিতেছি।

"হিন্দুর আদিম কীর্ত্তি গায় রামার্ত্তণ, মধ্যকীর্ত্তি করে মহাভারত বর্ণন, শম্ম কীর্ত্তি রাজস্থান এ লঘু ভারত। বেমতি বিচিত্ত তাহা পবিত্ত মহৎ।" সম্প্রতি চট্টগ্রামবাসী শ্রীযুক্ত শ্রামাচরণ

সরকারের চারিথানি পুস্তক পাইরাছি। এই গুলি এই সন্মিলনের প্রথম ফল। আর নবীনচন্দ্রের "আমার জীবন" চতুর্থ ভাগ পাওয়া গিয়াছে। 'বঙ্গদর্শনে' কয় থণেওরই আলোচনা করিয়াছি, এই চতুর্থ থণ্ডেরও করিব।

্ইতিহাল চারিথানি ও জী:সুনী একথানি পাইয়াছি। ইতিহাস, প্রকৃত ইতিহাস বাঙ্গলায় হল্লভ পদার্থ। প্রথমেই 'র্গোর রাজমালার" নাম করিতে হয়, বরেক্স অনু-সন্ধান-সমিতি ঐতিহাসিক অমুসন্ধানে ব্যাপৃত: স্বয়ং ঐতিহাসিক অক্ষয়কুমার সম্পাদক। তাঁহার সম্পাদকতায় শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ কর্ত্তৃক এই গ্রন্থ প্রণীত হইয়াছে। বড়ুই আনন্দের বিষয়। কিন্তু "বিষ্ণুপ্রিয়া" পত্রিকায় শ্রীযুক্ত বিনোদবিহারী রায় এই রাজমালার অনবধানতা দেখাইয়া বা দিয়াছেন। তাহাতে যেন বোধ হয় যতটা শ্রম বা যত্ন করিলে এই অপূর্বে গ্রন্থ আরও নির্দোষ হইতে পারিত ততটা যত্ন করা হয় নাই। বিনোদবিহারী রায় সমং প্রত্ন-তত্ত্বামুসন্ধায়ী। সম্প্রতি গভর্ণমেণ্ট তাঁহার স্থুবৃহৎ পুস্তকের ৫৬ খণ্ড ক্রয় করিয়া তাঁহাকে উৎসাহিত করিয়াছেন। ''ঢাকার ই**তিহাস**'' প্রথম থও; শ্রীযুক্ত যতীক্রমোহন প্রণীত। এই গ্রন্থে অগাধ পরিশ্রমের পরিচয় পাওয়া যায়। माधातर हैं हारक उँ९माह দিলে, আমরা আনন্দিত হইব। 'বারভূঞা' বা যোড়শ শতাব্দে বাঙ্গলার ইতিহাদ— শ্রীস্থানন্দনাথ রায় প্রণীত। অতি উত্তম গ্রন্থ। **এীমান্ কুমুঃনাথ মল্লিকের 'নদীয়াকাহিনীর** দ্বিতীয় সংশ্বরণ হইয়াছে। শ্রীসুক্ত হরিদাস পালিতের 'গন্তীরা' দর্বজন-সমাদৃত হইয়াছে।

৺শ্রীশচক্ত্র মজুমদার প্রণীত 'রাজ-তপাস্থনী'
নামে মহারাণী শরংস্কলরীর জীবনী সম্প্রতি
প্রকাশিত হইয়াছে। অতি স্কলর লেখা।

এই বৎসর বিজয়গুপ্তের "ম সোমঙ্গল" গ্রন্থের দচিও তৃতীয় প্রচার (বা সংস্করণ) পাইয়াছি ৷ বিজয়গুপ্তের ভণিতা ছাঁড়া আর পাঁচ জন কবির ভণিতা মঙ্গল মধ্যে আছে স্থতরাং এথানি গাঁটি বিজয় গুপ্তের গ্রন্থ विलाल उत्ता काना श्रीमेख या विजय ক্ষপ্রের অঞ্চলে প্রথম নন্দামঙ্গল রচনা করেন, তাহা এই গ্রন্থে লিখিত আছে। কাব্যে দেখা যায়, রজক-কুমারী নেতা বিষ-হরির স্থী মন্ত্রণাদাত্রী এবং গুরুর মত; তিনি এই পদ কিরূপে পাইলেন, গ্রন্থ সম্পাদক তাহা বুঝাইয়া দেন নাই। স্থতরাং মনে করিতে হইবে অন্ত গ্রন্থের আভাদ ইহাতে অছে। সে কোন্ গ্ৰন্থ সম্পাদক এই সকল প্রশ্নের কোন মীমাংদা করিবার চেষ্টা করেন নাই।

আর একথানি প্রাচীন পুস্তক আমরা পাইরাছি, ছিল্ল কমললোচন প্রণীত ''চিণ্ডিক'া-বি সর''; শ্রীপঞ্চানন সরকার সম্পাদিত ও রঙ্গপুর-পরিষৎ হইতে প্রকাশিত। সন ১২ ৮ দালের একথানি হস্তলিথিত পুঁথি অবলম্বনে এই গ্রন্থ মুদ্রিত। সম্পাদন কার্য্য স্থন্ধর হইয়াছে।

এইবার কয়েকথানি বৈষ্ণবগ্রন্থের গ্রন্থকারদিগের কথা বলিব। প্রথমেই প্রভূপাদ
অতুলক্ষণ গোম্বামী মহাশয়ের কথা বলি।
গৌড়ীয় বৈষ্ণবসমিলনী এই বৎসর প্রচারকার্য্যে অধিকতর উৎসাহশীল হইয়াছেন;

প্রভূপাদই সম্পাদক। তাঁহার সম্পাদনে অগ্রহায়ণ মাসে শ্রীল নরোন্তম ঠাকুরের 'প্রার্থনা'', পৌষ মাসে ঠাকুর মহাশয়ের 'শ্রীশ্রীপ্রেমভক্তিভিল্কা'', আর মাঘ মাসে শ্রীপ্রেমানন্দ দাস বিরচিত 'শ্রীমনঃ-শিক্ষা'' প্রকাশিত হইয়াছে। যেমন নির্বাচন তেমনই সম্পাদন হইয়াছে কুদ্র কুদ্র পুঁথগুলি একেবারে হীরার টুকরা।

তাহার পর শ্রীযুক্ত রিসকমোহন বিদ্যা ভূষণ মহাশয়ের গ্রন্থাবলির কথা বলিতে হয় সকল গ্রন্থ আমি পাই নাই; ছই থানি পাইয়াছি, "শ্রীরায় রামানন্দ" ও "গন্তীরায় শ্রীরোয়ঙ্গ"। গ্রন্থ ছইথানি " অতুল্য; গৃঢ় ভজনগানের অতি স্ক্রুতন্ত্ব সকল পুস্তক-দ্বন্ধে নিহিত আছে। আমরা বৈষ্ণবধ্যের ভূল কথার কিঞ্চিৎ আভাস পাইয়াছি মাত্র, এক টু একটু বৃঝি নামে কচি, জীবে দয়া,' আমরা এই সকল স্ক্রু কথার সমালোচনা করিতে পারি না।

আরও একথানি "বৈষ্ণব ধশ্মের সূক্ষা ত্ব" গ্রীক্ষণৈটেত অ-প্রচারিণী সভার সম্পাদক গ্রীযুক্ত প্রিয়নাথ নন্দী-প্রণীত উপহার পাইয়াছি। পূর্বেই বলিয়াছি, ফ্লুতত্ব বুঝি না, মোটা বুদ্ধিতে মোটা কথা বলিতেই ইচ্ছা হয়। শ্রীকৃষণটৈত অ প্রচারিণী সভার সহিত প্রভূপাদ অভূলক্ষণের কোন সংস্রব 'নাই, অথচ মুসলমান মৌলবী এই সভায় বক্তৃতা করেন,—এটা কিরপ ফ্লুতত্ব আমাদের বোধগমা হয় না। ইহা কি সন্ধীণ ওদার্যা, না স্বেচ্ছাচার?

গ্রী যুক্ত সতীশচন্দ্র রায় এম, এ, কর্তৃক 'শ্রীজীগীতগোবিন্দ'' (সচিত্র) সংস্কৃত মূল, পূজারি গোস্বামীর টীকা, পদাামুবাদ ও বিস্তৃত বাাধ্যা দম্বলিত প্রকাশিত হইয়াছে। অতি স্থানর ইহাতে ১১২ পৃষ্ঠা বাংপী ভূমকা আছে, দেও এক অপূর্ব পদার্থ। দম্পাদক-অমুবাদকের শ্রম দার্থক হইয়াছে। বিষ্কিমবাব্ প্রভৃতি দমালোচকের জ্মাদেবকে আক্রমণ বার্থ করা হইয়াছে।

শ্রীব্রশানন্দ স্থামিপ্রণীত 'রোদ লীল।''
অতি হন্দর অথচ নিপুণ ব্যাখ্যান গ্রন্থ।
আমাদের শ্রীমান্ কুম্দনাথ মল্লিক প্রণীত
'শ্রীসোগারাঙ্গ' গ্রন্থ এইখানে উল্লেখযোগ্য।
শ্রীমান্ প্রকৃতই ভক্ত,—শ্রীক্ষেত্রে গিরা
ক্রীতৈতন্ত দেবের কাঁথাথানি, পুঁথিথানি ও
কমগুলুটি দংরক্ষণের স্থব্যবস্থা করিয়া আদিয়াছেন। শ্রীমানের জর হউক।

তুই তিনজন খ্যাতনামা গ্রন্থকার তাঁহাদের সমগ্র গ্রন্থাবলি এই বর্ষে আমাকে উপহার দিয়াছেন; তাঁহাদের **অমু**গ্ৰহে গৌরবান্বিত। গভবংসর সন্মিলনের সময়ে শ্রীযুক্ত ক্ষীরোদপ্রদাদ বিদ্যাবিনোদ আমাকে এক রাশি পুস্তক উপহার দেন। ১৬ থানি नाठेक. किन्छ अनुष्ठेरेव छाता जाहात मधा "প্রতাপাদিত্য" নাই। এক দিন আমি আলিপরের প্রসিদ্ধ কংগ্রেদ মেলায় তাঁহার প্রতাপাদিত্যের অভিনয় দেখিয়াছিলাম,মোহিত হইয়াছিলাম। নাটকগুলির নাম আর উল্লেখ कतिनाम ना । कीरतानवाव्त "नाताशयी" উপন্তাদ দক্লেরই পাঠ কর। কর্ত্তবা। ছোট গল্প "বিরাম-কুঞ্জে" কয়েকটি **আছে,সেগুলি** বেশ চিত্রাকর্ষক। "হু**র্গা**" চণ্ডীর গল্পকথা। বড় স্থন্দর। দৌহিত্রীকে পড়াইরাছি,—সমস্ত বৎসরের

বুঝে নাই, কিন্তু সে^{*} একেবারে মোহিত হইয়াছে।

कवि बीय्**क (मरवस्त्रनाथ (मन व्यरनक मिन** হইতে স্থকবি বলিয়া বাঙ্গলায় স্থপরিচিত। তাঁহার কবিতার রস উপভোগ করিয়া আমরা বিশেষ আনন্দ লাভ করিয়াছি। এই বংসর তিনি আমাদের ভাগার্ভণে তাঁহার সমস্ত কবিতা বিভিন্ন' পুস্তকাকারে প্রকাশিত করিয়াছেন আমাদিগকে উপহার এবং দিয়াছেন 🕕 কতকঞ্চলির নাম ''গোলাপগুচ্ছ." 'অশোকগুচ্ছ''ইত্যাদি; কতকগুলি মঙ্গল গ্ৰন্থ '' সপুৰ্ব্ব শিশু মঙ্গল," ''হ্রি মঙ্গল'' ইত্যাদি। আরও তিন্থানি অপূর্ব গ্রন্থ আছে, 'গপূর্বব বীবাঙ্গনা,' "অপূৰ্ব্ব ব্ৰহাঙ্গনা"ও "অপূৰ্ব্ব নৈবেল্ড;_' মধুস্দনের "বীরাঙ্গনা,'' "ব্রজাঙ্গনা'' আর রবি কবির ''নৈবেল্ল" উৎকৃষ্ট কাব্য গ্রন্থ ; তবে দেবেক্সনাথের এগুলিও অপূর্ব্ব বটে। শ্রীযুক্ত মোহিতমোহন মজুমদার "দেবেন্দ্র-মঙ্গল'' লিথিয়াছেন : বলিতেছেন—

"সার্থক সাধনা তব, হে কবিপ্রবীণ,
তপ-পূজা পুরোহিত তুমি মহাব্রতী!
চপল কবিল মোরে তব স্বর্ণবীণ,
তাই দেব করিলাম ভোমার আরতি।"
বাস্তবিক কবি দেবেক্সনাথ আরতি করারই
উপযুক্ত।

শ্রীমান্ সতোক্তনাথ দত্ত আমাদের অনেকের সাহিত্য গুরু স্বর্গাত অক্ষরকুমার দত্তের পৌক্তা। ইনি আটথানি অতি উপাদের গ্রন্থ আমাকে প্রদান করিয়াছেন। আমি সকলগুলি এখনও পড়িয়া উঠিতে পারি নাই। ''(বণুও বাণার'' 'আরক্তে' কবি কাব্যের পরিচয় দিয়াছেন,

জলে।"

"বাতাদে যে ব্যথা যেতে ছিল ভেদে ভেদে, যে বেদনা ছিল বনের বুকেরি মাঝে। লুকান যা ছিল অগাধ অচল দেশে, তারে ভাষা দিতে বেণু দে ফুকারি বাজে।" Lyric কাব্যের অতি স্থলর পরিচয় নয় ? "হোমশিথার" প্রথমেই "দবিতা" কবিতার একটি নালী পংক্তি আছে,

> ''ধেয়াই ব রেণ্য সবিভায়, রমণীয় দীপ্তি দেবভায়, আমাদের বৃদ্ধি বিধাতায়।''

হোম-শিথার স্থন্দর নান্দী। তাহার পর
"তার্থ-সলিল" ও "তার্থ-রেণু," কবি-প্রদন্ত পরিচয়— "বিশ্ববাসীর বারতা এনেছি বঙ্গের সভাতলে, ভরেছি আমার সোণার কলদ নানা তীর্থের

"ফুলের ফসলের" আগম-বাণী আরও মনোহর, পশ্বগম্বর মহম্মদের কথা। "জোটে যদি একটি পশ্বসা,

থান্ত কিনিয়ো ক্ষ্ধার লাগি, হুটি যদি জোটে, তবে অর্দ্ধেকে,

ফুল কিনিও হে অসুরাগী। বাজারে বিকাম ফল-তণ্ডুল,

সে শুধু মিটার দেহের ক্ষ্ধা, জনর প্রাণের ক্ষা নাশে ফুল,

ছনিয়ার মাঝে সেই ত স্থধ।"
"চানের ধূপ" গদ্য গ্রন্থ। চীনের
উপানষং প্রভৃতির পরিচয় পাওয়া যায়।
"কুক্ত ও কেকাতে" আমরা কুহুই পাইলাম,
কেকা পাইলাম না! "দৃষ্টিহাবা,"
"ানধিধ্যান" প্রভৃতি চারিখানি নাটক
ভাছে। "দৃষ্টিহারা" পড়িয়া দিশেহারা

হইরাছি, কিছুই ব্ঝিয়া উঠিতে পারি নাই। বিদেশের বিশেষ কথা ব্ঝিতে পারি না।

"ব্রহ্মবাদী ঋষি ও ব্রহ্মবিদ্যা"—
শীতারাকিশোর শর্ম-চৌধুরী প্রণীত। গত
বংগর প্রকাশিত হইয়াছে। বাঙ্গলা দেশে
অধিকাংশ ব্রাহ্মণের ব্রহ্মজ্ঞান নাই বলিয়া এবং
ব্রাহ্মনামধারী কতক গুলি ভদ্রসন্তান নিতান্ত অনাচারী হওয়াতে ব্রহ্মবাদ সাধারণ লোকের
কাছে অনাদরণীয় হইয়াছে; প্রক্রন্ত ব্রহ্মবাদ যে কি, তাগ শুনিতেও লোকের স্পৃহা নাই। এমন দিনে এই গ্রন্থের নামকরণ যে সময়োপ-যোগী হইয়াছে, এমন কথা বলিতে পারি না।
নতুবা এই গ্রন্থের মত গ্রন্থ বছদিন দেখি নাই।, এই গ্রন্থ প্রকাশে বাঙ্গলা ভাষা শাস্ত্র-সমন্বিতা হইয়াছেন, আর চৌধুরী মহাশয় সকলের
পৃক্রনীয় হইয়াছেন।

শ্রীষ্ক বিনয়কুমার সরকারকে গত বৎসর
সাহিত্য-সেবীদিগের নিকটে আমি পরিচিত
করিগা দিই। এখন তিনি সাহিত্য-সংসারে
স্থপরিচিত। এ বৎসর তাঁহার "শিক্ষাসমালোচনা", "ঐতিহাসিক প্রবন্ধ"
ও 'সাধনা" প্রকাশিত হইয়াছে। সকল
গুলিতেই গভীর চিস্তার পরিচয় পাওয়া যায়।
এই সঙ্গে বিবিধ প্রবন্ধমূলক শ্রীষ্ক বিপিনবিহারী ঘাষ কর্তৃক প্রকাশিত "জন্মুসন্ধান"
নামক পুস্তক উল্লেখযোগ্য।

শীষুক্ত জগদানন্দ রাম্বের "প্রকৃতির পরিচয়" ও "বিজ্ঞানাচার্য্য জগদীশচক্তের আবিষ্কার বৈজ্ঞানিক গ্রন্থ। এইরূপ গ্রন্থ বাঙ্গদায় যত প্রকাশিত হইবে, ততুই ভাল।

"ভারতের শিক্ষিত মহিলা"— শ্রীহরি দেব শাস্ত্রি প্রণীত। ইহাতে প্রাচীন কালের এবং এখনকার দিনের বিখ্যাত ভারত-মহিলার চরিত্রের পরিচয় আছে। শিক্ষিত বঙ্গমহিলার এখানি স্থপাঠ্য পুস্তক, পড়িলে জ্ঞানের সঙ্গে আমোদ পাইবেন।

"সনাতন ধর্ম ও ত্রুজ্ঞান-দ্মিতি"
শীহরিচরণ রায় এম, এ প্রণীত। ৹থিয়সফির
গ্রন্থ। থিয়সফিষ্টগণ একটি পৃথক্ সম্প্রদায়
গঠন করিতে গিয়া এবং মহাযাত্রকরী 'বলবংসথী'কে সম্প্রদায় কর্ত্রী করিয়া বিষম ভ্রম
করিয়াছেন, নতুবা তাঁহাদের মত বেশ ভাল।
তবে উহার মধ্যে যে creed বা বিশেষ
বিশ্বাসের পদার্থগুলি আছে, তাহা তাাগ
করিলেই ভাল হয়।

"সামাজিক সমস্তা", প্রথম থণ্ড;
শ্রীঅন্নদাপ্রদাদ চক্রবর্ত্তী প্রণীত। সমস্তার
শেষ কথা হইতেছে,—"অনেক প্রাচীন
নিয়ম-পদ্ধতিগুলিতে মরিচা ধরিয়াছে, তাই
অবলম্বিত পদ্বাগুলি ঠিক কার্যাক্ষম হইতেছে
না। বরং স্থলবিশেষে উপহাসের কারণ
হইতেছে। দশ দিক দেখিয়া শুনিয়া কাজ

শ্রীযুক্ত কামাথ্যাচরণ বন্দ্যোপাধ্যায় প্রণীত অনেকগুলি স্থলিখিত প্রয়োজনীয় পুস্তক সম্প্রতি পাওয়া গিয়াছে। এই ম্যালেরিয়া-প্রবণদেশে, চিকিৎসা পদ্ধতির বিপর্যায় সময়ে, এগুলি বিশেষ উপকারী এবং উপযোগী।
(১) 'প্লৌগ্রামের স্বাস্থ্য কো' ষষ্ঠ সংস্করণ।
(২) 'প্লাগ্রামের স্বাস্থ্য কো' ষষ্ঠ সংস্করণ।
বং 'প্রসন্তান লাভের উপায়' সন্তান যদি লাভ হইল তাহার পর (৩) 'শিশুপালন ও চিকিৎসা'। শিশুদের ব্যাপার হইল তাহার পর(৪) 'প্রীশিক্ষা', শেষ (৫) 'মাতার প্রতি উপদেশ,' গ্রন্থকার বলিতেছেন "আর্ম্য

মহর্ষিরা বিজ্ঞানের যে উচ্চ লিখিবে আরোহণ করিয়াছিলেন, পাশ্চাত্য পণ্ডিতগণ এখনও ততদ্ব অগ্রদর হইতে পারেন নাই এইটি দেখাইবার জন্ম আয়ুর্কেদ গ্রন্থ হইতে প্লোক উদ্ভ হইয়াছে ও শ্লোকের নিমে পাশ্চাত্য দেশের বড় বড় বিজ্ঞানবিং পৃথিতিদিগের মত সমিবিষ্ঠ হইয়াছে।

'রা জা দেবীদাস'', শ্রীসতারঞ্জন রায়
এম, এ প্রণীত একথানি উপন্যাস। গ্রন্থকারের ভাষার উপর অধিকার জন্মিয়াছে।
আমরা দিতীয় সংস্করণের জন্ম উৎস্কুক রহিলাম।
"মৃত্যু মিলন" শ্রীকেমেক্র প্রসাদ ঘোষ প্রণীত
উপন্যাস। হেমেক্র বাবু সাহিত্য সংসারে
স্থারিনিত, তথাপি বলিতে পারি না যে, তাঁহার
'মৃত্যু-মিলন'' সফল হইয়াছে। পত্নীর সামান্ত
ভাস্তিতে হিন্দুপতির চিরজীবন বিচ্ছিন্ন সংস্থান
—যেন কেমন েমন পাগে, একটু বিলাতী
বিলাতী বোধ হয়।

্ আমার সাঞ্চিত্য পরিচয় নিতান্ত নীরস হইতেছে। এইবার একবার শ্রীবিজয়চন্দ্র মজুমদার মহাশয়ের 'প্রফ্রকার্যাল্য' হইতে 'কৌতুক'-পঞ্চকের চারি পংক্তি উদ্ধৃত করিয়া দিই।

"প্রণাম করো থোপা নেড়ে,
(আমি যাবো বোকা মেরে)
, দেহের বণ স্বর্ণ ভূষার উজল করে গাঁটি।
বৃঝ্ব আমি,—নারীর ফুল্ল
দীপ্তি বাড়ার সাড়ীর মূল্য
প্রীতির তত্ত্বে গাঁতার অর্থ একেবারে মাটা।"
এই সময়ে শ্রীযুক্ত রসময় লাহার

এই সময়ে শ্রাথুক রসময় পাং।র "পুষ্পাঞ্জিলি" "আরাম'' ও "ছাই-ভম্মের" উল্লেখ করি। ছাইভম্মের পরিহাস কবিতাদি বেশ স্থলায় । বাঙ্গলায় পরিহাস-রস শুকাইয়া যাইতেছে, রদময় রস রক্ষা করিলে আমরা চরিতার্থ হইব, তাঁহার নাম সার্থক হইবে।

"কালিদাদের দীত।"—শ্রীবীরেশ্বর গোস্বামী প্রণীত। ব্যাথাভাবে বর্ণনা উত্তম। "দদালাপ্র"শ্রীস্ক মুকুন্দদের মুথোপাধাায় সঙ্গলিত। বহু মহাপুরুষের চরিত্রচিত্র ও উক্তি-কণা ইহাতে সংগৃহীত
হইয়াছে। এই গ্রন্থ বালক বালিকার চরিত্রগঠনে সহায় হইবে।

কবিতা-গ্রন্থের মধ্যে গ্রীযুক্ত অক্ষরকুমার "এষা"—পত্নীবিয়োগে শাস্তি বড়ালের অম্বেশ্ন অতি স্থন্দর ও শিক্ষাপ্রদ। পড়িতে পড়িতে মন পরিষ্কার হয়, ধর্ম্মে বিশ্বাস জন্মায়। শীঘ্রই ইহার দ্বিতীয় সংস্করণ হইবে,— ইহা কবির কম গৌরুদের কথা নহে। আরও অনেকগুলি ছোট ছোট কবিতা পুস্ত ক পাইয়াছি। সে গুলির আর খুটাইয়া পরিচয় দিবার "অবদর নাই। শ্রীযুক্ত করুণানিধান বন্দ্যোপাধ্যায়ের 'ঝরা ফুন' ভাগ লাগিয়াছে, আর বালক পাঠা "ভগীরথ" অতি স্থন্দর চিত্র এবং ক্বত্তি-বাদের বিবরণ সম্বালত অতি উত্তম পুস্তক, দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার প্রণীত বালিকা-পাঠা 'ঠানাদদির থলে'' বা বাঙ্গলার ব্রত-কথা অতি স্থন্দর ও প্রয়োজনীয় পুস্তক,—ইহার চিত্রগুলিও বেশ,—এ কথা স্পষ্টাক্ষরে স্বীকার করিতে হইবে।

- শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিষ্ঠাবিনোদ এম, এ মহাশয় গত বর্ষে আমাদের সম্মিলনে উপস্থিত হন এবং অধমের গৃহে পদার্পণ করেন। তিনি "প্রবন্ধা দ্যক" ও "হেড**ন্থ**-রাজ্যের দণ্ডবিধি" নামে ছইখানি গ্রন্থ আমাকে উপহার দেন। এই শেষোক্ত গ্রন্থ থানিতে শিথিবার বিষয় আছে। প্রসিদ্ধ সাহিত্য-.সবী শ্রীযুক্ত হরিসাধন মুখোপাধ্যায়ের 'শীশ্মহল,'' ঐতিহাদিক উপস্থাদ অনেক দিন আমার কাছে রহিয়াছে। হইয়াছে কি জানেন ? কোন হিন্দু বাঙ্গালির লেখা মুদলমানি চরিত্র দেখিলে, আমার একরূপ আতঙ্ক হয়। আয়েষা জগৎ সিংহকে ভাল বাসিল—বিধন্মী বলিয়া মনে একটু 'কিন্তু' হইল না 📍 এই সকল পড়িয়া আমার আতক হয়। শীশ্মহলের সমালোচনা করিতে তাই পারি রাই।

শীযুক্ত শশিভূষণ বিশ্বাসের "আলেখ্য"
"সেংণাবিবি" ও "বেগ",। "বোঁ" অভি
উ এম গ্রন্থ; নবীনা কুলবধ্ মাত্রেরই পড়া
উচিত। শীযুক্ত হরিপদ ঘোষ প্রণীত
"কাদ্দির্মী" (১৩১৮) ও "শারতের পূর্ণচিক্রে" (১৩১৯), পরে পরে ভাল হইতেছে; অন্তুত ঘটনা দমাবেশ কমাইলে
ক্রমে আরও ভাল হইবে।

বহুতর গ্রন্থের নানাবিধ রস চাকিয়া আমাদের মুখ মারিয়া গিয়াছে। আহ্ন, সর্বশেষে ফকিরের স্থরসাল ''নবান্নের'' নব রস আয়াদন করিয়া ভৃগুলাভ করি।

শ্রীঅক্ষয়চন্দ্র সরকার।

নিমাই-চরিত্র

দ্বাদশ অধ্যায়

ভ্ৰহ্ম রিদাস

আচার্য্যের স্পে সার একজন মহাপুরুষ আদিয়া গোরের দহিত মিলিত হইলেন। তাঁহার নাম হরিদাস। হরিদাসের জন্ম দম্বন্ধে বিভিন্ন কিংবদস্তী. প্রচলিত আছে। কেহ বলেন, তিনি বুঢ়ন গ্রামে এক যবনের বংশে জন্মগ্রহণ করেন। কেহ কেহ বলেন, তিনি ব্রাহ্মণের সম্ভান, তাঁহার পিতৃদত্ত নাম ব্ৰহ্ম, তাঁহীর জ্বোর হয় মাদ পরে উাহার পিতামাতা তাঁহাকে নিরাশ্রয় অবস্থায় রাখিয়া পরলোক গমন করেন এবং এক সম্ভানবৎদল মুদলমান তাঁহাকে স্বগৃহে नहेश পুত্রনিবিশেষে প্রতিপালন ,করেন। হরিদাস যবনসম্ভানই হউন অথবা ব্রাহ্মণ-বংশোদ্ধবই হউন, তিনি যে শৈশবে যবন-গৃহে প্রতিপালিত হইয়াছিলেন তৎসম্বন্ধে কোনও সন্দেহ নাই। যবনগৃহে প্রতিপালিত হইয়াও হরিদাস পরম হরিভক্তিপরায়ণ হইরা উঠেন। হিন্দুধর্মেণ তাঁহার অত্রাগ দেখিয়া ঠাঁহার (অথবা পিতা) প্রতিপালক ইস্লামধর্ম্মে তাঁহার শ্রন্ধা नानविध (हष्ट्री करतन। কি স্ব

চেষ্টার সকলতা সম্বন্ধে হতাশ হইয়া তাহাকে গৃহ হইতে তাড়াইয়া দেন। গৃহতাড়িত হরিদাস বেনাপোল নামক স্থানের গভীর অরণোর মধ্যে কুটীর নির্মাণ করিয়া তথায় অবস্থিতি করিতে লাগিলেন। সেই নির্জ্জন গৃহে তিনি অধিকাংশ, সময়ই ভজনে অতি বাহিত করিতেন। রাত্রি দিনে তিন লক্ষ হরিনাম জপ করিতেন। নিকটস্ত গ্রাম-বাসিগণ তাঁহার নিষ্ঠার পরিচয় পাইয়া তাঁহাকে বিশেষ শ্রদ্ধা করিতে লাগিলেন। কিন্তু এই অ্যাচিত সন্মান হরিদাসের তপো-বিল্লের কারণ হইল। ভত্তভা অত্যাচারী ও বৈষ্ণব-রামচক্র খাঁ প্রম বিদ্বেষী ছিলেন। ভক্ত হরিদাসের প্রতি माधात्रावत ভक्ति नका कतिया तामहत्त केर्गा-বিত হইয়া উঠিলেন, এবং তাঁহাকে অপ-মানিত করিবার উপায় খুঁজিতে লাগিলেন। একদিন হুরুত্ত এক প্রম রূপবতী বারাঙ্গনাকে সাধুর তপোভ**ন্ধ ক**রিবার উদ্দে**শ্**ভে প্রেরণ করিণ। কুলটা নানালঙ্কারে ভূষিতা হইয়া হরিদাসের কুটীরে গমন করত: প্রেমপূর্ণস্বরে

তাঁহার প্রণয় ভিক্ষা করিল। হরিদাস
শাস্তম্বরে কহিলেন "এখনও আমার তিন লক্ষ
নাম জপ সম্পূর্ণ হয় নাই; নাম সংখ্যা পূর্ণ
হইলেই তোমার সহিত আলাপ করিব।
ততক্ষণ তুমি অপেক্ষা কর।" রমণী বিদিয়া
রহিল, কিন্ত হরিদাসের নামসংখ্যা পূর্ণ হইতে
রক্কনী প্রভাত, হরুয়া গেল

রুমণী প্রস্থান করিল। কিন্তু পুনরায় উপস্থিত আদিয়া **इ**हेन । পর রজনীতে তাহ:কে দেখিয়া হরিদাস কহিলেন ''গত রজনীতে তুমি আমার জন্ম অপেক্ষা করিয়া বড় হু:খ পাইয়াছ। তজ্জ আমার অপরাধ গ্রহণ করিও না, আজি আমার কীর্ত্তন শেষ পর্যান্ত অপেক্ষা কর। আজি তোমার অভি-नाव निक्तब्रहे भूर्व इहेरव।" তथन स्निहे পতিতা রুমণী গত রুজনীর মত দারদেশে উপবেশন করিয়া হরিনাম কীর্ত্তন শুনিতে লাগিল। কীর্ত্তন শুনিতে শুনিতে ছুই একবার তাহার মুখেও হরিনাম ফুরিত হইয়। উঠিল। হরিদাদের নাম কীর্ত্তনে নিশা অতিবাহিত হইয়া গেল। রমণী বিফল-মনোরথ হইয়া সেদিন ও প্রস্তান করিল। তৃতীয় রাত্রিতেও বথাসময়ে রমণী আংসিয়া হরিদাদের কুটীরন্বারে সমাগত হইল এবং দ্বারে ব্যিয়া ভক্তকণ্ঠোচ্চারিত হরিনাম শুনিতে লাগিল। নাম শুনিতে শুনিতে পতিতার মন পরিবর্তিত হইয়া গেল, তাহার কর্পে হরিনাম বারংবার ধ্বনিত হইয়া উঠিল। অত্তপ্ত হৃদয়ে কাঁদিতে কাঁদিতে দে সাধুর চরণতলে পতিত হইয়া রামচন্দ্র খার ছর্বততার কাহিনী বিবৃত করিল, এবং স্বকীয় পাপের জন্ম ক্ষমা ভিক্ষা করিয়া পরিত্রাণের উপায়

জিজ্ঞাদা করিল। হরিদাপ কহিলেন "আমি সমস্তই অবগত আছি: কিন্তু রামচন্দ্র গাঁ নিজের অজ্ঞানতাবশতঃ 'যে পাপ করিয়াছে তজ্ঞ তাহার উপর আমার ক্রোধ হয় না। আমি তোমারই জন্ম এ তিন দিন এথানে অপেক্ষা করিতেছি। তুমি যথাসর্ব্বস্থ ব্রাহ্মণদিগকে দান করত: আমারই কুটীরে বসিয়া একমনে হরিনাম জপ এবং তুলদীর দেবা কর, অচিরাৎ শ্রীকৃষ্ণ তোমাকে রমণী তাহাই করিল। দয়া করিবেন।" সমস্ত সম্পত্তি বান্ধণদিগকে দান করিয়া মুণ্ডিত মন্তকে একবন্ত্রা হইয়া সেই কুটীরে বাদ করত: দে প্রতাহ তিন লক্ষ হরিনাম জ্ঞপ করিতে লাগি।। তাহার ইন্দিয় দমিত হইল, প্রেম প্রকাশিত হইল। দেশবিদেশে পরম বৈষ্ণবী বলিয়া তাহার খ্যাতি প্রচারিত रुटेन।

সেই অরণ্য হইতে হরিদাস চাঁদপুরে চলিয়া : গেলেন এবং 'তথায় বলুরাম আচার্য্যের গৃহে অবস্থিতি করিতে লাগিলেন। সপ্তগ্রামের ধর্মশীল জমিদার হিরণা ও গোবর্জন-দাসের পুরোহিত ছিলেন। হির্ণা ও গোবদ্ধন হরিদাসের পরিচয় প্রাপ্ত হয়। তাঁহাকে मंद्रे शास्त्र यक कतिया ताथिया निस्त्रन । হিরণ্যের পুত্র বালক রঘুনাথ এই স্থানে, হরি-দাদের দর্শন লাভ করিয়া পরম ভক্তিমান হইয়া উঠেন। একদিন বলরামের সহিত জমিদারের 'সভার গমন করিয়া হরিদাস নামমাহান্ম্য বর্ণন করিতে করিতে কহিলেন "নামের ফল —ক্বঞ্চপাদপদ্মে প্রেমৌৎপত্তি, পাপক্ষর ও মোক নহে। মুক্তি নামাভাসেই হইয়া থাকে।" সভায় গোপাল চক্রবর্ত্তী

নামক এক ব্রাহ্মণ ছিলেন। তিনি হরিদাসেঁর কথায় কুদ্ধ হইয়া বলিয়া উঠিলেন ''আপনারা এই ভাবুকের সিদ্ধান্ত গ্রাহ্য করিবেন না। কোটীজন্মে ব্ৰহ্মজানে যে মৃক্তিলাভ হয়, এই ব্যক্তি বলিতেছে, নামাভাসে সেই মুক্তি হয়, এও কি কথনী সম্ভব ?'' হরিদাস কহিলেন ''শাস্ত্রেই ত আছে নামাভাস মাত্রে মুক্তি হয়। ভক্তি-স্থথের নিকট মুক্তি অতি তুচ্ছ বলিয়াই ভক্তগণ মুক্তি প্রার্থনা করেন না।' গোপাল তথন বলিয়া উঠিল. নামাভাবে যদি মুক্তি হয়, তবে আমার নাক কাটিব।" হরিদাসও দৃঢ়স্বরে বলিয়া উঠিলেন "যদি না হয় তবে আমার নাক কাটিব।" সভাসদ্ সকলে গোপাল চক্রবর্ত্তীকে তিরস্কার করিতে লাগিলেন। গোপাল জমিদারের আরিন্দাগিরি করিত। দে তৎক্ষণাৎ,কর্ম-**रहेन।** किन्न गतिमान कहिरनन ''আমার এ ব্যক্তির উপর বিন্দুমাত্রও ক্রোধ নাই; তর্কনিষ্ঠ ব্যক্তিগণ নামের 'মহিমা বুঝিতে পারে না।" ইহার কিছুকাল পরে গোপাল কৃষ্ঠবাাধিগ্রস্ত হইয়াছিল।

কিছুকাল চাঁদপুরে অবস্থান করিয়া হরিদাস কুনিয়া গ্রামে গমন করিলেন এবং অল্লকালের মধ্যেই স্থানীয় সকলেরই শ্রদ্ধা ও ভক্তি প্রাপ্ত হইলেন। কিন্তু তথাকার মুগলমান কাজা তাঁহাকে নানাপ্রকারে উৎপ্রীভিত করিতে লাগিণ এবং অবশেষে বাদশাহের নিকট তাঁহার নামে এই বলিয়া অভিযোগ করিয়া হিল্পুধ্ম গ্রহণ করিয়াছেন। বাদশাহ লোক পাঠাইয়া হরিদাসকে ধরিয়া লইয়া গেলেন। "ক্লফ ক্লফ' বলিতে বলিতে

হরিদাস বাদশাহের দর্থীরে উপস্থিত হইলেন।
হরিদাস বন্দিশালায় প্রেরিত হইলেন। তথায়
অনেক বড় বড় লোক আবদ্ধ ছিলেন, তাঁহারা
সাধু দেখিয়া প্রণাম করিলে, হরিদাস কহিলেন
"যেরপ আছ তেমনি থাক।" বন্দিগণ
আশীর্ষাদছলে এই অভিসম্পাত গুনিয়া বিষপ্প
হইলেন। তথন হরিদাস ক্লুহিলেন "আমি
আশীর্ষাদই করিয়াছি। এই বন্দিশালায়—
হিংসা নাই, প্রজার পাড়ন নাই, এখানে
আছে কেবল বিপয়ের শরণ শীক্কফের আশ্রয়ভিক্ষা। আমি আশীর্ষাদ করিয়াছি এই
বন্দি-অবস্থায় তোমরা যেরূপ একান্ত মনে
শ্রীক্রফের আশ্রয় গ্রহণ করিয়াছ— বন্ধনমুক্ত
হইয়াও তোমরা তদ্রপই একাগ্র ভাবে হরিগুণ ভজনা কর।"

পর দিন হরিদাস বাদশাহ-দরবারে নীভ হইল-বাদশাহ প্রথমতঃ তাঁহাকে সম্মানে অভ্যর্থনা করিলেন, এবং অতি মিষ্টু বচনে ठाँशारक हिन्दूबानी ত্যাগ কবিয়া हेम्लाम ধর্ম্মের গৌরব রক্ষা করিবার জন্ম উদ্বৃদ্ধ করিতে লাগিলেন। কিন্তু হরিদাস বাদশাহের বচন শুনিয়া হাসিতে হাসিতে বলিয়া উঠিলেন ''অহো বিষ্ণুমায়া।" অনস্তর হিন্তু মুদলমানের ষে একই ঈশ্বর, এবং সেই ঈশ্বরের প্রেরণাতে যে তিনি হরিনাম গ্রহণ করিয়াছেন, বাদ-শাহকে তাহা বুঝাইতে চেষ্টা করিলেন। বাদশাহ হরিদাসের কথা শুনিয়া প্রথমে কতকটা বটে – কিন্তু শাস্ত হইলেন কাজীর প্রব্যোচনায় অবশেষে হরিদাদকে ই**দ্লামান্তু**মোদিত কহিলেন, আচরণ অবলম্বন না করি**লে** তিনি তাহার শান্তি বিধান করিবেন; হরিদাস নিন্তীক

ভাবে উত্তর করিলেন ''।ঈশর যাহা করাইতে-ছেন, আমি তাহাই করিতেছি।

খণ্ড খণ্ড হয় দেহ, যদি যায় প্রাণ, তবু আমি বদনে না ছাড়ি হরিনাম।" কুদ্ধ হইয়া আদেশ করিলেন বাদশাহ ''এই হর্কৃত্তিক বাইশ বাজারে ৰেত্রাঘাত করিয়া বধ কর 😢 যদি নিদারুণ বেঞাঘাতেও প্রাণাস্ত না হয়, তাহা হইলে বুঝিব এ যাহা বলিয়াছে, তাহা সতা।" রাজাজা প্রতি-পালিত হইল। পাইকগণ হরিদাদকে ধরিয়া বাজারে বাজারে প্রকাশ ভাবে নিদারুণ প্রহার করিতে লাগিল। জনসাধারণ সাধুর অপ-মানে ক্ষুণ্ণ হইয়া বাদশাহ ও উজীরকে অভি-সম্পাত করিতে লাগিল। কিন্তু হরিদাস নির্বিকার ; তিনি তথন স্বীয় মারাধ্য দেবতার ধ্যানে বাহ্যজ্ঞানহীন, ঘাতকগণের আঘাত তাঁহার শরীরে লাগিল না। যে সকল হতভাগ্য তাঁহাকে প্রহার করিয়াছিল, কেবল তাহাদের জন্মই তাঁহার প্রাণ মাঝে মাঝে ব্যাকুল হইয়া উঠিতেছিল, এবং তিনি শ্রীক্লফের নিকট প্রার্থনা করিয়াছিলেন, "হে কৃষ্ণ, এই হুর্ভাগ্য রাজভৃত্যদিগকে দয়া কর, আমার উপর যে দ্রোহাচরণ করিতেছে, তজ্জ্য যেন ই হাদিগকে শান্তিভোগ করিতে না হয়।" পাইকগণ যথন দেখিল, তাহাদের প্রহারে হরিদাদের কিছুই হইল না, তথন হরিদাদকে কহিল "হরিদাস, তোমার প্রাণ নাশ করিতে আমাণিগের উপর আদেশ হইয়াছে, কিন্তু এত প্রহারেও যথন তোমার প্রাণ বহির্গত হইল না তণন কাজীর হাতে আবার আমাদের নিস্তার নাই।" দয়ালু হরিদাস কহিলেন ''আমি জীবিত থাকিলে যদি তোমাদের অনিষ্ঠ

হর' তবে আমার জীবিত থাকিয়া কাজ নাই।'' এই विनया (यांनी हित्रमान धार्माविष्टे इहेटलन । পাইকগণ তাঁহার নিশেষ্ঠ দেহ লইয়া বাদশাহ-সমীপে উপস্থাপিত করিল। বাদশাহ সেই দেহ क्वत्रष्ठ क्रित्रवात चारम्भ श्रमान क्रित्रम्म। কিন্তু হুষ্ট ক্ষাঙ্গীগণ প্রতিবাদী হইয়া বলিয়া উঠিল 'পাণিষ্ঠ মুসল্মান হইয়া হিন্দুর আচরণ অবলম্বন করিয়াছিল; উহার দেহ কবর্ম্ব করা সঙ্গত নহে। নদীতে লইয়া উহাকে ফেলিয়া দেও।" হরিদাস গঙ্গাবক্ষে নিক্ষিপ্ত ভাগীরথীর হইলেন। ত্রক্স চঞ্চল ভাসিতে ভাসিতে হরিদাসের জ্ঞান ভঙ্গ হইল৷ তখন তিনি সম্ভরণপূর্ব্বক তীরে উঠিয়া বাদশাহ-দরবারে গমন করিলেন। বাদশাহ স্তম্ভিত হইলেন। সভাসদগণ নির্বাক **টি** গ্রাপিতবং অবস্থিতি হইয়া লাগিকেন। হরিদাসের অসাধারণত্ব প্রমাণিত হইল। বাদশাহ সভাসদ্গণ সহ দণ্ডায়মান হইয়া'হরিদাসের স্তব্ করিতে। লাগিলেন এবং তাঁহার প্রসাদ ভিক্ষা করিলেন।

বাদশাহ-দরবার পরিত্যাগ পূর্পক হরিদাদ
ফুলিয়া গ্রামে গমন করিলেন। ফুলিয়ায়
ব্রাহ্মণগণ গোহাকে দেখিয়া আনন্দে হরিধ্বনি
করিয়া উঠিলেন। প্রেমবিহ্বল হরিদাদ
প্রেমানন্দে নাচিতে নাচিতে কহিলেন, ভক্তগণ আমার জন্ম হংখ করিবার প্রয়োজন নাই,
জীবনে ঈশ্বরনিন্দা অনেক শুনিয়াছি, তাই
ঈশ্বর রাজদরবারে আমার শান্তি সংঘটন
করিয়া দিয়াছেন। পাপের তুলনার শান্তি
আমার সামাম্মই হইয়াছে।"

গঙ্গাতীরে এক গোফা নির্মাণ করিয়া হরিদাস তথায় সাধন-ভঙ্গনে নিমগ্র রহিলেন।

সেই গোফার নিমদেশৈ এক বিষদর সর্প স্বাস করিত। অনেকে সেই গোফায় হরিদাসের দর্শন লাভার্থ গমন করিয়া সেই বিষণ্রের গাত্রনিঃস্ত তীব্র জালা অনুভব করিত। কিন্তু কারণ অমুমান করিতে পারিত না। বৈক্স অবশেষে কংয়ক জন গোফা পর্যাবেক্ষণ করতঃ প্রকৃত কারণ অবগত হইয়া সেই হরিদাদকে গোফা ভাগে করিতে অনুরোধ করিলেন। হরিদাস অনু-রোধ শুনিয়া কহিলেন ''অনেক দিন যাবত আমি এই গুহায় বাস করিতেছি, কিন্তু কোনও দিন কোন জালা **অনু**ভব করি নাই। তবে তোমরা যথন এথানে আদিতে পারিতেছ না, তথন এ গুহা ত্যাগ করাই কর্ত্তবা। দেখি यिन महानाग এই গুहांग्र निन्धि उदे शारकन. তাহা হইলে আগামী কলাই তিনি ইহা ত্যাগ করিয়া যাইবেন। যদি না যান তথন অন্তত্ত্ত योहेव।" (महे पिन मन्ना) काल मकत्व (पशिए) পাইল, এক ভীমণ দর্প গর্ত্ত হইতে উঠিয়া দেশাস্তরে চলিয়া গেল।

"ডেঙ্ক" নামক এক শ্রেণীর নর্ত্তক স্ব্রাঞ্চে অহিন্ত্রণ ধারণ করিয়া নৃত্যগীত করিত, এবং জনসাধারণ তাহার্দিগকে ভর ও ভক্তিকরিত। ফুলিয়া গ্রামে এক গৃহস্থের বাটাতে একদিন ডেঙ্কের নৃত্য ও কালীয়দহে ক্লফলীলা-বিষয়ক সঙ্গীত হইতেছিল। হরিদাস নিমন্ত্রিত হইয়া তথায় গমন করিয়াছিলেন। ক্লফ-বিষয়ক সঙ্গীত শ্রবণ করিয়া হরিদাস মুচ্ছিত হইয়া পড়েন, এবং মৃচ্ছাভঙ্গে আনন্দে নৃত্য করিতে থাকেন। নৃত্যপর ডঙ্ক ভাবাবিষ্ট হরিদাসকে দেখিয়া সসন্ত্রমে সভার একধারে দাঁড়াইয়াছিল। সেই সভায় এক নির্ব্রোধ

ব্রাহ্মণ ছিল। পে হরিদাসের প্রতি সকলের ভক্তি লক্ষ্য করিয়া মনে মনে ভাবিতে লাগিল "ঽরিনাম করিয়া নৃত্য করিলেই ত সকলে ভক্তি করে। আমিও যদি হরিদাদের মত বিহ্বল ভাব দেখাইতে, পারি, আমাকেও সকলে ভক্তি **করিবে।'' এই ভাবি**য়া সে ভাবাবেশের ভাগ করিয়া সূলুষ্ঠিত হইল। কিন্তু এবার ডম্ব স্বীয় নতোর প্রতিবন্ধকতা লক্ষা করিয়া রুপ্ট হইয়া উঠিল এবং সেই নির্বোধ ব্রাহ্মণকে ধরিয়া নিদারুণ প্রহার করিতে লাগিল। প্রহারে জর্জরিত ব্রাহ্মণ ''বাপ বাপ'' বলিয়া পলায়ন করিল। তথ্ন সকলে ব্রাহ্মণকে প্রহারের কারণ জিজ্ঞাসা করিলে, ডঙ্ক কহিলেন ''ও লোকটা ভাবাবেশের ভাগ করিয়া-ছিল, তাই তাহাকে প্রহার করিলাম। উহার এত বড স্পদ্ধা যে হরিদাসের সমান হইতে চায়। কৃষ্ণ ঘাঁহার সদরে নিরব্ধি ভক্তিডোরে আবদ্ধ, তিলাদ্ধের জন্ম গাহার সঙ্গ আয়োয় করিয়া লোক ক্লফপদ প্রাপ্ত হয়, মূর্থ ব্রাহ্মণ তাঁহার প্রাপ্য সন্মানে লোভ করে।

জাতিকুল নির্থক দবে বুঝাইতে।
জানিলেন নীচকুলে প্রভুর আজ্ঞাতে॥
অধম কুলেতে ধদি বিফুভক্ত হয়।
তথাপি সেই সে পূজা দর্মণাস্ত্রে কয়॥
উত্তম কুলেতে জানি ক্রিক্ষেণ না ভজে।
কুলে তার কি করিবে, নরকেতে নজে॥
এ দকল বেদবাক্যের দাক্ষী দেখাইতে।
জানিলেন হরিদাদ অধন কুলেতে॥"

হরিদাস উচ্চৃকীর্ত্তন করিতেন। কীর্ত্তন-দ্বেষিগণ তাঁহাকে নানারূপ পরিহাস করিত। এক হুমু্থি-থ্রাহ্মণ এক দিন তাঁহাকে কহিল "হরিদাস, মনে মনে কি হ্রিনাম জপ করা যায় না ? তবে চেঁচাইয়া সকলকে উত্যক্ত কর কেন ?'' হরিদাস বিনীত ভাবে কহিলেন "আপনাদের কাছেই ত আমি হরিনামের মাহাত্ম্য শিথিয়াছি। আপনাদের নিকটই শুনিয়াছি—শাস্ত্রে বলে উচ্চরবে হরিনাম করিলে শত গুণ পূর্ণ্য হয়, উচ্চ করিয়া হরিনাম করিলে পশুপক্ষীকীটি হয়, উদ্ধি করিয়া গোলিওে পাইয়া কৃতার্থ হয়। ব্রাহ্মণ কুদ্ধ হইয়া প্রস্থান করিল। যাইবার সময় বলিয়া গোল "কলিকালে হরিদাস হইয়াছেন দশন-কন্ত্রা।"

হরিদাস শান্তিপুরে ফুলিয়া হইতে করিলেন। অদৈতাশ্রমে হরিদাস উপস্থিত হইবামাত্র আচাণ্য তাঁহার মহিমা বুঝিতে পারিলেন এবং তাঁহাকে সাদরে গ্রহণ করতঃ সাধনভজনার্থ গঙ্গাতীরে তাঁহার জন্ম এক গোফা নির্মাণ করাইয়া দিলেন। সেই নির্জন গোফায় এক জ্যোৎস্নাময়ী রজনীতে হরিদাস নামকীর্ত্তনে নিরত আছেন, এমন সময় এক পরম রূপবতী রমণী তথায় উপস্থিত হইয়া যুক্তকরে তাঁহার যাচ্ঞা করিল। হরিদাস অবিচলিত ভাবে কহিলেন ''আমার সংখ্যামত নামকীর্ত্তন সমাপ্ত না হইলে, আমি কোনও কার্য্য করি না। তুমি দ্বারে উপবিষ্ট হইয়া নাম গান শ্রবণ কর। কীর্ত্তনান্তে তুমি যাহা বল তাহা করিব।'' বেণাপোলের কুট়ীরে পূর্ব্বোক্ত রমণীর স্থায় নবাগত রমণীও ক্রমান্বয়ে তিন রাত্রি আগমন করিল; প্রতি রাত্রিই হরিদাদের কীর্ত্তনে অতিবাহিত হইল। তৃতীয় রাত্রিতে বিরক্তি প্রকাশ করিয়া রমণী কহিল ''বুথা আশ্বাদে তুমি তিন দিন আমাকে প্রবঞ্চনা করিয়াছ, রাত্রিদিনেও ভোমার নাম শেষ হয় না।" হরিদাস বিনীত ভাবে কহিলেন "তোমার কট হইতেছে সহ্য, কিন্তু আমিই বা নিয়মভঙ্গ করি কি রূপে ?'' রমণী তথন তাঁহাকে প্রণাম করিয়া কহিল, "ঠাকুর! আমি মায়া, তোমাকে পরীক্ষা শুকরিতে আসিয়াছিলাম। ব্রহ্মাদি সকলকেই আমি মোহিত করিয়াছি, তুমিই কেবল আমাকে অতিক্রম করিলে। মহাভাগবত তোমার মুথে কৃষ্ণনাম শুনিয়া আমার চিত্ত শুদ্দ হইয়াছে। তুমি আমাকে কৃষ্ণ উপদেশ কর।" হরিদাস তাহাকে যুণোচিত উপদেশ কান করিলেন।

ইরিশাস যথন শান্তিপুরে অবৈতাচার্য্যের সহিত ক্রম্ফকথালাপে অতিবাহিত করিয়া-ছিলেন, তথন গৌরচক্ত অল্লে অল্লে নবদ্বীপে আন্ধত ইইয়া আচার্য্য নবদ্বীপে গমন করতঃ তাঁহার সহিত মিলিত হইলেন। হরিদাসও অচিরে তাঁহার ক্রতার্থ ইইলেন।

ত্রয়োদশ অধ্যায় সাত গ্রহরিয়া ভাব

একদিন সমাগত ভক্তগণকে সম্বোধন করিয়া গৌরচন্দ্র কহিলেন "আমরা দিবা-ভাগেই হরিনাম করিতেছি, কিন্তু রা্ত্রিগুলি বৃথা অতিবাহিত হইতেছে; আজি হইতে রাত্রিতেও কীর্ত্তন করা যাউক।" ভক্তগণও তাহাই চাহিতেছিলেন, তাঁহারা সানন্দে গৌরের প্রস্তাবে অমুমোদন করিলেন। প্রতি নিশায় শ্রীবাসগৃহে কীর্ত্তন হইতে লাগিল। কোনও কোনও রাত্রিতে চক্রশেথর আচাগ্যের অহৈত, শ্রীবাদ, বিস্থানিধি, মুরারী, হিরণ্ড, रुतिनाम, शक्नानाम, तनमानी, विजय, नन्तन. জগদানন্দ, বুদ্ধিমন্ত থান, নারায়ণ, কাশীখর, বাস্থদেব, রাম, গরুড়, গোবিন্দ, গোপীনাথ, জগদীশ, শ্রীমান, শ্রীধর, সদাশিব, বক্রেশ্বর, শ্রীগর্ভ, শুক্লাম্বর, ব্রহ্মানন্দ, পুরুষোত্তম, সঞ্জয় প্রভৃতি কত ভক্তই কীর্ত্তনে যোগদান করিতেন। ভক্তকণ্ঠোথিত হরিধ্বনি নৈশ আকাশে সমুখিত হইত; পাষ্ডগণ তাহা শুনিয়া জ্বলিয়া পুড়িয়া মরিত। প্রচার করিয়া বেডাইতে লাগিল ''বৈষ্ণবগণ মধুমতী দিদ্ধিলাভ করিয়া মন্ত্রবলে পঞ্চক্যা আনয়ন করতঃ নিশাকালে তাহাদের সহিত করে।'' আমোদ প্রমোদ বিদ্বেষ্টাগণের নিন্দায় কর্ণপাত না করিয়া ভক্তগণ একীর্ত্তনে রত রহিলেন।

কীর্ত্তন আরম্ভ হইলেই গৌর ভাবদ্বেশে
মত্ত হইয়া পড়িতেন, তাঁহার চরণ শিগিল
হইয়া পড়িত, এবং সময় সময় এমন ভাঁবে
ভূপতিত হইতেন যে, তাহা দেখিয়া শচীদেবী
আতঙ্কিত হইয়া উঠিতেন। পুত্রবংসলা
জননী কাতর ভাবে প্রার্থনা করিতেন—

ক্লপা কর ক্লফ মোরে এই দেই বর ।

বে সময়ে আছাড় খায়েন বিশ্বস্তর ॥

মুক্রি যেন তাহা নাহি জানে সে সময় ।

হেন ক্লপা কর মোরে ক্লফ মহাশ্র ॥

যত দিন যাইতে লাগিল, কীর্তনের
প্রগাঢ়তাও ততই বর্দ্ধিত হইতে লাগিল

ক্রমে বিবিধ কীর্ত্তন-সম্প্রদায়ের স্পৃষ্টি ইইল ।

শ্রীবাস, মুকুন্দ, গোবিন্দ ঘোষ প্রভৃতি জানেকে

আনেক সম্প্রদাম গঠন করিলেন । কীর্ত্তন

তীত। দলে দলে লোক তাহা দেথিবার জন্ম ছুটিয়া আসিত, কিন্তু গৃহের দ্বার রুদ্ধ থাকায় প্রবেশ করিতে পারিত না। পাষ্ণীগণ্ও ূকীর্ত্তন শুনিবার লোভ সম্বরণ করিতে। পারিত না। কিন্তু প্রবেশ করিতে না পাইয়া বিষম কণ্ঠ হইয়া উঠিত। এখন তাহারা বলিয়া বেড়াইতে, লাগিল 'দেশে গুভিক্ষ ছিল না, বেটারা কীর্ত্তন আরম্ভ করিয়া দেশে ছর্ভিক্ষ স্থানিয়াছে। এত ভাল ছেলে নিমাই পণ্ডিত, এই সমস্ত বদমায়েদের দলে মিশিয়া মাটা হইয়া গেল। কোথা হইতে এক জাতি-নাশা অবধৃত আসিল, ভীবাস দ্বিক্তিক না করিয়া ভাহাকে স্বগৃহে স্থান দান করিল। বেটাদের স্পদ্ধা বড় বাড়িয়াছে, আমরা দেয়ানে নালিশ করিয়া ইহাদের জারিজুরি সব ভাঙ্গিয়া দিব।'' কিন্তু নিন্দা ও ভয় প্রদর্শনে কোনও ফল হইল ধা। কীৰ্ত্তন যেমন চালতেছিল, তেমনি চলিতে লাগিল।

গভীর নিশায় এক দিন কীর্ত্তন ২ইতেছে. . ভক্তগণ বাহ্জানশূরা। খোল করতাল ও কীর্ত্তনের রব নবদীপের নৈশ নীরবতা ভঙ্গ করিয়া মুক্ত আকাশে প্রতিধ্বনিত হইতেছে, এমন সময় ভক্তমণ্ডলী ভেদ করিয়া গৌরচক্ত বিষ্ণুথটার দিকে ধাবিত হইদেন। থোল করতাল নীর্ব চইল, ভক্তগণ বিশ্বয়ন্তিমিত লোচনে চাহিয়া দেখিলেন, গৌর বিষ্ণু-শালগ্রামশিলা আরোহণ ক বিয়া করতঃ উপবিষ্ট হইলেন। ধারণ মড়মড় শব্দে থটা কম্পিত হইয়া উঠিল। ত্ত্তব্যস্ত ভাবে নিত্যানন্দ যাইয়া খট্টা স্পৰ্শ ক্রিলে শব্দ নিবৃত্ত হইল। পেই নীরবতা ভঙ্গ করিয়া গৌর বলিতে লাগিলেন—

''কলিযুগে ক্বন্ধ আমি, আমি নারায়ণ আমি সেই ভগবান দেবকীনন্দন ৷ অনন্ত বন্ধাও কোটী মাঝে আমি নাথ। যত গাও সেই আমি, তোরা মোর দাস।। তোমা সভা লাগিয়া আমার অবতার। তোরা থেই দেহ দেই আহার আমার॥"

প্রভুক্ে ভোজন করাইনার ভক্তগণ বাস্ত হইয়া পড়িলেন। রাশি রাশি ভোজা দ্রব্য আনীত হইয়া তাঁহার সমুথে স্থাপিত হইল। গৌর সমস্তই ভোজন করিয়া বলিলেন ''আর কি আছে, আনো।'' ভক্তগণ ছুটিলেন এবং ছচিরেই প্রচুর দ্রব্য সকল আনিয়া প্রভুদমীপে স্থাপন করিলেন; কিন্তু নিমিষেই তাহা উদরস্থ করিয়া গৌর স্মাবার বলিলেন ''আরো আন।'' আর আনিবে কি ? ভক্তগণ ভীত হইয়া স্তব পাঠ করিতে লাগিলেন ''হে বিশ্বস্তুত্ত, তুমি অনন্ত ব্ৰহ্মাণ্ড স্বীয় উদরে ধারণ করিয়া আছ, আমাদের ক্ষুদ্র উপহার দারা কিরূপে তোমার ভৃপ্তি সাধন করিব ?" গৌর কহিলেন "ভক্তের উপহার কুদ্র নহে; তোমাদের যাহা আছে লইয়া আইস, তাহাই আমার পরম প্রিয়।" ভক্তগণ কর্পুর ও তামুল আনিয়া দিলেন এবং ভক্তি-বিগলিত কণ্ঠে তাঁহার স্তব করিতে লাগিলেন।

ইহার কতিপয় দিবস পরে প্রাতঃকালে গৌরচক্ত নিত্যানন্দের সহিত শ্রীবাদ পণ্ডিতের গৃহে উপস্থিত হইলেন। একে একে যাবতীয় ভক্ত আসিয়া সমাগত হইলেন। গৌর ভাবাবিষ্ট হইয়া চতুর্দ্দিকে দৃষ্টিপাত করিতে অভিপ্ৰায় বুঝিতে **ঠা**হার লাগিলেন। পারিয়া ভক্তগণ উচ্চৈ:স্বরে কীর্ত্তন আরম্ভ কীর্ত্তন-কালে গৌর প্রায়ই করিলেন।

দ্লাস্তভাবে আবিষ্ট হইতেন, কখনও কখনও বিভোর হইয়া বিষ্ণুখট্টার ভাবে উপবেশন করিলেও, অচিরেই প্রকৃতিস্থ হইয়া যেন অজ্ঞানাবস্থায় না জানিয়া তথায় উপবেশন করিয়াছেন এইরূপ ভাব প্রকাশ করিতেন। কিন্তু জাজি নাচিতে নাচিতে তিনি বিষ্ণু-খট্টার গিয়া উপবিষ্ট হইলেন, এবং সাত প্রহর যাবত তথায় বসিয়া রহিলেন। ভক্তগণ পুকু করে তাঁহার সন্মুথে দ্ভায়মান হইলেন। গৌর আদেশ করিলেন আমার অভিযেক-সঙ্গীত গান কর। ভক্তগণ 'সহস্রশীর্ধাঃ পুরুষঃ' মন্ত্রে তাঁহার অভিষেক গঙ্গাজল দারা করিলেন এবং নৃতন বস্ত্র পরিধান করাইয়া গৌরের দেহ চন্দনচর্চ্চিত করিলেন। নিত্যানন্দ তাঁহার মস্তকোপরি এক স্থন্দর ছত্ত ধারণ ক্রিলেন, অন্ত এক ভক্ত চামর ব্যজন ক্রিভে লাগিলেন। অনন্তর পাত অর্ঘ্য আচমনীয় দারা যথাবিধি পূজা শেষ করিয়া ভক্তগণ স্তবপাঠ नाशिलान। एक्न व স্থমিষ্ট দ্রব্য ভোজন করিয়া, গৌর এীবাদকে সম্বোধন করিয়া বলিলেন, ''শ্রীবাস, মনে পড়ে একদিন দেবানন্দের টোলে প্রেমরসময় ভাগবত শুনিতে শুনিতে বিহ্বল হইয়া তুমি ভূমিতে 'পড়িয়া কাঁদিয়াছিলে। দেবানন্দের মূর্থ ছা এ-গণ ক্রন্দনের কারণ ব্ঝিতে না পারিয়া বিরক্ত হ্ইয়া ভোমাকে টানিতে টানিতে বাহির ছুয়ারে লইয়া গিয়াছিল, দেবানন্দ দেখিয়াও শিষাগণকে নিবারণ করেন নাই। ভূমি মনে বড় ছঃথ পাইয়া আবার নির্জ্জনে ভাগবন্ত শুনিতে চাহিয়াছিলে। তোমার হুঃথ দেথিয়া আমি বৈকুণ্ঠ হইতে আসিয়া তোমার সদয়ে আবি-ভূতি হইয়াছিলাম এবং প্রেম্যোগ

তোমাকে আবার কাঁদাইয়াছিলাম। সে,কথা কি মনে আছে ঐবাদ ?'' পূর্ব্বকথা স্মরণ হওয়ায় শ্রীবাদ কাঁদিয়া ভূলুঠিত হইলেন।

কোনও ভক্তে লক্ষ্য করিয়া গৌর বলিলেন "অমুক রাত্তিতে বিপ্রাক্কণে আদিয়া আমি তোমাকে রোগমুক্ত করিয়াছিলাম; সে কথা মনে হয় কি ?" প্রভুর দয়ার প্রমাণ পাইয়া ভক্ত আকুল ভাবে কাঁদিয়া উঠিলেন।

গঙ্গাদাসকে ডাকিয়া গৌর কহিলেন
"গঙ্গাদাস, রাজার ভয়ে সপরিবারে যে দিন
তুমি পলায়ন করিয়াছিলে, সে দিনের কথা
মনে আছে কি ? পেয়াঘাটে নৌকা না
দেখিতে পাইয়া ভূমি হতবৃদ্ধি হইয়া পড়য়াছিলে। তথন আমিই পেয়ারীয়পে নৌকা
লাইয়া আসিয়া তোমাকে পার করিয়াছিলাম।
গঙ্গাদাস উদ্বেলিত ভাবাবেগে সংজ্ঞাহীন হইয়া
পডিলেন।

অনন্তর গোর কহিলেন "শীঘু, একজন গ্রিয়া শ্রীধরকে আমার নিকট লইয়া আইস। শ্ৰীধর জীবিকা নিৰ্মাহ থোলা বেচিয়া ক্রিতেন। খোলা বেচা হইতে যে আয় হইত তাহার অন্দেক শিতা গঙ্গাপূজায় ব্যথিত হইত, অবশিষ্ট অদ্দেক দারা শ্রীধর কোনও র্রূপে ছটী, অলের সংস্থান করিতেন। তাঁুহাকে খোলাবেচা শ্রীধর বলিয়া ডাকিত। সমস্ত রাত্রি জাগিয়া শ্রীধর কৃষ্ণনাম জপ করিতেন। আজি নিজগৃতে শ্রীণর হরিনামে নিবিষ্টকিও ছিলেন। স্বরিতপদে কয়েকজন ভৃত্য তাঁহার গৃহে প্রবেশ করিয়া প্রভুর আদেশ তাঁহাকে শোনাইল। শ্রীধর আনন্দে বিহ্বল হইয়া পড়িলেন. তাঁহার পদ্যুগল অচল

হইয়া পড়িল। ভূতাগণ ধরাধরি করিয়া তাহাকে গোরের সমীপে আনিয়া উপস্থিত করিল। শ্রীধরকে দেখিতে পাইয়া গোর পরন মেহে তাঁহাকে নিকটে আহ্বান করিয়া বলিলেন শ্রীধর আমাকে ভাবিয়া তুমি বছ জন্ম অতিবাহিত করিয়াছ; এজন্মেও প্রচুর খোলা, মূলা গোড় তুমি আমাকে দিয়াছ। আজি আমার স্বর্গ প্রত্যক্ষ কর। তথ্য

মাথা তুলি চাহে মহাপুক্ষ জীধর।
তমালগ্রামল দেখে সেই বিশ্বস্তর॥
হাতে বংশী মোহন দক্ষিণে বলরাম।
মহা জ্যোতিষ্ময় সব দেখে বিজ্ঞান॥

দেখিয়া শ্রীপর মৃচ্ছিত ছইয়া পড়িলেন।
শ্রীপর সংজ্ঞা লাভ করিলে গৌর কহিলেন
"শ্রীপর তোমার ডাকে আমি চিরদিন মৃশ্ধ;
তুমি আমার স্তব কর, শুনি।" বিস্তালেশ
গাঁন শ্রীপর তথন স্মৃতি পাণ্ডিভাপূর্ণ স্থোন
রচনা করিয়া প্রভুর বন্দনা পাঠ করিলেন।
অনস্তর গৌর কহিলেন "শ্রীপর, তোমাকে আমি
অইদিদ্ধি দিব; তুমি অভিলধিত বর প্রার্থনা
কর।" শ্রীপর কহিলেন. প্রভু আর আমাকে
ভাড়াইও না, আর ভাড়াইতে পারিবে না।"
গৌর কহিলেন "না শ্রীপর, তোমাকে বর
মাগিতেই হইবে।" তথন শ্রীপর বলিলেন
'যদি একান্তই বর দিবে তবে প্রভু বর দেও

যে রাহ্মণ কাড়ি নিল মোর থোণা পাত
সে ব্রাহ্মণ হউক মোর জন্ম জন্ম নাথ।
যে ব্রাহ্মণ মোর সাথে করিল কোন্দল।
মোর প্রভূ হউক তার চরণযুগল''।
বলিতে, বলিতে ই।ধরের প্রেম উদ্বেলিত
হুইয়া উঠিল—উর্জ্বাত হইয়া তিনি কেবল

বোদন করিতে লাগিল্পেন। গৌর হাদিতে হাদিতে কহিলেন "গ্রীধর তোমাকে আমি এক বিপুল সাম্রাজ্ঞার আধিপত্য প্রদান করিতে চাই।" গ্রীধর কহিলেন "আমি কিছুই চাই না, আমি চাই কেবল জ্যোমার নাম করিতে। তাহারই অধিকার ক্বেল তুমি আমাকে দেও।" গৌর কহিলেন "প্রাণাধিক শ্রীধর, আমার প্রিয় ভৃত্য শ্রীধর, অষ্টদিদ্ধি, বিপুল সাম্রাজ্ঞা, কত কি আমি দিতে চাহিলাম। তুমি কিছুই চাও না, তুমি কেবল চাও আমাকে। নিজাম ভক্ত, আমি আজি তোমাকে বেদ-শাস্ত্রে ভক্তি-গোগ প্রদান করিলাম।"

কলামূলা বেচা বাহার উপজীবিকা, ধনহীন. বিদ্যালেশহীন সেই শ্রীধর বাহা পাইল, কোটীখর কোটী জন্মেও তাহা প্রাপ্ত হয় না।

শ্রীধরকে বর দিয়া অবৈতাচার্য্যকে সম্বোধন করতঃ গৌর কহিলেন; "আচার্য্য বলিলেন 'যোহা চাহিয়াছিলাম সকলই পাইয়াছি, আর কিছুরই প্রয়োজন নাই।" তথন গৌর ম্রারিকে কহিলেন, 'ম্রারি, তোমার অভিলম্বিত রূপ দর্শন কর।" ম্রারি দেখিলেন, দ্ব্বাদলশ্রাম রামচন্দ্র বীরাসনে উপবিষ্ট; তাঁহার এক-দিকে লক্ষণ, অন্তাদিকে সীতা দণ্ডায়মান; বানরগণ মৃক্তকরে স্তব পাঠ করিতেছে। দেখিয়া ম্রারি মৃচ্ছিত হইয়া ভূপতিত হইলেন। তথন তাঁহাকে

ডাকি বোলে বিশ্বস্তর, 'আরেরে বানরা। পাসরিলি—তোরে পোড়াইল সীতা-চোরা॥ ভূই তার পুরী পুড়ি করিলি বংশক্ষয়॥ সেই প্রভূ আমি তোরে দিল পরিচয়॥ উঠ উঠ মুরারি, আমার তুমি প্রাণ। আমি দেই রাঘবেক্স তুমি হন্নমান॥"

মুরারি চৈতন্তলাভ করিলে বিশ্বস্তর কহিলেন, "তুমি ইচ্ছামত বর প্রার্থনা কর।"
মুরারি বলিলেন, "বর দাও প্রভু যেন তোমার
শুণ কীর্ত্তনা, করিতে করিতে আমার জীবন
অতিবাহিত হয়। জন্মে জন্মে যেন আমি তোমার
দাস হইতে পারি। তোমার দাসদিগের
মধ্যে প্রতি জন্মে আমি যেন জন্মগ্রহণ করি।
"তথাস্ত্র" বিশ্বয়া গৌর বর দান করিলেন।

অনন্তর হরিদাসকে সম্বোধন গোর কহিলেন, ''হরিদাদ আমার প্রাণ হইতেও তুমি আমার প্রিয়তর। তোমার যে জাতি আমারও তাই। পাপিষ্ঠ যবনগণ তোমায় বক্ত তঃথ দিয়াছিল। নগরে নগরে মারিয়া তোমায় লইয়া বেডাইয়াছিল। অত্যাচারকারিগণের শাস্তি বিধান করিতে আমি ইচ্ছা করিয়াছিলাম। কিন্তু কি করিব. দেখিলামূ যাহারা ভোমাকে নিদারুণ যন্ত্রণা দিতেছে, মনে মনে তুমি তাহাদেরই মঙ্গল কামনা করিতেছ। হুর্ব্পূত্তগণ তোমাকে যে প্রহার করিয়াছিল, তাহা আমারই পুঠে পড়িয়াছিল; এই দেখ এখনও তাহার দাগ রহিয়াছে। তোমার হঃথ সহ্য করিতে না পারিয়া আমি শীঘ্ শীঘ্ প্রকাশিত হুইয়াছি। তোমাকে আমি অক্ষয় ভক্তি-ভাগুার দান করিলাম।" প্রভুর স্থধামাখা বচনাবলী শুনিয়া হরিদান মুর্চ্ছিত হইয়া পড়িলেন।

অত: পর অদৈতাচার্য্যকে সংস্বাধন করিয়া গৌর কহিলেন, ''আচার্য্য, একদিন নিশাভাগে তোমাকে ভোজন করাইয়াছিলাম মনে পড়ে ? তুমি গীতার শ্লোকবিশেষে ভক্তিযোগ না পাইয়া উপবাস করিয়া ঘুমাইয়াছিলে, জ্বপ্নে আমি তোমাকে ঐ শ্লোকের ভক্তিস্চক অর্থ বুমাইয়া দিয়াছি লাকর অর্থ আমি তোমাকে বুঝাইয়া দিয়াছি তাহা কি তোমার মনে আছে?" অনস্তর সেই সমস্ত শ্লোক একে একে আরুত্তি করিয়া আদৈতকে স্তম্ভিত করতঃ গৌর কহিলেন, "আচার্যা সকল পাঠই তোমাকে পূর্বের বলিয়াছি, কেবল এক পাঠ বলি নেই; এখন তাহা শোন। গীতার ১০ অধ্যায়ের ১০ শ্লোকের যথার্থ পাঠ এই:

সর্ব্বতঃ পাণিপাদস্তৎ সর্ব্বতোহক্ষিশিরোমুখন্। সর্ব্বতঃ শ্রুতিমল্লোকে সর্ব্বমার্তা তিষ্ঠতি ॥''

আচার্যা আনন্দে বিহবল ইইয়া পড়িলেন।
তথন গৌর যাবতীয় ভক্তগণকে বর প্রার্থনা
করিতে আদেশ করিলেন। অদ্বৈত কহিলেন,
"প্রভূ আমি কেবল এই চাহি যে ভূমি মূর্থ
নীচ ও দরিদ্রগণকে রূপা কর।" কেহ
কহিলেন, 'আমার পিতা তোমারু নিকট
আসিতে দিতে চাহেন না; তাঁহার স্থমতি
বিধান কর।" যিনি যাহা চাহিলেন ভক্তবংসল গৌর তাঁহাকে তাহাই প্রদান করি
লেন।

কভজনকে ডাকিয়া গৌর কত নিষ্ঠ কথা কহিলেন, কতজনকে বর দিলেন, কিন্ত মুকুন্দ দুত্তের নাম একবারও উচ্চারণ করিলেন না। মুকুন্দ প্রকোষ্ঠান্তরে মনোহৃংথে কাল কাটাইতেছিলেন। গৌরের মাদেশ বাতীত আদিকে পারেন না, অথচ আদিবার জন্ম প্রাণ ব্যাকুল হইয়া উঠিতেছিল। তাহার হুংথে বাথিত হইয়া শ্রীবাদ গৌরকে কহিলেন, প্রভু, তোমার প্রিয় ভক্ত মুকুন্দ

তোমার কিকট কি • অপরাধ করিয়াছে যে ভাহাকে ডাকিতেছ নাও মুকুন্দ যে তোমার পরম ভক্ত ; সে যদি অপরাধ করিয়া পাকে, নিজ' হস্তে তাহার দণ্ডবিধান কর, কিন্তু তাহাকে দূরে ফেলিয়া রাখিও না।' 🖺 বাদের কণায় কোপ প্রকাশ করিয়া গৌর কহিলেন, "ও হতভাগোর জন্ম কেঃ আমাকে অনুরোধ করিতে পারিবে না. ও কখনো দাতে তুণ লয়, কথনো জাঠি মারে। এরূপ করিয়া কেহ কি কথন আমাকে পাইয়াছে ?'' শ্রীবাস বিনীতভাবে জিজাসা করিলেন, ''য়ুকুন্দের অপরাধ কি প্রকাশ করিয়া বল।'' কহিলেন, 'ও যথন যেখানে যায় সেইমত কণা বলে। যথন অদৈতের সঙ্গে যোগ-বাশিষ্ঠ পাঠ করে, তথন দাতে তুণ লইয়া ভক্তিভরে নাচিতে থাকে। আবার অন্য সম্প্রদায়ের লোকের স্বাহিত মিশিয়া ভক্তিকে তুচ্ছ করে। ভক্তি ২ইতে বড় কিছু আছে এ কথা যে বলে সে আমাকে নিদারণ পীড়া দেয়। ভক্তি হানে ক্তাপরাণ মুকুন্দ আমাকে দেখিতে পাইবে না।'' মুকুন্দ এবং ভাবিতে হইতে দমস্তই শুনিলেন লাগিলেন, ''গুরু উপরোধে পূর্ব্বে ভক্তির সর্বান্তর্গামী প্রভ মানি নাই, তাহা জানিতে পারিয়াছেন; তাই আমার এই শাস্তি হইল। কিন্তু তাঁহার দর্শনই যদি না পাইলাম, তাহা হইলে এই অপরাধী শ্রীর রাথিয়া কি লাভ ? আমি এ শ্রীর তাগি করিব।' মনে মনে এই সঙ্গ করিয়া শ্রীবাদকে কহিলেন, ''ঠাকুর, একবার প্রভুকে, জিজ্ঞানা কর, এ জন্মে ত তাঁহার দর্শন লাভ আমার অদৃষ্টে ঘটিল না, কথনও ঘটিবে কি ?'' বলিজে বলিজে মুকুন্দের নয়ন দিয়া দর্বিগলিত ধারে অঞ্ প্রবাহিত শ্রীবাস হইতে লাগিল। তাহার প্রার্থনা গৌরের নিকট নিবেদন করিল, তিনি কহি লেন, "কোটাজন্ম পরে মুকুন্দ নিশ্চর আমার দশন লাভ করিতে পারিবে।" 'কোটাজন্ম পরে হউক এক্দিন ত পাইব" ভাবিয়৯ মুকুন্দ বিহবল হইলেন এবং ''পাইব আনন্দে পাইব' বলিয়া নৃত্য করিতে লাগিলেন। দূর হইতে তাহার তুতা দেখিয়া গৌর হাসিয়া উঠিলেন এবং স্নেহভরে নিকটে আগিতে আদেশ করিয়া কহিলেন, "মুকুন্দ, তুমি অপরাধমুক্ত হইয়াছ, প্রসাদ গ্রহণ কর।" অপ্রার্থিত অন্থগ্রহ পাইয়া মুকুন্দ মুচ্ছিত হইয়া পডিলেন। তথন

প্রভু বলে ''উঠ উঠ মুকুন্দ আমার। তিলাদ্ধেকো অপরাধ্বনাহিক তোমার

্সঙ্গদোষ তোমার সকল হইল ক্ষয়। তোর স্থানে আমার হইল পরাজয়। কোটীজন্মে পাইবা যখন বলিলাম আমি। িলাদ্দেকে সব তাহা ঘুচাইলে তুমি॥ 'অবার্থ আমার বাকা' তুমি সে জানিলা। তুমি আমা দৰ্ককালে হৃদয়ে বাঁধিলা॥' মুকুন্দ আপনাকে ধিকার দিয়া কাঁদিয়া উঠিলেন। তথন গৌর স্বীয় গলদেশ হইতে মালা খুলিয়া ভক্তগণ মধ্যে বিতরণ করিলেন এবং চর্বিত তামুল সকলকে প্রদান করিয়া ক্লতার্থ করিলেন। ভোজনের অবশিষ্ট যাহা ছিল শ্রীবাদের ভাতৃস্কতা নারায়ণীকে গৌর করিলেন। তাহা দান তদ্বণি বৈষ্ণব-সমাজে 'পৌরাঙ্গের অবশেষ পাত্র' বলিয়া নারায়ণী বিশ্যাত হইয়াছেন। এই নারায়ণীর গর্ভে চৈত্রস ভাগবত প্রণেতা পর্মভক্ত বৃন্দাবনদাস জন্মগ্রহণ করিয়াছিলেন।

শ্রীতারকচন্দ্র রায়।

রামাবতী।

রামপাল নামক পাল-নরপালের সহিত পূর্ব্ববঙ্গের রামপাল নামক স্থপরিচিত স্থানের নাম-সাদৃশু দেখিতে পাওয়া যায়। কেবল ইহারই উপর নির্ভর করিয়া, রামপাল নামক স্থানকে 'রামাবতী' বলিয়া নির্দেশ করিতে হইলে, প্রমাণ নিতান্ত হর্বল বলিয়াই স্বীকার করিতে হইবে।

যাহার নাম 'রামাবতী' ছিল, তাহা কোন্ প্রক্রিয়ায় 'রামপাল' হইয়া গিয়াছে, তাহার আবিক্ষার-সাধন সহজসাধা বলিয়া বোধ হয়
না। এই স্থানের নামকরণের একটি জনুঞতি
প্রচলিত ছিল। ঐতিহাসিক তথ্যামুসন্ধানে
তাহার কথা অনালোচিত থাকিতে দেখিয়া,
স্বর্গীয় কালী প্রসন্ন ঘোষ বিদ্যাসাগর মহাশয়
তাহার উল্লেখ করিতে বাধ্য হইয়াছিলেন।
জনশ্রতি একটি প্রবাদবাকো প্র্যাবসিত
হইয়াছে।

"বল্লাল কাটায় দীঘি, নাম রামপাল।"

ইহার তাৎপর্যা এই বে,—বল্লাল যে দীঘি কাটাইয়াছিলেন, তাহা (তাঁহার ভাগুরী রামপালের নামে) রামপাল দীঘি বলিয়া কথিত হইয়াছিল;—তাহা হইতেই স্থানের নামও রামপাল হইয়াছে।

এই জনশ্রতির মূল্য বাহাই হউকী, ইহাকে একেবারে বিশ্বত হইবার উপায় নাই, ইহাতে সংশয় দ্র হয় না; আরও বদ্ধমূল হইয়া পড়ে।

শ্রীবিক্রমপুরের অন্তর্গত রামপাল নামক স্থান এক সময়ে শ্রীপোশুর্বর্জন ভুক্তির অন্তর্গত হইয়াছিল; কিন্তু তাহা যে কথনও বরেন্দ্রীর একাংশ বলিয়া পরিচিত হইয়াছিল, এ পর্যান্ত এরূপ প্রমাণ প্রাপ্ত হওয়া বায় নাই; বরং বরেন্দ্রীর স্থপরিচিত ভৌগোলিক সীমায় বিপরীত প্রমাণই বর্ত্তমান আয়ছ। কারণ, তাহার পূর্ব্বদীমা করতোয়া।

'রামাবতী' নির্মাণের সমকালবতী কবি मक्ताकित ननी वरत्नी-मञ्दलहे 'तामावृती' নিশ্মিত হুইবার কথা লিপিবন্ধ করিয়া গীয়া-ছেন। রামপালদেবের পুত্র মদনপাল দেবের শাসন সময়ে সন্ধ্যাকর কাব্যরচনা করিয়া-ছিলেন; গ্রন্থ মধ্যে তাহার পরিচয় উল্লিখিত আছে। মদনপাল দেবের (মনহলি গ্রামে আবিষ্কৃত) তাত্র শাসনে তাঁহার অষ্টম রাজ্য-সংবৎসরে " "রামাবতী-নগর-পরিসার" তদীয় "জয়স্কন্ধাকর সমাবাদিত" থাকিবার পরিচয় প্রাপ্ত হওয়া যায়। স্কুতরাং সন্ধাকর নন্দীর সমসাময়িক উক্তি কবিকল্পনা মাত্র ধলিয়। অগ্রাহ্ম করিবার উপায় নাই। এই সকল কারণে, শাল্পী মণাশয় ইংরাজী ভাষায় লিথিত ভূমিকায় বরেক্ত্রী-মণ্ডলেই ''রামানতী'' নিশ্মিত হইবার কথা লিপিবন্ধ করিয়াছেন, কিন্তু এই

কথাটি এমনভাবে বাক্ত হইয়াছে যে, সংশয় আরও ঘনীভূত হইয়া উঠিয়াছে। তিনি লিথিয়াছেন, —"বরেক্ত্রী-দেশে গঙ্গা-করতোয়ার সঙ্গনস্থলে, (?) রামপাল "রামাবতী" নামক একটি নগর সংস্থাপিত করিয়াছিলেন।" *

ইগর একংশের সহিত অপরাংশের সামজন্ত দেখিতে পাওয়া যায় না। গঙ্গা-কর-তোয়ার ''সঙ্গম-স্থান'' কোথায় ? করতোয়ার সহিত কথন কোনও স্থানে গঙ্গার মিলন ঘটবার সন্তাবনা থাকিলে, সে ভৌগোলিক বিবরণ কোথায় পাইব ? শাস্ত্রী মহাশম তাহার সন্ধান প্রদান করেন নাই। গঙ্গার সহিত করতোয়ার মিলন-স্থান চাই; তাহা বরেক্তমগুলে অবস্থিত থাক। চাই;—তাহাই পূর্ব্ববঙ্গের রামপাল হওয়া চাই। এতগুলি বিষয় সংস্থাপিত না হইয়া পড়ে। ইহার কোন ক্থারই প্রমাণ উল্লিখিত গ্র নাই। স্তরাং, যাহা লিখিত হইয়াছে, তাহা বোধগম্য হয়্ম না।

আরও একটি সংশয়ের কথা আছে।
'রামাবতা' যে আদে । "গঙ্গা-করতোয়ার দক্ষমস্থানে সংস্থাপিত হইয়াছিল," এ কথা কোথার
পাওয়া গিয়াছে ? 'রামচরিতম' কাব্যের কোন্
পরিচ্ছদের কোন্ শ্লোকে ইহার উল্লেখ বা
আভাস পাওয়া যাইতে পারে, শাস্ত্রী মহাশ্র
তাক্ষার একটু ইঞ্জিত করিলেও, বৃথিবার চেষ্টা
করা যাইত। তিনি তদ্বিষয়ে নীরব।

'রামচরিতম্' কাব্যের কোন স্থানে এরূপ উল্লেখ বা আভাদ স্নাছে, তাগ দেখিতে পাওরা

^{*} Ramapala founded a city named Ramavati at the confluence of the Ganges and the Karatoya in the Barendra country.—Indroduction, p. 14.

বায় না। তৃতীয় পরিচ্ছদের দশন শ্লোকে একবার মাত্র "গঙ্গা-করতোয়া" একত্র উলিখিত আছে; কিন্তু তাহাকে 'গঙ্গা-কর-তোয়ার" সঙ্গম স্চক বলিখা কিন্ধপে ব্যাখ্যা করা যাইতে পারে, তাহা বৃঝিতে পারা যায় না। তাহাকে একবার রাম পক্ষে আর ক্ববার রামপাল দক্ষে ব্যাখ্যা করিতে হইবে। একদিক্ টানিতে গেলে, আর একদিক্ ছিঁড়িয়া বায়।

একে সন্ধ্যাকরের কাব্য (প্রত্যক্ষর শ্লেষ-নিবদ্ধ বলিয়া) বিলক্ষণ হুরহ; ভাহাতে তৃতীয় পরিচ্ছেদের টীকা প্রাপ্ত হওয়া যায় নাই। যে একথানি মাত্র হস্তলিথিত পুঁথি প্রাপ্ত হওয়া গিয়াছে, তাহা, 'শ্রীশীলচন্দ্র' নামক লেখক কৰ্তৃক লিখিত। শান্ত্ৰী মহাশয় লিথিয়াছেন,—"শীলচন্দ্ৰ নাম দেখিয়া মনে হয় লিপিকারক বৌদ্ধ,—তাহার সংস্কৃত ভাষায় অধিকার ছিল না,—তক্জন্ত অনেক শব্দ ও শ্লোক পরিতাক্ত এবং বিক্বত হইরাছে।' শীলচক্স যে বৌদ্ধ ছিল, কেবল তাহার নাম হইতে তাহা নিঃসংশয়ে অমুমান করা চলে না। কিন্তু "শ্ৰীশনায় নমঃ সদা" বলিয়া (বুজ-দেবের নমস্কারের পদ) নকল আরম্ভ করিয়া, শীলচন্দ্র তাহার প্রমাণ রাধিয়া গিয়াছে। শান্ত্রী মহাশয় তাহার উল্লেখ করিতে: পারিতের ৷ সে যাহা হউক, সভ্যাসভ্যাই সকল কার্য্যে অনেক ক্রটি রহিয়া গিয়াছে। এরপ ক্রটি (অল্লাধিক মাত্রায়) হস্তলিখিত দকল পু^{*}থিতেই স[.]ঘটিত হইতে পারে; কোনও সংস্কৃতজ্ঞ ব্যক্তি নকল করিলেও, এরপ ক্রটি ঘটিয়া থাকে। প্রথমৈ অধ্যয়ন না করিয়া, "মথাদৃষ্ট্:" প্রণাদীতে গ্রছ নকল

কঁরা হইত ; পরে, অধ্যয়ন কালে, লিপিপ্রমাদ সংশোধিত হইত। শীলচক্রের নকল অধীত হইশ্বছিল বলিমা বোধ হয় না। তাহাতেই লিপিপ্রমাদ সংশোধিত হয় নাই। যে লিপি-কর এক্নপ হ্রুহ শ্লিষ্ট কাব্য নকল করিয়া-ছিল, তাথার সংস্কৃত ভাষায় কিছুমাত্র ব্যুৎপত্তি ছিল না বলিয়া, অনুমান করিতে সাহস হয় এইরূপ অনুমান কিন্ত 'রামচরিতম্' কাব্যের পক্ষে এবং তাহার নকলকারক শীল-চন্দ্রের পক্ষে কোন কোন স্থলে বড় বিড়ম্বনার কারণ হইয়াছে। শীলচক্রকে মূর্থ বলিয়া ধরিয়া লইয়া, শাস্ত্রী মহাশয় তাহার নকল থানির সংশোধন করিবার চেষ্টা করিয়াছেন। এ কার্য্য সর্বাপেক্ষা হরহ,—ইহার জন্মই গ্রন্থমূদ্রাঞ্চণে বিলম্ব ঘটিয়া গিয়াছে। শান্ত্রী মহাশয় অনেক স্থলেই স্থবিবেচনার সহিত পরিত্যক্ত অক্ষর সংযুক্ত করিয়া, এবং বর্ণাশুদ্ধি সংশোধিত করিয়া, পাঠকের উপকার সাধন করিগ্নছেন। কিন্তু পাঠ সংযোগের সুকল স্থলে সর্বতোভাবে সফল হইতে পারে না বলিয়া, হই এক স্থলে শীলচন্দ্রের প্রতি অবিচার করা হ্ইয়াছে ৷ যে শ্লোকে ''গ**ল**া-করতোয়া'' একত্র উল্লিখিত তাহাতেও নকলকারকের ভ্রমপ্রমাদ ছিল। শাস্ত্রী মহাশয় ভাহা যেরূপে সংশোধন করিয়া শুইয়াছেন, ভাহার উপরে নির্ভর করিয়াই, ভূমিকা লিথিয়াছেন। স্তরাং · সংশয়ের অভাব নাই।

সকল সংশয়ের উপর প্রধান সংশ্র ঐতি -হাসিক সংশয়। সম্প্রতি থে সকল ঐতিহাসিক প্রমাণ আবিষ্কৃত হইয়াছে, তাহার সহিত পূর্বাবিষ্কৃত প্রমাণাবলীর আলোচনা করিলে বুঝিতে পারা যায়, — বরেক্সীর উদ্ধার সাধন করিবার অব্যবহিত পরেই, রামপাল দেবের পক্ষে সহসা পূর্ব্ববেদ্ধ উপনীত হইবার সম্ভাবনা ছিল না। (ঢাকা জেলার বেলাবো গ্রামে আবিষ্কৃত) ভোজবর্ণ দেবের তাম্রশাসনে দেখিতে পাওয়া গিয়াছে, (বৈশ্বর্ত্তরাজ) দিব্যের সমকালবর্তী জাত বর্ম্মদেব কামরূপ অধিকার করিয়া (পূর্ব্বাঞ্চলে) ' সার্ব্ব-ভৌমশ্রী " বিস্তৃত করিয়াছিলেন; — শ্রীবিক্রমপুর এই রাজবংশের রাজধানী ছিল।

এই নবাবিষ্ণত তামশাসনের ঐতিহাসিক मृना अधिक इहेरलख, हेशत के जिल्लामिक ্বিবরণগুলির উদ্ধার-সাধনের জন্ম যথাযোগ্য আয়োজন না করিয়া, অনেকেই আত্ম প্রাধান্ত থ্যাপনের অশোভন চেষ্টায়, বঙ্গুদাহিত্যে বিবিধ বিতঞ্জার স্থত্রপাত করিয়াছেন। এই **•**তামু-(কৈবর্ত্ত-বিপ্লবের সমকাল্মন্তী) পুর্বাঞ্চলের যেরূপ স্বাতস্ত্রতার পরিচয় প্রাপ্ত হওয়া গিয়াছে, 'রাম চরিত্ম,' কাব্যের সহিত আছে ; -- তামশাসনের তাহার সামঞ্জস্তা সাহায্যে "রামচরিতম্" কাব্যের) টীকাহীন অংশের) একটি শ্লোকের প্রক্বত তাৎপর্গ্য গ্রহণেরও সত্পায় হইমাছে বলিয়া বাৈধ ইয়।

'রামচরিতম্' কাবোর দিতীয় পরিছেদ, এক অর্থে 'রাবণবধ,' অন্ত অর্থে 'কৈবর্ত্তরাজ-বধ' রিস্থৃত করিয়া, সমাপ্তি লাভ করিয়াছে। তৃতীয় পরিছেদের নাম ''রামপ্রত্যাগমনম্।'' উভয় পক্ষে প্রযোজ্য বিবরণগুলি তাহাতে যথাক্রমে উল্লিখিত হইয়াছে। রামপাল পক্ষে 'রামাবতী' নিশ্মাণের পর এবং নগরপ্রবেশের পূর্বের, কবি কতকগুলি ঐতিহাসিক বিষয়ের অবতারণা করিয়াছেন। তাহাতে দেখিতে পাওয়া যায়, - বরেক্রীর উদ্ধার সাধন করিয়াই রামপাল নিরস্ত হইতে পারেন নাই; কৈবর্ত্ত-বিপ্লবে পালদানাজ্যের কেন্দ্রন্থল (বরেন্দ্রী-মণ্ডল) হস্তচ্যুত হইবার পর, (পাল-সাম্রাজ্যের পশ্চিম-দক্ষিণ অংশের সামস্তচক্র অমুকূল থাকিলেও), অস্থান্ত স্থানে অনেকৈই স্বাতন্ত্রা অ্বলম্বন •করিয়াছিলেন, তক্ষ্মা •রামপালকে করিতে • হইয়াছিল : -- তাঁহাকে 'কামরূপ' জয় করিতে ইইয়াছিল। নবাবিঙ্গত তাত্রশাসনের সাহায্যে বুঝিতে পারা যায়.— রামপাল বঙ্গপতির কবল হইতেই কামরূপের উকার সাধন করিয়াছিলেন। ''রামচরিতম'' কাব্যের তৃতীয় পরিচ্ছেদের ৪৪ শ্লোকে দেখিতে পাওয়া যায়,--পৃর্বাঞ্চলের অধিপতি (দানাদি উপঢৌকন প্রদানে) রামণাল আরাধনা করিয়াছিলেন; এবং এইরূপেই পূর্বাঞ্চলের অধিপতি (আফুগত্য স্বীকারে) স্বাতরা রক্ষা করিতে সমর্থ হইয়াছিলেন। শ্লোকটি এই.—

"প্রপরিত্রাণ-নিমিত্তং পত্যা বঃ প্রাক্ষিণীয়েন। বরবারণ - দানেন চ নিজ্ঞাদন - দানেন বর্মাণারধে॥"

শাস্ত্রী মহাশর ইংরাজী ভাষার রচিত ভূমিকার [১৫ পৃষ্ঠার] ইহার উল্লেখ করিতে গিয়া লিখিরাছেন,—"একজন পূর্ব্বাঞ্চলের অধিপতি তাঁহাকে (রামপালকে) বৃহৎ হন্তী, রথসমূহ (?) এবং বর্দ্ম প্রদান করিয়া, রামপালের রক্ষণাধীনে থাকিবার জন্ত, তাঁহার ভূষ্টি সম্পাদন করিয়াছিলেন।"*

An eastern potentate propitiated him with large, elephants, chariots and armour for extending his protection to him.—Introduction, p. 1;

এই শ্লোকোক্ত পূর্বাঞ্চলের অধিপতি কে, এ পর্যান্ত, তাহার মীমাংদা করিবার উপযুক্ত যথেষ্ট প্রমাণ আবিষ্কৃত হয় নাই। কিন্তু শ্লোকটি যে ভাবে রচিত, তাহাতে উভয় পক্ষে প্রব্রোজ বলিয়া, পূর্ব্বাঞ্চলের নরপতির নাম উল্লিখিও না হইয়া) '"বর্মাণা"—শব্দ গৃহীত হইয়াছে,কি না, শাস্ত্রী মহাশার তাহার আলোচনা না করিয়া, বীর-কঞ্চ (বর্ম) বলিয়াই ভাগার বাাথাা করিয়াছেন। সন্ধাকর ननी स्थानास्टरत वीत्रशर्गत "नामास्रन" ना করিয়া, নামাংশ বা উপাধিমাত্রই গ্রহণ করিয়াছেন। সেখানে টীকা থাকায়, নামগুলি প্রাপ্ত হওয়া গিয়াছে। এথানে টীকা না থাকার, সে স্থবিধা ঘটে নাই। তথাপি রচনা-ভঙ্গীতে বোধ হয়,—কবি যেন "প্রাগিদশীয়েন পত্তা'' এই হুইটি শব্দকে 'বর্দ্মণা''-শব্দের বিশেষণ রূপেই বাবহাত করিয়া গিয়াছেন। শ্লেষামুরোধে ''বর্ত্মণা''-শব্দটি ত্বই তুইটি ভিন্ন ভিন্ন অর্থে গ্রহণ করাই সমীচীন বলিয়া বোধ হয়। রামপক্ষে বর্ম অর্থ বীর-কঞ্চক তাহা সুগম। রামপাল-পক্ষেও মেই অর্থই গ্রহণ করিতে হইলে, এই শব্দটিকে খ্রিষ্ঠ না বলিয়া, "উভয়পক্ষে তুল্যার্থ বোধক" বলিতে হয়।

জিনীষামুরোধে সেরপ তর্ক উপস্থাপিত হইতে পারে। কিন্তু সত্যাবিদ্ধারামুরোধে, সে তর্ক পরিত্যান করাই সঙ্গত বলিয়া বােধ হয়। ভৌজবর্শদেবের (বেলাবো গ্রামে আবিষ্কৃত) তামশাসনের সাহায্যে সমকালবর্ত্তী, পূর্বাঞ্চলের অধিপতির বর্শ্মন্-উপাধির পরিচয় প্রাপ্ত হইবার পর, 'রামচিরিতম্'-কাবােক্ত "বর্শ্মন্" শব্দের সেইরপ অর্থ গ্রহণ করাই যুক্তিযুক্ত বলিয়া প্রতিভাত হয়। কবি "বর-

বানণেন চ নিজ্যাল্মদানেন" বলিয়া একটি মাত্র চ কারের প্রয়োগে. হয় ত প্রদন্ত দ্রব্যের মধ্যে বীরকঞ্কের (বর্মের) উল্লেখ করেন নাই। , সার্ব্ধভৌমত্বের নিদর্শন (বরবারণ ও নিজস্থন্দন) অর্পণ করিয়াই, পূর্বাঞ্চলের অধিপতি 🖟 ''স্ব-পরিত্রাণ' লাভের জন্ম, রাম-পালের আবাধনা করিয়াছিলেন। ইহাতে বুঝিতে পারা যায়, তিনি এইরূপে ''পরিত্রাণ'' লাভ করিয়া, (সার্বভৌমত্ব পরিহারপূর্বক) স্বামি-ধর্ম্মের আশ্রয়ে আসিয়া, নিজ-রাজমণ্ডলে রামপাল দেবের সামস্ত মধ্যে পরিগণিত হইয়া-ছিলেন। স্বতরাং রামপালের পক্ষে পূর্ব্ববঙ্গ (পূর্ব্ববৎ) ''স্বদেশের অব্যবহিত ভূমি'' হইয়া-ছিল ;—পূর্ব্বাঞ্চল তাঁহার "ম্বদেশ" পদবাচ্য হইতে পারে নাই:— স্বতরাং সেই দামস্তচক্রের মধ্যে রামপালের রাজধানী নির্মাণের প্রয়োজন বা সম্ভাবনা ছিল না। পূর্বাঞ্চলের অধিপতি এইরূপ ব্যবহার না করিলে, "পরিজ্ঞাণ" লাভ করিভে পারিতেন না, রাজ্যচ্যত হইতেন। "স্বপরিত্রাণনিমিত্তং'' যে ইংরাজীতে অনুদিত হইয়াছে, তাহাতে দেরূপ তাৎপৰ্য্য বিকশিত হইয়াছে বলিয়া বোধ হয় না। ভূমিকার ভাবার্বাদমাত্রই প্রকাশিত হইয়াছে। তাহাতে এমনও বোধ হইতে পারে যে,—পূর্ব্বাঞ্চলের অধিপতি যেন কোনও শত্রু-ভয়ে ভীত হইয়া, রামপালদেবের আশ্রয়ে আত্মরক্ষার চেষ্টা করিয়াছিলেন। দেরূপ অভাস প্রাপ্ত হওয়া যায় না।

যাহারা সংস্কৃতভাষার অনভিজ্ঞ, অথবা যৎসামান্ত অভিজ্ঞতা থাকিলেও, স্বয়ং স্বাধীন ভাবে সংস্কৃত ভাষার 'রচিত গ্রন্থাদি অধ্যয়ন করিতে অসমর্থ, তাহারাও স্বভাবতই স্বদেশের ইতিহাস জানিবার জন্ত কোতৃহলী। স্থান্তরাং 'রামচরিতম্' কাব্যের একটি বিশুদ্ধ অন্তবাদ মুদ্রিত করা কর্ত্তবা ছিল। তাহার অভাবে অনেকের পক্ষেই ইংরাজী ভাষায় লিখিত ভূমিকাটি একমাত্র অবলম্বন হইয়া রহিয়াছে। তাহার উপর সকল স্থলে নিঃসঞ্চায়ে নির্ভর করিবার উপায় থাকিলে, তাহার সাহাব্যেই তথ্যান্ত্রসন্ধান পরিচালিত হইতে পারিত। কিন্তু ভূমিকার সহিত গ্রন্থোক্ত বিষয়ের নানাস্থলে এইরপ নানা অসামঞ্জ্ঞ দেখিয়া, 'রামচরিত্র্য্' কাব্যের যথাযোগ্য আলোচনার প্রয়োজন বিজ্ঞাপিত করিলাম। নিরপেক্ষ

ভাবে, সভানির্ণয়ের উদ্দেশ্যে, এই কাবোর আলোচনা প্রচলিত হইলে, অনেক তথ্য আনিক্ত হইবার আশা আছে। দেই আশায় প্রথমেই "রামাবতীর" কথার অবভারণ করা ইইয়ছে। রামাবতীর অবস্থান-ভূমি নির্ণয় করিবার জন্মথাযোগা টেষ্টা করা যে অবশ্র করিবা, তিহিষয়ে সংশয় নাই। দে চেষ্টায় প্রবৃত্ত হইলে "রামচরিতম্"কাবোর উতিহাসিক মূলা কত অধিক, ভাহা দিন দিন অধিক প্রকাশিত হইতে থাকিবে।

<u> शियक्यकुमा रेमख्य ।</u>

বিলাতের টিক্টিকী।

মান্থার প্রকৃতি মোটের উপরে সর্বতই সমান। আরাম, আয়েস, সকলেই চাহে। সহজে, বিনা পরিশ্রমে থেঁ কার্যাটা হয়ু, তার জন্ম আবার কষ্ট স্বাকার করিতে কোগাও লোক বড় রাজী হয় না। আর এইরূপে আপনার কষ্টের লাঘব করিতে যদি একটু আधर् भिथा। প্রধর্ষনার আশ্রর লইতে হয়, তাহাতেও কোথাও বেশী লোকে পশ্চাৎপদ হয় না,। আমাদের দেশের পুলিশের লোকের মিথ্যা-প্রবণতার কথা আমরা প্রায়ই ভনিতে পাই। আর কখনও কখনও এ সকল দেখিয়া ত্তনিয়া এমনও মনে করিয়া থাকি যে বুঝি বা আমাদের পুলিশের লে'কেই ছনিয় র সকল ফল কথা কিন্তু তাহা লোকের অধ্য नम्। सर्यान भारतिह लाटक সর্বব্রই এরপ মিথ্যাচরণ করিয়া থাকে। আমাদের

দেশের শাসনবাবস্থার বিশেষত্ব এই যে, এথানে পুলিশের লোক যতটা পরিমাণে এ সকল প্রলোভনে পড়ে, বিলাতের পুলিশ কর্ম্মতারীরা ততটা পরিমাণে প্রলুব হয় না। লোকে মিথাা বলে আয়েরক্ষার জন্ম; যেথানে মিণ্যা না বলিলে আপনার স্থথ-স্থবিধা রক্ষা করা কঠিন দেখানে লোক যিথ্যাবাদী হইয়া উঠে। (गथान বলা নিষ্প্রয়োজন কিম্বা নিরাপদ দেখানে লোক সতা বলিতেই চেষ্টা করে। পুলিশকর্মাচারীদের উপরে এমন কড়া শাসন আছে, সাধারণ আপুনাদের স্বস্থার্থ রক্ষার জন্ম সতত এমন স্জাগ থাকে, রাজকীয় বিধিবাবস্থা এবং मकन জনমগুলীকে সর্বব ধর্মাধিকরণ উৎপীডন হইতে অত্যাচার প্রকারের

রক্ষা করিবার জন্ত এতটাই দম্ৎস্ক যে,
সেধানে পুলিসের লোকের পক্ষে মিথা।
আচরণ করিবার প্রলোভন নাই বলিলেও
চলে। কোনও স্ত্ত্রে, কোথাও কোনও
নিরপরাধী ব্যক্তির দণ্ড হইয়াছে, ইছা
জানিতে পারিলে দেশের লেকে একেবারে
ক্ষেপিয়া উঠে, মৃকলেই আপনাপন স্বস্বার্থ রক্ষার জন্তই পরস্পরকে রাজপুরুষদিগের অযথা
শাসন হইতে বাঁচাইবার জন্ত এত বাগ্র হইয়া
থাকে যে, সেথানে পুলিশের কর্ম্মচারীদিগকে
সক্ত অতি সন্তর্পণে যথাসম্ভব সত্তার ও
ধর্মের পথ ধরিয়া চলিতেই হয়, না চলিলে
তাহাদের চাকরী লইয়া টানাটানি পডে।

রাজ্যে শাস্তির রক্ষার জন্ম বিলাতেব গবর্ণমেণ্টকেও রাষ্ট্রীয় আন্দোলনকারীদিগের গতিবিধি পর্যাবেক্ষণ করিতে হয়। বিশেষ. লণ্ডন সহরে না কি তুনিয়ার যত বিপ্লবপন্থী লোক জাদিয়া প্রায় আশ্রয় লইয়া থাকে; যারা স্থদেশের শাসন-ব্যবস্থার পরিবর্ত্তন-প্রয়াসী হট্যা শাসন সম্প্রদায়ের বিরাগভাজন হইয়া পড়ে, তারা অনেক সময়ই ইংলণ্ডে আসিয়া আশ্রয় গ্রহণ করে। রুশের, জার্ম্মাণীর অষ্টিয়ার বিপ্লবপন্থীগণের অনেকে বাস করেন। লগুনের পলিশকে এ সকল লোকের উপরে সর্বাদা চক্ষু রাখিতে হয়। **ইংরা**ক্তের নিজের ছাডা রাজ্যেও রাষ্ট্রীয় আন্দোলনকারী লোকের অভাব নাই। এ পর্য্যন্ত আইরিশেরা তো সর্ব্বদাই ইংরে**জ**গবর্ণমেণ্টের শ্বল্প বিস্তব্য বিরোধী **इहेश जाए । हेशामत्र अपनर्क आयम ए** না থাকিয়া লগুন, মাান্চেষ্টার এপভৃতি স্থানে বাদ করে। এ সকলের উপরেও চকু

না বাথিলে চলে না। তার পরু ক্রমে ভারতবাদী রাষ্ট্রীয় আন্দেগলনকারীও বিলাতে যাইয়া আশ্রয় লইতেছেন। এই শ্রেণীর সকল লোকের উপরেই বিলাতের পুলিসের দৃষ্টি আবশ্রক হইয়াছে। রাথা **সু**তরাং বিলাতের ট্টিক্টিকীরা সে কেবল আমাদের উপরেই মোতায়েন হইত, তাহা নহে। বহু কালাবধিই ইহাদিগকে রাজনৈতিক লোকের উপরে গোম্বেন্দাগিরি করিতে হইতেছে। আর এই দীঘ অভাাস নিবন্ধন এ কার্য্যে ইহারা অম্ভুত পটুতা লাভও করিয়াছে। কাহাকেও বিরক্ত করে না; কাহারও উপরে অত্যাচার উৎপীড়ন করে না; কাহাকেও অসম্মান দেখায় না; কেবল দূর হইতে কে কোথায় যাইতেছে, কি করিতেছে, কোনও বৈপ্লবিক অহুষ্ঠানের আয়োজন করিতেছে কি না. কোনও অরাজক দল পাকাইয়া তুলিতেছে কি ना, डें हारे लका कतिया थारक। नाना प्राप्त. নানা মতের, নানা প্রাকৃতির লোকের গতিবিধি পর্যাবেক্ষণ করিতে করিতে ইহাদের এমন একটা কর্মকুশলতা জিন্ময়াছে, যাহা বোধ হয় দেশের গোয়েন্দাবিভাগের কর্মচারীদের মধ্যে খুঁজিয়া পাওয়া যায় না। অধিকাংশ **छ**(नर्डे বিলাতের পূলিশকে না কি বিদেশীয় বিপ্লবপন্থীদের গতিবিধি লক্ষ্য করিয়া চলিতে হয়, এজন্ম বিলাতী বিলাতের টিকটিকীদের মধ্যে এমন একটা নিষ্কাম ভাব জন্মিয়া গিয়াছে,যাহা অপর দেশের টিকটিকীদের আছে কি না বিশেষ সংন্দরের **সর্বোপরি** ইংরেজ মোটের উপরে স্বাধীনতা বস্তুকে বড় ভাল-বাদে। যেথানে আপনাদের জাতীয় **বত্ত**বার্থের

সঙ্গে কোন বিরোধ নাই: সেথানে এ জাভটা সর্বাদাই রাজশক্তির বিরুদ্ধে প্রজাশক্তির বিরোধ বাধিলে, প্রজামতেরই আমুকূল্য করিয়া থাকে। কাজে না পারিলেও কথায় বার্ত্তায়, মুনোভাবে মত্যচারীর বিরুদ্ধে যাহারা দণ্ডাগ্নমান হয়,তাহা-**দের সঙ্গে আন্ত**রিক **সহাত্মভূতি অমুভ**ব করিয়া থাকে। এমন কি, ভারতে যাঁগারা প্রজাস্বত্ব সম্প্রদারণের জন্ম চেষ্টা করিতেছেন আর এই চেষ্টা করিতে যাইয়া, ভারতের ইংরেজ গ্বর্ণ-মেণ্টের হাতে স্বল্পবিস্তর নির্য্যাতিত হইতেছেন, তাঁহাদের প্রতিও মোটের উপরে বিলাতের লোকের একটা সামাগু সহামুভূতি প্রকাশিত হইয়া থাকে। রাষ্ট্রীয় আন্দোলনকারীদিগকে বিলাতের লোকে অনেকটা সন্মান ও শ্রন্ধার চক্ষে দেখিয়া থাকে। বিলাতের পুলিশের लात्क ७ य जाहा करत, हेहा मर्त्तनाहे नका পশ্চাতে য়ে সকল কবিয়াছি। আমরা টিকটিকী মোতায়েন হইয়াছিলেন তাগারা দকলেই আমার দঙ্গে নিরতিশয় সদক্ষণ ব্যব-হার করিতেন। চেনাশোনা হইলে দর্বদা দেখিবামাত্রই টুপি থুলিয়া সেলাম করিতেন। আর চেনাশোনা হইতে বড় বেশি বিলম্বও হইত না। তজন লোক প্রাতে নয়টা হইতে রাত্রি তুপ্রহর পণ্যস্ত আমার বাড়ীর আঁশে পাশে দাঁড়াইয়া থাকিবে, ঝড় হউক, বৃষ্টি হুট্টক, বরফ পড়ুক, রৌদ দৃহক, সর্বাদাই দাঁড়াইয়া আছে; কখনও তামাক ভারা খাইতেছে, কখনও পথের লোকের সঙ্গে কথাবাৰ্দ্ধা কহিতেছে, কথনও বা পকেট হইতে সংবাদপত্ৰ খুলিয়া পড়িতেছে, কখনও বা বইই হয়ত পঢ়িতেছে কিন্তু নজরটা সর্বদাই আমার मतकात मिरक तिकारक- এ ভাবে यात्रा

গোয়েন্দাগিরি করে, তাদের চিনিয়া লইতে তো আর বড় দেরি হয় না। প্রথম কয় সপ্তাহ এ দিকে নাকি তেমন লক্ষ্য করি নাই, ফতরাং তথন এদের চিনিতে পারি নাই, কিন্তু বে দিন হইতে ব্রিলাম যে আমার পিছনে লোক আছে, লে দিন হইতে ইহারা সর্বাদাই ধরা দিতে আরম্ভ করিল। প্রথমে কি করিয়া এক ব্যক্তিকে ধরিয়াছিলাম, পূর্ব- ধ্বন্ধে তার উল্লেখ্ন করিয়াছিলাম, পূর্বি- ধ্বন্ধে তার উল্লেখ্ন করিয়াছি। ইহার কিছুদিন পরে তাঁর সঙ্গীকেও ধরিয়াছিল।

এই দিনও আমার পাশি বয়ুটার গৃহিণী এবং আমার পুত্র ও আর একটা পাণি ভদ্র-লোক আমার সঙ্গে ছিলেন। এ দিনও আমুরা সকলে মিলিয়া একটা সভাতে বাইতেছিলান। বাড়ী হইতে বাহির হইয়া, একবার পথে চলিতে চলিতে পশ্চাতের দিকে ফিরিয়া কেঞ্ সঙ্গ লইয়াছে কি না দ্বেখিলাম, কিন্তু কাহাকেও দেখিতে পাইলাম না। ক্রমে আমরা 'টিউব'' ষ্টেশনে যাইয়া উপস্থিত হইলাম। লণ্ডন সহরে মাটার নীচে দিয়া স্তৃঙ্গের ভিতরে যে স্কল রেলগাড়ী তাড়িত যোগে যাত্রী-সম্ভার লইয়া মুহুর্ত্তে মুহুর্ত্তে যাতায়াত করে, তাহাকেই हिडेव अट्टा त्रालं रायन छिनन आहर, এই টিউবেরও সেইরপ ষ্টেশন আছে। ষ্টেশন-গুলো রাস্তার উপরে। এথানে টিকিট কিনিয়া ভাড়িত-চালিভ লিফ্টে (lift) করিয়া নীরে নামিয়া গাড়ীতে উঠিতে হয়। টিউবেরও প্লাটফর্ আছে। এ প্লাট্ফর্গুলা সাত আট তালা প্রমাণ জমির নীচে। আমরা ক্রমে দেখানে যাইয়া উপস্থিত হইলাম। তথন একনা লোককে দেখিয়া আমার সন্দেহ হইল যে বুঝি বা সেই এবার আমার উপরে যোভারেন

হইয়াছে। মিনিটে মিনিটে টিউবের গাড়ী সকল আসা যাওয়া করে। একথানিট্রেন আসিতেছে দেখিয়া আমার সঙ্গাদিগকে বলিলাম যে তাঁরা এই ট্রেণে উঠিবার ভাণ মাত্র যেন করেন, কিন্তু একেবারে যেন উগতে চড়িয়া বসেন না। টেণক্সাসা মাত্র সে কক্তি তাহাতেও উঠিয়া পড়িল ৷ স্থামরা উঠিব উঠিব শকরিয়া আর উঠিলাম না। টে্রথানা ছাড়িয়া দিল। তথন সে ব্যক্তি টেপ হইতে লাফাইয়া পড়িয়া প্লাটফমে একখানা বেঞ্চে যাইয়া বদিয়া পকেট হইতে একথানা থবরের কাগজ থুলিয়া পড়িতে আরম্ভ করিল। তথন প্লাটফরমে আমরা ক'জন ছাড়া আর একজন যাত্রীও ছিল না। আমি আন্তে আন্তে এ ব্যক্তির কাছে যাইয়া জিজ্ঞাসা করিলাম--''তুমি কি আমার পিছু লাগিয়াছ ?" "Are you following me ?" সে গলা ভারি করিয়া বলিল-''না।'' আমি বলিলাম—''তাই যদি, তবে তুমি গাড়ীতে চড়িয়া, আমি উঠিলাম না দেখিয়া নাবিয়া পড়িলে কেন ?"--দে ব্যক্তি ইহার কোন উত্তর দিতে পারিল না। তথন আমি বলিলাম—''দ্যাখ, আমার পিছনে লোক থাকুক তাতে আমার কোনও আপন্তি নাই; কিন্তুকে আছে, এইটা মাত্ৰ আমি জানিতে চাই।" একটু পরে বলিলাম--"তুমি আমাকে চেন ?' ''হাঁ আপনাকে চিনি বই কি আপনি মিঃ—।" "এই আমার পক্ষে যথেষ্ট। এথন তোমার কর্ত্তব্য তুমি কর, আমার কর্ত্তবা আমি করিব। তুজ্ঞনে একটা বোঝাপোড়া হইল, ভালই।" এ সময়ে আবার আর একথানি ট্রেণ আসিয়া পড়িল, আমরা সকলে তাহাতে উঠিয়া বসিলাম।

'প্রথম প্রথম একটু বিরক্তি বোধ হইল: কিন্তু ক্রমে আমোদ লাগিল। আমার বাডীতে আমার পুত্র ছাড়া আর তিনচারিটী বাঙ্গালী ও মাহারাটি যুবক এক সময় আমার সঙ্গে ছিল। এই ইংরেজ টিকটিকীদের লইয়া তাহারা মাঝে মাঝে বড ভামাসা করিত। একদিন হুজনলোক আমার বাড়ীর সন্মুথের রাস্তায় দাঁডাইয়া বাড়ী পাহারা দিতে ছিল। ছেলেরা इथाना वर्ष वह नहेशा, এक हो कान टिविनक्सथ দিয়া ঢাকিয়া জানালা খুলিয়া গিয়া তাহাদের দিকে বই ত্রখানিকে নির্দেশ করিয়া যেই দাঁডাইল. অার অমনি গরিব বেচারীরা উদ্ধাদে দেখান হইতে সরিয়া গেল। তারা ভাবিল এই বইগুলো বঝি ফটোগ্রাফের ক্যামেরা, 'আর ছেলেরা বুঝি তাদের ছবি তুলিয়া, ফাগজ পত্রে একটা হাঙ্গামা করিবার আয়োজন করিতেছে। এদের কেহ কেহ আমার ছেলেদের পিছনে পিছনেও যাইত। স্থার কার্জন ওয়াইলীর হত্যার পরে' অনেক দিন পর্যাম্ভ ছেলেদের তাহাদের উপরে দৃষ্টি খুবই বেশী ছিল, আমার উপর ততটা ছিল না। আর ছেলেরাও হুষ্টুমি করিয়া বেচারীদের হায়রাণ করিয়া মারিত। তিনজনে তিন পথে থামকা থামকা ঘুরিতে যাইত। এ গলি ও গলি করিয়া গরিবদের ঘুরাইয়া আনিত ইহারা সারাদিন দাড়াইয়া দাড়াইয়া যথ্ন সন্ধ্যার প্রকালে একেবারে অবসর হইয়া পড়িত, তথন ছেলেরা তিন চার্ূুমাইল বেড়াইবার জন্ম বাহির হইত। সেই অবসর দেহে এতটা ঘুরিতে তারা তাই ছেলেদের গাড়ীতে করিয়া কেন গ বেড়াইতে যাইবার জন্ম অমুরোধ করিত। "মিঃ-

বাসে (Bus'a) চড়িয়া চলুন না—খামাক। ইাটিয়া থাবেন কেন ?"—"আমাদের আজ পদ্মনা নাই—বাসে (Bus'a) যাব না।" "আছা আপনারা বাসেই চলুন, আমি আর ইাটিতে পারি না,—পদ্মনা আমি দিছিছ।" এই বলিয়া গরিব বেচারীর স্কদ্ধে চড়িয়া ছেলেরা ৭।৮ মাইল বাসে বেড়াইয়া আসিত।

ফলতঃ আমাদের জন্ম লণ্ডনের পুলিশের কত প্রসা যে খরচ হইয়াছে, বলিতে পারি না। হু'তিন জন, কথনও চারিজন কর্মচারী দিনরাত আমার বাড়ী পাহারা দিত। মাঝে কদিন আমার বাড়ীর সম্মুথে রাস্তার পরপারে • একটা বাড়ী পর্য্যস্ত ভাড়া করিয়াছিল। দেখানে বসিয়া এঁরা আমার বাড়ীতে কে আদে কে থাকে, এ সকল লক্ষ্য করিত। আমাদের কেছ যথন বাহিরে যাইতাম, তথন আমাদৈর সঙ্গে সঙ্গে একজন যাইত। কেবল তাঁহাই নহে। মাঝে মাঝে আমরা ছষ্টুমী করিষাও ইহাদের প্রসা থরচ করাইতাম। এক দিন আমি সন্ধ্যার পরে বেডাইতে বাহির হইয়াছি। আমার সেক্রেটারীও তথন বাড়ী যাইতে-ছিলেন। খানিক পরে তিনি বলিলেন "মিঃ— আপনার শরীররক্ষক (Body Guard) বৃঝি ঐ আসছে ?'' আমি পিছনের দিকে চাহিয়া দেখিলাম বাস্তবিকই একটা লোক আমার অমুসর্বণ করিতেছে। তথন সাম্নে দিয়া এক থানা মটরকার যাইতেছিল। আমার সেক্রে-টারীকে টুট্টবে চড়িয়া বাড়ী যাইতে বালয়া আমি নিজে ঐ চলস্ত বাদে লাফাইয়া উঠিয়া পড়িলাম। ভাবিশাম এবার আমার রক্ষককে ফাঁকি দিয়াছি। কিন্তু বাদথানা মাইল খানেক দৌড়িয়া ব্ধন একটা টিউব ষ্টেশনের

সামনে যাইয়া দাড়াইল, দেখি সে তাহাতে উঠিয়া এবং টুপি থুলিয়া আমায় সেলাম করির। উপরে ঘাইয়া বসিল। আমি তোদেথিয়া অবাক। থানিক পরে আমি বাদ্ হইতে নামিয়া প্রজ্লাম। নামিয়া পড়িল।^{*} আমি তথন^{*} তাহাকে জিজ্ঞাদা করিলাম—"তুমি আগার দঙ্গ নিলে কেমন করিয়া বল তো? আর এত দূরে আসিয়া বাসই বা ধরিলে কেমন করিয়া ?" দে হাদিয়া বলিল,—''ট্যাকদিতে করিয়া'' আমি বলিলাম—''এত থরচ কল্লে!'' ''না कत्त्र हत्त देक १ आिय यिन मान भा वि, আর অন্ত কেহ আপনাকে কোথাও দেখিয়া রিপোর্ট করে. তবে আমার চাকরিটা যাবে যে। স্থতরাং যেরূপ করিয়াই হউক, আমার আপনার সঙ্গে থাকিতেই হয়।"

কিন্তু সকলেই যে সর্বদা আমার সঙ্গে থাকিয়া আপনার কর্ত্তব্য পালন করিত তাহাও নহে। কথনও কথনও কেহ কেহ সঙ্গে না থাকিয়াও আমার কাছে আসিয়া, আপুনার দৈনন্দিন রিপোর্ট লিখিয়া লইয়া যাইত। কর্মভার যেথানে এতটা শ্রমসাধ্য দেখানে মাঝে মাঝে কণ্মচারীর পক্ষে একটু আধটু প্রবলতার আশ্রয় লওয়াও স্বাভা-বিক। একদিন আমাকে একটা বক্তৃতা উপলক্ষে লণ্ডনের বাহিরে যাইতে হইয়াছিল। দে দিন রবিবার। আমার বিকালে উল্ইচ্ নামক উপনগরীতে যাইয়া বক্তৃতা করিবার কণা। আমি একটু শীন্ত্র শীন্ত্র মধ্যান্তাহার শেষ করিয়া উল্ইচ্যাতা করিলাম। বাড়ী হইতে বাহির হইয়াই দেখি আমার শরীর-রক্ষক সেথানে দাঁড়াইয়া। আমার দেথিয়া

দে টুপি খুলিয়া অভিবাদন করিল এবং ভদ্র লোকটীর মতন মন্থরগতিতে আমার পশ্চাতে পশ্চাতে চলিতে আরম্ভ করিল। টিউবের ষ্টেশনে যাইয়া যথন লিফটে (Lift) চড়িলাম, তখন দেও দেই লিফটেই উঠিল আমি क्रेष< शिवा विनाम—"आंक य व्यत्नक पृत যেতে হবে।?' "কত দূর, মিঃ—?" "উল্ইচ্।" "বাবা, আমার যে এথনও খাওয়া দাওয়া হয় নাই।" "আমি থাইয়াই আসিয়াছি।" "উল্ইচে কি আজ কোনও সভা আছে না কি ?" "আছে বৈ কি।" "কোথায়, মিঃ -?" "কারমেল চ্যাপেলে।" ইতিমধ্যে লিফট্ নামিয়া আদিয়া যথাস্থানে থামিয়া গেল। ছজনেই তথন ট্রেণের দিকে যাইতে লাগিলাম। আমার রক্ষক তথন বলিল "মিঃ –, আপনার অনুমতি যদি পাই তবে আজকের দিনটা আমি আমার ছেলে পিলেদের সঙ্গে যাইয়া কাটাই---আমি আর আপনার সঙ্গে যাব না।'' "আমার বিন্মাত্র আপত্তি নাই।" "আপনি কথন ফিরিয়া আসিবেন ?" "জানি না তো! উল্ইচ্ হতে আমি সন্ধার পূর্বেই ফিরিব—কিন্ত আজ রবিবার, তোমাদের সভ্যতায় রবিবারে সন্ধার পর মদের দোকানে মদ মিলে কিন্তু ভদ্র লোকের বাড়ীতে তো থাওয়া মিলে না, কাব্ৰেই আমায় বাহিরে থাইয়া আসিতে হইবে। নরটা সাড়ে নরটার আগে যে ফিরিতে পারিব, এমন মনে হয় না।" 'আজ

কি বিষয় বক্তৃতা করিবেন ?" আমি বিষয়টী বলিয়া দিলাম ় সেও সেটী আপনার পকেট বইএ নোট করিয়া লইল এবং আর একবার আমার অনুমতি লইয়া, সেলাম করিয়া ফিরিয়া চলিল। সেদিন আমার সঙ্গে আর কেউ ছিল না। রাত্রে বাড়ী ফিরিয়া আমি কাপড় চোপড় ছাড়িবার আয়োজন করিতেছি—তথন প্রায় সাড়ে দশটা—এমন সময় পরিচারিকা আসিয়া বলিল—"একটা ভদ্রলোক আপনার সঙ্গে সাক্ষাৎ করিতে আদিয়াছেন।'' "এই রাত্তে কে ? ইনি কি আমার স্বদেশী ?'' ''না একজন ইংরেজ ভদ্রলোক।" "আচ্ছা নিয়ে এস।'' তথন দেখি ঐ আর কেউ নয়— আমার শ্রীররক্ষক। এত রাত্রে আমায় বিম্বৰ্জ করিতে আদিয়াছে বলিয়া অতিশয় দীনতা সহকারে ক্ষমা প্রার্থনা করিয়া, আমি বক্তৃতাতে কি কি বলিয়াছি, সেখানে কত লোক ছিল, ভারতবাদী লোক কেহ ছিল কি না,-এসকল কথা নোট করিয়া লইয়া গেল। আমি বুঝিলাম—আজকের রিপোর্ট थानि आभारक्रे निथिया मिर्ट रहेन। এও মন্দ নহে। বিলাতের টিক্টিকীই এরূপ করে। এদেশের টিক্টিকী হইলে স্থাপনার মনগড়া একটা ভয়ঙ্কর বক্তৃতা সাজাইয়া রিপোর্ট করিত না কি ?

শ্রীবিপিনচন্দ্র পাল।

জয়দেৰ ও বিছাপতি

٩

আমরা জয়দেব ও বিত্যাপতির কৃষ্ণগত-প্রাণা শ্রীরাধাকে দেখিয়াছি, এইবারু এতহু-ভরের শ্রীক্লফকে দেখিতে ইচ্ছা করি। যাহা দেথিয়াছি তাহা হইতে যদি আমরা এই টুকু ব্ঝিয়া থাকি যে, শ্রীরাধার ভালবাসা তোমার আমার সম্পূর্ণ বোধায়ত্ত না হইলেও ইহা এক অপার্থিব বস্তু, তাহা হইলেই ইহার যথার্থ তত্ত্ব হৃদয়ঙ্গম করিবার পথ প্রশস্ত হইয়াছে। যিনি বৈষ্ণব তিনি জানেন যে খ্রীরাধা ভিন্ন শ্রীক্ষের পূর্ণতা নাই ; শ্রীরাধা সংযুক্ত হইয়াই তিনি শ্রীক্বঞ্চ, আর তাহা না হইলেই তিনি কৃষ্ণ মাত্র; এই হলাদিনী শক্তির সংযোগ আছে वनिश्राहे श्रीकृत्स्वत नीनामग्री श्रक्तवित विकृति, নচেৎ সকলই আনন্দহীন। হলাদিনী শক্তি না থাকিলে বাঁশী বাজিত নাঁ, জীবের ভঞ্জিও চরিতার্থ হইত না। এই আনন্দময়ী বৃত্তির পরিপোষক যত বস্তু আছে তাহাদের মধ্যে त्रमास्राम त्लानुषा मथीहे व्यथान। हेराता ना থাকিলে রাধারুফ্ত-প্রেম্রদ পরিপুষ্ট হয় না। তাই বৈষ্ণব কবি সর্ব্বত্রই সথী-চরিত্তের অব-তারণা করিয়াছেন। আমরা পূর্ব্বেই বলিয়াছি रय-जुगवान मर्कवार्थन, ममस्य देखिन्न वाता ভগবদাস্বাদন ইহাই হ্লাদিনীর আকাক্ষা, তাই कविषयं ' दिन्हिक আমরা আদি বৈষ্ণব আকাজ্মার এত প্রাবল্য দেখিতে পাই। আমরা পূর্বেও স্থার কার্য্য অনেক দেথিয়াছি, অতঃপরও দেখিতে পাইব। শ্রীরাধার চরিত্র-विदल्लवन त्यमन मधीत माहाया वाजीज हम ना,

শ্রীক্লফের চরিত্রও সেইরূপ স্থীর সাহায্য ব্যতিরেকে ব্যক্ত হয় না। ইখাদিগকে যাঁহারা দূতী বলিতে চাহেন, তাঁহারা তাই বুলুন, কিন্তু স্ক্ষ দৃষ্টিতে দেখিলে জাঁহারাও বুঝিতে পারি-বেন যে এই স্থীর চরিত্রে যে কোমলতা, প্রাণে যে নিঃস্বার্থতা, হৃদয়ে যে কবিত্ব আমাদিগের আলোচ্য মহাকবিদ্বয় কর্ত্তক অপিত হুইয়াছে, তাহা দামান্তা দৃতীর ত কথাই নাই, অনেক নায়িকারও নাই। এ কথা আপনা হইতেই প্রমাণ হইয়া যাইবে এরূপ আশা করা যায়। এখন আমরা জয়দেবের শ্রীক্লচরিত্র দেথিয়া প্রেমতত্ত্ব বুঝিবার প্রয়াস করিব। শ্রীকৃষ্ণ যে বৈষ্ণবের কাছে ভগবান্ স্বয়ং সে কথা এথন আমরা ভূলিয়া যাইতে পারি। আসরা দেখিয়াছি যে সরস বসস্তে শ্রীক্ষণ শত যুবতী পরিবৃত হইয়া ক্রীড়া করিতেছেন। ক্ষণিক ভ্রান্তিময় মুহূর্তের জন্ম শ্রীরুঞ্চ শ্রীরাণাকে ভুলিয়া শত স্থলরীর মন রাখিতে প্রবৃত্ত হইয়া-ছেন। কবি শ্রীক্লেয়র চারিধারে একটা যেন অভেদ্য ইন্দ্রিয়াকর্ষণের হুর্গ নির্ম্মাণ করিয়াছেন। একে বসন্ত ঋতু,—তাহাতে স্বভাবতঃ গুৰুকের হৃদ্য মদমত্ত হইয়া উঠে, প্রাণের উপর দিয়া একটা চঞ্চলতার স্রোত বহিয়া যায়, তাহার উপর আজ দেই বৃন্দারবিপিন যেন স্থন্দরী যুবতীরুদের মুথ-শঙদলে বিশোভিত হইয়া প্রলোভনের কেন্দ্রস্থল হইমা উঠিয়াছে, তাহার উপর আবার এই স্থন্দরীগণের মধ্যে 🕮 🛊 ফংকে বশীভূত করিবার জন্ম যেন একটা রেষারেষি

চলিতেছে,—যত প্রকার মন ভুলাইবার হাবভাব ও কৌশল দারা রমণী যুবজনের
হৃদয়াকর্ষণ অথবা ইক্রিয়াকর্ষণ করিতে পারে,
সবগুলিই এই যুবতীবৃন্দ আজ শ্রীক্রঞ্জের
উপর প্রয়োগ করিতে কৃতসংকল্ল হইয়াছে —
পীনপরোধর ভারতরেণ হরিং প্ররিরভ্য সরাগম্।
গোপবধ্রহুগায়্তি কাচিছ্লঞ্চিত পঞ্চমঝ্রগম্।
কাপি বিলাসবিলোলবিলোচন খেলন-জনিতমনোজম্।

ধাায়তি মুগ্ধবধ্রধিকং মধুস্থদন-বদন-সরোজম্॥ কাপি ক্পোলতলে নিলিতালপিতৃং কিমপি শ্রুতিমূলে।

চারু চুচুম্ব নিতম্বতী দয়িতং পুলকৈরত্বকূলে।
কেলিকলা-কুতুকেন চ কাচিদমুং যমুনা-জল-

মঞ্ল-বঞ্ল-কুঞ্জগতং বিচকর্ষ করেণ তুক্লে॥

কবি পুঞ্জে পুঞ্জে শ্রীক্বফের চতুর্দ্দিকে উপ-ভোগের উপাদান স্তৃপীভূত করিয়াছেন। শুধু ভাহাই নহে, কবি দেখাইতেছেন যে শ্রীকৃষ্ণ এই আকর্ষণে যেন সত্যই স্মাকৃষ্ট—

করতলতাল-তরল বলয়া বলি কলিত কলস্বন-বংশে।

রাস রসে সহন্ত্যপরা হরিণা যুবতিঃ প্রশংসে॥ শ্লিষ্যতি কামপি চুম্বতি কামপি কামপি রময়তি রামাম।

পশুতি দক্ষিত-চারু-তরামপরামমুগচ্ছতি বামাম্
গীতগোবিন্দে এমন আভাদ আছে যে

শ্রীকৃষ্ণ যেন শ্রীরাধার উপর আড়ি করিয়া
এই আগুনে ঝাঁপ দিয়াছিলেন। আমাদের
আধুনিক সাহিত্যে গোবিন্দলাল যাহা করিয়াছিল, এ যেন অনেকটা দেই রকম ঘটনা।
যে ইক্রিয়ের প্রেরণার এমন করে দে দেই

বৃহ্নিতে দগ্ধ হয়, তাহার আর নিস্তার থাকে গোবিন্দলাল এই অনলে পুড়িয়া মরিয়াছিল, প্যারিদ এই অনলে আত্মাহুতি প্রদান করিয়াছিল। যাহার কেবল ইন্দ্রিয়-আকাজ্জা সে এত ইন্দ্রিয়োপভোগের উপচারের মধ্যে সম্পূর্ণ আত্মবিশ্বত হইতে ও আত্মোৎসর্গ করিতে বাধ্য। বুঝি, মুহুর্ত্তের জন্ম সম্ভাবনা অনস্ত-বিশ্বাসময়ী শ্রীরাধার মনেও উদিত হইয়াছিল। সেই মুহুর্ত্তে ভাবিয়াছিলেন যে তাঁহার দ্রীক্রমণ্ডক্তি বিফল. তাঁহার মুরারি এই অচ্ছেদ্য বন্ধন, এই অতি তীব্র প্রলোভন এই স্থলরীবুন্দের আকর্ষণ ও আলিক্সন পাশ ছেদ করিয়া বাহির হইতে পারিবেন না। কিন্ত তাঁহার এ সন্দেহ শুধু কুলে। - যে ক্ষণস্থায়ী তাহা নহে, ইহার সঙ্গে বিশ্বাসের নেশাটা অতিমাত্রায় জড়িত ছিল

মামুদ্ধীক্ষ্য বিলক্ষিত-স্থান্মিত-মুগ্ধাননং কাননে গোবিন্দং ব্ৰজস্থনৱীগণরতং ুপশ্যামি

ষ্ঠামি চ॥

অত তো আনন্দের তরঙ্গ, অত আমোদের

ছড়াছড়ি, অত স্থল্নীর ছড়াছড়ি, প্রলোভনের

বাড়াবাড়ি, তবু আমাকে দেখিয়া বিশ্বরে ও

আনন্দে বাহার ম্থকমল হর্ষাপ্লত হইয়া স্মিত
প্রধা বর্ষণ করে, তাহাকে কে আমার কাছ

হইতে দ্রে রাখিতে পারিবে? শ্রীরাধার

সদয়ে অমন লাঞ্চনার পরও এই স্থলর গ্র্মমন্ন
ভাব তথনও বিরাজিত ছিল। কেন ? তিনি
জানিতেন যে তাঁহার প্রাণাধিক তাঁহাকে
প্রাণ দিয়া ভালবাসেন। আর এই জ্ঞুই

তাঁহার কাছে তাঁহার বঁধুর কিছুই দ্যা বা
নিশিত ছিল না; বরং সেই রমণীসমাজে

তাঁহার রূপ কেমন উছলিয়া উঠিতেছিল

তাঁহার চক্ষে দেইটীই উজ্জলরূপে ভাসিতেছিল। তাঁহার হৃদয়েশ্বর যে "বহু বল্লভ" ইহাতে তাঁহার নিজের গর্ব একটু থর্ব হইলেও, তাঁহার প্রণয়-গর্ক আরও যেন বাড়াইয়া দিয়া-শ্রীরাধার হৃদয়-দর্পণে ছिল। ভালবাসা এইরূপে প্রতিফলিতু হইয়াছিল বলিয়াই অত অপমানেও তিনি ভ্রমরের মত অথবা অন্ত কোনও বিলাতী নায়িকার মত শ্রীকৃষ্ণকে একেবারে ত্যাগ করিয়া যান নাই বরং ইহার পরেও শ্রীক্নফোর সহিত মিলিত হইবার জন্ম আরও বাগ্র হইয়াছিলেন। প্রেমের লক্ষণ এমনি করিয়াই অভিবাক্ত হয়। আরু প্রেমের সহিত অগ্য কোনও ভাবের মেশামিশি না থাকাতেই এই ছুইটা জদয়ের যথার্থ কোনও বিচ্ছেদ হয় না। মাঝে गारक (भरष ठाँक ठांका পড़िल्ख .निनीथिनी জানে যে সে মেঘ কাটিয়া যাইবে,তা অল্ল मित्नेहें रहोक, अथवा मीर्च वित्रहात थत रहोक, চাঁদ আবার হাসিবে, [®]অমৃত ধারা আবার ঝরিবে। তাই সে সেই স্থাদিনের প্রতীক্ষায় বসিষা থাকে। চাঁদকে গাল দিয়া বাপের বাড়ী চলিয়া যায় না। এই যে অনাত্ম-সম্বন্ধিনী ও প্রিয়াঁকুগামিনী হৃদয়-কৃত্তি ইহাই ভারতবর্ষের রমণীর প্রেম. এবং ইহা দীরাই সকল অবস্থাতে বিষের পরিবর্ত্তে অমৃতের দৌ্ভব হয়।

এমন ধারা ভালবাদার একটা অমোঘ আকর্ষণ আছে, বাহা বোধ হয় ইচ্ছা করিলেই কাটাইয়া উঠা যায় না। বিশেষতঃ যাহার সদয়ে এই আকর্ষণী শক্তির কাছে পরাজ্য মানিবার ইচ্ছা স্বতঃ কুর্ত্ত হইয়া আছে, তাহার তো কথাই নাই। শ্রীক্লম্ভের পক্ষে ঠিক

তাহাই হইয়াছিল।, ক্লুত্তিবাদ লিথিয়াছেন ষে রামকে নাগপাশে বদ্ধ অবস্থায় কেহ গরুডকে শ্বরণ করিবার কথা বলে, আর গরুড়কে স্মরণ করিতেই সে উপস্থিত হয়, ও তৎক্ষণাৎ রামচল্র পাশমুক্ত হইয়া দাঁড়াইয়া উঠেন। এ ক্ষেত্রেও ট্রারার উপর চকিত দৃষ্টিপাত শ্রীরাধার ঠিক দেইরূপ কার্য্য করিয়াছিল। <u>ত্রীরাধার প্রিয় বিষয়ক পূর্জীত্ব ভা দৃষ্টি মিথাা</u> করে নাই; তিনি যে গ্রতীপরিবৃত শ্রীক্ষান্তর বিশ্বয়চকিত প্রকূলাননে স্থায়িত রেখা লক্ষা করিয়াছিলেন ভাষাত্তেই কুম্বের উদ্ঘাটিত হইয়াছে; এবং তাহাই নাগপাশ-বদ্ধ রামচক্রের সম্বন্ধে গ্রুডের মত কার্য্য করিয়াছিল। রূপকথায় সোণার কাঠি আর রূপার কাঠির গল শুনিতে পাওয়া যায়: দোণার কাঠিতে জ্ঞান ফিরাইয়া দেয়, আর রূপার কাঠিতে অজ্ঞান করে, মুগ্ধ করে। ব্রজ্যুবতীগণের আকর্ষণরূপ রূপার কাঠি স্পর্ণে যে মুগ্ধ হরি বুন্দাবন বিপিনে রাধাকে ভূলিয়া ক্রীড়া করিছেছিলেন, রাধা দর্শন রূপ সোণার কাঠি তাঁহাকে তৎক্ষণাৎ প্রবৃদ্ধ করিয়া দিল। কোথায় রহিল গ্রতীরুন্দ, কোথায় রহিল আমোদ-আহলাদ, প্রাণ তথনি প্রিয়তমার দিকে ছুটিয়া চলিল, নেশা কাটিয়া গেল, ইন্দ্রজাল ভাঙ্গিয়া গেল।

কংসারিরপি সংসার-বাসনা-বন্ধ-শৃষ্থলাম্।
রাধানাধায় সদয়ে তত্যাজ ব্রজস্করীং॥
এই পরিণতি প্রদর্শন করিবার উদ্দেশ্থেই
জয়দেব কবি শ্রীক্ষান্ধের চতুঃপাথে ইন্দ্রিয়ের
ভোগোপ্যোগী উপচার, রাশি সজ্জিত করিয়াছেন ,ও করিয়া দেখাইয়াছেন যে যেখানে
যথার্থ ভালবাসা আছে, যেখানে প্রণয়িনীকে

"সংসার-বাদনা-বন্ধ-শৃত্যলা।" বলিয়া আছে, দেখানে স্থায়ের যে আকর্ষণ তাহা শত প্রকার বিপ্রকর্ষণ দারা পরাভূত হয় না। মেঘনিমুক্ত শশধরের ভায় ইহার পুনঃ প্রকাশ যেন উজ্জ্বলতর ও স্থান্দরতর বলিয়ামনে হয়। জয়দেব এই দৃশ্র দ্বারা যে প্রয়োজন সাধন করিয়াছেন বিদ্যাপতি মাথুর ও প্রবাদ, দ্বারা তাহাই করিয়াছেন। মাঝে মাঝে শ্রীরাধার মানের হেতুভূত এক্রিফের আদক্তি তাঁহার পদাবলীতে বর্ণিত হইয়াছে বটে, কিন্তু তাহাতে এমন আকৰ্ষণীশক্তি অৰ্পিত হয় নাই। বৈষ্ণব কবিতায় ''প্রবাদ" বিদ্যাপতির र्भोनिकच, এবং ইহাকে অবলম্বন করিয়াই তিনি শ্রীরাধার ও শ্রীক্বফের হৃদয় পূর্ণমাত্রায় ক্রিয়াছেন। তিনি দেইখানে বিক**শি**ত দেখাইয়াছেন যে গ্রীরাধার টান গ্রীক্বফকে অন্ত শত আকর্ষণের প্রতি সহজে তাচ্ছিল্য আনিতে পারে। এমনি আকর্ষণ আছে বলিয়াই এক-জনের অভাবে সমস্ত শৃত্যময় হইয়া যায়, এক নিমেষে অন্ত সকল প্রলোভন ফ্রনয় হইতে দূরে অতি দূরে সরিয়া যায়। মামিয়ং চলিতা বিলোক্য বৃতং বধূ নিচয়েন। সাপরাধত্যা ম্যাপি ন বারিতাতি ভয়েন। হরিহরি হতাদরতয়া গতা সা কুপিতেব। কিং করিষাতি কিং বদিষাতি সা চিরং বিরহেণ কিং ধনেন কিং জনেন কিং ময় জীবীতেন

গৃহেন॥
কিন্তু তিনিও জানিতেন যে শ্রীরাধা যতই
রাগ করুন, যতই অভিমান করুন, তাঁহার
হৃদয় তাঁহাতেই সংলগ্ধ আছে। তাই আজ
তাঁহার এত চিম্পা, এত বাধা, তাই জাঁহার
প্রধান চিস্তা কেন তাহাকে অপরাধ ভীত

হইয়া ,যাইতে নিবারণ করি নাই ; সে কি कतिरव रम कि विलय, रम এই मौर्घ वित्रइ কেমন করিয়া সহ্য করি বৈ। যেমন ক্ষণ-কালের জন্ম হাদা-চিন্তা বিরহিত হইয়া-ছিল, তেমনি এখন সেই চিন্তার প্রথরতায় হৃদয় অবশ্ ও অন্যকর্ম। মন কিছু করিতে চাহে না, শুধু তাহারই কথা ভাবিতে চাহে, ক্বতাপরাধের শাস্তিস্বরূপ ক্ষণিক ভ্রান্তির প্রতিশোধস্বরূপ যন ছাড়িতেও পারে না। অথচ ভয়ে ভয়ে তাহার কাছে গিয়া অপরাধ ক্ষমা করাইতেও সাহস করে না। এই সম্বস্ততা, এই আকুল চিস্তা এই সর্বগ্রাদী আকাজ্ঞা। বল দেখি পবিত্র-প্রণয়বাদী, যথার্থ প্রেম হইতে আসে. না ইন্দ্রিয়লোলুপড়া হইতে আদেণ্ ভালবাসা , হৃদয়ের **সম**স্ত অধিকার করিয়াছে তার কি এমন অবস্থা হয় ? অবশ্য মনে রাথিতে হইবে যে আমরা এখনও শ্রীকৃষ্ণ ও রাধার মনুষাত্ব স্বীকার করিয়াই বিচার করিভেছি। মানুষ কতদুর ভালবাসিতে পারে, ভালবাসিলে তন্ময় হইতে পারে. ভালবাসা থাকিলে. নিজেকে কতদ্র থর্ব করিছে পারে তাহা আমরা জয়দেব ও বিগ্যাপতির রাধারুষ্ণ-চরিত্র হইতেই প্রথম শিখিতে পাইয়াছি। এই ক্ষণিক বিরহে শ্রীরাধার অবস্থার পরিচয় পাইয়াছি, এখন এক্সফের অবস্থার দক্ষান করিব। ইহাও আমাদিগকে স্থীর কাছ হইতে শুনিতে হইটেব, কারণ স্থীর মত মশ্মগ্রাণহিণী না হইলে সে অবস্থা কি তন্ন তন্ন করিয়া আর কেহ বৃঝিতে না বলিতে পারে ? যেমন 🖺 ক্লফের কাছে দখী শ্রীরাধার দশা বর্ণনা করিয়াছে.

তেমনি শ্রীরাধার কাছেও স্থী শ্রীক্ষের অবস্থাও বর্ণনা করিয়াছে—
সথি দীদতি তব বিরহে বনমালী ॥
দহতি শিশির ময়্থে মরণমন্ত্করোতি।
পততি মদন বিশিথে বিলপতি বিফলতরোতি।
ধ্বনতি মধুপ-সমূহে শ্রবণমপিদধাতি।
মনসি বলিতবিরহে নিশি নিশি রুদমুপ্যাতি॥
বসতি বিপিন-বিতানে তাজতি ললিত ধাম।
লুঠতি ধরণি-শ্রনে বহু বিলপতি তব নাম॥

স্থী ব্যথার ব্যথী, তাই সে রাধাকে উপ-দেশ দিয়াছে—

ন কুরু নিতম্বিনি গমনবিলম্বন মনুসর তং হৃদয়েশম্

ঐ শোন এই ধীর সমীরে, যমুনাতীরে, তোমার সর্বস্বি, তোমার প্রাণকাস্ত, তোমার অভীষ্ট ধন বনমালী,—

নাম-সমেতং ক্বতসক্ষেতং বাদয়তে মৃহ নবেণুম্। বহু মন্থতে নন্থ তে তন্ত্ৰ-সূক্ষত পবন চলিতমপি 'বেণুম্॥

সে যে তোমার বাঁশী বাজাইয়া ''রাধা নামের সাধা বাঁশী'' তে রাধা রাধা বলিয়া ডাকিতেছে, ভূমি যাও ''ন কুফ নিতম্বিনি গমন-বিলম্বনম্'' – সে যে তোমার অক্সপর্শে পবিত্র চালিত ধুলিকণাকেও অম্লারত্ব ভাবিয়া গায়ে মাথিতেছে, ভূমি আর বিশম্ব করিও না। সে'বে—

পততি পততে বিচলতি পত্তে, শঙ্কিতভবত্ব-প্ৰথানম্।

রচয়তি, শয়নং সচকিতনয়নং পশুতি তব পম্থানম্॥

তোমার কুঞ্জবনে দে যে আজি উৎকণ্ঠায় আকুল হইয়া তোমার পথপানে চাহিয়া বসিয়া আছে, পাথী নজিলে, গাছের পাতা থদিলে তুমি আদিয়'ছ ভাবিয়া দে যে ব্যস্ত হইয়া তোমাকে অভার্থনা করিবার জন্ম শয়ন বিরচন করিতেছে, এমন যে তোমার প্রাণনাথ তাহার কাছে যাইতে বিলম্ব করিতেছ কেন ?

এই দথী-প্ররোচনার ভিতর কৃত মধুর 'ভাবই না উথলিয়া উঠিয়াছে;—এই ভাবগুলি লইয়া বঙ্গভাষার কত কবিই নিজের কবিতা পুষ্ঠ করিয়াছেন, ও বঙ্গদাহিত্যকে সম্পদ্শালী করিয়াছেন তাহার ইয়তা নাই। জ্ঞানদাসাদির ''রসোদ্গার'' শার্ষক কবিতাগুলি যে জগ্নদেবের পদ হইতে ভাবসংগ্রহ করিয়াছিল সে বিষয়ে কোনও সন্দেহ নাই। আমরা আজকাল অঙ্গদঙ্গের নামে শিহরিতে শিথিয়াছি বটে কিন্ত অঙ্গদঙ্গ-কামনা কতদূর আধ্যাত্মিকভায় উন্নীত হইতে পারে—তাহা কবি জয়দেব প্রথম দেখাইয়াছেন, যাহার কাছে প্রিয়তমার অঙ্গসংস্ষ্ট ধূলিকণাও বহুমানের যোগ্য বলিয়া বিবেচিত হয়, যে গল্পমাত্র শব্দেই প্রিয় সমাগম হইল ভাবিয়া উৎকণ্ঠায় আকুল হয় তাহার হৃদয়ে ভাবের গভীরতা কত তাহার উৎকণ্ঠায় কত মধুরতা কত প্রাবল্য, কত আকাজকার প্রকাশ তাহা একটু ভাবিয়া দেখিবার বিষয় নয় কি গ

তাহার পর এই সথীসম্বাদে যাহা কিছু

'আছে তাহা হইতে আমরা ব্ঝিতে পারি যে

সথীর বিশ্বাস যে শ্রীরাধার পক্ষে শ্রীক্তফের

সহিত বিহারই তাঁহার চরম সাধনা;

আত্যস্তিক স্কুক্তি বিপাক। তাই এই

ব্যাপারের যাহা কিছু বিল্ল স্থী তাহা দ্র

করিয়া ফেলিয়া দিতে বলিতেছে—মঞ্জীরে

কাজ কি, সে যে শুশ্লু বিহারের রিপুষর্কণ;

নীল নিচোলে তোমার গোরান্দের আভা ঢাকিয়া ফেল; তোমার দেহ বল তোমার বদন ভূষণই বল দবই তো তাহারই স্থথের জন্ত, তবে আর বিলম্ব কেন? দে বে অভিমানী, নিশিথিনীও বে শেষ হুইতে চলিল, তাহার কামনাপূর্ণ করিতে আর বিলম্ব কেন? হরিরভিমানী রজনিরিদানীমিয়মপি যাতি

বিরাম্ম্।

কুরু মন বচনং সত্ব-রচনং পূর্য মধুরিপুকামস্॥

তাহার অবস্থা কি এখনও বৃঝিতে পারিতেছ না ?

বিকিরতি মূহঃ খাদানা শাঃ পুরো মূহরীক্ষতে প্রবিশতি মূহঃ কুঞ্জং গুঞ্জন্ত্ব হ তামাতি। রচয়তি মূহঃ শযাাং পর্যাকুলং মূহরীক্ষতে মদন-কদনকান্তঃ কান্তে প্রিয়ন্তব বর্ত্তত ॥

সাধে কি বিভাপতি বলিয়াছেন—
ধিদ ধরণীর মণি জনম ধনি তোর—
সবজন কাম কাম করি ঝুরায়
সে তুয়ভাবে বিভোর ॥
চাতক চাহি তিয়াসাল অম্বুদ
চকোর চাহি রাহু চান্দা।
তক্ষ লতিকা অবলম্বন কারী
মন্মু মনে লাগল ধান্দা ॥

তৃত্বনের যথন এমন উৎকণ্ঠা তথন মিলন অবশ্রস্তাবী, কিন্তু সেই মিলনের পথেও অনেক বিল্ল আছে, কতক সময়-সাপেক্ষতা আছে। সেই যে একটু থানি বিলম্ব, তাহাও বুঝি এই প্রণায়িযুগলের সহে না—সেই যে শ্রীকৃষ্ণ আদিবার একটু বিলম্ব তাহাতেই শ্রীরাধা ভাবিয়াই আকুল,—

মম মরণমেব বরমতি বিতথ-কেতনা।

কিমিহ বিষহামি বিরহানলমচেতনা॥

কেন যে শ্রীক্বঞ্চ আসিতেছেন না ইহার কত হেতুই কল্পনা করিতেছেন, কত রক্ষ গড়িতেছেন' ভাঙ্গিতেছেন, করিতেছেন যে তাঁহা অপেক্ষ। গুণবতী কেহ বুঝি তাঁহাকে বশীভূত করিয়াছে, কথনও মনে মনে দেই দৃগু স্পষ্ট দেখিতে পাইতেছেন, ক্থনও ভাবিতেছেন যে তাঁহারই বুঝি শ্রীক্লফের তদ্বিরহবেদনাজনিত হর্বলতা আসিয়াছে তাই তিনি এক পাও চলিতে পারিতেছেন না। জয়দেবের পাগলিনী; আমরা আর এক মহাকবি স্ষ্ট পাগলিনী রাধার পরিচয় পাই, সেই পাগলিনী আর জয়দেব-স্ট পাগলিনা একই উপাদানে গঠিত। বিষ্ঠাপতির রাধিকা রসিকা চঞ্চলা ও কৰিষ্ময়ী, কিন্তু তিনিও ক্লফানুশীলন করিতে 'করিতে এক কালে দিব্যোনাদগ্রস্তা হইরাছিলেন। যে 'কালো' ভালবাসে তাহাকে বুঝি এমনি ইইতেই হয়।

এই পাগ্লামির চিহ্ন দেখ ''মানে''।
অন্ত রমণীহান্য-রহস্ত, ''দেবাঃ ন জানপ্তি
ক্তো মন্ত্রাঃ ?'' . যাহার জন্ত এত ভাবনা,
এত কাঁদাকাটি এত জীবনে ধিকার, যাহাকে
পাইবার জন্ত এত সাধ্যসাধনা, এত অন্তন্ম
বিনয়, সে যেই আসিয়া উপস্থিত অমনি মানিনী
মুখ বাকাইয়া বসিলেন! সাধে কি স্থী
তাহাকে ''বিপ্রীতকারিণী'' থেতাব দিয়াছে!
কিন্তু যার বুড় ভালবাসা তারই বোধ হুয় মানও
বড় বেশী; একটু রঙ্গ করিবার উদ্দেশ্ত নয়,
একটু শান্তি দিবার প্ররোচনায় নয়, সে মান
যেন প্রাণের ভিতর হইতে আপনা আপনি
উছলিয়া আসে, এ দাকণ অভিমান কেন আসে,

কোথা হইতে আদে তাহা বোঝা ভার, কিন্তু তাহা যে আদে তাহাতে তো সন্দেহ নাই। এক মুহূর্ত্ত পূর্ব্বে ক্লফের আদিতে বিলম্ব হওয়ার জন্ম যে রাধিকা বলিয়াছিলেন—

বাধাং বিধেহি মলয়ানিল পঞ্চবাধ
প্রাণান্ গৃহাণ ন গৃহং পুনরাশ্রমিয়ে।
কিন্তে ক্বযান্ত ভাগিনি ক্ষময়া তরক্তে
রক্ষানি সিঞ্চ মম শাম্যতু দেহলাহঃ॥
তিনিই বিনীত শ্রীক্বফকে—
হরি হরি যাহি মাধব যাহি কেশব মা বদ
কেতব বাদম্।

বলিয়া স্বচ্ছদে বিদায় করিয়া দিলেন। অফুয়া বড় বিষম ভাব—''ন মানিনী শং মহতে "চ সক্ষমম্" এ স্ত্রে একটা সাধারণ সত্য প্রকাশ করিয়াছে। মান জিনিষ্টাই একটা পাগ্লামি বটে, কিন্তু যে যত অধিক পাগল মানের সময় তারি মুথ খুলে ৢবেশী। জন্মদেবের রাধিকা শ্রীক্ষঞকে বেশ ত্র[']কথা গুছাইয়া শুনাইয়াছেন, আবার বঙ্গের পাগল কবির পাগলিনীও ঠিক এমনি ধারা শ্লেষের বাণ ছাড়িয়াছেন। কেবল বিছ্যাপতির সরলা রাধিকা গালি দিয়া মনের জালা জুড়াইয়াছেন। যতদিন এই পোড়া ''আমি''টা একেবারে ছার হইয়া না যায় ততদিন পুড়িয়া কি আনর অভিমান ছাড়া যায়? তা মানও করিব, আর তারপর সে চলিয়া গেলে আবার, হাঁদিতেও বসিব। তাহা না হইলে পাগ্লামীর চূড়ান্ত হয় কৈ ? মানের রস বড় পরিপকা, ভাই বৈষ্ণব আলকারিক বলিয়া-ছেন যে এ রসের দারা শ্রীক্কফের বড় প্রীতি বোধ হয়।

প্রেমের আশ্চর্য্য গতি মান স্বাভাবিক।
জনমে কথন স্বল্ল কথনও অধিক॥
দেই ছইমত হেতু নিহেতু উপজে।
কৃষ্যচন্দ্র তাহাতে পরম স্থুথ ভূঞে॥ *

কেন ? মানের ভিতর দিয়া, প্রণয় ফুটিয়া বাহির হয় বলিয়া এবং এই মানের অবলম্বনে নিজের অভিমান বর্জন করা যায় বলিয়া ইহা প্রণয়ীর পক্ষে বড় উপাদের রস, আর "নায়ক শিরোমণি" ইহাকে অবলম্বন করিয়াই "নায়িকা শিরোমণির" মান বাড়াইতে চাহেন বলিয়া তিনি মান এত ভালবাসেন।

থাকুক সে কথা, এখন আমরা যাহা বলিতেছিলাম তাহাই বলি। রাধিকা তো ক্লফের সকল অনুরোধ, দীনতা, বিনয় উপেক্ষা করিয়া মানে বসিলেন, বেশ ছ'কথা শুনাইয়াও দিলেন। যদি গ্রীকৃষ্ণের হৃদয়ে ভালবাদা না থাকিত তাহা হইলে শ্রীরাধাকে ত্যাগ করিবার এমন স্থন্দর স্থােগ আর হইত না। যদি তিনি কেবল ইন্দ্রিয়-পরায়ণই হইতেন তাহা হইলে তাঁহার ঐীরাধাকে ত্যাগ করিয়া অন্ত যুবতীশত, যাহারা তাঁহাকে একাস্ত প্রার্থনা করিয়াছে তাহাদের কাছে ফিরিয়া যাইয়া নিজের স্থথ খুঁজিয়া লইবার কোনও বাধা ছিল না, বরঞ্চ' এ তো তাঁহার মনোমত স্থােগে পরিণত হইত। আমি আদিলাম 'তুমি আমার ফিরাইয়া দিলে, আমি আর কি করিতে পারি ? এতো তাঁহার স্থন্দর কৈফিয়ৎ। কিন্তু কৈ তিনি তোসে স্বাছিলার আশ্রয় গ্রহণ করিয়া রাধাকে ত্যাগ করিলেন না, বরং তাঁহার মানাপগমের ক্রোধ-শান্তির অপেক্ষা করিয়া তাঁহার সহিত পুনমি লনের तहित्वन। इंशांत मंदेश मधी প্রতীক্ষায়

রাধিকাকে কত ব্ঝাইল, কত অন্থযোগ করিল, ''তোর যে সবই উলটা'' বলিয়া কত তিরস্কার করিল, করিয়া তাঁহাকে প্রক্রতিস্থ করিল। কিন্তু স্থারও তো একটুরঙ্গ দেখিবার ইচ্ছা হয়, দে তাই আর কোনও কথা না কহিয়া চুপ করিয়া থাকিল। এদিকে শ্রীরাধার মান প্রাণের আকুলতার মুথে ভাসিয়া গিয়াছে,' অথচ যাহাকে এইমাত্র তিরস্কার করিয়া বিদায় করিয়াছেন তাহাকে কি করিয়া ফিরাইবেন এই চিস্তাতে হলয় এখন ময় হইয়াছে। স্থী ব্ঝিতেছে অথচ কোনও কথা কহিতেছে না, বোধ হয় মনে মনে দে একটু হাসিয়া লইতেছে এবং মনে মনে বলিতেছে—

বিদায় করেছ যারে নয়ন জলে।

এখন ফিরাবে তারে কিসের ছলে ? প্রীরাধার বড় বিপদ্, এ বিপদে সধী ভিন্ন গতি নাই, অথচ দথাকে কিছু খুলিয়াও বলিতে পারিতেচ্ছন না, মনের বাসনা দীর্ঘ নিখাসে ও স্থার প্রতি বার বার স্ল'জ্জ চাহনিতে প্রকাশ পাইতেছে। একটা হৃদয় যেন বিনা কথায় ফুটিয়া উঠিয়াছে, ছবিটা বড় মনোরম মনে হয়, যেন এমনি অবস্থায় শ্রীরাধিকাকে আর একটুক্ষণ দেখিতে পাইলে আমাদের নয়ন সার্থক হইত। ঠিক এমনি ছবিটী আমরা বিদ্যাপতিতে দেখিতে পাই না, সেখানে স্থীও রাধিকাকে তুকথা শুনাইয়াছে, রাধাও স্থীকে অমুরোধ করিয়াছেন। এমনি ধারা নির্বাক্ নিবেদন, এমনি কথা না কহিয়া মনের ভাব বাঁক্ত করিবার ছবি বিদ্যাপতিয় 'মানে' নাই, আছে ভাবী বিরহে, তাও বড় স্থলর, কিন্তু এই ছবিটীতে যে মনের ভাব বাক্ত হইয়াছে, তাহা অধিক क्षाउँन। क्षार्मित हिखांक्रां रय

বেশ দিদ্ধহন্ত তাহা এই চিত্ৰ হইতে বুঝা যাইতেছে।

সথী রাধিকার কাছে কোনও কথা বলুক আর না বলুক, দে যে শ্রীরাধার এই অবস্থার কথা শ্রীকৃষ্ণকে কোনও উপায়ে জানাইয়া-ছিল সে বিষয়ে ভূল নাই, কারণ আমরা দেখিতে পাই যে তৎক্ষণাৎ শ্রীকৃষ্ণ শ্রীরাধার কাছে আসিয়া তাঁহার মানের অবশিষ্টাংশ ভাঙ্গিবার জন্ত অনেক কথা বলিতে লাগিলেন। বদসি যদি কিঞ্চিদপি দস্তর্কচি-কৌমুদী

হরতিদরতিমিরমতিঘোরম্। কুর দধরসীধবে তব বদনচক্রমা রোচয়তি শোচন-চকোরম্॥

অপরাধভীত শ্রীক্ষাক্ষের মুথ ছদণ্ড পুর্বের্ব এবে বারেই থোলে নাই, কিন্তু এথন শ্রীরাধার কোপাপুনয়নসংবাদে তাঁহার কবিত্বের ফোয়ারা খুলিয়া গিয়াছে, এখন কতক সাহসপ্ত বাড়িয়াছে এবং মনের কথা, প্রকাশ করিয়া বলিবার অবসরও মিলিয়াছে; মুথও খুলিয়াছে; অপরাধা রাণীর দরবারে হাজির হইয়া "আজি" করিয়াছেন, আমি দোমী তাহাতে "সত্যমেবাসি গেদি স্থলতি ময়ি কোপিনী" তাহা হইলে আমায় সাজা দাও আমাকে লইয়া তোমার যাহা অভিক্রি হয় তাই কর "যেন বা তবতি স্লখ জাতম্।" তুমি যে আমার সব—

ত্বমিদ মম ভূষণং ত্বমিদ মম জীবুনং
ত্বমিদ মম ভব জলধি-রত্বম্।
আমার ভূল কি তুমি ক্ষমা করিবে না ? তুমি
ত জান তুমি যাহাতে স্থথে থাক আমি
দেই কামনা লইয়াই জীবিত আছিন।

ভবতু ভবতীহ-ময়ি সূততমমুরোধিনী 💂 তত্ত্ব মম হৃদয়মতি-যত্মম ॥

তোমাকে লইয়াই আমার কাম, আমার ভোগ আমার বাদনা, আমার লালদা এ সকলেরই চরম আশ্রয় তোমার ঐ দেহখানি। তোমার মনটী আমার সর্ব আকাজ্ঞার কেন্দ্রস্থল। হে মানিনি, তোমার রুথা সন্দেহ দূর কর, তুমি থাকিতে কি এ হৃদয়ে আর কাহারও স্থান হইতে পারে ? তাই বলি "মুঞ্চময়ী মানমনিদানম্'' এস আমার জ্বয়ে, ভোমার নয়ন রাগে আমার কাল দেহ রঞ্জিত হোক, ভোমার হাদয়ের হার চঞ্চল দোলনে হাদয়ে শোভা সম্পাদন করুক, তোমার মেথলা কোমল নিরূপে লাল্সার মদনের আজার প্রচার করুক, প্রিয়ে আমি অণুরাধী আমি একাস্ত বাসনা সত্ত্বেও তোমার আরু কোনও অঙ্গ স্পর্ণ করিতে সাহস করি না শুধু আমার সদয়ের ভূষণ তোমার পা ছ্থানি ছুঁইতে সাহস করি, এদ দেই ছুইটীকে অলক্তক রাণ্ডাে রঞ্জিত করি। আমি বাদনা বিষজর্জ্জরিত.; তোমার স্পূৰ্ণ ই তাহার একমাত্র ঔষধ। অতএব আমার শিরোরত্ব স্বরূপ সেই পা ত্থানি—

আশ্চর্যের বিষয় নহে যে জয়দেব এই চরণ নী শেষ করিতে পিয়া চকিত ও ত্রস্ত ভাবে উহা অসমাপ্ত রাখিয়া গিয়াছেন, আমরা যেন জাঁহার সেই দ্বিধান্দোলিত ও চকিত হৃদরের স্পান্দন স্পষ্ট অমুভব করিতে পারি। কি করিয়া তিনি তাঁহার চিরারাধ্য দেবতা জগৎ-পতি ক্লুককে এত দীনতা স্বীকার করাইবেন ইহা ভাবিয়া যে তিনি আকুল হইয়াছিলেন, অকুল পাথারে পড়িয়াছিলেন সে বিষয়ে সন্দেহ হইতে পারে না। ভক্তমালে ঐ চরণ প্রণের

যে বিধরণ জাছে তাই। কেন্স্ বিশ্বাস করুন বা না করুন, এ কথা সতা যে সেই মানীর মানী অথচ ভক্তের কাছে তৃণাদপি স্থনীচ, ভক্তের মান 'বাচাইধার জন্ম যিনি চিরদিন প্রভিজ্ঞা-বদ্ধ, তিনিই ভক্ত কবির হৃদয়ে অধিষ্ঠান করিয়া নায়িকার শিরোমণি , রাধাঠাকুরাণীর মান বাড়াইবার জন্ম কবির লেখনী হইতে "দেহি পদপল্লবমুদারম্" এই অসমসাহসিক এই অশেষ আশাপ্রদ বাক্য বাহির করিয়া-ছিলেন।

আমরা যে ভাবেই ক্লফচরিত্র বিচার করিনা কেন জন্মদেবের কাছে যে "ক্লফস্ত ভগবান স্বয়ং'' সে বিষয়ের প্রমাণ গীতগোবিন্দের পত্রে পত্রে, ছত্রে ছত্রে বিস্নমান কহিয়াছে, অতএব বৈঞ্চবসাহিতো ভগবানের দীনতা যে কতদূর প্রস্থত হইতে পারে তাহার এই প্রথম ও প্রধান নিদর্শন লিপিবদ্ধ করিতে জয়দেবকে অসমসাহসিকতার আশ্রয় नहेरक इहेब्राहिन रम निषय रेकान व मठरजन হইতে পারে না। ভক্তমালের একেবারে অসম্ভব বলিগা আমরা মনে করি না কিন্তু কাহাকেও বিশ্বাস করিতেও বলি না. কারণ তাহার কোনও প্রয়োজন নাই। যেরপেই এই বাক্য লিখিত হউক, আমরা ইহা হইতে ভক্তিরদের এক অভাবনীয় নৃতন তথ্য জানিতে পারিয়াছি, এবং মহাকবি ও মহাপ্রেমিক জয়দেব সেইভাব বঙ্গদেশে প্রথম প্রবাহিতৃ করিয়াছেন, তাই ভক্ত বৈষ্ণবের কাছে জয়দেবের এত সম্মান, জয়দেবের আসন এত উচ্চে। ক্রমে এই ভাব সহজ হইয়া আসিষাছিল, এমন কি বিভাপতিতেই যেন অতটা সভ্রম-বোধ আর দেখিতে পাওঁয়া যায়

না, পরবর্ত্তী বৈষ্ণৰ কবিরা তো সম্ভ্রমের ভাবটা একেবারেই ফেলিয়া দিয়াছিলেন, তাহা বেশ বুঝা যায়। এই অপূর্ব উপায়ে জয়দেব শ্রীকুষ্ণরাধিকার মানভঞ্জন করিয়াছেন। মনের মান ''মানে,'' তাই বৈঞ্চব কবির কাছে মানের এত আ্দর! বস্তুতঃ ইহা মানিতেই হইবে যে কোন ও ''বছবল্লভ'' নায়কের পক্ষে একই নাম্বিকার কাছে এত হীনতা স্বীকার করিবার একমাত্র প্রয়োজন প্রাণের অনিবার্য্য ও প্রবল আকর্ষণ; এমন আকর্ষণ যে তাহার কাছে নিজের মান-মর্যাদা, গুণ-গরিমা সকলই ভাসিয়া যায়। আপাততঃ আমাদের এই টুকুতেই প্রয়োজন।

তাহার পর এত আকাজ্ফার এত সাধা-সাধির, এত যত্নে ''মানভঞ্জনের'' যাহা অবগ্রস্তাবী পরিণতি; এবং যে ভালবাসা কেবল ভাবমাত্রে পরিণত হয় নাই তাহার যাহা স্থখনয় ফল কবি জয়দেব তাহাই বর্ণনা করিয়াছেন। তথনকার কবিরা এ সব বর্ণনায় দোষ দেখিতেন না, এথনকার কবিরা দেখেন, তাই তাঁহাদের অনেক সময় আভাসে স্তাকারে এই সত্য প্রকাশ করিতে হয়। যাঁহাদের ভাল লাগে না তাঁহারা স্বচ্ছন্দে এইগুলি বাদ দিয়া যাইতে পারেন, গ্রন্থ উপভোগের কোনও বাধা হইবে না। তবে না ব্রিয়া, মর্মগ্রহণ না করিয়া অস্তঃপ্রবিষ্ট না হইয়া, কেবল অল্লীলতার ধুয়ার থাতিরে, মহাকবি জয়দেব বা বিছাপতিকে গালাগলি না করিলেই সাহিত্যের পক্ষে ও নিজেদের পক্ষেও ভাল হয়। যে সকল কথা আমরা অল্লীল विनिम्ना পরিত্যাগ করি সেই গুলিই বৈষ্ণব অমুবাদক ভক্তির পরিপোষক বলিয়া আদরের সহিত অমুবাদ ও ব্যাখ্যা করিয়াছেন, ইহা হইতেই তাহাদের গূঢ়রহস্ত অনেক পরিমাণে জানা যায়। গীতগোবিন্দের শেষে সম্ভোগান্তে থিন্নবেশা, শ্রস্তকুন্তলা শ্রীরাধা দেহসজ্জার জন্ম শ্রীক্বঞ্চকে অন্থুরোধ করিয়াছেন। গীতগোবিন্দে, যে একটা ক্বঞ্চলালসার ভরা স্থর বাজিয়া উঠিয়াছে, ইহা সেই স্থরের স্থমধুর সমাপ্তি। "তোমার দেহ তুমি সাজাইয়া লও, আমি তোমার জন্য সব ছাড়িয়াছি" শেষ যে ছিল লজ্জাটুকু ভাহাও ভোমার স্থথের জন্ম ধুইয়া ফেলিয়াছি, তোমার জন্তই এই দেহ, তোমার জন্মই এই ইন্দ্রিয়গুলা, তুমি ইহাদের সাজাইবে তবে তাহারা সাজিবে, তুমি ইহাদের যেমন রাখিবে তেমনি থাকিবে, কিন্তু হে আমার হৃদ্য়সর্কাস, আমি কেমন করিয়া অনলয়ত ুদেহে, ভূষণবিহীন ইন্দ্রিয় লইয়া তোমার দেবায় নিয়োজিত হইব ? আসার দেহে বল দাও, অঙ্গে অঙ্গে ভূষণ দাও আমার আমুকুল কবরী সংযত করিয়া দাও, তোমার নৈবেন্ত তুমিই গুছাইয়া লও, যদি এ দেহে তোমার আবার প্রয়োজন থাকে. তবে ইহাকে নিজে সাজাইয়া লও, তোমার মনোমত ক্রিয়া ল্লও, তোমার প্রেমের ভূমিকে শক্তিশালিনী করিয়া লও; শ্রীরাধার ইহাই ইহাই আবদার, **हे** हो है আবাসমর্পণ। যাঁহারা ভক্তির রহস্ত অবগত হইয়াছেন তাঁহারা জানেন যে ভক্তের ইহাই কামনা, ইহাকেই তাহার স্থথ। তাই কবি জয়দেব গীত গোবিলের প্রথমেই জোর বরিয়া বলিয়াছেন-

"যদি হরি স্মরণে কুতুকং মন:— শৃণুতদা জয়দেব সরস্বতীম্।"

এবং এই জন্মই বৈয়েব অনুবাদক লিথিয়াছেন— শ্রীকৃষ্ণ ভজন তত্ত্ব সকলি লিথিলা— বৈষ্ণবের ধ্যানবর্স্ত তত্ত্ব বিচারিলা।

> নিত্যলীলা-সহ গ্রন্থ বিচারি কহিলা। রুম্মার গ্রন্থ যাতে সব কুষ্ণলীলা॥

শ্রীক্বন্ধে একান্ত আত্মা ততু মন যার— দেই জয়দেব পাদপল্লে নমস্কার॥

যেখানে দমাপ্তি. জয়দেবের কাব্যের বিদ্যাপতির কাব্যের সেই থানেই আরস্ত। বিদ্যাপতির কাব্যের প্রাণ বিরহে, সেই বিরহ তিনি সম্পূর্ণ সম্ভোগের করিয়াছেন। কিন্তু ইহাও অস্বীকার করিবার উপায় নাই যে, জয়দেব গুরু, বিদ্যাপতি শিষ্য শুধু বিদ্যাপতি কেন দকল বৈষ্ণব কবিই জয়দেবের শিষ্য, কারণ জয়দেব মধুর রদের আদি কবি। এক হিদাবে কিন্তু বিদ্যাপতি গুরুর অপৈকা অধিক কুটা: ভাহার গ্রীরাধিকার চরিত্তের ক্রমবিকাশ সম্পাদনে আমরা তাহার পরিচয় পাই। একটী সরলা বালিকা ভালবাদার পথে কেমন করিয়া অগ্রদর হয়, বিদ্যাণতি তাহাই স্থন্ম ভাবে দেখাইয়াছেন, পক্ষান্তরে একজন ভক্ত ভগবং-প্রেমের পথে কেমন করিয়া ধীরে ধীরে অগ্রগামী হয়, বিষ্ঠাপতি তাহাও দেথাইয়াছেন। এইরপ একটা সরলা বালিকা পরকীয়া হইলে. তাহার যেরূপ অবস্থা হয়, এবং তাঁহার প্রেম ও 'কুলের' নাঝে পড়িয়া যে সঙ্কটাপন্ন আবস্থা ও বিপরীতগামী ভাবাবলী তাহাতে প্রকাশ পায়, শেষে প্রেমের জয় হইলে কেমন করিয়া দে সমস্ত ত্যাগ করিয়া প্রিয়ামূশীলনে নিমগ্ন হয়. বিষ্যাপতি তাহা নিপুণ তুলিকার সহিত চিত্রিত

করিয়াছেন। বিদ্যাপতিতে এইজন্ম কলা-কৌশল বেশ বিকশিত। পক্ষাস্তরে, ভক্তির ক্রম পরিপুষ্টি, ভক্তের হৃদয়ে সংসার এই তুইয়ের মধ্যে কাহাকে ভগবানৈর অবলম্বন কবিতে হইবে এই ভাবনার তুমুল আন্দোলন ও এই পরস্পর্বিরোধী ভাব-দ্বয়ের পরম্পরের অভিনব চেষ্টায় যে সকল অবস্থা বিশেষের সংস্থান ও পরিশেষে ভগবদা-কর্ষণের জয় হয়, কবি ও রসিক ভক্ত বিদাাপতি উৎসাহের সহিত তাহার বর্ণনা করিয়াছেন। এইজন্ম বৈষ্ণৰ কবি হিসাবে বিদ্যাপ্তির স্থান কোনও বৈঞ্চব কবির নীচে নছে; এবং কাব্য-কলা ও মনুষাহৃদয়জ্ঞতা যদি স্থান নির্ণয়ের পরিমাপক হয় তাহা হইলে তিনি অভাভ সকল বৈষ্ণব কবির গুরুস্থানীয় স্কাদর্শী মাত্রকেই স্বীকার করিতে হইবে না। অ:মরা বিদ্যাপতির কথা অনেক বার বলিয়াছি হয় তো ভবিষ্যতে **আ**বার কিছু কিছু বলিতেও হইতে পারে, অতএব এক্ষেত্রে আর["] বেশী বলিবার ইচ্ছাকরিনা।

বোধ হয়— আমরা এতক্ষণে দেখাইতে পারিয়াছি যে কবি জয়দেব ভাব, ভাষা ও ছন্দে বঙ্গদাহিত্যকে অশেষ প্রকারে ঋণ-জালে বদ্ধ করিয়া রাথিয়াছেন। মৈথিল কবি বিদ্যাপতি ও বাঙ্গালী কবি চণ্ডীদাস. যাঁহার বঙ্গকাব্যসাহিত্যকে শোভাশালী রুত্রাজি উপহার দিয়া বহু সমৃদ্ধ করিয়াছেন—উভয়েই মধুর রদের আদি-কবি জয়দেব গোস্বামীর কাছে অনেক বিষয়ে ঋণী, ইহা অপেঞা আর অধিক প্রশংসার কথা আমি—বঙ্গভাঁরতীর একজন নগণ্য সেবক-খুঁজিয়া পাই না।

শ্রীজিতেন্দ্রলাল বস্থ।

বেদের কথা।

আজি কালিকার যুরোপীয় দাধনা বিশাল বিশ্বব্যাপারে একটা ক্রম বিকাশের ধারা লক্ষ্য করিতে (মার্মন্ত করিয়াছে। মূলে এক শক্তি, এক পদার্থ, এক তক্ত নিহিত্ রহিয়াছে। সে শক্তি, সে পদার্থ, সে তত্ত্ব যে কি তাহা কেহ জানে না। নানা লোকে তার নানা নাম দিয়া থাকে। কেহ বলে তাহা জভ়, কেহ বলে অজড়। কিন্তু দে বস্তু যাহাই হউক না কেন, এই বিশাল ও বিচিত্র জগৎ যে দেই একই বস্তুরই ক্রমবিকাশে রচিত হইয়াছে, এ বিষয়ে আর বেশি কোনও সন্দেহ নাই। আমরা চিরদিনই এ বস্তুকে অঙ্গড়, তত্ত্ববস্তু বলিয়া জানিয়া আসিয়াছি। "দ দেব দৌমা ইদমগ্র আদীৎ একমেবা দ্বিতীয়ম্।'' হে সৌমা সেই এক ও অদ্বিতীয় সং বস্তুই আদিতে ছিলেন—"নান্যদন্তীতি কিঞ্চন'' —এ ছাড়া অস্ত আর কোনও কিছু ছিল না। সেই বস্তুই এই অ্শেষ বিচিত্রতাপূর্ণ ব্রহ্মাণ্ডে পরিণত হইয়াছে। ইহাই আমাদের শান্ত্ৰীয় স্ঠিতত্ব। আধুনিক বিজ্ঞানও এই তত্তকেই ক্রমে প্রতিষ্ঠিত করিতেছে।

আর আমরা চিরদিনই স্টের ম্লীভূত এই তত্ত্বস্তুকে চৈতন্ত বস্তু বলিয়া জানিয়ছি। এই বস্তুই ব্রহ্ম-বস্তু। এ ৰস্তু 'সতাং জ্ঞানং অনন্তং।' এই ব্রহ্মবস্তুই ব্রহ্মাণ্ডের একমাত্র কারণ। কারণ আবার আমাদের শাস্ত্রে হই প্রাকারের। এককে উপাদান কারণ ও অপ্রকে নিমিত্ত কারণ। কারণ মৃত্তিকা ঘটাদির উপাদান কারণ। কারণ মৃত্তিকার দ্বারা ঘটাদি নির্মিত হয়। আর সৃস্তকার এ সকল ঘটাদির নিমিত্ত

কারণ। নিমিত্ত কারণ এথানে কুস্তকারের কেবল কুলাল বা হাত নহে, তাহার মনও। কুস্তকার স্থাপনার মনের মধ্যে পূর্ব্বে ঘটাদির আকৃতি প্রভৃতি ধারণা করিয়া লয়। পরে সেই ধারণার অনুরূপ করিয়া, কুলাল-সহায়ে আপনার হাত দিয়া, মৃৎপিও হইতে ঘটাদির স্ষ্টি করিয়া থাকে। ব্রহ্মবস্ত জগতের উপাদান কারণ এবং নিমিত্ত কারণ হুইই। তাঁর অতি-রিক্ত বিশ্বে কোনও কিছুই নাই। স্কুতরাং এই বিশ্বরচনার আত্মতিরিক্ত কোনও কিছুর সাহায্য তিনি প্রাপ্ত হন নাই। আর এরূপ কোনও উপাদান যদি থাকিত, তবে তাঁহাকে সেই উপাদান নইয়া বিশ্বরচনা করিতে গিয়া, কিয়ৎ পরিমাণে দে বস্তুর অধীনও হইতে হইত। মৃত্তিকা যেমন কুস্তকারের শক্তির বশী ভূক্ত হইয়া, ঘটাদিতে পরিণত হয়, কুন্ত-কারকেও এই সকল ঘটাদি নির্মাণ করিতে ধাইয়া মৃত্তিকার প্রকৃতিগত যে সকল ধর্ম আছে, তার বশুতা মানিয়া চলিতে হয়, ন্তুবা তার পক্ষে এই মাটী দিয়া ঘটাদি নির্মাণ করা র্মস্তব হয় না। স্বতরাং ত্রহ্মবস্ত যদি আপনিই ব্রহ্মাণ্ডের উপাদান কারণ ও নিমিত্ত কারণ তুইই না হন, তাহা হইলে তাঁর স্বাত্রা ও স্বপ্রতিষ্ঠা আর রক্ষা পাইতে পারে না। জগতের উপাদান ধাই হউক না কেন, জগৎকর্তাকে দে উপদানের বশুতা মানিয়া তবে এই জগৎ রচনা করিতে হইয়াছে। সে ক্ষেত্রৈ জগৎ-কর্ত্তার সঙ্গে জগতের উপাদানবস্তুর একটা সম্বন্ধও প্রতিষ্ঠা করা প্রয়োজন হইয়া উঠে। কিন্তু হু'ই বস্তুতে কোনও সর্বন্ধের প্রতিষ্ঠা

করিতে গেলে, এ সম্বন্ধের স্ত্রেরপের তৃতীয় বস্তুরও প্রয়োজন হয়। সম্বন্ধ প্রতিষ্ঠিত করা আর যোগস্থাপন একই কথা। আর ছুই বা ততোধিক বস্তুর মধ্যে যোগস্থাপন করিতে হইলে একটা সাধারণ যোগস্ত্ত অবলম্বন করা অত্যাবশ্রক হইয়া উঠে। ব্রহ্ম যাদি জগতের নির্মাতা বা রচয়িতা মাত্র হয়েন, আর অন্ত কেহ বা কোনও কিছু যদি জগতের উপাদান হয়, তবে এই নির্মাতার সঙ্গে এই উপাদানের একটা সম্বন্ধ ও যোগ স্থাপন করা তো চাই, না হইলে জগৎ নিৰ্মাণ-কাৰ্য্য সম্ভব হয় কৈ ? এই জন্মই বলিতেছিলাম যে জগতের নিমিত্র কারণ ও উপাদান কারণ ছই যদি এক ব্রহ্ম-বস্তু না হয়েন, তবে তৃতীয় তত্ত্বের প্রতিষ্ঠা না করিলে জগৎ-রচনা সম্ভব হয় না। আর সে বস্তু একদিকে বিখের উপাদান ^{*}বীস্তকে অন্ত দিকে বিশ্বকর্মাকে ধরিয়া থাকিবেন— ইহারা উভয়ে সেই পরম, ও চরম বস্তুর সঙ্গে অঙ্গাঙ্গী সম্বন্ধে আবদ্ধ হইয়া রহিবে, এরূপ দি**দ্ধান্ত** অনিবার্যা হইয়া পড়ে। আর তথ্ন দেই প্রম ও চর্ম তাক্ত বস্তুকেই ব্রহ্ম বলিতে হয়। তথন তাহাঁই প্রবিশেষে বিখের উপাদান ও নিমিত্ত কারণ ছইই হইয়া দাঁড়ায়। আমাদের শাস্ত্রে এ সকল দেখিয়া শুনিয়াই

ব্রহ্মবস্তুকৈ বিশ্বের উপাদান কারণ ও নিমিত্ত কার্মণ উভয় কারণরপেই প্রতিষ্ঠিত করিয়া-ছেন। জার নিমিত্ত কারণ বলিলেই, তাহার মধ্যে বীজ্বরপে এই নিয়ত বিবর্ত্তিত্ব ব্রহ্মাণ্ড জনাদিকাল হইতে রহিয়াছে ইহাও মানিতে হয়। কারণ প্রকট হইবার পূর্ব্বে ব্রহ্মাণ্ড কোপায় ছিল, জ্যুপা এ প্রশ্নের কোনও সম্ব্রের পাওয়া যায় না; জ্বাৎ হইতে সত্তের

উৎপত্তি সম্ভবে না। যাহা মূলে নাই, ফলেতে তাহা পাওয়া যাইতে পারে না। যাহা অবাক্ত ছিল., তাহাই ক্রমে বাক্ত হইতে থাকে---ক্রমবিকাশের বা ইভলিউষণের ইহাই মূল কথা। এ বস্তু ব্যক্ত হইতে গিয়া বিবিধ কারণ সমবারে বিভিন্ন আক্রের ধারণ করিতে পারে বটে—এ সকল রূপান্তর্ব বা variation বাহিরের কারণে সংঘটিত ইইয়া থাকে এবং হইতে পারে, কিন্তু বলিতেই একটা ভিতরকার স্বরূপ আছে, ইহাও ধরিয়া লওয়া হয় না কি ? এই রূপান্তর ঘটনের নধ্যে কার্য্যকারণ সম্বন্ধ তো বিভ্যমান থাকে। আর কার্য্য ও কারণ हेशारा छुटेंगा ভिन्न तक्ष नम्न, এक हे तक्षत পরিণতি মাত্র, ইহাও তো অস্বীকার করা যায় না ৷ কারণের বিক্কৃতি, বিবর্ত্তন, বা পরিণতি হইতেই কি কার্য্যের উৎপত্তি হয় না ? যেখানে কারণ ও কার্যা উভয়ের মধ্যে একটা নিতা বস্তু কিছু না থাকে, দেখানে এ সম্বন্ধের প্রতিষ্ঠা অসম্ভব হয় নাকি ? আমার জব হইয়াছিল, আমি সেই জরের বিরাম অবস্থায় কুইনাইন থাইয়াছিলাম, তাহার ফলে জর আরোগ্য হইল। এখানে আমি বা আমার শরীর বলিয়া একটা বস্তু সমভাবে কার্যোর ও কারণের সঙ্গে জড়িত হইয়া উভয়কে ব্যাপিয়াছিল বলিয়াই কুইনাইন দেবনকে কারণ ও জ্বরের উপশ্যকে কার্য্য বলিতে পারিলাম। আমার বন্ধু কেশবের জ্বর হইগাছিল, আমি তাঁর সে জ্বরের বিরাম व्यवसाय मनार्थान कृहेनाहेन शहिसाहिलामें পরের দিন আর তাঁর জর আসিল না এমন যদি ঘটে, তাহা হইলে আমার কুইনীইন্ সেবনের সঙ্গে তাঁর জ্ববিচ্ছেদের কোনও

কার্য্যকারণ সম্বন্ধের এতিন্ঠা করা হাইবে
কি ? আর কার্য্য ও কারণের মধ্যে সেইক্ষপ
কোন একটা কিছু সমভাবে এথানে বিশ্বমান
নাই বলিয়াই, এক্ষেত্রে এ সম্বন্ধের প্রতিন্ঠা
সম্ভব হইবে না। অত এব ব্রন্ধের সঙ্গের ব্রাত্তের
কার্য্যকারণ স্পক্ষের প্রতিন্ঠা করিতে গেলে
উভয়ের মধ্যে-এম্ন একটা কিছু প্রতিন্ঠা করা
আবশ্রুক, যাহা স্পন্তর পূর্ব্বেও ব্রন্ধেতে ছিল,
স্প্রের পরেও ব্রন্ধেতে একদিকে ও ব্রন্ধাণ্ডেতে
অক্সদিকে নিয়ত বিদ্যমান রহিয়াছে। এই
বস্তুই দেশং ালের চিত্রপটে ব্রন্ধাণ্ডর্রে প্রকট
ইইতেছে। এই বস্তুর প্রতিন্ঠা না করিলে
ব্রন্ধের সঙ্গে ব্রন্ধাণ্ডের কোনও গোগ-স্থাপন
সম্ভবে না।

অতি প্রাচীনকাল হইতেই বিশ্বদমন্তার ভেদ করিতে যাইয়া, বিভিন্ন দেশের ঋষি ও মনীষিগণ এই অপরিখার্য্য সিন্ধান্তকে লক্ষ্য করিয়া আসিয়াছেন। এই বস্তকেই আমাদের বৈদান্তিকেরা মায়া, বৈঞ্চলেরা প্রকৃতি শাক্তেরা শক্তি ইছদীরা সোফিয়া, গ্রীকেরা, এইগস, গ্রীষ্টায়ানেরা গ্রীষ্ট নাম দিয়াছেন। এই বস্ত পরিপূর্ণ আকারে ব্রহ্মনৈত্তে—তাঁহা হইতে ভিন্ন হইয়াও নহে, আভিন্ন হইয়াও নহে—অনাদিকাল হইতে বাস করিভেছে। চিত্রকরের অন্তরে প্রথমে মেরূপ একটা ছবি জাগিয়া উঠে ও তাঁর ধ্যানে পরিপূর্ণতা প্রাপ্ত হয়, আর তিনি এই মানসচিত্র-

কেই পরে ধীরে ধীরে চিত্রফলকে ফুটাইয়া তুলিয়ালোকচক্ষুর গোচর করিয়া থাকেন, সেই ন্ধপ এই বিশ্বের একটা পরিপূর্ণ প্রতিক্বতি বিশ্ব-পতিও বিশ্বকর্তার চিদাকাশে অনাদিকাল হইতে ফুটিগা রহিয়াছে, এই প্রতিক্বতিরই অমুক্রতি এই বিশাল⁴ ব্রহ্মাণ্ডে। সেই তুরীয় **টে**ততে মিতাগ্বত আদর্শই এই বিশ্বের বিবর্ত্তনে তিলে তিলে প্রকট হইয়া উঠিতেছে: সেইখানেই এই সকল অনিতা বস্তুর নিতা সার্থকতা। দেইথানেই এই সদস্দায়ক জগতের নিত্য সত্যের প্রতিষ্ঠা। দেই অভিধানেই বিশ্বের সক্র শক্ষের সতা অর্থ কিথিত রহিয়াছে। সত্যের কষ্টিপাথর ঐথানে: ধর্ম্মের উৎপত্তি ঐথানে: সৌন্দর্য্যের ওজন ঐথানে। অমৃতত্বের পরীকা ঐ থানে। আর রক্ষতৈতম্বত এই যে বিশ্বছবি তাহাই নতাবেদ। তাহাই ফোটাত্মক শব্দ--যাহাকে আশ্রয় করিয়া বিশ্বের স্বষ্টিস্থিতি ও প্রলয় হইতেছে। এই ক্ষোটাত্মক বেদ ধারণ ক্রিয়া[?] আছেন বলিয়াই ত্রন্ধ শাস্ত্রযোনি হইশ্লাছেন। এখানেই, এই তত্ত্বের মধ্যেই তাঁর শান্তানিযোগের অর্থ ও প্রামাণ্য অবেষণ করিতে হইবে। নৃত্বা তিনি যে মানবের মত আপনার মথ দিয়া ব্যন্তা গ্লক শব্দযোজনী করিয়া ধ্যন্তাত্মক-শব্দ সম্বলিত ঋগেদাদির সাক্ষাৎ প্রচার করিয়া শাস্ত্রযোনি নাম প্রাপ্ত হইয়াছেন, ইহা ক্ৰিকল্পনা হইতে পারে, কিন্তু তত্ত্বকথা নুহে। প্রীবিপিনচন্দ্র পাল।

প্রকার,—এক্সভতোৰ সল্যোপাধ্যার। বৈটিক আলিট ভর্মিন, করিব মেছুরাবাজার ষ্ট্রাট, কলিকাতা।